অনাজ, (অন্নজ) শস্য, তরকারী।
অনাটন, অকুলন অপ্রতুল, অভাব।
অনাড়, (অ-অড়) গোপন, নিভৃত; যে স্থা-
নে সর্ব্বদা কেহ যায় না।
অনাড়ি, (অ-লড়) অনভিজ্ঞ, জড়, নির্ব্বোধ
অনাড়িপনা, (অনাড়িত্ব) অনভিজ্ঞতা।
অনাঢ্য, দরিদ্র, গরিব।
অনাতপ, ছায়া, রৌদ্রাভাব।
অনাতুর, অক্লিষ্ট, সুস্থ। [না।
অনাত্মজ্ঞ, অনাত্মদর্শী, যে আত্মাকে জানে
, পর, বহিরঙ্গ।
অনাথ, অস্বামিক; সহায়হীন [ভাবক শূন্য
অনাথা, পতি হীনা, বিধবা; অসহায় অভি-
অনাদর, অবজ্ঞা, অবহেলন, অযত্ন। [হীন।
অনাদি, (অ-আদি) আদি রহিত, উৎপত্তি-
অনাদিষ্ট, অননুজ্ঞাত, আদেশ না করা।
অনাদিনব, নির্ম্মল, নির্দ্দোষ।
অনাদৃত, অবজ্ঞাত, অবমানিত।
অনাদেয়, অগৃহীত, না লওয়া
অনাদেশ, অননুমতি; অকথন।
অনাপ্ত, অনিপুণ, অকর্ম্মঠ, অপারক।
অনাবশ্যক, অপ্রয়োজন; প্রয়োজনা-
অনাবিল, নির্ম্মল, পরিষ্কার।
অনাবিষ্ট, পাঠে অমনোযোগী।

অনাবৃত, আবরণ শূন্য, অনাচ্ছাদিত ; নগ্ন, খোলা। [জলকষ্ট।
অনাবৃষ্টি, (অ-আবৃষ্টি) অবর্ষণ, বর্ষাভাব ;
অনামক, রোগ বিশেষ, অর্শ রোগ।
অনাময়, আরোগ্য, নির্ব্যাধি।
অনামা, (অ-নামন) কনিষ্ঠাঙ্গুলির উপরিস্থিত অঙ্গুলি, অনামিকা। [রিস্থ আঙ্গুলি।
অনামিকা, (অ-নামন) কনিষ্ঠাঙ্গুলির উপ-
অনামুখ, অপ্রিয় দর্শন ; অমঙ্গল্য।
অনায়ক, স্বামিহীন, কর্ত্তা শূন্য।
অনায়ত, অবিস্তৃত, অপ্রশস্ত।
অনায়ত্ত, অনধীন, অবশীভূত।
অনায়াস, (অ-আয়াস) অল্প পরিশ্রম ; অক্লেশ ; অযত্ন, সহজ।
অনারত, সতত, নিরন্তর।
অনারম্ভ, আরম্ভাভাব, আরম্ভ না করণ।
অনার্জ্জব, (অ-আর্জ্জব) অসারল্য, বক্রতা।
অনার্য্য, অশ্রেষ্ঠ, অপ্রধান, অসরল।
অনালস্য, আলস্যহীন ; কুঁড়ে নহে
অনালোচন, চর্চ্চা না করণ। [তালোচন।
অনালোচিত, অবিবেচিত, অচর্চ্চিত, অকৃ-
অনাশ্য, নাশের অযোগ্য, অনশ্বর।
অনাশ্রমী, (অ-আশ্রমিন) আশ্রমশূন্য, গৃহস্থাদি কোন প্রকার আশ্রম হীন।
অনাশ্রয়, নিরাশ্রয়, আশ্রয় রহিত।
অনাসক্ত, অননুরক্ত, স্নেহ রহিত।
অনাসন্ন, দূরবর্ত্তী, অনুপস্থিত।
অনাস্থা, (অ-আস্থা) অযত্ন, অশ্রদ্ধা।
অনাস্তিক, অবিশ্বাসী।
অনাহত, অকৃত আঘাত।
অনাহার, অভোজন, নিরাহার, উপবাস।
অনাহারী, অভুক্ত, উপবাসী। [যোগ্য।
অনাহার্য্য, সংগ্রহের অনুপযুক্ত ; ভোজনা
অনাহূত, অনিমন্ত্রিত, অকৃতাহ্বান।
অনাহ্লাদ, নিরানন্দ, অসন্তোষ।
অনাহ্বান, অনিমন্ত্রণ ; না ডাকা।
অনিগীর্ণ, অভুক্ত, অকথিত।
অনিগ্রহ, অনির্ব্বন্ধ ; অকঠিন ; অপীড়ন।
অনিচ্ছা, স্পৃহার অভাব, অরুচি [নভিলাষী
অনিচ্ছু, ইচ্ছাহীন, অস্পৃহ,বাঞ্ছাবর্জ্জিত,অ
অনিত্য, অস্থায়ী, নশ্বর, ধ্বংস শালী।
অনিদান, অকারণ, নির্হেতু।
অনিন্দিত, অগর্হিত, উত্তম।
অনিপুণ, অপটু ; অপারক ; অবিজ্ঞ।

অনিচ্ছু, অনিচ্ছুক, লোভ রহিত।
অনিবারিত, অবারিত, অনিষেধিত।
অনিবার্য্য, অবারণীয়।
অনিবৃত্তি, অক্ষান্ত।
অনিভৃত, অগোপনীয়, প্রকাশিত ; অস্থির
অনিমিষ, দেবতা ; মৎস্য।
অনিমিষাচার্য্য, দেবগুরু, বৃহস্পতি।
অনিমেষ, দেবতা ; মৎস্য।
অনিয়ত, অনিয়মিত, অস্থায়ী।
অনিয়ন্ত্রিত, অনিবারিত, অশাসিত।
অনিয়ম, নিয়মাভাব ; অনিশ্চয়।
অনিয়মিত, অনির্দ্ধারিত, অনিয়মবদ্ধ।
অনিযোজ্য, নিযুক্ত করণাযোগ্য।
অনিরাকরণ, খণ্ডন না করা।
অনিরাকৃত, অবারিত, অনিষিদ্ধ।
অনিরুদ্ধ, কামদেবের পুত্র, উষাপতি ; প্রতিরোধ শূন্য।
অনিরুদ্ধপথ, আকাশ ; অনিবারিত বর্ত্ম।
অনিরুদ্ধভাবিনী, উষা, বাণরাজকন্যা।
অনির্ণয়, অনিশ্চয়, অনবধারণ অনির্ণীত, অনিশ্চিত, অনির্দ্ধারিত।
অনির্দ্দিষ্ট, অনিশ্চিত; অনুদ্দেশ।
অনির্দ্ধারণ, অনিশ্চয়, অনবধারণ।
অনির্দ্ধারিত, অনিশ্চিত,অনবধারিত।
অনির্ব্বচনীয়, উত্তম, অত্যুত্তম ; বাক্যের অগম্য ; বর্ণনের অসাধ্য
অনির্ব্বাচ্য, নির্ব্বচনানর্হ, অত্যুত্তম। [যায়না
অনির্ব্বাণ, যাহা নির্ব্বাণ করা যায় না, নিভান
অনির্ব্বাহ, অনিষ্পত্তি ; অসঙ্গতি।
অনির্ব্বাহ্য, সঙ্গত্যভাব।
অনির্ব্বিণ্ণ, অভাবগ্রস্ত, অনির্ব্বাহ ; নিঃস্ব ; পরিবার পোষণে অক্ষম।
অনির্ব্বৃতি অনির্ব্বাহ, অসংস্থান।
অনির্ম্মল, মলিন, অপরিষ্কার।
অনির্ম্মাল্য, বৃক্ষ বিশেষ।
অনিল, (অন) বায়ু, পবন, বাতাস।
অনিলসখ, অগ্নি, অনল, আগুন।
অনিলাময়, বাতরোগ ; অজীর্ণ রোগ।
অনিলী, স্বাতিনক্ষত্র।
অনিশ, (অ-নিশা) নিরন্তর, সতত, সর্ব্বদা।
অনিশ্চিত, অনিরূপিত, অনির্ণীত।
অনিষ্কর্ষ, অপরিষ্কার ; অনিশ্চিত।
অনিষ্ট, (অ-ইষ্ট) অনভিলষিত, অবাঞ্ছিত ; হানি, অপকার, মন্দ।

অনিষ্টকর, অপকারক, অহিতকর
অনিষ্ঠুর, অনির্দয়, সরলচিত্ত।
অনিষ্ণাত, অপ্রবীণ, অকৃতী, অপারক।
অনিষ্পত্তি, অসমাপ্তি, শেষ না হওয়া।
অনিষ্পন্ন, অসমাপ্ত, অসম্পূর্ণ।
অনিষ্পাদ্য, অসমাপনীয়, নিষ্পাদনানর্হ।
অনিসর্গ, (অ-নিসর্গ) অস্বাভাবিক, স্বভাবের বিরুদ্ধ; প্রকৃতির বিপরীত।
অনিস্তীর্ণ, অমীমাংসিত।
অনিহ্নব, স্বীকার করণ। [যুদ্ধ।
অনীক, (অ-নী) সৈন্য, সেনা, যোদ্ধা; রণ,
অনীকস্থ, সংগ্রামস্থ, রণগত; সেনাস্থ।
অনীকিনী, (অ-নী) সেনা, সৈন্য, যোদ্ধা।
অনীচ, সম্ভ্রান্ত, অনধম, উৎকৃষ্ট।
অনীচদর্শী, বৌদ্ধধর্ম্মাবলম্বী।
অনীতি, দুর্নীতি, অন্যায়, অত্যাচার।
অনীদৃশ, (অ-ঈদৃশ) অতুল্য, অনেকপ্রকার
অনীশ, অনধিকারী; অস্বামী।
অনীশ্বর, ঈশ্বর ভিন্ন; নাস্তিক।
অনীশ্বরবাদ, নাস্তিকতা
অনীহ, (অ-ঈহা) নিশ্চেষ্ট; অলস, কুড়া।
অনীহার, তপ্ত, অশীতল, গরম।
অনু, উপসর্গ বিশেষ; সহ, পশ্চাৎ।
অনুক, কামী, কামুক। [স্নেহ।
অনুকম্পা, (অনুকপ) দয়া, কৃপা, করুণা;
অনুকম্প্য, অনুগ্রাহ্য, কৃপা পাত্র।
অনুকরণ, (অনু-কৃ) সদৃশ করণ, প্রতিরূপ-করণ। [স্থ কাষ্ঠ।
অনুকর্ষ, (অনু-কৃষ) আকর্ষণ; রথের নিম-
অনুকর্ষণ, আকর্ষণ, টানন।
অনুকল্প, গৌণ কল্প, প্রধানের ন্যূনকল্প।
অনুকামীন, কামগামী, যথেচ্ছাক্রমে গমনশীল। [ণ, তুল্যতা।
অনুকার, (অনু-কৃ) সদৃশ করণ, অনুরূপকর-
অনুকারী, (অনু-কৃ) সদৃশকারী তুল্য।
অনুকূল, সহায়, অনুগ্রাহক।
অনুকূলতা, সাহায্য, আনুকূল্য।
অনুকূলতাচরণ, সপক্ষতাচরণ; আনুকূল্য করণ, সাহায্য করণ।
অনুকূলাচার, সাপক্ষাচার।
অনুকৃত, আদর্শ দেখিয়া করণ।
অনুক্ত (অ-উক্ত) অকথিত।
অনুক্রকচ, করাতবৎ দন্তবিশিষ্ট।
অনুক্রম, যথাক্রম, আনুপূর্ব্বী।
অনুক্রমণিকা, (অনু-ক্রম) ভূমিকা, গ্রন্থাদির মুখবন্ধ, আভাস; সূচীপত্র।
অনুক্রিয়া, অনুরূপ করণ।
অনুক্রোশ, (অনু-ক্রুশ) কৃপা, দয়া, স্নেহ।
অনুগ, (অনু-গম্) পশ্চাদগামী, অনুচর।
অনুগত, (অনু-গম্) আশ্রিত, শরণাগত,
অনুগবীন, গোপাল, গোরক্ষক, রাখাল।
অনুগম, পশ্চাদ্গমন; বোধ।
অনুগমন, পশ্চাদ্গমন; সহ গমন।
অনুগম্য, পশ্চাদ্গমনোপযুক্ত।
অনুগামী, পশ্চাদগামী; তুল্যাচারী।
অনুগ্রহ, দুঃখ দূর করণেচ্ছা, দয়া, প্রসন্নতা
অনুগ্রাহক, (অনু-গ্রহ) দয়াবান, করুণান্বিত
অনুগ্রাহ্য, অনুগ্রহের পাত্র।
অনুচর, সহচর, সঙ্গী, সাথী।
অনুচিত, (অ-উচিত) অযোগ্য অনুপযুক্ত।
অনুচিন্তিত, অনুস্মৃত, পশ্চাৎ স্মৃত।
অনুচ্চ, (অ-উচ্চ) নিম্ন, নীচ।
অনুচ্চার্য্য, উচ্চারণের অযোগ্য।
অনুচ্ছিষ্ট, উচ্ছিষ্ট ভিন্ন, শুদ্ধ, পবিত্র।
অনুজ, (অনু-জন) কনিষ্ঠ, যবীয়ান, অবরজ
অনুজা, কনিষ্ঠা ভগিনী। [পরতন্ত্র।
অনুজীবী, (অনু-জীবিন) পরাধীন, আশ্রিত
অনুজ্জ্বল, দীপ্তিহীন; চাকচক্য রহিত।
অনুজ্ঞা, অনুমতি, আজ্ঞা।
অনুজ্ঞাত, (অনু-জ্ঞা) আজ্ঞা প্রাপ্ত।
অনুতপ্ত, অনুশোচী, পশ্চাত্তাপ বিশিষ্ট।
অনুতর, তরপণ্য, পারাণী কড়ী।
অনুতর্ষ, (অনু-তৃষ) তৃষ্ণা; অভিলাষ; চষক, মদ্যপান পাত্র। [চন।
অনুতাপ, (অনু-তপ) পশ্চাত্তাপ, অনুশো-
অনুৎক, অননুশোচী; পশ্চাত্তাপী নহে।
অনুৎকণ্ঠ, নিরুদ্বেগ, উৎকণ্ঠা রহিত।
অনুৎকর্ষ, অনুত্তম, নিকৃষ্ট, নীচ, অধম।
অনুত্তম, শ্রেষ্ঠ, প্রধান, উৎকৃষ্ট; অধম।
অনুত্তর, প্রত্যুত্তর হীন; মৌনী; শ্রেষ্ঠ।
অনুত্তান, উবুড় হইয়া শয়ন।
অনুৎপত্তি, জন্মবিহীন, জন্মরহিত।
অনুৎসর্গ, অনিবেদন করা।
অনুৎসাহ, উৎসাহ বিহীন, হতসাহস।
অনুৎসুক, অচেষ্টিত, অনুদ্যোগী।
অনুৎসৃষ্ট, অনিবেদিত; অদত্ত।
অনুত্থান, উত্থান রহিত
অনুত্থাপন, অনুত্তোলন, উত্থাপন না করা।

অনুদক, নির্জ্জল, জল রহিত।
অনুদগ্র, অনুচ্চ, অত্যুচ্চ অমহৎ; ক্ষুদ্র।
অনুদয়, উদয়ের পূর্ব্বকাল।
অনুদর, কৃশ, দুর্ব্বল; ক্ষীণমধ্য।
অনুদাত্ত, স্বর বিশেষ, নীচ স্বর।
অনুদিন, প্রতিদিন, প্রত্যহ, নিত্য।
অনুদৈর্ঘ্য, দীর্ঘতা।
অনুদ্দেশ, যাহার সন্ধান হয় নাই।
অনুদ্যম, উদ্যোগহীন, নিশ্চেষ্ট।
অনুদ্বাহ, অবিবাহ, অনূঢ়াবস্থা।
অনুদ্বিগ্ন, নিশ্চিন্ত, নির্ভাবনা।
অনুদ্বেগ, নিশ্চিন্ত, নির্ভাবনা।
অনুদ্যত, অপ্রবর্ত্ত, কর্ম্মে প্রবৃত্ত নহে।
অনুদ্যম, অযত্ন; উদ্যোগ না করা।
অনুদ্যোগ, অযত্ন, উদ্যোগ না করণ।
অনুধাবন, (অনু-ধাব) পশ্চাদ্গমন; অনুসন্ধান; বিবেচনা, পর্য্যালোচনা।
অনুনয়, (অনু-নী) বিনয়, স্তব, স্তুতি।
অনুনেতা, স্তবকারক, স্তুতিকারক
অনুপকার, অহিত, অনিষ্ট, মন্দ
অনুপদ, পদে২; পশ্চাৎ।
অনুপদী, অন্বেষণ কর্ত্তা।
অনুপদীনা, পাদাচ্ছাদন, মোজা। [অপঠিত।
অনুপনীত, যজ্ঞোপবীতবিহীন, গুরুরনিকট
অনুপপত্তি, অসঙ্গতি; অনির্ব্বৃতি।
অনুপম (অ-উপমা) নিরুপম, অতুল্য।
অনুপমান, অন্য বস্তুর দ্বারা যাহার তুলনা করা যায় না।
অনুপস্থিত, অনাগত, অসাক্ষাৎ।
অনুপাত, (অনু-পত) সমভাব; সমসূত্র ভাবে পতন । সদৃশ পাপ।
অনুপাতক, পাতক বিশেষ, মহাপাতক
অনুপান, (অনু-পা) ঔষধের সঙ্গে সেবনীয়।
অনুপায়, উপায় হীন; নিরবলম্ব।
অনুপার্শ্ব, পার্শ্ব সম্বন্ধীয়, পার্শ্বস্থ।
অনুপুষ্প, শর, খাকড়া।
অনুপ্রবেশ, পশ্চাৎপ্রবেশ।
অনুপ্রাসঙ্গ, গ্রন্থ সম্বন্ধীয়। [বিন্যাস।
অনুপ্রাস, কাব্যালঙ্কার বিশেষ, তুল্য বর্ণ-
অনুপ্লবন, সহায়, সহচর।
অনুবৎসর, প্রতি বৎসর, বর্ষে২।
অনুবন্ধ, অন্বয়, সম্বন্ধ।
অনুবন্ধী, সম্বন্ধীয়, সংক্রান্ত, অন্বিত [গত্য
অনুবর্ত্তন, পশ্চাদ্গমন, অনুবৃত্তি করণ, আনু
অনুবর্ত্তী, (অনু-বৃৎ) পশ্চাদ্বর্ত্তী; সদৃশকারী
অনুবাক, (অনু-বচ) বেদাংশ, শ্রুতি। [রণ।
অনুবাদ, (অনু বদ) পুনঃ কথন; ভাষান্তর ক-
অনুবাদক, (অনু-বদ) অনুবাদকারী, ভাষান্তর কারক
অনুবৃত্তি, পশ্চাদ্গমন; সম্বন্ধ।
অনুবেল্লিত, পটি, বন্ধন; চাঁদনি।
অনুবোধ, প্রবোধ, অনুশোচনা।
অনুবক্র, (অ-উবক্র) বক্র, সরল নহে।
অনুব্রজ্যা, পশ্চাদ্গমন; প্রত্যুত্থান।
অনুভব, (অনু-ভূ) উপলব্ধি, জ্ঞান, বোধ।
অনুভাব, (অনু-ভূ) প্রভাব; বোধ, জ্ঞান [ত
অনুভূত, (অনু-ভূ) জ্ঞাত, মানস দ্বারা অবগ
অনুভূতি, অনুভব, জ্ঞান। [কৃত
অনুমত, (অনু-মন) সম্মত, স্বীকৃত, অঙ্গী-
অনুমতি, (অনু-মন) সম্মতি, আজ্ঞা, অনুজ্ঞা। [আজ্ঞাদায়ক।
অনুমন্তা, অনুমতিকারক, আজ্ঞা কর্ত্তা,
অনুমরণ, (অনু-মৃ) সহ মরণ; পশ্চাৎ মরণ।
অনুমা, অনুমিতি, অনুমান। [ণ, তর্ক
অনুমান, (অনু-মা) হেতু দ্বারা নির্ণয় কর-
অনুমানোক্তি, তর্ক বাক্য। [হেতু।
অনুমাপক, (অনু-মা) নির্ণায়ক, অনুমানের
অনুমাপন, অনুমান করান। [করণ।
অনুমিতি, অনুমান করণ, হেতু দ্বারা জ্ঞান-
অনুমৃতা, (অনু-মৃ) সহমৃতা, অনুগামিনী।
অনুমোদন, আমদ করণ; সন্তোষ প্রকাশন
অনুমোদিত, (অনু-মুদ) অনুমত, আহ্লাদিত
অনুযাত, পশ্চাদ্গত। [বর্ত্তী।
অনুযায়ী (অনু-যা) সদৃশ; অনুগামী; অনু-
অনুযুক্ত, তিরস্কৃত, আক্ষেপিত।
অনুযোক্তা, অনুযোগকারী, তিরস্কারক।
অনুযোগ, (অনু-যুজ্) তিরস্কার, আক্ষেপ।
অনুযোগকারী, তিরস্কারক, আক্ষেপক।
অনুযোজন, (অনু-যুজ্) প্রশ্ন, জিজ্ঞাসা।
অনুযোজ্য, অনুযোগার্হ, নিন্দাযোগ্য।
অনুরক্ত, (অনু রঞ্জ) আসক্ত, রত। [কাশন।
অনুরঞ্জন, (অনু রঞ্জ) হর্ষ জনন; অনুরাগ প্র-
অনুরণন, ধ্বনির পশ্চাৎ ধ্বনি।
অনুরাগ, (অনু-রঞ্জ) প্রীতি, আসক্তি, রতি।
অনুরাগি, অনুরাগ বিশিষ্ট, অনুরক্ত।
অনুরাধা (অনু-রাধ) নক্ষত্র বিশেষ। [রোধ।
অনুরুদ্ধ, (অনু-রুধ) অনুরোধ করা, কৃতানু-
অনুরূপ, সদৃশ, তুল্য, সমান।

অনুরোধ, (অনু-রুধ) অপেক্ষা, উপরোধ।
অনুলাপ, মুহুর্ভাষণ, পুনঃ২ কথন।
অনুলেপ, (অনু-লিপ) অঙ্গ লেপ।
অনুলেপন, গন্ধাদি দ্রব্য লেপন।
অনুলোম (অনু-লোমন) যথাক্রম।
অনুলোমজ, অনুলোম জাত, ব্রাহ্মণাদির ঔরসে ক্ষত্রিয়াদির গর্ভজাত সন্তান।
অনুল্লাস (অ-উল্লাষ) নিরানন্দ।
অনুশয়, (অনু-শী) পশ্চাত্তাপ, অনুতাপ।
অনুশয়ী, পশ্চাত্তাপী ; রোগ বিশেষ।
অনুশর, রাক্ষস, নিশাচর।
অনুশাসন, (অনু-শাস্) আদেশ, আজ্ঞা।
অনুশিষ্ট, (অনু-শাস্) আদেশিত, উপদিষ্ট, বশবর্ত্তী।
অনুশিষ্য, শিষ্যের শিষ্য [ন, পুনঃ২ অভ্যাস
অনুশীলন, (অনুশীল) আন্দোলন, আলোচ
অনুশোক, (অনু-শুচ) মনস্তাপ, পশ্চাত্তাপ
অনুশোচন, (অনু-শুচ) পশ্চাত্তাপ, পশ্চাৎ পর্য্যালোচন, শোক করণ।
অনুশ্রব, (অনু-শ্রু) শ্রুতিধর, মেধাবী।
অনুষক্ত, (অনু-সঞ্জ) দুই বা ততোধিক শব্দের অন্বয়। [মিলন।
অনুষঙ্গ, (অনু-সঞ্জ) দয়া ; সম্বন্ধ ; প্রণয়,
অনুষেক, (অনু-সিচ্) পুনর্ব্বার জলসেক
অনুষেচন, (অনু-সিচ্) পুনর্ব্বার জল সেচন, পুনঃ জল প্রদান।
অনুষ্টুপ, (অনুষ্টুভ) অষ্টাক্ষর ছন্দো বিশেষ
অনুষ্ঠান, (অনু-স্থা) আরম্ভ, উপক্রম ; সূচনা ; আচরণ ; কার্য্য।
অনুষ্ঠিত, আরব্ধ ; আচরিত।
অনুষ্ণ, শীতল ; অক্রোধী ; অলস। [নকরণ
অনুসন্ধান, (অনু-সংধা) অন্বেষণ, তত্ত্ব, সন্ধা
অনুসন্ধানী, অনুসন্ধানকারী, নানাবিষয়ের অন্বেষণ কর্ত্তা।
অনুসরণ, (অনু-সৃ) পশ্চাদ্গমন, অনুবর্ত্তন।
অনুসার, অনুরূপ, অনুবর্ত্তন। [র্শন।
অনুসূচন, (অনু-সূচ) নিদর্শন, লক্ষণ প্রদ-
অনুসূচনা, আন্দোলন ; অনুষ্ঠান। [করণ।
অনুস্মরণ, (অনু-স্মৃ) পশ্চাৎ স্মরণ ; মনে-
অনুস্বার, (অনু-স্বৃ) এক বিন্দুবর্ণ (ং)
অনুহার, (অনুহৃঞ্) সাদৃশ্য ; অনুকরণ।
অনুহার্য্য, মাসিক শ্রাদ্ধ।
অনুক্ষণ, সর্ব্বদা, সর্ব্বক্ষণ, সকল সময়।
অনূচান, সাঙ্গ বেদবেত্তা ; বিনীত।

অনূঢ়, অবিবাহিত, আইবড়।
অনূদ্য, অনুবাদ্য, অনুবাদনীয়।
অনূন, (অ-ঊন) সমগ্র, অখণ্ড।
অনূনক, সকল, সমগ্র। [ত স্থান।
অনূপ, (অনু-আপ্) সজলদেশ, জলপ্লাবি-
অনূপজ, আর্দ্রক, আদা।
অনূরু, (অ-ঊরু) সূর্য্যসারথি, অরুণ,ঊরুহীন
অনূরুসারথি, সূর্য্য, দিবাকর।
অনূর্দ্ধ, (অ-ঊর্দ্ধ) অনুচ্চ ; খর্ব্ব।
অনূহ, (অ-ঊহ) অনন্বেষিত।
অনৃচ, (অ-ঋচ) ঋক্ বেদের বচন নহে ; বেদোচ্চারণাধিকার রহিত।
অনৃজু, (অ-ঋজু) অসরল, শঠ, বক্র।
অনৃণী, (অ-ঋণী) অঋণী, যে ঋণগ্রস্ত নয়
অনৃত, (অ-ঋত) মিথ্যা, অসত্য, বিতথ।
অনেক, (অ-এক) অধিক, বিস্তর, বহু,ভূরি
অনেকজ, পক্ষী ; দ্বিজ ; বারদ্বয়ে জাত।
অনেকতা, অনৈক্য, অমিল, অপ্রণয় অসম্প্রীতি।
অনেকধা, অনেক প্রকার ; বহুবিধ।
অনেকপ, (অন-এক-পা) হস্তী, গজ, হাতি
অনেকশঃ অনেক প্রকার, বহু বার।
অনেকাশ্রয়, বহু জনের রক্ষক বা পালক।
অনেকাশ্রিতগুণ, বহু নিষ্ঠ গুণ। [দুষ্ট।
অনেড়মুক, অ-এড-মুক) বধির ; মুক,
অনেনস্, (অ-এনস্) নির্দ্দোষ ; নিষ্পাপ।
অনেব, (অ-এব) অন্যপ্রকার ; কিম্বা।
অনেহস্, -অন-এহচ) সময়, কাল।
অনৈক্য, (অ-ঐক্য) ঐক্যাভাব ; পরস্পর অসম্মিলন, একতাভাব, অপ্রণয়।
অনোকহ, বৃক্ষ, তরু, গাছ। [অনালাপিত
অনোক্ষ, (অ-ঈক্ষ) অনীক্ষিত, অপরিচিত,
অন্কী, (এনকীট) ক্ষুদ্র কীট বিশেষ।
অন্ত, (অমতম) শেষ ; সীমা, সমাপ্তি ; নাশ বিরাম ; অবসান। [হৃদয়।
অন্তঃকরণ, (অন্তর-করণ) মনঃ, চিত্ত, স্বান্ত
অন্তঃক্রুদ্ধ, (অন্তর-ক্রুদ্ধ) মনোমধ্যে জাত-ক্রোধ, মনেমনে রুষ্ট। [ন্তর্গত, অন্তর্ভূত।
অন্তঃপাতী, (অন্তর-পাতিন্) মধ্যবর্ত্তী, অ-
অন্তঃপুর, অবরোধ, বাটীর মধ্য, স্ত্রীলোকদের পুরী। [খোজা।
অন্তঃপুররক্ষী, স্ত্রীলোকদের পুরীরক্ষক
অন্তঃপ্রজ্ঞ, অন্তর জানে যে ; মনেতে যাহা হইতেছে।

অন্তঃশয্যা, ভূমিশয্যা ; মৃত্যু ; শ্মশান।
অন্তঃসত্ত্বা, (অন্তর-সত্ত্ব) অন্তরাপত্যা, গর্ভ-বতী। [প্রবাহ বহমান।
অন্তঃসলিলবাহিনী, যে নদীর ভিতরে জল
অন্তক, (অন্ত) নাশকারী, বিনাশক ; যম, কৃতান্ত।
অন্তকর, (অন্ত-কৃ) নাশকর, বিনাশক।
অন্তকাল, শেষ সময়, অন্তিম সময়, মৃত্যু-কাল, চরম কাল।
অন্তগ, (অন্ত-গম) শেষগামী ; অবসানপ্রাপ্ত
অন্ততঃ (অন্ত) শেষে ; নিকৃষ্টকল্পে।
অন্তর, (অন্ত-রা) মধ্য, মাঝ ; ভিতর, ব্যবধান ; দূরতা ; ভেদ, পার্থক্য ; অন্তর।
অন্তরঙ্গ, (অন্তর-অঙ্গ) আত্মীয়, স্বজন, স্বসম্পর্কীয়, সুহৃদ।
অন্তরঙ্গতা, আত্মীয়তা, সৌহৃদ্য।
অন্তরতা, দূরতা ; ভিন্নতা।
অন্তরস্থ, (অন্তর-স্থা) মনোগত আন্তরিক, অন্তকরণ সহিত।
অন্তরা, (অন্তর-ই) বিনা ; মধ্যে ; সমীপে।
অন্তরাত্মা, (অন্তর-আত্মন) জীবাত্মা, দেহী, দেহান্তর্বর্ত্তী। [স্ত্রী
অন্তরাপত্যা, (অন্তর-অপত্য) গর্ব্ভিনী, সস-
অন্তরায়, (অন্তর-অয়) ব্যাঘাত ; প্রতিবন্ধক বিঘ্ন। [অভ্যন্তর।
অন্তরাল, (অন্তর-আল) ব্যবধান ; মধ্য ;
অন্তরিত, (অন্তর) ব্যবহিত ; ব্যবকলিকা-তাঙ্ক, দূরীভূত, পৃথককৃত।
অন্তরিক্ষ, (অন্তর-ঋক্ষ) আকাশ, গগণ, শূন্য
অন্তরীণ, মধ্যস্থ ; অন্তর্বর্ত্তী।
অন্তরীপ, (অন্তর-অপ্) সমুদ্রের জলোপরি পতিত ভূভাগ। [ধান বস্ত্র।
অন্তরীয়, (অন্তর) মধ্যস্থ ; অন্তর্বর্ত্তী ; পরি
অন্তরীক্ষ, আকাশ, গগণ।
অন্তরীক্ষচর, আকাশপথে ভ্রমণকারী।
অন্তরে, (অন্তর-ই) মধ্যে, অভ্যন্তরে।
অন্তরেণ, (অন্তর-ই) বিনা, ব্যতিরেকে।
অন্তর্গড়ু, অনর্থক।
অন্তর্গত, মধ্যবর্ত্তী ; মধ্যে নিবিষ্ট।
অন্তর্গৃহ, গৃহমধ্য, ঘরের ভিতর।
অন্তর্জল, মৃত্যু সময় জলমধ্যে শয়ন।
অন্তর্জলী, মৃত্যুকালীন অর্দ্ধ অঙ্গ জলে মগ্ন করিয়া ভগবানের নামোচ্চারণ করণ।
অন্তর্দাহ শরীরের মধ্যে জ্বালা।
অন্তর্দ্ধা, (অন্তর-ধা) তিরোধান ; অদৃশ্য হওন। [হওন।
অন্তর্দ্ধান, (অন্তর-ধা) তিরোধান, অদৃশ্য
অন্তর্দ্ধি, অন্তর্ধান, তিরোধান।
অন্তর্দ্ধ্যান, (অন্তর-ধ্যৈ) মনোমধ্যে চিন্তন।
অন্তর্বত্নী, গর্ব্ভিণী, গর্ভবতী, অন্তরাপত্যা।
অন্তর্বর্ত্তী, (অন্তর-বর্ত্তিন) মধ্যস্থ, অন্তপাতী
অন্তর্বেদী, দেশবিশেষ, ব্রাহ্মবর্ত্তদেশ।
অন্তর্বেধ, মর্ম্মবেধ, আন্তরিক পীড়া।
অন্তর্ভবন, অন্তর-ভূ) অন্তর্ভাব ; তিরোধান
অন্তর্ভাব, (অন্তর-ভূ) মধ্যে পতন, মধ্যে নিবেশ, অন্তর্গত হওন, গুণীভাব
অন্তর্ভূত, গুণীভূত, অন্তর্গত, মধ্য পতিত মধ্যনিবিষ্ট।
অন্তর্মনাঃ বিমনাঃ, উদ্বিগ্ন, ব্যাকুলচিত্ত।
অন্তর্যামী, (অন্তর-যম্) অন্তঃকরণ নিয়মক, অন্তরাত্মা, জীব।
অন্তর্হিত, অদৃশ্য, তিরোহিত
অন্তাবশায়ী, (অন্ত-অবসায়িন) চণ্ডাল নাপিত
অন্তিক, (অন্ত) সমীপ, নিকট, সন্নিধান।
অন্তিকতম, অতি নিকট, অত্যন্ত সমীপ।
অন্তিকা, নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী ; নিকটস্থ, সমীপস্থ
অন্তিকাশ্রয়, নিকটাশ্রয়, সমীপস্থ।
অন্তিম, (অন্ত) শেষ, চরম, অবসান।
অন্তেবাসী, (অন্তে-বাসিন) ছাত্র, শিষ্য, বিদ্যার্থী ; প্রান্তস্থায়ী ; চণ্ডাল।
অন্ত্য, (অন্ত) অন্তিম, শেষস্থ ; শেষোৎপন্ন।
অন্ত্যজ, (অন্ত্য-জন) শূদ্র ; রজকাদি জঘন্যজাতি।
অন্ত্যজন্মা, শূদ্র, অবরবর্ণ ; জঘন্যজাতি।
অন্ত্যবর্ণ, শেষবর্ণ ; শূদ্র ; জঘন্যজাতি।
অন্ত্যভ, শেষনক্ষত্র, রেবতী নক্ষত্র।
অন্ত্যাবসায়ী, চাণ্ডালাদি জাতি।
অন্ত্যেষ্টি, (অন্ত্য-ইষ্টি) শবদাহাদি সংস্কার, মৃতদেহের সৎকার।
অন্ত্যেষ্টিক্রিয়া, শবদাহ, মৃতদেহ সৎকার।
অন্ত্র, (অং) আঁত, আঁতড়ী, নাড়ী।
অন্দিকা, চুল্লী, চুলা, উনান।
অন্দু, (অদ্) স্ত্রীলোকের পদাভরণ বিশেষ ; হস্তি নিগড়। [ষ ; হস্তি নিগড়।
অন্দুক, (অদ্) স্ত্রীলোকের পদাভরণ বিশে-
অন্ধ, দৃষ্টিহীন, অচক্ষু ; অন্ধকার। [রবিশেষ
অন্ধক, (অন্ধ) দেশবিশেষ ; মুনিবিশেষ অসু

অন্ধকরিপু, শিব ; সূর্য্য ; চন্দ্র ; অগ্নি।
অন্ধকার, (অন্ধ-কৃ) আঁধার ; প্রকাশাভাব ;
ধ্বান্ত, তিমির, তিমিস্র।
অন্ধকারসুহৃৎ, শিব ; সূর্য্য।
অন্ধকূপ, অন্ধকারময় কূপ, আঁধোপাতকুয়
অন্ধগোলাঙ্গুলন্যায়, অন্ধের গোপুচ্ছ ধরি-
য়া গমন তুল্য ক্রিয়া। [কার।
অন্ধতমস, অত্যন্ত অন্ধকার, নিবিড় অন্ধ-
অন্ধতা, (অন্ধ) অদৃষ্টি, দৃষ্টি রাহিত্য।
অন্ধতামস, নিবিড়ান্ধকার, মহান্ধকার, ঘন-
তিমির। [শেষ।
অন্ধতামিস্র, নিবিড়ান্ধকারযুক্ত নরক বি-
অন্ধলা, (অন্ধ) কাণা ; অন্ধ, দৃষ্টিহীন।
অন্ধস, (অদ) অন্ন, ভাত, ভক্ত।
অন্ধাহি, মৎস্য বিশেষ, কুঁচিয়া। [শেষ।
অন্ধিকা, চক্ষুরোগ বিশেষ ; দ্যূতক্রীড়া বি-
অন্ধিসন্ধি, (অন্ধ-সন্ধি) ছিদ্র, রন্ধ্র, ফাঁক।
অন্ধ্র ব্যধ, মৃগয়ু, মৃগজীবী।
অন্ন, (অদ) ভক্ত ভাত, ওদন।
অন্নকষ্ট, দুর্ভিক্ষ, অকাল।
অন্নকষ্টী, আহারাভাবে ক্ষীণ।
অন্নকোষ্ঠক, তণ্ডুলাদি রক্ষণ স্থান ; চাউ-
লের গোলা।
অন্নগন্ধি, উদরাময় রোগ, অজীর্ণ রোগ।
অন্নদ, (অন্ন-দা) অন্নদাতা, প্রতিপালক।
অন্নদাতা, (অন্ন-দাতৃ) প্রতিপালক, যে অন্ন-
দান করে।
অন্নদান, আহার দান, অন্নব্যয়। [
অন্নদাস, অন্নের নিমিত্ত দাস, ভক্ত দাস, ভা
অন্নপাপ, দুষ্টান্ন ভোজন নিমিত্ত অধর্ম্ম।
অন্নপূর্ণা, অন্নাধিষ্ঠাত্রী দেবী, বিশ্বেশ্বরী।
অন্নপ্রাশন, বালকের প্রথম অন্ন ভক্ষণ।
অন্নবিকার, শুক্র ; বিষ্ঠা, মল।
অন্নব্রহ্ম, অন্নস্বরূপ ব্রহ্ম ;
অন্নভিক্ষা, অন্ন যাচ্ঞা, অন্নের প্রার্থনা।
অন্নভোক্তা, যাহার সহিত ভোজ্যান্নতা আছে
অন্নময়, (অন্ন) অন্নস্বরূপ, অন্ন দ্বারা বর্দ্ধিত।
অন্নময়কোষ, স্থূল শরীর, ভৌতিক দেহ,
মায়িক দেহ।
অন্নমল, অন্নের মলা ; মদ্য, মদিরা, পৈষ্টিসুরা
অন্নরস, অন্নের সারভাগ, ভাতের মণ্ড।
অন্নসংস্থান, সঙ্গতি, সম্বল, উপজীব্য।
অন্নক্ষেত্র, প্রচুরান্ন, বহু জন ভোজন।
অন্নাদ, (অন্ন-অদ্) খাদক, ভোক্তা, অন্নাহারী

অন্নাভাব, (অন্ন-অভাব) অন্নের অসংস্থান,
দুর্ভিক্ষ।
অন্নার্থী, (অন্ন-অর্থীন) বুভুক্ষু ; ভোজনার্থ
অন্ন যাচ্ঞাকারী। [ভক্ষক।
অন্নাহারী, (অন্ন-আহারিন) অন্নভোক্তা, অন্ন
অন্য, (অন্) ভিন্ন ; অপর, পর। [দারিক।
অন্যগামী, (অন্য-গামিন) ব্যভিচারী, পার-
অন্যতম, (অন্য) অনেকের মধ্যে এক।
অন্যতর, (অন্য) দুয়ের মধ্যে এক।
অন্যতরেদ্যুঃ, অন্যতর দিনে।
অন্যতঃ, (অন্য) অন্যত্র ; অন্য হইতে।
অন্যত্র, (অন্য) অন্যস্থানে, অপর স্থানে।
অন্যথা, (অন্য) বিপরীত, প্রতিকূল, বিরুদ্ধ ;
অন্য প্রকার, বিপর্য্যয়।
অন্যথাকৃত, খণ্ডন, পরিবর্ত্তন, বদল করা।
অন্যথাচরণ, বিপরীত ব্যবহার, বিরুদ্ধাচরণ
বিপর্য্যয় করণ। [বনীয় কর্ম্মের উৎপত্তি।
অন্যথাসিদ্ধি, এক প্রকার হেত্বাভাস ; অভা
অন্যদা, (অন্য) অন্য সময়, কালান্তরে।
অন্যদেশী, (অন্য-দেশিন) ভিন্নদেশী।
অন্যপুষ্ট, কোকিল, পিক, পরভৃত।
অন্যপূর্ব্বা, পরপূর্ব্বা, যে কন্যার বিবাহ
সম্বন্ধের পর পতি মরণে পুনর্ব্বার অন্যের
সহিত বিবাহ হয়।
অন্যবর্দ্ধিত, অন্যের দ্বারা পালিত। [বাদী।
অন্যবাদী, অন্যপ্রকার কথন শীল ; অস্থির-
অন্যভৃত, কোকিল, অন্য পুষ্ট।
অন্যমত, ভিন্নমত, পৃথক্ অভিপ্রায়
অন্যমনস্ক, (অন্য-মনস্) অন্যচিত্ত, অন্যমনা
অন্যমনস্কতা; অন্যচিত্তহওয়া; অন্যদিকে
মন দেওন। [চিত্ত।
অন্যমনাঃ (অন্য-মনস্) অন্যমনস্ক, অনা-
অন্যাদৃক, (অন্য-দৃশ) অন্য প্রকার ভিন্নরূপ
অন্যাদৃশ, (অন্য-দৃশ) অন্য প্রকার, ভিন্নরূপ
অন্যাধীন, (অন্য-অধীন) পরাধীন।
অন্যান্য, অপরাপর, ভিন্ন ভিন্ন।
অন্যায়, ন্যায় বহির্ভূত ; অনুচিত
অন্যায়ী, অন্যায়কারী; অত্যাচারী।
অন্যায্য, অনুচিত, অযোগ্য।
অন্যূন, ন্যূনতা রহিত ; সম্পূর্ণ।
অন্যেদ্যুঃ (অন্য)অপর দিবসে ; অন্যসময়ে
অন্যোদর্য্য; বৈমাত্রের ভ্রাতা।
অন্যোন্য, পরস্পর, উভয়তঃ।
অন্ববায়, বংশ, কুল ; গোত্র।

অন্বয়, (অনু-ই) সম্বন্ধ ; বংশ, কুল, সন্ততি
অন্বয়ী, (অনু-অয়) সম্বন্ধ বিশিষ্ট ; সম্পর্কীয়
অন্বষ্টকা, অষ্টকার পর তিথি। [দিন।
অন্বহ, (অনু-অহন) নিত্য, প্রত্যহ, প্রতি
অন্বাচয়, যোগ করণ, তদন্ত্যা।
অন্বাধি, (অনু-আধি) একবার বন্ধক দিয়া পুনর্ব্বার বন্ধক করণ।
অন্বাধেয়, স্ত্রীধনবিশেষ, বিবাহানন্তর পিতৃ মাতৃ ভর্ত্তৃ কুললব্ধ স্ত্রীধন।
অন্বাহার্য্য, (অনু-আহার্য্য) মাসিক শ্রাদ্ধ।
অন্বাহিত, পুনর্ব্বার বন্ধকীকৃত।
অন্বিত, (অনু-ই) যুক্ত, মিলিত, একত্রিত।
অন্বিষ্ট, অনু-ইষ) অন্বেষণ করা কৃতানুসন্ধান
অন্বেষণ, (অনু-ইষ) অনুসন্ধান, ঢুড়ন, উটকন
অন্বেষিত, কৃতান্বেষণ, অন্বিষ্ট, অনুসন্ধান।
অন্বেষ্টা, অনসন্ধান কর্ত্তা, অন্বেষক।
অপ, (আপ) জল ; অপকৃষ্টার্থ বা বর্জ্জনার্থ উপসর্গ বিশেষ।
অপকরণ, (অপ-কৃ) অনিষ্ট করণ, মন্দ করণ
অপকর্ম্ম, (অপ-কর্ম্মন) দুষ্ক্রিয়া, মন্দ কর্ম্ম।
অপকর্ষ, (অপ-কৃষ) জঘন্যতা ; মুখ্যকাল সত্ত্বে গৌণ কালে কর্ম্ম করণ।
অপকলঙ্ক, মিথ্যা অপবাদ, দুর্নাম। [সুপকার
অপকার, (অপ-কৃ)অনিষ্ট, হানি ; ক্ষতি ; অ
অপকারক, (অপ-কৃ) মন্দকারক, অনিষ্টকারী। [বচন, তিরস্কার বাক্য।
অপকারগীঃ, অপকারক বাক্য ; ভর্ৎসন
অপকারী, অপকারক, মন্দকারক।
অপকার্য্য, মন্দ কর্ম্ম, গর্হিত ক্রিয়া।
অপকীর্ত্তি, অপযশঃ, দুর্নাম, অকীর্ত্তি।
অপকৃত, অপকার প্রাপ্ত।
অপকৃষ্ট, (অপ-কৃষ) জঘন্য, অধম, নিকৃষ্ট।
অপকৃষ্টতা, (অপকৃষ্ট) জঘন্যতা, নিকৃষ্টত্ব
অপক্রম, ক্রমবিপর্য্যয় ; পলায়ন।
অপক্রিয়া, অপকার, হানি, কুকর্ম্ম।
অপক্রোশ, নিন্দা, ভৎসন।
অপক্ক, কাঁচা, আম। [কাঁচা খাদক।
অপক্কাশী, (অপক্ক-আশিন) অপক্কভোজী,
অপগত, (অপ-গম) মৃত ; গত ; দুরীভূত।
অপগম, নির্গম, প্রস্থান, পলায়ন।
অপগা, নদী, স্রোতস্বতী।
অপঘন, (অপ-হন্) অবয়ব, অঙ্গ প্রত্যঙ্গ।
অপঘাত, (অপ-হন্) হত্যা ; অস্বাভাবিক কারণে বিনাশ, অবঘাত।
অপঘাতী, (অপ-হন্) খুনী ; ঘাতক, হন্তা।
অপচয়, (অপ-চি) ক্ষতি, হানি, অপকার।
অপচয়ী, (অপ-চয়িন্) ক্ষতিকারক।
অপচার, (অপ-চর) অপাক, অজীর্ণ রোগ।
অপচিত, (অপ-চি) অপচয় বিশিষ্ট।
অপচিতি, (অপ-চি) হানি ; ব্যয় ; পূজা।
অপচ্ছায়, (অপ-ছায়া) উপদেবতা, ভূত-প্রেতাদি।
অপঞ্চীকৃত, সূক্ষ্ম ভূত।
অপটী, বস্ত্র প্রাবরণ, কানাত। [রোগী।
অপটু, অনিপুণ ; অক্ষম, অকুশল ; ব্যাধিত
অপণ্ডিত, মুর্খ, অনভিজ্ঞ, মূঢ়।
অপত্য, (অ-পত) পুত্র কন্যা ; সন্তানসন্ততি
অপত্যপথ, ভগ, যোনি।
অপত্যরহিত,নিঃসন্তান,পুত্রহীন, আটকুড়া
অপত্যশত্রু, কর্কট, কাঁকড়া। [মায়া।
অপত্যস্নেহ, পুত্র কন্যার প্রতি স্বাভাবিক
অপত্রপ, (অপ-ত্রপ) নির্লজ্জ, লজ্জা হীন।
অপত্রপা, লজ্জা, ত্রপা। [লজ্জাশীল।
অপত্রপিষ্ণু, (অপত্রপ) স্বভাবতঃ সলজ্জ,
অপথ, (অ-পথিন্) কুপথ, মন্দ পথ।
অপথ্য, অহিত ভোজন। [লাষী।
অপথ্যাশী, (অপথ্য-আশিন্) কুপথ্যাভি-
অপদ, পদ রহিত, পঙ্গু ; কর্ম্মচ্যুত।
অপদস্থ, (অপদ-স্থা) পদচ্যুত ; অসম্ভ্রম।
অপদার্থ, অযোগ্য ; অবস্তু, পদার্থ ভিন্ন।
অপদিশ, দুই দিকের মধ্যস্থল।
অপদেবতা, পিশাচাদি। [প্রতারণা।
অপদেশ, (অপ-দিশ) কপট, ছল ; চাতুরী,
অপধ্বংস, (অপ-ধ্বন্স) নাশ, খণ্ডন।
অপধ্বংসক, বিনাশক।
অপধ্বস্ত, (অপ-ধ্বন্স) বিনষ্ট, চূর্ণীকৃত।
অপনয়ন, (অপ-নী) খণ্ডন, দুরী করণ।
অপনীত, দুরীকৃত, খণ্ডিত।
অপনোদন, (অপ-নুদ) খণ্ডন, দুরী করণ।
অপবর্গ, মুক্তি, মোক্ষ।
অপবর্জ্জন, দান ; ত্যাগ ; মোক্ষ। [করণ।
অপবর্ত্তন, (অপ-বৃৎ) সংক্ষেপ করণ ; অল্প-
অপবর্ত্ত্য, (অপ-বৃৎ) সংক্ষেপ করণীয়।
অপবাদ, (অপ-বদ) নিন্দা, অখ্যাতি, কলঙ্ক, দুর্নাম ; পরীবাদ। [বাদান্বিত।
অপবাদিত, (অপ-বদ্) দুর্নামগ্রস্ত, পরী-
অপবারণ, ব্যবধান, আড়াল, আড়।
অপবারিত, অন্তর্হিত, ব্যবহিত।

অপবিত্র, অশুদ্ধ, পবিত্রতা রহিত
অপবিত্রতা, অশুদ্ধতা, অপ্রায়ত্য, দুষ্টতা
অপবিদ্ধ, (অপ-ব্যধ) প্রত্যাখ্যাত, নিরাকৃত
অপবিদ্ধপুত্র, দ্বাদশবিধ গৌণ পুত্র মধ্যে
পুত্র বিশেষ, মাতৃপিতৃ ত্যক্ত পুত্র
অপব্যয়, বৃথাব্যয়; কুকর্ম্মে ধন ক্ষয়।
অপব্যয়ী, (অপ-ব্যয়িন্) নিরর্থক অর্থনাশক
অপভাষা, অসাধু বাক্য, কুকথা।
অপভ্রংশ, (অপ-ভ্রন্স) কুৎসিত বাক্য, গ্রা-
ম্যভাষা, অপশব্দ; পতন।
অপমান, (অপ-মন্) অমর্য্যাদা; তিরস্কার,
অনাদর। [হীন।
অপমানিত, (অপমান) অপমান প্রাপ্ত, মান
অপমান্য, (অপ-মন) অপমান জনক, অস
ম্ভ্রম সূচক। [অস্বাভাবিক কারণে মৃত্যু।
অপমৃত্যু, রোগ বিনা মরণ, অপঘাত মরণ,
অপয়মস্ত, দুর্ভাগ্য, হতভাগ্য, অশুভক্ষণীয়
অপযশঃ, (অপ-যশস্) দুর্নাম, অখ্যাতি।
অপযান, (অপ-যা) পলায়ন, প্রস্থান।
অপর, ইতর, অন্য, পর, ভিন্ন।
অপরতি, নিবৃত্তি, বিরতি [ত্রির শেষ প্রহর
অপররাত্র, (অপর-রাত্রি) রাত্রি শেষ, রা-
অপরলোক, ইতরলোক, অন্যব্যক্তি।
অপরা, পশ্চিম দিক্। [পান্বিত।
অপরাক্রমী, শক্তিহীন, নির্বীর্য্য; অপ্রতা-
অপরাঙ্গ, অন্য অবয়ব।
অপরাঙ্মুখ, বিমুখ না হওন, অভিমুখ হওন
অপরাজয়, অপরাভব; অবিনাশ।
অপরাজিত, অনির্জ্জিত; বিষ্ণু, ঋষি বিশেষ
অপরাজিতা, (অপ-রাজ) দুর্গা; পুষ্পলতা-
বিশেষ।
অপরাধ, অকার্য্য করণ জন্য দোষ।
অপরাধিত, (অপ-রাধ) দোষী।
অপরাধী, দোষী, দণ্ডার্হ, পাপী।
অপরাধীন, স্বাধীন, যে পরতন্ত্র নহে।
অপরাদ্ধ, (অপ-রাধ) কৃতাপরাধ, অপরাধী,
অপরামর্শ, অযুক্ত, যুক্তি বিরুদ্ধ।
অপরামৃষ্ট, অসম্বদ্ধ; অবিবেচিত [বৈকাল।
অপরাহ্ণ, (অপর-অহন্) দিবার শেষভাগ,
অপরাহ্ণতন, বৈকালিক।
অপরাহ্ণিক, বৈকালিক।
অপরিচিত, অদৃষ্ট, যাহার সহিত আলাপ
নাই। [মুক্ত বেশ।
অপরিচ্ছদ, হীনবস্ত্র, মলিন বসন, অনুপ-

অপরিচ্ছন্ন, পরিচ্ছদশূন্য, বস্ত্র হীন।
অপরিচ্ছিন্ন, পরিচ্ছেদরহিত, অসীম।
অপরিণাম, অবস্থার অন্যথা; পরিণাম
হীন, অবস্থান্তর না হওন।
অপরিণীতা, অবিবাহিতা, অনূঢ়া।
অপরিতোষ, অসন্তোষ, অনাহ্লাদ।
অপরিপক্ক, অপক্ক, পরিপাক হীন।
অপরিমিত, পরিমাণ রহিত; প্রচুর।
অপরিষ্কার, অনির্ম্মল; অশুদ্ধ; অস্পষ্ট।
অপরিষ্কৃত, অমার্জ্জিত, অশোধিত।
অপরিহরণীয়, অত্যাজনীয়, অপরিহার্য্য,
পরিহারে অযোগ্য।
অপরিহার্য্য, অত্যাজনীয়, অপরিহরণীয়।
অপরুদ্ধ, রুদ্ধ; অপ্রস্তুত।
অপরূপ, আশ্চর্য্য, অদ্ভুত; বিকৃত রূপ।
অপরেদ্যুঃ, (অপর) পর দিবস, গত অথবা
আগামি দিন।
অপরোক্ষ, প্রত্যক্ষ, সমক্ষ, দৃষ্টির সম্মুখ।
অপর্ণ, পত্রহীন।
অপর্ণা, দুর্গা, পার্ব্বতী।
অপর্য্যাপ্ত, অসীম; যথেষ্ট, সম্পূর্ণ।
অপলপন, (অপ-লপ্) অপহ্নব করণ, গো-
পন; অমান্য করণ। [অপহ্নব।
অপলাপ, (অপ-লপ) সত্য অসত্য কথা;
অপলাপবাদী, (অপলাপ-বাদিন্) মিথ্যাবাদী
অপলাষিকা, পিপাসা, তৃষ্ণা।
অপশব্দ, ইতরভাষা; অসংস্কৃত শব্দ।
অপশুক, আত্মা, জীব।
অপশোক, অশোক বৃক্ষ।
অপশ্চিম, অব্যর্থ, যথার্থ, সত্য।
অপসব্য, শরীরের দক্ষিণ ভাগ; বাম হস্ত।
অপসরণ, স্থানান্তর গমন।
অপসর্জ্জন, পরিত্যাগ, মুক্তি।
অপসর্পণ, গমন, ধাবন।
অপস্নাত, মরণোপলক্ষে কৃতস্নান।
অপস্নান, মৃতের উদ্দেশে অবগাহন।
অপস্মার, (অপ-স্মৃ) মৃগীরোগ মূর্চ্ছারোগ।
অপহনন, (অপ-হন্) হত্যা; অপঘাত।
অপহরণ, (অপ-হৃ) চুরি, চৌর্য্য।
অপহর্ত্তা, চোর, তস্কর, অপহারক।
অপহা, (অপ-হন) হন্তা, হত্যাকারী।
অপহার, (অপ-হৃ) হরণ, চৌর্য্য; ত্যাগ।
অপহারক, অপহরণ কর্ত্তা, তস্কর, চোর,
মলিম্লুচ।

অপহারী, অপহরণ কর্ত্তা।
অপহার্য্য, অপহরণার্হ, অপহরণীয়।
অপহাস, অকারণ হাস্য; পরিহাস।
অপহৃত, (অপ-হৃ) চুরি করা চোরিত,চোরা
অপহ্নব, (অপ-হ্নু) গোপন; অপলাপ; চৌর্য্য।
অপহ্নুত, (অপ-হ্নু) গোপিত, লুক্কায়িত।
অপক্ষপাত, গণতা শূন্য।
অপক্ষপাতী, পক্ষপাত হীন, গণতা শূন্য।
অপক্ষয়, নাশ, ধ্বংস, হ্রাস।
অপক্ষীণ, বিনষ্ট, ধ্বস্ত।
অপাংনিধি, সমুদ্র, সাগর, জলনিধি। [ষ্ঠাতা।
অপাংপতি, সাগর, সমুদ্র; বরুণ, জলাধি-
অপাক, অজীর্ণ; উদরাময়।
অপাঙ্গ, (অপ-অঙ্গ) চক্ষুর প্রান্ত ভাগ, নেত্র কোণ, কটাক্ষ।
অপাঙ্গক, অপামার্গ বৃক্ষ, আপাংগাছ।
অপাঙ্গদর্শন, বক্রভাবে দেখা, কটাক্ষে অবলোকন।
অপাঙ্গনিক্ষেপ, কটাক্ষপাত, ঈষৎ দর্শন।
অপাটব, (অপটু) অপটুত্ব; রোগ; জড় শক্ততা
অপাঠ্য; পাঠের অনুপযুক্ত। [পযুক্ত।
অপাত্র, কুপাত্র, অসৎপাত্র; অযোগ্য, অনু-
অপাত্রীকরণ, নববিধ পাপমধ্যে পাপ বিশেষ; অযোগ্যরূপে নির্ণয় করণ; জাতিভ্রষ্ট করণ।
অপাদান, (অপ-আ-দা) ষট্ কারক মধ্যে কারক বিশেষ; যাহা হইতে পার্থক্যাদি হয়; পূর্ব্ব অধিকরণ।
অপান, মলদ্বারস্থ বায়ু, গুহ্য দেশীয় পবন।
অপাপ, নিষ্পাপ, পাপ শূন্য।
অপাবরণ, আবরণ মোচন; অনাচ্ছাদন।
অপাবৃত, (অপ-আ-বৃৎ) অনাচ্ছাদিত, অনাবৃত। [ক্ষান্ত।
অপাবৃত্ত, (অপ-আ-বৃৎ) নিবৃত্ত, নিবারিত,
অপামার্গ, (অপ-আ-মার্গ) আপাং গাছ।
অপাম্পতি, (অপাং-পতি) সমুদ্র; বরুণ।
অপায়, (অপ-অয়) বিশ্লেষ; বিনাশ; অপচয়, ক্ষতি; অনিষ্ট, হানি।
অপার, পারাপারহীন; অসীম, অকূল।
অপারক, (অ-পার) অক্ষম, ক্ষমতা রহিত
অপার্থক্য, অভিন্নতা, অপ্রভেদ, পৃথকতা শূন্য, একত্ব।

অপারনদী, পারাপার হীন নদী, অকূল সরিৎ, যে নদীর পার পাওয়া যায় না।
অপার্য্যমাণ, অশক্ত, অক্ষম।
অপালন, অরক্ষণ, অপ্রতিপালন।
অপাশ্রয়, প্রাঙ্গনাবরণ চন্দ্রাতপ, সামিয়ানা, চাঁদোয়া; আশ্রয় শূন্য।
অপাষণ্ড, অপামর, নিষ্পাপী; অনাস্তিক।
অপাসঙ্গ, তূণ, বাণ রক্ষার স্থান।
অপাসন, মারণ, বধ, হিংসা।
অপাস্ত, খণ্ডিত, নিরাকৃত, দূরীকৃত।
অপাক্ষ, কুৎসিত চক্ষু; লোচন শূন্য।
অপি, উপসর্গ বিশেষ, নিশ্চয়ার্থ।
অপিগীর্ণ, স্তুত, বর্ণিত, প্রশংসিত।
অপিচ, আরো, অপরঞ্চ।
অপিতু, বরঞ্চ, প্রত্যুত; যদ্যর্থ; আরও।
অপিতৃক, (অপিতৃ) পিতৃহীন।
অপিধান, (অপি-ধা) আবরণ, আচ্ছাদন; অন্তর্দ্ধান, তিরোধান, ঢাকন।
অপিনদ্ধ, (অপি-নহ) পরিহিত বস্ত্রাদি।
অপীত, পীতবর্ণ ভিন্ন; অকৃত পান। [শেষ
অপীনস, (অ-পীন) পানাসনামক রোগবি-
অপীব্য, অতি সুন্দর, সুশ্রী।
অপুত্র, নিঃসন্তান, অনপত্য, নির্ব্বংশ।
অপুত্রক, নিঃসন্তান, নিরপত্য; নির্ব্বংশ।
অপুনর্ভব, মুক্তি, মোক্ষ; পুনর্জন্মাভাব।
অপুরাণ, নূতন, নব্য, পুরাতন নহে।
অপুষ্ট, অপরিপক্ক, কচি, অপাকল।
অপূপ, (অ-পূ-পা) পিষ্টক, পিটা।
অপূপ্য, (অ-পূ-পা) গোধূম চূর্ণ, ময়দা।
অপূর্ণতা, অসমাপ্তি; সংপূর্ণের অভাব।
অপূর্ব্ব, কর্ম্ম জন্য অদৃষ্ট; আশ্চর্য্য; পূর্ব্ব দিগভিন্ন। [রাহ্ন।
অপূর্ব্বাহ্ন, বৈকাল, দিবার শেষভাগ, প-
অপৃষ্ট, অজিজ্ঞাসিত।
অপেতরাক্ষসী, তুলসী বৃক্ষ।
অপেয়, (অ-পা) পানাযোগ্য, পাননিষিদ্ধ।
অপেক্ষণ, (অপ-ঈক্ষ) কাল বিলম্ব করণ, অপেক্ষা করণ, প্রতীক্ষা করণ।
অপেক্ষণীয়, (অপ-ঈক্ষ) অপেক্ষা করিবার যোগ্য, অপেক্ষ্য, বিলম্বনার্হ।
অপেক্ষা, প্রতীক্ষা, অন্য সম্বন্ধ, অনুরোধ, আকাঙ্ক্ষা, আশা।
অপেক্ষাকৃত, অন্য হইতে বিবেচিত।
অপেক্ষিত, কৃতবিলম্ব; অনুরুদ্ধ।

অপেক্ষ্য, অপেক্ষা যোগ্য, অনুকম্প্য।
অপোগণ্ড, (অ-পোগণ্ড) শিশু, বালক, অপ্রাপ্তব্যবহার, নাবালেক, নাবালগ।
অপোহ, (অপ-উহ) তর্কবিশেষ।
অপৌরুষ (অ-পুরুষ) অলৌকিক, লোকাতীত; ঐশ্বরিক। [শিক, ঐশ্বরিক।
অপৌরুষেয়, লোকাতিগ, অলৌকিক; ঐ-
অপ্পতি, (অপ-পতি) সমুদ্র; বরুণ।
অপ্রকট, অব্যক্ত, অপ্রকাশ, গুপ্ত।
অপ্রকটিত, অপ্রকাশিত, গুপ্ত।
অপ্রকটীকৃত, গোপন করা।
অপ্রকর্ষ, অধমত্ব, জঘন্যতা।
অপ্রকাণ্ড শাখারহিত বৃক্ষ; গুল্ম, ঝোপ।
অপ্রকাম, অযথেষ্ট; স্বল্প।
অপ্রকাশ, অন্ধকার, গোপন; নিভৃত। [গ্য।
অপ্রকাশ্য, গোপনীয়, প্রকাশ করণের অযো
অপ্রকৃত, অযথার্থ; কল্পিত।
অপ্রকৃতিস্থ, উন্মত্ত, বিক্ষিপ্ত চিত্ত।
অপ্রকৃষ্ট, অধম, মন্দ।
অপ্রখর, অতীক্ষ্ণ; মৃদু।
অপ্রগলভ, শান্ত, শিষ্ট, মৃদু।
অপ্রচণ্ড, অতীক্ষ্ণ; অতীব্র; অপ্রতাপী।
অপ্রজ (অপ্রজা) নিঃসন্তান, অনপত্য।
অপ্রজ্ঞ, (অ-প্রজ্ঞা) অবিজ্ঞ, অনভিজ্ঞ।
অপ্রণয় প্রীতিচ্ছেদ; বিবাদ; ভেদ।
অপ্রতিকার্য্য, দুশ্চিকিৎস্য; অচিকিৎসনীয়; যাহার প্রতীকার নাই। [কৃত।
অপ্রতিজ্ঞ, (অ-প্রতিজ্ঞা) অস্বীকৃত, অনঙ্গী-
অপ্রতিপন্ন, অপ্রতিষ্ঠিত, অমান্য।
অপ্রতিপক্ষ, বিপক্ষ শূন্য, অকণ্টক, প্রতিযোগি বিহীন।
অপ্রতিবন্ধক, অবাধ, অব্যাঘাত।
অপ্রতিভ, (অ-প্রতিভা) অপ্রস্তুত, লজ্জিত
অপ্রতিরথ, যাহার বিরোধী সদৃশ রথী নাই।
অপ্রতিরূপ, অতুল; অসমান।
অপ্রতিষ্ঠ, প্রতিষ্ঠাহীন।
অপ্রতিষ্ঠিত, প্রতিষ্ঠাহীন; নিন্দিত।
অপ্রতুল, অভাব; অসঙ্গতি।
অপ্রত্যয়, অবিশ্বাস। [পরোক্ষ।
অপ্রত্যক্ষ, প্রত্যক্ষের অগোচর, অদৃষ্ট,
অপ্রধান, কনিষ্ঠ; জঘন্য; ক্ষুদ্র।
অপ্রবল, বলহীন, অবলবান, ক্ষীণ।
অপ্রবৃত্তি, অনিচ্ছা; অযত্ন; অশ্রদ্ধা।
অপ্রমাণ, অনিদর্শন; অদৃষ্টান্ত; অশাস্ত্র।
অপ্রমত্ত, সাবধান; অবধান বিশিষ্ট; অবহিত; সতর্ক, হুঁসিয়ার।
অপ্রমেয়, অনন্ত; পরিচ্ছেদ শূন্য।
অপ্রয়োগ, অনুল্লেখ; প্রয়োগাভাব।
অপ্রশস্ত, অশ্রেষ্ঠ; গৌণ; অনুৎকৃষ্ট।
অপ্রসন্ন, অসন্তুষ্ট; আবিল; অনচ্ছ।
অপ্রসিদ্ধ, অবিখ্যাত; যৎসামান্য; ক্ষুদ্র।
অপ্রস্তুত, লজ্জিত; পরাভূত; অপ্রতিভ।
অপ্রাচীন, নূতন, নব্য।
অপ্রাপ্ত, অলব্ধ।
অপ্রাপ্য, প্রাপণাযোগ্য; দুর্লভ। [অলীক।
অপ্রামাণিক, প্রমাণ রহিত; অপ্রামাণ্য।
অপ্রামাণ্য, প্রমাণরহিত, অলীক।
অপ্রিয়, অনভীপ্সিত; মন্দ।
অপ্রিয়বচন, নিষ্ঠুর কুবাক্য; বাক্য।
অপ্রিয়বক্তা, নিষ্ঠুরভাষী, উগ্রবক্তা।
অপ্রীতি, অপ্রণয়; অসদ্ভাব।
অপ্রোষিত, অপ্রবাসী।
অপ্রোক্ষণ, অসেচন; ধৌত না করা।
অপ্রোক্ষিত, জলসেকবিহীন; অধৌত।
অপ্সর, (অপ-সৃ) স্বর্গ বেশ্যা, স্বর্গণিকা।
অপ্সরা, (অপ-সৃ) স্বর্গীয় বারাঙ্গনা।
অফল, বিফল, বন্ধ্যা, ব্যর্থ।
অফলা, ভূমি আমলকী; ঘৃতকুমারী।
অফেণ, ফেণ রহিত; অহিফেণ, আফিম।
অবকথন, (অব-কথ) স্তব; উপাসনা।
অবকর, (অব-কৃ) আবর্জ্জনা, ওঁচলা। [রেখা
অবকর্ত্তন, (অব-কৃত) কাটন; সূত্রযন্ত্র, চ-
অবকলন, (অব-কল) বিয়োগ; অগণন।
অবকাশ, অবসর, সময়; বিশ্রাম কাল।
অবকীর্ণী, ক্ষতব্রত, নিয়ম ভ্রষ্ট।
অবকুঞ্চন, (অব-কুঞ্চ) বক্রকরণ।
অবকুঞ্চিত, (অব-কুঞ্চ) বক্রীকৃত।
অবকুট্টন, (অবকুট) ঠোকরান; বারম্বার খিটমিট করণ। [হওন।
অবকুণ্ঠন, (অব-কুঠ) অসাহস হওন, ভীরু
অবকুন্থন, (অবকুথ) কদর্য্য কোঁথানি।
অবকূজন, (অব-কূজ) কুরব, কুশ্রাব্য শব্দ।
অবকৃষ্ট, (অবকৃষ) মন্দ, জঘন্য, হেয়।
অবক্তব্য, অকথ্য, কথনাযোগ্য
অবক্রন্দন, (অব-ক্রন্দ) উচ্চস্বরে ক্রন্দন।
অবক্রয়, (অব-ক্রী) নিন্দিত ক্রয়।
অবক্রীড়ন, (অব-ক্রীড়) কুৎসিত খেলা।
অবক্রুদ্ধ, (অব-ক্রুধ) অতিশয় রাগান্বিত।

অবক্রুষ্ট, (অবক্রুশ) ভর্ৎসিত ; নিন্দিত।
অবক্বণ, কুৎসিত, ধ্বনি, কদর্য্য শব্দ।
অবখণ্ডন, (অব-খণ্ড্) খনন, খোড়ন।
অবখাত, (অব-খন) গহ্বর, গর্ত্ত, খানা।
অবখেলা, কুৎসিত খেলা।
অবগণন, হেয়করণ, অমান্য করণ।
অবগণিত, (অব-গণ) অবমানিত, তুচ্ছীকৃত
অবগণ্ড, শিশু, অপ্রাপ্ত ব্যবহার, নাবালগ অপোগণ্ড।
অবগত, (অব-গম) জ্ঞাত, বিদিত।
অবগতি, (অব-গম) বোধ, জ্ঞান।
অবগম, জ্ঞান, বোধ, উপলব্ধি।
অবগম্য, জ্ঞেয়, বোধগম্য।
অবগাহন, (অব-গাহ) স্নান, নিমজ্জন, ডুব [দেওন।
অবগুণ্ঠন, (অব-গুঠ) ঘোমটা, মুখাবরণ।
অবগুণ্ঠিত, (অব-গুঠ) চূর্ণিত, গুঁড়া।
অবগোচর, অর্দ্ধদৃষ্ট ; ঈষদবলোকিত ; কটাক্ষে দেখা।
অবগোরণ, (অব-গুর্) উত্তোলন, ঊর্দ্ধকরণ [উঠান।
অবগ্রন্থন, (অব-গ্রন্থ) মন্দরচনা, কদর্য্য গাঁথা
অবগ্রহ, অনাবৃষ্টি, বহুকাল অবর্ষণ।
অবঘাত, (অব-হন) অপঘা, অপমৃত্যু
অবঘূর্ণ, ঘূর্ণজল, জলভ্রমি
অবঘ্রাণ, (অব-ঘ্রা) কুৎসিত গন্ধ ; চুম্বন।
অবচূর্ণ, অসূক্ষ্ম চূর্ণ, মোটাগুঁড়া।
অবচেষ্টা, (অব-চেষ্ট) মন্দচেষ্টা, অনাড়িপনা
অবচ্ছিন্ন, (অব-ছিদ) সীমাবদ্ধ, সাবধি ; যুক্ত
অবচ্ছেদ, (অব-ছিদ) সীমা, পর্য্যন্ত।
অবচ্ছেদাবচ্ছেদ, সমস্ত, সাকল্য, ব্যাপকত্ব।
অবজীর্ণ (অব-জৄ) জরাবৃদ্ধ, বড় প্রাচীন।
অবজ্ঞা, হেয়জ্ঞান, অনাদর, তাচ্ছল্য, উপেক্ষা, অমান্য করণ।
অবজ্ঞাত, (অবজ্ঞা) অনাদৃত, উপেক্ষিত।
অবট, (অব্) গর্ত্ত, গহ্বর, ছিদ্র।
অবতংস, (অব-তন্স) কর্ণভূষণ, কর্ণালঙ্কার।
অবতরণ, (অব-তৄ) গমন, অবরোহণ।
অবতরণিকা, আভাস, ভূমিকা।
অবতান, (অব-তন্) চন্দ্রাতপ, চাঁদনি, সামিয়ানা। [মনুষ্যাদিরূপে প্রকাশ।
অবতার, (অবতৄ) দেহান্তর ধারণ, দেবতার
অবতারণিকা, (অব-তৄ) মৌকা ; আভাস ; ভূমিকা। [উপস্থিত, উত্তীর্ণ,
অবতীর্ণ, (অব-তৄ) অবরূঢ় ; আবির্ভূত ;
অবথর, (অব-স্তম্ভ) বলহীন, অসমর্থ, ক্ষীণ।

অবদলন, (অব-দল্) মর্দ্দন করণ, মাড়ান।
অবদাত, শুভ্র, শ্বেত, গৌর। [সিত দান।
অবদান, (অব-দা) উৎসর্গ ; নিবেদন ; কুৎ-
অবদীর্ণ, (অব-দৄ) বিদারিত, স্ফুটিত, ফাটা।
অবদূন, (অব-দূ) তাপিত, শোকাতুর।
অবদ্ধ, বন্ধনশূন্য ; অনিয়ন্ত্রিত।
অবদ্ধমুখ, অপ্রিয়বাদী, দুর্মুখ।
অবদ্য, নিন্দনীয় ; অনিষ্ট, মন্দ। [দীপ্তি।
অবদ্যোত, (অব-দ্যুত্) ঈষদুজ্জ্বল, কিঞ্চিৎ
অবদ্রুত, (অব-দ্রু) পলায়িত, পলায়নকারী
অবধান, (অব-ধা) মনোযোগ, মনঃসংযোজন
অবধার, (অব-ধৃ) নিশ্চয়, নির্ণয়, স্থিরকরণ।
অবধারিত, (অব-ধৃ) নির্দ্দিষ্ট, নির্ণীত, স্থিরীকৃত, নিশ্চিত।
অবধার্য্য, (অব-ধৃ) নির্দ্ধার্য্য, নিশ্চয়।
অবধি, (অব-ধা) পর্য্যন্ত, সীমা, ছেদ।
অবধীরণ, অবজ্ঞা, তুচ্ছজ্ঞান।
অবধীরিত, (অব-ধীর) অবজ্ঞাত, তুচ্ছীকৃত
অবধূত, (অব-ধু) কম্পিত, কম্পায়মান।
অবধূক, (অ-বধূ) স্ত্রীহীন ; অবিবাহিত।
অবধূত, (অব-ধু) বর্জ্জিত ; পরিষ্কৃত, উদাসীন, যোগী, সন্ন্যাসী। [নর্হ।
অবধ্য, (অবধ) বধের অযোগ্য ; প্রাণদণ্ডা-
অবনত, (অব-নম্) নম্র ; প্রহ্বীভূত।
অবনতি, (অব-নম্) প্রহ্বীভবন, নমন, প্রণাম, নমস্কার।
অবনর্দ্দন, (অব-নর্দ) কুৎসিত শব্দ ; নিন্দিতধ্বনি। [ণয়।
অবনায়, (অব-নী) অনৈক্য ; অমিল ; অপ্র
অবনাহ, (অব-নহ) কুৎসিতরূপে অস্ত্রাদিসজ্জা করণ, নিন্দিত অস্ত্রাদি।
অবনি, পৃথিবী, পৃথ্বী, ভূমি।
অবনী, (অব) পৃথিবী, মেদিনী, ভূমি।
অবনীপতি, ভূপতি, রাজা।
অবনীপাল, ভূপতি, রাজা।
অবন্তি, অবনায় ; অনৈক্য, অমিল।
অবন্তী, দেশ বিশেষ। [যোগ্য।
অবন্দ্য, অপূজ্য, অবন্দনীয়, প্রণামের অ-
অবন্ধ্য, সফল, ফলবান।
অপক্ক, (অ-পচ) কাঁচা, পাকা নহে ; অসিদ্ধ
অবপক্ষ, নিরর্থক, পক্ষপাতী। [রহিত।
অবপাল, (অব-পা) রক্ষকহীন ; পালক-
অবপালন, অপালন ; অরক্ষণ। [তি।
অববাদ, (অব-বদ্) নিন্দা, অপবাদ, অখ্যা-

অবব্রত, (অব-বৃ) আচ্ছাদিত ; আবৃত ; বেষ্টিত। [ঘেরণ।
অববেষ্টন, (অব-বেষ্ট) আচ্ছাদন, আবরণ,
অববোধ, (অব-বুধ) নিন্দিত বুদ্ধি ; কুৎসিত জ্ঞান, মতিভ্রম। [অন্য প্রকার বোধ।
অবভান, (অব-ভা) আভাস, ঈষৎজ্ঞান;
অবভৃথ, (অব-ভৃ) ব্রতানন্তর স্নান।
অবম, তিন তিথি যে দিনকে স্পর্শ করে।
অবমতি, (অব-মন্) অবজ্ঞা, হেয় জ্ঞান।
অবমর্দ্দন, (অব-মৃদ্) পীড়ন, দলন।
অবমান, অপমান, অপযশঃ দুর্নাম।
অবমাননা, (অব-মন্) অনাদর, অপমান।
অবমানিত, (অবমান) অপমানগ্রস্ত, অসম্মানিত। [মস্তক।
অবমূর্দ্ধ, (অব-মূর্দ্ধন্) অধঃশিরাঃ, অধো-
অবমৃষ্ট, (অব-মৃশ) ভ্রষ্ট, নষ্ট, মর্দ্দিত।
অবয়ব, (অব-যু) অঙ্গ, হস্ত পদাদি। [শিষ্ট।
অবয়বী, (অবয়বিন্) অঙ্গী, হস্তপদাদি বি-
অবর, (অব-রা) কনিষ্ঠ, অশ্রেষ্ঠ, মন্দ, ক্ষুদ্র।
অবরজ, (অবর-জন্) কনিষ্ঠভ্রাতা, অনুজ।
অবরত, (অব-রম্) নিবৃত্ত, বিরত।
অবরতঃ, (অবর) পরে, পশ্চাতে।
অবরবর্ণ, শূদ্রজাতি।
অবরস, বিরস, কুস্বাদু, পানস্তা।
অবরোধ, (অব-রুধ) আটক, রুদ্ধ, অন্তঃপুর
অবরোহ, (অব-রুহ) উত্তরণ, নামন।
অবর্ণ, অ অক্ষর, অকার।
অবর্ত্তমান, অভাব, অনুপস্থিত ; মৃত্যু।
অবল, দুর্বল, ক্ষীণ, অশক্তি।
অবলজ্জা, (অব-লস্জ) ঈষৎ লজ্জা।
অবলম্ব, (অব-লব্) আশ্রয়, শরণ।
অবলম্বন, (অব-লব্) আশ্রয় ; ঠেস।
অবলম্বনীয়, আশ্রয়ণীয়, অবলম্বনের যোগ্য
অবলা, (অ-বল) স্ত্রী, নারী, বলহীন।
অবলাঞ্ছন, (অব-লাছু) অকীর্ত্তি জনক চিহ্ন, অখ্যাতির চিহ্ন।
অবলিপ্ত, (অব-লিপ্) অভ্যাক্তিত, লেপিত
অবলীঢ়, (অব-লিহ) আস্বাদিত, চাটিত।
অবলীলা, ক্রীড়াবৎ অনায়াস, সহজ।
অবলেপ, (অব-লিপ্) প্রলেপ, লেপন।
অবলেপন, (অব-লিপ্) আখান, প্রলেপ
অবলেহ, (অব-লিহ) লেহ্য, চাটিবার যোগ্য, ঔষধ বিশেষ।
অবলেহন, (অব-লিহ্) আস্বাদন, চাটন।
অবলোকন, (অব-লোক্) দর্শন, ঈক্ষণ।
অবল্কল, বল্কল হীন, ছাল রহিত।
অবশ, অবাধ্য, অনায়ত্ত, অনধীন।
অবশিষ্ট, (অব-শিষ) অবশেষ, উদ্বৃত্ত, বাকি
অবশেষ, (অব-শিষ) অন্ত, শেষ, বাকি।
অবশোষণ, (অব-শুষ) শুষ্ক করণ। [নিশ্চিত
অবশ্য, (অবশ্যম্) সর্ব্বথা কর্ত্তব্য, নিতান্ত,
অবশ্যম্ভব, (অবশ্যম্) যাহা অবশ্য হইবে।
অবশ্যম্ভাবী, নিশ্চিত হইবার যোগ্য, একান্ত ভাবী।
অবশ্যায়, (অব-শ্যৈ) নীহার, হিম, শিশির।
অবষ্টব্ধ, (অব-স্তম্ভ) বেষ্টিত, বেরিত।
অবষ্টম্ভ, (অব-স্তম্ভ) সূচনা : আরম্ভ সূত্র।
অবসথ, (অব-স্থা) নিবাস, বাস, স্থান।
অবসন্ন, (অব-সদ্) শ্রান্ত, ক্লান্ত, জড়ীভূত।
অবসন্নতা, (অবসন্ন) অবসাদ, শ্রান্তি, ক্লান্তি ক্ষীণতা। বিশ্রাম।
অবসর, (অব-সৃ) অবকাশ, সময় ; বিরাম ;
অবসাদ, (অব-সদ্) অবসন্নতা, গ্লানি, শ্রান্তি
অবসান, অব-সো) শেষ, অন্ত, সমাপ্তি।
অবসারণ, (অব-সৃ) বহিষ্করণ, বাহির করা।
অবসেয়, (অব-সো) নশ্বর, ক্ষয়োপযোগী।
অবস্কন্দ, সৈন্যের ছাউনি, কটক।
অবস্কন্দন, (অবস্কন্দ) খণ্ডন ; পরিহরণ।
অবস্কর, (অব-কৃ) জঞ্জাল, ওঁচলা, আবর্জ্জনা
অবস্তু, অপদার্থ, অযোগ্য, মিথ্যা, অকর্মণ্য
অবস্থা, দশা, গতি ; সম্পদ ; দুর্গতি।
অবস্থাতা, (অবস্থা) অবস্থানকারী, অধিষ্ঠাত্রী
অবস্থাত্রয়, (অবস্থা-ত্রি) জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি এই তিন অবস্থা।
অবস্থান, (অব-স্থা) স্থিতি, বাস, তিষ্ঠন।
অবস্থান্তর, অন্য অবস্থা, অন্য দশা।
অবস্থাপন, (অবস্থা) স্থাপিত করণ : রাখন
অবস্থিত, (অব-স্থা) স্থিরীভূত, কৃতাবস্থান
অবস্থিতি, (অব-স্থা) অবস্থান, বাস, থাকা।
অবস্বন, কুস্বর, মন্দ ধ্বনি।
অবহনন, (অব-হন্) মর্দ্দন, দলন।
অবহ, (অ-বহ) অচল, স্থির, স্থায়ী।
অবহার, (অব-হৃ) মোচন, ত্যাগ
অবহিত্থা, (অবহিস্-স্থা) ছদ্মবেশ, কাপট্য।
অবহেলন, (অব-হেড়্) অবজ্ঞাকরণ, অনাদর করণ। [অবজ্ঞা।
অবহেলা, (অব-হেড়) অনাদর, অশ্রদ্ধা,
অবক্ষুধা, পেটুকতা, উদরম্ভরিত্ব।

অবক্ষেপ, (অব-ক্ষিপ্) বিদ্রূপ, ব্যঙ্গ, ঠাট্টা।
অবাক, (অ-বচ্) স্তব্ধ ; বাক্য রহিত।
অবাক্‌শিরাঃ, (অবাক্-শিরস্) অধোমস্তক।
অবাগ্র, (অব-অগ্র) নিম্নাগ্র ; নত। [ঞ্চিত
অবাঙ্মুখ, (অবাক্ মুখ) অধোমুখ ; নত ; ল
অবাচী, দক্ষিণ দিক্।
অবাচী, (অব-অন্চ) দক্ষিণ-দিক।
অবাচ্য, (অ-বচ্) অকথ্য, কহিবার অযোগ্য,
অবাদ, (অ-বদ্) অবিতণ্ডা।
অবাদে, (অ-বাদ) নির্ব্বিবাদে, নির্ব্বিঘ্নে।
অবাধ, (অ-বাধা) বাধা শূন্য, অপ্রতিবন্ধক
অবাধে, (অবাধ) নির্বন্ধে, নির্বিবাদে।
অবাধ্য, অবশ, অবশতাপন্ন ; অনায়ত্ত।
অবাধ্যতা, অবশতা, অনধীনতা।
অবান্তর, (অব-অন্তর) অন্তরস্থ, মধ্য।
অবাপ্ত, (অব-আপ্) প্রাপ্ত, অধিগত।
অবারিত, অবাধিত, অরুদ্ধ।
অবাস্তব, অযথার্থ, অপ্রকৃত, মিথ্যা।
অবি, (অব) মেষ, ভেড়া ; সূর্য্য। [টিত
অবিকচ, অপ্রফুল্ল, মুদিত ; অফুল্ল, অপ্রস্ফু-
অবিকট, অকুৎসিত, অভয়ঙ্কর।
অবিকল, যথার্থ, ঠিক, অবিকৃত।
অবিকল্প, অসংশয়, নিঃসন্দেহ।
অবিকল্পিত, অসন্দিগ্ধ, নিশ্চিত।
অবিকার, বিকৃতি শূন্য ; অবিকল।
অবিকাশ, অপ্রকাশ ; মুদিত ; অপ্রস্ফুটিত।
অবিকৃত, প্রকৃত, যথাভূত ; অবিকল।
অবিক্রীত, না বেচা, অবিক্রয়।
অবিগীত, অনিন্দিত, অগর্হিত।
অবিঘ্ন, নির্ব্বিঘ্ন, অব্যাঘাত।
অবিচক্ষণ, অপণ্ডিত, অজ্ঞ, অনভিজ্ঞ।
অবিচলিত, স্থির, দৃঢ়, নিশ্চিত।
অবিচার, অন্যায়, অত্যাচার।
অবিচারিত, (অবিচার) অবিবেচিত, অকৃত
বিচার। [খ, অন্যায় কারক।
অবিচারী, (অ-বিচারিন) বিচার করণেবিমু-
অবিচ্ছিন্ন, অভিন্ন, সংলগ্ন, যুক্ত [ক্রমাগত।
অবিচ্ছেদ, অবাধ, বারণ রহিত, বিনাবারণে
অবিজ্ঞ, অপ্রবীণ, অনিপুণ।
অবিজ্ঞতা, (অবিজ্ঞ) অনৈপুণ্য, অপ্রবীণতা।
অবিতত, (অ-বিতত) অবিস্তৃত।
অবিতথ, সত্য যথার্থ।
অবিদগ্ধ, অপণ্ডিত, অনভিজ্ঞ, অচতুর।
অবিদগ্ধতা (অবিদগ্ধ) অপাণ্ডিত্য।
অবিদিত, অজ্ঞাত, অনবগত।
অবিদ্ধ, অযুক্ত ; যাহা বিদ্ধ নয়।
অবিদ্য, (অ-বিদ্যা) মূর্খ, অনভিজ্ঞ।
অবিদ্যমান, অবর্ত্তমান ; অভাব।
অবিদ্যা, অজ্ঞান, মায়া।
অবিদ্যোত, অনুজ্জ্বল, প্রভাহীন।
অবিদ্বান, (অ-বিদ্বস) মূর্খ, অপণ্ডিত।
অবিধা, অবিশেষ ; বিশৃঙ্খলা।
অবিধান, অবিধি, অশাস্ত্র।
অবিধি, অশাস্ত্র, অবিধান।
অবিধেয়, অযোগ্য, অনুচিত, অকর্ত্তব্য।
অবিনয়, প্রগল্‌ভতা, ধৃষ্টতা, দুষ্টতা।
অবিনীত, অশান্ত, প্রগল্‌ভ, দুষ্ট, অশিষ্ট।
অবিপন্ন, অবিপদ্‌গ্রস্ত ; সুস্থ।
অবিপ্লুত, অবিনষ্ট, অক্ষত।
অবিবাদী, (অ-বিবাদিন) নির্বিবাদ, বিবাদ
রহিত। [হিবড়, অকৃতদার।
অবিবাহিত, অকৃতোদ্বাহ, অপরিণীত, অ-
অবিবাহিতা, অনূঢ়া, অপরিণীতা।
অবিবেকী, বিবেচনা রহিত, নের্বোধ।
অবিবেক, বিবেক শূন্য, বিবেচনা রহিত।
অবিবেচনা, বিবেক হীনতা ; অবিচার।
অবিভক্ত, অবিভাগ, একত্র, অপৃথক্।
অবিভাগ, অনংশ, পার্থক্যাভাব। [না।
অবিভাজ্য, অবণ্টনীয়, যাহা অংশ করা যায়
অবিমুক্ত, অত্যক্ত।
অবিযুক্ত, সংযুক্ত, মিলিত, অপৃথক
অবিরত, নিযুক্ত, আসক্ত ; নিরন্তর।
অবিরল, অনির্জ্জন ; নিরন্তর। [রোধাভাব।
অবিরোধ, একতা, মিলন ; বিবাদাভাব, বি-
অবিলম্বন, শীঘ্র, আশু।
অবিশ্রান্ত, বিশ্রাম রহিত, অনবরত।
অবিশ্বস্ত, অপ্রত্যয়িত।
অবিশ্বাস, অপ্রত্যয়, দৃঢ়তর বোধ না করণ।
অবিষয়, অগোচর, অনাস্পদ।
অবিস্পষ্ট, অস্পষ্ট, ক্লিষ্ট।
অবীরা, (অ-বীর) পতি পুত্র বিহীনা স্ত্রী।
অবুধ, অজ্ঞান, মূর্খ, অবোধ।
অবেক্ষণ, (অব-ঈক্ষণ) দর্শন, অবলোকন।
অবেক্ষা, (অব-ঈক্ষ) ধ্যান, মনোযোগ দৃষ্টি
অবেক্ষিত, (অব-ঈক্ষিত) দৃষ্ট, অবলোকিত
অবৈতনিক, যে বেতন ভোগী নহে, অথবা
যে কর্ম্মের শ্রম মূল্য নাই। [নয়।
অবৈধ, অ-বিধি) নিষিদ্ধ, যাহা বিধি প্রাপ্ত

অবোধ, জ্ঞান হীন, নির্ব্বোধ, মূর্খ।
অব্জ, (অপ্-জন) পদ্ম; চন্দ্র; শঙ্খ।
অব্জ-যোনি, ব্রহ্মা, প্রজাপতি।
অব্জিনী, (অব্জ) পদ্মিনী, কমলিনী।
অব্দ, (অপ্-দা) বৎসর; মেঘ।
অব্ধি, (অপ্-ধা) সমুদ্র, অর্ণব, সাগর।
অভ্র, (অপ্-ভৃ) মেঘ; ধাতুবিশেষ।
অব্যক্ত, অস্ফুট, অপ্রকাশিত।
অব্যক্তরাগ, ঈষল্লোহিত বর্ণ।
অব্যগ্র, সত্বরতা হীন; অনাকুল।
অব্যয়, ব্যয় রহিত; অনশ্বর; বিষ্ণু।
অব্যর্থ, অমোঘ, সফল। [চনা।
অব্যবসায়, ব্যবসা রহিত, অচর্চ্চা, অনালো-
অব্যবসায়ী, (অ-ব্যবসায়িন) আলোচনা শূ-
ন্য, চর্চ্চারহিত।
অব্যবস্থা, অবিধি, শাস্ত্র বিরুদ্ধ ব্যবস্থা।
অব্যবস্থিত, নীতি শাস্ত্রাদির ব্যবস্থানভিজ্ঞ;
অস্থির চিত্ত। [জাতিভ্রষ্ট।
অব্যবহার্য্য, ব্যবহারাযোগ্য, অপাংক্তেয়;
অব্যবহিত, ব্যবধান শূন্য, সংসক্ত, সন্নিকট
অব্যভিচার, অবাধ; অকাপট্যাভাব।
অব্যাকৃত, অপরিষ্কার, অপরিচ্ছন্ন; নোঙরা
অব্যাজ, অচ্ছল; সারল্য, অবলীলা; হঠাৎ।
অব্রাহ্মণ, ভট্ট; ব্রাহ্মণ সদৃশ উপবীতধারী।
অব্রুবাণ, অপোগণ্ড, শিশু।
অভক্তি, অশ্রদ্ধা; ঘৃণা, অরুচি।
অভদ্র, নীচ পামর, অসৎ।
অভদ্রতা, (অভদ্র) নীচতা; অসদাচার।
অভব্য, অশিষ্ট, অসভ্য, অভদ্র।
অভয়, নির্ভয়, ভয়রহিত।
অভয়া, দুর্গা, ভগবতী।
অভরণ, (আভরণ) ভূষণ, অলঙ্কার।
অভক্ষ্য, অখাদ্য, অভক্ষণীয়।
অভাগা, (অ-ভাগ্য) হতভাগ্য, দুর্ভাগ্য।
অভাগিনী, (অ-ভাগিন) দুরদৃষ্টা স্ত্রী, দুর্ভাগা
অভাগ্য, দুরদৃষ্ট, মন্দ কপাল।
অভাজন, অপাত্র, অযোগ্য।
অভাব, অসত্তা, অবিদ্যমান; ধ্বংস, নাশ।
অভাবনীয়, অচিন্তনীয়, অতর্ক্য।
অভাষণ, অকথন, মৌন হওন।
অভিক, (অভি-কন) কামুক, লম্পট, ভোক্তা
অভিখ্যা, নাম; শোভা; উপাধি।
অভিগম, সংসর্গ, সহবাস। [সিকরণ।
অভিগমন, (অভি-গম) নিকট গমন; সহবা-

অভিঘাত, (অভি-হন্) দণ্ডাদি দ্বারা তাড়ন,
আঘাত।
অভিচার, (অভি-চর) হিংসা কর্ম্ম, মারণ
উচ্চাটনাদি [অনিষ্ট কারক।
অভিচারী (অভি-চর) হিংসাজনক কর্ম্মকর্ত্তা
অভিজন, বংশ; গোষ্ঠী; পরিবার।
অভিজাত, (অভি-জন) সদ্বংশজাত, কুলীন
অভিজ্ঞ, (অভি-জ্ঞা) জ্ঞাত; বিজ্ঞ, পণ্ডিত।
অভিজ্ঞতা, (অভিজ্ঞ) বিজ্ঞতা, পাণ্ডিত্য,
নৈপুণ্য। [বিশেষ।
অভিজ্ঞান, (অভি-জ্ঞা) সম্যক্ স্মরণার্থ চিহ্ন
অভিধা, নাম, সংজ্ঞা; শব্দের শক্তিবিশেষ।
অভিধান, (অভিধা) সংজ্ঞা, নাম; শব্দার্থ প্র-
কাশক গ্রন্থবিশেষ, কোষ [বাচ্য, প্রতিপাদ্য
অভিধেয়, (অভিধা) অভিধা শক্তিদ্বারা গম্য
অভিধ্যা (অভি-ধ্যৈ) পরদ্রব্যে স্পৃহা, লোভ
অভিনব, নূতন, নবীন, নব্য।
অভিনয়, (অভি-নী) হস্তাদি সঞ্চালন দ্বারা
হৃদগত ভাবের প্রকাশ; নাট্যক্রিয়া।
অভিনিবিষ্ট, (অভি-নি-বিশ) মনোযোগী,
প্রণিহিত, আবিষ্ট।
অভিনিবেশ, (অভি-নি-বিশ) মনোযোগ,
মনোনিবেশ, প্রণিধান। [মিলিত।
অভিনিষ্পত্তি, (অভি-নির-পত্) ব্যাপ্ত;
অভিনিষ্পত্তি, সমাপ্তি, শেষ।
অভিনেতা, (অভি-নী) অভিনয় কর্ত্তা নাটকা-
দির ক্রিয়াকারক। [গ্য নাট্য।
অভিনেয়, (অভি-নী) অভিনয় করিবার যো-
অভিন্ন, অপৃথক্, সংযুক্ত, মিলিত।
অভিন্নতা, (অভিন্ন) ভেদাভাব, অভেদ, ঐক্য।
অভিপন্ন, (অভি-পদ্) বিপদ্‌গ্রস্ত; সঙ্কটাপ-
ন্ন, দায়গ্রস্ত। [তাৎপর্য্য
অভিপ্রায়, (অভি-প্র-ই) আশয়, মানস,
অভিপ্রেত, (অভি-প্র-ই) অভিপ্রায়ের বি-
ষয়, অভীপ্সিত, বাঞ্ছিত। [ণাম।
অভিবাদ, (অভি-বদ্) পাদস্পর্শ পূর্ব্বক প্র-
অভিবাদক, (অভি-বদ্) পাদস্পর্শ পূর্ব্বক
প্রণাম কর্ত্তা। [প্রণামকরণ।
অভিবাদন, (অভি-বদ) পাদস্পর্শ পূর্ব্বক
অভিবাদনীয়, (অভি-বদ) নমস্য, প্রণামের
। [যোগী
অভিবিনীত, (অভি-বি-নী) পরমহংস,
অভিব্যক্ত, (অভি-বি-অন্জ) প্রকাশিত বিজ্ঞা-
পিত।

অভিব্যক্তি,(অভি-বি-অনঞ্জ) বিজ্ঞাপন. প্রকাশ, ব্যক্ত করণ, ঘোষণা।
অভিব্যাপ্ত. বিস্তৃত, বিস্তার প্রাপ্ত।
অভিভব. (অভি-ভূ) পরাভব. পরাজয় খর্ব্ব করণ। [তত্ত্বাবধারক
অভিভাবক. তত্ত্বাবধারক ; রক্ষক, আশ্রয়
অভিভাবকতা. তত্ত্বাবধারকতা, সহায়তা
অভিভূত. (অভি-ভূ) অজ্ঞান, অচৈতন্য. বিহ্বল. পরাভূত
অভিমত. (অভি-মন্) সম্মত, অনুমত ; মনোনীত। [করণ
অভিমন্ত্রণ. (অভি-মন্ত্র) আহ্বান ; সংস্কার
অভিমন্থ. চক্ষু রোগ বিশেষ।
অভিমন্যু, অর্জ্জুনের পুত্র।
অভিমর্দ্দন. পীড়ন ; দলন, পেষণ।
অভিমর্ষণ, (অভি-মৃষ) মনন ; চিন্তন ; ঠোঁটচাটন। [ক্ষেপ
অভিমান (অভি-মন্) গর্ব্ব, অহঙ্কার ; আ
অভিমানজনক, অহঙ্কার জনক, গর্ব্বযুক্ত।
অভিমানী. (অভি-মন্) অভিমানযুক্ত ; আক্ষেপান্বিত ; অনাদরে খিন্নমনাঃ।
অভিমুখ, সম্মুখ, সমক্ষ।
অভিযুক্ত, (অভি-যুজ্) পর কর্ত্তৃক বিচারার্থ রুদ্ধ, যাহার নামে নালিস হয়. আসামী, প্রতিবাদী। [বাদী, অর্থী, ফরিয়াদী ;
অভিযোক্তা, (অভি-যুজ্) অভিযোগ কর্ত্তা,
অভিযোগ, (অভি-যুজ্) অপরাধাদি যোজন আবেদন. আভাস, নালিস।
অভিরত, (অভি-রম্) আসক্ত, আবিষ্ট।
অভিরাম, (অভি-রম) মনোহর, রম্য,সুন্দর
অভিরুচি. (অভি-রুচ্) স্পৃহা, বাঞ্ছা, মনের অভিলাষ।
অভিরূপ. যোগ্য, উপযুক্ত ; সদৃশ।
অভিলষণীয়. (অভিলষ) বাঞ্ছনীয় ; মনোহর. সুন্দর।
অভিলষিত. (অভি-লষ) ইষ্ট, বাঞ্ছিত।
অভিলাপ. (অভি-লপ্) কথন ; সংকল্প বাক্য
অভিলাষ. (অভি-লষ) স্পৃহা. আকাঙ্ক্ষা, কামনা। [ইচ্ছুক, বাঞ্ছান্বিত।
অভিলাষী. (অভি-লষ) অভিলাষ যুক্ত, সস্পৃহ
অভিলাষুক, (অভি-লষ) ইচ্ছান্বিত. সস্পৃহ।
অভিলিখিত. (অভি-লিখ) পত্রারূঢ় করা,
অভিলেখন. (অভি-লিখ) লিপি করণ।
অভিশংসন, কথন ; অপবাদ দেওন।
অভিশপন. (অভি-শপ্) অভিসম্পাত দেওন, মন্যু করণ। [গ্রস্ত
অভিশপ্ত. (অভি-শপ্) প্রাপ্তাভিশাপ. শাপ
অভিশস্ত. (অভি-শন্স) অপবাদিত ,মিথ্যা দোষীকৃত ; কলঙ্কিত। [দোষারোপ।
অভিশস্তি. (অভি-শন্স) অপবাদ ; মিথ্যা
অভিশাপ, (অভি-শপ্) দূষণবাক্য ; মন্যু ; অনিষ্ট প্রার্থনা। [আক্রোশ।
অভিষঙ্গ, আলিঙ্গন ; সর্ব্ব প্রকারে সঙ্গ ;
অভিষব, (অভি-সু) যজ্ঞের পূর্ব্বের স্নান।
অভিষিক্ত, (অভি-সিচ্) কৃতাভিষেক ;কর্ম্মে নিযুক্ত, পদস্থ [কর্ম্মে নিয়োগ, পদস্থ করণ
অভিষেক. (অভি-সিচ্) মন্ত্র পূর্ব্বক স্নান ;
অভিষেচন, (অভি-সিচ্) মন্ত্রস্নান ; নিয়োগ
অভিষেণন. (অভি-সেনা) শত্রুর প্রতি প্রস্থান. যুদ্ধ যাত্রা. সংগ্রামে গমন।
অভিষ্টুত, (অভি-স্তু) প্রশংসিত. বর্ণিত।
অভিষ্যন্দিরমণ. শাখানগর, উপনগর।
অভিসন্তাপ. মনস্তাপ. দুঃখ।
অভিসন্ধান. বঞ্চনা. প্রতারণা।
অভিসন্ধি. মনস্থ ; উদ্দেশ, তাৎপর্য্য।
অভিসম্পাত, (অভি-সং-পত) অভিশাপ
অভিসর, (অভি-সৃ) অনুচর ; সহায় ; মিত্র
অভিসর্জ্জন, দান, ত্যাগ [সঙ্কেত স্থানে গমন
অভিসার. (অভি-সৃ) নায়ক বা নায়িকার
অভিসারিকা; (অভি-সৃ) নায়িকা বিশেষ, নায়ক সহ বাসার্থ সঙ্কেত স্থানে স্বয়ং গমন কারিণী নায়িকা।
অভিহত, আঘাতিত ; বিনষ্ট।
অভিহার, (অভি-হৃ) সমক্ষে হরণ. লুঠ।
অভিহিত, (অভি-ধা) উক্ত, কথিত ; ব্যক্ত।
অভীক, (অভি-কমু) কামুক, লম্পট, স্ত্রীপর
অভীত, নির্ভয়. সাহসী।
অভীপ্সিত. (অভি-ঈপ্সিত) বাঞ্ছিত,অভীষ্ট
অভীর, আভীর, গোপ, গোয়ালা।
অভীরু, নির্ভয়, সাহসী।
অভীলু, সাহসী ; অভীত, নির্ভয়।
অভীষঙ্গ. আক্রোশ, ক্রোধ. ঈর্ষা।
অভীষিত, অভীষ্ট. বাঞ্ছিত।
অভীষু, কিরণ ; অনুরাগ ; কাম।
অভীষ্ট, (অভি-ইষ্ট)বাঞ্ছিত, মনোভিলষিত
অভীক্ষ্ণ, (অভি-ক্ষ্ণু) বারম্বার ; পুনঃ২।
অভুজ, ভুজহীন ; হস্তরহিত. টুটা।
অভুক্ত. অনাহারী, উপবাসী।

অভূমি, অস্থান ; অনাধার ; অনাশ্রয়।
অভেদ, ভেদ রহিত, অবিশেষ, ঐক্য।
অভেদ্য, অভেদনীয় ; হীরক।
অভোক্তব্য, অভোজ্য, ভোজনের অনুপযুক্ত
অভোজন, ভোজনাভাব, অনাহার, উপবাস, অনশন।
অভ্যগ্র, (অভি-অগ্র) সমীপ, নিকট, সম্মুখ
অভ্যঙ্গ, (অভি-অনজ্) আপাদ মস্তক তৈল লেপন, তৈলমর্দ্দন।
অভ্যঞ্জন, (অভি-অনজ্) তৈল লেপন।
অভ্যধিক, (অভি-অধিক) সমধিক, বিস্তর
অভ্যনুজ্ঞা, অনুমতি, আদেশ।
অভ্যন্তর, (অভি-অন্তর) মধ্য, অন্তরাল, মাঝ। [অন্তরাল।
অভ্যন্তরবর্ত্তী, অভ্যন্তর-বর্ত্তিন, মধ্য, মাঝ,
অভ্যবকর্ষণ, শল্যাদি উৎপাটন।
অভ্যবস্কন্দ, শত্রুর প্রতি প্রহার ; শত্রুর সম্মুখে গমন।
অভ্যবহরণ, (অভি-অব-হৃ) ভোজন, ভক্ষণ আহার। [আহার
অভ্যবহার, (অভি-অবহৃ) ভোজন, ভক্ষণ,
অভ্যবহারী, ভোক্তা, ভক্ষক।
অভ্যবহৃত, ভুক্ত, ভক্ষিত।
অভ্যামত, রোগী, পীড়িত, আতুর।
অভ্যমিত্র, স্বীয় সামর্থ্য দ্বারা শত্রুর সম্মুখে গমন কর্ত্তা।
অভ্যর্ণ, (অভি-অর্দ্দ) নিকট, সমীপ, কাছে
অভ্যর্থনা, (অভি-অর্থনা) প্রার্থনা ; সমাদর সম্ভাষা। [পুনঃ২ করণ।
অভ্যসন, (অভি-অস্) অভ্যাস ; চিন্তন,
অভ্যসূয়া, (অভি-অসূয়া) অসূয়া ; নিন্দা, গুণে দোষারোপ। [কণ্ঠস্থ।
অভ্যস্ত, (অভি-অস্) শিক্ষিত, আবৃত্তীকৃত
অভ্যাকাঙ্ক্ষিত, মিথ্যা প্রার্থিত।
অভ্যাখ্যান, মিথ্যানুযোগ, মিথ্যাবিবাদ।
অভ্যাগত, (অভি-আগত) জ্ঞাতপূর্ব্ব গৃহাগত ; অতিথি ; অনিমন্ত্রিত।
অভ্যাগমন, নিকটে গমন।
অভ্যাগারিক, পরিজন ব্যাপৃত।
অভ্যাদান, আরম্ভ, প্রথমানুষ্ঠান।
অভ্যাপাত, (অভি-আ-পৎ) আপদ বিপদ।
অভ্যামর্দ্দ, সংগ্রাম, যুদ্ধ।
অভ্যাস, (অভিঅস্) শিক্ষা ; আবৃত্তিজন্য সংস্কার।
অভ্যাসাদন, শত্রু সম্মুখে গমন।
অভ্যাহার, (অভি-আহার) আহার ; হরণ।
অভ্যুত্থান, (অভি-উত্থান) প্রত্যুত্থান, সম্বর্দ্ধনা ; সম্ভ্রম ; বৃদ্ধি ; আরোহণ, উঠা।
অভ্যুদয়, (অভি-উদয়) কল্যাণ, কুশল, মঙ্গল ; বৃদ্ধি।
অভ্যুদাহরণ, (অভি-উদাহরণ) প্রত্যুদাহরণ, উল্টা দৃষ্টান্ত। [শিত।
অভ্যুদিত, (অভি-উদিত) উদিত, প্রকা-
অভ্যুপগত, (অভি-উপ-গম) স্বীকৃত, অঙ্গীকৃত। [স্বীকার, অঙ্গীকার।
অভ্যুপগম, (অভি-উপ-গম্) নিকটাগমন,
অভ্যুপায়, (অভি-উপায়) শ্রেষ্ঠোপায়।
অভ্যুপায়ন, (অভি-উপায়ন) উপঢৌকন
অভ্যুপেত, (অভি-উপেত) স্বীকৃত, অঙ্গীকৃত
অভ্র, (অ-ভৃ) আকাশ ; মেঘ ; অভ্রকধাতু।
অভ্রংলিহ, বায়ু, অনিল, বাতাস।
অভ্রক, স্বনামখ্যাত ধাতু ; মেঘ ; আকাশ।
অভ্রঙ্কষ, বায়ু, অনিল।
অভ্রপুষ্প, জল ; বেতসলতা।
অভ্রম, অসম্ভ্রম ; অভ্রান্ত।
অভ্রমাতঙ্গ, ঐরাবত হস্তী।
অভ্রমালা, মেঘশ্রেণী।
অভ্রমু, (অভ্র-মা) ঐরাবত হস্তির স্ত্রী।
অভ্ররোহ, বৈদূর্য্যমণি।
অভ্রাতৃক, (অভ্রাতৃ) ভ্রাতৃহীন, সহোদর হীন
অভ্রান্ত, ভ্রান্তি শূন্য।
অভ্রি, (অভ্র) কাষ্ঠকুদ্দাল, কেটো।
অভ্রেষ, উচিত, ন্যায্য, যথার্থ।
অভ্রোখ, বজ্র, অশনি।
অমঙ্গল, অকল্যাণ, দুর্লক্ষণ।
অমঙ্গলজনক, অশুভজনক ; দুর্লক্ষণযুক্ত।
অমঙ্গল্য, অশুভজনক, অনিষ্ট সূচক।
অমত, অসম্মত, অনভিপ্রেত।
অমতি, কুমতি, দুষ্ট বুদ্ধি।
অমৎসর, দ্বেষাভাব, মাৎসর্য্য রহিত।
অমনি, (অদস্) ঐ প্রকার ; বিনা মূল্য।
অমনুষ্যত্ব, (অমনুষ্য) অলোকতা, লোক ব্যবহারানভিজ্ঞতা।
অমনোজ্ঞ, অসুন্দর, মন্দ, বিশ্রী।
অমনোযোগ, অনাবেশ, মনোযোগ না করা
অমন্, (অদস্) ঐ প্রকার।
অমন্তব্য, অচিন্তনীয় ; অবিবেচিতব্য।
অমন্দ, মন্দভিন্ন ; ভাল।

অমম, মমতা, শূন্য, নির্ম্মায়।
অমর, (অ-ম) দেবতা; মৃত্যুহীন, চিরস্থায়ী
অমরজ, দেবজাত, দেবতা হইতে উৎপন্ন, দেবপ্রভব। [মুক্তা।
অমরত্ব, (অমর) দেবভাব, দেবত্ব, দেবসা-
অমরদারু, বৃক্ষ বিশেষ, দেবদারু।
অমরদ্বিজ, দেবলব্রাহ্মণ, পূজারী বিপ্র।
অমরা, (অমর) তৃণ বিশেষ, শতপর্ব্বা, দুর্ব্বা
অমরাদ্রি, সুমেরু পর্ব্বত। [গরী।
অমরাবতী, (অমর) ইন্দ্রপুরী, ইন্দ্রের ন-
অমরুত, সুস্থির, শান্ত, অচঞ্চল; নির্বাত।
অমর্ত্য, মনুষ্য লোক ভিন্ন; দেবতা।
অমর্য্যাদা, অসম্মান, মান হানি।
অমর্ষ, ক্রোধ, কোপ, অক্ষমা।
অমর্ষণ, ক্রোধী, রাগী, কোপান্বিত।
অমল, পরিষ্কার, নির্ম্মল, বিমল।
অমা, অমাবস্যা, চন্দ্রের কলাবিশেষ।
অমাংস, দুর্ব্বল; অল্পমাংসযুক্ত।
অমাতৃক, (অ-মাতৃ) মাতৃহীন, মাতাহীন।
অমাত্য, (অমা) রাজমন্ত্রী; সহচর; বন্ধু।
অমানন, অনাদর; উপেক্ষা।
অমানৎ, (যাং) জমা, গচ্ছিত, নিক্ষিপ্ত।
অমানুষ, দুভাঙ্কুন্ধ, মুখচোরা; ইতর;
অমান্য, অনাদর; অস্বীকার। [থি।
অমাবস্যা, (অমা-বস্) কৃষ্ণপক্ষের শেষ তি-
অমামসী, (অমা-মস্) দর্শ, অমাবস্যা।
অমামাসী, (অমা-মস্) অমাবস্যা।
অমায়, (অ-মায়া) বাস্তব, যথার্থ, অকপট।
অমায়িক, মায়ারহিত, নির্ম্মায়, কপটতা বিহীন; সরলান্তঃকরণ।
অমিত্র শক্র, বৈরী, অরি।
অমিয়া, (অমৃত) অমৃত, সুধা।
অমী, (অম্) রোগী, রোগার্ত্ত, পীড়িতা।
অমুক, (অদস্) বুদ্ধিস্থ ব্যক্তি; সম্মুখাগত।
অমুক্ত, অপ্রাপ্তমুক্তি; অত্যাক্ত, হাতছুড়ি।
অমুত্র, (অদস্) পরকালে, পরলোকে।
অমুনি, (অদস্) তৎক্ষণাৎ, তখনই।
অমুষ্যপুত্র, প্রখ্যাতবংশোদ্ভব, মহাকুলীন।
অমূদৃশ, এই প্রকার, এবম্প্রকার।
অমূর্ত্ত, নিরাকার, মূর্ত্তিহীন।
অমূর্ত্তি, আকৃতি হীন, নিরাকার।
অমূলক, (অ-মূল) মূলরহিত, নির্মূল অপ্রামাণিক, অলীক।
অমূল্য, মূল্যহীন, বেদামি।
অমৃণাল বেণার মূল; মৃণাল রহিত।
অমৃত, সমুদ্রোদ্ভব দ্রব্যবিশেষ, পীযূষ, সুধা, জল; ঘৃত; মুক্তি; বিষ; দেবতা; সুস্বাদ।
অমৃতকুণ্ড, অমৃতের পাত্র, সুধার আধার।
অমৃততরঙ্গিণী, জ্যোৎস্না, চন্দ্রিকা।
অমৃতদীধিতি, চন্দ্র, শশাঙ্ক, শশধর।
অমৃতফল, পটোল।
অমৃতফলা, দ্রাক্ষা, আঙ্গুর।
অমৃতবল্লী, গুড়ুচী লতা।
অমৃতসারজ, গুড়, খাঁড়।
অমৃতসূ, চন্দ্র, সুধাকর। [মৃত তুল্য।
অমৃতসোদর, ঘোটক, অশ্ব; সুধাসদৃশ, অ-
অমৃতা, (অমৃত) দুর্ব্বা; তুলসী।
অমৃতান্ধস, দেবতা, অমর।
অমৃতাশন, (অমৃত-অশন) দেবতা, সুর।
অমৃতাহার (অমৃত-আহার) অমৃত ভোজন।
অমৃত্তি, (অমৃত) জলপাত্র বিশেষ।
অমেধা, মুর্খ, মূঢ়, অবোধ।
অমেধ্য, অপবিত্র, অশুদ্ধ, দুষ্ট। [না।
অমেলক, যে কাহারো সহিত মিলিত হয়
অমোঘ, অব্যর্থ; সফল। [ব্যর্থ প্রতাপ।
অমোঘবীর্য্য, অব্যর্থবীর্য্য, অখণ্ডতেজঃ, অ-
অম্বক, (অব্) চক্ষু, নয়ন, নেত্র।
অম্বর, (অব) আকাশ; বস্ত্র; মেঘ।
অম্বরিষ, ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা।
অম্বরীষ, রাজাবিশেষ; বিষ্ণুর নাম। [মাক।
অম্বরীতমাক, (যাং) মসলাযুক্ত উৎকৃষ্ট ত-
অম্বল, (অম্ল) অম্ল, টক, খাটা।
অম্বষ্ঠ, (অম্বা-স্থা) বৈদ্যজাতি; মুনিবিশেষ।
অম্বা, (অব্) মা, মাতা, জননী।
অম্বালিকা, (অব্) মা, মাতা, জননী।
অম্বিকা, (অব) দুর্গা, ভগবতী; মাতা; ধৃতরাষ্ট্রজননী; জৈনদেব, দেবীবিশেষ।
অম্বিকেয়, (অম্বিকা) অম্বিকাপুত্র, গণেশ; কার্ত্তিকেয়; ধৃতরাষ্ট্র। [জানন।
অম্বিকেয়ক, (অম্বিকা) গণেশ, লম্বোদর, গ-
অম্বু, (অব) জল, সলিল, পানীয়;
অম্বুকণ্টক, কুম্ভীর, নক্র, জলস্থ হিংস্রজন্তু, হাঙ্গর কুমীরাদি।
অম্বুকিরাত, নক্র, কুম্ভীর।
অম্বুকীশ, শিশুমার জন্তু, শুশুক।
অম্বুকূর্ম্ম, শিশুমার, শুশুক।
অম্বুচামর, শৈবাল, শেওলা। [লবৃক্ষ।
অম্বুজ, (অম্বু-জন) পদ্ম; চন্দ্র; বজ্র; হিজ্জ-

অম্বুজন্ম, পদ্ম, কমল, পঙ্কজ।
অম্বুজাল, শৈবাল, শেওলা।
অম্বুদ, (অম্বু-দা) মেঘ, বারিদ ; মুস্থা।
অম্বুধর, মেঘ, জলদ, বারিধর।
অম্বুধি, (অম্বু-ধা) জলধি, সমুদ্র, সাগর।
অম্বুনিধি, সমুদ্র, সাগর, জলধি।
অম্বুপ্রসাদ, কতক বৃক্ষ, নির্ম্মলী।
অম্বুবাহ, (অম্বু-বহ) মেঘ, বারিদ ; মুথা।
অম্বুবাহিনী, জলসেচনী, সিউনী।
অম্বুবিম্ব, জলবিম্ব, জলবুদ্বুদ।
অম্বুবেতস, জলবেতস, বৃক্ষ বিশেষ।
অম্বুভৃৎ, (অম্বু-ভৃ) মেঘ অভ্র ; মুথা ; সমুদ্র
অম্বুমাত্রজ, শম্বুক, শামুক।
অম্বুর, (অম্বু-রা) গোবরাট, বহিঃদ্বার।
অম্বুরুহ, পদ্ম, কমল, অব্জ।
অম্বুসর্পিণী, জলৌকা, জোঁক।
অম্বুসিক্ত, জলসিক্ত, আর্দ্রীকৃত।
অম্বুসেচনী, জলসেচন পাত্র, সিউনী।
কারণোত্তর, (কারণ-উত্তর) বিচারালয়ের একপ্রকার উত্তর অর্থাৎ কেহ অভিযোগ করিলে কারণ দর্শাইয়া তাহা অস্বীকার করণ। [হাঁস।
কারণ্ডব, (কারণ্ড-বৈ) হংস বিশেষ, খড়ি-
কারন্ধমী, কাংস্যকার, কাঁসারি।
কারব, কাক, বায়স।
কারবল্লী, তিক্ত ফল বিশেষ, করলাউচ্ছে।
কারবার, (যাং) কর্ম্ম, কার্য্য, ব্যবসায়।
কারবী, মধুরা, মৌরী ; ময়ুর শিখা ; কৃষ্ণজীরক, কেলেজীরা ; হিঙ্গুপত্রী, হিঙ্গের পাতা।
কারবেল্ল, লতা বিশেষ, করলা গাছ।
কারমিহিকা, কর্পূর, সুগন্ধি দ্রব্যবিশেষ।
কারস্করাটিকা, কর্ণজলৌকা, কাণকোটারি পোকা ; কেন্নুই বিশেষ।
কারা, (ক্ল) বন্ধনস্থান ; কারাগার, বন্ধনালয় ; দূতী, পীড়া।
কারাগার, (কারা-আগার) বন্ধনগৃহ, অবরোধন স্থান, জেলখানা।
কারাগারস্থ, (কারাগার-স্থা) অবরুদ্ধ, কএদী।
কারাগুপ্ত, কারাগারস্থ, কএদী।
কারাগৃহ, বন্ধন গৃহ, কারালয়।
কারাবেশ্ম, কারাগার, বন্ধনগৃহ।
কারায়িকা, বলাকা, বকশ্রেণী।
কারি, (ক্ল) ক্রিয়া, কর্ম্ম ; শিল্পী, শিল্পকারী।
কারিকর, (কারি-কৃ) শিল্পকর, শিল্পী, শিল্পনিপুণ।
কারিকা, (ক্ল) বিবরণ শ্লোক ; কৃতি ; নট ; কর্ত্রী ; শিল্প ; যাতনা ; বৃদ্ধি সুদ।
কারিগর, (যাং) শিল্পকর, কারিকর।
কারিত, কর্ম্মে প্রেরিত ; কর্ম্মকরাণ।
কারিতা, (কারিন) অধমর্ণ কর্ত্তৃক অঙ্গীকৃত, অধিক বৃদ্ধি, অধিক সুদ।
কারী, (কারিন) বৃক্ষবিশেষ, কণ্টকারী গাছ ; কারক ; উৎপাদক।
কারীষ, করীষ সমূহ, ঘুঁটের রাশি
কারু, (ক্ল) বিশ্বকর্ম্মা ; শিল্পী ; রজকাদি শিল্পকার ; রন্ধনকারক।
কারুক, শিল্পী, সূদ, পাচক, রন্ধনকারী।
কারুজ, কলভ, করিশাবক ; ফেণ, বল্মীক, উই ; নাগকেশর ; গৈরিক, গেরিমাটী ; শিল্পকর ; চিত্রকর ; যন্ত্র, কল। [পাবান।
কারুণিক, (করুণা) দয়ালু, করুণা বিশিষ্ট, কৃ-
কারুণ্ডী, জলৌকা, জোঁক।
কারুণ্য, (করুণা) করুণা, দয়া, কৃপা।
কারুন্দিয়া, (কারু-দা) পটু, নিপুণ ; কর্ম্মণ্য।
কারুষ, করুষ দেশবাসী লোক।
কারোত্তর, সুরাগ্রভাগ, মদ্যের অগ্রভাগ, মদের গোড়া ; কূপ, কূয়া।
কার্কশ্য, (কর্কশ) কঠিনতা, কর্কশতা ; পরুষতা, পারুষ্য, নীরসতা ; ক্রূরতা।
কার্ত্তবীর্য্য, চন্দ্রবংশীয় কৃতবীর্য্য রাজপুত্র।
কার্ত্তস্বর, স্বর্ণ সুবর্ণ, হেম ; পুষ্পবিশেষ।
কার্ত্তান্তিক, জ্যোতির্ব্বেত্তা, জ্যোতিঃশাস্ত্রজ্ঞ, দৈবজ্ঞ। [মাস, উর্জ্জ, কার্ত্তিকিক।
কার্ত্তিক, (কৃত্তিকা) শিশির ঋতুর দ্বিতীয়
কার্ত্তিকিক, (কার্ত্তিক) কার্ত্তিক মাস, শিশির ঋতুর দ্বিতীয় মাস। [নন।
কার্ত্তিকেয় (কর্ত্তিক) শিবপুত্র, কুমার, ষড়া-
কার্ত্তিকেয়প্রসূ, দুর্গা, ভগবতী।
কার্ত্তিকোৎসব, কার্ত্তিকী পূর্ণিমা।
কার্পট, জতু, জৌ, কার্য্যার্থী ; দরবারী ; উমেদওয়ার।
কার্পটিক মর্ম্মবেত্তা, মর্ম্মজ্ঞ ; তীর্থসেবী।
কার্পণ্য, (কৃপণ) কৃপণতা, ব্যয়কুণ্ঠতা ; দৈন্য
কার্পাস, (ক্ল) তুলা, কাপাস, কার্পাসনির্ম্মিত বস্ত্র। [যন্ত্রের একদেশ।
কার্পাসনালিকা, তকূ, টেকো, সূত্রকর্ত্তন
কার্পাসী, কার্পাসবৃক্ষ, কাপাস গাছ।

কার্ম্ম, (কর্ম্মণ) কর্ম্মশীল, কর্ম্মবিশিষ্ট।
কার্ম্মণ, (কর্ম্মণ) কর্ম্মদক্ষ, কর্ম্মঠ; অভিচারার্থ মন্ত্রতন্ত্রাদি যোজন; মায়া, কুহক।
কার্ম্মিক, বিচিত্র বস্ত্রাদি।
কার্ম্মুক, (কর্ম্মণ) ধনুক; বংশ, বাঁশ. কর্ম্মক্ষম, শ্বেত খদির; মহানিম্ব।
কার্য্য (কৃ) কর্ম্ম, কায; হেতু, প্রয়োজন; কর্ত্তব্য। [ফলদায়ক
কার্য্যকার, (কার্য্য-কৃ) কর্ম্মচারী; উপকারক,
কার্য্যকারী. (কার্য্যকারিন) কর্ম্মকর্ত্তা, কর্ম্মচারী। [কর্ম্মশীল।
কার্য্যকুশল, কর্ম্মঠ, কর্ম্মদক্ষ, কর্ম্মযোগ্য,
কার্য্যজ্ঞ, কর্ম্মজ্ঞাতা, ক্রিয়াকুশল।
কার্য্যদক্ষ, কর্ম্ম নিপুণ, কর্ম্মঠ।
কার্য্যপটু, কর্ম্মদক্ষ, কর্ম্মঠ।
কার্য্যপুট, উন্মত্ত, ক্ষিপ্ত; অনর্থকর।
কার্য্যপ্রদ্বেষ, আলস্য, অলসতা।
কার্য্যসম্পাদক, কর্ম্মনিষ্পাদক, কার্য্যকর্ত্তা।
কার্য্যক্ষম, কর্ম্মে পারগ, সক্ষম।
কার্য্যার্থী, কর্ম্মাকাঙ্ক্ষী, কর্ম্মপ্রাপ্তেচ্ছু।
কার্য্যী, কর্ম্মার্থী, কর্ম্মপ্রার্থী, কর্ম্মাভিলাষী, বিচারার্থী।
কাশ্মারী, গাম্ভারী বৃক্ষ, গামারগাছ।
কার্শ্য, কৃশতা, ক্ষীণতা, শালবৃক্ষ।
কার্ষক, কর্ষণকারী, কৃষক।
কার্ষাপণ, (কর্ষ-আপণ) ষোড়শপণ, কাহন।
কার্ষিক, ষোড়শপণ, কাহন; কৃষক।
কার্ষ্ণি, কামদেব, মদন, কন্দর্প।
কার্ষ্ণী, শতাবরী লতা, শতমূলী লতা।
কার্ষ্য, শালবৃক্ষ, শালগাছ।
কাল, সময়, ক্ষণ দণ্ড মুহূর্ত্তাদি, অবসর, বেলা; যম, মৃত্যু; কৃষ্ণবর্ণ; শনি; কাশমর্দ্দ বৃক্ষ, কাশন্দাগাছ, রক্তচিত্রক, রাংচিতা
কালক, (কাল) কাল শাক, কাল কাশন্দার শাক; যকৃৎ রোগ; সর্প; সর্প বিশেষ।
কালকটঙ্কট, শিব, মহাদেব।
কালকণ্ঠ, শিব, মহাদেব; ময়ুর; খঞ্জন; চাড়াই; দাত্যুহপক্ষী।
কালকন্দক, জলসর্প; জলব্যাল। [দেবী।
কালকর্ণিকা. অলক্ষ্মী, লক্ষ্মীর বিরোধিনী
কালকর্ণী, অলক্ষ্মী, লক্ষ্মীর বিরোধিনী দেবী।
কালকাসুন্দা, (কাল-কাস-দা) বৃক্ষবিশেষ।
কালকিট্ট (কাল-কিট্ট) অতিশয় মলিন, কুৎসিত কৃষ্ণবর্ণ।

কালকীল, কোলাহল, গোল
কালকূট, যম, ধর্ম্মরাজ, অ
কালকুষ্ঠ, পর্ব্বতীয় মৃত্তিকা বিশেষ, গৈরিক মৃত্তিকা, গেরিমাটী। [হলাহল।
কালকূট, গরল, বিষ, স্থাবর বিষ বিশেষ,
কালকৃত, সূর্য্য, কালে জাত।
কালকৃৎ, দিনকর, সূর্য্য।
কালখঞ্জন, যকৃৎ রোগ, দক্ষিণ কুক্ষিস্থ মাংস খণ্ড, কৃষ্ণবর্ণ খঞ্জন পক্ষী।
কালখণ্ড, যকৃৎ, রোগবিশেষ।
কালগ্রন্থি, বৎসর, বর্ষ।
কালঙ্কত, কালশাক, কালকাশন্দা।
কালচক্র, কালরূপ চক্র, সময় চক্র।
কালচুড়ি, (কাল-চঞ্চু) পক্ষিবিশেষ।
কালজ, সময়োৎপন্ন কালে জাত।
কালজ্ঞ, কুক্কুট; সময়জ্ঞ; দৈবজ্ঞ।
কালঞ্জর, যোগী; চক্রমেলক; ভৈরব; পর্ব্বত বিশেষ; দেশ বিশেষ।
কালঞ্জরী, চণ্ডী, ভগবতীর শক্তি বিশেষ।
কালতাল, বৃক্ষ বিশেষ, তালবৃক্ষ।
কালধর্ম্ম, মৃত্যু; সময়ের স্বভাব।
কালনির্যাস, সুগন্ধি দ্রব্য বিশেষ, গুগ্‌গুলু।
কালনেমি, দৈত্যবিশেষ হিরণ্যকশিপুর পুত্র।
কালনেমিহা, বিষ্ণু, নারায়ণ।
কালপর্ণ, তগর পুষ্পবৃক্ষ; তগরফুল।
কালপালক, মৃত্তিকা বিশেষ; সময়াপেক্ষী
কালপুরুষ, যম সহায়, জ্যোতিঃশাস্ত্র; শুভাশুভজ্ঞানার্থ জন্মলগ্নাদি দ্বাদশ রাশি কল্পিত পুরুষাকৃতি।
কালপৃষ্ঠ, ধনু, ধনুক; কর্ণধনু; কঙ্কপক্ষী।
কালপেষী, শ্যামালতা; লতাবিশেষ।
কালপ্রভাত, শরদৃতু, শরৎকাল।
কালবলন, বর্ম্ম, কবচ, সাজোয়া।
কালবৃন্ত, কুলত্থবৃক্ষ, কুলেখাড়াগাছ।
কালবেলা, অশুভকাল, ক্রিয়ার অযোগ্য সময় বিশেষ।
কালভাণ্ডিকা, লতা বিশেষ, মঞ্জিষ্ঠালতা।
কালমান, কৃষ্ণতুলসী, কাল তুলসী।
কালমূল, রক্তচিত্রক বৃক্ষ, রাংচিতা।
কালযাপন, সময়াতিবাহন, সময় যাপন।
কালরাত্রি, সংহারোপলক্ষিত রজনী; রাত্রিবিশেষ; ভগবতীর শক্তিবিশেষ।
কাললবণ, বিটলবণ, লবণ বিশেষ। [স্পাত
কাললোহ, কালায়স, তীক্ষ্ণলৌহ, তিখা, ই-

কালশাক, কাশমর্দ্দ বৃক্ষ, কাল কাশন্দা।
কালশালি, কৃষ্ণশালি, কাল ধান।
কালশিরা, ক্ষত চিহ্ন, মার দাগ, আঘাতের কৃষ্ণ বর্ণ চিহ্ন, কশা।
কালশেয়, ঘোল, তক্র। [কাল রাখন।
কালসংরোধ, চিরকালাবস্থান, অনেক
কালসম, মৃত্যুতুল্য, ধ্বংশক, নাশক।
কালসর্প, কৃষ্ণসর্প, কালসাপ, মহাবিষধর, পীত বর্ণ চন্দন বিশেষ।
কালসূত্র, নরক বিশেষ।
কালসেয়, তক্র, ঘোল।
কালস্কন্ধ, তমালবৃক্ষ; তিন্দুক বৃক্ষ; উড়ুম্বরগাছ, ডুম্বুর গাছ।
কালা, (কল্ল) বধির, শ্রবণেন্দ্রিয়হীন; কৃষ্ণজীরক, মঞ্জিষ্ঠা; শীতল, কৃষ্ণবর্ণ।
কালাগ্নি, (কাল-অগ্নি) প্রলয়কালের অগ্নি, কালানল, সৃষ্টিসংহারক অনল; [পক্ষী।
কালানুনাদী, ভ্রমর; চটক পক্ষী; চাতক
কালানুশারিব, তগর গাছের মুল; শীতলীজটা; শীউলীর ঝোপ।
কালানুসারক, তগরপুষ্প; পীতচন্দন।
কালানুসারি, শৈলেয়, শৈলজ, পর্ব্বতীয় গন্ধ দ্রব্য বিশেষ।
কালানুসারী, সময়ানুগামী, কালানুক্রমী।
কালানুসার্য্য, শৈলেয়, শৈলজ; শিংশপাবৃক্ষ, শিশুগাছ, তগর পুষ্প।
কালান্তক, (কাল-অন্তক) যম, ধর্ম্মরাজ।
কালান্তর, (কাল-অন্তর) সময়ান্তর, অন্য সময়।
কালান্তরবিষ, মূষিকাদি, ইন্দুরাদি
কালাপ, সর্পফণা, সাপের ফণা, রাক্ষস; কলাপ ব্যাকরণ বেত্তা।
কালামুখ, (কাল-মুখ) ধিক্কার; নির্লজ্জ।
কালায়স (কাল-অয়স) লৌহবিশেষ, তিখা, ইস্পাত। [শুদ্ধকাল।
কালাশুদ্ধি, (কাল-অশুদ্ধি) সময়াশুদ্ধি অ-
কালি, (কল-) মসী; একত্র সংকলন।
কালিক,(কাল) সাময়িক; কৃষ্ণচন্দন; বক-
কালিকা, (কাল) চণ্ডিকা; কালী; ক্রমদেয়-স্থদ, বৃদ্ধি বিশেষ; নবমেঘ; কাকী; মেঘশ্রেণী; মসী; শ্যামাপক্ষী; সুরা; কুজ্ঝটিকা
কালিঙ্গ, ফল বিশেষ, তরমুজ; হস্তী, সর্প; লৌহবিশেষ।
কালিচা, (কাল) কালিমা, কৃষ্ণবর্ণ ক্ষত চিহ্ন
কালিঞ্চ', (কাল-চি) জীর্ণ তণ্ডুল, কীট ভক্ষিত চাউল।
কালিদাস, স্বনাম খ্যাত মহাকবি, বিক্রমাদিত্য রাজার সভাস্থ নবরত্ন পণ্ডিতের মধ্যে সপ্তম রত্ন।
কালিনী, (কাল) মৃত্যুকর, বিনাশক।
কালিন্দী, (কলিন্দ) যমুনা নদী।
কালিন্দীকর্ষণ, বলদেব, বলরাম।
কালিন্দীভেদন, বলদেব, বলরাম।
কালিন্দীসু, সূর্য্যপত্নী, যমমাতা।
কালিন্দীসোদর, যমুনার ভ্রাতা, যম।
কালিমা, (কাল) কৃষ্ণতামলিনতা।
কালিষ্ঠ, (কাল) অত্যন্ত মলিন, অতিশয় কৃষ্ণবর্ণ; কাল রং।
কালী, (কাল) কালিকা দেবী; মাতৃকা বিশেষ; মসী; নবমেঘ সমূহ; কৃষ্ণবর্ণ।
কলীক, পক্ষিবিশেষ, ক্রৌঞ্চ, বক।
কালীচা, (কাল-চিহ্ন) কালচিহ্ন, কালদাগ।
কালীচী, (কাল) যমের বিচার ভূমি।
কালীতনয়, মহিষ।
কালীন, (কাল) সাময়িক; সময় গত, সময়
কালীয়, (কাল) সময়গত, সাময়িক, কৃষ্ণচন্দন; সর্পবিশেষ। [রুহরিদ্রা।
কালীয়ক, শৈলজ, শৈলেয়; কৃষ্ণচন্দন; দা-
কালীয়াকড়া, (কন্টাকুলিকা) বৃক্ষ বিশেষ।
কালেয়, (কালি) কালিয়া নামে পীতবর্ণ সুগন্ধি কাষ্ঠ; যকৃৎ রোগ; দৈত্যবিশেষ।
কালেয়ক (কাল) কালিয়া নামে সুগন্ধিকাষ্ঠ, দারুহরিদ্রা
কাল্ল, হরিদ্রাবিশেষ, কাঁচা হলুদ।
কাল্লক, কাঁচা হলুদ।
কাল্পনিক, (কৢপ) কল্পিত, মিথ্যা, আরোপিত
কাল্পনিকতা, (কাল্পনিক) কৃত্রিমতা, কল্পিতত্ব
কাল্য, প্রত্যুষ, উষাকাল, রাত্রিশেষ।
কাল্যক, কাঁচা হলুদ।
কাল্যা, (কাল) গর্ভগ্রহণ, প্রাপ্তকালে ঋতুমতী গো; মঙ্গল বার্ত্তা; মেটে রং, মলিন বর্ণ; কৃষ্ণবর্ণ। [বিশেষ, কাশরোগ; ক্ষুত।
কাশ, তৃণ বিশেষ, কেশে; কণ্ঠকণ্ডুয়ন রোগ
কাশক, (কাশ) কাশতৃণ, কেশে, কুশা।
কাশন্দি, (কাশ-দো) আম্রের আচার।
কাশা, (কাশ) কাশতৃণ, কেশে।
কাশি, (কাশ) বারাণসী, সূর্য্য; কাশরোগ।
কাশিকা (কাশ) বারাণসীক্ষেত্র, কাশীধাম।

কাশিরাজ, বারাণসীর রাজা ; রাজা বিশেষ
কাশী, (কাশ) শিবপুরী, বারাণসী ; কাশ-
রোগ, কাশরোগী।
কাশীনাথ, শিব ; বিশ্বেশ্বর।
কাশীশ, (কাশী-ঈশ) উপধাতু বিশেষ,
হীরাকস ; শিব।
কাশ্মরী, (কাশ্মীর) গাম্ভারীবৃক্ষ, গামারগাছ
কাশ্মীর, পুষ্করমূল, পদ্মের গোড়া ; কুঙ্কুম ;
দেশ বিশেষ।
কাশ্মীরজ, কুড় ; কুঙ্কুম ; পুষ্করমূল।
কাশ্মীরজন্ম, কুঙ্কুম।
কাশ্মীরী (কাশ্মীর) গাম্ভারীবৃক্ষ, গামারগাছ
কাশ্য, মদ্য, মদিরা, সুরা।
কাশ্যপ, (কশ্যপ) কণাদমুনি ; মৃগ বিশেষ
গোত্রবিশেষ, কশ্যপমুনির বংশ। [গরুড়।
কাশ্যপি, (কশ্যপ) সূর্য্যসারথি, অরুণ ;
কাশ্যপী, পৃথিবী, পৃথ্বী, ধরিত্রী
কাশ্যপেয়, (কশ্যপ) সূর্য্য, রবি, ভানু।
কাষ্ঠ, (কাশ) ইন্ধন, দারু, কাঠ।
কাষ্ঠক, (কাশ) অগুরু, সুগন্ধিচন্দনবিশেষ
কাষ্ঠকদলী, কদলীবিশেষ, বনকদলী।
কাষ্ঠকীট, ঘুণ, কাষ্ঠকৃমি।
কাষ্ঠকুট্ট, পক্ষিবিশেষ, কাঠঠোকরা।
কাষ্ঠকুদ্দাল, নৌকা সেচন নিমিত্ত কাষ্ঠ নি-
র্ম্মিত জলপাত্র, কেঠো।
কাষ্ঠতন্তু, কাষ্ঠকৃমি, কোষকার, ঘুণ।
কাষ্ঠতক্ষ, বর্ণসঙ্করজাতিবিশেষ, সূত্রধার।
কাষ্ঠতক্ষক, সূত্রধার, ছুতার।
কাষ্ঠদারু, দেবদারুকাষ্ঠ, দেবদারু।
কাষ্ঠদ্রু, পলাশবৃক্ষ ; কিংশুক তরু।
কাষ্ঠধাত্রীফল, আমলক, আমলকী।
কাষ্ঠপাদুকা, খড়ম, কাষ্ঠের বিনামা।
কাষ্ঠমঠী, চিতা, শবদাহস্থান, শ্মশান।
কাষ্ঠমল্ল, শবযান, মড়াফেলা খাট।
কাষ্ঠলেখক, কাষ্ঠকীট ; ঘুণ। [মুগুর।
কাষ্ঠলোহি, লোহযুক্ত মুদ্গর, লোহালাগান
কাষ্ঠশারিবা, অনন্তমূল, শতমূলী।
কাষ্ঠা, (কাশ) দিক্ ; স্থিতি ; সীমা ; উৎক-
র্ষ ; অষ্টাদশ নিমেষাত্মক কাল ; দারুহরিদ্রা
কাষ্ঠাম্বুবাহিনী, নৌকার জল সেচনী, দ্রোণী,
কেঠো, সেঁওৎ। [প্রভৃতি।
কাষ্ঠাসন, (কাষ্ঠআসন) পিঠ, চৌকী, টুল
কাষ্টিক, (যাং) আলাকর প্রলেপ।
কাষ্ঠীলা, কদলীবৃক্ষ, রম্ভাগাছ, কলাগাছ।

কাস, রোগবিশেষ, ক্ষবথু, কাশী।
কাসঘ্নী, কণ্টকারীবৃক্ষ।
কাসন, (কাস) গলকণ্ডুয়ন, খয়ণ, খুকান।
কাসন্দী (কাস-দো) সর্ষপচূর্ণ মিশ্রিত আম্র-
খণ্ড বিশেষ, আঁবের আচার।
কাসন্ধী, বটিকা, বেশবার বিশেষ, গোটা-
কাসুন্দী। [কালকাসুন্দে গাছ।
কাসমর্দ্দ, বেশবার, কাসুন্দী ; লতাবিশেষ,
কাসমর্দ্দন, পটোল। [বড় দীঘী।
কাসার, সরোবর, পুষ্করিণী ; মহাজলাশয়,
কাসারি, কালশাক, কালকাসুন্দে।
কাসালু, আলুবিশেষ, চপড়ী আলু।
কাসী, (কাস) কাস ; রোগবিশেষ।
কাসীস, (কস) উপধাতু বিশেষ, হীরাকস।
কাস্যা, (কাস) কাসরোগী, কেসোরোগা
কাস্থ, বিকল বাক্য ; দীপ্তি ; রোগ ; বুদ্ধ।
কাস্তিরা, (কস) শস্যকর্ত্তনী, কর্ত্তরী, ধান্য-
চ্ছেদনার্থ অস্ত্র বিশেষ।
কাহকা, কাহলাবাদ্য, বাদ্যবিশেষ।
কাহণ, (কার্ষাপণ) কার্ষাপণ, ষোড়শপণ।
কাহল, কুক্কুট ; বিড়াল ; বৃহৎ ঢাকা ; শুষ্ক।
কাহলা, বাদ্যভাণ্ড বিশেষ ; একপ্রকার স্ব-
র্গবেশ্যা, অপ্সরা বিশেষ।
কাহলাপুষ্প, ধুস্তুরপুষ্প, ধুতুরাফুল।
কাহলী, তরুণী, যুবতী।
কাহান, (কাঁটাল) পনসবৃক্ষ, কাঁঠালগাছ।
কাহার, (স্কন্ধাবার) যানবাহক, বেহারা।
কাহিনী, (কথ) বিবরণ, গল্প ; প্রস্তাব।
কাহিল, (যাং) দুর্ব্বল, ক্ষীণ, কৃশ ; রুগ্ন।
কাক্ষ, (অক্ষি) কটাক্ষ ; ঈষদ্দৃষ্টি ; কুৎসিত-
নেত্র। [কলাই।
কাক্ষী, সৌরাষ্ট্র দেশের মৃত্তিকা ; অড়হর
কি, (কিং) জিজ্ঞাসা বোধক শব্দ, প্রশ্নসূচক
শব্দ ; আশ্চর্য্য বা বিস্ময়ার্থ।
কিং, জিজ্ঞাসার্থ, প্রশ্নসূচক।
কিংখাব (যাং) ঢাকাই বস্ত্র বিশেষ।
কিংশুক, পলাশবৃক্ষ, পলাশগাছ।
কিংশারু, শস্যশূক, শুয়া পোকা ; বাণ ; ক-
ঙ্কপক্ষী। [বস্তু।
কিকি, নারিকেল ; প্রশ্নার্থ ; কোন কোন
কিকীদিবি, স্বর্ণচাতক ; শোণা চড়া ; নীলক-
ণ্ঠপক্ষী। [মর্কট।
কিখি, লঘুশৃগাল, খেঁকশেয়ালী ; বানর,
কিঙ্কর, (কিং-কৃ) দাস, ভৃত্য, নফর।

কিঙ্করত্ব, (কিঙ্কর) দাসত্ব, অধীনতা।
কিঙ্করী, (কিঙ্কর) অধীনা, দাসী, কর্ম্মচারিণী, চাকরাণী। [ক্ষুদ্রঘণ্টিকা, ঘুঙ্গুর।
কিঙ্কিণী, (কিণ) কট্যাভরণ বিশেষ, ঘাঘর:
কিঙ্কির, গজকুম্ভ; কোকিল, ভ্রমর; ঘোটক; কামদেব।
কিঙ্কিরা, রক্ত, রুধির, শোণিত।
কিঙ্কিরাত, অশোকবৃক্ষ; কামদেব; শুকপক্ষী, কোকিল; রাঙ্গা ঝাটী।
কিঙ্কিরী, বিকঙ্কত বৃক্ষ, বইচি গাছ।
কিচড়, (ক্লিন্ন) পঙ্ক, কর্দ্দম, কাদা।
কিচমিচ, (কিচ) বানরদিগের শব্দ, অব্যক্তধ্বনি; কিসমিস, দ্রাক্ষা বিশেষ।
কিচকিচান, কিচ) কিচ২ করণ, পশু পক্ষ্যাদির অব্যক্ত শব্দ।
কিচা, (ক্লিন্ন) পঙ্ক, কর্দ্দম, কাদা
কিচির২, (কিচির) কিচমিচ, বানরাদির শব্দ, অস্পষ্ট ধ্বনি। [ব্যক্তধ্বনি।
কিচিরমিচির, (কিচির) বানরের শব্দ; অ-
কিচু, (কিঞ্চিৎ) কিয়ৎ, অল্প, কিঞ্চিৎ
কিছুকিছু, (কিছু) অল্প২, কিঞ্চিৎ২
কিছুমিছু, (কিছু) অল্প২, কিঞ্চিৎ২। [রূপ।
কিজাত, কি-জাতি) কিপ্রকার, কেমন, কি-
কিজানি, বুঝি, পাছে, আশঙ্কার্থ।
কিঞ্চ, আরও; সাকল্য; অবান্তর।
কিঞ্চন, (কিং) কোন বস্তু, অল্প, কিছু।
কিঞ্চিৎ; (কিং) অল্প, ঈষৎ অসাকল্য।
কিঞ্চিন্মাত্র, (কিঞ্চিৎ-মাত্র) কিছু, অত্যল্প; যৎকিঞ্চিৎ। [চো, অশ্লীলতা।
কিঞ্চুলুক, (কিঞ্চিৎ-চল) কীটবিশেষ, কেঁ-
কিঞ্জল, কিঞ্জল্ক, নাগকেশর পুষ্প; কেশর, ফুলের পাবড়া; মকরন্দ
কিঞ্জল্ক, কেশর, ফুলের পাবড়ি, নাগকেশর
কিটি, শূকর, বরাহ, শূয়র
কিটিভ, কেশকীট, উকুণ, যুক
কিট্‌কিট, (কিট্ট) মল মুত্রাদি অপবিত্র বস্তু; প্রতিরোধার্থ বার২ বাক্য প্রয়োগ।
কিট্‌কিটা, (কিট্ট) মলিন, অতিশয় ময়লা।
কিট্ট, মল, কাইট।
কিট্টবর্জ্জিত, শুক্র, রেতঃ, বীর্য্য
কিট্টাল, তাম্রকলস, তাম্রময় ঘট।
কিড়মিড়, (কিট্ট) দন্তের ঘর্ষণ শব্দ, অব্যক্তধ্বনি। [ধ্বনি।
কিড়মিড়ি, (কিট) দন্তের ঘর্ষণশব্দ, অব্যক্ত-

কিণ, (কণ) মাংসগ্রন্থি; ঘর্ষণচিহ্ন; কড়া।
কিণন, (ক্রী) ক্রয়করণ, মূল্যদ্বারা গ্রহণ।
কিণি, অপামার্গ বৃক্ষ, আপাংগাছ।
কিণ্ব, সুরাবীজ, মদের গোড়া; পাপ।
কিতব, (কিতু) বঞ্চক, প্রতারক; খল, ধূর্ত্ত; দ্যূতক্রীড়াকারী, জুয়ারি। [কেনা।
কিনন, (কিন) ক্রয়করণ, মূল্যদ্বারা গ্রহণ
কিনা, সন্দেহার্থ; প্রশ্নার্থ; ক্রীত।
কিনারা, (যাং) কুল, ধার; পার্শ্ব।
কিন্তন্তু, অষ্টাপদ, লূতা, মাকড়সা।
কিন্তরাং, অতিকুৎসিত রূপ।
কিন্তু, (কিংতু) কিম্পুনঃ; প্রাগুক্তের বিরুদ্ধার্থ; পরন্তু; অথচ। [করণ।
কিন্তুঘ্ন, একাদশ করণের অন্তর্গত শেষ
কিন্ধী, অশ্ব, ঘোটক, ঘোড়া।
কিন্নর, (কিং-নর) স্বর্গীয় গায়ক, কিম্পুরুষ
কিন্নরেশ, (কিন্নর-ঈশ) কুবের, যক্ষরাজ ধনপতি।
কিপর্য্যন্ত, কি অবধি, কোন সীমা।
কিপ্রকার, কেমন, কি রকম।
কিফাইত, (যাং) উপার্জ্জন, লাভ, উপায়।
কিবা, প্রশ্নার্থ; আশ্চর্য্যার্থ।
কিমর্থে (কিং-অর্থ) কি প্রয়োজনে, কি জন্যে
কিমাকার, কিরূপ, কি প্রকার।
কিমু, সম্ভাবনা; বিমর্ষ, বিতর্ক। [ম্ভাবনা।
কিমুত, প্রশ্ন, বিতর্ক; বিকল্প; অতিশয় স-
কিম্পচ, (কিং-পচ) আদাতা, কৃপণ।
কিম্পাক, মহাকাল লতা, মাকালগাছ।
কিম্পুরুষ, (কিং-পুরুষ) কিন্নর, স্বর্গীয়গায়ক; কুৎসিত পুরুষ। [জনরব।
কিম্বদন্তী, (কিং-বদ) জনশ্রুতি, লোকবাদ,
কিম্বা, (কিং-বা) বিকল্প; অথবা; যদিবা
কিম্ভূত, (কিং-ভূত) কিপ্রকার; কিমাচার; কীদৃশ। [বৎকুৎসিত।
কিম্ভুতকিমাকার, কুৎসিত আকৃতি বিশিষ্ট,
কিম্মৎ, (যাং) মূল্য, দাম।
কিয়ৎ, কি পরিমাণ, কত; কিঞ্চিৎ।
কিয়দেত্তিকা, উৎসাহ; উদ্যোগ।
কিয়াম, (কিং) কি; কিছু।
কিয়াহ, রক্তবর্ণ ঘোটক, রাঙ্গা ঘোড়া।
কির, (কৃ) শূকর, বরাহ।
কিরক, লেখক, লিপিকর, অক্ষরজীবক।
কিরণ (কৃ) দীপ্তি, রশ্মি, ময়ূখ, মরীচি।
কিরণমালী, সূর্য্য, রবি, ভানু।

কিরা, (কৃ) শপথ, দিব্য।
কিরাট, (কীকট) ব্যাপারী ; কৃপণ।
কিরাত, (কৃ-অৎ) ম্লেচ্ছ বিশেষ, যাঁড় ; ব্যাধ ; দেশবিশেষ ; ভূমিনিম্ন, ক্ষুদ্রদেহ, অশ্বপাল, ঘোটক রক্ষক, সহিস।
কিরাততিক্ত, (কৃ-অৎ) বৃক্ষবিশেষ, চিরতা।
কিরাতাশী, (কিরত-আশী) গরুড়পক্ষী।
কিরাতি, গঙ্গা, ভাগীরথী।
কিরাতিনী, জটামাংসী, ওষধিবিশেষ।
কিরাতী, দুর্গা ; গঙ্গা, স্বর্গগঙ্গা ; কুট্টিনী, কুটনী ; ব্যাধস্ত্রী।
কিরি, শূকর, কোল, বরাহ।
কিরিটি, হিন্তাল ফল, হেতালের ফল।
কিরীচ (কৃপাণ) কটার, অস্ত্রবিশেষ।
কিরীট, (কৃ) শিরোভূষণ, মুকুট, চূড়া।
কিরীটী, (কিরীট) অর্জ্জুন, কিরীটযুক্ত মকুটধারী, চূড়া ভূষিত।
কিরূপ, কি প্রকার, কেমন।
কির্ম্মী, পল, মাংস, গৃহ ; স্বর্ণপুত্তলিক, লৌহ পুত্তলিক।
কির্ম্মীর, নাগরঙ্গ বৃক্ষ, রাক্ষস বিশেষ কর্ব্বুরবর্ণ, কপোত বর্ণ।
কির্ম্মীরজিৎ, ভীমসেন, বৃকোদর।
কিল নিশ্চয়, সম্ভাবনা,
কিলকিঞ্চিত, স্ত্রীলোকের ভাব বিশেষ শৃঙ্গার ভাবজ ক্রিয়া বিশেষ।
কিল কল হর্ষশব্দ ; অব্যক্তধ্বনি।
কিলকিলা, হর্ষধ্বনি ; কিলকিল শব্দ।
কিলাট, ক্ষীরবিকৃতি ; দুগ্ধ বিকার ; আমিক্ষা, ছানা ইত্যাদি।
কিলাটী, বংশ, বাঁশ, পয়োবিকার।
কিলান, (কিল) মুষ্ট্যাঘাত করণ।
কিলাস, (কিল-অস) রোগবিশেষ, ছুলী সিধ্ম। [রোল।
কিলাসঘ্ন, (কিলাস-হন) বৃক্ষ বিশেষ, কাঁক-
কিল্লা, (যাং) দুর্গ।
কিলিঞ্চ, সূক্ষ্মদারু ক্ষুদ্রকাষ্ঠ।
কিলিঞ্জ, সূক্ষ্মদারু, ক্ষুদ্রকাষ্ঠ। [মরাল্লির বড়
কিলিঞ্জক, কাশ ইত্যাদির রজ্জু, কেশ দড়া।
কিলিম, দেবদারু বৃক্ষ।
কিল্বিষ পাপ ; অপরাধ ; রোগ।
কিল্বী, ঘোটক, অশ্ব, ঘোড়া।
কিশল, পল্লব, নূতন পত্র, ডাল, নবপল্লবযুক্ত ক্ষুদ্র শাখা।
কিশলয়, পল্লব, নবীন পত্র ; ক্রমাঙ্গ।
কিশোর, (কিংশৃ) বালক, তরুণাবস্থ ; সূর্য্য, অশ্বশিশু, ঘোটক বৎস। [কুমারী।
কিশোরী, (কিশোর) বালিকা বিশেষ,
কিশমিশ, (যাং) মধুপক্ক আঙ্গুর ফল।
কিষ্কিন্ধ, ওড্রদেশস্থ পর্ব্বত বিশেষ।
কিষ্কিন্ধী, কিষ্কিন্ধ পর্ব্বতের গুহা।
কিষ্কিন্ধা, পর্ব্বত বিশেষ।
কিষ্কিন্ধ্যা, বালিবানরপুরী ; পর্ব্বতীয় দেশ, বিশেষ ; কিষ্কিন্ধ্য পর্ব্বতের গুহা।
কিষ্কিন্ধ্যাধিপ, বালি নামে বানর বিশেষ বানরের রাজা।
কিষ্কু, দ্বাদশাঙ্গুলপরিমাণ, বিতস্তি, বিগত ; প্রকোষ্ঠ, কফোণির অবধি মণিবন্ধ পর্য্যন্ত, হস্ত। কুৎসিত।
কিষ্কুপর্ব্ব, ইক্ষু, বেণু, নল
কিসল, নূতনপত্র, পল্লব, শাখা।
কিসলয় নূতনপত্র, নূতনপাতা।
কিস্ত, (যাং) ঋণ পরিশোধের বন্দবস্ত ; বৃহৎ নোবা [অদাতা ; নিঃস্ব, দরিদ্র।
কীকট, (কক) ঘোটক, দেশবিশেষ, কৃপণ,
কীকস, (কিংকস হাড়, অস্থি, ক্লামজাতি বিশেষ, কঙ্কণ, [illegible]
কীকসাস্থ, পক্ষী [illegible]
কীচক, (কীচ) শব্দ [illegible] সচ্ছিদ্র বংশ, নল, কেকয় রাজপুত্র।
কীট, কৃমি, পোক।
কীটক, (কীট) মাগধজাতি ; কৃমি, পোকা
কীটঘ্ন, (কীট-হন) গন্ধক।
কীটজা, লাক্ষা [illegible]।
কীড়া, (কীট) কৃমি, পোকা [কিরূপ, কিস্তুত
কীদৃক, (কিংদৃশ) কিপ্রকার, কীদৃশ, কেমন,
কীদৃশ, (কিং-দৃশ) কিপ্রকার, কিস্তুত, কেমন
কীনাশ, যম, বানরবিশেষ, কর্ষক, কৃপণ
কীর, (কু-ঈর) মাংস, শুকপক্ষী, কাশ্মীর দেশীয় ব্যক্তি।
কীরট, (কীকট) অদাতা, কৃপণ, লোভী
কীর্ণ, কৃ) আচ্ছন্ন, বিক্ষিপ্ত ; হিংসিত।
কীর্ত্তন, (কৃৎ) কথন, বর্ণন, গুণব্যাখ্যা
কীর্ত্তনা, যশঃ, খ্যাতি, স্তুতি।
কীর্ত্তি, (কৃৎ) সৎক্রিয়া, স্মরণীয় কর্ম্ম, সুখ্যাতি, যশঃ, সমাখ্যা।
কীর্ত্তিকর, (কীর্ত্তি-কৃ) সুখ্যাতি [illegible] যশস্য।
কীর্ত্তিত (কৃৎ) [illegible]

কীর্ত্তিপতাকা, সৎকর্ম্মের ধ্বজা, সৎক্রিয়ার নিশান, যশশ্চিহ্ন।
কীর্ত্তিপ্রিয়, যশোভিলাষী, সুখ্যাতিস্পৃহ।
কীর্ত্তিভাক, (কীর্ত্তি-ভাজ) কীর্ত্তিযুক্ত, যশস্বী দ্রোণাচার্য্য। [বসুদেবের জ্যেষ্ঠপুত্র;
কীর্ত্তিমান্, (কীর্ত্তি) কীর্ত্তিবিশিষ্ট যশস্বী;
কীর্ত্তিশেষ, মরণ, যশের অবসান।
কীল, শঙ্কু, স্তম্ভ, খোঁটা, কফোণি, কণুই, কফোণির দ্বার। আঘাত: মুষ্ট্যাঘাত
কীলক, (কীল) শঙ্কু, স্তম্ভ, খোঁটা, [illegible]; খিল, কপাটের হুড়কা। [করণ
কীলন, (কীল) মুষ্ট্যাঘাত, ঘুষণ, প্রহার
কীলসংস্পর্শ, বৃক্ষবিশেষ, গাবগাছ।
কীল, অগ্নিশিখা, [illegible] খোঁটা, মুষ্ট্যাঘাত করণ। [মধু।
কীলাল, (কীল-অল) জল, রক্ত: অমৃত;
কীলালধি, (কীলাল-ধা) সমুদ্র, সাগর, জলধি
কীলালপ [illegible] নিশাচর, ক্রব্যাদ।
কীলিত, (কীল) বদ্ধ রুদ্ধ, বাঁধ।
কীশ, বানর; সূর্য্য; পক্ষী; নগ্ন, বিবস্ত্র।
কীশপর্ণ, অপামার্গবৃক্ষ, আপাংগাছ।
কু, অশুভ, অভদ্র, অমঙ্গল, মন্দ, অশোভন, কুৎসিত, পৃথিবী। [স্বভাব।
কুঅভ্যাস, মন্দরীতি, অসৎসংস্কার, কু-
কুঅ, (কূপ) কূপ, পাতকোয়া। [কুরীতি।
কুআড়া, (কুহেড়া) কুজ্ঝটিকা, কুআশা,
কুআশা, কুজ্ঝটিকা, কুহেলিকা।
কুকড়ন, (কুচ) সঙ্কোচন, একত্র হওন, কুণ্ঠিত হওন, কোঁচকান। [জড়সড় হওন
কুঁকড়িসুকড়ি, (কুঁকড়ি) সঙ্কুচিত হওন;
কুচ, (ক্রুন্চ) গুঞ্জাপরিমাণ, গুঞ্জা।
কাচ, (কুচ) ক্ষুদ্র কাষ্ঠ খণ্ড, মার্জ্জনী, ঝাঁটা, বিশেষ।
কুচকি, উরুসন্ধিস্থান, কুকচি।
কুব্জ, (কুব্জ) বক্রপৃষ্ঠ।
কুজা, কুজ্জা; জলপাত্র বিশেষ।
কুড়, (কুড়) কুড়া, ধান্যের অসারাংশ।
কুড়ন, (কুণ্ড) খনন, ভূমিবিদারণ।
কুঁড়ি, (কুট্মল) কোরক, কলিকা, মুকুল।
কুঁড়িয়া, (কুটীর) অলস; কুটীর, পত্রাদি-নির্ম্মিত গৃহ।
কুড়ী, (কুট্মল) কুণ্ড; তাম্রপাত্রবিশেষ; কলিক, কোরক।

কুঁদ, (কুর্দ্দ) ঘর্ষণযন্ত্র; ভ্রমিযন্ত্রবিশেষ, পুষ্প বিশেষ। [কাষ্ঠ পরিষ্কারাদি করণ
কুঁদন, (কুঁদ) লম্ফন, লাফান, কুঁদ যন্ত্রে-
কুঁদফুল, কুন্দ পুষ্প।
কুঁদল, (কংদল) কলহ, বিবাদ, ঝকড়া।
কুঁদারু, (কুন্দ) কুঁদকর, কুঁদকারী।
কুঁদো, গুঁড়ি, কাষ্ঠের স্থূল বৃহৎ খণ্ড।
কুক, (কক্ক) অব্যক্ত শব্দ; আতশয় ধ্বনি; কুক্ষিদেশ।
কুকভ, মদ্য, মদিরা, সুরা। [কুঞ্চিত হস্ত, মুলো।
কুকর, কুৎসিত হস্তযুক্ত, কুঞ্চিতকর, বি-
কুকর্ম্ম, (কু-কর্ম্মন) কুক্রিয়া, কদাচার, পাপ
কুকর্ম্মা, (কু-কর্ম্মন) কুক্রিয়াশালী কদাচার, পাপী।
কুকর্ম্মান্বিত, দুষ্কর্ম্মকারী, কদাচার। [কারী।
কুকর্ম্মী, (কু-কর্ম্মন) কুকর্ম্মা, কুৎসিত কর্ম্ম-
কুকাষ, মন্দ, পীড়াকর, ক্লেশদায়ক।
কুকাম, মন্দ কর্ম্ম, কুৎসিত ক্রিয়া।
কুকার্য্য, মন্দকার্য্য, কুক্রিয়া, পাপ।
কুকিল, (কোকিল) পিক, কুহূরব।
কুকাল পর্ব্বত, শৈল, গিরি।
কুকুট, সিতাবর শাক, সুষুণীশাক। [বুদ্ধি।
কুকুটে, ক্রূর, খল, দুষ্টমন্ত্রণাকারী, বিপরীত
কুকুড়া, (কুক্কুট) মুরগী।
কুকুন্দর, নিতম্বোপরিস্থ কূপক দ্বয়, পৃষ্ঠের অধোভাগস্থ গর্ত্তদ্বয়
কুকুভা, রাগিণী বিশেষ; দিক্।
কুকুর, কুকুর, ক্ষত্রিয়বিশেষ, যদুবংশীয় অন্ধকরাজপুত্র; গ্রন্থিপর্ণীবৃক্ষ, গাঁঠিয়াল গাছ।
কুকুটী, শাল্মলীবৃক্ষ শিমুলগাছ।
কুকূল, তুষানল, তুষের আগুন।
কুক্কুট, (কু-কুট) পক্ষি বিশেষ, কুকড়া, মুরগী; উল্কা; নিষাদপুত্র; ব্রাহ্মণের ঔরসে শূদ্রাপুত্র, বহ্নিকণা, স্ফুলিঙ্গ।
কুক্কুটক, মুরগী, কুকড়া, মোরগ।
কুক্কুটব্রত, সন্তানার্থ স্ত্রী কর্ত্তব্য ব্রত, ললিতা সপ্তমী ব্রত।
কুক্কুটমণ্ডপ, মুক্তিমণ্ডপ, কারাণসীক্ষেত্র।
কুক্কুটশিখ, কুসুম্ভ বৃক্ষ, কুসুমগাছ।
কুক্কুটী, (কুক্কুট) মুরগী, অনৃত চর্য্যা, মিথ্যাচরণ, জ্যেষ্ঠী টিকটিকী; শাল্মলী বৃক্ষ, শিমুল গাছ

কুকুভ, (কুক-ভূ) পক্ষিবিশেষ, বন্য পাৎকুয়া পক্ষী। [বৃক্ষ, গাঁটিয়াল গাছ
কুকুর, কুক্কুর, গ্রাম্যমৃগ, কুত্তা, গ্রন্থিপর্ণী-
কুকুরদ্রু, বৃক্ষবিশেষ, কুক্কুর শোঁকাগাছ।
কুকুরব, কুক্কুটধ্বনি, কুক্কুড়ার শব্দ।
কুকুররব, কুকুরের শব্দ, কুক্কুর ধ্বনি।
কুকুরী, (কুক্কুর) কুক্কুরস্ত্রী, কুত্তী, শুনী।
কুক্‌চি, কুচকি, উরু সন্ধিস্থান। [বিত।
কুক্রিয়, (কুক্রিয়া) দুষ্কর্ম্মা, কুকর্ম্মী, কুকর্ম্মা
কুক্রিয়া, দুষ্কর্ম্ম, কুৎসিত কার্য্য।
কুখ্যাতি, অখ্যাতি, দুর্ণাম, বদনাম।
কুগ্রহ, মন্দগ্রহ; দুরদৃষ্ট। [বিশেষ, খুঙ্গী।
কুঙী, (কু-গীর) কুঙ্গী, বংশাদি রচিত পাত্র-
কুঙ্কুম, (কুক) গন্ধ দ্রব্য বিশেষ, কুমকুম।
কুঙ্গী, (কু-গির) বংশাদি রচিত পাত্র, খুঙ্গী
কুচ, স্তন, পয়োধর।
কুচকলিকা, কুচকোরক, নবীন স্তন।
কুচক্র, কুমন্ত্রণা, কুপরামর্শ।
কুচক্রী, (কুচক্র) কুমন্ত্রী, মন্দ পরামর্শদায়ক
কুচন, খণ্ড২ করণ; ছেদন; কুক্‌ড়ন।
কুচন্দন, রক্ত চন্দন; বৃক্ষ বিশেষ; কুঙ্কুম
কুচফল, দাড়িমবৃক্ষ, ডালিম গাছ।
কুচর, কুৎসিতবক্তা; পর দোষ কথনশীল; পরনিন্দক, পিশুন। [দুষ্টঃকরণ।
কুচরিত্র, মন্দ চরিত্র; কুক্রিয়াশালী; দুষ্টা-
কুচল, ক্ষুদ্র; অল্প; সূক্ষ্ম।
কুচা, (কুচ) ছিন্ন কাষ্ঠ খণ্ড; কুঁচি।
কুচাগ্র, স্তনাগ্রভাগ, চুচক, মাইর বোঁটা।
কুচাঙ্কেরী, চুক্রিকাশাক, চুকাপালং।
কুচি, (কুচ) কাষ্ঠাদির ছিন্ন ক্ষুদ্র অংশ।
কুচিক, মৎস্যবিশেষ, কুঁচিয়া মাছ।
কুচিকিৎসক, মন্দবৈদ্য, হাতুড়ে।
কুচেল, কুবাসাঃ, যে ব্যক্তির কুৎসিত বস্ত্র পরিধান। [বিভাগ।
কুচ্চিক, (কুঞ্চি) উরুসন্ধিস্থান; উরুব উপ-
কুচ্ছ, (কুৎসা) নিন্দা; কমুদপুষ্প। [অক্ষর।
কুচ্ছন্দঃ, কুবাক্য; কুৎসিত শ্লোক; কদর্য্য
কুচ্ছা, (কুৎসা) নিন্দা, অপবাদ, দুর্নাম।
কুচ্ছিত, (কুৎসিত) কদর্য্য, অপকৃষ্ট।
কুছ, (কিঞ্চিৎ) কিছু, কিঞ্চিৎ, অল্প। [ক।
কুজ, (কু-জন) মঙ্গলগ্রহ; নরকনামাসুর, বৃ-
কুজড়া, (কু-জড়) বিবাদী, কলহী; অন্ত্যজ, নীচ, অধম, ইতর। [ভেদী তস্কর।
কুজ্জল, চৌর বিশেষ, সিঁ...

কুজ্জা, (কুজ) কাত্যায়নী দেবী; কুব্জ, বক্র; জলপাত্র বিশেষ, জলের কুঁজো।
কুজ্জম্বয়েন, (কুজ-ময়েনা) বৃক্ষবিশেষ।
কুঝটি, (কু-ঝট) কুজ ঝটিকা, কুআসা।
কুজঝটিকা, (কু-ঝট) কুআসা, কুহেলিকা।
কুঞ্চন, নেত্র রোগ বিশেষ, চক্ষুরপীড়া; গুটান, সঙ্কুচিত হওন।
কুঞ্চি, অষ্ট মুষ্টি পরিমাণ, আটমুটা।
কুঞ্চিকা, (কুঞ্চি) গুঞ্জা, কুঁচ; বংশ শাখা, কঙ্কী; চাবি; মৎস্য বিশেষ, কুঁচে।
কুঞ্চিত, (কুন্‌চ) বক্র, বাঁকা; তগরপুষ্প।
কুঞ্জ, লতাপল্লবাচ্ছন্ন স্থান, নিকুঞ্জ; উদ্যান বিশেষ; হস্তি দন্ত।
কুঞ্জর, (কুঞ্জ) হস্তী; কেশ; দেশ বিশেষ।
কুঞ্জরপিপ্পলী, পজপিপ্পলী, গজপিপুল; বড়পিপুল।
কুঞ্জরা, ধাতকী পুষ্প, ধাইফুল; পাটলাবৃক্ষ
কুঞ্জরারাতি, শরভ, লূতা, মাকড়সা।
কুঞ্জরালুক, আলু বিশেষ, বৃহৎ আলু।
কুঞ্জরাশন, অশ্বত্থ বৃক্ষ, আশথ গাছ।
কুঞ্জরী, হস্তিনী, হরিণী, করেণু।
কুঞ্জল, কাঞ্জিক, কাঁজী, আমানী
কুঞ্চিকা, কৃষ্ণজীরক, কেলেজীরা।
, চাবি, তালা, কুলুপ।
কুট, (কুট) কৌটিল্য, ছল, কৃত্রিম, জাল, মিথ্যা, কোট, গড়, শিলাকুট, পাতরভাঙ্গা হাতুড়ী, পর্ব্বত।
কুটক, গৃহাচ্ছাদন, ছাদ, চাল।
কুটজক, বৃক্ষলতা দ্বারা গহন স্থান, ছাদ, চাল, গৃহ বিশেষ, কুড়ে ঘর।
কুটচ, কুটজ বৃক্ষ, ইন্দ্র যব, কুড়চী।
কুটজ, (কুট-জন) বৃক্ষ বিশেষ কুড়চী, ইন্দ্র যব, অগস্ত্য, দ্রোণাচার্য্য, পুষ্পবিশেষ।
কুটন, (কুট) খণ্ড২ করণ, চূর্ণন, গুঁড়ান।
কুটনা, (কুট) পাকার্থ খণ্ড২ কৃত তরকারি, বানান তরকারি। [নান।
কুটনাকোটা, (কুটনা) পাকার্থ তরকারি বা-
কুটনী, (কুট) কুট্টনী, সম্ভবটিকা, দূতী।
কুটনীপনা, (কুট্টনী) দূতীপনা, ঘটকতা।
কুটন্নট, কেউটিয়া মুতা, কেশুর।
কুটপ, মুনি; গৃহ সমীপস্থ উপবন, পরিমাণ বিশেষ, কুড়ব পরিমাণ।
কুটরী, (কুটীর) পাকা ঘর, ইমারত।

কুটল, ছাদ, ঘরের চাল।
কুটহারিকা, দাসী, কর্ম্মকরী।
কুটা, (কুট) তৃণাদির খণ্ড, কুঁচী।
কুটান, দলন, বিদারণ। [র্থার্থ।
কুটার্থ, (কুট-অর্থ) গুপ্তার্থ, নিগূঢ়ার্থ, দ্বৈ
কুটি, (কুট) গৃহ, খণ্ড, বৃক্ষ, শরীর।
কুটিচর, জলশূকর, শুশুক, জলজন্তুবিশেষ; যোগিবিশেষ।
কুটিত, কুটিল, বক্র, কাটা, খণ্ডীকৃত।
কুটিয়া, (কুট) মহাব্যাধিগ্রস্ত। [ঘর।
কুটির, কুটীর, ক্ষুদ্রকুটী, ক্ষুদ্র গৃহ, কুঁড়ে
কুটিল, (কুট) অসরল, বক্র, বাঁকা, কুঞ্চিত
কুটিলতা, (কুটিল) কুটিলত্ব, অসারল্য, বক্রতা। [বিশেষ, সরস্বতী।
কুটিলা, (কুট) বক্র, বাঁকা, অসরলা, নদী
কুটিলান্তঃকরণ, কপট, খল, অসদন্তঃকরণ।
কুটী, (কুঠী) গৃহ, কুটীর, মুরা নামে গন্ধদ্রব্যবিশেষ।
কুটীচক, পুত্রান্নজীবী, পুত্রের অন্নভক্ষক।
কুটীচর, যতিবিশেষ, দণ্ডী।
কুটীর, (কুট) ক্ষুদ্র গৃহ, কুঁড়ে ঘর।
কুটুঙ্গক, বৃক্ষলতা দ্বারা গহন স্থান; ডোল, চাল; গৃহবিশেষ, কুঁড়ে ঘর।
কুটুনী; (কুট) কুট্টনী, দূতী, যোজিকা।
কুটুম্ব, জ্ঞাতি, বান্ধব; সন্তান সন্ততি; পোষ্যবর্গ, পরিবার; কৃতসম্বন্ধ।
কুটুম্বব্যাপৃত, কুটুম্ব পোষণাসক্ত, অভ্যাগারক, পোষ্যবর্গে বেষ্টিত।
কুটুম্বিনী, (কুটুম্ব) কুটুম্ব বিশিষ্টা; পতিপুত্রাদি মতী; প্রতিষ্ঠিতা স্ত্রী, গৃহিণী।
কুটুম্বী, (কুটুম্ব) কুটুম্ব বিশিষ্ট; গৃহস্থ।
কুটুম্বৌকঃ, কুটুম্বের বাস স্থান।
কুটকুট, (কুট) চুলকানি, কণ্ডুয়া।
কুকুটটানি, (কুটকুট) চুলকানি, কণ্ডুয়া।
কুটকুটা, (কুটকুট) কর্কশ, চিড়্‌চিড়া।
কুটক, অঙ্ক বিশেষ, গণনা বিশেষ।
কুটন, ছেদন, কোটন, নিন্দা।
কুটনী (কুট) পুরুষ সহিত পরস্ত্রীর যোজনকারিণী, কুট্‌নী, কুটুনী, দূতী।
কুটমল (কুট) মুকুল কলিকা, কুঁড়ী।
কুটমিত, স্ত্রী লোকের এক প্রকার শৃঙ্গার চেষ্টা বিশেষ। [নাইয়া কর্ম করে।
কুটহারিকা, দাসী, কর্মকরী, যে স্ত্রী বেতন
কুটার, রতি, জঙ্গল, পর্ব্বত।
কুট্টিম, সৌধঘটিত বাটী, উত্তম গৃহ।
কুড্ডীর, পর্ব্বত, গিরি শৈল, পাহাড়।
কুট্‌মল, বিকাশোন্মুখ কলিকা, ঈষদ্বিকসিত কোরক, স্ফুটস্তু কুড়ি।
কুঠ, (কুষ্ঠ) বৃক্ষ, কুষ্ঠ, রোগ বিশেষ
কুঠর, মন্থান দণ্ড বন্ধনার্থ স্তম্ভ, বাধিবার খুঁটী।
কুঠরী (কুটীর) গৃহ, বেশ্ম, কুটীর, ঝুপড়ী।
কুঠাকু, পক্ষিবিশেষ, কাঠঠোকরা পাখী।
কুঠাটঙ্ক, কুঠার, পরশু, কুড়ালি।
কুঠার, (কুঠ-ঋ) অস্ত্র বিশেষ, কুড়ালি, পরশু
কুঠারু, বৃক্ষ, বানর, অস্ত্রকারক।
কুঠি, (কোঠী) পর্ব্বত, বৃক্ষ; অট্টালিকা, কর্ম্মালয়; বাণিজ্যালয়।
কুঠীওয়ালা, বণিক; চাকুরে।
কুঠিক, কুষ্ঠ বৃক্ষ, কুঁড়গাছ।
কুঠী, (কোঠী) অট্টালিকা; গৃহ বিশেষ, কর্ম্মালয়; বাণিজ্যাগার।
কুঠিয়া, (কুষ্ঠী) কুষ্ঠরোগী, কুষ্ঠী, জড়।
কুঠের, অগ্নি; তুলসী; অৰ্জ্জক।
কুঠেরক, শ্বেত তুলসী; বাবুই তুলসী।
কুঠেরজ, শ্বেত তুলসী।
কুঠেরু, চামর বায়ু, চামরের বাতাস।
কুড়, (কুল) কুষ্ঠবৃক্ষ, ঔষধিবিশেষ; ভূমির বিঘা, স্তূপ, রাশি। [বিদারণ।
কুড়ন (কুড়) আহরণ, চয়ন, গ্রহণ, খনন
কুড়নিয়া, (কুড়) অনায়াসে লব্ধ, নিধ্যাদিবৎ প্রাপ্ত।
কুড়প, পরিমাণ বিশেষ, প্রস্থ চতুর্থ ভাগ।
কুড়ব (কুড়ু) পরিমাণ বিশেষ, প্রস্থচতুর্থাংশ
কুড়ল, (কুবর) মৎস্যভোজী পক্ষিবিশেষ।
কুড়া, (কুড়) ভূমি পরিমাণ, ভূমি বিঘা।
কুড়াল, (কুঠার) পরশু, কুড়ালি।
কুড়ি, (কুষ্ঠ) বিংশতি সংখ্যা, বিশ, পুষ্পকলিকা, শরীর, কুষ্ঠ।
কুড়িয়া, (কুষ্ঠ) অলস, জড়, কুষ্ঠী, কুটীর।
কুড়িশ, মৎস্য বিশেষ, কুড়চিমাছ
কুড়ুল, (কুঠার) পরশু, কুড়ালি। [কি, কুঁড়ী।
কুড্মল, ঈষদ্বিকসিত কলিকা, মুকুল, কোর-
কুড্য, (কু) ভিত্তি ভিৎ, দেয়াল, প্রাচীর।
কুড্যচ্ছেদী, চোর বিশেষ, সন্ধিভেদী তস্কর, সিঁদাল চোর।
কুড্যচ্ছেদ্য, দেওয়ালের গর্ত্ত।
কুড্যমৎসী, গৃহ গোধিকা, জ্যেষ্ঠী, টিকটিকী

কুড্যমৎস্য, গৃহ গোধিকা, জ্যেষ্ঠী, টিকটিকী
কুড্যা। (কুষ্ঠিন) অলস, কর্ম্মাক্ষম আলিস্যা, কুষ্ঠরোগী।
কুড্যাপনা। অলসতা, অসত্বরতা।
কুড্যামি, (কুড্যা) কর্ম্মে অনৌৎসুক্য. আলস্য অলসতা, অসত্বরতা।
কুণকুণ, বীণাদির শব্দ, উদর বেদন।
কুণঞ্জর, শাক বিশেষ, বনবেতুয়া।
কুণন, শব্দ, বেধন, বেদনা। [অস্ত্র বিশেষ
কুণপ. (ক্বণ) শব, মৃতশরীর, পূতিগন্ধি,
কুণপী, বিট্‌শারিকা, গুয়ে শালিকা।
কুণাল, দেশ বিশেষ।
কুণি, তঁদ গাছ, কুকর, কোপা।
কুণিন্দ শব্দ, রব, ধ্বনি।
কুণী (কুণ) কুনখ, নখ প্রান্তভাগের রোগ বিশেষ, নখকুণী। [ত্রাসযুক্ত।
কুণুয়া, (কুণো) কফোণি, কণই, লজ্জাশীল,
কুণো, (কোণ) লাজুক, লজ্জাশীল, ত্রাসযুক্ত।
কুণোমি (কুণো) লাজুকতা; ত্রাস, ভয়।
কুণ্ঠ, (কুণ্ঠ) অকর্ম্মণ্য; মূর্খ, অলস; সঙ্কুচিত
কুণ্ঠক, (কুণ্ঠ) মূর্খ মূঢ়, জড়
কুণ্ঠিত, (কুণ্ঠ) সঙ্কুচিত; ভীত; জড়সড়।
কুণ্ড, (কুড়) দেব জলাশয়; জলাধার বিশেষ; চৌবাচ্চা; স্বামী বর্ত্তমানে উপপতি জাত সন্তান, জারজ; পাত্রবিশেষ; যজ্ঞখাত গর্ত্ত। [মুক।
কুণ্ডকীট, পতিত ব্রাহ্মণী পুত্র; দাসী কা-
কুণ্ডগোলক, কাঞ্জিক, কাঁজী।
কুণ্ডঙ্গ, কুঞ্জ, লতাচ্ছাদিত গৃহ।
কুণ্ডপায্য, ক্রতু, যাগ, যজ্ঞ।
কুণ্ডল, (কুড়) কর্ণভূষণ কর্ণবেষ্টন। [গোল।
কুণ্ডলাকার, (কুণ্ডল-আকার) বর্ত্তুলাকার,
কুণ্ডলিনী, কুলকুণ্ডলিনী শক্তি; গুড়ূচী।
কুণ্ডলী, গুড়ূচী, গুলঞ্চ লতা; কাঞ্চন বৃক্ষ; সর্প; কুণ্ডলবিশিষ্ট; বরুণ।
কুণ্ডাশী, জগ ভক্ষক, কোটনা।
কুণ্ডিকা, কমণ্ডলু, যতিপাত্র বিশেষ; তাম্রও, তাঁবার কুঁড়ী
কুণ্ডিন, বিদর্ভ নগর; মুনি বিশেষ।
কুণ্ডী, (কুড়) কমণ্ডলু, স্থালী, হাঁড়ী।
কুণ্ডীর, বলিষ্ঠ; মনুষ্য।
কুতঃ, (কিং) প্রশ্নার্থ; কোথা হইতে।
কুতনু, কুৎসিত শরীর; কুবের।
কুতপ, (কু-তপ) দিবসের ১৫ ভাগের অষ্টমভাগ; বাদ্য; ছাগলোমজাত কম্বল। কুশ তৃণ; সূর্য্য; অগ্নি; অতিথি।
কুতপকাল, অতুম্ঞ কাল; মধ্যাহ্নকাল।
কুতুক, কৌতুক, পরিহাস, রহস্য।
পু. (কু-তপ) দিবসের ১৫ ভাগের অষ্টম ভাগ; চর্ম্ম নির্ম্মিত ক্ষুদ্র স্নেহপাত্র, ছোট কুপো। [ক, কুঁপো।
কুতু, (কু-তন) চর্ম্ম নির্ম্মিত স্নেহপাত্র, মস-
কুতূহল, অপূর্ব্ব বস্তু দর্শনাদির অতিশয় বাসনা; আমোদ, কৌতুক; পরিহাস; উদ্যোগ। [ক্রীড়ক।
কুতূহলী, (কুতূহল) আমোদী, কৌতুকী,
কুতৃণ, কুম্ভী, পুষ্করিণী ইত্যাদির পানা।
কুত্তা, (কুকুর) কুক্কুর, কুকুর, গ্রাম্যমৃগ।
কুত্তী, (কুত্তা) কুক্কুরী, শুনী।
কুত্র, কোথায়, কোন্ স্থানে।
কুত্রচিৎ, (কুত্র) কোন স্থানে, কোথাও; যে-কোন স্থানে। [স্থানে।
কুত্রাপি, (কুত্র-অপি) কোন খানে, কোন
কুৎসন নিন্দন ভর্ৎসন, গ্লানি করণ।
কুৎসা, (কুৎস) নিন্দা, গ্লানি, ভর্ৎসনা; পরীবাদ, অপবাদ।
কুৎসাজনক, নিন্দাজনক, গ্লানিকর।
কুৎসিত, (কুৎস) নিন্দিত, নিকৃষ্ট, অধম, মন্দ। [তৃণ, কেশে।
কুথ, হাতির পিঠের ঝুলি; আস্তরণ, কাঁথ
কুথলী, (কুথ) হস্তি ঘোটকাদির সজ্জা; থলী
কুদাল, (কুদ্দাল) কোদালি। [যন্ত্র।
কোদালি, (কুদ্দাল) কুদাল, মৃত্তিকা খনন
কুদিন, দুর্দিন, বাদল।
কুদ্য, কুড্য, ভিত্তি, দেওয়াল।
কুদঙ্ক, গৃহ বিশেষ, মঞ্চোপরি মণ্ডপ।
কুধ্র, পর্ব্বত, শৈল, নগ।
কুনখ, ক্ষুদ্র রোগবিশেষ, কুৎসিতনখযুক্ত, কুণি। [চিত্ত নখ।
কুনখী (কুনখ) নখ প্রান্তে রোগযুক্ত, সঙ্কু-
কুনট, কুৎসিত নর্ত্তক। [নর্ত্তকী।
কুনটী, মনঃশিলা; ধন্যাক; ধনে, কুৎসিত
কুনলী, বব কুলের গাছ। [কুৎসিত নাভি।
কুনাভি, বাতমণ্ডলী, ঘূর্ণায়মান বাতাস;
কুনি, কুনখ; কুৎসিত নখ
কুনীতি, মন্দরীতি, কুস্বভাব কু অভ্যাস।
কুন্তল, (কুন্ত-লা) কেশ, চুল; লাঙ্গল; হাল, জেলা বিশেষ।

কুন্তলবর্দ্ধন, ভৃঙ্গরাজ বৃক্ষ, ভীমরাজ গাছ
কুন্তলোশীর, বালা, ঔষধি বিশেষ
পাণ্ডুরাজ ভার্য্যা; পাণ্ডব মাতা;
গুলগুলু; শল্লকী।
কুস্থন, ক্লেশদ্যোতন, কোঁথান, কাতরান।
কুন্দ, (কু উন্দ) পুষ্প বৃক্ষ বিশেষ, কুঁদ ফুলের গাছ; ভ্রমিযন্ত্র, কুঁদ; করবীর বৃক্ষ।
কুন্দর, ভ্রমিযন্ত্র ব্যবহারী, যে ব্যক্তি কাষ্ঠাদি কুঁদে।
কুন্দন, উল্লম্ফন আস্ফালন।
কুন্দম, বিড়াল, মার্জ্জার।
কুন্দর, তৃণবিশেষ, ঝিণ্টী, ঝাঁটী।
কুন্দল, কলহ, বিবাদ, ঝকড়া; পদ্ম। [টিয়া।
কুন্দলিয়া, কুন্দল) কলহী, বিবাদী ঝকড়-
কুন্দিনী, (কুন্দল) পদ্মিনী, পদ্মসমূহ।
কুন্দু, মুষিক, ইন্দুর; গন্ধদ্রব্যবিশেষ।
কুন্দুর, গন্ধদ্রব্য বিশেষ।
কুন্দুরুকী, (কুন্দুরু) কুন্দুরুখোটী কুন্দুরুবৃক্ষ
কুপথ, (কু-পথিন) কুৎসিত পন্থা, মন্দপথ।
কুপা, (কুতুপ) মসক, তৈলঘৃতাদির পাত্র।
কুপাণি, বক্রহস্ত, মুলা, কুৎসিত কর।
কুপিত, (কুপ) ক্রোধান্বিত, ক্রোধী, ক্রুদ্ধ।
কুপিনী, কৈবর্ত্ত, জালিয়া; স্বল্প মৎস্যধানী, খালুই।
কুপিন্দ, তন্তুবায়, তাঁতি।
কুপুত্র, অসৎ সন্তান, মন্দ পুত্র।
কুপূয় কুৎসিত, জাতি ঘটিত আচারাদিবর্জ্জিত নিন্দিত।
কুপোষ্য, অনাথ, পোষ্য বর্গ।
কুপ্য, স্বর্ণরৌপ্য ভিন্ন ধাতু; দস্তা।
কুপ্যশালা, ধাতুপাত্রাদি নির্ম্মাণ গৃহ, কাঁসারির দোকান।
কুপ্রিয়, জঘন্য, হেয়, মন্দ।
কুবঙ্গ, সীসক, সীসা। [ন্দক।
কুবচ, কুবাদ, পরদোষ কথন শীল, পরনি-
কুবজ্রক, রত্ন বিশেষ, মণি বিশেষ।
কুবল বদরীফল, উৎপল, মুক্তাফল; বদরীফল। [পল।
কুবলয় (কু-বল) বদরী; উৎপল; নীলোৎ-
কুবলয়িনী, (কুবলয়) উৎপলিনী, পদ্মিনী।
কুবাদ, অপবাদক; পরদোষকথনশীল।
কুবাহল, উষ্ট্র, উট, কণ্টক বৃক্ষ।
কুবিক্রম, অত্যাচার, উপদ্রব।
কুবিন্দ, তন্তুবায় তাঁতি।
কুবুদ্ধি, মন্দবুদ্ধি; মতিভ্রম
কুবৃত্তি, মন্দব্যবসা, কুক্রিয়া।
কুবৃত্তিকৃৎ, কাঁটাকরঞ্জ, করঞ্চা, কুকর্ম্মকারী অসদ্ব্যবসায়ী।
কুবেণী, মৎস্যধানী, খালুই; কুৎসিতাবেণী
কুবের, যক্ষরাজ, ধনেশ; কিন্নরেশ; মন্দ, কুৎসিত শরীর। [লাশপর্ব্বত।
কুবেরাচল, (কুবের-অচল) কুবেরাদ্রি; কৈ-
কুবেল, কুবলয়, উৎপল নীলোৎপল।
কুব্জ, উন্নতপৃষ্ঠ; কুঁজা অপামার্গ বৃক্ষ, আপাংগাছ, খড়গ। [বিশেষ।
কুব্জক, (কুব্জ) বক্র পৃষ্ঠ, কুঁজা; পুষ্প বৃক্ষ-
কুব্জকণ্টক, শ্বেত খদির, শাদা খয়ের।
কুব্র, বন; কুণ্ড; কুণ্ডল; সূত্র; শকট।
কুমড়া, (কুষ্মাণ্ড) ফল বিশেষ, কুষ্মাণ্ড।
কুমড়াগড়ি, (কুমড়া-গড়) স্থূল ধান্যবিশেষ।
কুমন্ত্রণা, অসৎপরামর্শ, দুষ্প্রবৃত্তি।
কুমন্ত্রী, (কু-মন্ত্রিন) কুমন্ত্রণাদায়ক কুপরামর্শ-দাতা।
কুমার, কার্ত্তিকেয়; যুবরাজ, পঞ্চমবর্ষীয় বালক চন্দ্রকার জাতি।
কুমারক কুমার) বালক, শিশু।
কুমারবাহী, কার্ত্তিকেয়ের বাহন, ময়ূর, কলাপী শিখী।
কুমারায়, (কুমার) যুবরাজ, রাজপুত্র।
কুমারসূ, কার্ত্তিকেয় জননী, গঙ্গা; দুর্গা।
কুমারিকা, (কুমার) কুমারী, অবিবাহিতা কন্যা, নবমল্লিকা; ভারতবর্ষের খণ্ডবিশেষ
কুমারী, (কুমার) দ্বাদশবর্ষীয়া কন্যা; পার্ব্বতী, নবমল্লিকা; ঘৃতকুমারী।
কুমালক, দেশ বিশেষ, সৌবীরদেশ।
কুম্ভীর, (কুম্ভীর) নক্র, জলজন্তু বিশেষ।
কুমুদ, শ্বেতোৎপল, সুঁদি কৈরব; নৈর্ঋত কোণস্থ দিগ্‌হস্তী; বানরবিশেষ; নাগবিশেষ।
কুমুদবতী, (কুমুদ) কুমুদ্বতী; কুমুদ সমূহ।
কুমুদবান্ধব, চন্দ্র, নিশাকর।
কুমুদা, (কুমুদ) কুম্ভিকা, পানা; গাম্ভারীবৃক্ষ শালপর্ণিবৃক্ষ, পালপাইন গাছ।
কুমুদাবাস, কুমুদ প্রায় দেশ।
কুমুদিকা, কট্‌ফল।
কুমুদিনী, (কুমুদ) কুমুদযুক্ত পুষ্করিণ্যাদি; কুমুদ সমূহ, কুমুদা লতা; উৎপলিনী, ছোট সুঁদী।

কুমুদিনীপতি, চন্দ্র, শশী, বিধু।
কুমুদী, কটফল।
কুমুদেশ, (কুমুদ-ঈশ) চন্দ্র, শশাঙ্ক, সুধাংশু
কুমুদ্বতী, (কুমুদ) কুমুদিনী ; উৎপলিনী।
কুমুদ্বান, কুমুদ বহুল দেশ।
কুম্ভীর (কুম্ভীর) ক্ষুদ্র নক্র, ছোট কুমীর।
কুমোদক, বিষ্ণু, নারায়ণ।
কুমকুম, (কুঙ্কুম) সুগন্ধি বস্তু, চূর্ণ বিশেষ
কুম্পা, (কু-পা) বাহুকুণ্ঠ, বক্রহস্ত, নুলো।
কুম্ভ, (কু-উন্ভ) ঘট, কলস, গজকুম্ভ, কুম্ভ কর্ণ পুত্র ; সমাধি বিশেষ, দ্রোণদ্বয় পরিমাণ, ৬৪ শের ; একাদশ রাশি। [গুগ্গুল।
কুম্ভক, (কু-উন্ভ) নিশ্বাস অবরোধ, বায়ু-
কুম্ভকার, (কুম্ভ-কৃ) জাতিবিশেষ, কুমার, কুলাল। [মার জাতীয়া স্ত্রী।
কুম্ভকারী, (কুম্ভকার) কুম্ভকার ভার্য্যা, কু-
কুম্ভতুম্বী, অলাবু বিশেষ, গোল লাউ।
কুম্ভদাসী, কুট্টিনী, দূতী, কুটনী।
কুম্ভযোনি, অগস্ত্য মুনি ; বশিষ্ঠ মুনি দ্রোণাচার্য্য। [পোয়ান ঘর।
কুম্ভশালা, কুম্ভ নির্ম্মাণাদি গৃহ কুমারের
কুম্ভসন্ধি, হস্তির কুম্ভদ্বয়ের মধ্যস্থান।
কুম্ভসম্ভব, অগস্ত্য মুনি
কুম্ভা, বেশ্যা, পুংশ্চলী, কুলটা।
কুম্ভিকা, (কুম্ভ) জলজ তৃণ বিশেষ, পানা নেত্ররোগ বিশেষ
কুম্ভিমদ হস্তিমদ, হাতির মদজল।
কুম্ভিল, (কুম্ভ) চোর ; শ্যাল মৎস্য ; শ্যালক।
কুম্ভী, হস্তী ; কুমীর, নক্র।
কুম্ভীনস, ক্রূর সর্প।
কুম্ভীপাক, নরক বিশেষ।
কুম্ভীর, (কুম্ভী-ঈর) জলজন্তু বিশেষ, কুমীর, নক্র। [পোকা।
কুম্ভীরমক্ষিকা, মক্ষিকা বিশেষ ; কুমীরা
কুম্ভীল, কুম্ভীর, কুমীর, নক্র।
কুযশঃ, (কুযশস) দুর্নাম, বদনাম, অপযশঃ
কুরঙ্কর, সারসপক্ষী।
কুরঙ্গ (কুর) হরিণ মৃগ, এণ। [লোচনা।
কুরঙ্গনয়না, (কুরঙ্গ-নয়ন) মৃগনয়না, মৃগ-
কুরঙ্গনাভি, কস্তূরী, মৃগনাভি।
কুরঙ্গম, (কুর) হরিণ বিশেষ ; মৃগ।
কুরচিনামা, বংশাবলির চিত্র। [বাটা মৎস্য
কুরচিমাছ, (কু-রচ-মাছ) মৎস্য বিশেষ,
কুরচিল, কর্কট, কাঁকড়া।
কুরট, চর্মকার, চামার, মুচী।
কুরণ, (কুর) চাঁচন, আচড়ান।
কুরণ্ড, (কু-রম) অণ্ডবৃদ্ধি রোগ, কোষ বৃদ্ধি, অণ্ডবর্দ্ধন, অণ্ড দোষের পীড়া।
কুরব, কুৎসিত শব্দ, মন্দধ্বনি, শ্বেত মন্দার শাদা মাদার।
কুরর, (কুর) জলপক্ষী, উৎক্রোশ, বক।
কুররী, (কুর) মেষ, ভেড়ী ; কুররপক্ষিণী
কুরল, (কুর) উৎক্রোশ পক্ষী, কুরর।
কুরস, মদ্য বিশেষ ; কুৎসিত রস, মন্দ রসযুক্ত।
কুরী, তৃণ ধান্য বিশেষ।
কুরীতি, মন্দাচরণ, কদাচার, কুব্যবহার।
কুরীর, মৈথুন, রতিক্রিয়া, রমণ। [বিশেষ।
কুরু, (কৃ) চন্দ্র বংশীয় রাজা বিশেষ দেশ-
কুরুহ, (কুক্কুর) কুক্কুর, খুটিন।
কুরুচি, মন্দরুচি, কুপ্রবৃত্তি। [তাম্র।
কুরুক, (কৃ) কুকুর বংশজাত, তাহার মধ্য-
কুরুণ্ট, ক্রূর, খদিরাদিক বিশেষ।
কুরুণ্টা, দারু পুত্তলিকা, কাষ্ঠ পুত্তলী, কাষ্ঠের পুতুল। [মুক্তা, সারকসংযুক্ত
কুরুবক, কাঁচ রঙ্গণ, মাণিক্য মুক্তক,
কুরুবিল্ব, পদ্মরাগমণি, মরকত মণি।
কুরুম্ব, কুলপাল নামক নেবু ; কমলানেবু
কুরুরাজ, দুর্য্যোধন, ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠপুত্র
কুরুক্ষেত্র, দেশ বিশেষ ; কুরুপাণ্ডবদিগের রণভূমি ; মহা গোলযোগ
কুরুক্ষেত্রীযোগ, এক দিবসে তিথিত্রয় নক্ষত্র ত্রয় যোগত্রয় স্পর্শ, একদিনে তিন ত্র্যহস্পর্শ।
কুরূপ, কুৎসিত আকৃতি, কদাকার, বিশ্রী।
কুরূপ্য, ধাতু বিশেষ, রঙ্গ, রাং।
কুর্কুট (কুর-কুট) জঞ্জাল, কুক্কুট পক্ষী, মুরগী মোরগ, কুকড়া।
কুর্কুর কুর কুক্কুর, কুকুর শ্বা।
কুর্ত্তি (ফাং) জামা, জ্যাকেট।
কুর্দ্দন, (কুর্দ্দ) ক্রীড়া, খেলা, কুন্দন, কোঁদা, আস্ফালন, লাফান। [টু, অধীন।
কূর্পর, (কুর-পৃ) কফোণি, কণুই, জানু, হাঁ-
কূর্পাসক, কঞ্চুলিকা, কাঁচলি। [গৃহ
কুল, বংশ, গোষ্ঠী, স্বজাতীয় গণ, জন সমূহ
কুলক, (কুল-কৈ) পটোল লতা, পল্লতা, পরস্পর সম্বন্ধ শ্লোক সমূহ, বল্মীক, উই, কুল শ্রেষ্ঠ, হরিদ্বর্ণ সর্প।

কুলকণ্টক, ক্লেশকর ব্যক্তি ; মড়াশে
কুলকর্ম্ম, বংশ পরম্পরাগত ব্যবহার, কুলা-
চার, কুলক্রিয়া, কুলীনে কন্যা সম্প্রদান।
কুলক, করতালী, হাততালী। [গ্রি চালন।
কুলকুচ, (কুর) কুল্লী, মুখের মধ্যে জল রাখি
কুলক্রিয়া, বংশ পরম্পরাগত ব্যবহার; কুলাচার, কুলীনে কন্যাদান। [সদ্বংশীয়।
কুলজ, (কুল-জন) কুলীন, সৎকুলোদ্ভব,
কুলজী, (কুল-জন) বংশাবলী ; কুল পরিচয়
কুলজ্ঞ (কুল-জ্ঞা) ঘটক, কুলাচার্য্য ; কুল শাস্ত্রবেত্তা। [সতী, পুংশ্চলী।
কুলটা, (কুল-অট) ব্যভিচারিণী, ভ্রষ্টা, অ-
কুলটী, মনঃশিলা, গৈরিক ধাতুবিশেষ।
কুলথ, (কুল-স্থা) শস্য বিশেষ, কুলথ কলাই
কুলধর্ম্ম, স্বজাতীয় ধর্ম্ম, কুলাচার, বংশ পরম্পরাগত ধর্ম্ম।
কুলধারক, পুত্র, সুত, সন্তান। [পাদ্য হওন।
কুলন, নির্ব্বাহ হওন ; নিষ্পন্ন বাসমে-
কুলনন্দন, বংশোজ্জ্বল কারক, কুলতিলক।
কুলনায়িকা, নায়িকা বিশেষ ; কুলের সেব-
নীয়া নায়িকা।
কুলনাশ, বংশ ধ্বংস ; উষ্ট্র, উট্।
কুলপতি, কুল স্বামী ; গোত্র প্রধান বং-
শের শ্রেষ্ঠ পুরুষ।
কুলপ্রদীপ, বংশোজ্জ্বলকারী, কুলতিলক
কুলপালক, কুরুস্ব ফল, কমলা নেবু ; বংশ প্রতিপালক ; কুলধর্ম্ম রক্ষক।
কুলপালিকা, কুলবতী, কুলস্ত্রী, পতিব্রতা স্ত্রী
কুলবতী, (কুল) সদ্বংশীয়া স্ত্রী ; সুশীলা।
কুলবধূ, কুলস্ত্রী, কুলপালিকা, সদ্বংশের কন্যা।
কুলবধূতা, (কুলবধূ) পাতিব্রত্য, সতীত্ব।
কুলবার, মঙ্গলবার ও শুক্রবার।
কুলবিপ্র, কুল পুরোহিত, বংশ পরম্পরা-
গত যাজক।
কুলমর্য্যাদা, বংশের সম্মান।
কুলমিত্র, বংশ পরম্পরাগত সুহৃদ্।
কুলসুর, চৌর, তস্কর, মলিম্লুচ।
কুলশীল, বংশ মর্য্যাদা বর্দ্ধক আচার।
কুলশ্রেষ্ঠ, কুল প্রধান, বংশের শ্রেষ্ঠ।
কুলসম্ভব, কুলে জাত, কুলোৎপন্ন।
কুলস্ত্রী, কুলপালিকা, কুলবধূ, অনন্য গা-
মিনী, সতী।
কুলাচার, (কুল-আচার) পরিবারের নিয়ম।

কুলধর্ম্ম, পুরুষানুক্রমে অনুষ্ঠিত ধর্ম্ম।
কুলাচার্য্য, (কুল-আচার্য্য) ঘটক ; কুল পু-
রোহিত ; কুল গুরু।
কুলাট, ক্ষুদ্র মৎস্য বিশেষ।
কুলাদ্রি, কুলাচল, কুল পর্ব্বত। [উবরণ।
কুলান, (কুল) সম্পোষ্য হওন, নির্ব্বাহ ;
কুলানীয়, (কুল) নির্ব্বাহক, তত্ত্বাবধারক।
কুলায়, (কুল-অয়) পক্ষিশালা, পাখির বাসা, পক্ষির খোদা, নীড়।
কুলায়স্থ, পক্ষী, বিহঙ্গ ; নীড়স্থ
কুলায়িকা, পক্ষিশালা, পাখির বাসা। [ঘ
কুলাল, (কুল) কুম্ভকার, কুমার, জাতি বিশে
কুলালী (কুলাল) কুম্ভকার ভার্য্যা ; বন্যকুলথ কলাই। [রাঙ্গা কুলেখাড়া।
কুলাহক, কৃকলাস ; কেঁকলাস ; বৃক্ষবিশেষ
কুলাহল, ক্ষুদ্র বৃক্ষ বিশেষ, কোকসীমা গাছ
কুলি, হস্ত, কর, পাণি ; কণ্টকারী বৃক্ষ ; ইতর ব্যবসায়ী, মুটিয়া
কুলিঙ্গ, পক্ষি বিশেষ, ফিঙ্গা পাখী।
কুলিঙ্গকু, চটক পক্ষী, চড়া পাখী।
কুলিঙ্গাক্ষী, বৃক্ষ বিশেষ, পেটিকা বৃক্ষ ; পোরী গাছ
কুলিয়াকাড়া, (কোকিলাক্ষ) বৃক্ষবিশেষ।
কুলির, (কুল) কর্কট, কাঁকড়া।
কুলিশ, (কুল-শী) বজ্র ; মৎস্য বিশেষ ; অ-
স্থিসংহার বৃক্ষ।
কুলিশাসন, শাক্য মুনি ; বৌদ্ধ বিশেষ।
কুলী, কণ্টকারী বৃক্ষ ; বৃহতী বৃক্ষ।
কুলীন, (কুল) সম্ভ্রান্ত বংশীয়, উত্তম বংশো-
দ্ভব ; সজ্জন ; সাধু।
কুলীনক, বনমুদ্গ, বনমুগ।
কুলীনস, জল, সলিল, কীলাল।
কুলীর, (কুল) কর্কট, কাঁকড়া ; কর্কট রাশি
কুলীবাদ, কর্কট শিশু, কাঁকড়ার ছানা।
কুলীশ, (কুল-শী) বজ্র, অশনি, বাজ।
কুলচুর, (কোলচুর) কুলের আচার, কুলকুটা
কুলুকগুঞ্জা, উল্কাগ্নি, আকাশ হইতেপতি-
ত অনল।
কুলুপ, (যাং) কুঞ্জী, চাবী, তালা।
কুলেশ্বর, (কুল-ঈশ্বর) শিব ; কুলপতি।
কুলোৎকট, (কুল-উৎকট) উৎকট কুলোদ্ভব
কুলোদ্ভব, (কুল-উদ্ভব) কুলোৎপন্ন, বংশো-
দ্ভব। [অস্থি স্কন্ধ।
কুল্মক, রোগ বিশেষ, গুলক, গোঁড়মুড়া

কুল্মল, পাপ, কলুষ ; অপরাধ।
কুল্মাষ, কাঞ্জিক কাঁজী ; যাবক ; যাউ ; বোর ধান্য, বোর ধান ; রাজ মাষ
কুল্য, (কুল) অস্থি ; অষ্টদ্রোণ পরিমাণ ; সূর্প, কুলা ; সৎকুলোদ্ভব, মান্য।
কুল্যা, ক্ষুদ্রা কৃত্রিমা নদী ; পয়ঃ প্রণালী, পয়নালা ; কুলস্ত্রী ; স্থূলবার্ত্তাকু।
কুল্ল (কুল) কেবল, সম্পূর্ণরূপে। [লিন।
কুল্লী, কুলকুচ, মুখের মধ্যে জল রাখিয়া চা-
কুল্লুই, (কঙ্কর) কর্কর, কাঁকর।
কুল্লে, সমুদায়ে, সর্ব্বতোভাবে।
কুশ, (কু-শী) দর্ভতৃণ ; শ্রীরাম পুত্র ; দ্বীপ-বিশেষ ; পাপিষ্ঠ, মত্ত।
কুশন, কাষ্ঠ ছেদন, চেলান, কাটন।
কুশপ, পানপাত্র।
কুশপুষ্প, গ্রন্থিপর্ণ বৃক্ষ, গাঠিয়ালগাছ।
কুশল, মঙ্গল, কল্যাণ ; শিক্ষিত ; সমর্থ ; নিপুণ, দক্ষ। [ল্যাণকারী।
কুশলকারী, (কুশল-কারিন) হিতকারী, ক-
কুশলপ্রশ্ন, মঙ্গল জিজ্ঞাসা, মঙ্গলপ্রশ্ন।
কুশলিনী (কুশলিন) কল্যাণী ; সুখী ; পুণ্যবান, বৃক্ষ বিশেষ।
কুশলেচ্ছু, (কুশল-ইচ্ছু) মঙ্গলেচ্ছুক।
কুশস্থল কান্যকুব্জদেশ, কনোজ।
কুশস্থলী, দ্বারকা, শ্রীকৃষ্ণের পুরী।
কুশা, (কু-শী) পবিত্র তৃণ বিশেষ দর্ভতৃণ।
কুশাকর, অগ্নি, বহ্নি, অনল।
কুশাগ্র, কুশ নামক তৃণের অগ্রভাগ।
কুশাগ্রীয়মতি, অতিশয় সূক্ষ্ম বুদ্ধি ; প্রত্যুৎপন্ন বুদ্ধি।
কুশারণি, দুর্ব্বাসামুনি, ঋষি বিশেষ।
কুশাসন, (কুশ-আসন) কুশ নির্ম্মিত উপবেশন স্থান ; কুৎসিত বা মন্দ শাসন।
কুশাক্ষ, বানর, কপি, শাখামৃগ।
কুশি, (কু-শো) পূজার পাত্রবিশেষ। [গাছ।
কুশিংশপা, কুৎসিত শিংশপা বৃক্ষ, শেওড়া-
কুশিক, মুনি বিশেষ, জমদগ্নির পিতা।
কুশিত, জল মিশ্রিত, জল মিশান। [মুনি।
কুশী, (কু-শো) ফাল ; ক্ষুদ্র কোশা ; বাল্মীকি
কুশীল, দুরাত্মা, দুষ্ট স্বভাব [কীর্ত্তি প্রচারক
কুশীলব, চারণ, নট বিশেষ ; দেশান্তরে
কুশূল, তুষানল, তুষের আগুন ; ধান্যাগার, গোলা। [কারে বৃক্ষ।

কুশোদক, কুশসংলগ্ন জল।
কুষল, শ্রেয়ঃ, কল্যাণ, মঙ্গল।
কুষীদ, (কু-ষদ) বৃদ্ধি জীবিকা, সুদ গ্রহণ পুরঃসর ঋণ দান ; রক্তচন্দন
কুষাকু, বানর, কপি ; অগ্নি ; সূর্য্য।
কুষ্ঠ, (কু-স্থা) রোগ বিশেষ, মহাব্যাধি ; লতা বিশেষ কুড়।
কুষ্ঠনাশিনী, সোমরাজি বৃক্ষ, সোমরাজ।
কুষ্ঠল, কুৎসিত স্থল, কুস্থান।
কুষ্ঠসূদন, আরগ্বধ বৃক্ষ, সোঁদালীগাছ।
কুষ্ঠহন্ত্রী, বৃক্ষ বিশেষ, বাকুচী বৃক্ষ, হাকুচ গাছ। [আকন্দপত্র।
কুষ্ঠারি, (কুষ্ঠ-অরি) ,বিটখদির ; পটোল ;
কুষ্ঠী, (কুষ্ঠিন) কুষ্ঠরোগ যুক্ত ; অতিপাতকী
কুষ্মাল, ছেদন, কর্ত্তন, কাটন।
কুষ্মাণ্ড, (কু-উষ্ণ-অণ্ড) ফল বিশেষ, কুমড়া; শিবের গণদেবতা বিশেষ।
কুষ্মাণ্ডাকার, স্থূল, মোটা ; কুমড়ার আকার
কুসিম্বী, সিম্
কুসীদ, (কু-সদ) ঋণদান জীবিকা ; সুদ খাওয়া, বাড়ি দেওয়া, অর্থ প্রয়োগ।
কুসীদিক, (কু-সদ) বৃদ্ধিজীবী, সুদখোর।
কুসুম, (কুস) পুষ্প ; ফুল ; নেত্র রোগবিশেষ
কুসুমপুর, পুর বিশেষ, পাটনা, পাটলিপুত্র নামক নগর।
কুসুমময়া, বৃক্ষবিশেষ, চালিতা গাছ।
কুসুমাঞ্জলি, গ্রন্থ বিশেষ, ন্যায় শাস্ত্রের শেষ
কুসুমাত্মক, গন্ধদ্রব্য বিশেষ, কুঙ্কুম।
কুসুমাধিপ, চম্পক বৃক্ষ, চাঁপাগাছ।
কুসুমায়ুধ, কামদেব, কন্দর্প, মদন।
কুসুমাল, চোর, তস্কর, মলিম্লুচ।
কুসুমাসব, মধু মকরন্দ
কুসুমেষু, মদন, প্রদ্যুম্ন, কাম।
কুসুম্ভ, স্বর্ণ, পুষ্প বিশেষ, কুসুমফুল।
কুসৃতি, কিঞ্চুলুক, মহীলতা, কেঁচো।
কুসূল, তুষানল ; ধান্যাগার, ধানেরগোলা।
কুসৃতি, শাঠ্য, শঠতা ; ইন্দ্রজাল ; ভেল্কিবাজী।
কুস্তুভ, বিষ্ণু, নারায়ণ।
কুস্তুম্বরী, ধন্যাক, ধনিয়া
কুস্বপ্ন, মন্দ স্বপ্ন।
কুহ, কুবের, ধনপতি।

কুহকা (কুহ) মায়া, ইন্দ্রজাল, কাপট্য।
কুহকজীবী, মায়াজীবী, বাজিকর।
কুহকস্বন, কুক্কুট পক্ষী, কুঁকুড়া।
কুহকী, (কুহক) মায়াবী, বঞ্চক, বাজিকর।
কুহন, ঈর্ষালু ; মৃত্তিকা পাত্র বিশেষ, মুষিক, সর্প।
কুহনা, দম্ভচর্য্যা, অর্থলিপ্সায় মিথ্যাচরণ।
কুহর, (কু-হৃ) গহ্বর, ছিদ্র ; কর্ণ ; কণ্ঠ শব্দ; গলা ; সর্প বিশেষ। [শিত।
কুহরিত, রতিধ্বনি ; রটিত, ঘোষিত ; প্রক।
কুহা, বৃক্ষবিশেষ, কটুকী, কটকী গাছ।
কুহু, (কুহ) অমাবস্যা ; কোকিলের আলাপ
কুহুকণ্ঠ, কোকিল, পিক। [কা, কুআশা
কুহেডিকা, (কু-হেড়) কুহেলিকা, কজ্ঝটি
কুক্ষ, (কুষ) কুক্ষি ; উদর ; বগল।
কুক্ষি, (কুষ) বগল ; কক্ষ, উদর।
কুক্ষিরন্ধ্র, তৃণ বিশেষ।
, কুষ্মাপিশাচী, প্রেত
কূকুদ, যে ব্যক্তি অলঙ্কৃত কন্যাকে সৎপাত্রে সৎকার করিয়া দান করে।
কূচ, স্তন, পয়োধর, কুচ।
কূচিকা, তুলিকা, তুলী।
কূজ, শব্দ, রব ; পক্ষিরব।
কূজিত, পক্ষির ধ্বনি, বিহঙ্গ রব।
কূট, পর্ব্বতশৃঙ্গ ; লৌহমুদ্গর ; কৃত্রিম, মিথ্যা ; কৈতব ; নিশ্চল ; যন্ত্র।
কূটক, লাঙ্গলের ফাল ; কেশবিন্যাস, কবরী মুরা নামে গন্ধদ্রব্য বিশেষ। [কায়স্থ
কূটকৃৎ, কৃত্রিমকারী, কপট, প্রতারক
কূটজ ; পুষ্পবিশেষ ; এক প্রকারপুষ্পবৃক্ষ ;
কূটপালক, কুম্ভকারের পয়ন, কুমারের পোয়ান্। [বাগুরা, জাল।
কূটযন্ত্র, মৃগপক্ষ্যাদির বন্ধনার্থ কল, ফাঁদ
কূটসাক্ষী, মিথ্যাসাক্ষী, কৃত্রিমসাক্ষী। [নশ্ব
কূটস্থ, (কূট-স্থা) সর্ব্বকাল ব্যাপী ; সর্পের
কূটাগার, নারীদিগের ক্রীড় গৃহ, খেলাঘর।
কূটার্থ (কূট-অর্থ) কঠিনার্থ ; অন্যপ্রকার অভিপ্রায়। [প্রহেলিকা ; উপকথা।
কূটার্থভাষিতা, কথা প্রবন্ধ ; কল্পনা কথা
কূড়, (কূল) সূত্রের শেষাংশ বা অগ্রভাগ।
কূড়্য, (কুড়্) ভিত্তি, প্রাচীর, দেওয়াল।
কূণি, রোগাদি দ্বারা কুঞ্চিতকর, বক্রহস্ত রোগবিশেষ।
কূতনী, (কু-তন) বস্ত্রবিশেষ কবতী।

কূথলী থলী, ঝুলী ; বস্তা।
কূদর, জাতি বিশেষ ; পতিত বিপ্রবিশেষ।
কূপ, (কূ) অল্প জলাধার, পাৎকুয়া ; গর্ত্ত, নদীমধ্যস্থিত বৃক্ষ বা পর্ব্বত।
কূপক, নৌকার গুণবন্ধন স্তম্ভ, মাস্তল ; তৈলপাত্র, কুপা ; চিতা।
কূপমণ্ডুক, কূপের ভেক ; কুণো।
কূপাঙ্গ, রোমাঞ্চ, লোমাঞ্চ, পুলক।
কূপিকা, জলমধ্যে স্থিত পর্ব্বতাদি।
কূবর, কুব্জ, কুঁজা ; মনোহর।
কূবরী, কম্বলাচ্ছাদিত রথ।
কূম, সরোবর, পুষ্করিণী
কূর, অন্ন, ভক্ত, ভাত
কূরমপিঠিয়া, (কূর্ম্ম-পৃষ্ঠ) কুব্জ, বক্র।
কূর্চ্চ, ভ্রূমধ্য, ভ্রূদ্বয়ের মধ্যস্থান ; শ্মশ্রু, দাড়ী ; শীর্ষ।
কূর্চ্চশির, অস্থি, স্কন্ধ, গোড়মূড়।
কূর্চ্চশেখর, নারিকেল বৃক্ষ।
কূর্চ্চিকা, (কূর্চ্চ) ক্ষীরবিকৃতি, ক্ষীরসা, সূচিকা, সূত্র, তুলিকা, তুলী ; কুট্মল, কুঁড়ি, কুঞ্চিকা, কুঁজি, চাবী।
কূর্দ্দন, (কূর্দ্দ) ক্রীড়া, খেলা ; লম্ফন
কূর্প, ভ্রূদ্বয়ের মধ্যস্থল, ভ্রূমধ্য। [বিশেষ।
কূর্ম্ম, (কু-ঊর্ম্মি) কচ্ছপ, কাছিম ; বাহ্য বায়ু
কূর্ম্মপৃষ্ঠ, কচ্ছপ পৃষ্ঠ, কাছিমের পিঠ।
কূর্ম্মপৃষ্ঠক, শরাব, শরা
কূর্ম্মরাজ, কচ্ছপরাজ, শ্রেষ্ঠ কমঠ।
কূল, (কূল) নদীর জলনিকটস্থান, তট, তীর, তড়াগ ; স্তূপ, রাশি। [ঢিপি।
কূলক, (কূল) স্তূপ ; কৃমিপর্ব্বত, উয়ের
কূলঙ্কষ, সাগর, সমুদ্র, জলধি।
কূলঙ্কষা, নদী, সরিৎ, স্রোতস্বতী।
কূলবতী, নদী, তটিনী, কুলাঙ্গনা।
কূলভূ, তীরভূমি ; নদীপুলিন, চড়া
কূলহণ্ডক, জলাবর্ত্ত, জলের ঘূর্ণা।
কূলি, (যাং) মুটে, মজুর ; হরকরা
কূষ্মাণ্ড, কুমড়া ; কর্কারু, কাঁকুড়।
কূহ, কুহেলিকা, কুজ্ঝটিকা, কুআসা।
কৃ, (কৃ) করণ ; রচন ; বিধান।
কৃক, গলদেশ, গলা, গ্রীবা, ঘাড়।
কৃকণ, পক্ষি বিশেষ, কয়ার পাখী ; কৃমি, কীট, পোকা।
কৃকবাকু, কুক্কুট, ময়ূর ; সরট।
কৃকবাকুধ্বজ, কার্ত্তিকেয়, ষড়ানন, স্কন্দ

কৃকর, বায়ু বিশেষ; পক্ষি বিশেষ, কয়ার পাখী।

কৃকলা, পিপ্পলী, পিপুল। [সরট।

কৃকলাশ, (কৃক-লস) জন্তু বিশেষ, কাঁকলাশ

কৃকলাস, (কৃক-লস) জন্তু বিশেষ, কাঁকলাস, সরট।

কৃকাটিকা, ঘাড়, গ্রীবার পশ্চাদ্ভাগ

কৃকুলাস, কাঁকলাস, কৃকলাস।

কৃচ্ছ্র, (কৃৎ) কষ্ট; সান্তপনাদি ব্রত; পাপ; মূত্রকৃচ্ছ্র রোগ।

কৃচ্ছ্রগত, যন্ত্রণাযুক্ত; ক্লিষ্ট; পাপী; রোগী

কৃচ্ছ্রলব্ধ, বহুকষ্টে প্রাপ্ত।

কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র, প্রায়শ্চিত্তার্থ ব্রতবিশেষ।

কৃচ্ছ্রার্দ্ধ, ছয় দিন সাধ্য ব্রত বিশেষ।

কৃণ, চিত্রকর জাতি, পটুয়া।

কৃত, (কৃ) সত্যযুগ; বিহিত, নিষ্পাদিত।

কৃতক, বিড়লবণ; কৃত্রিম।

কৃতকর্ম্মা, (কৃত-কর্ম্মন্) কার্য্যক্ষম, প্রবীণ, শিক্ষিত, নিপুণ, দক্ষ।

কৃতকার্য্য, নিষ্পাদিতকার্য্য, চরিতার্থ।

কৃতকৃতার্থ, সম্পাদিত কার্য্য, চরিতার্থ।

কৃতকৃত্য, সম্পাদিত কার্য্য, কৃতার্থচরিতার্থ

কৃতক্রিয়, কৃতকার্য্য, সম্পাদিত কার্য্য।

কৃতঘ্ন, (কৃত-হন) কৃতহন্তা, উপকারাদি ঘাতক, নেমক, হারাম।

কৃতজ্ঞ, (কৃত-জ্ঞা) উপকারজ্ঞাতা, প্রত্যুপকারী; কুক্কুর।

কৃতজ্ঞতা, (কৃতজ্ঞ) প্রত্যুপকার করণেচ্ছা।

কৃতজ্ঞত্ব, (কৃতজ্ঞ) প্রত্যুপকার করণেচ্ছা।

কৃতদার, উঢ়, বিবাহিত, পাণিগ্রাহী।

কৃতদাস, ভৃত্য বিশেষ, কোন নিমিত্তবশতঃ নিয়মিত কাল পর্য্যন্ত স্বীকৃত দাসত্ব

কৃতপুঙ্খ, বাণশিক্ষায় বিচক্ষণ; ভাল তীরন্দাজ।

কৃতপূর্ব্বী, পূর্ব্বে নিষ্পন্ন কর্ম্ম।

কৃতবিক্রয়, বিক্রয় করা, বেচা।

কৃতবেতন, বেতন দ্বারা নিযুক্ত দাসাদি।

কৃতমাল, আরগ্বধ বৃক্ষ, সোঁদালিগাছ; কর্ণিকারবৃক্ষ; ছোটসোনালু।

কৃতমুখ, কৃতকর্ম্মা, কৃতী। [গুণে বিখ্যাত।

কৃতলক্ষণ, গুণদ্বারা প্রতীত, শৌর্য্যাদি

কৃতশ্রম, মহোৎসাহ; পরিশ্রমকারী।

কৃতসাপত্নিকা, প্রথম বিবাহিতা স্ত্রী, অধিবিন্না, যাহার উপরে বিবাহ করে।

কৃতহস্ত, শরমোক্ষণে সুশিক্ষিত যোদ্ধা, ভাল তীরান্দাজ। [করদ্বয়, করপুট।

কৃতাঞ্জলি, (কৃত-অঞ্জলি) অঞ্জলিবদ্ধ, যুক্ত

কৃতান্ত, (কৃত-অন্ত) যম, অন্তক; সিদ্ধান্ত।

কৃতান্তজ, অর্ক, সূর্য্য, রবি, দিবাকর।

কৃতাপরাধ, (কৃত-অপরাধ) অপরাধী, দোষী, পাপী। [কার্য্য, চরিতার্থ, সিদ্ধার্থ।

কৃতার্থ, (কৃত-অর্থ) কৃত প্রয়োজন, কৃত-

কৃতার্থতা, চরিতার্থতা; কার্য্য সম্পন্নবোধ।

কৃতার্থন্মন্য, আপনাকে চরিতার্থজ্ঞাতা।

কৃতালয়, ভেক, মণ্ডূক, বেঙ্গ।

কৃতি, করণ; বিধান; হিংসা।

কৃতিকর, ক্ষমতাবান্; কার্য্য দক্ষ; রাবণ।

কৃতিতা, (কৃতিন্) যোগ্যতা, ক্ষমতা, শক্তি

কৃতিত্ব, (কৃতিন্) যোগ্যতা, পুরুষত্ব। [বান্।

কৃতী, (কৃতিন্) নিপুণ; পণ্ডিত; সাধু; পুণ্য

কৃৎ, কারক, কর্ত্তা, বিধায়ক।

কৃৎস্ন, (কৃৎ) সম্পূর্ণ, সমুদায়, সকল।

কৃত্ত, ছিন্ন, কাটা; বেষ্টিত।

কৃত্তি, (কৃৎ) কৃষ্ণসারাদির চর্ম্ম, মৃগ ত্বক।

কৃত্তিকা, (কৃৎ) ২৭ নক্ষত্রের অন্তর্গত তৃতীয় নক্ষত্র।

কৃত্তিকাভব, চন্দ্র, বিধু, নিশাকর।

কৃত্তিকাসুত, কার্ত্তিকেয়, কুমার, পার্ব্বতী নন্দন। [সংগ্রাহক।

কৃত্তিবাস, শিব, মহাদেব; ভাষায় রামায়ণ

কৃত্নু, শিল্পী, শিল্পকর, কারিগর।

কৃত্য, (কৃ) করণীয়; প্রয়োজন; কর্ত্তব্য কর্ম্ম।

কৃত্যা, (কৃ) ক্রিয়া; অভিচার কর্ম্ম।

কৃত্রিম, (কৃ) রচিত, কাল্পনিক; পুত্রবিশেষ

কৃত্রিমপুত্র, দ্বাদশবিধ পুত্র মধ্যে পুত্র বিশেষ, যদি লোভ দেখাইয়া যাহাকে পুত্র করে।

কৃত্রিমমিত্র, কল্পিত বন্ধু; কাল্পনিক সুহৃদ্।

কৃত্রিমলেখ, মিথ্যালিপি, জালখত

কৃৎস্ন, সর্ব্ব, সাকল্য, অশেষ; কুক্ষি

কৃদর, ধান্যাদির গৃহ, গোলা ঘর।

কৃন্তত্র, লাঙ্গল, হল, হাল।

কৃন্তন, ছেদন, কর্ত্তন, কাটন।

কৃপ, কৃপাচার্য্য, দ্রোণাচার্য্যের শ্যালক।

কৃপণ, (কৃপ) অদাতা, ব্যয়কুণ্ঠ; মন্দ, কুৎসিত; দীন; কৃমি।

কৃপয়া, (কৃপ) দয়াপূর্ব্বক, কৃপা করিয়া।

কৃপাকর, (কৃপা-কৃ) করুণাকর, দয়ালু।

কৃপাণ, খড়্গ, অসি, করবাল

কৃপাণিকা, ছুরিকা, ছুরী।

কৃপাণী, কর্ত্তরী কাঁচী; ছুরিকা ছুরী।

কৃপানিধি, করুণাসাগর।

কৃপাবান, (কৃপাবৎ) দয়াবান, কৃপাবিশিষ্ট।

কৃপাময়, (কৃপা) দয়াময়, করুণাময়।

কৃপালু, দয়ালু, করুণান্বিত।

কৃপী, দ্রোণাচার্য্যের পত্নী অশ্বত্থামার মাতা

কৃপীট, উদর; জল; কাষ্ঠ; বন।

কৃপীটপাল, সাগর, সমুদ্র; বায়ু, পবন।

কৃপীটযোনি, অগ্নি, বহ্নি, অনল।

কৃপীপতি, দ্রোণাচার্য্য।

কৃপীপুত্র, অশ্বত্থামা, দ্রোণপুত্র।

কৃবি, বাপতন্ত্র, যন্ত্র, তাঁত।

কৃমি, (ক্রম) কীট, পোকা; লাক্ষা।

কৃমিকণ্টক, বিড়ঙ্গ; উডুম্বর, যজ্ঞডুমুর।

কৃমিকোষোত্থ, কৌষেয়, রেসমি কাপড়।

কৃমিঘ্ন, (কৃমি-হন) বিড়ঙ্গ; পলাণ্ডু, পাঁাজ; কীটনাশক।

কৃমিগ্ন, দরিদ্র, কন্দ।

কৃমিজা, লাক্ষা, লা।

কৃমিলা, বহুপ্রসূ, বহুসন্তান [illegible]। [illegible]

কৃমিশুক্তি, জলশুক্তি, জল [illegible]।

কৃমিশৈলক, বল্মীক, উঁই।

কৃমিলক, বনমুদ্গ, বনমুগ।

কৃশ, (কৃশ) দুর্ব্বল; অল্প। সূক্ষ্ম

কৃশর, [illegible] তিলান্ন, তিলের খি

কৃশা[illegible], [illegible] তিলমিশ্রিত অন্ন, [illegible]

কৃশলা, কেশ, কচ, [illegible]।

কৃশাঙ্গী, ক্ষীণাঙ্গী, [illegible] বিশিষ্ট।

কৃশানু, অগ্নি, অনল [illegible] চিত্রক বৃক্ষ।

কৃশানুরেতাঃ, শিব, মহাদেব।

কৃশাশ্বী, নট, নর্ত্তক।

কৃষক, (কৃষ) কর্ষক, কৃষাণ; [illegible]; বৃষ।

কৃষাণ, (কৃষ) কর্ষক, কৃষক।

কৃষাণু, অগ্নি, অনল, বহ্নি।

কৃষি, বৈশ্যবৃত্তি, কর্ষণ, চাস।

কৃষিকর্ম্ম, চাস, ক্ষেত্র কর্ষণাদি কার্য্য, শস্যোৎপাদন ক্রিয়া; ক্ষেতী।

কৃষীবল, (কৃষি) কৃষিজীবী, কর্ষক, চাসা।

কৃষ্কর, শিব, মহেশ, মহাদেব

কৃষ্ট, কর্ষণ করা, চসা ক্ষেত; টানিত।

কৃষ্টপচ্য, ব্রীহি, ধান্য

কৃষ্টি, কর্ষণ; পণ্ডিত, বিজ্ঞ।

কৃষ্ণ, (কৃষ) নন্দনন্দন, নারায়ণ; ব্যাস; কোকিল; অসিতবর্ণ, কাল, শ্যামল।

কৃষ্ণকন্দ, রাঙ্গাসুঁদী, রক্তোৎপল।

কৃষ্ণকর্ম্মা, পাপাচাররত, পাপবিশিষ্ট, পাপী

কৃষ্ণকেলি, পুষ্প বৃক্ষ বিশেষ।

কৃষ্ণকোহল, দ্যূতকৃৎ, দ্যূতকারী, পাশা খেলক, জুয়ারি।

কৃষ্ণচঞ্চুক, চণক, ছোলা।

কৃষ্ণচতুর্দ্দশী, কৃষ্ণ পক্ষীয় চতুর্দ্দশী, ভূত[চতুর্দ্দশী।

কৃষ্ণচূড়া, পুষ্প বৃক্ষ বিশেষ।

কৃষ্ণচূড়িকা, গুঞ্জা, কুঁচ।

কৃষ্ণচূর্ণ, লৌহমল, লোহার মরিচা।

কৃষ্ণজীরক, কৃষ্ণবর্ণ জীরক, কেলেজীরা।

কৃষ্ণতা, (কৃষ্ণ) কালবর্ণ, তিমিরত্ব।

কৃষ্ণতার, হরিণ, মৃগ।

কৃষ্ণদেহ, ভ্রমর; কৃষ্ণবর্ণ শরীর।

কৃষ্ণদ্বৈপায়ন, বেদব্যাস, বাদরায়ণ মুনি,

কৃষ্ণপর্ণী, কাল তুলসী।

কৃষ্ণপক্ষ, অসিত পক্ষ, চন্দ্রের হ্রাসকাল।

কৃষ্ণপক্ষীয় (কৃষ্ণপক্ষ) চন্দ্রের হ্রাস কাল সম্বন্ধীয়; জারজ, বিজন্মা।

কৃষ্ণপিঙ্গলা, দুর্গা, পার্ব্বতী।

কৃষ্ণপিপীলী, কৃষ্ণবর্ণ পিপীলিকা, কাল[পিপীড়া।

কৃষ্ণবক্ত্র, বানর, কাপ, শা

কৃষ্ণবর্ত্মা, অগ্নি; চিত্রক বৃক্ষ, রাং-চিতার গাছ; দুরাচার; রাহু।

কৃষ্ণবানর, কাল বানর, কৃষ্ণবর্ণ কাপ, কৃষ্ণ-[মুখ বানর।

কৃষ্ণবৃন্তিকা, গাম্ভারী বৃক্ষ, গাম্ভারগাছ।

কৃষ্ণভূম, কৃষ্ণবর্ণ মৃত্তিকাযুক্ত দেশ।

কৃষ্ণমুদ্গ, মুদ্গ বিশেষ, কাল মুগ।

কৃষ্ণমৃৎ, কৃষ্ণবর্ণ মৃত্তিকা, কালমাটী।

কৃষ্ণলক, গুঞ্জা, কুঁচ, পরিমাণ বিশেষ, এক মাসার পঞ্চম ভাগ।

কৃষ্ণলবণ, লবণ বিশেষ, কাচ লবণ।

কৃষ্ণলা, গুঞ্জা, কুঁচ

কৃষ্ণলোহ, অয়স্কান্ত মণি, কান্তিলোহ।

কৃষ্ণলোহিত, কৃষ্ণ রক্ত মিশ্রিত বর্ণ, ধূম্র

কৃষ্ণশার, কৃষ্ণসার মৃগ, হরিণ বিশেষ। [ধান

কৃষ্ণশালি, ধান্য বিশেষ, কাল শালি, কাল

কৃষ্ণশিম্বিকা, কৃষ্ণবর্ণ শিম্বী, কালশিম।

কৃষ্ণশৃঙ্গ, মহিষ, লুলাপ।

কৃষ্ণসখ, কৃষ্ণের সখা, অর্জ্জুন।

কৃষ্ণসার, হরিণবিশেষ, কালসার মৃগ, শুহী বৃক্ষ, সিজগাছ; সিংশপা বৃক্ষ; খাদির বৃক্ষ।
কৃষ্ণসারঙ্গ, কৃষ্ণবর্ণ মৃগ, কালসার হরিণ।
কৃষ্ণসারথি, মধ্যম পাণ্ডব, অর্জ্জুন, অর্জুন বৃক্ষ।
কৃষ্ণা, কৃষ্ণবর্ণ স্ত্রী; দ্রৌপদী; পিপ্পলী; দ্রাক্ষা; নীল পুনর্নবা; কৃষ্ণজীরক, কেলেজীরা।
কৃষ্ণাচল, রৈবত পর্ব্বত।
কৃষ্ণাজিন, (কৃষ্ণ-অজিন) কৃষ্ণসার মৃগের [চর্ম্ম।
কৃষ্ণানদী, নদী বিশেষ।
কৃষ্ণাভ্র, (কৃষ্ণ-অভ্র) কাল মেঘ।
কৃষ্ণায়স, কৃষ্ণবর্ণ লৌহ।
কৃষ্ণার্চ্চি, অগ্নি, অনল, বহ্নি।
কৃষ্ণাশ্রিত, কৃষ্ণের শরণাপন্ন, কৃষ্ণভক্ত।
কৃষ্ণেক্ষু, ইক্ষুবিশেষ, কাজলা আউক।
কৢপ্ত, (কৢপ) কৃতকল্পন, রচিত, স্থিরীকৃত, নিয়মিত, নিবদ্ধ, নিয়ত।
কৢপ্তকীলা, ব্যবস্থাপত্র; অট্টালিকা।
কৢপ্তকেশ, কেশধারা, জটাবিশিষ্ট।
কৢপ্তিক, ক্রীত, কৃতক্রয়, কেনা।
কে, কোন্ ব্যক্তি, কোন্ মনুষ্য, কেটা।
কেঅা, (কেতক) কেতকী পুষ্পের বৃক্ষ, কেয়াফুল।
কেঁচো, কিঞ্চুলুক, কৃমি, কীট বিশেষ।
কেউ, (কিং) কোন লোক, কেহ।
কেউটিয়া, (কৃষ্ণ) তীক্ষ্ণ বিষধর সর্প, সর্পবি- [শেষ।
কেকয়, সূর্য্য বংশীয় রাজা বিশেষ।
কেকয়ী, দশরথ রাজার পত্নী, ভরতমাতা।
কেকর, বক্রাক্ষি, বজির, টেরা।
কেকা, (কৈ) ময়ূর ধ্বনি, শিখিরব।
কেকাবল, ময়ূর, শিখী, কেকী।
কেকী, ময়ূর, শিখী, শিখণ্ডী।
কেচন, কোন২ ব্যক্তি, কেচিৎ।
কেচিৎ, (কিং) কেচন, কোন২ ব্যক্তি।
কেচু, কচুক, কচু, কচ্বী।
কেজুয়া, (কার্য্যার্হ) কার্য্যোপযুক্ত।
কেঠুয়া, (কাঠ) জলসেচনী, কেঠো।
কেণন, ক্রয়করণ, মূল্য দ্বারা গ্রহণ, কেনা।
কেণিকা, পটকুটী, তাম্বু, কানাৎ।
কেতক, (কিত) কেতকীবৃক্ষ বিশেষ, কেয়াফুলের গাছ।
কেতন, (কিত) নিশান, ধ্বজা, নিমন্ত্রণ চিহ্ন; গৃহ, স্থান, নিবাস।
কেতু, (চায়) গ্রহবিশেষ; পতাকা।
কেতুভ, মেঘ, ঘন, বারিদ।
কেতুমাল, (কেতু-মালা) জম্বুদ্বীপের নবখণ্ডান্তর্গত খণ্ড বিশেষ।
কেতুরত্ন, বৈদুর্য্যমণি, রত্ন বিশেষ।
কেদার, (ক-দৃ) ক্ষেত্র, ক্ষেৎ; পর্ব্বত বিশেষ; শিব; ভূমি বিশেষ।
কেন, (কিং) কারণ, কি হেতু, কি জন্য।
কেননা, যেহেতু, কারণ।
কেনার, কুম্ভী নামে নরক; মস্তক; কপোল
কেনিপাত, অরিত্র, নৌকর্ণ, হালি।
কেন্দুক, (ক-ইন্দ) গালব বৃক্ষ, গাবগাছ।
কেন্দুয়া, নেকড়িয়া বাঘ, বৃক।
কেন্দ্র, লগ্ন; গোল বস্তুর মধ্যস্থান।
কেবর্ত্ত, কৈবর্ত্ত জাতি, ধীবর।
কেবল, (কেব) অসহায়, একমাত্র; নিশ্চয়।
কেমন, (কিং) কি প্রকার, কিরূপ।
কেমূক, বৃক্ষ বিশেষ, কেউ, কেশুর।
কেয়ূর, (ক-যু) অলঙ্কার, বিশেষ, তাড়; অঙ্গদ।
কেরওয়াল, (কে-রু) নৌকার বটিকা, ক্ষুদ্র- [দাঁড়।
কেরবাল, (কে-রু) কর্ণ, নৌকার হাইল, নৌকা চালন দণ্ড, নৌকার বটিয়া।
কেরল, দেশ বিশেষ, মালওয়ার দেশ, ম্লেচ্ছ জাতি বিশেষ।
কেরায়া, (ক্রেয়) ভাটক, ভাড়া; যানাদি বা- [হকের মূল্য।
কেলান, (কেল) উদ্গারণ, ছালতোলন।
কেলি, (কিল) পরিহাস ক্রীড়া, লীলা, নর্ম্ম
কেলিকদম্ব, বৃক্ষ বিশেষ।
কেলিকলা, রতি ক্রিয়া; সরস্বতীর বীণা।
কেলি কলা, রতি, কামদেবের পত্নী।
কেলিকীণ, উষ্ট্র, উট।
কেলিকুঞ্চিকা, শ্যালিকা, শালী, স্ত্রীরভগিনী
কেলিবিহার, ক্রীড়া, নর্ম্ম, কৌতুক।
কেলিবৃক্ষ, কদম্ব বিশেষ, কেলিকদম্ব।
কেলিমুখ, পরিহাস ক্রীড়া, নর্ম্ম।
কেলিসচিব, ক্রীড়া বিষয়ক মন্ত্রী, খেলার পরামর্শী।
কেল্যানী, পাকপাত্র ধৌত কৃষ্ণবর্ণ জল; [কাঞ্জী, কাঁজী।
কেশ, (ক-ঈশ) চুল, কচ, চিকুর কুন্তল; বরুণ; দৈত্য বিশেষ; বিষ্ণু।
কেশকলাপ, কেশপাশ, কেশ সমূহ, চুলের খোঁপা।
[পোকা।

কেশচ্ছিৎ, নাপিত, দিবাকীর্ত্তি, কেশচ্ছেদক
কেশপক্ষ, কেশপাশ, কেশ সমূহ।
কেশপর্ণী, অপামার্গবৃক্ষ, আপাংগাছ।
কেশপাশ, কেশ সমূহ, কেশ কলাপ, চুলের গোছা।
কেশপাশী, শিরোমধ্যস্থ শিখা, চূড়া, টিকী।
কেশব, (কেশ) বিষ্ণু, নারায়ণ; পুন্নাগ বৃক্ষ।
কেশবায়ুধ, বিষ্ণুর অস্ত্র; আম্রবৃক্ষ।
কেশবালয়, অশ্বত্থ বৃক্ষ; শ্রীকৃষ্ণের স্থান।
কেশবিন্যাস, কবরী বন্ধন, কেশরচনা।
কেশবেশ, কবরী, কেশ বিন্যাস, চুলের খোঁপা।
কেশভূ, শিরঃ; মস্তক, মাথা।
কেশমার্জক, কঙ্কতিকা, কাঁকুই, চিরুণী।
কেশমার্জ্জন, কঙ্কতিকা, চিরুণী; কেশশুদ্ধি
কেশর, (কেশ) নাগকেশর বৃক্ষ; বকুল বৃক্ষ, পুন্নাগ বৃক্ষ; কিঞ্জল্ক, ফুলের পাবড়ি।
কেশরী, (কেশর) সিংহ; ঘোটক; পুন্নাগবৃক্ষ, নাগকেশর।
কেশহস্ত, কেশসমূহ, কেশপাশ, অনেক চুল
কেশাকেশি, পরস্পর কেশগ্রহণপূর্ব্বক যুদ্ধ, চুলোচুলি।
কেশিক, প্রশস্ত কেশ যুক্ত, উত্তমকেশ বিশিষ্ট, দৈত্য বিশেষ। [অসুরের হন্তা।
কেশিনিসূদন, শ্রীকৃষ্ণ, বিষ্ণু, কেশিনামে
কিশিহা, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
কেশী, (কেশ) প্রশস্ত কেশ বিশিষ্ট; বিষ্ণু; দৈত্য বিশেষ; কেসরী, সিংহ।
কেশোচ্চয়, কেশ সমূহ, কেশপাশ।
কেসর, কিঞ্জল্ক, ফুলের পাবড়ী; হিঙ্গু, হিং; নাগকেশর পুষ্প।
কেসরাম্ল, বীজপুর, দাড়িম্ব, ডালিম।
কেসরী, (কেশর) সিংহ; ঘোটক; পুন্নাগ নাগকেশর; বানর বিশেষ।
কেহ, (কিং) কোন, কেউ, অনির্দ্দিষ্ট ব্যক্তি
কৈ, (কিং) কুত্র, কোথা
কৈকয়ী, কেকয়ী দশরথ রাজপত্নী।
কৈঙ্কর্য্য, (কিঙ্কর) কিঙ্করত্ব, ভৃত্যতা, দাসত্ব
কৈটভ, দৈত্য বিশেষ।
কৈটভহা, বিষ্ণু, নারায়ণ।
কৈটভারি, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
কৈটভী, দুর্গা, পার্ব্বতী।
কৈতক, কেতকী, পুষ্প, কেয়াফুল।
কৈতব, (কিতব) ছল; দ্যূত; বৈদূর্য্যমণি।

কৈদার, (কেদার) ক্ষেত্র সমূহ; শালিধান্য।
কৈদার্য্য, ক্ষেত্র; ক্ষেত্র সমূহ।
কৈবর্ত্ত, বর্ণসঙ্কর জাতি বিশেষ, ধীবর, জালিক, জেলে। [জেলিনী।
কৈবর্ত্তিনী, (কৈবর্ত্ত) ধীবর জাতীয়া স্ত্রী,
কৈবল্য, (কেবল) মুক্তি, মোক্ষ, পরিত্রাণ।
কৈমুতিকন্যায়, ন্যায় বিশেষ, ফলে ফলে, যাহাতে তাৎপর্য্য প্রকাশ হয়।
কৈরব, (কে-রব) কুমুদ, শ্বেতোৎপল।
কৈরবিণী, (কেরব) কুমুদিনী, সুঁদী ফুল।
কৈরাটক; স্থাবর বিষ বিশেষ, কাঠবিষ।
কৈলা, বৎসতর, গোবৎস, বাছুর। [স্থান।
কৈলাস, পর্ব্বত বিশেষ, শিব ও কুবেরের
কৈলাসনিকেতন, শিব, মহাদেব; কুবের।
কৈলাসৌকাঃ, কুবের, যক্ষরাজ
কৈশিক, কেশসমূহ; শৃঙ্গার রস।
কৈশোর, (কিশোর) কিশোরাবস্থা, বাল্যাবস্থা, দশম বৎসর বয়ঃক্রমের পর পঞ্চদশ বৎসর পর্য্যন্ত কাল।
কো, কোআসা, কুজঝটিকা, কুহেলিকা।
কোঁক, (কুক্ষি) কাঁক; বৃক্ষ বিশেষ।
কোঁকড, (কুচ) কুঞ্চিত, তোবড়া; শুষ্ক।
কোঁকডান, কুঞ্চিত, বক্রহওয়া, কুণ্ঠিত।
কোঁকান, (কোঁকা) কুন্থন, কোঁথান, কাতরণ
কোঁচ, (কুচ) মৎস্য ধারণ অস্ত্র বিশেষ।
কোঁচড, (ক্রোড়) পরিহিত বস্ত্রের সম্মুখভাগ; বস্ত্রের একভাগ।
কোঁচন, ভাঁজ করণ; চুনটকরণ।
কোঁচা, (কুচ) বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ।
কোক (কোকিল) চক্রবাক পক্ষী; বৃক, নেকড়িয়া বাঘ; ভেক; বিষ্ণু।
কোকদেব, কপোত, পারাবত, পায়রা।
কোকনদ, রক্তকুমুদ, রাঙ্গাসুঁদী; রক্তপদ্ম।
কোকনদচ্ছবি, রক্তবর্ণ, লোহিতবর্ণ
কোকবন্ধু, সূর্য্য, ভানু, রবি।
কোকাহ, শ্বেতঘোটক, শাদা ঘোড়া।
কোকিল, (কুক) পিক, পরভৃত, অন্যপুষ্ট, বনপ্রিয়; অঙ্গার।
কোকিলাবাস, চূতবৃক্ষ, আম্রতরু, আঁবগাছ
কোকিলেক্ষু, কৃষ্ণবর্ণ ইক্ষু, কাজলাআউক।
কোঙ্কণ, (কু-কণ) শস্ত্র বিশেষ; দেশ বিশেষ, কোকণ দেশ।
কোঙ্কণাসুত, জামদগ্ন্য, পরশুরাম
কোচ, জাতিবিশেষ; তিওরবিশেষ।

কোচবেহার, দেশবিশেষ, কোচ জাতীয়দের দেশ।
কোজাগর, (কু-জাগৃ) আশ্বিন মাসের পুর্ণিমা
কোট, (কোট) দুর্গ, গড়, কেল্লা।
কোটক, গৃহকারক, ঘরামী ; জাতিবিশেষ।
কোটন, (কুট) চূর্ণন ; ছেদন ; খণ্ড২ করণ।
কোটনা, (কুট্টনী) রমণদূত, বেশ্যা ঘটক ; ভেড়ুয়া। [তোষামোদ করণ।
কোটনাপনা, কোটনামি, রতি সাহায্য ;
কোটনামি, কোটনাপনা, রতিপ্রেষ্ত্য।
কোটর, (কুট) বৃক্ষের স্কন্ধ স্থিতি গহ্বর, গাছের খোঁড়ল। [সর।
কোটরী, নগ্না স্ত্রী, বিবস্ত্রা নারী ; খোঁড়ল ;
কোটা, (কোট) অট্টালিকা, ইষ্টকময় গৃহ।
কোটাল, (কোট-অল) নগরপাল, প্রহরী, চৌকীদার।
কোটালী কোটালের কর্ম্ম, প্রহরিরকার্য্য।
কোটি, (কুট) অস্ত্রাদির কোণ ; শতলক্ষ সংখ্যা, ক্রোর ; ধনুর অগ্র ; প্রতিজ্ঞা, পূর্ব্বপক্ষ
কোটিক, ইন্দ্রগোপকীট, টাকপোকা।
কোটিকল্প, অপরিমতি কাল, সর্ব্বক্ষণ, প্রায় কোটি সংখ্যা।
কোটিবর্ষ, শত লক্ষ বৎসর। [পোকা।
কোটির, ইন্দ্র ; নকুল ; কীট বিশেষ, টাক-
কোটিশ, কোটিবার ; ডেলাভাঙ্গা মুগুর।
কোটী, (কুট) ক্রোর সংখ্যা ; খড়্গাদির অগ্রভাগ।
কোটীর, জটা ; কিরীট, মুকুট।
কোটীশঃ, কোটিবার, কোটি২। [পোড়।
কোটার, কুপ ; পুষ্করিণীর পাটক, পুকুরের
কোটার্দ্ধ, পঞ্চাশৎলক্ষ, অর্দ্ধ ক্রোর।
কোট্যক্ষর, মীমাংসা, সিদ্ধান্ত ; পূর্ব্ব পক্ষের খণ্ডন।
কোট্ট, দুর্গ, গড়, কেল্লা।
কোঠ, (কুট) চক্রাকার কুষ্ঠরোগ বিশেষ।
কোঠরী, (কুটী) কুঠরী, কুটীর, গৃহ, বেশ্ম।
কোঠা, ইষ্টকময় গৃহ, অট্টালিকা।
কোঠী, কর্ম্মালয়, বাণিজ্যালয় ; ঘর।
কোড়ন, (কুট্ট) ভূমি বিদারণ, ভেদন।
কোড়া, (কুক্ক) কশা, চাবুক ; কুলি লোক।
কোণ, (কুণ) গৃহাদির একদেশ ; অস্ত্রাদির [illegible] কাটী।
কোণকুণ, উৎকুণ, উকুণ, কেশকীট।

কোণটানা, আড়ে কশা, বিস্তারে অপ্রশস্ত
কোণা, (কোণ) গৃহাদির একদেশ ; কোণাকোণি, উভয় কোণে, দুই কোণের সন্ধি স্থান, আড়ে২।
কোণি, (কোণ) নখের কুণি ; কোঁপা। [রোগ
কোথ, নেত্র রোগ বিশেষ, কথো বা খতো
কোথায় (কুত্র) কোন্‌ স্থানে কোন্‌ খানে।
কোদণ্ড ধনুঃ, ধনুক ; জনপদবিশেষ।
কোন, (কিং) কেহ, কেউ, অনির্দ্দিষ্ট।
কোপ, (কুপ) ক্রোধ, রাগ, রোষ, আঘাত।
কোপতঃ, রাগতঃ, রাগ পূর্ব্বক। [রোষান্বিত
কোপন, (কুপ) কোপ বিশিষ্ট, রাগযুক্ত,
কোপনা, কোপবতী, ক্রুদ্ধ, রাগান্বিতা।
কোপা, (কুপ) তৈলাদির পাত্র বিশেষ।
কোপান, (কুপ) গমন, ছেদন, রাগান, ক্রোধ জন্মান। [হাক্রোধী।
কোপান্ধ, ক্রোধে হিতাহিত দর্শনহীন, ম-
কোপান্বিত, ক্রুদ্ধ, ক্রোধযুক্ত, কুপিত।
কোবিদ, পণ্ডিত, বুধ, নিপুণ। [মার।
কোমল (কম) নরম, অকঠিন ; মৃদু, সুকু-
কোর, (বক্র) ন্যুব্জ, বক্র, বাঁকা।
কোরক (কুর) পুষ্প কলিকা, মুকুল, কুঁড়ী।
কোরণ (কুর) ঘর্ষণ, আঁচড়ান। [পীড়া।
কোরণ্ড, (কুরণ্ড) কোষ বৃদ্ধি, জল দোষের
কোল, (কুল) বদরীফল, কুল ; তোলক পরিমাণ, এক তোলা ; শূকর ; ক্রোড় ; দেশ বিশেষ, বর্ণসঙ্কর জাতিবিশেষ, শ্মশ্রুধারী ম্লেচ্ছ জাতি বিশেষ।
কোল আঁধার, সম্মুখ অন্ধকার ; সন্ধ্যার পর অন্ধকারাচ্ছন্ন কিয়ৎক্ষণ।
কোলক মরিচ ; গন্ধ দ্রব্য বিশেষ।
কোলপাতী পত্রান্তর্গত পত্র, অতিরেক পত্র, ক্রোড় পত্র।
কোলা, (কুল) কোলি বৃক্ষ, বদরী ; পিপুল।
কোলাকোলি (কোল) আলিঙ্গন, আশ্লেষ।
কোলাঞ্চ, দেশ বিশেষ, যে দেশের রাজধানী কান্যকুব্জ বা কনোজ নগরী।
কোলানি, অভ্যর্থনা ; কাতরতা।
কোলাহল (কোল-হল) অতি দূরগামি বহুবিধ অব্যক্ত ধ্বনি, কলকল শব্দ, গোল।
কোলি, (কোল) বদরী বৃক্ষ, কুল গাছ।
[illegible]
কোশ, (কুশ) মুষ্ক, অণ্ডকোশ ; ভাণ্ডার ; অস্ত্রাদির খাপ।

কোশকার, ইক্ষু, আউক ; কীট বিশেষ গুটিপোকা।
কোশল, অযোধ্যা নগরী।
কোশলাত্মজা কৌশল্যা, শ্রীরামমাতা।
কোশলিক, উৎকোচ, ঘুষ ; [পাত্র।
কোশা, (কুষ) তাম্র নির্ম্মিত দীর্ঘাকৃতি পূজা-
কোশাতক, কচ, কেশ, কুন্তল, চুল।
কোশাতকী, ফল বিশেষ, ঝিঙ্গা ; বাণিজ্য।
কোশী, চর্ম্মপাদুকা, উপানৎ, জুতা ; মোজা ; ধান্যাদির শুঁয়া।
কোষ, (কুষ) কুট্মল, কুঁড়ি ; খড়্গাপিধান খাপ ; অর্থ সমূহ ; অণ্ডকোষ, মুষ্ক, শব্দাদি সংগ্রহ, অভিধান ; ভাণ্ডারাগার ; যোনি ; মুকুল ; গোলবাচক।
কোষক, মুষ্ক, অণ্ডকোষ।
কোষকার, ইক্ষু, আউক, কীটবিশেষ, গুটিপোকা ; অভিধান কর্ত্তা।
কোষখসা, খাসি বা খোজা করণ।
কোষচঞ্চু সারস পক্ষী। [পীড়া বিশেষ।
কোষবৃদ্ধি, কুরণ্ড, একশিরা, জলদোষের
কোষলা, যোধ্যা নগরী।
কোষশায়িকা ছুরিকা, ছুরী। [ডোঙ্গা।
কোষা, (কুষ) তাম্রময় পূজা পাত্র ; হস্তকুণ্ড ;
কোষাগার, (কোষ-আগার) ভাণ্ডার গৃহ, ভাঁড়ার ঘর।
কোষাতক, কেশ, কুন্তল, চুল। [বতী রাত্রি।
কোষাতকী, ফল বিশেষ, ঝিঙ্গা ; জ্যোৎস্না-
কোষাধ্যক্ষ, (কোষ-অধ্যক্ষ) কোষাধীশ, কোষাধিপতি, ভাণ্ডারী।
কোষাম্র, ফল বিশেষ, কেওড়া।
কোষী, (কোষ) পাদুকা ; শুঙ্গা, শস্যের শুঁয়া ; তাম্র পাত্র বিশেষ ; আম্র বৃক্ষ।
কোষ্ঠ, (কুষ) গৃহ মধ্য ; কুক্ষি মধ্য ; বিষ্ঠা-মূত্র ; গোলা, ধান্যাগার।
কোষ্ঠা, (কুষ) গোলা, কুঠরী ; তৃণ বিশেষ।
কোষ্ঠী, (কুষ) জন্ম পত্রিকা
কোষ্ণ, ঈষদুষ্ণ, কিঞ্চিৎ উষ্ণ, অল্পগরম।
কোহরী, (ক-হৃ) মৎস্য বিশেষ।
কোহল, মদ্য বিশেষ ; বাদ্য বিশেষ, নাট্য শাস্ত্র প্রবক্তা।
কোহাড়া, (কুহেড়িকা) কুজ্ঝটিকা, কোয়াসা
কৌক্কৃত্য, অনুতাপ, পশ্চাত্তাপ ; খেদকরণ; অযুক্ত ক্রিয়া। [ঞ্চক।
কৌক্কুটিক, (কুক্কুট) প্রতারক, কপট, প্রব-

কৌক্কুটিক, (কুক্কুট) দাম্ভিক, গর্ব্বী ; অদূর-দর্শী।
কৌক্কুটিন্দল, সর্প বিশেষ, বোড়াসাপ।
কৌঙ্কিণ, দেশ বিশেষ, কোকণ দেশ।
কৌঞ্জায়নী, ব্রাহ্মণী ; কুঞ্জের কন্যা।
কৌট (কুট) কাষ্ঠাদি নির্ম্মিত ক্ষুদ্র পাত্র।
কৌটতক্ষ, স্বকর্ম্মজীবী স্বাধীনসূত্রধর, অন্যের অনধীন ছুতার।
কৌটবিক, মাংসিক, মাংস বিক্রেতা।
কৌটসাক্ষী, মিথ্যা সাক্ষী, জাল সাক্ষী।
কৌটা, (কোট) কাষ্ঠাদি নির্ম্মিত ক্ষুদ্র পাত্র।
কৌট্টিক, মাংস বিক্রেতা, কষাই।
কৌটিলিক, লৌহকার, কামার ; ব্যাধ।
কৌটিল্য, (কুটিল) কুটিলতা, কাপট্য, ছল।
কৌটুম্বিক, (কুটুম্ব) কুটুম্বী, কুটুম্ব বিশিষ্ট।
কৌড়ী, (কপর্দ্দক) বরাটক, কড়ী।
কৌণপ, রাক্ষস, রাত্রিচর জাতি।
কৌণ্ডিন্য, কুণ্ডিন মুনি পুত্র।
কৌতর, (কপোত) পারাবত, পায়রা
কৌতুক, (কুতুক) কুতূহল, উৎসব ; হর্ষ, নর্ম্ম, পরিহাস। [ক, নর্ম্মকারী।
কৌতুকী, (কৌতুক) হর্ষাভিলাষী, পরিহাস
কৌতুকীয়, রসিক ; উপহাসকারী, পরিহাস কর্ত্তা। [অভিলাষ ; আমোদ ; হর্ষ
কৌতুহল, (কুতুহল) অপূর্ব্ব বস্তুদর্শনের
কৌদালিক, বর্ণ সঙ্কর জাতি বিশেষ [ক্ষেত্র
কৌদ্রবীণ, কোদ্রবধান্যক্ষেত্র, কোদোধানের
কৌন্তেয়, (কুন্তী) কুন্তী পুত্র ; অর্জ্জুন বৃক্ষ।
কৌপ, (কূপ) কূপোদক, পাতকূয়ার জল।
কৌপীন (কু) চীর, মেখলাবদ্ধ পরিধেয়-বস্ত্র খণ্ড, কপিনী, কচ্ছা ; গুহ্যদেশ।
কৌবের, (কুবের) কুবের সম্বন্ধীয় ; কুড়গাছ
কৌবেরী (কুবের) উত্তরদিক ; কুবের শক্তি
কৌমার, (কুমার) কুমারাবস্থা, শিশুকাল, জন্মাবধি পঞ্চম বর্ষ বয়ঃক্রম কাল।
কৌমুদ, কার্ত্তিক মাস, উর্জ্জ।
কৌমুদী, (কুমুদ) জ্যোৎস্না চন্দ্রিকা ; উৎসব, কার্ত্তিকোৎসব কার্ত্তিকী পূর্ণিমারউৎসব
কৌমুদীপতি, চন্দ্র, শশী, বিধু।
কৌমুদীবৃক্ষ, দীপগাছ, পিলসুজ।
কৌরব, (কুরু) কুরুরাজ সন্ততি, কৌরব্য।
কৌরব্য কুরুরাজ সন্ততি, কৌরব।
কৌর্প্য, বৃশ্চিক রাশি। [কুলধর্ম্মাচারী।
কৌল, (কুল) সৎকুলোদ্ভব ; তান্ত্রিক মতে-

কৌক্কেয়, (কুল) সৎকুলোদ্ভব ; অসতীপুত্র।
কৌলটেয়, (কুলটা) কুলটা স্ত্রীর পুত্র, অসতীপুত্র, বিজন্মা, জারজ।
কৌলিক, (কুল) কুল পরম্পরাগত, বামাচারী ; তন্ত্রবায়, তাঁতি। [যুদ্ধ ; লোকবাদ।
কৌলীন, (কুল) কুলীনত্ব ; পশু সর্প পক্ষির
কৌলীন্য, (কুল) কুলীনত্ব, বংশমর্যাদা।
কৌলেয়, (কুল) কুলীন, সদ্বংশজাত
কৌলেয়ক, কুক্কুর ; কুলীন।
কৌল্য, (কুল) সৎকুলজাত, কুলীন।
কৌশ, কান্যকুব্জদেশ, কনোজ।
কৌশল, কুশলতা, চতুরতা, পটুতা ; ছল। [উপায়ে।
কৌশলক্রমে, (কৌশলক্রম) উপায় ক্রমে,
কৌশলেয়, শ্রীরাম, রঘুনাথ।
কৌশল্য, (কুশল) কল্যাণ, পটুতা ; উপায় ছল। [রাজকন্যা।
কৌশল্যা, (কোশল) শ্রীরাম জননী, কোশল-
কৌশল্যায়নি, শ্রীরাম, রাঘব।
কৌশিক, ইন্দ্র ; পেঁচা ; ব্যালগ্রাহী, সাপুড়ে ; বেজী ; কোষকার, গুটিপোকা ; শৃঙ্গার রস ; মজ্জা।
কৌশিকফল, নারিকেল বৃক্ষ।
কৌশিকা, চষক, পানপাত্র।
কৌশিকায়ুধ, ইন্দ্রধনুঃ।
কৌশিকারাতি, কাক, বায়স।
কৌশিকী, চণ্ডিকা, দুর্গা ; নদীবিশেষ।
কৌশেয়, (কোষ) কৃমিকোষোত্থ বসন, পট্টবস্ত্র, রেসমী কাপড়। [কাপড়।
কৌষেয়, (কোষ) পট্ট নির্ম্মিত বস্ত্র, রেসমী-
কৌসীদ্য, আলস্য ; তন্দ্রা।
কৌসুম, কুসুমাঞ্জন, পুষ্পাঞ্জন।
কৌসৃতিক, মায়াকার ; বাজীকর।
কৌস্তভ, (কুস্তুভ) বিষ্ণুর বক্ষঃস্থিত মণি ; মুক্তা বিশেষ।
কৌক্ষেয়ক, অসি, খড়্গ ; করবাল।
ক্রকচ, করপত্র, করাৎ।
ক্রকচচ্ছদ, কেতকী বৃক্ষ, কেয়াগাছ।
ক্রকচপাদ, কৃকলাস, কাঁকলাস
ক্রকচা, (ক্রকচ) কেতকী, কেয়া।
ক্রকর, (ক্র-কৃ) পক্ষি বিশেষ, কয়ারপক্ষী ; তীক্ষ্ণ করাত।
ক্রতু, (কৃ) যজ্ঞ, যাগ ; পূজা।
ক্রতুদ্বিট্, অসুর, দানব, রাক্ষস।
ক্রতুধ্বংসী, শিব মহাদেব।
ক্রতুপশু, অশ্ব, ঘোটক।
ক্রতুপুরুষ, বিষ্ণু, নারায়ণ।
ক্রতুভুক, দেবতা, অমর।
ক্রতুরাজ, রাজসূয় যজ্ঞ।
ক্রথন, মারণ, হিংসন।
ক্রন্দন, (ক্রন্দ) অশ্রুপাতন, রোদন, কাঁদন।
ক্রন্দনকারী, রোদনকারী, বিলাপক। [দাহ।
ক্রন্দনীয়, (ক্রন্দ) রোদনীয়, বিলাপনীয় ; খে-
ক্রব্য, (ক্রুশ) মাংস, পল।
ক্রব্যঘাতন, মৃগ, হরিণ।
ক্রব্যাদ, (ক্রব্য-অদ) রাক্ষস ; সিংহ ; শ্যেনপক্ষী ; শবভক্ষক অগ্নি ; মাংসভোজী।
ক্রম, অনুক্রম ; আক্রমণ ; চরণ।
ক্রমক, ক্রমজ্ঞ, ক্রমবেত্তা।
ক্রমণ, (ক্রম) চরণ, পাদ।
ক্রমনিম্ন, ক্রমে নিম্ন, ঢালু, গড়ানিয়া।
ক্রমভঙ্গ, অনিয়ম, বিধিরাহিত্য।
ক্রমশঃ, (ক্রম) ক্রমেং, অনুক্রমে।
ক্রমাগত, (ক্রম-আগত) ক্রম প্রাপ্ত, ক্রমান্বয়, পরম্পরাগত। [ক্রমাগত।
ক্রমান্বয়, (ক্রম-অন্বয়) ক্রমানুযায়ী, যথাক্রম,
ক্রমি, কৃমি, কীট, পোকা ; আনুপূর্ব্বিক
ক্রমিক, (ক্রম) ক্রমাগত, অবিচ্ছেদ চাল-
ক্রমিঘ্ন, (ক্রমি-হন) বিড়ঙ্গ ; বিট লবণ।
ক্রমিজ, কীট হইতে উৎপন্ন ; অগুরু।
ক্রমিজ্ঞা, লাক্ষা।
ক্রমী, (ক্রম) কীট, পোকা।
ক্রমু, গুবাক, গুপারী, গুয়া।
ক্রমুক, গুবাক, গুপারি, গুয়া।
ক্রমুকী, গুবাক, গুপারি, গুয়া।
ক্রমে, (ক্রম) ক্রমশঃ, আনুপূর্ব্বিক।
ক্রমেং, (ক্রমে) যথাক্রমে, ক্রমশঃ, আনুপূর্ব্বিক রূপে।
ক্রমেল, পশুবিশেষ, উষ্ট্র, উট
ক্রমোৎক্রম ; (ক্রম-উৎক্রম) অনুলোম ও বিলোম ; অনুক্রম ব্যুৎক্রম, যথাক্রম ও বিপরীত ক্রম। [কিনন।
ক্রয়, (ক্রী) মূল্য দ্বারা দ্রব্য গ্রহণ, কেনা,
ক্রয়বিক্রয়, বাণিজ্য ; কেনা বেচা।
ক্রয়বিক্রয়িক, বণিক, বাণিজ্যকারী, ব্যবসায়ী, যে ব্যক্তি কেনা বেচ করে।
ক্রয়লেখ্য, ভূম্যাদি ক্রয় করণের লিপি,

ক্রয়ারোহ, হট, হাট, বাজার। [ক্রয়বিক্রয়ী
ক্রয়িক, ক্রেতা, ক্রয়কর্ত্তা; ক্রয়জীবী, বণি-
ক্রয়ী, ক্রয়কর্ত্তা, ক্রয়কারী, ক্রেতা।
ক্রয্য, (ক্রী) ক্রয় নিমিত্ত হট্টাদিতে প্রসা-
রিত দ্রব্য, দোকানের জিনিষ।
ক্রান্ত, (ক্রম) আক্রান্ত; কৃত পাদার্পণ;
গত; ঘোটক, অশ্ব।
ক্রান্তি, (ক্রম) আক্রমণ; গতি; খগোলের
মধ্যবর্ত্তি ঈষদ্বক্র গোলরেখা, যেখান দিয়া
সূর্য্য গমন করেন।
ক্রয়িক, ক্রেতা; ক্রয়জীবী, বণিক্।
ক্রায়ক, (ক্রী) ক্রেতা, খরিদ্দার।
ক্রিমি, (ক্রম) কীট, পোকা; রোগ বিশেষ।
ক্রিমিজা, লাক্ষা, লা। [মাদার।
ক্রিমিশত্রু, রক্তপুষ্প, মান্দার, পালিতা-
ক্রিমিশৈল, বল্মীক, উই, কুইঢিপি।
ক্রিয়, আদ্যরাশি, মেষরাশি।
ক্রিয়া, (কৃ) কার্য্য, কৃত্য, কর্ম্ম; ব্যাপার;
চেষ্টা; শ্রাদ্ধ; নিষ্কৃতি; শিক্ষা।
ক্রিয়াকার, নবীনছাত্র, নূতন বিদ্যার্থী, কর্ম্ম
কর্ত্তা। [পরাজিত।
ক্রিয়াবসন্ন, সাক্ষ্যাদির দ্বারা পরাজয় প্রাপ্ত
ক্রিয়াবাদী, কার্য্যবাদী; ফরিয়াদী।
ক্রিয়াবান্, কর্ম্মোদ্যত, কর্ম্মে উদ্যোগী,
ক্রিয়াতে নিযুক্ত; সৎকর্ম্মান্বিত। [নিবারণ।
ক্রিয়াহনন, ক্রিয়ানাশ, কার্য্য ধ্বংস, কর্ম্ম
ক্রিয়েন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয় মুখাদি পাঁচ।
ক্রীড়ন, (ক্রীড়) খেলন; খেলা।
ক্রীড়া, (ক্রীড়) খেলা, কেলি; কৌতুক,
নর্ম্ম, পরিহাস।
ক্রীড়ারত্ন, রতি রমণ
ক্রীত, মূল্য দ্বারা গৃহীত, ক্রয় করা; কেন
ক্রীতক, ক্রীত পুত্র, মূল্য দ্বারা পিতৃ মাতৃ
নিকট হইতে গৃহীত সন্তান। [করণ।
ক্রীতানুশয়, ক্রয় করিয়া পশ্চাৎ অনুতাপ
ক্রুদ্ধ, (ক্রুধ) ক্রোধযুক্ত, কোপান্বিত, রুষ্ট।
ক্রুধা, কোপ, রাগ, রোষ।
ক্রুধিত, ক্রুদ্ধ, রুষ্ট, জাতক্রোধ।
ক্রুষ্ট, রোদন করা; রব, নাদ।
ক্রূর, (কৃ) পরদ্রোহকারী; নির্দ্দয়; নৃশংস,
কঠিন; শ্যেনপক্ষী, কঙ্কপক্ষী।
ক্রূরকর্ম্মা, ভয়ানক কর্ম্মকর্ত্তা; দুরাত্মা, নি-
ষ্ঠুর কর্ম্মকারী।
ক্রূরগন্ধ, উগ্রগন্ধ, গন্ধক।
ক্রূরতা, (ক্রূর) খলতা; নিষ্ঠুরতা, নির্দয়তা।
ক্রূরত্ব, নিষ্ঠুরতা; খলতা।
ক্রূরদৃক, পিশুন, নিষ্ঠুর; শনিগ্রহ।
ক্রূরধূর্ত্ত, কৃষ্ণ, ধুস্তুরক, কাল ধুতুরা।
ক্রূরনি, নির্দয়তা; নিষ্ঠুরতা।
ক্রূররাবী, কর্কশ শব্দকারী, দ্রোণকাক।
ক্রূরলোচন, শনিগ্রহ, শনৈশ্চর; ক্রূর দর্শন
ক্রূরাকৃতি; নিষ্ঠুর আকার; রাবণদশানন
ক্রেতব্য, (ক্রী) ক্রেয় বস্তু, কিনিবার দ্রব্য।
ক্রেতা, (ক্রেতৃ) ক্রয় কর্ত্তা, খরিদার।
ক্রেয়, (ক্রী) ক্রয়ণীয়, কিনিবার উপযুক্ত।
ক্রোক, অটক, আক্রমণ। [ষড়ানন
ক্রোঞ্চদারণ, শিবতনয়, কার্ত্তিকেয়, কুমার,
ক্রোড়, (ক্রুড়) বাহুদ্বয়ের মধ্যভাগ, উৎসঙ্গ,
অঙ্ক, কোল; শূকর; শনিগ্রহ।
ক্রোড়পত্র, অতিরেক পত্র, পত্রান্তর্গত পত্র,
কোলপাত্তী।
ক্রোড়পর্ণী, কণ্টকারি বৃক্ষ
ক্রোড়পাদ, কচ্ছপ, কূর্ম্ম, কমঠ। [স্থায়ী।
ক্রোড়স্থ, (ক্রোড়-স্থা) ক্রোড়স্থিত, ক্রোড়-
ক্রোড়ীকরণ, আলিঙ্গন, আশ্লেষ, কোলা-
কোলি। [কোলি।
ক্রোড়ীকৃতি, আলিঙ্গন, আশ্লেষ, কোলা-
ক্রোড়ীমুখ, গণ্ডক, খড়্গী, গণ্ডার।
ক্রোধ, হনন, বধ, মারণ।
ক্রোধ, (ক্রুধ) কোপ, রোষ, অমর্ষ।
ক্রোধজ, (ক্রোধ-জন) মোহ; স্মৃতিবিভ্রম।
ক্রোধ, ক্রুদ্ধ, রাগান্বিত, ক্রোধ বিশিষ্ট, রুষ্ট,
রাগী, কোপযুক্ত।
ক্রোধনা, কোপবতী; রাগান্বিতা। [মর্ষ।
ক্রোধরহিত, কোপরহিত, রাগশূন্য, অবি
ক্রোধী, (ক্রোধিন) ক্রোধযুক্ত, কুপিত, রাগী
ক্রোর, (কোটি) পক্ষিবিশেষ, করল পক্ষী,
কোটি, এক শত লক্ষ।
ক্রোশ, (ক্রুশ) সহস্র ধনুঃ; অষ্ট সহস্র হস্ত-
পরিমাণ, আট হাজার হাত, কোশ।
ক্রোশতাল, ঢক্কা, ঢাক, বাদ্য যন্ত্র বিশেষ।
ক্রোশযুগ, ক্রোশদ্বয়, দুই ক্রোশ।
ক্রোষ্টা, জম্বুক, শৃগাল, শিয়াল।
ক্রোষ্টেক্ষু, শ্বেত ইক্ষু, শাদা আউক।
ক্রোষ্ট্রী, শৃগালী, খেঁকশিয়ালী।
ক্রৌঞ্চ (ক্রুঞ্চ) বকপক্ষী; কোঁচ বক; পর্ব্বত
বিশেষ; দ্বীপ বিশেষ; রাক্ষস বিশেষ।
ক্রৌঞ্চদারণ কার্ত্তিকেয়, কুমার।

ক্রৌঞ্চদ্বীপ, সপ্ত মহাদ্বীপের মধ্যে একদ্বীপ।
ক্রৌঞ্চাদান, মৃণাল ; ভেঁড়্‌সা, ঘেঁচু
ক্রৌঞ্চাদনী, পদ্মবীজ, পদ্মের বীচি।
ক্রৌঞ্চারাতি, কার্ত্তিকেয় ; পরশুরাম।
ক্রোশশতিক, শতক্রোশ গমন কর্ত্তা।
ক্লান্ত, (ক্লম) শ্রান্ত, ক্লান্তিযুক্ত।
ক্লান্তি, (ক্লম) শ্রান্তি, শ্রম ; শরীরের গ্লানি।
ক্লান্তিকর, (ক্লান্তি-কৃ) শ্রমজনক, শ্রান্তিকর
ক্লিন্ন, (ক্লিদ) আর্দ্র, ভিজা, সজল।
ক্লিন্নাক্ষ, শ্লেষ্মাদিযুক্ত চক্ষু, পিচটীপড়া চোখ, রুগ্ননয়ন।
ক্লিশিত, (ক্লিশ) ক্লিষ্ট, ক্লেশযুক্ত ; কা
ক্লিষ্ট, (ক্লিশ) ক্ষীণ, দুর্ব্বল, রুগ্ন।
ক্লিষ্টি, ক্লেশ, দুঃখ ; বিপদ।
ক্লীব, স্ত্রী পুরুষভিন্ন, নপুংসক ; পুরুষত্ব হীন ; বিক্রম হীন ; দুর্ব্বল।
ক্লেদ, (ক্লিদ) আর্দ্র, ভিজা ; ময়লা ; পুঁষ।
ক্লেশ, (ক্লিশ) দুঃখ ; যন্ত্রণা ; উপতাপ ; পীড়া ; কষ্ট, আয়াস ; ভয়। [পীড়াকর।
ক্লেশকর, (ক্লেশ-কৃ) দুঃখদায়ক, কষ্টদায়ক,
ক্লেশন, পীড়ন, দুঃখ প্রদান
ক্লেশিত, (ক্লিশ) ক্লেশবিশিষ্ট, দুঃখযুক্ত।
ক্লৈতকিক, মদ্য, সুরা। [পটহ
ক্লোম, (ক্লম) মূত্রাধার, ফুস্ফুস, ফোপ
ক, (কিং) কুত্র, কোথা, কোন্ স্থানে।
কচন, (কিং) কচিৎ, কোন স্থানে।
ক্বণ শব্দ, ক্বাণ ; বীণাদির ধ্বনি।
ক্বণন, (ক্বণ) ক্ষুদ্রহণ্ডী, ছোট হাঁড়ী ; শব্দকরণ, বাজন।
ক্বণিত, (ক্বণ) শব্দিত, নাদিত।
ক্বথিত, (ক্বথ) সিদ্ধ, পক্ব ; নির্য্যাস।
ক্বাথ, (ক্বথ) দুঃখ, ব্যসন ; নিষ্পীড়িত রস নির্যাস ; মণ্ড, আটা।

খ

খ, খকার, ব্যঞ্জনের দ্বিতীয় বর্ণ, শূন্য বিন্দু ; আকাশ ; সূর্য্য ; দেবলোক।
খই, (খদিকা) ভৃষ্ট ধান্য, লাজ।
খইন, (খন) গভীর, অগাধ, নৌকাগম্য।
খইরাগোখুর, (খই-গোখুর) গোখুরা সাপ, সর্পবিশেষ।
খইল, (খলি) কর্ণমল ; তৈলকিট্ট, তেলের কাইট। [নির্যাস।
খএর, (খদির) খদিরসার, বৃক্ষ বিশেষের
[illegible] শিব, মহাদেব। [মুক্তা
[illegible] অব্যক্ত শব্দ, কুৎসিত হাস্যধ্ব [illegible]
খক্খটি, কঠিন, শক্ত, দৃঢ়। [পে [illegible]
খগ, (খ-গম) সূর্য্য ; গ্রহ ; মেঘ ; [illegible]
খগধান, বৃক্ষকোটর, খোজরল।
খগপতি, গরুড়, খগেশ্বর।
খগবতী, পৃথ্বী, ধরণী।
খগান্তক, (খগ-অন্তক) শ্যেনপক্ষী, শ্যা[illegible] পক্ষী ; শিকরাপাখী।
খগাসন, (খগ-আসন) উদয় পর্ব্বত ; বিষ্ণু
খগেন্দ্র, (খগ-ইন্দ্র) গরুড়, বৈনতেয়।
খগেশ্বর, (খগ-ঈশ্বর) খগপতি, গরুড়।
খগোল, আকাশ মণ্ডল।
খগগড়, তৃণ বিশেষ, খাগ্‌ড়াগাছ।
খঙ্কর, চূর্ণকুন্তল, অলকা, জুলপী।
খচমস, চন্দ্র, শশী, সুধাংশু।
খচর, (খচর) আকাশগামী ; পক্ষী ; মেঘ ; বায়ু ; রাক্ষস ; সূর্য্য।
খচল, গুলী বাঁটুল।
খচিত, (খচ) সংযুক্ত ; ব্যাপ্ত ; মিশ্রিত।
খচিল, গুলি, ভাঁটা, কন্দুক।
খজক, মন্থানদণ্ড, মইবার যষ্টি।
খজল, নীহার, আকাশ বারি, শিশির।
খজা, মন্থন, মওয়া ; দর্ব্বী, হাতা।
খজাক, পক্ষী, বিহঙ্গ, পাখী।
খজাকা, (খজ) দর্ব্বী, হাতা ; চমস, চামচা।
খজ্যোতিঃ, খদ্যোত, জ্যোতিরিঙ্গণ, জোনাকি পোকা।
খঞ্জ, (খঞ্জ) বিকল গতি, খোঁড়া, পঙ্গু।
খঞ্জকারী, খেঁসারি, কলাই।
খঞ্জখেট, খঞ্জরীট, খঞ্জন, পক্ষী।
খঞ্জতা, পঙ্গুত্ব, চরণ বৈকল্য।
খঞ্জন, (খঞ্জ) খঞ্জরীট পক্ষী।
খঞ্জনরত, যতিদিগের গোপনীয় মৈথুন।
খঞ্জনী (খ-জন) খঞ্জনপক্ষির স্ত্রী ; বাদ্যযন্ত্রবিশেষ, খঞ্জরী।
খঞ্জর, (খঞ্জ) কটার, কাটারী, দাত্র, দা।
খঞ্জরী, (খঞ্জনী) বাদ্যযন্ত্র বিশেষ।
খঞ্জরীট, খঞ্জন পক্ষী।
[illegible] (খট্) তৃণ বিশেষ, খড় ; অন্ধকূপ ; লা[illegible]। [হাত।
খটক, মুষ্টিক ; কুঞ্চিত পাণি, বক্রহস্ত, মুষ্ট[illegible]
[illegible] (খট্ট-অশ) চতুষ্পাদ জন্তু বিশেষ বিড়ালারি, খট্টাশ।

খটি, (খট) খড়ী, লেখন দ্রব্য, ব্যবসা স্থান,
খটিক, বক্রহস্ত, বাঁকা হাত ; মুলা।
খটিকা (খট) লেখন দ্রব্য, খড়ী ; কর্ণরন্ধ্র, কর্ণের ছিদ্র ; বীরণ বৃক্ষ, বেণাগাছ।
খটী, (খট) ধবল মৃত্তিকা বিশেষ, খড়ীমাটী
স্তূপ, রাশি ; বাণিজ্যদ্রব্য স্থান।
খট্টন, বামন, খর্ব্ব, খাট।
খট্টা, (খট্ট) খাট, পলাঙ্ক, খট্বা। [পায়া।
খট্টাঙ্গ, (খট্টা-অঙ্গ) অস্ত্র বিশেষ ; খাটের
খট্টারূঢ়, লম্পট ; খট্টাশায়ী ; অলস।
খট্টাশ, (খট্টা-অশ) বন্য জন্তু বিশেষ, খটাশ, গন্ধগোকুলা।
খট্টি, শবযান, মড়াফেলা খাট।
খট্টিক, শাকুনিক, পাখিমারা ব্যাধ।
খট্টিকা, ক্ষুদ্রখট্টা ; শবযান, মড়াফেলা খাট
খট্টেরক, খর্ব্ব, খাট, হ্রস্ব। [খ ট।
খট্বা, (খট্টা) কাষ্ঠাদি রচিত পর্য্যঙ্ক, পলাঙ্ক,
খট্বাঙ্গ, অস্ত্র বিশেষ ; খাটের পায়া।
খট্বাঙ্গভৃৎ, শিব, মহাদেব।
খড়, ধান্যের শুষ্ক তৃণ, বিচালী।
খড়কী, (খড়ক্কিকা) গুপ্তদ্বার ; খড়ক্কী।
খড়ক্কী, (খডক্কিকা) গুপ্তদ্বার, খড়কীদরজা
খড়জালী, (খড-জ্বল) সিদ্ধ লবণ, ক্ষার লবণ
খড়ম, (খড়) কাষ্ঠ পাদুকা।
খড়রা, অশ্বগাত্র মার্জনার্থ লৌহ নির্ম্মিত যন্ত্র বিশেষ। [খড়ী মাটী।
খড়ি, (খট) শ্বেত বর্ণ মৃত্তিকাবিশেষ, কঠিনী
খড়িকা, (খড়) তৃণ, তৃণ বিশেষের মূলভাগ
খড়িঞ্চি, (খড়-অনট্) খড়িটী, খড় ও মৃত্তিকা দ্বারা ভিত্তি লেপন।
খড়িয়, (খড়ি) পাণ্ডুর বর্ণ।
খড়ী, (খড়) কাঠিনী, শ্বেতবর্ণ মৃত্তিকা বিশেষ
খড়ুয়া, (খড়) তৃণনির্ম্মিত, তৃণময়।
খড়ুয়াভেকটি, মৎস্যবিশেষ, খড়োভেটকী।
খড়্গ, গণ্ডক, গণ্ডার, গণ্ডারের শৃঙ্গ ; অস্ত্র বিশেষ, অসি, খাঁড়া, তরবাল।
খড়্গকোষ, খড়্গাধার, তরবালের খাপ।
খড়্গপিধান, খড়্গাধার তরবালেরখাপ।
খড়্গী (খড়্গনি) বন্যজন্তু বিশেষ, গণ্ডক গণ্ডার।
খড়্গাক, (খড়্গ) দাত্র, দা, কাটারি।
খণ্ড, (খড়) ইক্ষু বিকার, খাঁড়, গুড় ; বিট্‌লবণ ; অংশ, ভাগ ; টুকরা। [অংশু।
খণ্ডকর্ণ আলু বিশেষ, শকরকন্দআলু, রাঙ্গা
খণ্ডজ, খাঁড়, গুড় ; শর্করা।
খণ্ডদ্বয়, (খণ্ড-দ্বি) দুই ভাগ, দুই অংশ।
খণ্ডধারা, কর্ত্তরী ; কাঁচী। [ছেদন।
খণ্ডন, (খড়) ভঞ্জন ; ভেদন ; নিরাকরণ,
খণ্ডনা, (খড়) আপত্তি ; দোষ পরিহার।
খণ্ডপরশু, শিব, মহেশ, মহাদেব
খণ্ডপাল, মোদক, ময়রা।
খণ্ডপ্রলয়, মহাকলহ, অতিশয় মারামারী, ধ্বংস, নাশ। [হানি।
খণ্ডাখণ্ডি, (খণ্ডা) পরস্পর বিবাদ, হানা-
খণ্ডাভ্র, অভ্রখণ্ড, ছেঁড়া মেঘ, দন্তক্ষত, দন্তাঘাতে উৎপন্ন ক্ষত।
খণ্ডিক, কলায়, কড়াই, কক্ষ, বগল।
খণ্ডিত, (খড়) নিরাকৃত, ছেদিত, ছিন্ন।
খণ্ডিতা, নায়িকা বিশেষ, পর স্ত্রীগামির নায়িকা, অপমানিতা, নিরাকৃতা।
খণ্ড্য, (খড়) অন্যথাযোগ্য, খণ্ডোপযুক্ত।
খত, (যাং) পত্র, লিপি, ঋণ লেখ্য।
খতমাল, (খ-তম) ধূম, ধূঁয়া, জলদ, মেঘ।
খতান, (খতা) গণন, সংখ্যা করণ হিসারের নিশ্চয় করণ। [খাতা।
খতিয়ান, (খতা) সংখ্যার্থ বহি, হিসাবের-
খতুয়া, (খৈ) চক্ষুর রোগ বিশেষ, জীর্ণ, ভগ্ন
খতে ; (কোত) চক্ষুর রোগবিশেষ।
খদরণ (খিদ) তাড়ন; নিবারণ, প্রহারকরণ।
খদি, (খদিক) খৈ, লাজা, ভৃষ্ট ধান্য।
খদিকা, (খদ) লাজ, খই, ভৃষ্ট ধান্য।
খদির, (খদ) বৃক্ষ বিশেষের নির্য্যাস, খয়ের
খদিরিকা, লাক্ষা, লা।
খদিরোপম, কণ্টকি বৃক্ষ বিশেষ, কাঁটাবাবলা। [রিঙ্গণ জোনাকিপোকা
খদ্যোত, (খ-দ্যুত) কীট বিশেষ, জ্যোতি-
খদ্যোতন, সূর্য্য, দিবাকর।
খধূপ, অগ্নিক্রীড়াবিশেষ, হাউইবাজী।
খনক, (খন) মূষিক, উন্দুর, সন্ধিতস্কর, সিঁদাল চোর; আকরজ্ঞ, খনন কর্ত্তা।
খনন, (খন) বিদারণ, খোড়ন, খাত করণ।
খননীয়, খুড়িবার উপযুক্ত।
খনা, (খন) যে নাসিকা যোগে কথা কহে, বিকৃত বাক্য। [গর্ত্ত।
খনি, (খন) স্বর্ণাদির উৎপত্তি স্থান, আকর,
খনিত্র, (খন) অস্ত্রবিশেষ, খননাস্ত্র, খন্তা।
খনী, (খন) রত্নাদির উৎপত্তি স্থান, খনি।
খন্দ, (খ॰) শস্যাদি, ফল মূলাদি।

খর্পপালা, লক্ষ্মী, শস্যাধিষ্ঠাত্রী দেবী।
খপরা, (ক্ষিপ্) খোলা, শর্কর।
খপরেল, (খপরা) খোলার দ্বারা আচ্ছাদিত, খোলা। [কলসী।
খপুর, (খ-পৃ) গুবাক; লশুন; তৃণ বিশেষ;
খপুষ্প, অপ্রসিদ্ধ; অলীক, মিথ্যা।
খপ্‌খপ্, (ক্ষিপ্র) শীঘ্র শীঘ্র, তাড়াতাড়ি।
খপ্পর, খুলি, খাপরেল; ছত্র; অঞ্জন, ধূর্ত; চোর; তস্কর।
খবর, (যাং) সম্বাদ, বিজ্ঞাপন।
খবল্লী, আকাশলতা; অলীক, মিথ্যা।
খবারি, দিব্যোদক, আকাশের জল; তুষার শিশির, হিম, নীহার, ওস।
খবাষ্প, হিম, নীহার, শিশির।
খমক, (খ-মক্ক) বাদ্যযন্ত্র বিশেষ।
খমণি, সূর্য্য, রবি, ভানু।
খমীলন, তন্দ্রা, নিদ্রা, কর্ষণ, ঝিমন।
খমলী, কুল্পিকা, পানা
খম্ব, (স্তম্ভ) স্তম্ভ, থাম।
খয়রা, (খই) মৎস্যবিশেষ
খয়রাৎ (যাং) দান, বিতরণ।
খর, (খ-রা) প্রখর, তীব্র, তীক্ষ্ণ, গর্দ্দভ, গাধা; নিষ্ঠুর; রাক্ষস বিশেষ; দৈত্য বিশেষ; কাক; কঠোর।
খরকুটী, নাপিতশালা, নাপিতের ঘর।
খরগোশ, (যাং) চতুষ্পদ জন্তু বিশেষ।
খরগৃহ, গর্দ্দভশালা, গাধার ঘর।
খরগ্রহ, গর্দ্দভশালা, গাধার ঘর।
খরচ, (যাং) ব্যয়।
খরচ্ছদ, উলুকতৃণ, উলুখড়; ইৎকট [বিশিষ্ট ওকড়া।
খরণস, তীক্ষ্ণ নাসিকা; দীর্ঘ নাসিকা
খরতর, (খচ) প্রখর, তীক্ষ্ণ।
খরদণ্ড, পদ্ম, পঙ্কজ, কমল।
খরদূষণ, ধুতুরা; দুইজন প্রসিদ্ধরাক্ষসের নাম। [পাত্র, লৌহপাত্র
খরপত্র, ক্ষুদ্রপত্রতুলসী; রক্ততুলসী; খর-
খরপ্রিয়, পারাবত, কপোত, পায়রা
খরবুজ, (যাং) খরমুজ, তরমুজবিশেষ।
খরমঞ্জরী, অপামার্গ বৃক্ষ, আপাংগাছ।
খরশব্দ, কুররপক্ষী, ক্রৌর পাখী; গর্দ্দভ ধ্বনি, গাধার শব্দ।
খরশান, তীব্র, তীক্ষ্ণ; কটু।
খরশূলা, (খর-শূল) মৎস্যবিশেষ।

খরাংশু, সূর্য্য, দিনকর। [চোঁয়ান।
খরান, (খরা) অতিশয় তর্জ্জন, পোড়ান,
খরিদ, (যাং) ক্রয়।
খরিদা, (যাং) ক্রীত, কেনা।
খরিদার, (যাং) ক্রেতা, যে ক্রয় করে।
খরু, ঘোটক; দর্প; দন্ত; কামদেব; শুক্লবর্ণ; নির্ব্বোধ, ক্রূর; তীক্ষ্ণ।
খর্জ্জু, কণ্ডু, চুলকুনা; ব্রণ, কীট।
খর্জ্জূর, (খর্জ্জ) রৌপ্য, রজত, রূপা।
খর্জ্জুর, (খর্জ্জ) খর্জ্জুরী, খাজুর।
খর্জ্জুরী, খেজুর; খর্জ্জুর বৃক্ষ।
খর্পর, (ক্লৃপ) খাপরাল, খুলি; মৃত্তের শরাব; তস্কর; ধূর্ত্ত; ভিক্ষাপাত্র।
খর্ব্ব, কুবেরের ধন বিশেষ: সংখ্যা বিশেষ; ক্ষুদ্র, বামন, খাট, ছোট।
খর্ব্বট, চতুঃশত গ্রামের মধ্য স্থল; পর্ব্বতের প্রান্তস্থ গ্রাম।
খর্ব্বশাখ, বামন; হ্রস্ব; ক্ষুদ্র
খর্ব্বুজ, ফলবিশেষ, খরমুজ।
খর্ম্ম পৌরুষ; পট্টবস্ত্র, রেসমীকাপড়।
খল, পাত্র বিশেষ; উদূখল; তমালবৃক্ষ। ধুস্তুর বৃক্ষ, নীচ, অধম, ক্রূর, দুর্জ্জন; ঔষধ মর্দ্দন পাত্র।
খলকাহিণী, ধূর্ত্তের ইতিহাস বা গল্প।
খলতা, (খল) প্রবঞ্চনা, শঠতা
খলৎ, (স্খল) রেতঃপাত; চলিত, স্খলন।
খলন, (স্খলন) স্খলিত হওন, খসন।
খলপা, কুশূল ধান্যাগার, গোলা।
খলপু, মার্জ্জনকারী, ঝাড়ুবরদার: ফরাশ।
খলমূর্ত্তি, পারদ, পারা; ছদ্মবেশী, কপটী।
খলমুষল, ঔষধ মাড়িবার পাত্র বিশেষ; নোড়া।
খলাধার, তৈলপায়িকা, আরসুলাপোকা।
খলি, (খল) তৈলকিট্ট, তেলের কাইট, কল্ক
খলিনী, ধান্যের খামার।
খলিশ, (খল-শী) মৎস্য বিশেষ; খলিশামাছ
খলীকার, অপকার; ক্ষতি করণ; অনিষ্ট, মন্দ।
খলু (খল) বাক্যালঙ্কার; জিজ্ঞাসা; নিশ্চিত
খলুক, অন্ধকার, তিমির। [স্থান।
খলূরিকা, শস্ত্রাভ্যাস ভূমি, যুদ্ধাদিশিখিবার
খলেবালী, খলে পশুবন্ধন কাষ্ঠ, মেই কাঠ
খলেশ, মৎস্য বিশেষ, খলিশা মাছ।
খলখল, অব্যক্ত শব্দ, অস্ফুট ধ্বনি।

খল্য, ধানমাড়া খামার।

খল্ল. (খল) ঔষধ মর্দ্দন-পাত্র. ঔষধ মাড়িবার খল ; বস্ত্র বিশেষ, গর্ত্ত, চর্ম্ম ; চাতক পক্ষী ; মশক।

খল্লাট, মুণ্ডিত মস্তক, নেড়া, তাঁকা খোলা।

খল্লিকা. পিষ্টকাদি ভর্জন পাত্র, পিটে

খল্লী. রোগ বিশেষ, গাঁটিয়া বাত।

খশ, দেশ বিশেষ ; বীরণমূল, বেণার মূল।

খশেট, খলিশা মৎস্য, খলিশা মাছ

খশ্বাস, বায়ু অনিল, বাত। [পাচড়া।

খস, (খ-সো) কচ্ছু রোগ, ছুলীরোগ ; খোস,

খসড়া. চোতা মুসাবিদা, পাণ্ডুলিপি।

খসন. (খস) ক্ষরণ ; পৃথক হওন।

খসম (যাং) স্বামী, ভর্ত্তা, পতি।

খসা, বিযুক্ত ; পৃথক ; আলগা।

খসাগ্রজ, রাক্ষস ; ক্রব্যাদ।

খসান, (খস) পৃথক করণ, মুক্তকরণ।

খসখস, বৃক্ষ বিশেষ ; পোস্তার গাছ।

খসখসরস. অহিফেন. আফিং।

খসখসিয়, (যাং) বীরণ মুল, বেণার মুল।

খাঁই. (কাম) আকাঙ্ক্ষা, বুভুক্ষা ; গভীরতা

খাঁকতি. (কমতি) অপ্রতুল, অনাটন,

খাঁচা. (কচ) পিঞ্জর, পিঁগরা।

খাঁড়, (খণ্ড) গুড়, ইক্ষুবিকার।

খাঁদা. (ক্ষুদ্রনাসিক) নতনাসিক, নিম্ননাক।

খাই, (খন) খাত, গর্ত্ত ; গভীরতা।

খাইদ, (খাদ) কাইট ; মলা ; পাইন।

খাউকাঁ (কক) ছল, কাপট্য, ধূর্ত্ততা, কুহক

খাউড়ল, (খাদ) পেটুক ; বহুভোজী।

খাওন, (খাদ) খাদন, ভক্ষণ ; আহার করণ

খাওনিয়া, (খাদ) ভক্ষক, বহুভোজী।

খাওয়ান, (খাদ) ভোজন করান, ভক্ষণ করান।

খাক, (যাং) ভস্ম. ছাই ; খাগড়া।

খাগী, (খাদ) ভক্ষিকা ; নাশিকা।

খাঙ্গন, খড়্গ বিশেষ ; তলবার বিশেষ।

খাঙ্গরা. সম্মার্জ্জনী, ঝাঁটা।

খাজা, (খজিকা) পক্ক মিষ্টান্ন বিশেষ. ঘৃত-শর্করা মিশ্রিত গোধূমপক্ক বিশেষ।

খাজাঞ্চী (যাং) ধনাধ্যক্ষ, কেসিয়ার।

খাজিক, লাজা, খদিকা, খই।

খাজুর, (খর্জ্জুর) খেজুর।

খাঞ্চা. (যাং) কাষ্ঠময় বৃহৎপাত্র বিশেষ।

খাঞ্চাপোষ, কাষ্ঠময় বৃহৎ পাত্রের আচ্ছাদন

খাট (খট্টা) শবরথ, মড়ার খাট ; ক্ষুদ্র। খর্ব্ব, হ্রস্ব, ছোট। [শিশু।

খাটদৃষ্টি, অদূরদর্শী ; অজ্ঞ ; কৃপণ ; ক্ষুদ্র-

খাটন (খাট) পরিশ্রম করণ ; কর্ম্ম করণ।

খাটনি, (খাট) শ্রম মূল্য, পরিশ্রমের বেতন পরিশ্রম।

খাটমল, কীট বিশেষ ; ছারপোকা।

খাটলা, ব্যবধি, ব্যবধান, আড়াল ; আচ্ছাদন ; চালনী সংযুক্ত করণ ; লাগাম, যোজন

খাটান, (খাট) কর্ম্মে নিয়োগ করণ ; শ্রমে

খাটান্ত (খাট-অন্ত) অন্তর ; মধ্যস্থলে।

খাটি, (খট্টা) শবরথ, মড়ার খাট।

খাটিকা. খাট, খট্টা ; শবরথ, মড়ারখাট

খাটী. শুদ্ধধাতু. অমিশ্রিত স্বর্ণ রূপ্য ; অকৃত্রিম, অকপট।

খাড়ল, (খন) ভুমিচ্ছিদ্র ; বিদীর্ণ ভূমি।

খাড়া, (খাণ্ড) দণ্ডায়মান, দাঁড়ান, উত্থিত ; সরল. সোজা।

খাণ্ডিক, মোদক, ময়রা।

খাণখাণ, (খণ্ড) খণ্ড২, টুকরা২

খাত, (খন) পুষ্করিণী ; গর্ত্ত ; খাই।

খাত্রক, (খাদক) পরিখা ; খানা ; পগার অধমর্ণ. ঋণী, খাতক।

খাতা. (খতা) একত্র বদ্ধ পত্রাদি, বহি ; সমূহ, বহু, গণ, বহু ব্যক্তি, দল।

খাতির, (যাং) মন, প্রাণ, অন্তঃকরণ ; অভিলাষ, ইচ্ছা।

খাত্র, খাত ; খনিত্র. খন্তা।

খাদ. ভাজ ; পাইন। [খাদক, ভক্ষক ;

খাদক, (খাদ) ঋণ গ্রহীতা, অধমর্ণ ঋণী ;

খাদন, (খাদ) ভক্ষণ, আহার ; করণ দন্ত।

খাদি, (খণ্ড) টুকরা, ক্ষুদ্র২ অংশ।

খাদিত. (খাদ) ভুক্ত, ভক্ষিত ; খাপরা।

খাদিরসার, খদির বৃক্ষের নির্যাস, খয়ের

খাদ্য, (খাদ) ভক্ষণীয় দ্রব্য, আহারীয় বস্তু।

খান, (স্থান) বস্তু নির্দ্দেশ. দ্রব্যের সংখ্যা-মাত্র।

খানকী. (যাং) বারবিলাসিনী. বেশ্যা।

খানখান, খণ্ড২, টুকরা২।

খানা, (খন) গর্ত্ত ; হ্রদ, খাত।

খানি, স্বর্ণাদির উৎপত্তিস্থান, আকর।

খানিক, দেওয়ানের গর্ত্ত ; খনীকর্ম্মকারী।

খানিল, সন্ধিভেদী তস্কর, সিঁদেল চোর।

খানী, (খনি) আকর, খনি।

খানোদক, ফল বিশেষ নারিকেল।
খাপ, (কূপ) অসিকো[ষ] খড়্গাধার।
খাপগা, মজা, জাগীর।
খাপরা, (কূপ) খোলা, মৃত্তিকা খণ্ড
খাফা, (ফাং) ক্রোধী, রাগান্বিত।
খাবল, (খাদ) মুষ্টি, মুটা ; গ্রাস।
খাবলা, (খাদ) কবল, গ্রাস ; মুটা।
খাম, (স্তম্ভ) খামা, স্তম্ভ ; পত্রাদির মোড়ক।
খামখা, (ফাং) হঠাৎ, অকস্মাৎ। [ন্ন।
খামার, (খ-আর) শস্যমর্দ্দন স্থান, শস্য প্রা-
খারা, (খ-রা) অকপট, সরল ; অকৃত্রিম।
খারী, (খন) পরিমাণ বিশেষ, পাঁচশত বার সের।
খাল, (খন) খাত, কৃত্রিম নদী, খাঁড়ি নালা
খালাড়ী, (খাল-অড়) লবণ নির্ম্মাণ স্থান।
খালাসী, (ফাং) জাতিবিশেষ, নৌকাবাহক।
খাস, (ফাং) বিশেষ, অসাধারণ। [বিশেষ।
খাসা, (ফাং) উত্তম, উপাদেয় ; গোধূম চূর্ণ-
খাস্ত, (খষ) কদর্য্য, কুৎসিত।
খাস্তা, (খষ) বিশেষ পক্কতা ; সামান্য, হেয়
খিখি, (কু) উল্কামুখী, খেঁকশেয়ালী।
খিখির খট্টাঙ্গ, খাটের পায়া ; জম্বুকী, শৃগালী ; খেঁকশেয়ালী।
খিচড়, (কি-চট) কর্দ্দম, পঙ্ক, কাদা ; নীচ।
খিচড়া, অপভাষা, ইতর কথা, কটুবাক্য, অশ্লীলন কথা।
খিচড়িয়া, (খেচড়) অপভাষা, নীচক[থ]।
খিচড়ী, (খেচর) তণ্ডুল কলায় মিশ্রিত পক্ক অন্ন বিশেষ, খেচরান্ন।
খিচন, শরীরের বিকৃতি করণ, ঝাঁকন।
খিট, খড়িচা, মলা ; কলঙ্ক।
খিটা, (খিট) ময়লা, মলিনতা, মর্চ্যাধরা।
খিটিয়া, মলিনতা, ময়লা মড়িচা। [করণ
খিটখিটান, বড়বড়ান ; অসহিষ্ণুতা প্রকাশ
খিটখিটিয়া, অসহিষ্ণু ; বিরক্ত স্বভাব, মি-থ্যা বাক্যব্যয়ী। [তাম্বুল।
খড়কী, (খড়ক্কিকা) খড়কী, গুপ্তদ্বার ; বা-
খিদা, (ক্ষুধা) ভক্ষণেচ্ছা।
খিদির, চন্দ্র ; দীন ; তাপস।
খিদ্যমান, খেদযুক্ত, উপতপ্ত, দুঃখিত।
খিন্ন, (খেদ) ক্লিষ্ট, দীন। [অপ্রসন্ন।
খিন্ন, (খিদ্‌) বিষাদিত, খেদযুক্ত, দুঃখিত,
খিল, (খ-ল্ল) অনুর্ব্বর ভূমি, অচলা ক্ষেত্র ; দ্বা-রোধ কাষ্ঠ, অর্গলা, হুড়কা।

খিলখরা, খিলের বন্ধনকাষ্ঠ, কুঞ্চিকা।
খিলন, (খিল) খিল মারণ ; ইষ্টকাদি দ্বারা-দ্বারাদির মস্তক বন্ধকরণ।
খিলান, (খিল) ইষ্টকাদির গ্রন্থন বিশেষ।
খিলী, (খিল) পর্ণাদির বীটিকা, পানের বীড়া
খুঁচন, (খন) বেঁধন, কোঁড়ন ; চোটান।
খুঁট, বস্ত্রাদির প্রান্তভাগ।
খুটন, কুড়িয়া লওন।
খুটনি, (খুঁট) বিন্দু, দাগ ; দোষ।
খুটা, কীলক, স্তম্ভ, মেক।
খুটান ভূলমা করণ, সমান করণ।
খুটা, (খুড) স্তম্ভ, শঙ্কু, খম্বা।
খুত, (ক্ষত) ক্ষতচিহ্ন ; দোষ, কলঙ্ক।
খুকী, (কুক্ষি) ক্ষুদ্র বালিকা, ক্রোড়স্থা কুমা-রী, দুগ্ধপোষ্যা।
খুঙ্গাহ, কৃষ্ণবর্ণ ঘোটক, কাল ঘোড়া।
খুঙ্গী, (খু-অগ) ক্ষুদ্র পেটিকা।
খুজন, (খুজ) অন্বেষণ, অনুসন্ধান, চুঁড়ন।
খুজলান, (খুজলা) চুলকান, কণ্ডূয়ন।
খুঞ্চিয়া, (কুঞ্চি) দ্রব্যসহিত পাত্র, আধার।
খুড়ন, খনন, খোঁড়ন।
খুড়া, (খুল্লতাত) পিতৃব্য, পিতার কনিষ্ঠ ভ্রাতা
খুড়ী, (খুল্লতাতী) পিতৃব্যপত্নী, খুড়ার স্ত্রী।
খুদ, (ক্ষুদ্র) তণ্ডুলকণা, চাউলের ক্ষুদ্রঅংশ
খুদন, খোদন ; খনন, খোড়ন।
খুন্তি, (খনিত্র) খনন করিবার কারণ লৌহ-ময় অস্ত্রবিশেষ ; পিত্তলাদি নির্ম্মিত পাত্র-বিশেষ।
খুপ, (ক্ষিপ্র) হঠাৎ, শীঘ্র, ত্বরায় ; কোপ।
খুব, (ফাং) উৎকৃষ্ট, উত্তম।
খুবরি, (কূপ) ক্ষুদ্রগৃহ, ঝুপড়ী, কুটীর।
খুর, শফ, অশ্বাদির পাদাগ্র ; ছেদনাস্ত্র বি-শেষ, নাপিতের অস্ত্র বিশেষ ; খট্টাঙ্গ, খা-টের খুরা।
খুরণস, চিপিটনাসিক, চেপ্টা নাক। [শেষ।
খুরপ্র, বাণ বিশেষ খুরপা নামে অস্ত্র বি-
খুরলী, (খুর) ক্ষুদ্র কাষ্ঠাসন, ছোট চৌকী।
খুরাজিক, নাপিতের ভাঁড় ; লৌহময় বাণ ; ব্যাহিল।
খুরী, (খুর) মৃত্তিকা নির্ম্মিত ক্ষুদ্র পানপাত্র, কটোরা, মাটির ছোট্ট পিয়লা।
খুর্পা, (খুরপ্র) অস্ত্রবিশেষ, ঘাসাদি ছেদনাস্ত্র
খুর্মা, (খুর-মা) খর্জ্জুরবিশেষ, ছোয়ারা।
খুলন, প্রসারণ ; সরলকরণ, বন্ধনমোচন।

অল্পস্বল্প, (অল্প-সু-অল্প) অত্যল্প, যৎকিঞ্চিৎ, কণামাত্র, কিছু।
অল্পাকৃতি, খর্ব্ব, বামন। [অদীর্ঘজীবি
অল্পায়ুঃ (অল্প-আয়ুস) অচির জীবিত
অল্পিষ্ঠ, (অল্প) অতিক্ষুদ্র ; অত্যন্ত অল্প।
অল্পীকৃত, (অল্প-কৃত) অল্পকরা, ন্যূনকরা।
অল্পীন, অল্পেং বা ক্রমেং জাত।
অশকুম্ভী, পানীয় পৃষ্ঠজ, জলের পানা।
অশক্ত, শক্তিরহিত, অসমর্থ।
অশক্ততা, (অশক্ত) অক্ষমতা, অপারগতা
অশক্তি, শক্তিহীন ; দুর্ব্বল, ক্ষীণ।
অশক্য, অসাধ্য, শক্তির অগম্য।
অশক্যতা, (অশক্য) অসাধ্য, সাধ্যাতিরিক্ত
অশন (অশ) ভোজন, ভক্ষণ, অভ্যবহার ; অন্ন ; বৃক্ষ বিশেষ, শালগাছ।
অশনাচ্ছাদন, অন্নবস্ত্র, ভাত কাপড়। [নেচ্ছা
অশনায়া, (অশন) ক্ষুধা বুভুক্ষা, ভোজ-
অশনায়িত, (অশন) ক্ষুধিত, বুভুক্ষিত।
অশনি, (অশ) বিদ্যুৎ, বজ্র, বাজ।
অশম্বল, অর্থহীন ; পাথেয়হীন ; শম্বল রহিত
অশর্ম্ম, (অ-শর্ম্মন) কষ্ট, ক্লেশ, দুঃখ।
অশাখা, তৃণবিশেষ।
অশাণিত, অতীক্ষ্ণ, ভোতা।
অশান্ত, অশিষ্ট, দুরন্ত।
অশান্ততা, (অশান্ত) অশিষ্টতা, দৌরাত্ম্য।
অশান্তি, উৎপাত, দৌরাত্ম্য ; অসুখ।
অশাম্য, অশমনীয়, অশান্ত, প্রগল্‌ভ।
অশাসক, শাসনকর্ত্তা হীন ; অরাজক।
অশাসন, শাসনাভাব, অদমন।
অশাসিত, অকৃত দমন, শাসন না করা।
অশাস্ত্র, শাস্ত্রবিরুদ্ধ, অবৈধ।
অশাস্ত্রীয়, বেদবিরুদ্ধ, অবৈধ।
অশিত, (অশ) ভুক্ত, খাদিত ; তৃপ্ত।
অশিতম্ভব, অন্ন, ওদন, ভক্ত, ভাত।
অশিত্র, চোর, তস্কর, মলিম্লুচ।
অশিব, অমঙ্গল, অশুভ।
অশির, হীরক, হীরা ; অগ্নি ; রাক্ষস ; সূর্য্য
অশিরস্ক, মস্তকহীন, কবন্ধ।
অশিশির, অশীতল ; গ্রীষ্ম, উষ্ণ।
অশিশ্বিকা, (অ-শিশু) অনপত্যা, পুত্র কন্যাহীনা স্ত্রী।
অশিষ্ট, দুরন্ত, প্রগল্‌ভ ; অসভ্য।
অশিষ্টতা, (অশিষ্ট) দুরন্ততা, অসভ্যতা।
অশিক্ষা, শিক্ষাভাব, বিদ্যার অনালোচনা।
অশিক্ষিত, অপ্রাপ্ত শিক্ষা, অপণ্ডিত, অনভিজ্ঞ।
অশীতি, (অশ) আশী সংখ্যা।
অশীতিপর, অশীতিবর্ষাধিকবয়স্ক, অতিপ্রাচীন।
অশীর্ষ, নির্মস্তক, কবন্ধ।
অশুচি, অশুদ্ধ, অপ্রয়ত। [কৃত ; অশুচি।
অশুদ্ধ, অপবিত্র, অকৃত শোধন ; অপরি-
অশুদ্ধি, অশুদ্ধ, অশোধন ; ভুল ; অশৌচ।
অশুভ, অমঙ্গল ; পাপ ; মন্দ।
অশুভদর্শন, অমঙ্গল দর্শন, মন্দলক্ষণ।
অশুভক্ষণিয়া, অমঙ্গল্য ; যাহার জন্ম শুভক্ষণে হয় নাই।
অশৃত, অপক্ক ; কাঁচা।
অশেষ, শেষহীন ; নিঃশেষ ; সমগ্র [প্রকারে
অশেষতঃ (অ-শেষ) অশেষ প্রকারে, সম্-
অশেষবিশেষ, নানা প্রকার, বহুবিধ।
অশোক, শোকরহিত ; বৃক্ষবিশেষ
অশোককারি, কদম্ব বৃক্ষ, কদমগাছ।
অশোচ্য, শোকের অযোগ্য, যাহার নিমিত্ত পরিতাপ করিতে হয় না।
অশোধন, অশুদ্ধ, অশোধিত।
অশোভন, মন্দ, কুদৃশ্য, বিশ্রী।
অশোভনীয়, বিশ্রী, কুদৃশ্য, কদাকার, মন্দ।
অশৌচ, শুচিত্বাভাব, অশুদ্ধি। [অবসান।
অশৌচান্ত, অশৌচের শেষ দিন, অশুদ্ধির
অশ্ম, (অশ্মন্) প্রস্তর, পাতর ; পর্ব্বত।
অশ্মকদলী, পাহাড়িয়া কলা। [মণি।
অশ্মগর্ভ, (অশ্মন্-গর্ভ) মণিবিশেষ, মরকত
অশ্মজ, (অশ্মন্-জন) শিলাজতু, গিরিমাটি
অশ্মদারণ, পাষাণভেদক অস্ত্র ; টাঙ্গী।
অশ্মন্, (অশ্) প্রস্তর, পাতর।
অশ্মন্ত, (অশ্মন্-অন্ত) চুল্লী, চুলা ; উনান।
অশ্মপুষ্প, শৈলজ নামক গন্ধদ্রব্য
অশ্মভাল, (অশ্মন্-ভাল) খল, ক্রূর।
অশ্মযোনি, মরকত মণি, পান্না।
অশ্মরী, (অশ্মন্-রা) মূত্রকৃচ্ছ্র রোগ, পাথরী
অশ্মরীহর, ধান্য বিশেষ, দেধান।
অশ্মসার, (অশ্মন্-সৃ) লৌহ, লোহা।
অশ্মা, (অশ্মন্) প্রস্তর, পাতর।
অশ্মীর, অশ্মরী রোগ, পাথরী।
অশ্র, (অশ্) নেত্রজল, নয়ন বারি ; রক্ত।
অশ্রদ্ধা, অভক্তি, ঘৃণা। [অনাদরণীয়।
অশ্রদ্ধেয়, (অ-শ্রৎধা) ঘৃণ্য, শ্রদ্ধার অপাত্র,

অশ্রপ, রাক্ষস, নিশাচর। [হীন।
অশ্রান্ত, অনবরত; বিশ্রাম রহিত, শ্রান্তি-
অশ্রান্তি, অবিশ্রাম, অনবরত।
অশ্রাব্য, শ্রবণানর্হ, শুনিবার অযোগ্য, অ-
তিকটু। [অস্ত্রের অগ্রভাগ।
অশ্রি, (অশ) কোণ, গৃহের কোণ; ধার,
অশ্রেষ্ঠ, মন্দ; সাধারণ, উত্তম নহে।
অশ্রু, (অশ) চক্ষুর্জ্জল, নয়নাম্বু।
অশ্রুত, না শুনা, অনাকর্ণিত।
অশ্রুতপূর্ব্ব, পূর্ব্বে না শুনা; অদ্ভুত।
অশ্লীল, নীচ, অধম, গ্রাম্য; ঘৃণা অথবা
লজ্জা বোধক কথা। [ভিন্ন, অপরিহাস।
অশ্লেষ, অপ্রণয়, অসখ্য, অপ্রীতি; শ্লেষ
অশ্লেষা, (অ-শ্লেষ) নক্ষত্র বিশেষ।
অশ্ব, (অশ) ঘোটক, তুরঙ্গ, ঘোড়া।
অশ্বখুর, নখী নামে গন্ধ দ্রব্যবিশেষ।
অশ্বগন্ধা, (অশ্বগন্ধ) ঔষধিবিশেষ, গাছড়া বিশেষ।
অশ্বগোযুগ, ঘোটক দ্বয়, দুই ঘোড়া।
অশ্বতর, (অশ্ব-তৃ) গর্দ্দভের গর্ব্ভে অশ্বের ঔরসে জাত পশু, খচ্চর
অশ্বতরী, (অশ্বতর) গর্দ্দভের গর্ব্ভে অশ্বের ঔরসে জাত স্ত্রী পশু, খচ্চরী। [ক্রম।
অশ্বত্থ, (অশ্ব-স্থা) বৃক্ষবিশেষ, চলদল, চল-
অশ্বত্থা, পূর্ণিমা তিথি।
অশ্বত্থামা, দ্রোণাচার্য্যের পুত্র, দ্রৌণী।
অশ্বপাল, ঘোটক রক্ষক, সহিস।
অশ্ববক্ত্র, উপদেব বিশেষ, কিন্নর। [ওয়ার।
অশ্ববহ, অশ্ববাহক, অশ্বারোহী, ঘোড় স-
অশ্ববার, অশ্বারোহী, সাদী, ঘোড়সওয়ার।
অশ্ববারণ, গলকম্বল রহিত গো সদৃশ পশু বিশেষ, গবয়, বন্যগবী।
অশ্ববাল, কাশতৃণ, কেশে ঘাস।
অশ্ববৈদ্য, ঘোটক চিকিৎসক।
অশ্বমহিষিক, অশ্ব মহিষের ন্যায় নিত্য-বৈরিতা, সর্ব্বদা বিরোধ।
অশ্বমুখ, উপদেবতা বিশেষ, কিন্নর।
অশ্বমেধ, যজ্ঞবিশেষ, যে যজ্ঞে বিশেষ লক্ষণাক্রান্ত অশ্বকে সংপ্রোক্ষণ করিয়া কপালে জয়পত্র বন্ধন পূর্ব্বক অবাধে ভ্রমণার্থ ত্যাগ করে এবং এক বৎসরান্তে সেই অশ্ব পুনরাগত হইলে তাহাকে বধ করিয়া হোম করে সেই যজ্ঞের নাম অশ্বমেধ।

অশ্বমেধিক, (অশ্বমেধ) অশ্বমেধ যাগোপযুক্ত ঘোটক।
অশ্বমেধীয়, অশ্বমেধ যজ্ঞীয় অশ্ব [ন মাস।
অশ্বযুক, (অশ্বযুজ্) অশ্বিনী নক্ষত্র; আশ্বি-
অশ্বরক্ষ, ঘোটক রক্ষক, অশ্বপাল, সহিস্।
অশ্বরোধক, করবীরবৃক্ষ, করবীগাছ।
অশ্বশালা, মন্দুরা, ঘোটক গৃহ, ঘোড়ার ঘর, আস্তবল।
অশ্বশৃগালিকা, অশ্বশৃগালের শত্রুতা।
অশ্বসেননৃপনন্দন, সনৎকুমার।
অশ্বস্বন, তুরঙ্গ ধ্বনি; ঘোটকের রব।
অশ্বস্বনসঙ্কাশ, ঘোটকের শব্দ তুল্য।
অশ্বা, ঘোটকী, ঘুড়ী, বড়বা।
অশ্বারি, (অশ্ব অরি) মহিষ। [সওয়ার।
অশ্বারূঢ়, (অশ্ব-আরূঢ়) অশ্বারোহী, ঘোড়-
অশ্বারোহ (অশ্ব-আরোহ) অশ্বপৃষ্ঠস্থিত যোদ্ধা; অশ্ববাহক, ঘোড় সওয়ার।
অশ্বারোহী (অশ্ব-আরোহিন) অশ্বারোহণ বিশিষ্ট, ঘোটকারোহণকর্ত্তা, অশ্বারূঢ়, ঘোড়সওয়ার। [প্রথম নক্ষত্র।
অশ্বিনী (অশ্ব) সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে
অশ্বিনীকুমার, স্বর্গের বৈদ্য, দেবতাবিশেষ সূর্য্যের অশ্বিনীনাম্নী পত্নীর গর্ব্ভে জাত যমজ পুত্র।
অশ্বিনীপুত্র, স্বর্বৈদ্য, দেবতাবিশেষ।
অশ্বীন, (অশ্ব) এক অশ্ব দ্বারা একদিনে গমনার্হ দেশ।
অশ্বীয়, (অশ্ব) অশ্ববৃন্দ, ঘোটক সমূহ; অশ্বহিত; অশ্বহিতকারী; অশ্বসম্বন্ধীয়।
অষড়ক্ষীণ, উভয় কর্ত্তৃক মন্ত্রণা।
অষাঢ়, (অষাঢ়া) আষাঢ় মাস।
অষাঢ়ক, আষাঢ় মাস।
অষ্ট, (অষ্টন্) সংখ্যা বিশেষ, আট।
অষ্টক, (অষ্টন্) অষ্ট সংখ্যা, আটের পূরণ।
অষ্টকর্ণ, ব্রহ্মা, প্রজাপতি, বিধি।
অষ্টকা, (অশ) শ্রাদ্ধ বিশেষ; তিথি বিশেষ
অষ্টকাষ্ঠ, পাশার ছক।
অষ্টধাতু, (অষ্টন্-ধাতু) সোণা, রূপা, দস্তা, কাঁসা, তাম্র, রাং, শিশা, লোহ।
অষ্টপদ, লূতা, মাকড়সা।
অষ্টবসু, আপ, ধ্রুব, সোম, ধব, অনিল, অনল, প্রত্যুষ, প্রভাষ।
অষ্টম, (অষ্টন্) আটের পূরণ, যাহাতে অষ্ট সংখ্যা পূর্ণ হয়।

অষ্টময়সিদ্ধি, সাঙ্গতা, পরিপূর্ণতা, নায়িকা সিদ্ধি বিশেষ।
অষ্টমান, কুড়ব পরিমাণ। [চারি তোলা।
অষ্টমিকা, শুক্তি পরিমাণ, চতুস্তোলক,
অষ্টমী, (অষ্টন্) তিথিবিশেষ, চন্দ্রের অষ্টম কলার ক্রিয়া যে দিনে হয়।
অষ্টমূর্ত্তি, শিব, মহাদেব।
অষ্টশ্রবা, ব্রহ্মা, বিধাতা, বিরিঞ্চি।
অষ্টাকপাল, যজ্ঞ বিশেষ, যে যজ্ঞে আট টা কপালে হবি লইয়া হোম করে।
অষ্টাঙ্গ, (অষ্টন্-অঙ্গ) অষ্ট অবয়ব যথা তুই হস্ত, হৃদয়, কপাল, তুই চক্ষু, গলা, মেরুদণ্ড
অষ্টাঙ্গার্ঘ্য, অষ্টদ্রব্যঘটিত পূজোপকরণ।
অষ্টাদশ, (অষ্টন্-দশন্) সংখ্যাবিশেষ, আঠারো। [ঘটিত পাচন।
অষ্টাদশাঙ্গ, (অষ্টাদশন্-অঙ্গ) অষ্টাদশ দ্রব্য
অষ্টাপদ, শরভ, মর্কট; ক্রিমি, কৈলাসপর্বত, কীলক। [মুনি বিশেষ।
অষ্টাবক্র, (অষ্টন্-বক্র) অতিবক্র; কুরূপ;
অষ্টাশী, (অষ্টন্-অশীতি) অষ্টঅধিকআশী।
অষ্টাস্র, অষ্টকোণ, আট কোণা।
অষ্টি, (অশ) অষ্ঠী, আঁটি, বীজ।
অষ্টেপৃষ্ঠে, (অষ্টন্-পৃষ্ঠ) সকল দিকে সর্বাঙ্গে
অষ্ঠি, (অশ) বীজ, বীচি, আঁঠি।
অষ্ঠিবন, (অস্থি) জানু, জঙ্ঘা, আঁটু।
অষ্ঠীনিকা, (অস্থি) কোষ্ঠবদ্ধ রোগ, উদরাময়
অসংক্রান্ত, অসম্বন্ধ, অলগ্ন। [তি অনন্ত।
অসংখ্য, অগণনীয়, সংখ্যা রহিত, অপরিমি
অসংখ্যাত, অগণিত, সংখ্যা রহিত; অপরিমিত। [গণনা হয় না।
অসংখ্যেয়, অগণনীয়, যাহার সংখ্যা বা
অসংযুক্ত, অলগ্ন, অমিলিত।
অসংলগ্ন, অমিল, অসঙ্গত।
অসংশয়, নিশ্চয়, নিঃসন্দেহ।
অসংসৃষ্ট, অমিলিত; পৃথক, ভিন্ন।
অসংস্কৃত, সংস্কৃতেতর; অশুদ্ধ; সংস্কারহীন; অনুপনীত।
অসংস্কৃতবাক্য, সংস্কৃত ভিন্ন বাক্য, ইতর কথা, অপভাষা, অপশব্দ।
অসংস্থান, অসংস্থিতি, অসম্বল, অসঙ্গতি।
অসংহত, ব্যূহ বিশেষ; অবদ্ধ; অমিলিত, পৃথক।
অসকৃৎ, পুনঃ পুনঃ বারম্বার।
অসখ্য, অপ্রণয়, বন্ধুত্বের অভাব।

অসঙ্কুচিত, অকুণ্ঠিত; অসঙ্কীর্ণ; প্রশস্ত।
অসঙ্কুল, অসংকীর্ণ, বিস্তৃত, প্রশস্ত।
অসঙ্কোচ, অবাধ, অপ্রতিবন্ধক।
অসংখ্য, সংখ্যা রহিত, অগণনীয়। [বিরুদ্ধ।
অসঙ্গত, অযুক্ত; সঙ্গতি রহিত, অমিল,
অসঙ্গতি, বিরোধ, অপ্রতুল; অসংস্থান।
অসতর্ক, অসাবধান, অনবহিত।
অসতামি, (অসৎ) অসৎপনা, শঠতা, ধূর্ত্ততা
অসতী, (অসৎ) ভ্রষ্টা, ব্যভিচারিণী, পুংশ্চলী বন্ধকী, কুলটা, স্বৈরিণী, পর পুরুষগামিনী
অসতীসুত, ব্যভিচারিণী পুত্র, জারজ।
অসৎ, অবিদ্যমান; অসাধু, দুর্জ্জন।
অসৎকথা, মন্দ কথা, কুবাক্য।
অসৎপথ, মন্দ পথ, কুপথ, কদর্য্য-বর্ত্ম।
অসৎপনা, ধূর্ত্ততা, শঠতা, দুষ্টতা।
অসত্য, মিথ্যা, অলীক, অযথার্থ।
অসত্বর, অশীঘ্র, অনুৎসাহী, দীর্ঘসূত্রী।
অসদধ্যেতা, (অসৎ-অধ্যেতা) অসদধ্যয়নশালী, কুৎসিত পাঠক। [কিচুক্তি।
অসদুক্তি, (অসৎ-উক্তি) অসদ্বাক্য, অসদ্বচন,
অসদৃশ, অতুল্য, অনুপম, অসমান।
অসদ্গ্রাহ, (অসৎ-গ্রাহ) অখ্যাতি, বালকদিগের আবদার। [হেতু।
অসদ্ধেতু, (অসৎ-হেতু) অসৎকারণ; দুষ্ট
অসদ্ভাব, (অসৎ-ভাব) অপ্রণয়, অভাব, অপ্রতুল।
অসন, (অস) বৃক্ষবিশেষ।
অসন, বৃক্ষ বিশেষ, পিয়ারা গাছ।
অসন্তুষ্ট, সম্যক্তুষ্টি রহিত, সন্তোষহীন, অনাহ্লাদিত।
অসন্তোষ, অনাহ্লাদ; অপরিতোষ।
অসপিণ্ড, সপিণ্ডভিন্ন, জ্ঞাতিভিন্ন।
অসম্মান, মান হানি, অমর্য্যাদা। [কভব্য।
অসভ্য, সভার অনুপযুক্ত, অসামাজিক,
অসভ্যতা, (অসভ্য) অভব্যতা, মূঢ়ত্ব।
অসবর্ণ, ভিন্নজাতীয়।
অসম, বিষম; অতুল্য।
অসমগ্র, অসমুদয়, অনখিল; অত্যল্প।
অসমঞ্জস, অসঙ্গত; অনুপযুক্ত।
অসময়, অকাল, দুঃসময়।
অসমর্থ, অশক্ত; দুর্ব্বল, ক্ষীণ।
অসমবায়িকারণ, সমবায়ি কারণের আসন্ন কারণ, সমবায়ি কারণেপ্রত্যাসন্ন কারণ যেমন ঘটের প্রতি কপাল দ্বয়সংযোগ

অসমসাহস, দুঃসাহস।
অসমক্ষ, পরোক্ষ, অগোচর।
অসমান, অতুল্য, বিভিন্ন।
অসমাপন, অসমাপ্তি ; অসম্পূর্ণ।
অসমাপ্ত, সমাপ্তি রহিত, অসংপূর্ণ।
অসমীচীন, অযুক্তম, অপকৃষ্ট।
অসমীক্ষ্যকারী, অবিবেনা পূর্ব্বক কর্ম্মকর্ত্তা, অবিবেচক, জাল্ম।
অসম্পর্ক, অসম্বন্ধ, সম্পর্কহীন।
অসম্পূর্ণ, খণ্ডিত, অসমাপ্ত, অপরিপূর্ণ।
অসম্প্রীতি, অপ্রণয়, অমিল।
অসম্বন্ধ, অনর্থক বাক্য ; অবদ্ধ, অমিল, নিঃসম্পর্ক।
অসম্বদ্ধ, সম্বন্ধহীন, নিসম্পর্ক।
অসম্ভব, যাহা হইতে পারে না ; অযোগ্য, অনুপযুক্ত।
অসম্ভ্রম, অমর্য্যাদা ; মানহানি।
অসম্মত, অনভিমত ; বিরুদ্ধ পক্ষ।
অসম্মান, অমর্য্যাদা, অপমান।
অসম্লিষ্ট, অমিশ্র, অসংযুক্ত, সংশ্রবরহিত।
অসরল, বক্র ; কুটিল, অনৃজু, সোজা নহে।
অসহন, শত্রু, বৈরী ; অসহ্য।
অসহিষ্ণু, সহনে অসমর্থ, সহিতে অপারক
অসহ্য, অসহনীয়, সহনাযোগ্য।
অসাধারণ, সাধারণ ভিন্ন, অসামান্য ; বিশেষ
অসাধ্য, অসাধনীয়, সাধনাযোগ্য, অশক্য।
অসান্দ্র, অনিবিড় ; বিরল।
অসামর্থ্য, অশক্তি, অশক্ততা।
অসামান্য, বিশেষ, অসাধারণ।
অসাম্প্রত, অযুক্ত, অনুচিত, অন্যায়।
অসার, সার রহিত বস্তু, স্থিরাংশশূন্য ; এরণ্ড বৃক্ষ।
অসাক্ষাৎ, অপ্রত্যক্ষ, অদর্শন, অগোচর।
অসি, (অস্) খড়্গ, খাঁড়া, তরবাল, করবাল
অসিক, অধর ও চিবুকের মধ্য ভাগ।
অসিক্নী অন্তঃপুরচারিণী অবৃদ্ধাদাসী ; নদী
অসিগণ্ড, ক্ষুদ্র উপধান, ছোট বালিশ।
অসিত, কৃষ্ণ বর্ণ ; শনি গ্রহ, কৃষ্ণপক্ষ।
অসিতা, অন্তঃপুরস্থা দাসী, অবৃদ্ধাদাসী।
অসিতার্চ্চি, অগ্নি, অনল, বহ্নি, পাবক।
অসিতোৎপল, (অসিত-উৎপল) নীলোৎপল, নীল পদ্ম।
অসিদংষ্ট্র, জলজন্তু বিশেষ, মকর।
অসিদ্ধ, অপক্ব, অস্বিন্ন ; অনিষ্পন্ন, অশাস্ত্রীয়, অকর্ত্তব্যরূপে স্থিরীকৃত, সিদ্ধি রহিত।
অসিদ্ধি, অনিষ্পত্তি, অসম্পন্নতা।

অসিধাব শস্ত্র মার্জ্জক, শিকলকর।
অসিধাবক, খড়্গাদি পরিষ্কার কর্ত্তা, শস্ত্র মার্জ্জক, শিকলকার।
অসিধারী, (অসি-ধারিন্) খড়্গধারী খড়্গহস্ত।
অসিধেনু, ছুরিকা, ছুরী।
অসিপত্র, ইক্ষু ; খড়্গকোষ ; নরকবিশেষ।
অসিপত্রক, ইক্ষু, আউক।
অসিপত্রবন, নরক বিশেষ।
অসিপুচ্ছক, জলজন্তুবিশেষ, শিশুমার, শুশুক।
অসিপুত্রিকা, ছুরিকা, ছুরী।
অসিহেতি, খড়্গধারী যোদ্ধা।
অসীম (অ-সীমন্) অনন্ত, সীমা রহিত, অশেষ।
অসু, (অস্) প্রাণ, জীবন ; উপতাপ।
অসুখ, দুঃখ, ক্লেশ, কষ্ট
অসুখজনক, ক্লেশকর, দুঃখদায়ক।
অসুখদ, ক্লেশজনক, দুঃখদায়ক।
অসুখী, (অসুখিন্) দুঃখিত, অসুস্থ ; অপ্রসন্ন।
অসুধারণ, প্রাণধারণ, জীবন রাখন।
অসুভৃৎ, প্রাণী, সজীব, জীবন্ত।
অসুর, সুরবিরোধী, দৈত্য, দানব।
অসুররিপু, দেব ; বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
অসুরা, রজনী, রাত্রি ; রাশি।
অসুরাহ্ব, কাংস্য, কাঁসা।
অসুরী, অসুরপত্নী ; রাজিকা, রাঁইসর্ষা।
অসূর্ক্ষণ, অবজ্ঞা, অনাদর, তাচ্ছল্য।
অসুস্থ, সুখ স্থিতি রহিত, রুগ্ন।
অসুস্থতা, (অসুস্থ) অস্বাস্থ্য, অস্বচ্ছন্দতা।
অসূক্ষণ অবজ্ঞা, অনাদর, তাচ্ছল্য।
অসূত, পুত্রহীন, নিঃসন্তান।
অসূয়া, (অসু) গুণেতে দোষারোপ, পরিবাদ, দ্বেষ, নিন্দা।
অসূর্য্যম্পশ্যা, অন্তঃপুর স্থিতা স্ত্রী, যাহাকে সূর্য্যও দেখিতে পান না।
অসৃক্ষণ, অনাদর, অবজ্ঞা ; তাচ্ছল্য।
অসৃক্, (অস্) রক্ত, শোণিত, রুধির।
অসৃককর, শরীরস্থ রস ধাতু।
অসৃকপ, রাক্ষস ; জোঁক, জলোকা।
অসৃগ্ধারা, (অসৃক-ধারা) শোণিত ধারা ; চর্ম্ম।
অসেচনক, (অসেচন) অত্যন্ত প্রিয় দর্শন, যাহাকে দেখিয়া তৃপ্তির শেষ না হয় এমন ব্যক্তি, মনোহর, অতিসুন্দর।
অসৌম্য, অভদ্র ; অপ্রিয় ; মন্দ, কুৎসিত।
অসৌম্যস্বর, কাকবৎ মন্দস্বর, কুস্বর, কুৎসিত ধ্বনি।

অসৌষ্ঠব, কুগঠন, অশোভন।
অস্ত, (অস্) অস্তাচল, অস্তিমাচল, অন্তর্দ্ধান মৃত্যু; অন্তর্ধান।
অস্তক, মোক্ষ, মুক্তি, নির্ব্বাণ।
অস্তগত, অস্ত প্রাপ্ত; অন্তর্হিত।
অস্তগিরি, অস্তাচল, চরম পর্ব্বত।
অস্তম্, (অস্) অস্তাচল, পশ্চিমাচল, অস্তগিরি।
অস্তাঘ, অগাধ, অতি গভীর, অতল স্পর্শ।
অস্তাচল, (অস্ত-অচল) অস্তপর্ব্বত, পশ্চিম দিকস্থ গিরি, চরম পর্ব্বত।
অস্তাদি, (অস্ত-আদি) অস্তাচল, চরম পর্ব্বত
অস্তাবলম্বী, (অস্ত-অবলম্বিন্) অস্তগত, অস্ত প্রাপ্ত।
অস্তি, (অস্) বিদ্যমান, বর্ত্তমান, সত্তা।
অস্তিত্ব, (অস্তি) বিদ্যমানতা, সত্তা।
অস্তু, (অস্) অঙ্গীকার; ভবতু, হউক।
অস্ত্যান, ভর্ৎসন, নিন্দা, কুৎসা।
অস্ত্র, (অস্) আয়ুধ, প্রহরণ, শস্ত্র, ক্ষত্রিয়ার
অস্ত্রকণ্টক, বাণ, ইষু, শর।
অস্ত্রকারক, অস্ত্রনির্ম্মাতা, অস্ত্রকারী, আমর কারক।
অস্ত্রচিকিৎসক, শস্ত্রবৈদ্য, ডাক্তর।
অস্ত্রচিকিৎসা, অস্ত্র চালনাদি দ্বারা ক্ষতাদি রোগের প্রতীকার করণ।
অস্ত্রবৈদ্য, অস্ত্রচিকিৎসক, ডাক্তর।
অস্ত্রমার্জ্জ, অস্ত্র পরিষ্কার কর্ত্তা, শিকল কর, অসিধাবক।
অস্ত্রসায়ক, নারাচাস্ত্র, সমুদয় লৌহময় বাণ।
অস্ত্রাগার, (অস্ত্র আগার) অস্ত্ররক্ষণগৃহ, শেলাখানা। [ক্ষত্রিয়দের চোট
অস্ত্রাঘাত, (অস্ত্র-আঘাত) অস্ত্রদ্বারা প্রহার,
অস্ত্রীক (অস্ত্রী) স্ত্রী রহিত, অপত্নীক।
অস্থাগ, (অ-স্থা) অগাধ, অতি গভীর।
অস্থাঘ, (অ-স্থা) অতলস্পর্শ, অতি গভীর।
অস্থান, স্থানরহিত, স্থলহীন; মন্দস্থান।
অস্থাবর, স্থাবরভিন্ন বস্তু, জঙ্গম বস্তু।
অস্থায়, অস্থায়ী, স্থিতিরহিত, অগাধ, অলস্পর্শ। [অনিত্য।
অস্থায়ী, (অ-স্থায়িন) স্থিতি রহিত, নশ্বর,
অস্থার, (অ-স্থা) অগাধ, গভীর, অতলস্পর্শ
অস্থি, (অস্) শরীরস্থ ধাতুবিশেষ, হাড়
অস্থিকৃৎ, শরীরস্থ মেদোধাতু। [তি ক্ষীণ
অস্থিচর্ম্মাবশিষ্ট, অস্থি ও চর্ম্মমাত্রসার, অ-
অস্থিজ, (অস্থি-জন) মজ্জা, অস্থির সারভাগ
অস্থিতি, না থাকা; অসংস্থান
অস্থিতুণ্ড, পক্ষী, বিহঙ্গ
অস্থিপঞ্জর, শরীরের অস্থিসমূহ; কঙ্কাল।
অস্থিভক্ষ, কুকুর, কুক্কুর, কুত্তা।
অস্থিভেদ, হাড়ভেদ, মর্ম্মভেদ।
অস্থিমালী, শিব; হাড়ের মালা ধারী।
অস্থির, চঞ্চল, অস্থায়ি, অনিশ্চিত।
অস্থিরতা, (অস্থির) অস্থৈর্য্য, অনিশ্চয়।
অস্থিরমনাঃ (অস্থির-মনস্) অস্থির মতি, অস্থিরান্তঃকরণ, সচঞ্চল।
অস্থিসংহার, হাড়জোড়া, অস্থিসংলগ্ন।
অস্থিসমর্পণ, গঙ্গাতে অস্থিপ্রক্ষেপ।
অস্থিসার, মজ্জা, অস্থিমধ্যস্থ বস্তু।
অস্থূল, ক্ষীণ, কৃশ, পাতলা।
অস্থৈর্য্য, (অস্থির) অস্থিরতা; নিশ্চয়াভাব।
অস্পষ্ট, অব্যক্ত, অস্ফুট; শ্লিষ্টবাক্য।
অস্পৃশ্য, স্পর্শের, অযোগ্য।
অস্ফুট, অব্যক্ত, অস্পষ্ট।
অস্ফুটবাক্, অস্পষ্ট বক্তা। [মি, আমরা
অস্মদ্, (অস্) আত্মবাচি সর্ব্বনাম শব্দ, আ-
অস্মন্ত, চুল্লী, চুলা, উনান, আখা।
অস্মৎপর, ইহার পর, অতঃপর।
অস্র, (অস্) কোণ; নেত্রজল; রক্ত; কেশ
অস্রখদির, খদির বিশেষ, রক্ত খদির।
অস্রপ, নিশাচর, রাক্ষস; জোঁক।
অস্রপা, জলৌকা, জোঁক।
অস্রু, (অস্) চক্ষুর জল; নেত্রাম্বু, অস্র, বাষ্প
অস্ব, অনিজ; নিস্ব, দরিদ্র, দুঃখী। [ধীন
অস্বচ্ছন্দ, অসুস্থ; ক্লিষ্ট; রুগ্ন, পীড়িত; অ-
অস্বতন্ত্র, অধীন, পরবশ, পরতন্ত্র।
অস্বপ্ন, মন্দ স্বপ্ন দুঃস্বপ্ন; দেবতা; নিদ্রাহীন
অস্বভাব, মন্দচরিত্র; কুস্বভাব।
অস্বর, মন্দস্বর; কুৎসিত ধ্বনি, কুরব।
অস্বর্গ্য, স্বর্গের অহিত, পাপজনক।
অস্বাতন্ত্র্য, পরাধীনতা, পরতন্ত্রতা, অধীনতা
অস্বাধ্যায়, বিধিপূর্ব্বক বেদাধ্যয় হীন; অনধ্যায়। [রিস।
অস্বামিক, স্বামিরহিত; অকর্ত্তৃক; বেওয়া-
অস্বাম্য, অস্বামিত্ব, স্বত্বাভাব, অনধিকার।
অস্বাস্থ্য, সুস্থতার অভাব, রোগ, পীড়া।
অস্বীকার, অনঙ্গীকার; গ্রহণ না করা
অহ, দিন, দিবস, বাসর
অহং, আমি, অস্মদ্।
অহংযু, (অহং) অহঙ্কারযুক্ত, গর্ব্বান্বিত

অহংপতি, (অহন্-পতি) সূর্য্য, দিবাকর।
অহঙ্কার (অহং-কৃ) অহঙ্কৃতি, গর্ব্ব, অভিমান
অহঙ্কারবান্ (অহঙ্কার) গর্ব্বান্বিত, দাম্ভিক, অহঙ্কারী।
অহঙ্কারী, (অহঙ্কার) গর্ব্বিত, দাম্ভিক।
অহঙ্কৃত, (অহংকৃ) অহঙ্কারযুক্ত, গর্ব্বিত, অভিমানী।
অহন্, (অ-হা) দিন, দিবস, বাসর।
অহম্, আমি, অস্মদ্।
অহমহমিকা, (অহং) পরস্পর আত্মশ্লাঘা, আমি বড় আমি বড় বলিয়া পরস্পর অহঙ্কার করা।
অহমিকা, (অহং) গর্ব্ব, অহঙ্কার, দম্ভ।
অহম্পূর্ব্বিকা, আমি অগ্রে যাইব বলিয়া যোদ্ধাদিগের পরস্পর অগ্রে ধাবন,
অহম্মতি, (অহংমতি) অবিদ্যা, অজ্ঞান।
অহরহ, (অহন্) প্রতিদিন, প্রত্যহ।
অহর্নিশ, (অহন্-নিশা) দিবারাত্রি, নক্তন্দিন
অহর্পতি, (অহন্-পতি) সূর্য্য, দিবাকর।
অহর্ম্মণি, (অহন্-মণি) সূর্য্য, দিবাকর, ভাস্কর
অহর্মুখ, (অহন্-মুখ) প্রাতঃকাল, প্রত্যূষ
অহল্য, লাঙ্গল দ্বারা অনাকৃষ্ট ভূমি, অচষা ক্ষেত। [ক্ষর। বিশেষ।
অহল্যা, (অ-হল) গোতম মুনিপত্নী; অ
অহস্কর, (অহন্-কৃ) সূর্য্য, দিবাকর, দিনমণি
অহস্পতি, (অহন্-পতি) সূর্য্য, দিবাকার,
অহহ, অদ্ভুত বা খেদ প্রকাশক শব্দ।
অহার্য্য, অহরণীয়; পর্ব্বত.
অহি, (আ-হন্) সর্প; সূর্য্য; পথিক।
অহিংসক, (অ-হিংসা) অহিংস্র, অহিংসাকারক [না করণের
অহিংসা, অনিষ্ট করণের অনিচ্ছা, প্রাণিবধ
অহিকান্ত, বায়ু, অনিল, বাতাস।
অহিজিৎ, বিষ্ণু; ইন্দ্র।
অহিত, শত্রু; অপথ্য; অনুপকার, মন্দ।
অহিতুণ্ডিক, (অহি-তুণ্ড) ভিক্ষার্থ সর্পখেলক, সাপুড়িয়া।
অহিদ্বিট্, ইন্দ্র; গরুড়; ময়ুর, নকুল।
অহিনকুলতা, (অহি-নকুল) নিত্যবিরোধ, নিত্যবৈরিতা, সর্প ও বেজির তুল্য সদাশত্রুতা।
অহিফেণ, সর্পের ফেণা; অপিয়ম, আফিং
অহিরত্ন, শিব; রুদ্র বিশেষ [ভয়; সর্পভয়
অহিভয়, রাজার স্বপক্ষ হইতে উৎপন্ন-

অহিভুক, (অহি-ভুজ্) গরুড়; ময়ুর। [সর্প
অহীরণি, দ্বিমুখসর্প, শাখিনী, সাপ, রাজ-
অহে, তুল্য ব্যক্তির সম্বোধনার্থক শব্দ
অহো, শোক বা করুণা বা বিষাদ বোধক, সম্বোধন বা প্রশংসা বা বিস্ময় বা অযশ বা আশ্চর্য্য প্রকাশক শব্দ। [রাত্রি
অহোরাত্র, (অহন্-রাত্রি) দিবানিশি, দিন
অহ্নায়, (অ-হ্নু) ঝটিতি, দ্রুত, শীঘ্র, ত্বরিত
অক্ষ, পাশ, ইন্দ্রিয়; শকট; ব্যবহার; রুদ্রাক্ষ; সর্প, চক্র; রাবণের এক পুত্রের নাম।
অক্ষক্রীড়া, পাশাক্রীড়া, পাশা খেলা।
অক্ষত, অহিংসিত; অখণ্ডিত; ক্ষত শূন্য যব; আতপ তণ্ডুল।
অক্ষতা, (অক্ষত) অজাত পুরুষ সংসর্গা স্ত্রী
অক্ষদৃক্, অক্ষদর্শক, ব্যবহার দ্রষ্টা ধর্ম্মাধ্যক্ষ, বিচার কর্ত্তা।
অক্ষদেবী, দ্যূতক্রীড়াকারক, পাশাখেলক।
অক্ষপাটক, ধর্ম্মাধ্যক্ষ, বিচারক, জজ।
অক্ষপাদ, তার্কিক, নৈয়ায়িক; গোতম মুনি
অক্ষম, ক্ষমতা রহিত, ক্ষমতা শূন্য, অশক্ত
অক্ষমতা, (অক্ষম) অশক্ততা শক্তিহীনতা।
অক্ষমা, অক্ষান্তি, ঈর্ষা; নিন্দা।
অক্ষমালা, অক্ষসূত্র; রুদ্রাক্ষ মালা; জপমালা; অকারাদি ক্ষকারান্ত বর্ণশ্রেণী; বশিষ্ঠপত্নী।
অক্ষয়, ক্ষয়রহিত, অব্যয়; অবিনাশ।
অক্ষয়তৃতীয়া, চান্দ্র বৈশাখের শুক্ল তৃতীয়া।
অক্ষয্যা, (অ-ক্ষয়) বার তিথি ঘটিত যোগ বিশেষ।
অক্ষর, (অ-ক্ষর্) শিব; বিষ্ণু; অনশ্বর; ব্রহ্ম; পঞ্চাশদ্বর্ণ; মোক্ষ।
অক্ষরচঞ্চু, (অক্ষর) লেখক, লিপিকর।
অক্ষরচুঞ্চু, (অক্ষর) শীঘ্রঅথচউত্তমলেখক
অক্ষরচন, লিপিকর, লেখক।
অক্ষরজননী, লেখনী, কলম।
অক্ষরজীবক, লেখক, লিপিকর।
অক্ষরজীবিক, (অক্ষর-জীবিকা) অক্ষরজীবী, লেখক, লিপিবৃত্তি; কায়স্থ জাতি।
অক্ষরতুলিকা, লেখনী, কলম।
অক্ষরবর্ত্তী, দ্যূতক্রীড়া, পাশাখেলা। [স্থান।
অক্ষরবাট, মল্লভূমি, নিযুদ্ধ ক্ষেত্র, কুস্তির
অক্ষরবিৎ, দ্যূতজ্ঞ; ব্যবহারজ্ঞ।
অক্ষরবিন্যাস, লিপি, লিখন।

অক্ষরমালা, বর্ণমালা।
অক্ষরমুখ, শিষ্য, ছাত্র।
অক্ষররহিত, অক্ষরহীন, বর্ণশূন্য।
অক্ষরসংস্থান, লিপি, লিখন।
অক্ষসূত্র, অক্ষমালা, জপমালা।
অক্ষাংশ, (অক্ষ-অংশ) কল্পিত ভূগোলের উপরিস্থ রেখার সংখ্যা বিশেষ।
অক্ষাগ্র, (অক্ষ-অগ্র) কীলক, রথচক্র রোধার্থ শঙ্কু, চাকার খিল।
অক্ষান্তি, পরগুণাসহিষ্ণুতা, ঈর্ষা; অধৈর্য্য।
অক্ষারলবণ, সৈন্ধবলবণ; গব্যদুগ্ধ-গবঘৃত-ধান্য-মুগ-তিল-যব সৈন্ধব এইনব দ্রব্য
অাক্ষি, (অক্ষ) চক্ষু, নেত্র, লোচন, নয়ন।
অক্ষিক, (অক্ষ) রঞ্জন বৃক্ষ, আচ্‌ফুলের গাছ
অক্ষিকূটক চক্ষুর তারা, নেত্রমণি।
অক্ষিগত, (অক্ষি-গম) দৃশ্য, নেত্রগত।
অক্ষিণ্ণ, (অক্ষুণ্ণ) অদুঃখিত, যে খেদিত নহে
অক্ষিত, (অক্ষ) শোভাঞ্জন বৃক্ষ; সামুদ্রিক লবণ। [দর্শন।
অক্ষিবিকূণিত, কটাক্ষ, অপাঙ্গদৃষ্টি, ঈষ-
অক্ষিবিভ্রম, দৃষ্টিবিভ্রম, অন্যথাদর্শন।
অক্ষিবিক্ষেপ, দৃষ্টি ক্ষেপণ, কটাক্ষপাত।
অক্ষীক, রঞ্জন বৃক্ষ, আঁচ্‌ফুলের গাছ।
অক্ষীণ, অকৃশ; পূর্ণ, হৃষ্টপুষ্ট।
অক্ষীর, সামুদ্রলবণ; অমত্ত; শোভাঞ্জনবৃক্ষ, শজিনা গাছ [মনস্তাপ রহিত, অক্ষুব্ধ
অক্ষুণ্ণ, (অক্ষুব্ধ) অখোদিত, অচূর্ণিত;
অক্ষুধ, (অ-ক্ষুধা) ক্ষুধাহীন, ক্ষুধারহিত।
অক্ষুব্ধ, ক্ষোভ রহিত, খেদশূন্য, অনস্তাপ।
অক্ষোট, (অক্ষ) আখরোট, ফল বিশেষ।
অক্ষোড়, (অক্ষ) আক্রোট ফল, আকরোট ফল। [স্তন স্তম্ভ।
অক্ষোভ, ক্ষোভ রহিত; অখিন্ন; হস্তিব-
অক্ষৌহিণী, (অক্ষ-উহিনী) সংখ্যাবিশেষ যুক্তসেনা ২১৮৭০ হস্তী ২১৮৭০ রথ ৫৫৬১০ অশ্ব ১০৯৩৫০ পদাতি সমুদায়ে ২১৮৭০০।

আ

আ, আকার, দ্বিতীয় স্বর বর্ণ।
আই, মাতামহী, মাতার মাতা।
আইও, (ঊঢ়া) বিবাহিতা স্ত্রীলোক।
আইচ, (অচ্যুত) বৃক্ষবিশেষ; পুষ্পবিশেষ।
আইজ, (অদ্য) অদ্য, বর্ত্তমান বাসর।
আইন, (যাং) রাজবিধি, রাজানিয়ম।
আইন্দা, (যাং) ভবিষ্যতে, ইহার পরে।
আইবড়, (অনূঢ়) অবিবাহিত, অকৃতোদ্বাহ
আইসন, (আইস্) আগমন; পৌঁছন।
আউক, (ইক্ষু) ইক্ষু, গুড়তৃণ।
আউস, (আশু) ধান্য বিশেষ।
আওড়ন, (আবর্ত্তন) আবৃত্তিকরণ, পড়ন।
আওত, (আবৃত) আবৃত, আচ্ছন্ন, ঢাকা।
আওভাও, (আহ্বান) অভ্যর্থনা, সমাদর।
আং, (অঙ্গ) স্বীকার, অঙ্গীকার। [ঘটিত।
আংশিক, (অংশ) এক দেশগত; এক অংশ-
আঁক, (অঙ্ক) অঙ্ক; চিহ্ন; সংখ্যাস্থান।
আঁকা, (আঁক্) চুঁআ; দগ্ধ; অঙ্কিত।
আঁকুর্ষি, (আকর্ষিণী) আকর্ষ, যাহার দ্বারা উচ্চহইতে দ্রব্যাদি আকর্ষণ করা যায়।
আঁখি (অক্ষি) অক্ষি, চক্ষু, নেত্র।
আঁচ, (অগ্নি) উত্তাপ, তাপ, উষ্ণতা।
আঁচড়ন, (আ-চট্) চিহ্ন, দাগ; ভূমিতে অঙ্কন। [নিয়মিত জল গ্রহণ।
আঁচমন, (আ-চম্) জলস্পর্শ, ধর্মক্রিয়া নি-
আঁচমনীয়, (আ-চম) যে দ্রব্য ভক্ষণ করিলে আচমন করিতে হয়, ভৃষ্ট তণ্ডুল মুড়ি-ইত্যাদি। [প্রান্তভাগ।
আঁচল, (অঞ্চল) অঞ্চল, স্ত্রীলোকের বস্ত্রের-
আচল, (অঞ্চল) স্ত্রী পরিধেয় বস্ত্রের প্রান্তভাগ। [হস্তমুখ প্রক্ষালন।
আঁচান, (আঁচমন) আচমন, ভোজনানন্তর-
আঁজন, (অঞ্জন) অঞ্জন, কজ্জল, কাজল।
আঁজলা, (অঞ্জলি) অঞ্জলি যুক্ত করদ্বয়,
আঁটকুড়া, (অনপত্য) অনপত্য, নির্বংশ বংশহীন। [সম্পোষ্য হওন।
আঁটন, (আঁট্) শক্তরূপে বন্ধন, দৃঢ়করণ;
আঁটাল, (আট) দৃঢ়, কঠিন, বদ্ধ, বাঁধা।
আঁটি, (আঁট্) তৃণাদির কিয়ৎপরিমিত মুষ্টি
আঁটু, (অস্থিবৎ) হাঁটু, উরুস্থান।
আঁড়িয়া, (অনড্বান্) বৃষ; মাতা অন্তঃসত্তা হইলে স্তন্যাভাবে যে শিশু দুর্ব্বল হয়।
আঁড়িয়ালাগন, স্তন্যপানভাবে শিশুর দৌর্বল্য হওন।
আঁতসা, (অর্ত্তিক) মিষ্টান্ন বিশেষ।
আঁতুড়, (অরিষ্ট) সূতিকাগার, প্রসব গৃহ।
আঁতুড়ঘর, প্রসবস্থান, সূতিকাগার।
আঁৎ, অন্ত্র, নাড়ী। [সাহস হওন।
আঁৎকান, (আতঙ্ক) ভয়ে বিস্ময়াপন্ন বা অ-
আঁৎরসা, উদরাময়, পেটের পীড়া।

আঁধলা, (অন্ধ) অন্ধ, দৃষ্টিহীন, কাণ।
আঁধার, (অন্ধকার) অন্ধকার; তমোময়।
আঁব, (আম্র) আম্র, আম, চূত।
আঁশ, (আ-শুষ) তন্তু, সূতা; সূক্ষ্মসূত্র।
আঁশাণ, (অশোশণ) শুষ্ক করণ।
আঁশাল, (অংশ) আঁশযুক্ত, আঁশুয়া বিশিষ্ট।
আঁশুয়া, (অংশ) আঁশ, ছিবড়া, তন্তু।
আঃ পীড়াবোধক, স্পর্দ্ধা বা তর্জ্জনার্থক।
আক, (ইক্ষু) আখু, ইক্ষু, মধুলতা।
আকচ্চ, আক্রোশ; বিরোধ, শত্রুতা।
আকচ্চাকচ্চি, দ্বেষাদ্বেষি, পরস্পর বৈরিতা।
আকণ্ঠ, গলদেশ পর্য্যন্ত।
আকণ্ঠোদর, (আকণ্ঠ-উদর) যাহার কণ্ঠদেশ পর্য্যন্তউদর; তুন্দিল।
আকন্দ, (অর্ক) আকন্দ গাছ। [চালিত
আকম্পিত, ঈষৎ কম্পন বিশিষ্ট, আধুত;
আকম্র, ঈষৎকমনীয়, কিঞ্চিৎ সুদৃশ্য।
আকর, (আ-কৃ ধাতু) রত্নাদির উৎপত্তিস্থান, খনি; আ[illegible], মূল।
আকরীয়, খনিজ, আকর সম্বন্ধীয়।
আকর্ণচক্ষু, কর্ণপর্য্যন্ত বিস্তৃত চক্ষু, দীর্ঘনয়ন, বিশাল নেত্র।
আকর্ণন, (আ-কর্ণ) শ্রবণ, শুনন, শব্দগ্রহণ।
আকর্ণনয়ন, কর্ণপর্য্যন্ত বিস্তৃত চক্ষুঃ।
আকর্ষ, (আ-কৃষ) পাশক, পাশা, অক্ষক্রীড়া, পাশাখেলা; আকর্ষণী; আঁকুষী।
আকর্ষক, (আ-কৃষ) শিলাবিশেষ, চুম্বকপাতর; আকর্ষণ কর্ত্তা। [আকুষী
আকর্ষণ, (আ-কৃষ) বল দ্বারা আনয়ন, টানন,
আকর্ষণী, (আ-কৃষ) ফলপুষ্পাদির আহরণার্থ যষ্টি বিশেষ, আঁকুষী, আঁকুড়ি।
আকর্ষিণী, (আ-কৃষ) শিলাবিশেষ, চুম্বকপাতর; আঁকুড়শী।
আকলন, একত্র করণ; সংখ্যা করণ; বন্ধন
আকলিত, বদ্ধ; পরিসংখ্যাত।
আকল্প, বেশ; সজ্জা; প্রলয়কাল পর্য্যন্ত।
আকল্পরচনা, বেশরচনা, সজ্জাকরণ।
আকষ, (আ-কৃষ) প্রস্তর বিশেষ কষ্টিপাতর
আকস্মিক, (অকস্মাৎ) অকস্মাৎ উৎপন্ন, হঠাৎ জাত, দৈব ঘটিত।
আকা, (অগ্নিকা) চুল্লী, উনান, মহানস।
আকাঁড়া, (অ-কড়) সতুষ তণ্ডুল, অপরিষ্কৃতচাউল; মহাবল পরাক্রম। [বাঞ্ছা
আকাঙ্ক্ষা, (আ-কাঙ্ক্ষ) ইচ্ছা, অভিলাষ,
আকাট, (আ-কট) অনাবৃষ্টি; দুর্ভিক্ষ, অকাল।
আকাটা, (অকাটা) অকর্ত্তিত, অখণ্ডিত।
আকামান, (অ-কম) অমুণ্ডিত; যে সর্পের বিষদন্ত উদ্ধার করা না হয়।
আকার, নিবাস, বাসস্থান। [ঙ্গিত, ঠার।
আকার, মূর্ত্তি, আকৃতি, চেহারা, সঙ্কেত, ই-
আকারগুপ্তি, ভয় লজ্জাদি হেতু আকারের গোপন। [লুক্কায়িত করণ
আকারগোপন, রত্যাদিসূচক মুখরাগাদি
আকারণ, আহ্বান, ডাকন।
আকারশূন্য, আকৃতিহীন, অবয়বশূন্য।
আকারাদি, (আকার-আ-আদি) আ অক্ষর অবধি, আ যাহার আদ্যাক্ষর। [আকার
আকারান্ত, (আকার-আ-অন্ত) যাহার শেষে
আকাল, (অ-কাল) অকাল, দুর্ভিক্ষ, দুঃসময়
আকালিক, (অকাল) অকাল সম্ভব, অসাময়িক, অকালনিমিত্ত। [উৎপন্না।
আকালিকী, (অকাল) বিদ্যুৎ; অকালে
আকাশ, পঞ্চভূতের মধ্যে ভূতবিশেষ, শূন্য, গগণ, ব্যোম, অন্তরীক্ষ।
আকাশগ, (আকাশ-গম) আকাশগামী, আকাশচর। [দীপ, অন্তরীক্ষস্থ প্রদীপ।
আকাশদীপ, বংশাদিযোগে ঊর্দ্ধে স্থাপিত
আকাশবল্লী, লতাবিশেষ, আকাশবেল লতা
আকাশবাণী, অশরীরি বাক্য, দৈববাণী
আকাশবিদ্যা, বায়ুনিরূপণীয় বিদ্যা।
আকশমূলী, কুম্ভিকা, জলের পানা।
আকাশরক্ষী, দুর্গের বহির্ভাগে প্রাচীরোপরি স্থিত চর। [জল।
আকাশসলিল, দিব্যোদক, শিশির, বৃষ্টির
আকাশী, (আকাশীয়) আকাশস্থ; অবস্ত।
আকাশীয়, আকাশসম্বন্ধি, গগণস্থ।
আকিঞ্চন, (আকুঞ্চন) চেষ্টা; প্রয়াস; যত্ন; অকিঞ্চনতা।
আকীর্ণ, (আ-কৃ) ব্যাপ্ত, সংকীর্ণ, সংকুল।
আকুঞ্চন, (আ-কুচ) সঙ্কোচ, কোঁকড়ান, গুটান। [অপ্রস্তুত
আকুণ্ঠিত, (আ-কুণ্ঠ) সঙ্কুচিত; লজ্জিত;
আকুণ্ডকুণ্ড, (আ-কুণ্ডল-কুণ্ড) বিবাদ বৃদ্ধি, ঘোরতর কলহ, তুমুল বিরোধ।
আকুল, ব্যাকুল; ব্যস্ত; কাতর।
আকুলিত, (আকুল) ব্যাকুল, কাতর, ব্যস্ত।
আকুত, অভিপ্রায়, আশয়, মানস।

আকৃতি, (আ-কৃ) রূপ, মূর্ত্তি, [শ]রীর
আকৃতিচ্ছত্রা. ঘোষাতকীলতা, শ্বেত ঘোষা
গাছ। [টীনা।
[আ]কৃষ্ট, (অ-কৃষ) কৃত আকর্ষণ, আকর্ষিত;
আকৃষ্টি, (আ-কৃষ) আকর্ষণ, টানন
আক্কেল, (যাং) জ্ঞান, বুদ্ধি।
আক্রন্দ, রোদন; আহ্বান, দারুণ যুদ্ধ; পার্ষ্ণি
গ্রাহের পরবর্ত্তি রাজা; মিত্ররাজা।
আক্রম, আক্রমণ, চড়াউ করণ।
আক্রমণ, (আ-ক্রম) চড়াউ করণ, উপরি-
পতন; ব্যাপন।
আক্রা, (অ-ক্রী) অক্রেয়, দুর্মূল, মহার্ঘ্য।
আক্রান্ত, (আ-ক্রম) কৃত আক্রমণ, যাহার
উপর আক্রমণ করা হয়; গ্রস্ত। [র্ষক।
আক্রামক, (আ-ক্রম) আক্রমণকারী; আক
আক্রীড়, রাজোপবন; রাজার সাধারণ বন
আক্রোশ, (আ-ক্রুশ) ক্রোধ বশতঃ কর্ত্তব্যা
কর্ত্তব্য বিস্মরণ; অভিষঙ্গ, রাগ, কোপ,
ক্রোধ। [খিন্ন, শ্রান্তি যুক্ত।
আক্লান্ত, শ্রান্ত, অতিশয় ক্লান্তিযুক্ত, অবসন্ন
আখড়া, (আ-খল) গায়কদের সংগীত চাল
নার স্থল; আড্ডা।
আখণ্ড, (অখণ্ড)সমুদয়, খণ্ডরহিত, সম্পূর্ণ।
আখণ্ডল, (অখণ্ড) ইন্দ্র, সহস্রাক্ষ, শচীপতি
আখনিক, (আ-খন) চৌর; উন্দুরু; শূকর।
আখা, (আ-খন) চুল্লী, চুলা, উনান।
আখাত-অখাত, (আ-খন) দেবখাত, অনি
র্ম্মিত জলাশয়।
আখিরী, (যাং) শেষ, সমাপ্তি, অন্ত।
আখু, (আ-খন) মুষিক; শূকর; চৌর।
আখুকর্ণী, লতা বিশেষ, মুষাকাণীলতা।
আখুগ, (আখু-গম) গণেশ, হেরম্ব গজানন
আখুটী, (অখণ্ডি) বালকের অকস্মাৎ বাসনা,
বালকের আবদার।
আখুপর্ণী, আখু-পর্ণ) ইন্দুরকাণী লতা।
আখুভুক্, বিড়াল, মার্জ্জার।
আখুরথ, গণেশ, লম্বোদর, গজানন।
আখেজ, (যাং) বিবাদ, কলহ, কচকচি।
আখেট, (আ-খিট) মৃগয়া, শিকার।
আখেটক, অট্টালিকা বিশেষ, কুট্টিম ভেদ;
শুড়ঙ্গ, সিঁদ। [শিকারি কুক্কুর।
আখেটিক, (আ-খিট) মৃগয়া কুশল কুক্কুর,
আখেটী, (আ-খিট) ভয়ানক, দারুণ।
আখের, (যাং) শেষ, অবসান; পরিণাম।

আখোট, (অক্ষোড়) আখরোট ফল।
আখ্যা, নাম, সংজ্ঞা, অভিধান।
আখ্যাত, (আ-খ্যা) কথিত, উক্ত; প্রসিদ্ধ;
ব্যাকরণের ধাতু প্রকরণ।
আখ্যান, (আ-খ্যা) নাম, সংজ্ঞা; ইতিহাস।
আখ্যায়িকা, (আ-খ্যা) উপলব্ধার্থ কথা,
ইতিহাস, উপন্যাস, উপকথা।
আগঃ, পাপ, অপরাধ; ত্রুটি।
আগড়, (আ-খণ্ড) দ্বারাদির আবরণার্থ ঝাঁপ
আগড়া, (আ-খণ্ড) তুচ্ছ ধান্য, তুঁষ, ভুষী।
আগড়ী, (অগ্র) অগ্রবর্ত্তী, অগ্রগামী।
আগণা, (অগণ্য) অগণিত; প্রচুর; অসংখ্য
আগত, (আ-গম) আয়াত, উপস্থিত।
আগতকল্য, কল্য, আগামী কল্য।
আগন্তব্য, (আ-গম) আগামী, আগমনীয়।
আগন্তু, (আ-গম) অনিমন্ত্রিত, অতিথি; হঠাৎ
উপস্থিত। [স্থিত।
আগন্তুক, (আ-গম) অনিত্যস্থায়ী, হঠাৎউপ
আগন্তুজ্বর, পীড়া বিশেষ।
আগম, তন্ত্র শাস্ত্র; শাস্ত্র মাত্র; ক্রয়াদির
নিদর্শনপত্র; সাক্ষি লেখ্যাদি
আগমকী, (আ-গম) বৃক্ষবিশেষ।
আগমজ্ঞ, (আগম-জ্ঞা) বেদজ্ঞ; তন্ত্রবেত্তা।
আগমন, (আ-গম) আসা, পঁহুছন; উপ-
স্থিত হওন। [নোপযুক্ত।
আগমনীয়, (আ-গম) আগন্তব্য, আগম-
আগমিত, (আ-গম) অধীত, পঠিত।
আগমোক্ত, (আগম-উক্ত) তন্ত্র শাস্ত্র বিহি-
ত; শাস্ত্রোক্ত।
আগল, (অগ) বেষ্টন, বেষ্টণ; রক্ষণীয়।
আগলন, (অগ) আবরণ; নিষেধ করণ;
রক্ষাকরণ।
আগস্, (আ-গম) পাপ, অপরাধ।
আগা, (অগ্র) অগ্র, ধার, কিনারা। [বৃক্ষ।
আগাচ্ছা, (অগচ্ছ) আগাছা, অব্যবহার্য্য
আগাড়ী, (অগ্র) আগাম, আগুড়ী, অগ্রিম
আগাধ, অগাধ, অতি গভীর, অতলস্পর্শ
আগান্তু, (আ-গম) আগন্তুক, হঠাৎ উপস্থিত
অতিথি। [অগ্রিম, আগুড়ী।
আগাম, (অগ) অগ্রে, আগে; আগাও;
আগামী, (আ-গম) ভবিষ্যৎ; ভাবী, অগ্রে
আগমন শীল।
আগার, (আগ-ঋ) গৃহ, ঘর; আধার, পাত্র
আগু, (অগ্র) প্রতিজ্ঞা; অগ্র, পূর্ব্ব।

আগুড়ী, (অগ্র) আগামী, আগাও, অগ্রিম
আগুন, (অগ্নি) অগ্নি, বহ্নি, অনল।
আগুনখাকী, সহগামিনী, সহমৃতা।
আগুয়ান, অগ্রসর, অগ্রগামী।
আগুসার, (আগু-সৃ) অগ্রগামী; অগ্রসর;
আগে, (অগ্র) অগ্রে, প্রথমে, পূর্ব্বে।
আগেপাছে, অগ্র পশ্চাৎ, পূর্ব্বাপর।
আগোড়, (আ-গুড়্) আবরণ, ঝাঁপ।
আগ, (অগ্র) অগ্র, মূল, আদি, প্রথম।
আগতোলন, ভাবি শুভাশুভ অনুমান করণ অগ্রভাগ গ্রহণ।
আগ্নেয়, (অগ্নি) স্বর্ণ; দেশ বিশেষ; অগস্ত্য মুনি; অগ্নি সম্বন্ধীয়; পাচক; অগ্নি তুল্য
আগ্নেয়াস্ত্র; (আগ্নেয়-অস্ত্র) অগ্নিবাণ; অগ্নি-যন্ত্র, বন্দুক, কামান; হাউই
আগ্নেয়ী, অগ্নি কোণ; অগ্নিভার্য্যা।
আগবাড়ান, অগ্রসর হইয়া আনয়ন, প্রত্যুদ্গমন, আগে গিয়া অভ্যর্থনা করণ।
আগ্রহ, অতিশয়, যত্ন, প্রয়াস, ব্যগ্রতা; ব্যস্ততা, উতলা।
আগ্রহায়ণ, (অগ্রহায়ণ) মার্গশীর্ষ মাস, অগ্রহায়ণ মাস। [পূর্ণিমা।
আগ্রহায়ণী, (অগ্রহায়ণ) অগ্রহায়ণ মাসের
আগ্রহায়ণেষ্টি, অগ্রহায়ণ-ইষ্টি) নবান্ন।
আঘট্টক, (অঘট্ট) রক্ত আপাং; আঘাট।
আঘাট, (অঘট্ট) সীমা; কুঘাট।
আঘাত, (আ-হন) হনন; চোট; প্রহার; বন্ধু নাশ জন্য শোক; বধ স্থান।
আঘাতন, (আ-হন) হনন; বধ স্থান।
আঘাবিঘা, (আঘাত-বিঘ্ন) বাধা প্রতিবন্ধক
আঘার, (আ-ঘৃ) আজ্য, ঘৃত, হবিঃ।
আঘূর্ণন, (আ-ঘুর্ণ) চক্রের ন্যায় ভ্রমণ, ফিরণ উল্টন, ঘূরণ
আঘুর্ণিত, (আ-ঘুর্ণ) ঘুরাণ; ঘূর্ণায়মান।
আঘোষণ, (আ-ঘুষ) প্রচারণ, প্রকাশ করণ, ঘোষণা দেওন। [সোঁক।
আঘ্রাণ, (আ-ঘ্রা) গন্ধ গ্রহণ, বাস লওন;
আঘ্রাণার্হ, (আঘ্রাণ-অর্হ) গন্ধ গ্রহণের উপযুক্ত, বাস লওনের যোগ্য।
আঘ্রাত, (আ-ঘ্রা) গৃহীতগন্ধ, বাস লওয়া আক্রান্ত, সংস্পৃষ্ট। [যোগ্য।
আঘ্রেয়, (আ-ঘ্রা) আঘ্রাণার্হ, শুঁকিবার
আঙ্গ, (অঙ্গ) কোমলাঙ্গ, ললিত অবয়ব
আঙ্গটী, (অঙ্গুরীয়ক) অঙ্গুরী, অঙ্গুরীয়ক
আঙ্গরা, (অঙ্গার) দগ্ধকাষ্ঠ, কয়লা।
আঙ্গরাখা, (অঙ্গ-রক্ষিণী) গাত্র, বসন বিশেষ, অঙ্গরক্ষক, জামা
আঙ্গলান, (অঙ্গুলী) আঙ্গুলি দিয়া চালন।
আঙ্গার, (অঙ্গার) অঙ্গার সমূহ; কয়লা।
আঙ্গারি, (অঙ্গার) অঙ্গার, অলাত, কয়লা
আঙ্গিক, (অঙ্গ) অঙ্গ নিষ্পন্ন বস্তু।
আঙ্গিনা, (অঙ্গন) অঙ্গন, চত্বর, উঠান
আঙ্গিরস, (অঙ্গিরস) দেবগুরু, বৃহস্পতি।
আঙ্গিলন, অঙ্গুলি দ্বারা স্পর্শ করণ।
আঙ্গুঠি, (অঙ্গুরীয়ক) অঙ্গুরী, অঙ্গুলিভূষণ।
আঙ্গুল (অঙ্গুলী) অঙ্গুলি, করশাখা।
আঙ্গুলী, আঙ্গুলি, আঙ্গুল।
আঙ্গুলমটকান, (আঙ্গুল-মটকা) অঙ্গুলিস্ফোটন, অঙ্গুলিধ্বনি:
আঙ্গুষ্ঠানা, (অঙ্গু-স্থা) অঙ্গুলিত্রাণ, অঙ্গুলিরক্ষক অঙ্গুরী বিশেষ।
আচ, (অচ্যুত) বৃক্ষবিশেষ; পুষ্প বিশেষ।
আচকা, (অসংখ্য) অগণিত; হঠাৎ অকস্মাৎ
আচমন, (আ-চম) ভোজনোত্তর মুখ প্রক্ষালন; আহ্নিকাদি কর্ম্মের পূর্ব্বে মুখশোধন
আচমকা, (আচম্বিত) হঠাৎ, অসম্ভাবিত রূপে। [স্তাদি প্রক্ষালন করিতে হয়।
আচমনীয়, (আ-চম) যাহা ভক্ষণ করিলে হ-
আচমনক, নিষ্ঠীবন পাত্র, পিকদান।
আচম্বিৎ, (আ-চম্ব) অকস্মাৎ; দৈবাৎ, হঠাৎ
আচরণ, (আ-চর) রীতি, চালি, চলন; আচার, ব্যবহার; লৌকিক কর্ম্ম। [হার্য্য।
আচরণীয়, (আ-চর) আচারের যোগ্য, ব্যব-
আচরিত, (আ-চর) কৃতাচরণ, ব্যবহৃত।
আচানক, (আ-চন্) হঠাৎ, অকস্মাৎ, অনপেক্ষিত, আচম্বিত।
আচান্ত, কৃতাচমন।
আচাভুয়া, (আশ্চর্য্যভূত) অদ্ভুত, অপূর্ব্ব।
আচাম, (আ-চম) আচমন, মুখশোধন; ভাতের মাড়।
আচার, (আ-চর) ব্যবহার, চরিত্র, বৃত্ত; শীল, রীতি, ধারা, চালি।
আচারবর্জ্জিত, আচার রহিত, অনাচার।
আচারবিরুদ্ধ, ব্যবহার বিরুদ্ধ, কুরীতি।
আচারী, (আ-চর) আচার বিশিষ্ট, আচারান্বিত, শুদ্ধাচার; হেলেঞ্চা শাক।
আচার্য্য, (আ-চর) বেদাধ্যাপক, বেদোপদেষ্টা, শিক্ষা দাতা, পাঠ গুরু, শিক্ষাগুরু।

আচার্য্যা, (আ-চর) মন্ত্র ব্যাখ্যাকর্ত্রী।
আচার্য্যাণী, (আর্য্য) আচার্য্যস্ত্রী, গুরুপত্নী।
আচালা, (অচালা) অচালিত, স্থূল, মোটা।
আচু, (অচ্যুত) বৃক্ষ বিশেষ।
আচোট, (চট্) অাঘাত; অনাকৃষ্ট, যে ভূমিতে কখন হলাদি সংযোগ হয় নাই।
আচ্ছন্ন, (আ-ছদ্) আচ্ছাদিত, আবৃত, ঢাকা, ব্যাপ্ত; বেষ্টিত [অঙ্গীকার বোধক শব্দ
আচ্ছা, (অচ্ছ) ভাল; উত্তম; স্বীকার বা
আচ্ছাদ (আ-ছদ) বস্ত্র, অম্বর, বসন।
আচ্ছাদক, (আ-ছদ্) আবরক, ঢাকন, গোপন
আচ্ছাদন, (আ-ছদ্) বস্ত্র; আবরণ, ঢাকন
আচ্ছাদিত, (আ-ছদ্) কৃতাচ্ছাদন, আবৃত।
আচ্ছুক, বৃক্ষ বিশেষ, আচকুলের গাছ।
আচ্ছুরিত, সশব্দ হাস্য; নখ বাদ্য।
আচ্ছুরিতক, হাস্য, নখ শব্দ।
আচ্ছিন্ন, (আ-ছিদ্) ছেদন, কাটন, কর্ত্তন।
আচ্ছেদন, (আ-ছিদ) মৃগয়া, শিকার।
আছড়ন, (আ-শট্) আঘাত করণ, তাড়ন, অবক্ষেপণ। [অবক্ষেপণ।
আছড়ান, (আছড়া) আঘাতকরা; তাড়ন;
আছাড়, (আ-শট্) উৎপতন; অবক্ষেপ, আঘাত। [পতন।
আছোলা, (অছোল) অপরিচ্ছন্ন, অপরি-
আজ, (অদ্য) ঘৃত; আজু, অদ্য, এই দিন।
আজক, অজ সমূহ, ছাগলের পাল।
আজগব, শিব ধনুঃ, শিবের কার্ম্মুক।
আজগবী, (যাং) হঠাৎ, অনপেক্ষিতরূপে, আচম্বিতে, আচমকা। [স্নানকরণ।
আজড়ান, তুলিয়া লওন; পাত্র শূন্য করি-
আজনাই, (আঞ্জিনেয়) জন্তু বিশেষ আঞ্জনে
আজন্ম, (আ-জন্মন্) জন্মাবধি; জন্ম কাল-যাবৎ।
আজব, (যাং) অদ্ভুত, আশ্চর্য্য, অপূর্ব্ব।
আজবক, (যাং) অবোধ, নির্ব্বোধ বাতুল।
আজাড়, মোচন; অবসর।
আজাড়ন, (আ-জড়) পরিষ্কার করিয়া দেওন, পাত্র শূন্য করণ।
আজানা, (অ-জ্ঞা) অজ্ঞাত, অপরিচিত।
আজানু, জঙ্ঘা পর্য্যন্ত, জানুঅবধি।
আজানুলম্বিতবাহু, জঙ্ঘা পর্য্যন্ত বিস্তীর্ণহস্ত। [ক্লিন
আজি, (অদ্য) যুদ্ধ; সমর ভূমি, অদ্য, এই
আজীব, জীবিকা; জীবনোপায়, বৃত্তি।
আজীবন, (আ-জীব) জীবন পর্য্যন্ত, জীবিক,
আজীব্য, উপজীব্য, অবলম্বন, আশ্রয়।
আজু, (অদ্য) অদ্য, বর্ত্তমান দিন।
আজ্, বেতন বিনা কর্ম্মকর; অবৈতনিক, বেগার। [শিত।
আজ্ঞপ্ত, (আ-জ্ঞা) অনুমতি প্রাপ্ত, আদে-
আজ্ঞা, আদেশ, নিদেশ, অনুমতি, শাসন।
আজ্ঞাকারী (আজ্ঞাকারিন্) আদেশানুরূপ কর্ম্মকারী, আজ্ঞাবহ, আজ্ঞানুবর্ত্তী, অনুমতি পালক।
আজ্ঞাচক্র, ষট্ চক্রান্তর্গত চক্র বিশেষ।
আজ্ঞাতব্য, (আজ্ঞা) আদেশ করিবার যোগ্য, নিদেশ।
আজ্ঞাতিক্রম, আদেশাতিক্রম, আজ্ঞালঙ্ঘন
আজ্ঞাদায়ক, অনুমতিকারী, যে আজ্ঞা দেয়
আজ্ঞানুবর্ত্তন, অনুমতিক্রমে চলন, আজ্ঞা পালন। [কর্ত্তা।
আজ্ঞাপক, (আ-জ্ঞা) আজ্ঞা, আদেশ কারক
আজ্ঞাপত্র, আদেশ লিপি, নিদেশ লিখন, হুকুমনামা।
আজ্ঞাপন, (আ-জ্ঞা) অনুমতিকরণ, জ্ঞাপন
আজ্ঞাপিত, (আ-জ্ঞা) আজ্ঞপ্ত, আদেশিত।
আজ্ঞাপ্ত, আদেশিত, আজ্ঞা প্রাপ্ত।
আজ্ঞাবর্ত্তী, (আজ্ঞা-বর্ত্তিন্) আজ্ঞাবশ, আজ্ঞাবহ, আজ্ঞাধীন।
আজ্ঞাবশ, আজ্ঞাধীন, আজ্ঞাবহ।
আজ্ঞাবহ, আজ্ঞাকারী, আজ্ঞাধীন।
আজ্য, (আ-অঞ্জ) ঘৃত, হবিঃ।
আজ্যভাগ হোমীয় ঘৃতের অংশ। [রহিত
আঝাল, (অঝাল) কটুরস বিহীন, ঝাল-
আঞ্জনেয়, (অঞ্জ) অঞ্জনা বানরীর পুত্র, হনুমান্।
আঞ্জাম, (যাং) নির্ব্বাহ; সমপূর্ণ, সমাপ্তি।
আঞ্জিনেয়, (অঞ্জ) জন্তুবিশেষ, আজনাই, আঞ্জনে।
আটক, (অট) আবরণ; বাধা; প্রতিবন্ধক
আটকন, (অট্) বদ্ধকরণ, রোধ করণ।
আটকপালিয়া, (আর্ত্ত-কপাল) দুর্ভাগ্য, মন্দ ভাগ্য, দুরদৃষ্ট, হতভাগ্য।
আটকান, (অট) প্রতিরুদ্ধ, নিবারিত।
আটকাল, (আলোকন) অনুমান; যুক্তি; অনুভব। [দাম্ভিকতা
আটপটাঙ্গ, (আট-পট-অঙ্গ) প্রাগল্ভ্য,
আটপালি, (আট-পালি) কষ্ট দ্রোণ, অ

আটপিটা, (আট-পিঠ) সর্ব্বদিকে পারক পরিশ্রমী ; সুচতুর ; দুর্ব্বৃত্ত, দুষ্ট, গোঁয়ার
আটপ্রহর, অষ্টযাম, সমস্ত দিন ও রাত্রি।
আটল, (অট) বক্র, বাঁকা, আড়া।
আটলা, (অট্) আটি, বিড়া ; গোছা। [মোট।
আটসটা, (আট-সৌষ্ঠব) গণনা, সংখ্যা,
আটা, (আট) গোধূম চূর্ণ, গমের গুঁড়া।
আটাপারা আটার ন্যায় নরম বা তুলতুলে
আটাশীয়া, (আট-মাস) অষ্টম মাসে জাত।
আটাশীসি, (আটা-সীয়া) অপরিপক্কতা।
আটি, (আ-স্থা) পক্ষি বিশেষ ; শরালি।
আটীকর, বৃষ, ষণ্ড, ষাড়।
আটোপ, (আ-টিপ) দর্প, অহঙ্কার ; বায়ু জন্য উদর শব্দ, পেটের ডাক।
আঠা, (অঠ) ক্বাথ, নির্যাস, বৃক্ষের রস।
আঠালু, (আঠা) জন্তুর গাত্র লোমস্থ কীট বিশেষ।
আঠি, (অস্থি) অস্থি, বীজ, বীচ।
আড়, (অড়) প্রস্থ, পরিসর ; বক্র, বাঁক, অন্তরাল, ব্যবধান।
আড়কাটি, কাণ্ডারী ; দেশ বিশেষ।
আড়কাঠা, (আড়-কাষ্ঠ) গৃহের উপরিস্থ প্রস্থদিকের কাষ্ঠ, কড়িকাঠ।
আড়গড়া, (আড়-গড়) অশ্বশালা, আস্তবল
আড়ঙ্গ, (অড়) গঞ্জ, ভূরি২ দ্রব্য বিক্রয়স্থান
আড়চা, (আ-অড়) লোভ, লালসা ; ঈষৎ সঙ্কেত ; বক্র, বাঁকা।
আড়ষ্ট, (আ-ঋষ) আড়ষ্ট, অস্পন্দ, স্তব্ধ।
আড়ৎ, (আ-অড়) বহু বাণিজ্য দ্রব্য স্থান।
আড়ন, (আড়) বক্র হওন, বেঁকন ; ক্ষেপণ
আড়পাপড়া, (আড়-পর্ব্বন্) গদা, যষ্টি, লাঠী
আড়পার, নদীর পরপার ; অপর তট।
আড়বাড়, সর্ব্বত্র, সকল স্থান।
আড়ম্বর, (আ-দম) তূর্য্য রব, ঢক্কা বাদ্য ; সমারোহ, ঘট। [ঙ্কার।
আড়ম্বরী, (আড়ম্বর) সমারোহ, ঘটা ; অহ-
আড়র, (অড়) আড়ৎ, বাণিজ্য দ্রব্য রক্ষা স্থান। [রা, ধার।
আড়রী, (অড়) আড়ুলী ; কূল, কাঁধা, কিনা-
আড়ষ্ট, (আ-রুষ) অবশ, স্তব্ধ, বিহ্বল।
আড়সা, (অড়) অন্তরাল, আবর্জনা, নিশ্চিত স্থান ; আড়া ; বক্র, বাঁক।
আড়াই, সার্দ্ধদ্বয়, অর্দ্ধের সহিত দুই।
...ন, (আড়) বক্রীভূত, বাঁকা।
আড়ানি, (অড়) আতপত্র বিশেষ ; পাখা।
আড়ামোড়া, গাত্রভঙ্গি, শরীরভঙ্গি
আড়াল, (আবর্ত্তন) আচ্ছাদন, গোপন, ব্যবধান ; পর্দ্দা, যবনিকা।
আড়ি, (আ-অড়) মৎস্যবিশেষ, আইড়মাছ ; পণ, প্রতিজ্ঞা ; ক্রোধ ; দ্বেষ।
আড়িকুচি, মৎস্য বিশেষ ; আড়িমাচ [শ্রবণ
আড়পাতন, গোপনে থাকিয়া রহস্যবাক্য
আড়িপাতনীয়া (আড়ি-পাতন) গুপ্তঘাতক বিশ্বস্ত বাক্যাদি গোপনে শ্রবণকারী [ক্রম
আড়মাড়ু, (অন্ত্র-মাড়ু) অন্ত্রপাক, বমনোপ
আড়ুরা, (আড়ম্বর) বিলম্ব করণের ছল।
আড়রি, (এড়ুক) নদীর ধার, তটস্থ উচ্চস্থান
আড়ুলি, (অএক) নদীর ধার, তটস্থ ; নদীকূলোপরি উচ্চভূমি।
আড়ু, উড়ুপ, ভেলা, মাড়।
আড়ে, (আড়) প্রস্থভাগে, চৌড়াদিকে।
আড্‌ডা, (অড্ড) স্থান, আখড়া, উত্তরণ স্থান। [ঢ়ী, দ্রোণ চতুর্থভাগ।
আঢ়ক, (আ-ঢৌক্) চতুঃপ্রস্থ পরিমাণ, আ
আঢ়কিক, (আ-ঢৌক্) আঢ়কপরিমাণ; বীজ বপনাদি যোগ্য ক্ষেত্রাদি।
আঢ়কী, (আ-ঢৌক্) শমীধান্য বিশেষ।
আঢ়কীন, আঢ়ক পরিমাণ, বীজবপন যোগ্য ক্ষেত্রাদি।
আঢাকা, (অঢাকা) অনাচ্ছাদিত ; খোলা।
আঢ়ি, (আ-ঢৌক) পরিমাণ বিশেষ।
আঢ্য, (আ-ধ্যৈ) ধনবান, যুক্ত, বিশিষ্ট, অন্বিত ; ধনাঢ্য ; গুণাঢ্য ; সম্পন্ন।
আণি, কোণ, অস্রি ; সীমা। [ভাটা।
অণ্টাল, (অণ্ড) বর্ত্তুলাকার বস্তু, গুলী,
আণ্ড, অণ্ড, ডিম্ব, ডিম। [বস্তু।
আণ্ডাল, (অণ্ড) ভাঁটা, গোলাকৃতি ক্রীড়া-
আণ্ডেল, (আঢ্য) অতিশয় ধনী, বহু অর্থবিশিষ্ট, প্রচুর ঐশ্বর্য্যশালী। [মুরজ ধ্বনি।
আতঙ্ক, (আ-তক) শঙ্কা, ভয় ; সন্তাপ ;
আতঞ্চন, (আ-তনচ) আপ্যায়ন, তর্পণ ; উপদ্রব। [ষ্টকারী।
আততায়ী, (আতত-অয়) বধোদ্যত, অনি-
আতপ, রৌদ্র, সূর্য্যের কিরণ, সূর্য্যের আলোক ; তণ্ডুল বিশেষ, আলোচাউল।
আতপতণ্ডুল, তণ্ডুলবিশেষ ; আলোচাউল
আতপত্র, (আতপ-ত্রৈ) ছত্র, ছাতী।
আতপত্রক, (আতপ-ত্রৈ) ছত্র, ছাতী।

আতপবারণ, ছত্র, ছাতী।
আতাপাভাব, ছায়া ; রৌদ্রাভাব।
আতর (যাং) তরপণ্য পারাণি কড়ি ; সুগন্ধি দ্রব্য বিশেষ। [লেপন, আলিপনা।
আতর্পণ, (আ-তৃপ্) প্রীণন, তৃপ্তি, মঙ্গলা-
আতস, (যাং) অগ্নি ; উত্তাপ।
আতসবাজী, (যাং) অগ্নি ক্রীড়া।
আতা, (আতৃপ্য) ফল বিশেষ, আতৃপ্য।
আতাই, বেতন বিনা বাদ্যকর।
আতান্তর, দুরবস্থা ; সঙ্কট, বিপদ।
আতাপী, পক্ষিবিশেষ, চিল।
আতায়িপনা, (আতায়িন্) ধূর্ত্ততা, খলতা, শঠতা। [চিল।
আতায়ী, (আ-তায়) ধূর্ত্ত, শঠ ; পক্ষি বিশেষ
আতার, তরপণ্য, পারাণি কড়ী।
আতারিকাতারি, (আতর-কাতর) যন্ত্রণা, যাতনা, কাকুক্তি ; কাতর্য্য।
আতালি, (আ-তল) মাচা, মঞ্চ, ভারা।
আতালিপাতালি, (আতালি-পাতাল) সর্ব্বত্র সর্ব্বাবয়বে ; চারি দিগে।
আতি, বিহঙ্গ, পক্ষী, পাখী।
আতিথেয় (অতিথি) অতিথি সেবা কারক, অতিথি পূজক। [অতিথিসেবা।
আতিথ্য, (অতিথি) অতিথির ভক্ষণাদি দ্রব্য
আতিদেশিক, (অতিদেশ) অতিদেশ প্রাপ্ত, অন্যবিধি দ্বারা উপস্থিত।
আতিশয্য, (অতিশয়) আধিক্য, অতিরেক।
আতু, ভেলক, ভেলা, মাড়।
আতুথাতু, (আয়ত্ত) অতিশয় স্নেহ রক্ষার্থ মহাযত্ন। [কাতর
আতুর, রোগী, পীড়িত ; গতিশক্তিরহিত,
আতৃপ্য, (আ-তৃপ) ফলবিশেষ, আতা।
আতৈল, (অ-তৈল) অতৈল, তৈলরহিত।
আতোদ্য, বাদ্য, বীণা, মুরজ, কাংস্যবংশ্যাদির শব্দ।
আত্ত, (আ-দা) গৃহীত, প্রাপ্ত
আত্তগন্ধ, গৃহীতগন্ধ ; হতদর্প, অভিভূত।
আত্তগর্ব্ব, খণ্ডিত গর্ব্ব, অহঙ্কারচূর্ণ, ভগ্নদর্প।
আত্তি, (আয়ত্তি) যত্ন ; আস্থা।
আত্ম, (আত্মন্) স্বয়ং ; আপন ; জীব।
আত্মকলহ, (আত্মন-কলহ) সুহৃৎসঙ্গে বিবাদ ; স্বজনের সহিত কলহ।
আত্মকার্য্য, আপনার কার্য্য ; গোপনীয় কর্ম্ম
আত্মগরিমা, আত্মন-গরিমা) আত্মশ্লাঘা অহমিকা, দর্প, অহঙ্কার। [লকুশী।
আত্মগুপ্তা, (আত্মন-গুপ্ত) লতাবিশেষ, আ-
আত্মগ্রাহী, (আত্মন-গ্রাহিন্) আত্মম্ভরি, স্বার্থপর। [ত্নে মরণ।
আত্মঘাত, (আত্মন-হন) আত্মহত্যা, আত্ময-
আত্মঘোষ, কাক ; কুক্কুট। [মৃত।
আত্মজ, (আত্মন্-জন্) পুত্র, সন্তান, অঙ্গজ, আত্মজন্মা, পুত্র, তনয়, সন্তান।
আত্মজা, (আত্মন্-জন্) কন্যা, পুত্রী, দুহিতা
আত্মজ্ঞান, ব্রহ্ম বিষয়ক জ্ঞান।
আত্মতত্ত্ব, ব্রহ্মতত্ত্ব, আত্মযাথার্থ্য।
আত্মতা, (আত্মন্) বন্ধুতা, প্রণয়, সদ্ভাব।
আত্মদর্শ, দর্পণ, মুকুর, আর্শি।
আত্মদেবতা, ইষ্টদেবতা।
আত্মনীন, পুত্র, সুত ; আত্মহিতকারী অথবা আত্মসম্বন্ধী।
আত্মবঞ্চক, (আত্মন-বঞ্চক) কৃপণ, কষা।
আত্মবৎ, (আত্মন্) আত্মসদৃশ, আপনার মত
আত্মবন্ধু, পিতৃ ভগিনীপুত্র ; মাতৃভগিনীপুত্র ; মাতুলপুত্র ; সুহৃদ্বর্গ।
আত্মবশ, স্বাধীন, স্ববশ ; স্বপ্রধান [বিস্মরণ
আত্মবিস্মৃত, আপনাকে ভোলা, আপনার
আত্মভূ, ব্রহ্মা ; কামদেব ; বিষ্ণু, শিব।
আত্মম্ভরি, (আত্মন-ভৃ) স্বোদরপূরক, স্বার্থপর। [দেব
আত্মযোনি, ব্রহ্মা ; বিষ্ণু ; শিব ; কাম-
আত্মরক্ষা, আপনার রক্ষণ, আত্মত্রাণ।
আত্মশ্লাঘা, আত্মগর্ব্ব ; আপনার প্রশংসা।
আত্মসাৎ, (আত্মন) আপনার আয়ত্ত।
আত্মহত্যা, আত্মঘাত, স্ববধ।
আত্মহা, (আত্মন-হন্) আপনার হত্যাকারী, আত্মঘাতী, আত্মযত্নে মৃত
আত্মা, (আ-অৎ) ব্রহ্মা ; জীব ; মনঃ।
আত্মাধীন, (আত্মন-অধীন) আপনার অধীন স্বীয়আয়ত্ত ; স্ববশ ; প্রাণাধার।
আত্মাভিমত, (আত্ম-অভিমত) আত্মসম্মত আপনার মতানুযায়ী।
আত্মাশী, আত্ম ভক্ষক, মৎস্য, মীন, মাছ।
আত্মাশ্রয়, তর্কবিশেষ ; আত্মাবলম্বন।
আত্মীয়, (আত্মন) স্বকীয় ; অন্তরঙ্গ ; স্বজন।
আত্মীয়তা, হৃদ্যতা, বন্ধুতা, অন্তরঙ্গতা, সদ্ভাব, প্রণয়। [চৈতু।
আত্মোৎকর্ষ, (আত্মন-উৎকর্ষ) আপনার শ্রে-

আত্মোদ্ভবা, কন্যা, পুত্রী, অঙ্গজা।
আত্যন্তিক, (অত্যন্ত) অতিশয়, বিস্তর, প্রচুর। [চন্দ্র।
আত্রেয়, (অত্রি) অত্রিমুনিরপুত্র, দুর্ব্বাসা;
আত্রেয়ী, (অত্রি) নদীবিশেষ। [ব্রাহ্মণ
আথর্ব্বণ, পুরোহিত বিশেষ, অথর্ব্ব বেদজ্ঞ
আদ, (অর্দ্ধ) অর্দ্ধ, অর্দ্ধেক, সম দ্বিভাগ।
আদকপালিয়া, (অর্দ্ধ-কপাল) রোগবিশেষ, শিরঃপীড়া।
আদঙ্গ, (অর্দ্ধ-অঙ্গ) অর্দ্ধাংশ, অর্দ্ধেক।
আদৎ, (যাং) আচার, রীতি, ধারা।
আদতে, (যাং) ব্যবহারতঃ,স্বাভাবিকরূপে
আদদ, (যাং) সংখ্যা, গণনা, অঙ্ক।
আদমী, (যাং) মানুষ, জন, ব্যক্তি; আদমের সন্তান সন্ততি।
আদর, (আ-দৃ) আস্থা, সম্মান, মর্য্যাদা
আদরণীয়, (আ-দৃ) সম্মানার্হ, মান্য।
আদরা, (আদর্শ) চিহ্ন, অঙ্ক, দাগ।
আদলা, (অর্দ্ধ) অর্দ্ধভাগ, অর্দ্ধাংশ।
আদলি, (অর্দ্ধ) মুদ্রার অর্দ্ধভাগ, অর্দ্ধমুদ্রা
আদর্য্য, (আ-দৃ) আদরণীয়, আদরোপযুক্ত
আদর্শ, (আ-দৃশ) দর্পণ; প্রতিপুস্তক।
আদা, (আর্দ্রক) মূল বিশেষ, আর্দ্রক।
আদাআদি, (অর্দ্ধ) অর্দ্ধার্দ্ধি, অর্দ্ধেক।
আদাড়, (আ-দাঁড়া) জঙ্গালস্থান, কুস্থল।
আদাড়ে, অদম্য, দুর্দম
আদান, (আ-দা) গ্রহণ, লওন; অশ্বাভরণ
আদানপ্রদান, দেওয়া লওয়া, লেনদেন।
আদাভাগী (অর্দ্ধ-ভাগিন্) অর্দ্ধাংশী, অর্দ্ধেকের অংশী।
আদায়, (আ-দা) গ্রহণ, লওন; পরিশোধ।
আদালত, (যাং) বিচার স্থান, ধর্ম্মাধিকরণ
আদি, (আ-দা) পূর্ব্ব, প্রথম, মূল, অগ্র।
আদিকবি, ব্রহ্মা; বাল্মীকি মুনি।
আদিকারণ, প্রথম নিমিত্ত; আদ্য হেতু, মূলহেতু, নিদান।
আদিতেয়, (অদিতি) অদিতি পুত্র,দেবতা
আদিত্য, (অদিতি) দেবতা; সূর্য্য, দিবাকর; অর্কবৃক্ষ, আকন্দগাছ।
আদিত্যপুষ্পক, লোহিতার্ক বৃক্ষ, রাজা আকন্দ।
আদিত্যভক্তা, ওষধীবিশেষ, হুড়হুড়িয়া গাছ।
আদিত্যমণ্ডল, সূর্য্যমণ্ডল।
আদিত্যসূনু, সুগ্রীব বানর; যম; শনৈশ্চর; সাবর্ণিমনু; বৈবস্বতমনু।
আদিদেব, নারায়ণ; বিষ্ণু।
আদিবরাহ, বিষ্ণুর বরাহ অবতার। [বস্তু।
আদিম, (আদি) আদ্য; প্রথম উৎপন্ন
আদিরাজ, (আদি-রাজন) পৃথুরাজা।
আদিষ্ট, (আ-দিশ) আদেশিত, আজ্ঞাপ্ত, কথিত, প্রাপ্তাদেশ।
আদীনব, ক্লেশ, কষ্ট; দোষ।
আদীপন, (আ-দীপ্) আলিম্পনা, আলিপনা
আদুড়, (অ-দুল) অনাবৃত, অনাচ্ছাদিত, খোলা, আঢাকা।
আদুড়ীয়, (অর্দ্ধ) অপরিপক্ক; অপরিমিত।
আদুল, (অ-দুল) অনচ্ছোদিত, অনাবৃত, খোলা, আঢাকা।
আদৃত, (আ-দৃ) আদরান্বিত, সাদর; সম্মানান্বিত, পূজিত, সভাজিত।
আদৃত্য, (আ-দৃ) আদরণীয়, আদরযোগ্য।
আদৃষ্টি, অবলোকনাবধি, দর্শনপর্য্যন্ত।
আদেখা, (অ-দেখা) অদৃষ্ট, অনীক্ষিত।
আদেশ, (আ-দিশ) আজ্ঞা, অনুমতি; একবর্ণের স্থানে বর্ণান্তর উৎপত্তি; প্রকৃতি প্রত্যয়ের উপঘাতি কার্য্য। [তিদায়ক।
আদেশক, (আ-দিশ) আজ্ঞাকারী, অনুমআদেশন, (আ-দিশ) আজ্ঞাকরণ, অনুমতি দান। [জ্ঞা কারক।
আদেশী, (আদেশিন) দৈবজ্ঞ, গণক; আআদেষ্টা, (আ-দিশ) আজ্ঞাদায়ক, অনুমতিপ্রদ, আদেশ কর্ত্তা।
আদৌ, (আদি) প্রথমে, অগ্রে, পূর্ব্বে।
আদ্দাশ, (আ-দিশ) নিবেদন, অভিযোগ।
আদ্য, (আদি) প্রথম; ভোজনীয় দ্রব্য [ব্রহ্মা
আদ্যকবি, (আদি-কবি) বাল্মীকি মুনি;
আদ্যন্ত, (আদি-অন্ত) প্রথম এবং শেষ, আদ্য ও প্রান্ত; প্রথমাবধি শেষ পর্য্যন্ত।
আদ্যপ্রান্ত, প্রথমাবধি শেষ পর্য্যন্ত, পূর্ব্বাপর, ইস্তক নাগাইদ।
আদ্যবীজ, আদিকারণ; প্রথমনিমিত্ত।
আদ্যমাষক, মাষকপরিমাণ, একমাষা, পঞ্চ রতি, পাঁচ রতি। [শ্রাদ্ধ, প্রথম কৃত্য।
আদ্যশ্রাদ্ধ, অশৌচান্তের পর দিনে কর্ত্তব্য
আদ্যা, (আদি) প্রথমা; মূলীভূতা; দুর্গা কালী, তারা, ত্রিপুরা সুন্দরী; ভুবনেশ্বরী।
আদ্যূন, (আ-দিব) ঔদরিক, পেটুক।

আদ্যোপান্ত, (আদ্য-উপ-অন্ত) পূর্ব্বাপর, প্রথমাবধি শেষ পর্য্যন্ত, ইস্তক নাগাদ।
আদ্রক, (আর্দ্রক) আদা। [মর্য্যাদান্বিত।
আদ্রিয়মাণ, (আ-দৃ) আদৃত; আদর প্রাপ্ত;
আধ, (অর্দ্ধ) আধা, অর্দ্ধ।
আধকপালিয়া, শিরোরোগ বিশেষ, অর্দ্ধ-শিরোবেদনা। [কিঞ্চিৎ বাতুল।
আধপাগলা, (অর্দ্ধ-পাগল) ঈষৎ উন্মত্ত,
আধমন, (আ-ধ্মা) আধিকরণ, বাঁধা; স্ফীত হওন। [ভ্রমণ।
আধর্ষণ, (আ-ধৃষ) দোষ সপ্রমাণ করণ, অ-
আধলা, (অর্দ্ধ) ইষ্টকার্দ্ধ; অর্দ্ধেক ভাগ
আধলি, (অর্দ্ধ) অর্দ্ধমুদ্রা, আধ টাকা। [দ্রব্য
আধান, (আ-ধা) গর্ভাধান; ধর্ম্মার্থ স্থাপিত
আধানিক, (অধুনা) আধুনিক; গর্ভাধান-সংস্কার [আলবাল, গাছেরগোড়ারকেয়ারি
আধার, (আ-ধৃ) অধিকরণ; পাত্র; বৃক্ষের-
আধার্ম্মিক, অধার্ম্মিক, ধর্ম্মরহিত।
আধি, (আ-ধ্যৈ) মনঃপীড়া; ব্যসন; বন্ধক
আধিক্য, (অধিক) অধিকত্ব, অতিশয়ত্ব।
আধিজ্ঞ, বক্র, বাঁকা; ব্যথিত, বেদনা প্রাপ্ত; মনঃপীড়া জ্ঞাতা। [বাধীন।
আধিদৈবিক, (অধি-দেব) দৈবপ্রযুক্ত, দে-
আধিনাশ, প্রবোধ ক্ষয়, বন্ধক নাশ।
আধিপত্য, (অধিপতি) স্বামিত্ব, প্রভুত্ব, ঐশ্বর্য্য। [হার্থ প্রথম স্ত্রীকে দত্ত ধনাদি।
আধিবেদনিক, (অধিবেদন) দ্বিতীয় বিবা-
আধিভোগ, বন্ধক দ্রব্যের ভোগ, বন্ধ দ্রব্যের ব্যবহার। [হইতে উৎপত্তি হয়
আধিভৌতিক, (অধিভূত) যাহা ভূতাদি
আধুড়িয়, (অর্দ্ধ) অপরিপক্ক; অপরিপূর্ণ; অর্দ্ধপূর্ণ। [আন্দোলিত।
আধূত, (আ-ধু) ঈষৎ কম্পিত; দোলায়িত,
আধুনিক, (অধুনা) ইদানীন্তন, সংপ্রতিকার, অধুনাতন, নব্য। [র এক অংশ।
আধেক, (অর্দ্ধ) অর্দ্ধেক, অর্দ্ধ, সমদ্বিভাগে-
আধেয়, (আ-ধা) আধার স্থিত বস্তু, ধারণীয়
আধোয়া, (অ-ধোবা) অধৌত, অপ্রক্ষালিত
আধোরণ, (আ-ধোর) হস্তিপক, মাহুত।
আধ্মাত, (আ-ধ্মা) শব্দিত; দগ্ধ; বাত রোগ বিশেষ; সংঘৃত, স্ফীত।
আধ্মান, (আ-ধ্মা) বায়ুরোগ, মরুৎযোগে উদরাদি স্ফীত হওন।
আধ্যা, চিন্তা, ভাবনা; স্মৃতি।
আধ্যাত্মিক, (অধ্যাত্মন্) আত্মাশ্রিত।
আধ্যান, (আ-ধ্যৈ) ধ্যান, চিন্তা, ভাবনা।
আধ্যাপক, অধ্যাপক, পাঠগুরু।
আধ্বনীন, পথিক, পান্থ; পাথেয়, পথখরচ।
আন, (আ-নী) উচ্ছ্বাস, বহির্মুখ .....; অন্য
আনক, (অন) পটহ, ভেরী, মৃদঙ্গ।
আনকদুন্দুভি, শ্রীকৃষ্ণের পিতা; বসুদেব; বৃহৎঢক্কা।
আনখা, (অনীক্ষিত) অজ্ঞানিত, অপরিচিত
আনত, (আ-নম) অবনত, প্রহ্বীভূত।
আনদ্ধ, (আ-নহ) বদ্ধ, মিলিত, সজ্জান প্রাপ্ত।
আনন, (আ-নী) মুখ, বদন, আস্য। [রার্থ।
আনন্তর্য্য, (অনন্ত) পশ্চাদ্ভাব, শেষ, অনন্ত
আনন্ত্য, (অনন্ত)অপরিসীমতা; অসংখ্যতা
আনন্দ, (আ-নদ) আহ্লাদ, হর্ষ; সুখ।
আনন্দকর, (আনন্দ-কৃ) আহ্লাদকর, সুখ-জনক।
আনন্দচিত্ত, হরষিতান্তঃকরণ।
আনন্দথু, আহ্লাদ, হর্ষ।
আনন্দন, হর্ষ; আলিঙ্গন; আমন্ত্রণ [কাপড়
আনন্দপট, নবোঢ়ার বস্ত্র, নূতন বিবাহের
আনন্দপ্রভাব, রেতঃ, বীর্য্য, শুক্র।
আনন্দময়কোষ, সত্ত্ব প্রধান; অজ্ঞান; কারণ শরীর। [সুখসমুদ্র।
আনন্দার্ণব, (আনন্দ-অর্ণব) আহ্লাদসাগর,
আনন্দি, (আ-নদ) হর্ষ, আহ্লাদ; সুখ।
আনন্দিত, (আ-নদ) আনন্দযুক্ত, হর্ষান্বিত।
আনন্দী, (আ-নদ) আনন্দবিশিষ্ট; বৃক্ষ-বিশেষ।
আনয়ন, (আ-নী) স্থানান্তরে নয়ন, আনা।
আনর্ত্ত, দেশবিশেষ; দ্বারকা; নৃত্য স্থান; যুদ্ধ; আনর্ত্ত দেশবাসী লোক।
আনল, অনল, অগ্নি, বহ্নি।
আনা, (আ-নী) আনয়ন; ষোড়শাংশের একাংশ। [যাতায়াত।
আনাগোনা, (আগমন-গমন) গমনাগমন;
আনাজ, (অন্নজ) তরকারী, ফলমূলাদি।
আনাড়, (অ-অড়) অচালিত, স্থির।
আনাড়ী, (আনাড়) অনভিজ্ঞ, নির্বোধ, অকর্ম্মণ্য।
আনাড়িপনা, (অনাড়ী) মূর্খতা, অনভিজ্ঞতা
আনান, (আ-নী) আনীত, যাহা আনাগিয়াছে।

আনান্নৎ, (অনন্যমৎ) স্থিত, মজুত; জমা
আনায়, (আ-নী) বাগুর, জাল, ফাঁদ।
আনায্য, (আ-নী) দক্ষিণাগ্নি, যজ্ঞীয় অগ্নি বিশেষ।
আনার, (যাং) আনারস, ফলবিশেষ।
আনারস, (যাং) মধুরাম্ল রস বিশিষ্ট ফলবিশেষ। [রোধক রোগ: কোষ্ঠবদ্ধ।
আনাহ, (আ-নহ) রোগ বিশেষ, মলমূত্র
আনি, আনা, ষোড়শাংশের একাংশ।
আনিলি, (অনিল) পবননন্দন; হনুমান।
আনুকূল্য, (অনুকূল) অনুকূলতা, সহায়তা
আনুগত্য, (অনুগত) তোষামোদ, অনুগমন করা, নিকটে থাকন।
আনুপূর্ব্বিক, (অনু-পূর্ব্ব) ক্রমিক, অনুক্রম
আনুপূর্ব্বী, ক্রমানুগত, আনুক্রমিক।
আনুবিধিৎসা, উপকারির প্রত্যুপকারেচ্ছু কৃতজ্ঞতা করণের বাসনা।
আনুভাব্য, (অনুভব) অনুভবনীয়, অনুভব সম্বন্ধীয়। [অনুমান গম্য।
আনুমানিক, (অনুমান) অনুমান সিদ্ধ;
আনুরক্তি, (অনুরক্তি) অনুরাগ, প্রণয়।
আনুষঙ্গিক, (অনুষঙ্গ) প্রসঙ্গাধীন, প্রস্তাব
আনুপ, অনুপদেশস্থ জন্তু।
আনৃশংস্য, অনিষ্ঠুরতা; দয়া; স্নেহ।
আনেতা, (আ-নী) আহর্ত্তা, আনয়ন কর্ত্তা
আনোখা, (অনীক্ষিত) অপরিচিত, অনীক্ষিত.
আনোট, (আঙ্গটী) অঙ্গুরীয়ক, আঙ্গুটী।
আনোঠ, (আঙ্গটী) অঙ্গুরীয়ক, আঙ্গুটী।
আন্তরিক, (অন্তর) অন্তঃকরণ সম্বন্ধীয়; অন্তরস্থ, মনোগত; হৃদয়োষ্ঠ।
আন্তরীণ, (অন্তর) অন্তরস্থ, অন্তর্ব্বর্ত্তী।
আন্তরীয়, গগণ, আকাশ।
আন্তিকা, নাট্যোক্তিতে জ্যেষ্ঠাভগিনী।
আন্ত্রিক, (অন্ত্র) অন্ত্রসম্বন্ধীয়, অন্ত্রস্থিত।
আন্দাজ, (যাং) অনুমান, অনুভব
আন্দাজী, (যাং) আনুমানিক, আনুভব্য।
আন্দোলন, (আন্দোল) দোলন, ঝোলন।
আন্দোলিত, (আন্দোল) দোলিত, কম্পিত; অনুশীলিত। [কর্ত্তা।
আন্ধসিক, (অন্ধস্) পাচক, সুপকার, রন্ধন
আন্মনা, (আন-মনস্) অন্যমনস্ক, অন্যচিত্ত
আন্বয়িক, প্রশস্ত কুলজাত, সৎকুলোদ্ভব, সৎকুলীন।

আন্বীক্ষিকী, (অনু-ঈক্ষ) তর্কবিদ্যা; ন্যায়
আপ, (আপ্) অষ্টবসুর মধ্যে এক জন।
আপক্ক, ঈষৎপক্ক; রুটি।
আপগা, (আপ-গম) নদী, স্রোতস্বতী।
আপজ্জনক, (আপদ-জনক) বিপদজনক।
আপণ, পণ্যবিক্রয়শালা, দোকান।
আপণিক, বণিক, ব্যবসায়ী, দোকানি।
আপতিক, শ্যেনপক্ষী; দৈবায়ত্ত; দৈবাৎ।
আপৎ, (আপদ) বিপৎ, বিপত্তি। [বন্ধক
আপত্তি, (আ-পদ) দোষ, বাধকতা, প্রতি-
আপৎপ্রাপ্ত, বিপদগ্রস্ত, বিপন্ন।
আপদ, বিপদ, বিপত্তি, ব্যাঘাত।
আপদগ্রস্ত, বিপন্ন, আপদে পতিত।
আপন, (আত্মন) নিজ, আত্মীয়, স্বীয়।
আপনাআপনি, স্বয়ং স্বেচ্ছাক্রমে।
আপনি, (আত্মন) স্বয়ং; নিজ। [বিপন্ন।
আপন্ন, (আ-পদ) আপদগ্রস্ত, আপৎপ্রাপ্ত
আপন্নসত্ত্বা, (আপন্ন-সত্ত্ব) গর্ভবতী, গুর্ব্বিণী, অন্তঃসত্ত্বা। [পত্তি নাশ
আপন্নাশ, (আপদ-নাশ) বিপদ নাশ, বি-
আপমিত্যক, বিনিময় প্রাপ্ত, বদল করিয়া লওয়া। [মিল।
আপস্, (আত্মন) স্বয়ং; নিজ; আপনি;
আপাক, (আ-পচ) পয়ন, কুম্ভকারের মৃৎপাত্র দহনস্থান, পোয়ান।
আপাঙ্গ, (অপামার্গ) বৃক্ষবিশেষ [সেইসময়
আপাত, (আ-পৎ) পতন, পড়া; তৎকাল,
আপাতক, (আ-পৎ) তাৎকালিক; হঠাৎ।
আপাততঃ, (আপাত) সম্প্রতি, এক্ষণকার মত।
আপাদনীয়, (আ-পদ) প্রাপ্য, প্রাপণযোগ্য
আপাদপর্য্যন্ত, চরণাবধি মস্তক পর্য্যন্ত।
আপাদমস্তক, চরণাবধি শিরঃপর্য্যন্ত।
আপান, (আ-পা) মদ্যপানার্থ সভা, মদ খাইবার চক্র।
আপা, মরসাধারণ, ইতর লোকাবধি সমস্ত ব্যক্তি [নীয়, অসংখ্য
আপার, (অপার) অপার; অসীম; অগণ-
আপালি, কেশকীট, উৎকুণ, উকুণ।
আপিঞ্জর, স্বর্ণ, হেম, কাঞ্চন, সুবর্ণ।
আপিল, (ইং) পুনর্বিচারের প্রার্থনা।
আপীড়, শিখাস্থিত মাল্য, শেখর, শিরোমালা, শিরোভূষণ। [ঈষৎ স্থূল, সম্যক স্থ
আপীন, (আ-পা) গোরুর পালান, গোস্তন

আপূপিক, (অপূপ) পিষ্টকজীবী, পিষ্টক-বিক্রয় কর্ত্তা, রুটিওয়ালা। [প্রভৃতি
আপূপ্য, (অপূপ) শক্তু, ছাতু; ময়দা যেমন
আপূর্ত্তি, ঈষৎ পূরণ; সম্যক পূরণ।
আপূষ, রঙ্গ, ত্রপু, রাং। [প্রশ্ন।
আপৃচ্ছা, আভাষণ, আলাপ; জিজ্ঞাসা,
আপ্ত, (আপ্) প্রত্যয়িত, বিশ্বস্ত; লব্ধ।
আপ্তখুদী, (আত্মন-যাং) আপনাআপনি।
আপ্তগর্ব্ব, প্র গাহঙ্কার, দম্ভবিশিষ্ট। [ত্তরি
আপ্তগ্রাহী, (আপ্ত-গ্রহ) স্বার্থপর, আত্ম-
আপ্তবর্গ, আত্মীয়, স্বজন, বন্ধুবান্ধব।
আপ্তসার, (আত্মন-সার) আত্মারক্ষণ, স্বীয়-দেহপালন; স্বায়ত্ত, আত্মসাৎ।
আপ্তি, প্রাপ্তি; সম্বন্ধ; যোগ; লাভ।
আপ্তোক্তি, সিদ্ধান্তবাক্য; আপ্তবচন, বিশ্বস্ত ব্যক্তির কথা।
আপ্যায়ন, (অ-প্যায়) তর্পণ, প্রীণন, তৃপ্তি
আপ্যায়িত, (আ-প্যায়) তৃপ্ত, প্রীত, সন্তুষ্ট
আপ্রচ্ছন, গমনাগমন সময়ে সুহৃৎ সঙ্গে কুশল জিজ্ঞাসা।
আপ্রপদ, পাদাগ্র পর্য্যন্ত, পাদাগ্রাবধি।
আপ্রপদীন, পাদাগ্র পর্য্যন্ত পতিত মাল্য বস্ত্রাদি।
আপ্লব, (আ-প্লু) স্নান, অবগাহন।
আপ্লবন, (আ-প্লু) জলব্যাপ্তি, জলময় হওন
আপ্লাবন, (আ-প্লু) জলময়, বন্যা।
আপ্লাবিত, (আ-প্লু) বন্যাদ্বারা ধৌত।
আপ্লুত (আ-প্লু) স্নান, কৃতাবগাহন।
আফা, (আ-রফ) মৎস্যোৎপ্লবন; জনশ্রুতি
আফাকল, মৎস্যধারণ যন্ত্র বিশেষ, বাড়ি
আফানি, (অস্কাজন) মৎস্যের লম্ফন।
আফিঙ্গ, (অহি-ফেণ) আফিম, অহিফেণ।
আফিম, (অহিফেণ) মাদক দ্রব্য বিশেষ।
আফিমী, (আফিম) আফিমভোক্তা।
আফুক, অহিফেণ, আফিঙ্গ।
আফসোস্, (যাং) দুঃখ, শোক।
আবঞ্জন, (আ-বঞ্জ) বন্ধন, বাধন; আচ্ছাদন
আবটন, (আ-বৃৎ) আবর্ত্তন, আওটান।
আবড়ন (আবর্ত্তন) ঘূর্ণন, ঘূরণ, মর্দ্দন; ঘোটন। [আড়াল।
আবড়াল, (আবর্ত্তন) ব্যবধান, অন্তরাল,
আবতা, (আবৃত্ত) আচ্ছাদন, অন্তরাল।
আবদার, (অবদারণ) অভ্যর্থি, আখুটী, জেদ, বালকদের কৌটা।
আবদারীয়, (আবদার) খেকানিয়া, কোটি-কারী বালক।
আবদ্ধ, দৃঢ়বন্ধন; বাধা; ব্যাপৃত।
আবনেয়, (অবনী) অবনীপুত্র, মঙ্গলগ্রহ।
আবন্ধন, যোক্ত্র, যোৎদড়ী; বন্ধন।
আবপন, (আ-বপ্) সম্যক্ ক্ষুরিকর্ম্ম, সম্যগ্বীজরোপণ। [হিতাহিত জ্ঞানাসমর্থ।
আবর, (আ-বৃষ) অনভিজ্ঞ, মূঢ়; অজ্ঞান,
আবরঙ্গ, (যাং) সিংহাসন; সুখাসন।
আবরণ, (আ-বৃ) আচ্ছাদন, ঢাকন।
আবরণশক্তি, মায়াশক্তি, মহামায়া।
আবরা, (আ-বৃ) ঈষৎবৃষ্টি, জলক্ষরণ
আবরাণ, (আবরা) অল্পবর্ষণ, সূক্ষ্ম জলকণা
আবরু, (যাং) মান, সম্ভ্রম; রীতি, ধারা।
আবর্জ্জন, (আ-বৃজ) অবস্কর, জঞ্জাল
আবর্ত্ত, (আ-বৃৎ) জলভ্রমি, ঘূর্ণা; আওটান
আবর্ত্তন, (আ-বৃৎ) দুগ্ধাদি আলোড়ন, আওটান; ধাতুদ্রব্য গলান। [মুচীভাঁড়।
আবর্ত্তনী, (আ-বৃৎ) ধাতুদ্রব্য গলনপাত্র,
আবর্হিত, উন্মূলিত, উৎপাটিত।
আবলাৎ, (যাং) স্থাবরাস্থাবর সম্পত্তি।
আবলি, (আ-বল) শ্রেণী, পংক্তি; সারি।
আবলী, (আ-বল) আলী; সেতু; শ্রেণী।
আবলুস, (যাং) কাষ্ঠবিশেষ।
আবলন, (অবল) অবল হওয়া, দৌর্বল্য।
আবশ্য, (অবশ্যং) অবশ্য; নির্ণয়; নিশ্চয়।
আবশ্যক, (অবশ্য) অবশ্যকর্ত্তব্য; প্রয়োজন; নৈশ্চয়িক; উচিত। [রি, অপেক্ষা।
আবশ্যকতা, (আবশ্যক) প্রয়োজন, দরকা-
আবসথ, গৃহ, ভবন, বাটী। [সুসম্পন্ন ধান্য।
আবসিত, পরিপক্ক অথচ মর্দ্দিত ধান্য।
আবহ, সপ্ত বায়ুর অন্তর্গত বায়ুবিশেষ ভূবায়ু।
আবহমান, (আ-বহ) ক্রমাগত, পূর্ব্বাপর।
আবাচ্য, (অবাচ্য) অকথ্য; উপস্থ; ভগ
আবাধা, সম্যক বাধা, পীড়া, ক্ষেত্রবিদ্যায় লম্বের পার্শ্বস্থ ভূমিখণ্ড।
আবাপ, (আ-বপ) বপন; ধান্যাদি রোপণ; যোগকরণ। [লোপ এবং যোগ করণ।
আবাপোদ্ধার, (আবাপ-উদ্ধার) শোধন;
আবার, (আরবার) পুনর্ব্বার, দ্বিতীয় বার
আবারি, হট্টবেশ্ম; দোকান।
আবাল, বালক অবধি; বাল্যাবধি, বালক কাল যাবৎ।

আবালকাল, বাল্যাবস্থা, ছেলেবেলা।
আবালবৃদ্ধ, বালকাবধি বৃদ্ধ পর্য্যন্ত।
আবালবৃদ্ধবনিতা, বালক বৃদ্ধ এবং স্ত্রী সমুদায় লোক। [যাবৎ।
আবাল্য, বাল্যাবস্থা পর্য্যন্ত, বালককাল
আবাস, (আ-বস্) গৃহ; বাসস্থান।
আবাহন, (আ-বহ্) আহ্বান; নিমন্ত্রণ।
আবাহনী, (আ-বহ) দেবতার আহ্বানার্থ মুদ্রা বিশেষ। [যোগ্য
আবাহনীয়, (আ-বহ) আমন্ত্রণ করিবার
আবিক, (অবি) কম্বল, মেষলোম জাতআসন
আবিদ্ধ, ঈষৎবিদ্ধ, অত্যল্প বেঁধা।
আবিধ, কাষ্ঠবেধনাস্ত্র, তুরপণ, ভোমর।
আবির্ভাব, (আবিস্-ভূ) প্রকাশ; দেবতার; প্রাদুর্ভাব; অধিষ্ঠান। [ষ্ঠিত অবতীর্ণ
আবির্ভূত, (আবিস্-ভূ) প্রকাশিত; অধি-
আবিল, অনচ্ছ, অনির্ম্মল, ঘোলা।
আবিষ্কার, (আবিস্-কৃ) প্রকাশ, আক্ষেপ খেদ। [কটিত
আবিষ্কৃত, (আবিস্-কৃত) প্রকাশিত, প্র-
আবিষ্ট, (আ-বিশ) আবেশযুক্ত, নিবিষ্ট, অভিরত; অবহিত, মনোযোগী। [ফাউগ
আবির, (বাং) রক্তবর্ণ গুড়া বিশেষ, ফল্গু,
আবিস, (আ-উ) ব্যক্ত, প্রকাশ।
আবু, (অর্ব্বুদা) গলগণ্ড, ব্রণবিশেষ।
আবুক, নাট্যোক্তিতে পিতা।
আবুথাবুড়া, নীচোচ্চ, অসমান।
আবুত্ত, নাট্যোক্তিতে ভগিনীপতি।
আবুয়া, (আবু) গলগণ্ডযুক্ত।
আবৃত, (আ-বৃ) আবরণকরা; রুদ্ধ, আবদ্ধ
আবৃতি, (আ-বৃ) আবরণ, ঘেরাও, বেড়া।
আবৃৎ, অনুক্রম, পরিপাটী।
আবৃত্ত, (আ-বৃৎ) আগত, ঘুরাইয়া আনা।
আবৃত্তি, (আ-বৃৎ) অভ্যাসন, আওড়ান, পুনঃ২ পাঠ করিয়া কণ্ঠস্থ করণ।
আবেগ, ত্বরা, শীঘ্রতা, দ্রুততা।
আবেদক, (আ-বিদ) নিবেদনকর্ত্তা, অভিযোগকারী, নালিস কারক।
আবেদন, (আ-বিদ) নিবেদন, জ্ঞাপন; অভিযোগ, নালিস, দরখাস্ত।
আবেশ, (আ-বিশ) সঞ্চার; আসক্তি; অভিনিবেশ, মনঃসংযোগ।
আবেশন, (আ-বিশ) শিল্পশালা; প্রবেশকরণ; অবলম্বন।

আবেষ্টক, প্রাচীর, পাঁচীল; বৃতি, বেড়া।
আবোধন, (আ-বোধ) জ্ঞান, বোধ, বুদ্ধি।
আবোর, (অ-ক্রু) মূর্খ, অবোধ জড়; অসভ্য
আব্দিক, (অব্দ) বাৎসরিক, বার্ষিক।
আভরণ, (আ-ভূ) ভূষণ, অলঙ্কার।
আভা, প্রভা, দীপ্তি, দ্যুতি; জ্যোতিঃ আলোক, উজ্জ্বলতা।
আভাতি, (আ-ভা) ছায়া; প্রতিমূর্ত্তি।
আভাষ, ভূমিকা; উপক্রমণিকা। [সম্ভাষণ
আভাষণ, (আ-ভাষ) আলাপন, কথন,
আভাস, সদৃশ; প্রতিবিম্ব; দীপ্তি; অভিপ্রায়; অবতরণিকা।
আভিচারক, (অভিচার) অভিচারকর্ত্তা, হিংসা কর্ম্মের প্রয়োগকারী।
আভিজন, অভিজন সম্বন্ধী, কুলসম্বন্ধীয়, গাঁই, পদবী।
আভিজাত্য, (অভিজাতি) বংশসম্বন্ধীয়; কৌলীন্য, কুলীনতা, সদ্বংশ। [সদ্বংশীয়।
আভিজাত্যাপন্ন, কৌলীন্য, মর্য্যাদান্বি
আভিধানিক, (অভিধান) কোষবেত্তা; অভিধানোক্ত, অভিধানে প্রসিদ্ধ।
আভিমুখ্য, (অভিমুখ) সম্বোধন; অভিমুখ করা, সম্মুখীনত্ব; সমক্ষ বর্ত্তিতা। [য়ালা।
আভীর, (আ-ভীরা) গোপ, আহিরী গো
আভীরপল্লী, গোপপল্লী, গোয়ালাপাড়া; গোপগ্রাম; গোপস্থান। গোয়ালিনী।
আভীরী, গোপ স্ত্রী গোপপত্নী, আহিরিণী
আভীল, কষ্ট, ক্লেশ, কৃচ্ছ্র।
আভীক্ষ্ণ, অত্যর্থ; নিত্য, সর্ব্বদা।
আভেরী, (আ-ভীরী) রাগিণী বিশেষ।
আভোগ, পরিপূর্ণতা; যত্ন। [সকর্ত্তা।
আভ্যাসিক, (অভ্যাস) শ্রুতিধর; অভ্যা-
আভ্যুদয়িক, (অভ্যুদয়) শ্রাদ্ধবিশেষ।
আম, (আম্র) পাকরহিত, অপক্ক, কাঁচা; অসিদ্ধ; রোগবিশেষ, আমাশয় রোগ; আম্র ফল।
আমগন্ধি, গন্ধযুক্তচিতাধূমাদি; অপক্ক মাংসাদির গন্ধ যুক্ত পদার্থ।
আমড়া, (আম্রাতক) ফলবিশেষ।
আমণ্ড, (আ-মণ্ড) এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।
আমদা, (বাং) প্রচুর, যথেষ্ট, সম্পূর্ণ।
আমদানী, (বাং) আয়, আগম; বাণিজ্যদ্রব্যাদি আনয়ন।

আমন, (হেমন্ত) ধান্যবিশেষ, শরৎপক্ক ধান্য
আমনস্য, পীড়া, দুঃখ, কষ্ট। [নিমন্ত্রণ।
আমন্ত্রণ, (আ-মন্ত্র) সম্বোধন; আহ্বান;
আমন্ত্রিত, (আ-মন্ত্র) নিমন্ত্রিত, আহূত।
আমপীনস, সর্দ্দি, কফ, শ্লেষ্মা, শীতস্ন।
আমবাত পিত্তজন্য ত্বক্‌রোগবিশেষ।
আময়, (আ-মী) রোগ পীড়া; কুষ্ঠনামক ওষধি।
আময়দা, (যাং) যথেষ্ট, প্রচর, অপর্য্যাপ্ত।
আময়াবী, (আময়-অব) রোগী, পীড়িত।
আমরক্ত, উদরাময় বিশেষ, রক্তমলস্রাবের পীড়া। [অম্লরস যুক্ত শাকবিশেষ।
আমরুল, (অম্ললোনিকা) অম্লনালিকা শাক,
আমর্ষ ক্রোধ, রোষ, রাগ।
আমল, (যাং) অধিকার কাল, শাসন সময়
আমলক, (আ-মল) আমলকী বিশেষ।
আমলকী (আ-মল) ধাত্রীফল, আমলা।
আমলা, (আ-মল) আমলকী ফল, ধাত্রীফল
আমলেট, (আম-লুট্) সুস্বাদু মৎস্য বিশেষ
আমশী, (আম-শুণ্ঠী) শুষ্কআম্রচূর্ণ, আমচুর
আমশূল, রোগবিশেষ, আম নিমিত্ত উদরের বেদনা বিশেষ।
আমসত্ত্ব শুষ্ক আম্ররস।
আমা, (আম) অপক্ক ইষ্টক; কাঁচপোড়ইট
আমাত্য, (অমাত্য) অমাত্য, মন্ত্রী, পাত্র।
আমানৎ, (যাং) গচ্ছিত, নিক্ষিপ্ত, জমা।
আমানস্য, (আ-মী) পীড়া, দুঃখ, ক্লেশ।
আমানী, (আ-মণ্ড) কাঞ্জী, কাঁজী।
আমান্ন(আম-অন্ন) অপক্কান্ন তণ্ডুল, চাউল
আমাশয়, (আশয়) অপক্কস্থান; রোগবিশেষ
আমাসার, ষট্‌প্রকার অতিসার মধ্যে এক প্রকার অতিসার রোগবিশেষ।
আমি, (অস্মদ্) অহং, স্বয়ং মুই।
আমিষ (অম) মাংস মৎস্যাদি ভোগ্য বস্তু।
আমিষপ্রিয়, কঙ্কপক্ষী, বাজপক্ষী; মৎস্য মাংসে সন্তুষ্ট ব্যক্তি। [মাংসাশী।
আমিষভুক্ (আমিষ-ভুজ্) মৎস্যভোক্তা,
আমিষাশী, মৎস্যমাংস ভোজনশীল, মৎস্য মাংস ভক্ষক।
আমিক্ষা, (আ-মিহ্) পয়োবিকার বিশেষ, দুগ্ধের ছানা। [রক কারী।
আমীন, (যাং) অধ্যক্ষ, তত্ত্বাবধারক, তদ-
আমীর (যাং) ধনী অথচ সম্ভ্রান্ত লোক।

আমুক্ত, (আ-মুচ) পিনদ্ধ, পরিহিত বস্ত্রাদি ঈষৎ মুক্ত। [বাঁশ।
আমুপ কণ্টকযুক্ত বংশ বিশেষ, বেউড়
আমুষ্যায়ণ, সৎকুলজাত, প্রসিদ্ধ বংশোদ্ভব
আমূল মূলপর্য্যন্ত; কারণ, গোড়া। [জিত
আমেজ, (যাং) মিশ্রিত, মিলিত, সংযো-
আমোদ, (আ-মুদ্) অতিদূরগামি শোভন গন্ধ, সৌরভ; হর্ষ; আনন্দ; কৌতুক।
আমোদন, (আ-মুদ্) আনন্দ উৎপাদন, আহ্লাদ জনন, আমোদ করণ।
আমোদিত (আ-মুদ) আনন্দিত, জাতহর্ষ, সুগন্ধীকৃত, সৌরভিত।
আমোদী, (আ-মুদ) আমোদযুক্ত, হর্ষবিশিষ্ট, সুগন্ধযুক্ত, সৌরভান্বিত।
আম্নায়, (আ-ম্না) বেদ; নিগম; উপদেশ।
আম্বল, (অম) অম্ল, টক।
আম্বলতা, (অম্বল) অম্লতা, অম্লরস, টকরস
আম্বিকেয়, ধৃতরাষ্ট্ররাজা; কার্ত্তিকেয়।
আম্র, (অম) ফল বিশেষ; চূত, আম। [চূর্ণ
আম্রপেষী, শুষ্কাম্রখণ্ড, আমশী, শুষ্ক আম্র
আম্রাত, (আম্র-অৎ) আম্রাতক, আমড়া।
আম্রাতক, (আম্র-অৎ) ফলবিশেষ, আমড়া
আম্রাবর্ত্ত, আম্রের শুষ্করস, আমসত্ত্ব [উক্তি
আম্রেড়ন, (আ-ম্রেড়) পুনঃ২ কথন, পুনঃ২
আম্রেড়িত, (আ-ম্রেড়) দ্বিস্ত্রিরুক্ত, দুই তিন বার কথিত, পুনঃ২ কথিত।
আম্ল, (অম্ল) তেঁতুল, তিন্তিড়ী; টক।
আম্লকুচি, বৃক্ষবিশেষ।
আম্লবেতস, অম্লবেতস, টকরস বিশিষ্ট শাক বিশেষ।
আম্লা, (অম্ল) তিন্তিড়ীবৃক্ষ; তেঁতুলগাছ
আম্লিকা, (অম্ল) তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুলগাছ
আয়, (আ-অয়) ধনাগম; প্রাপ্তি, লাভ।
আয়ত,(আ-যম) দীর্ঘ, লম্বা, বিস্তৃত, সধবার
আয়তন, (আ-যৎ) যজ্ঞস্থান, দেবস্থান; পরিসর; প্রস্থ; প্রশস্ত।
আয়তি, (আ-যম) উত্তর কাল ভবিষ্যৎকাল
আয়ত্ত, (আ-যৎ) অধীন, বশীভূত, বশতাপন্ন
আয়ত্তি, (আ-যৎ) স্নেহ; বশিত্ব; সামর্থ্য।
আয়না, (যাং) দর্পণ, আদর্শ, আর্শি।
আয়ন্দা, (যাং) উপস্থিত, আগত; আনীত
আয়স, (অয়স) লৌহ, লোহা; লৌহনির্ম্মিত
আয়সী, (অয়স্) লৌহময় কবচ, লোহার অঙ্গ রক্ষিণী, সাঁজোয়া।

আয়স্ত, তেজিত ; ক্ষিপ্ত ; ক্লেশিত ; আয়স্ত্রী সধব। [বিশেষ।
আয়া, (যাং) পিতামহ ; বা মাতামহ ; দাসী
আয়াত, (আ-গম) আগত, উপস্থিত।
আয়াতন, (আয়তন) আয়তন, পরিসর।
আয়াবস্থিতি, (আয়-অবস্থিতি) সঞ্চয়, ধনাগম হইয়া ব্যয়াবশিষ্ট।
আয়াম, (আ-যম) দৈর্ঘ্য, লম্বতা ; স্তব, স্তুতি
আয়াস, (আ-যস) শ্রান্তি, শ্রম ; ক্লেশ, প্রয়াস
আয়ী, (আর্য্যকী) মাতামহী।
আয়ীন, (যাং) ব্যবস্থা, রাজনিয়ম। [জীবন
আয়ুঃ, (অ-ই) জীবিতকাল, পরমায়ুঃ
আয়ুক্ত, কর্ম্মাধ্যক্ষ, নিয়োগী, ব্যাপৃত।
আয়ুধ, অস্ত্র হাতিয়ার, বাণ, শর।
আয়ুধাগার, (আয়ুধ-আগার) অস্ত্রগৃহ, সেলাখানা। [অস্ত্রধারী।
আয়ুধিক, (আয়ুধ) অস্ত্রজীবী, শস্ত্রাজীব,
আয়ুধীয়, (আয়ুধ) অস্ত্রধারী, শস্ত্রাজীব।
আয়ুর্দ্দয়, (আয়ুস্-দা) জীবন কালের পরিমাণ, পরমায়ুর পরিমাণ ; আয়ুর্দ্দায়।
আয়ুর্দ্রব্য, ঔষধ, ভেষজ।
আয়ুর্ব্বেদ, (আয়ুস্-বেদ) বৈদ্যস্ত শাস্ত্র, চিকিৎসা শাস্ত্র, নিদান শাস্ত্র
আয়ুর্ব্বেদী, (আয়ুস্-বেদিন) আয়ুর্ব্বেদজ্ঞ, চিকিৎসা বিদ্যা ব্যবসায়ী।
আয়ুর্যোগ, ঔষধ, ভেষজ
আয়ুষ্কর, (আয়ুস-কৃ) পরমায়ুজনক, আয়ুর্বৃদ্ধি কারক, আয়ুষ্য।
আয়ুষ্কাম, দীর্ঘজীবী ; আয়ুঃপ্রার্থী।
আয়ুষ্টোম, (আয়ুস্-স্তোম) যজ্ঞবিশেষ, আয়ুবৃদ্ধি র্থক যাগ বিশেষ।
আয়ুষ্মান, (আয়ুস্) চিরজীবী ; দীর্ঘায়ু।
আয়ুষ্য, (আয়ুস্) পথ্য ; আয়ুরহিত কারক।
আয়ুস (আ-ই) জীবিতকাল, পরমায়ুঃ, জীবন
আয়োগব, শূদ্রের ঔরসে বৈশ্যাগর্ভে জাত জাতি বিশেষ।
আয়োজন, (আ-যুজ) উদ্‌যোগ, আহরণ।
আয়োধন, (আ-যুধ) যুদ্ধ, রণ, সংগ্রাম সমর
আর, (অপর) এবং, অন্য ; কোন, প্রান্তভাগ
আরকূট, ধাতু বিশেষ, পিত্তল, পিতল।
আরক্ত, ঈষৎ রক্তবর্ণ ; অরুণ বর্ণ
আরগ্বধ, বৃক্ষবিশেষ, সোঁদালি গাছ।
আরজ, (যাং) আবেদন, নিবেদন ; দরখাস্ত
আরট্ট, দেশবিশেষ।
আরট্টজ, আরট্টদেশ জাত ঘোটক।
আরণা, (অরণ্য) বন্য মহিষ।
আরণ্য, (অরণ্য) বনসম্বন্ধীয়, ব ্য, জাঙ্গলিক
আরণ্য পশু, অরণ্যজাত জন্তু ; মহিষ বানর প্রভৃতি। [জন, আরাত্রিক।
আরতি, (অ-রম) বিরতি, নিবৃত্তি ; নীরা-
আরনাল, কাঞ্জিক, কাঞ্জী, আমানী।
আরন্ধ, (অ-রন্ধ) অরন্ধন।
আরব, শব্দ, ধ্বনি ; দেশবিশেষ।
আরব্ধ, (আ-রভ) উপক্রম, আরম্ভ।
আরভটী, (অর-ভট) ক্রীড়া ; কুহকদর্শন
আরমান, বাসনা, মনোভিলাষ। [উদ্যোগ।
আরম্ভ, (আ-রভ) আদ্যকৃতি, উপক্রম,
আরশি, (আরিশ) রোগবিশেষ ; অর্শোরোগ ; দর্পণ, আয়না। [তৈলপায়িকা।
আরস্থুলা, (আ-রস-উৎ-লা) কীটবিশেষ,
আরক্ষ, রক্ষাযুক্ত, রক্ষণীয়।
আরা, (রা) কাষ্ঠ বেধক অস্ত্র, তুরপুন ; ক্রকচ, করপত্র করাত [রাতকারী, করাতী।
আরাকষ, (আরা-কৃষ) ক্রকচব্যবহারী, ক-
আরাতি, (অ-রা) শত্রু, বিপক্ষ, বৈরী।
আরাৎ, (আ-রা) দূর ; নিকট, সমীপ।
আরাত্রিক, আরতি, নীরাজন ; নীরাজন পাত্র, আরতি প্রদীপ।
আরাধক, (আ-রাধ) পূজ্য, সেবা, অর্চ্চক, পূজারী। [তোষণ।
আরাধন, (আরাধ) সাধনা, উপাসনা,
আরাধনা, (আ-রাধ) সাধনা, উপাসনা সেবা, পরিচর্য্যা, শুশ্রূষা। [স্য, সেবনীয়।
আরাধ্য, (আ-রাধ) আরাধনার যোগ্য, উপা
আরাব, (আ-রব) শব্দ, নাদ, রব।
আরাম, (আ-রম) উপবন, বাগিচা ; বিশ্রাম উপশম, পীড়ার শান্তি।
আরালিক, সূপকার, পাচক, রন্ধনকর্ত্তা।
আরিন্দা, (যাং) যে ব্যক্তি ধনাগারে খাজনা লইয়া যায়। [শূকর।
আরু, (ঋ) বৃক্ষ বিশেষ ; কর্কট, কাঁকড়া ;
আরুক, হিমালয় পর্ব্বতে প্রসিদ্ধ ওষধী বিশেষ। [উপর চড়া ব্যক্তি।
আরূঢ়, (আ-রুহ) কৃত আরোহণ, বৃক্ষাদির
আরোগ্য, (অরোগ) রোগরাহিত্য, রোগাভাব, অনাময়, আরাম, স্বাস্থ্য, সুস্থতা।
আরোপ, (আ-রূপ) মিথ্যারচন, কল্পনা ; স্থাপন।

খোলস, সর্পকঞ্চুক, সর্পত্বক্।
খোলা, (খুল) আবরণ শূন্য; খাপরা, পাকস্থালী; কড়াই ভাজা; মোক্ষণ, খসান।
খোলি, কলক্ক, মীরস, সরিসার সিটা। [চিড়া
খোস, (খস) কণ্ডুরোগ, কণ্ডু, চুলকনা, পা-
খোসন, শস্ত্র মর্দ্দন।
খোসা, (খুস) ত্বক, ছাল, শ্মশ্রু হীন ব্যক্তি।
খ্যাত, (খ্যা) খ্যাতিযুক্ত, প্রতীত, প্রসিদ্ধ।
খ্যাতি, (খ্যা) প্রসিদ্ধি; নাম; যশঃ।

গ

গ, গকার, তৃতীয় হলবর্ণ।
গুইড, বৃহৎ তরঙ্গ, মৌজ, ঢেউ, বিস্ফোটক, ফোড়া। [পীড়াদ্যোতক শব্দ।
গঁগঁ, সিংহ ব্যাঘ্রাদির নাদ, অব্যক্তধ্বনি,
গগণ, (গম) আকাশ, নভোমণ্ডল, শূন্য।
গগণকুসুম, খপুষ্প; অলীক।
গগণগামী, আকাশগামী, খচর।
গগণধ্বজ, মেঘ, বারিদ, সূর্য্য।
গগণভেলা, পক্ষিবিশেষ, হাড়গিলা।
গগণমণ্ডল, নভোমণ্ডল, খগোল
গগণাধ্বগ, সূর্য্য, রবি, ভানু।
গগণেচর, গ্রহ; নক্ষত্র, তারা। [ঊর্দ্ধমুখ।
গগণোন্মুখ, মঙ্গলগ্রহ; আকাশেরদিকে
গগরী, (গর্গরী) ঘট, কলশ।
গগান, (গগা) কাতরোক্তি, কাতর্য্য, কাতরাণ, কাকুক্তিকরণ।
গঙ্গা, (গম) জাহ্নবী, ভাগীরথী, সুরধুনী।
গঙ্গাচিল্লী, চিল্লপক্ষি বিশেষ, গাঙ্গচিল।
গঙ্গাজ, ভীষ্ম; কার্ত্তিকেয়।
গঙ্গাজল, গঙ্গার সলিল।
গঙ্গাজলিয়া, (গঙ্গাজল) যে ব্যক্তির গঙ্গাজলস্পর্শ পূর্ব্বক শপথ করা জীবিকা।
গঙ্গাজলী, গঙ্গাজল স্পর্শপূর্ব্বক শপথকরণ
গঙ্গাটেয়, মৎস্যবিশেষ, চিঙ্গড়ীমাছ
গঙ্গাধর, (গঙ্গা-ধৃ) শিব, মহাদেব; সমুদ্র।
গঙ্গাপুত্র, ভীষ্ম; বর্ণসঙ্কর জাতিবিশেষ, মুরদাফরাশ।
গঙ্গাপ্রাপ্তি, গঙ্গালাভ, গঙ্গায়মৃত্যু। [জল।
গঙ্গাম্বু, (গঙ্গা-অম্বুস) গঙ্গার সলিল, গঙ্গা-
গঙ্গামৃত্যু, গঙ্গায় দেহত্যাগ।
গঙ্গাযাত্রা, মরণার্থ গঙ্গাতীরে গমনোদ্যম; গঙ্গাতীরে গমন।
গঙ্গাযাত্রী, দেহত্যাগার্থ গঙ্গাতীরে গমনকারী; ভাগীরথীর তটগামী।
গঙ্গালাভ, গঙ্গাপ্রাপ্তি, গঙ্গায় দেহত্যাগ।
গঙ্গাসুত, ভীষ্ম; কার্ত্তিকেয়।
গচ, (গাঢ়) স্থূল, মোটা, ঘন, পুরু।
গচাল, (গচ) স্থূলতা বিশিষ্ট, ঘনতাযুক্ত; পুরু, মোটা।
গচ্ছ, বৃক্ষ গাছ; গমন ক্রিয়াসূচক, যাও।
গচ্ছিত, নিক্ষিপ্ত, ন্যস্ত, গচ্ছান।
গচ্ছিতকরণ, (গচ্ছ) নিক্ষেপ করণ, গচ্ছান
গচ্ছন, গ্রহণ; নিক্ষেপ করণ।
গচ্ছা, স্বীকার, গ্রহণ।
গচ্ছান, (গচ্ছা) গ্রহণ করাণ; নিক্ষিপ্ত দ্রব্য, গচ্ছিত। [পরিমাণ।
গজ, হস্তী, দ্বিরদ, হাতী, প্রায় দুইহাত
গজকচ্ছপী, হাতির কচ্ছপধারণ ব্যাপার।
গজকূর্ম্মাশী, গরুড়, বৈনতেয়, খগেন্দ্র।
গজচক্ষু, (গজ-চক্ষুস) বিকৃতিচক্ষু, টেরা।
গজচক্ষুয়া, টেরা, বক্র চক্ষু, আড়চখো।
গজঢক্কা, হস্তির উপরিস্থ বৃহৎ ঢক্কা।
গজতা, গজ সমূহ, গজব্যূহ, হস্তি যূথ, হাতির পাল।
গজদঘ্ন, হস্তি পরিমাণ। [দাঁত।
গজদন্ত, গণেশ, হস্তি সম্বন্ধীয় দন্ত, হাতির
গজদান, হস্তির মদজল, হাতির গণ্ডদেশ হইতে নিঃসৃত জল।
গজদ্বয়স, গজপরিমিত, হাতির পরিমাণ।
গজপিপ্পলী, পিপ্পলী বিশেষ।
গজপুট, ঔষধ পাকার্থ গর্ত্ত বিশেষ।
গজবদন, গণেশ, হেরম্ব।
গজবন্ধনী, হস্তি বন্ধন স্থান; হাতিশালা।
গজমাচল, সিংহ, কেশরী, মৃগেন্দ্র।
গজমোটন, সিংহ, কেশরী, মৃগেন্দ্র।
গজরগজর, (গজর) বকবকানি, বিরক্তিপ্রকাশার্থ অব্যক্ত শব্দ।
গজরা, কর ভূষণ বিশেষ; বাজুবন্ধ।
গজসাহ্বয়, হস্তিনাপুর, দিল্লী।
গজা, (গজ) অঙ্কুর; ঘৃত শর্করা মিশ্রিত গোধূম পক্ক মিষ্ট দ্রব্য বিশেষ।
গজাখ্য, চক্রমর্দ্দকবৃক্ষ; চাকুন্দেগাছ।
গজাগ্রণী, ঐরাবত হস্তী।
গজাজীব, হস্তিপক, হস্তিপালক, মাহুত।
গজান, (গজ) প্ররোহণ, অঙ্কুরিত হওন; মুঞ্জরণ, গজান। [লম্বোদর।
গজানন, (গজ-আনন) গণেশ, বিঘ্নরাজ,

গজারি, (গজ-অরি) সিংহ, মৃগরাজ; বৃক্ষ বিশেষ। [লোহ সূচি বিশেষ।
গজাল, (গজ) লোহময় ক্ষুদ্র কীলক, প্রেক
গজাশন, (গজ-অশন) অশ্বত্থ বৃক্ষ।
গজাশন, পদ্মমূল, পদ্মের গেঁড়ু।
গজাস্য, (গজ-আস্য) গণেশ, লম্বোদর।
গজাহ্বয়, হস্তিনাপুর, দিল্লী।
গজাহ্বা, গজপিপ্পলী, গজপিপুল।
গজেষ্টা, ভুমিকুষ্মাণ্ড, ভুঁইকুমড়া।
গজগজান, বিরক্তি প্রকাশার্থ অব্যক্ত শব্দ করণ, বড়বড়ান।
গঞ্জ, (গজ) ভাণ্ডারাগার; আকর, খনি; গোষ্ঠাগার, গোয়ালি ঘর।
গঞ্জন, (গজ) তুচ্ছ করণ; লাঞ্ছন, তিরস্কার করণ। [বাক্য।
গঞ্জনা, (গজ) যাতনা, দুঃখ; গ্লানি সূচক
গঞ্জা, মদিরাগৃহ, সুরালয়; মদ্যভাণ্ড।
গঞ্জিকা, মদিরাগৃহ, মদের ঘর।
গঠন, (গঠ) নির্ম্মাণ, রচন।
গঠিত, (গঠ) নির্ম্মিত, রচিত।
গড়, মৎস্যবিশেষ, গড়ুই মাছ; দুর্গ, কিল্লা পরিখা; ব্যবধান।
গড়ক, (গড়) মৎস্যবিশেষ, গড়ুই মাছ।
গড়গড়ি, গর্জ্জন মেঘ নিস্বন।
গড়ন, (গড়) গঠন, নির্ম্মাণ মূর্ত্তি, আকার।
গড়নিয়া, (গড়ন) নির্ম্মাতা, রচক।
গড়নী, নির্ম্মাণ বেতন, গঠনের মূল্য।
গড়য়ন্ত, মেঘ, বারিদ, ঘন।
গড়লবণ, সম্বর দেশজাত লবণ, সাম্বর লোণ নামে প্রসিদ্ধ লবণ।
গড়া, বস্ত্র বিশেষ, গজিকাপড়।
গড়ান, (গড়) নির্ম্মাণ, গঠন; ঢালু।
গড়ানিয়া, (গড়) ক্রমনিম্ন, ঢালু; হেলা।
গড়ি (গড়) বৎস, বাছুর; অলস বা গড়িয়া পশু; তরঙ্গ, ঢেউ, মৌজ।
গাড়মর্ষী, (গড়) বিলম্ব, গৌন।
গড়িয়া, (গড়) অলস, অনুদ্যোগী, জড়।
গড়িয়ান, (গড়) কাইত, ঢালু, হেলা।
(গড়) গলগণ্ড; পৃষ্ঠগুড় নামে রোগ বিশেষ; কুব্জ; কুঁজা; কিঞ্চলুক, কেঁচো; শল্যাস্ত্র।
গড়ুর, (গড়ু) কুব্জ, কুঁজা, উন্নত পৃষ্ঠ
গড়ুল, কুব্জ, কুঁজা, উন্নত পৃষ্ঠ
গড়ে, (গড়) একত্রে, সমুদায়ে, সর্ব্বমিশ্রণে।
গড়ের, মেঘ, জলধর, ঘন।
গড়োৎথ, লবণ বিশেষ, সাম্বর লোণ। [ডেলা
গড়োল, গ্রাস, গুড়গর্ভ পরিমিত অন্নের
গড়গড়ান, গর্জ্জন; গম্ভীর শব্দ।
গড়্গড়ি, (গড়গড়) মেঘ গর্জ্জন, বজ্রধ্বনি
গড্ডলিকা, মেষযূথ, ভেড়ার পাল।
গড়ব, ভিগোলযোগ, গড়িবড়ি।
গড়ুক, জলপাত্র বিশেষ, গাড়ু।
গণ, সমূহ, দল, স্বজাতি; স্বপক্ষ।
গণক, (গণ) জ্যোতির্ব্বেত্তা, দৈবজ্ঞ, জ্যোতিষিক; গণনাকারী।
গণকী, দৈবজ্ঞ পত্নী, দৈবজ্ঞী।
গণগোষ্ঠি, স্বগোত্র, পরিবার; সকুল্য।
গণচক্রক, ধার্ম্মিকদিগের মিলিত হইয়া ভোজন। [তিতা।
গণতা, (গণ) সমূহত্ব; পক্ষপাত, পক্ষপা-
গণতাকার, (গণতা-কৃ) পক্ষপাতী।
গণৎকার, (গণ-কৃ) জ্যোতির্জ্ঞ, জ্যোতিষিক, দৈবজ্ঞ, গণক।
গণদীক্ষা, বহু যাজক; গণেশ মন্ত্রে দীক্ষিত
গণদেবতা, সংহত দেবতা বিশেষ, মিলিত বহুদেব
গণদ্রব্য, সাধারণ দ্রব্য; দ্রব্য সমূহ।
গণন, (গণ) সংখ্যা করণ, গণ, ঠিক দেওন
গণনা, (গণ) সংখ্যা, গণা; ঠিক দেওয়া।
গণনাথ, গণপতি, গণেশ।
গণনায়িক, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
গণনীয়, (গণ) গণনার্হ, সংখ্যেয়, গণ্য, গণিবার উপযুক্ত, গণিতব্য।
গণপতি, গণেশ, হেরম্ব, গজানন।
গণপর্ব্বত, কৈলাস পর্ব্বত।
গণপীঠক, বক্ষঃস্থল, উরঃ, হৃদয়।
গণবদ্ধ, গণাক্রান্ত, দলভুক্ত, সম্প্রদায়স্থ।
গণরাত্র, রাত্রি সমূহ, অনেক নিশা।
গণরূপ, অর্কবৃক্ষ, আকন্দগাছ।
গণা, (গণ) গণনা, সংখ্যা করণ; গণিত।
গণাগণি, (গণা) পরস্পর সংখ্যা করণ, পুনঃ২ গণন; গণিত; গণমেল। [করা, সংখ্যা
গণাগাথা, (গণ-গাথা) গণনা করা, সংখ্যা
গণাগোষ্ঠী, সকুল্য, সগোত্র; পরিবারস্থ কেহ
গণাগ্রণী, গণেশ, লম্বোদর; দলের প্রধান, দলাধ্যক্ষ।
গণাচল, কৈলাস পর্ব্বত।
গণাধিপ, গণেশ; শিব; দলাধিপতি।

গণি, গণন, সংখ্যা।
গণিআরি (গণিকারিকা) পুষ্পবৃক্ষ বিশেষ
গণিকা, (গণ) বারাঙ্গনা, বেশ্যা, স্বৈরিণী; হস্তিনী; গণেরি গাছ। [পুষ্প বৃক্ষ বিশেষ
গণিকারিকা, (গণি-কারিণ) গণিয়ারী গাছ, গণিকারী, পুষ্প বৃক্ষবিশেষ, গণিয়ারীগাছ।
গণিত, (গণ) সংখ্যাত, গণনা করা, গণা; অঙ্কশাস্ত্র, গণনা বিদ্যা। [স্বপক্ষাশ্রিত।
গণীভূত, (গণ-ভূত) স্বপক্ষ, দলাক্রান্ত; গণেয়, গণনীয়, গণনার্হ।
গণেরু, গণিকা, বেশ্যা; হস্তিনী।
গণেরুকা, কুট্টিনী, কুটনী, দূতী। [নাশন।
গণেশ, (গণ-ঈশ) শিবপুত্র, হেরম্ব, বিঘ্ন-
গণেশকুসুম, রক্তকরবীর, পুষ্প।
গণেশভূষণ, সিন্দুর, সিঁদুর।
গণোৎসাহ, গণ্ডক, গণ্ডার।
গণ্তি, (গণ) গণনা, হিসাব।
গণ্ড, (গড়) কপোল, গাল; গজকুম্ভ, গণ্ডার; বিস্ফোটক; উত্তম, প্রধান।
গণ্ডকারী, খদিরবৃক্ষ, খয়ের গাছ।
গণ্ডকী, স্বনাম খ্যাতা নদী। [ভূমি
গণ্ডকূপ, পর্ব্বতের উচ্চ স্থান, অধিত্যকা
গণ্ডগাত্র, ফল বিশেষ, আতা।
গণ্ডগোল, বিবাদ; অতিশয় কোলাহল, গোলযোগ।
গণ্ডগ্রাম, বহু জন বাস স্থান; প্রশস্তগ্রাম।
গণ্ডদূর্ব্বা, দূর্ব্বাবিশেষ, গাটিয়া দূর্ব্বা।
গণ্ডদেশ, কপোল, গাল।
গণ্ডমালা, রোগ বিশেষ, গলগণ্ড, গরগণ্ড।
গণ্ডমূর্খ, অতিশয় মূঢ়, নিতান্ত অজ্ঞ, ঘোর নির্ব্বোধ।
গণ্ডশৈল, ভূমিকম্পাদির দ্বারা পূর্ব্বত হইতে পতিত বৃহৎ প্রস্তর; ক্ষুদ্র পর্ব্বত।
গণ্ডস্থল, কপোল, গাল, চক্ষুর অধোভাগ।
গণ্ডা, (গণ) সংখ্যা বিশেষ, চতুঃ কপর্দ্দক, চারি কড়া।
গণ্ডাকিয়া, (গণ্ডক) অঙ্কবিদ্যা বিশেষ, গণ্ডার শত পর্য্যন্ত গণনা।
গণ্ডাঙ্গ, গণ্ডার, গড়গী।
গণ্ডার, (গণ্ডক) গড়গী, বন্য পশু বিশেষ।
গণ্ডি, (গণ্ড) বৃক্ষের মূলাবধি শাখাপর্য্যন্ত-অংশ, গুড়ি।
গণ্ডী, (গাণ্ডীব) মণ্ডল, রেখাদি দ্বারা সীমা বদ্ধ স্থান; আয়ত্ত।

গণ্ডীর, সমষ্টিলা-মূল-শাক।
গণ্ডু, উপাধান, বালিশ।
গণ্ডুপদ, কিঞ্জুলুক, মহীলতা, কেঁচো।
গণ্ডুপদী, ক্ষুদ্র কিঞ্জুলুক, ছোট কেঁচো।
গণ্ডূষ, (গণ্ড) মুখ পূরণ জল প্রভৃতি পরিমিত জল, এককোষ; হস্তি শুণ্ডাগ্রভাগ।
গণ্ডোল, গুড়, গ্রাস, ভাতের ডেলা।
গণ্ত্তি, গণনা, সংখ্যা।
গণ্য, (গণ) গণনীয়; গণনার্হ, সংখ্যা করিবার যোগ্য; ধর্ত্তব্য।
গত, (গম) যাত; অতীত, মৃত।
গতকল্য, পূর্ব্ব দিবস, গত দিন।
গতনাসিক, (গত-নাসিকা) নাসিকা রহিত, নাসাহীন, খাঁদা। [রোয়াল।
গতপ্রভ, (গত-প্রভা) প্রভাহীন, অন্ধকার,
গতমদক, নির্ম্মদ হস্তী, যে হাতির গণ্ডস্থল হইতে মদজল ক্ষরে না।
গতাগত, যাতায়াত, গমনাগমন, পক্ষির গতি বিশেষ। [বয়ের অবশেষ।
গতার্জা, পূর্ব্বকৃত; পূর্ব্বজাত, অতীত বি-
গতাজ, অব্যবহৃত, অচলিত।
গতান, (গত) গছান, নিক্ষেপ করণ।
গতানুগতিক, (গত-অনুগতি) অনুকারী, ধারাবাহিক, লোক দৃষ্টান্তের অনুবর্ত্তী।
গতানুস্থচনা, (গত-অনুস্থচনা) কৃতভাবনা, পূর্ব্বকৃত কর্ম্মের নিমিত্ত আক্ষেপ।
গতায়াত, (গত-আয়াত) গমনাগমন, যাওয়া আসা। [কালাবসান; মুমূর্ষু।
গতায়ুঃ, (গত-আয়ুস) আয়ুঃশেষ, জীবন
গতার্ত্তবা, বৃদ্ধা স্ত্রী; বন্ধ্যা, বাঁঝা।
গতার্থ, (গত-অর্থ) অভিপ্রায়, সিদ্ধ, চরিতার্থ; সম্পন্ন; কৃতস্থচক
গতার্থতা, কৃতস্থচকতা, সম্পন্নতা।
গতি, (গম) গমন, যাত্রা; মার্গ, পথ; দশা; জ্ঞান; অভ্যুপায়, চালি, চলন; উপায়; ধারা; অবস্থা; আশ্রয়। [উপায়।
গতিক, (গম) অবস্থা, রীতি; অভিপ্রায়;
গতিক্রিয়া, বিক্রম, যমক্ষেপ।
গতিবিধি, যাতায়াত, গমনাগমন।
গতিবিহীন, গতিহীন, গমনশক্তি রহিত; নিরুপায়।
গতিলা, নদীবিশেষ; পরস্পর অভেদ।
গত্বর, গমনশীল, গমন বিশিষ্ট।

গদ, ব্যাধি, রোগ ; বিষ ; শ্রীকৃষ্ণের ভ্রাতার নাম ; ঘন।
গদয়িত্রু, কন্দর্প, মদন, কামদেব।
গদয়িত্নু, কামুক, লম্পট, লোচ্চা।
গদা, (গদ) লোহময় অস্ত্র বিশেষ, লোহার মুদ্গর বা যষ্টি।
গদাগ্রজ, নন্দনন্দন, শ্রীকৃষ্ণ, বিষ্ণু। [শ্রীকৃষ্ণ
গদাগ্রণী, ক্ষয়রোগ, যক্ষ্মা বা ক্ষয়কাস,
গদাধর, বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
গদাভৃৎ, শ্রীকৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।
গদাম্বর, মেঘ, ঘন, জলদ।
গদারাতি, ঔষধ, ভেষজ [আস্তরণ ; আসন
গদি, (গুর্দ্দ) শব্দ বিশেষ ; তুলাদি পূর্ণ স্থূল
গদিত, (গদ) উক্ত, কথিত, ভাষিত
গদিয়ান, (গদি) গিতানবিশিষ্ট ; ভাগ্যবান্
গদী, (গদা) বিষ্ণু ; গদাবিশিষ্ট ; রোগযুক্ত
গদ্গদ, (গদ) অতি অস্পষ্টবক্তা ; আহ্লাদে ।ক খেদে অব্যক্ত কথন ; অস্পষ্টোক্তি
গদ্গদধ্বনি, হর্ষ শোকাদি হেতু অস্পষ্ট বাক্য, অব্যক্ত শব্দ।
গদ্দি, (গদ) পরিহাস, কৌতুক, ব্যঙ্গ ঠাট্টা।
গদ্য, (গদ) ছন্দোরহিত বাক্য, পাদকৃত বিচ্ছেদ শূন্য রচনা।
গদ্যানক, অষ্ট চত্বারিংশৎ রত্তিকা পরিমাণ ; চতুঃষষ্টি গুঞ্জা পরিমাণ।
গন্তব্য, (গম) গমনযোগ্য, চলিতব্য ; সুগম
গন্তৃ, (গম) গমন কর্ত্তা, যাত্রাকারী।
গন্তি, (গণ) সংখ্যা, গণনা।
গন্তু, (গম) পথিক পান্থ।
গন্ত্রী, (গম) বৃষবহনীয় শকট, গরুর গাড়ী
গন্ত্রীরথ, শকট, গাড়ী
গন্ধ, নাসিকা গ্রাহ্য পদার্থ ; আমোদ, সৌরভ, ঘৃষ্টচন্দন, ঘষা চন্দন ; ঘ্রাণ, কৃষ্ণঅগুরু ; লেশ, সম্বন্ধ, কস্তুরী।
গন্ধক, (গন্ধ) উপধাতু বিশেষ, গন্ধপাষাণ।
গন্ধকাঠি, দিয়াশলাই। [শিল্পকারী
গন্ধকারিকা, সৈরিন্ধ্রী ; পরগৃহস্থা স্বাধীনা
গন্ধকালিকা, ব্যাসমাতা, মৎস্যগন্ধা।
গন্ধকাষ্ঠ, অগুরু কাষ্ঠ, চন্দন কাষ্ঠ ; শম্বরচন্দন
গন্ধকুসুমা, গণিকারী বৃক্ষ, গনেরীগাছ
গন্ধকেলিকা, কস্তুরী, মৃগমদ। [বিশেষ।
গন্ধগুরাণা, (গন্ধ-ঘ্রাণ) সৌরভযুক্ত তৃণ-
গন্ধগোকুল, চতুষ্পাদ জন্তু বিশেষ।
গন্ধচেলিকা, কস্তুরী, মৃগনাভি।
গন্ধজাত, তেজপত্র, তেজপাত।
গন্ধজ্ঞা, নাসিকা, নাসা, নাক।
গন্ধতূর্য্য, বাদ্যবিশেষ ; রণতূর্য্য।
গন্ধধূলি, কস্তুরী, মৃগমদ, মৃগনাভি [হিংসন
গন্ধন, (গন্ধ) সৌরভ প্রকাশন ; সূচন ;
গন্ধনকুল, গন্ধমূষিক, ছুছুন্দরী, ছুঁচা।
গন্ধনামা, রক্ততুলসী, রাঙ্গা তুলসী।
গন্ধনালী, নাসিকা, নাসা, নাক।
গন্ধনিলয়া, নবমল্লিকা, পুষ্প বিশেষ।
গন্ধপাষাণ, গন্ধক, উপধাতু বিশেষ।
গন্ধপিশাচ, সুগন্ধি দ্রব্য বিশেষ, ধুপ।
গন্ধপুষ্পা, চন্দন ও ফুল ; বেতস বৃক্ষ ; চালিতা গাছ। [গনেরী গাছ।
গন্ধপুষ্পা, কেতকীপুষ্প, গণিকারীবৃক্ষ,
গন্ধপ্রিয়, ঘ্রাণলুব্ধ ; গন্ধগ্রাহী।
গন্ধফল, কপিত্থ ফল ; কতবেল ; বিল্ব, বেল
গন্ধবণিক, বর্ণসঙ্কর জাতি বিশেষ, গান্ধিক, গন্ধবেণিয়া।
গন্ধবতী, পৃথিবী ; বরুণপুরী ; ব্যাসমাতা ; সুরা ; নবমল্লিকা ; মুরানামে গন্ধ দ্রব্য।
গন্ধবধূ, শটী, চীড়া নামে গন্ধ দ্রব্য।
গন্ধবন্ধু, আম্র, চূত ; আমগাছ, সহকার।
গন্ধবল্কল, সুগন্ধি ত্বক, দারুচিনি।
গন্ধবহ, বায়ু, পবন ; গন্ধযুক্ত।
গন্ধবহা, নাসিকা, নাসা, নাক।
গন্ধবাহ, (গন্ধবহ) বায়ু, অনিল বাত ; মৃগবিশেষ, কস্তুরীমৃগ।
গন্ধবাহা, নাসিকা, ঘ্রাণেন্দ্রিয়, নাক।
গন্ধবিরজা, গন্ধবিরজি।
গন্ধবিহ্বল, গোধূম, গম।
গন্ধবীজা, মেথিকা, মেথী
গন্ধবৃক্ষক, (গন্ধ-বৃক্ষ) শালবৃক্ষ, শালগাছ।
গন্ধভদ্রা, লতাবিশেষ, গন্ধভাদালিয়া লতা, গাদালি লতা।
গন্ধভাদালিয়া, (গন্ধভদ্রা) লতা বিশেষ।
গন্ধমাতা, অবনী, পৃথিবী, পৃথ্বী।
গন্ধমাদন, পর্ব্বত বিশেষ, ইলাবৃত ও ভদ্রাশ্ব বর্ষের সীমা পর্ব্বত ; ভ্রমর ; বানর বিশেষ ; গন্ধক।
গন্ধমাদনী, (গন্ধ-মদ) মদিরা, সুরা, মদ্য।
গন্ধমার, তিক্তরস দ্রব্য বিশেষ।
গন্ধমার্জার, খট্টাস, খাটাস।
গন্ধমালতী, পুষ্প বৃক্ষ বিশেষ।
গন্ধমালিনী, মুরানামে গন্ধ দ্রব্য।

গর্ভগু. নাভি গুগুক, নাভির গাঁড়।
গর্ভধারণ, গর্ভের গ্রহণ, নিষেক গ্রহণ।
গর্ভধারিণী, জননী, মাতা।
গর্ভপাকী, ষষ্টিক ধান্য, ষেটেধান।
গর্ভপাত, গর্ভস্রাব, পেটখসা।
গর্ভবতী, অন্তরাপত্না, গুর্ব্বিণী, গর্ভিণী, সসত্বা, আপন্ন সত্বা।
গর্ভশয্যা, গর্ভোৎপত্তি স্থান, গর্ভরূপ আ-স্তর, জরায়ু, গর্ভাবরণ চর্ম্ম।
গর্ভস্রাব, গর্ভপাত পেটখসা।
গর্ভাগার, গৃহ মধ্যভাগ; শয়ন গৃহ; বাস-গৃহ; প্রসব গৃহ, সূতিকাগার।
গর্ভাধান, (গর্ভ-আধান) গর্ভনিমিত্ত সংস্কার বিশেষ, প্রথম সংস্কার, নিষেকক্রিয়া।
গর্ভাশয়, জরায়ু, গর্ভশয্যা।
গর্ভাষ্টম, (গর্ভ-অষ্টম) গর্ভসঞ্চার কাল অ-বধি অষ্টম মাস বা অষ্টম বৎসর।
গর্ভিণী, (গর্ভ) গর্ভবতী, গুর্ব্বিণী, পোয়াতি ক্ষীরাই গাছ। [পরিচর্য্যা।
গর্ভিণীবেক্ষণ, কুমার ভৃত্যা; গর্ভিণীর
গর্ভোপঘাতিনী, গর্ভপাতিনী গো, গাবড়া ফেলা গাই। [গড়ে ধান।
গর্মুৎ, তৃণ ধান্য বিশেষ, মাড়ুয়াধান, গড়-
গর্হণ, কুৎসন, নিন্দন।
গর্হা, (গর্হ) তিরস্কার, দুর্ব্বচন, নিন্দা।
গর্হিত, (গর্হ) নিন্দিত, কুৎসিত জুগুপ্সিত।
গর্হ্য, (গর্হ) অধম, নিন্দ্য, নিন্দনীয়।
গল, (গল) কণ্ঠ, গলা; সর্জ্জরস, ধুনা; বাদ্য বিশেষ; গড়ক মৎস্য, গড়ুই মাছ।
গলকম্বল, গোরুর গলদেশ স্থিত কম্বলা-কৃতি মাংস, সাস্না। [রোগ বিশেষ।
গলগণ্ড, গরগণ্ড, গলদেশে মাংসপিণ্ড,
গলগ্রহ, স্বয়ং উত্থাপিত অপরিহার্য্য আ-পদ; ব্যঞ্জন বিশেষ, মৎস্যঘণ্ট।
গলিত, (গল) অশুদ্ধ; দ্রব; স্রবণ, ক্ষরণ
গলদ, অশুদ্ধ, অপবিত্র।
গলন, (গল) দ্রবহওন, গলিয়া যাওন।
গলনীয়, (গল) দ্রব হওনোপযুক্ত।
গলন্তিকা, স্বল্পবারিধানিকা, ক্ষুদ্রজলপাত্র, ছোট কুজা।
গলস্তম্ভ, ময়ূর, শিখী, কলাপী।
গলভঙ্গ, স্বরভঙ্গ, কণ্ঠবদ্ধ।
গলমেখলা, গলসূত্র, কণ্ঠাভরণ বিশেষ।
গলশুণ্ডিকা, তালুমধ্যস্থ সূক্ষ্ম জিহ্বা।

গলস্তনী, ছাগী, অজা।
গলহস্ত, গলাদেশে হস্ত প্রদান, গলাধাক্কা।
গলস্থ, (গল-স্থা) গলস্থিত, কণ্ঠস্থিত। [ভুক্ত।
গলা, (গল) গলদেশ, কণ্ঠ; গলিত; দর্বী-
গলাঙ্কুর, গলরোগবিশেষ গলদেশস্থ পীড়া
গলাট, (গল) জীর্ণ, পচা, বিকৃত।
গলাটিপি, গলহস্ত, গলাধাক্কা।
গলাটিয়া, (গলা) জীর্ণ, পচা, গলিত, বিকৃত
গলাধাক্কা, গলাটিপি, গলহস্ত।
গলানিয়া, দ্রব, গলিত, দ্রবীভূত।
গলানিল, মৎস্য বিশেষ, চিঙ্গড়ীমাছ।
গলাভাঙ্গা, বদ্ধকণ্ঠ, স্বরভঙ্গ বিশিষ্ট।
গলায়দড়িয়া, (গলায়-দড়ি) যে ব্যক্তি গল-দেশে রজ্জু দিয়া প্রাণত্যাগ করে।
গলাংশী, (গলা-অংস) গবাদির গলবন্ধন রজ্জু
গলি, (গল) দুষ্ট বৃষ, গড়িয়া, গরু; অল্প-পরিসর পথ, ক্ষুদ্র পথ।
গলিত, পতিত, ভ্রষ্ট, চ্যুত; দ্রবীভূত।
গলেস্তন, ছাগী অজা।
গলু, মণি বিশেষ, রত্ন বিশেষ।
গলুই, (গল) নৌকার অগ্রভাগ।
গলগলিয়া, অতিশয় পক্ক কলাদি; বাব-দুক, বাচাল।
গল্প, (জল্প) উপন্যাস, কল্পিত কথা, উপকথা
গল্পিয়া, (গল্প) বাচাল, বহুভাষী, বাবদুক।
গল্ল, গণ্ড, গাল; কপোল।
গল্লচাতুরী, উপধান বিশেষ, গালবালিশ।
গল্লক, চষক, মদ্যপান পাত্র, সুরাপাত্র, ইন্দ্রনীলমণি।
গল্লা, (গল) আটি, পুলা, গোছা।
গল্লাচিঙ্গড়ি, (গলাবিল-চিঙ্গড়ি) বড় অথচ স্থূল চিঙ্গড়ি মৎস্য।
গল্লান, আটিবন্ধন, গুচ্ছ করণ।
গসগসান, (গস্‌গস্) ক্রোধে উন্মত্ত হওন, উত্তপ্ত হওন রাগান্বিত প্রকাশন।
গহ, গহন, অতিশয় জঙ্গল, বড় বন।
গহন, (গাহ) দুর্গম, দুষ্প্রবেশ্য; নিবিড় বন, ঘন অরণ্য; গহ্বর।
গহনা, (গাহ) অলঙ্কার, ভূষণ, আভরণ।
গহরা, (গভীর) গহেরা, গর্ত্ত, দহ।
গহরী, (গম) বিলম্ব, গৌণ, ব্যাজ।
গহীন, (গভীর) গম্ভীর অতলস্পর্শ।
গহেরা, (গভীর) গর্ত্ত; বিলম্ব।
গহ্বর, (গাহ) গর্ত্ত; গুহা; বন; নিকুঞ্জ।

গহ্বরী, গুহা ; গর্ত্ত
গা, (গাত্র) শরীর, দেহ।
গাই, স্ত্রী গো, গুরু, গবী, ধেনু।
গাইন, (গৈ) গায়ক, গাথক।
গাইল,(গালি) কটূক্তি ; কদুক্তি ; অভিশাপ
গাওন. (গৈ) গান করণ, গীত গাওন।
গাওনী, গৈ) গায়কের বেতন।
গাং. (গঙ্গা) নদী ; ভাগীরথী।
গাঁ, (গ্রাম) বহু জন বসতি স্থান।
গাঁইট, (গ্রন্থি) গাঁটি, গিরা ; মোট ; বস্তা।
গাঁইটকাটা, চোর বিশেষ, গ্রন্থি ভেদি তস্কর।
গাঁইটছড়া, বরকন্যার বস্ত্রের গ্রন্থি।
গাঁজন. (গঞ্জ) দ্রব দ্রব্যের বিকৃতি হওন; ফেণা উঠন।
গাঁজা, (গঞ্জ) মাদক দ্রব্য বিশেষ, ত্বরিতা- [নন্দ, গাঞ্জা।
গাঁজিয়াল, (গাঁজা) গাঞ্জার ধূমপায়ী, গাঁ- জাখোর।
গাঁটা, দ্রব্যবিশেষে বর্ত্তুলাকার বন্ধন; [গাঁটা ; গুপ্তশ্রবণ।
গাঁটা দেওন,বঞ্চনা করিয়া লওন ; অপহরণ
গাঁঠরী, (গ্রন্থি) পুটলি ; [illegible]।
গাঁঠলী. (গাঁঠা-লী) মন্ত্র পূর্ব্বক বিষবন্ধন ; মোট. পুটালি।
গাঁতাল, (গাঁং) শঠ, ধূর্ত্ত ; জুয়াচোর।
গাঁথন, (গাঁথ) গ্রন্থন ; গঠন, রচন
গাঁথনি গ্রন্থন. গাঁথা।
গাঁকাঁটা, গাত্রে রোমোদ্ভেদ. লোমাঞ্চ।
গাখসা. গর্ভস্রাব গর্ভপাত।
গাগরী. ক্ষুদ্র কলসী. গর্গরী, ঘট।
গাগী (গৈ) শুকপক্ষি বিশেষ। [কেয়
গাঙ্গ (গঙ্গা) গঙ্গাসম্বন্ধীয় ; ভীষ্ম ; কার্ত্তি-
গাঙ্গায়নি. (গঙ্গা) ভীষ্ম ; কার্ত্তিকেয়।
গাঙ্গেয় স্বর্ণ ; ধুস্তুর ; মুস্তা ; ভীষ্ম ; কার্ত্তি- কেয় ; ইলীশ মৎস্য।
গাছ, (গচ্ছ) বৃক্ষ. তরু ; সংখ্যাবাচক শব্দের পর স্বার্থে প্রযুক্ত প্রত্যয়। [নিপুণ।
গাছড়িয়া, গাছুয়া. বৃক্ষারোহী. বৃক্ষারোহণে
গাছমরিচ, লঙ্কামরিচ।
গাছান, (গাছ) গজান ; অঙ্কুরণ ; বৃক্ষারো- হণ, গাছে চড়ন। [রোহী।
গাছুয়া. (গাছ) নিয়ত বৃক্ষে নিবাসী ; বৃক্ষা-
গাজন, (গর্জ) চৈত্র সংক্রান্তিতে বাণরাজ কৃত পর্ব্ব বিশেষ, শিবের উৎসব
গাজর. (গার্জ্জর) মূল বিশেষ, গর্জ্জর।

গাঞ্জা, মাদক দ্রব্যবিশেষ, ত্বরিতানন্দ।
গাড়. (গড্ড) গর্ত্ত, গাড়া ; প্রোথন।
গাড়ন, পোতন, প্রোথিত করণ, মৃত্তিকায় প্রবেশ করান। [ভেড়া।
গাড়র, (গড়) গড্ডলিকা. মেষ, মেড়া,
গাড়ল. (গাড়র) মেষ, মেড়া, ভেড়া।
গাড়া. (গাড়) পোঁতা ; গর্ত্ত ; গহ্বর।
গাড়ী. (গন্ত্রী) শকট. রথ।
গাড়ীবান্, শকটাদি চালক, গাড়োয়ান।
গাড়ু, (গড়) ভৃঙ্গার, ঝারী, গড্ডুক, জল- পাত্র বিশেষ ; গলগণ্ড।
গাঢ়. (গাহ) ঘন ; অতরল ; অতিশয় দৃঢ়।
গাঢ়মুষ্টি. গড্‌গ. কৃপাণ ; দৃঢ়মুষ্টি, শক্তমুটা।
গাঢ়া, (গাঢ়) গহ্বর, গর্ত্ত, বিবর।
গাঢ়াবটী, চতুরঙ্গ ক্রীড়া বিশেষ।
গাণপত্য, (গণপতি) গণেশোপাসক ; গণ- পতি সম্বন্ধীয়।
গাণিক্য, (গণিকা) গণিকা সমূহ, বহুবেশ্যা।
গাণ্ডার, (গণ্ডক) গণ্ডার, খড়্গী, বন্যজন্তু বিশেষ। [ক, কার্ম্মুক
গাণ্ডীব. (গণ্ড) অর্জ্জুনের ধনু ; সামান্য ধনু-
গাণ্ডীবী. অর্জ্জুন. গাণ্ডীব নামক ধনুর্দ্ধারী, দ্বিতীয় পাণ্ডব।
গাতা, (গৈ) গায়ক, গান কারক
গাতু, কোকিল, ভ্রমর ; গন্ধর্ব্ব ; গায়, সংগীতকারী।
[illegible]তুয়া (গাত্র) আলসিয়া, অলস, কর্ম্মে অ- নুৎসাহ, জড়। [উঠন
গাত্রোত্থান, গাত্রোত্থান, আসনাদি হইতে
গাত্র. (গম) কলেবর, বপুঃ, কায়, দেহ, মুর্ত্তি, তনু, অঙ্গ, শরীর, হস্তপদাদি সমূ দায় অবয়ব, গা।
গাত্রকণ্ডু, গা চুলকানি, শরীরের কণ্ডুয়ন
গাত্রপাক, গাত্রের ভ্রমি, গাখোরা, পীড়া জন্য শরীরের ভ্রমি।
গাত্রবেদনা, শরীরের ব্যথা, অঙ্গপীড়া।
গাত্রভঙ্গি. অঙ্গের বিকৃতি। [গামছা।
গাত্রমার্জ্জনী, শরীর মার্জ্জনার্থ বস্ত্রবিশেষ,
গাথক. (গৈ) গায়ক, গানকারক।
গাথা, (গৈ) শ্লোক ; গান ; ছন্দঃ ; [illegible] ; সংস্কৃত ভিন্ন ভাষা বিশেষ।
গাদ, (গার্দ্দ) মল, কিট্ট, ময়লা, কাইট।
গাদন, (গাদ) দৃঢ়করণ ; পোতন, ঠাসন, পূর্ণ করণ

গাদা, (গাদ) রাশি, স্তূপ ; গর্দ্দভ, খর।

গাদাগাদি, (গাদা) উপর উপরি ; ঠাসাঠাসি

গাদী, (গাদা) রাশীকৃত, ঢিপি ; গর্দ্দভী।

গাদীপতি, আড্ডাধারী, সন্ন্যাসী ; সম্প্রদায়ের শ্রেষ্ঠ।

গাত্তলত্যা, অলস ; অকর্ম্মণ্য।

গাধ, লিপ্সা, স্পৃহা ; স্থান, স্থল।

গাধা, (গর্দ্দভ) খর ; নির্বোধ।

গাধি, চন্দ্রবংশীয় কুশিক রাজপুত্র, বিশ্বামিত্র মুনির পিতা।

গাধিজ, বিশ্বামিত্র মুনি।

গাধিপুর, কান্যকুব্জদেশ, কনোজ।

গাধিভু, গাধের, বিশ্বামিত্র মুনি।

গান, (গৈ) গীত, গেয়।

গান্ত, (গৈ) গাথক, গায়ক, গীতকারী।

গান্ত্রী, বৃষবাহ্য শকট, গরুর গাড়ী।

গান্দিনী, গঙ্গা ; অক্রূর মাতা।

গান্দিনীসুত, ভীষ্ম ; অক্রূর।

গান্ধর্ব্ব, (গন্ধর্ব্ব) গন্ধর্ব্ব সম্বন্ধীয় ; বিবাহ বিশেষ।

গান্ধর্ব্ববিদ্যা, সংগীতশাস্ত্র।

গান্ধর্ব্ববিবাহ, বর কন্যার পরস্পর ইচ্ছায় পরিণয়।

গান্ধার, স্বরবিশেষ ; জম্বুদ্বীপস্থ উত্তর দেশ

গান্ধাররাজ, শকুনি, দুর্য্যোধন মাতুল

গান্ধারী ধৃতরাষ্ট্রপত্নী, দুর্য্যোধনমাতা।

গান্ধারেয়, দুর্য্যোধন রাজা।

গান্ধিক, (গন্ধ) লেখক ; সুগন্ধি দ্রব্য ব্যবহারী, গন্ধবণিক ; গাঁধিপোকা।

গাপ, (গুপ) অস্বীকার ; ছাপা।

গাপন, (গাপ) অস্বীকার করণ ; ছাপন।

গাফিল, (যাং) অমনোযোগী ; আলস্য, জড়

গাফুলান, দম্ভকরণ, সাহঙ্কারে চলন।

গাফুলানী, দর্প, দম্ভ, অহঙ্কার।

গাবড়া, গল্প, অনর্থক জল্পান।

গাবন, (গাব) মৎস্যাদির লম্ফন ; পুষ্করিণ্যাদি ঘোলাকরণ।

গাবান, (গাব) লম্ফন, লাফন ; ঘোলন, প্রকাশন ; গুপ্তবাক্য প্রচারণ।

গাবানিয়া, ব্যাপক ; ঠক, ধূর্ত্ত।

গাভা, (গর্ত্ত) পেট ; প্রতীর।

গাভারী, (গো-ভারিন্) গাত্রভার হওন ; কফাদিদ্বারা শরীরের ভার ; গর্ভসঞ্চার।

গাভী, (গো) গবী, স্ত্রীগো, ধেনু।

গামধুরাণ, (গা-মধুর) মিষ্টদ্রব্য ভোজনে গাত্রের বিকার জন্মান, বমন করণোদ্যোগ

গামারী, (গাম্ভারী) বৃক্ষ বিশেষ।

গামুক, গন্তা ; গমনীয়, গম্য।

গামোড়ন, আলস্য ভঞ্জন ; শরীর প্রসারণ ; জৃম্ভণ।

গামছা, (গামোছা) গাত্রমার্জ্জনী।

গাম্ভীর্য্য, (গম্ভীর) গম্ভীরতা, গভীরতা, ধীরতা।

গায়, (গা) বহির্দ্দেশে ; উপরে ; গাত্রে।

গায়ক, (গৈ) গানকর্ত্তা, গাথক, গায়ন।

গায়ত্রী, (গৈ) ষড়ক্ষর ছন্দোবিশেষ ; বেদমাতা, ত্রিপদাদেবী ; খদির বৃক্ষ।

গায়ন, গানোপজীবী, গায়ক, গাথক।

গারিত্র, ওদন, অন্ন, ভাত।

গারুড়, (গরুড়) মরকত মণি ; গরুড় পুরাণ ; স্বর্ণ, বিষমন্ত্র।

গারুড়িক, বিষবৈদ্য, সাপুড়িয়া।

গারুত্মত, মরকত মণি, পান্না।

গার্দ্ধা, লিপ্সা, স্পৃহা, বাঞ্ছা।

গার্হপত্য, (গৃহপতি) যজ্ঞীয় অগ্নি বিশেষ ; গার্হস্থ্য, গৃহস্থ সম্বন্ধীয়।

গার্হস্থ, গৃহস্থধর্ম্ম, গৃহস্থ সম্বন্ধীয়।

গাল, (গল) গণ্ড, কপোল।

গালগুল, (গোলগোল) গোপনে আন্দোলন ; গল্প, জনরব।

গালন, ক্ষারণ ছাঁকন, গড়ান ; দ্রবকরণ, গলান।

গালব, মুনিবিশেষ ; লোধ্র বৃক্ষ, লোধগাছ

গালা, লাক্ষা, লা।

গালি, (গাল) শাপ, অভিসম্পাত, কটুবাক্য, গালাগালি।

গালিচা, (যাং) উর্ণানির্ম্মিত আসন বিশেষ।

গালিত, দ্রবীকৃত, গলান।

গালিম, (যাং) শত্রু, দুসমন।

গালুনিয়া, দুর্মুখ, কলহপ্রিয়, কুন্দলিয়া।

গালুয়া, (গাল) বাচাল ; কটুভাষী ; দাম্ভিক।

গালোড্য, পদ্মবীজ, পদ্মের বীচি।

গাহক, (গাথক) গানকর্ত্তা।

গাহনা, গীত, গান।

গিন্নী, (গৃহিনী) ভার্য্যা, স্ত্রী।

গিধর, গৃধ্র পক্ষী ; শৃগাল, শিবা।

গিধিনী, (গৃধ) গৃধী, শকুনি।

গিলা, (গল) মৃত্তিকা ; ধাতুময় ক্ষুদ্র পাত্রবিশেষ।

গিমা, (গ্রীষ্মজা) তিক্ত শাকবিশেষ।

গির, (গৃ) বাক্য, বাণী, কথা।

গিরা, (গ্রন্থি) গাঁটি, গাঁইট।

গিরি, (গির) পর্ব্বত ; গেণ্ডুক, গেঁড়ু ; চক্ষুরোগবিশেষ ; সন্ন্যাসিদের উপাধি বিশেষ ; নিগরণ, গেলা ; বালমূষিক।

গিরিকণ্টক, বজ্র, অশনি, বাজ।
গিরিকদলী, রম্ভাবিশেষ, পর্ব্বতীয় কদলী পাহাড়িয়া কলা। [তা লতা।
গিরিকর্ণিকা, (গিরিকর্ণ) পৃথিবী, অপরাজি-
গিরিকর্ণী, (গিরি-কর্ণ) অপরাজিতা লতা।
গিরিকা, বালমুষিকা, নেংটিয়া ইন্দুর।
গিরিকাণ, গিরি নামক রোগ বিশেষ দ্বারা এক চক্ষুহীন।
গিরিগুড়, গেণ্ডুক, গেঁড়ু, মূল বিশেষ।
গিরিজ, অভ্রক, শিলাজাতু, শৈলজ; গৈরিক, গিরিমাটী।
গিরিজা, (গিরি-জন) পার্ব্বতী; শিলা, ক্ষুদ্র-পাষাণ বিশেষ; পর্ব্বতীয় কদলী।
গিরিজামল, অভ্রক, অভ্র; ধাতু বিশেষ।
গিরিজ্বর, বজ্র, অশনি, বাজ।
গিরিত, গিলিত, ভক্ষিত, ভুক্ত।
গিরিধাতু, গৈরিক, গেরিমাটি।
গিরিপ্রিয়া, চামরী, বনগরু; মৃগ বিশেষ।
গিরিফতার, (যাং) আক্রমণ, আটক।
গিরিভু, পার্ব্বতী; ক্ষুদ্রপাষাণ বিশেষ।
গিরিমা, হস্তী, করী, গজ, দন্তী [গেরি মাটি
গিরিমৃৎ, রক্তবর্ণ মৃত্তিকা, গৈরিকমৃত্তিকা,
গিরিমেদ, বিট্‌খদির, বৃক্ষনির্য্যাসবিশেষ।
গিরিশ, শিব, মহাদেব, ত্রিলোচন।
গিরিশৃঙ্গ, পর্ব্বতশিখর; গণেশ।
গিরিসার, মলয়পর্ব্বত; লৌহ, লোহা।
গিরিসুতা, পার্ব্বতী, দুর্গা, ভগবতী।
গিরীন্দ্র, পর্ব্বত শ্রেষ্ঠ; হিমালয়পর্ব্বত; সুমেরু শৈল।
গিরীশ, শিব, মহাদেব; হিমালয়।
গিল, গ্রাহ, নক্র, কুম্ভীর, কুমীর।
গিলন, (গৃ) নিগিরণ, গেলা, গলাধঃ করণ।
গিলা, (গির) ফল বিশেষ।
গিলাফ, (যাং) আচ্ছাদন, ঢাকনি।
গিলি, গিলন, নিগিরণ; ভক্ষণ।
গিলিত, (গৃ) গেলা; ভক্ষিত, খাদিত।
গিষ্ণু, সামবেদ বেত্তা, সামবেদজ্ঞঃ; গায়ক, সংগীতকারী। [স্বর, স্বর; কবিতা।
গীত (গৈ) গান, গীতি, তালবাদ্যানুগতস্ব-
গীতমোদী, কিন্নর, স্বর্গের গায়ক।
গীতা, (গীত) গ্রন্থবিশেষ; ভগবদ্গীতা শিবগীতা গুরুগীতা ইত্যাদি।
গীতি, গান; আর্য্যাচ্ছন্দো বিশেষ।
গীর্পতি, বৃহস্পতি, দেবগুরু, সুরাচার্য্য।
গীর্ণ, স্তুত; কথিত; গিলিত।
গীর্ণি, গিলন; ভক্ষণ; স্তুতি।
গীর্দেবী, (গীঃ) সরস্বতী, বাগ্দেবী।
গীর্ব্বাণ, দেবতা, সুর, অমর।
গীর্ব্বাণকুসুম, লবঙ্গ, লং।
গীর্ব্বাণবাণী, সংস্কৃত বাক্য, শাস্ত্রীয়ভাষা
গীষ্পতি, সুরাচার্য্য, বৃহস্পতি; পণ্ডিত।
গু, মল, বিষ্ঠা, পুরীষ।
গুঁড়, (গুড়) চূর্ণ; পিষ্ট, ধূলির তুল্য কৃত।
গুঁড়ন, চূর্ণন, পেষণ, পিষিয়া ধূলির ন্যায় করণ।
গুঁড়া, চূর্ণ; অতিক্ষুদ্র অংশ।
গুঁড়ি, (গুণ্ডিকা) তণ্ডুলাদি চূর্ণ; বৃক্ষস্কন্ধ, দ্রুমস্কন্ধ, গাছের গুঁড়ি।
গুগলী, (গোল) গেঁড়ি, দুর্গবড়ি।
গুগ্‌গুলু, (গুজ-গুড়) বৃক্ষনির্য্যাস, সুগন্ধিদ্রব্য বিশেষ; ধূপনীয় দ্রব্য বিশেষ।
গুচি, (গুচ্ছ) আটি, স্তবক, ঝাড়।
গুচ্চার, (গুচ্ছ) কতকগুলি।
গুচ্ছ, (গুধ) স্তবক, পুষ্পাদির থলুয়া; তৃণাদির গোছ, আটি; বত্রিশনর হার; কলাপ, ময়ূরের পাখা; মুক্তাহার।
গুচ্ছক, স্তবক; পুষ্প সমূহ; গোছা।
গুচ্ছদন্তিকা, কদলী বৃক্ষ, রম্ভা, মোচা
গুচ্ছপত্র, তালবৃক্ষ, তাল গাছ।
গুচ্ছপুষ্প, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিমগাছ।
গুচ্ছফলা, দ্রাক্ষা, আঙ্গুর বিশেষ; কদলী।
গুচ্ছার্দ্ধ, হার বিশেষ, চতুর্ব্বিংশতি যষ্টিক হার, চব্বিশ নর হার। [রাখন।
গুছন, একত্র করণ; সঞ্চয়ন; যথাস্থানে
গুছান, একত্র করণ, সঞ্চয়ন।
গুছিদেওন, পোষকতা করণ।
গুজগুজ, গোপনে আন্দোলন।
গুজরাট, গুর্জ্জর রাষ্ট্র দেশ, দাক্ষিণাত্য জনপদ বিশেষ। [শের মনুষ্য বা দ্রব্য।
গুজরাটী গুর্জ্জর রাষ্ট্র দেশীয়, গুজরাট দে-
গুজরান, (যাং) ব্যয়, খরচ।
গুজরী, পাদাভরণ, স্ত্রীলোকের চরণালঙ্কার বিশেষ। [পনে কথোপকথন।
গুজগুজনী, (গুহ্যগুহ্য) গুপ্ত পরামর্শ, গো-
গুর্জ্জর, দেশবিশেষ, গুজরাট দেশ।
গুর্জ্জরী, রাগিণী বিশেষ।
গুঞ্জ, (গুঞ্জ) গুচ্ছ, পুষ্পস্তবক, গোছা, থলুয়া
গুঞ্জকৃৎ, ভ্রমর, মধুকর, মধুপ।

গুঞ্জন, (গুন্‌জ) গুনগুন ধ্বনি, ভ্রমরাদির শব্দ
গুঞ্জা, (গুন্‌জ) লতাবিশেষ; কুঁচ; রক্তিকা, ত্রিযব পরিমাণ; চতুর্ধান্য পরিমাণ, গোধূমদ্বয় পরিমাণ; ঢাক; কলধ্বনি, মদিরা গৃহ
গুঞ্জিকা, ত্রিযব পরিমাণ; গুঞ্জা; কুঁচ।
গুঞ্জিত, (গুন্‌জ) ভ্রমরাদিরধ্বনি, গুনগুন শব্দ
গুটন, সূত্রাদি একত্র করণ, জড়ান।
গুটিক, (গাঢ়) অধিক; রাশি; যথেষ্ট।
গুটিকা, (গুড়) বটিকা, গুলি, বড়ি।
গুটিকাপাত, গুলিবাঁট, ভাগাদি নির্ণয়ার্থ গুলি ফেলন।
গুটিপোকা, তন্তুকীট, তুঁৎপোকা।
গুটী, (গুটিকা) কীটজাত সূত্র; বটিকা, বড়ি; বর্ত্তুল, গোলাকার।
গুটীপাত, গুলিবাঁট; স্ফূর্ত্তিখেলা।
গুটন, একত্র হওন; মিলন।
ইক্ষুবিকার বিশেষ, খণ্ড, খাঁড়; মধুর; গোল; গ্রাস।
গুড়ক, (গুড়) গুড়দ্বারা পক্ক ঔষধ বিশেষ।
গুড়করী, রাগিণী বিশেষ।
গুড়চী, গুলঞ্চলতা, লতাবিশেষ।
গুড়তৃণ, ইক্ষু, আউক।
গুড়ত্বচ্, জায়ত্রী; দারুচিনী; মশলাবিশেষ।
গুড়দারু, ইক্ষু, আউক।
গুড়ন, (গুড়) জড়ান, একত্র করণ, আকুঞ্চন
গুড়পিঠা, (গুড়-পিঠ) গুড়মিশ্রিত পিষ্টক বিশেষ।
গুড়মুড়া, (গোড়-মুড়া) গুলফ, পাদমূল, গোড়ালি। [স্থিরা; মধুর।
গুড়ল, গৌড়ী মদিরা, গুড়দ্বারা নির্ম্মিত
গুড়শর্করা, গুড়বিকার বিশেষ, চিনি।
গুড়া, (গুড়) সিজগাছ; চূর্ণ, গুঁড়া।
গুড়াকা, নিদ্রা, তন্দ্রা; ঘুম।
গুড়াকু, (গুড়-অক্ত) মোদক; গুড়িয়া, গুড়াক্ত
গুড়াকেশ শিব, মহাদেব; অর্জ্জুন; দ্বিতীয় পাণ্ডব।
গুড়ি, নম্র, নুইয়া পড়া।
গুড়িকা, গুটিকা; বৃহদ্বটিকা, বড়ী। [লাড়ু।
গুড়িয়া, মোদক, মণ্ডা; গড়ময়; মোয়া,
গুড়ুচী, লতাবিশেষ, গুলঞ্চ লতা।
গুড়ের, গ্রাস; গুড়পক্ক; তামাক।
গুড়োদ্ভবা, শর্করা, চিনি।
গুড়গুড়িয়া খর্ব্ব, বামন [বিশেষ।
গুড়গুড়ী, ধূম্রপান যন্ত্র; তাম্রকূটপানার্থ যন্ত্র

গুণ, সদ্বিদ্যা, বিনয়াদি; ধনুরাকর্ষণরজ্জু, জ্যা, ছিলা; রজ্জু; সত্ত্ব রজস্তম; শুক্ল কৃষ্ণ রক্ত পীতাদি; অপ্রধান; বিশেষণ।
গুণক, (গুণ) পূরক অঙ্ক; যাহার দ্বারা পূরণ করা যায়।
গুণকথন, যশো বর্ণন; স্তব, প্রশংসাকথন।
গুণকার, (গুণ-কৃ) লাভদায়ক, উপকারক, পথ্য, হিতকর; ভীমসেন।
গুণকৃৎ, উপকারী, দাতা।
গুণগ্রাহক, গুণজ্ঞ, গুণ গ্রহণকারী।
গুণজনক, ফলজনক: উপকারকারক।
গুণজ্ঞ, (গুণ-জ্ঞা) গুণবেত্তা, গুণগ্রাহক।
গুণদর্শন, গুণাবলোকন, গুণদেখা; ফলোৎপত্তি; উপকার।
গুণন, পূরণ, অঙ্ক বৃদ্ধিকরণ।
গুণনিকা, নৃত্য, নাচ; শূন্যাঙ্ক; মালা।
গুণনিধি, বহু গুণাধার; সদ্গুণান্বিত।
গুণপনা, (গুণ) নিপুণতা; কৌশল; শিল্পনৈপুণ্য; গুণজ্ঞতা।
গুণবত্তা, (গুণবৎ) গুণযুক্ত, গুণবিশিষ্ট।
গুণবাদী, স্তাবক, গুণবক্তা, গুণকথক।
গুণবান্, (গুণ) গুণবিশিষ্ট, গুণযুক্ত; পণ্ডিত; বিজ্ঞ; নিপুণ।
গুণবৃক্ষক, নৌকার গুণবন্ধন বৃক্ষ, মাস্তুল।
গুণভ্রংশ, গুণনাশ, গুণধ্বংস।
গুণযোগ, গুণসম্পর্ক; বিদ্যাভ্যাস।
গুণলয়নী বস্ত্র নির্ম্মাণার্থ গৃহ, তাঁতঘর।
গুণসাগর, সকল গুণের আধার; ব্রহ্মা।
গুণসিন্ধু, গুণসাগর, গুণনিধি।
গুণা, (গুণ) দূর্ব্বা; লৌহাদির তার। [বুদ্ধ।
গুণাকর, (গুণ-আকর) গুণযুক্ত, গুণবিশিষ্ট;
গুণাগুণ, (গুণ-অগুণ) দোষাদোষ, গুণদোষ
গুণিত, পূরিত, আহত, পূরণকরা।
গুণী, (গুণিন) গুণবিশিষ্ট, গুণশীল, সদ্গুণান্বিত; পণ্ডিত; ধনুঃ।
গুণীভূত, (গুণ-ভূত) অপ্রধানীভূত; অন্তঃপতিত; বিশেষ স্বরূপ।
গুণীভূতব্যঙ্গ, কাব্য বিশেষ।
গুণেশ্বর, (গুণ-ঈশ্বর) গুণপতি; চিত্রকূট পর্ব্বত। [ণের সৌষ্ঠব; সদ্গুণ ব্যাখ্যা।
গুণোৎকর্ষ, (গুণ-উৎকর্ষ) গুণপ্রাধান্য; গু-
গুণোৎকীর্ত্তন, (গুণ-উৎকীর্ত্তন) গুণকথন, গুণগান; স্তব। [করণ; ভ্রমরাদির ধ্বনি।
গুণগুণান, গুনং শব্দ করণ; অব্যক্তধ্বনি

গুণ্ড, (গুড়) লতাবিশেষ, কেশুরের লতা; অপহারক, দস্যুবিশেষ; লম্পট, লোচ্চা; নির্লজ্জ।
গুণ্ডক, (গুড়) মলিন, ময়লা, ধূলি, গুঁড়া।
গুণ্ডকন্দ, কেশুর, জলজ মূলবিশেষ।
গুণ্ডা, গুঁড়া, চূর্ণ; লম্পট। [ত্মতা।
গুণ্ডামি, (গুণ্ড) লম্পটতা; দুষ্টতা, দুর-
গুণ্ডিক, তণ্ডুলাদি চূর্ণ, গুঁড়া।
গুণ্ডিকা, (গুড়) গুঁড়া, চূর্ণ।
গুণ্ডিচা, পুরুষোত্তম দেবের রথারোহণানন্তর বাসার্থ মণ্ডপ বিশেষ।
গুণ্ডিত, চূর্ণীকৃত, গুঁড়া করা; মিশ্রিত।
গুতন, (গুত) আঘাত করণ, শৃঙ্গদ্বারা মারণ।
গুতা, (গু) আঘাত, শৃঙ্গাঘাত। [নর হার।
গুৎস, (গুধ) স্তবক, গুচ্ছ, থোলো; বাত্রিশ
গুৎসক, স্তবক, গোছা; গ্রন্থ; গ্রন্থ পরিচ্ছেদ
গুৎসকপুষ্প, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ
গুৎসার্দ্ধ, অর্দ্ধস্তবক, চব্বিশ নর হার।
গুদ, পায়ু, গুহ্যদেশ; ভগ, যোনি।
গুদকীল, রোগবিশেষ, অর্শ রোগ।
গুদগ্রহ, রোগ বিশেষ, উদরাবর্ত্তরোগ।
গুদড়ী (যাং) কন্থা, সন্ন্যাসিদের গাত্রাচ্ছাদন
গুদাঙ্কুর, রোগবিশেষ, অর্শরোগ।
গুদাম, (গুদ) দ্রব্যাগার, গোলা।
গুদার, (গুদ) পারঘাট, খেয়া ঘাট।
গুদী, (গুদ) নৌকানির্ম্মাণ স্থান। [দন।
গুদড়ী, (যাং) কন্থা, সন্ন্যাসিদের গাত্রাচ্ছা-
[illegible]ক্ষক, পারত্রাণ কর্ত্তা; পালক।
গুন, ছালা, থলিয়া, বোরা; রজ্জু, দড়ি।
গুনহগার, (যাং) কুকর্ম্মী, দোষী, অপরাধী।
গুন্দল, মদ্দল শব্দ, মাদোলের ধ্বনি।
গুন্দ্র, শরতৃণ শরের গাছ।
গুন্দ্রা, ধান্যবিশেষ দেধান।
গুপিল, রাজা, নৃপতি, ভূপ। [য়িত।
গুপ্ত, (গুপ্) কৃতরক্ষণ, রক্ষিত, গূঢ়, লুক্কা-
গুপ্তগতি, চর, চার, দূত, বার্ত্তাবহ।
গুপ্তচর, গোপনীয় দূত, গূঢ়চার; বলদেব, বলরাম।
গুপ্তবেশ, ছদ্মবেশ, কপটবেশ। [তা স্ত্রী
গুপ্তা, (গুপ্) গোপনে জারগামিনী; রক্ষি-
গুপ্তি, গোপন, রক্ষণ; অবস্কর স্থান; কারাগার, রোধ; পৃথিবীর গর্ত্ত; যম; নৌকাছিদ্র।

গুম্ফিত, গ্রন্থিত, গাঁথা।
গুবাক, (গু) বৃক্ষ বিশেষ, সুপারি গুয়া।
গুমট, (উষ্মাগম) গ্রীষ্ম, উত্তাপ, গর্ম্মি।
গুমটিয়া, (গুমট) দুর্গন্ধযুক্ত; ছাতাপড়া।
গুমর, (গুম) অহঙ্কার; দম্ভ, মাৎসর্য্য, গ্রীষ্ম
গুমরণ, (গুমর) গ্রীষ্মকরণ; উত্তাপন।
গুমশো, (গুম) উত্তপ্ত, গরম; ছাতাপড়া, চিতা ধরা।
গুমসন, দুর্গন্ধ হওন; গ্রীষ্ম হওন।
গুমান, (যাং) দ্বিধা, সন্দেহ; অনুভব, অনুমান, কল্পনা।
গুম্ফ, গ্রন্থন, গাঁথন; শ্মশ্রু; গোঁপ।
গুম্ফিত, গ্রন্থিত, গাঁথা; গ্রথিত।
গুয়া, গুবাক সুপারি।
গুরণ, উদ্যম, উঠান; ওঁচান।
গুর, শ্বেতবর্ণ, গৌরাঙ্গ; স্বরূপ।
গুরু, (গৃ) মন্ত্রদাতা; পিত্রাদি; উপদেশক; মহৎ; বৃহস্পতি; দ্বিমাত্র বর্ণ, দীর্ঘ; ভারী; অলঘু।
গুরুক্রম, পারম্পর্য্য উপদেশ; ইতিহ।
গুরুঘ্ন, (গুরু-হন) গুরুহন্তা, গুরু ঘাতক; শ্বেতসর্ষপ।
গুরুঘাতী, গুরুহন্তা, গুরুঘাতক।
গুরুতল্পগ, বিমাতৃ গামী, বিমাতৃহারী।
গুরুতা, (গুরু) ভারত্ব, ভার, গৌরব; মহত্ত্ব
গুরুত্ব, (গুরু) গুরুতা, অলঘুতা, মহত্ত্ব।
গুরুদার, গুরুপত্নী, বেদাধ্যাপক অথবা মন্ত্রদাতার বনিতা।
গুরুপত্র, তিন্তিড়ী বৃক্ষ, তেঁতুল গাছ।
গুরুপত্নী, আচার্য্যের বনিতা, গুরুদার।
গুরুপাক, দুষ্পচ, যে দ্রব্য খাইলে শীঘ্র পরিপাক হয় না। [পাতক।
গুরুপাপ, কঠিন কলুষ; মহাপাতক, অতি-
গুরুপুত্র, আচার্য্যের সন্তান; মান্যসন্তান।
গুরুবর্চ্চোঘ্ন, নেবুবিশেষ, পাতিনেবু।
গুরুবাক্য, মান্যলোকের কথা; মন্ত্রদাতার আদেশ।
গুরুমন্ত্র, ইষ্টমন্ত্র, দীক্ষা লব্ধ মন্ত্র।
গুরুমর্দ্দল, বাদ্যবিশেষ, ডিণ্ডিমবাদ্য।
গুরুরত্ন, রত্ন বিশেষ, পুষ্পরাগ মণি।
গুরুলঘু, মান্যামান্য, প্রধান অপ্রধান; হ্রস্ব দীর্ঘ।
গুরুশুশ্রূষা, গুরুসেবা।
গুরুসেবা, গুরুশুশ্রূষা।

গুরুহা, (গুরু-হন) গুরুহত্যাকারী ; গুরুঘ্ন নরকীলক। [শিক্ষিত বা উপদেশ প্রাপ্ত।
গুরূপদিষ্ট, (গুরু-উপদিষ্ট) গুরুর নিকটে
গুরূপদেশ, গুরুর সমীপে শিক্ষা।
গুর্জ্জর, গুজ্জর রাষ্ট্র দেশ, গুজরাট।
গুর্জ্জরী, রাগিণী বিশেষ। [সপত্নীমাতা।
গুর্ব্বঙ্গনা, (গুরু-অঙ্গনা) গুরুপত্নী ; বিমাতা
গুর্ব্বিণী, (গর্ব্বিণী) অন্তরাপত্যা, সসত্ত্বা
গুর্ব্বী, (গুরু) গুরুপত্নী, গর্ভবতী, আপন্নসত্ত্বা। [গুটিকা।
গুল, (গোল) ঐক্ষব গুড় ; বর্ত্তুল ; অঙ্গার
গুলক, (গুল) প্রচুর, অনেক, যথেষ্ট।
গুলঞ্চ, (গুড়ুচী) লতাবিশেষ। [কাশন।
গুলন, (গুল) দ্রবীকরণ ; একত্রীকরণ, প্র-
গুলল, (গুল) পুষ্প বিশেষ ; ব্যাধের বস্ত্র।
গুলা, (গোল) সুহীবৃক্ষ, সিজ গাছ, শব্দের পরে স্বার্থে বা তাচ্ছীল্যার্থে প্রযুক্ত প্রত্যয়, বহুত্ব বোধক প্রত্যয়।
গুলাক, (গুল) সমূহ বোধক।
গুলি, সমূহ বোধক ; বাটুল ; বটিকা।
গুলিক, (গুলি) বহুত্ব বা সমূহ বোধক।
গুলিন, বহুত্ব বা সমূহ বোধক।
গুলিবাঁট, গুটিকা পাত, গুটিকাক্ষেপণ।
গুলিয়া, (গুলি) গোলাকার, বর্ত্তুলাকার।
গুলী, (গুল) গুটিকা, বটিকা ; বর্ত্তুল, বাটুল ক্ষুদ্র অয়োগোল।
গুলুচ্ছ, গুচ্ছ, স্তবক, থোছা, থলুয়া।
গুলুঞ্ছ, গুচ্ছ, স্তবক, থলুয়া। [ধনুক।
গুলতাই, (গুল) গুলতি, গুলি ক্ষেপণার্থ
গুলঞ্চ, পাদগ্রন্থি, গোড়ালি, গোড়মুড়া।
গুল্ফ, (গুল) রোগ বিশেষ, প্লীহ, পীল ; সেনা সংখ্যা বিশেষ, সৈন্যের দল ; অপ্রকাণ্ড বৃক্ষ, স্তম্ভ, ঝাড়।
গুল্ফমূল, আর্দ্রক, আদা। [ঝাড়।
গুল্ম, (গুড়) রোগ বিশেষ ; ক্ষুদ্র গাছের
গুল্মিনী, বিস্তৃতা লতা।
গুল্মী, আমলকী ; এলাইচ ; বস্ত্রবেশ্ম, শিবির, তাঁবু ; গুল্মরোগ যুক্ত।
গুল্ফ, (গুলফ) গোড়ালি, এড়ি।
গুহ, কার্ত্তিকেয় ; ঘোটক ; নিষাদের অধিপতির নাম ; কায়স্থের পদ্ধতিবিশেষ।
গুহা, (গুহ) পর্ব্বতাদির গহ্বর, গর্ত্ত ; শালপর্ণী বৃক্ষ, শালপাইন গাছ।
গুহাশয়, ব্যাঘ্র ; বিষ্ণু।

গুহিন, বন, কানন, অরণ্য
গুহিল, ধন, বিত্ত ; নিধি।
গুহের, লৌহকার, লোহার, কামার ; গোপ্তা।
গুহ্য, (গুহ) উপস্থ, লিঙ্গ ; ভগ ; রহস্য, গোপ্য, গোপনীয় ; কমঠ, কচ্ছপ ; দম্ভ, অহঙ্কার ; বিষ্ণু [চর।
গুহ্যক, দেবযোনি বিশেষ, কুবেরের অনু-
গুহ্যকেশ্বর, কুবের, যক্ষরাজ
গুহ্যগুরু, শিব, মহাদেব। নাকি পোকা।
গুহ্যদীপক, খদ্যোত, জ্যোতিরিঙ্গণ, জো-
গুহ্যনিষ্যন্দ, মূত্র, মুত, প্রস্রাব।
গুহ্যপুষ্প, অশ্বত্থ বৃক্ষ।
গুহ্যভাষিত, মন্ত্র ; গুপ্তবাক্য।
গূ, (গু) বিষ্ঠা, মল, উচ্চার।
গূঢ়, (গুহ) গুহ্য, গুপ্ত, নির্জ্জন ; লুকান, রহস্য
গূঢ়জ, গূঢ়োৎপন্ন পুত্র, গোপনে জাত সন্তান ; জারজ, গোলক।
গূঢ়নীড়, খঞ্জন পক্ষী, খঞ্জরীট।
গূঢ়পত্র, করবীর বৃক্ষ, করবী গাছ।
গূঢ়পথ, অন্তঃকরণ, চিত্ত ; গুপ্তপথ।
গূঢ়পাদ, সর্প, ভুজঙ্গ, অহি। [বিশেষ।
গূঢ়পুরুষ, চর ; গুপ্তচার ; সুক্কায়িত দূত-
গূঢ়বর্চ্চা, ভেক, মণ্ডুক, বেঙ্গ। [সিঁধ।
গূঢ়মার্গ, লুক্কায়িত পথ, গুপ্তপথ, সুড়ঙ্গ,
গূঢ়মৈথুন, কাক, বায়স ; গুপ্তসঙ্গম
গূঢ়সাক্ষী, ফরিয়াদী গোপনে রাখিয়া আসামীর কথা যাহাকে শুনাইয়াছে এমত সাক্ষী
গূঢ়াঙ্গ, কচ্ছপ, কূর্ম্ম, কমঠ।
গূঢ়াঙ্ঘ্রি, সর্প, অহি, ভুজঙ্গ।
গূঢ়াভিমানী, (গূঢ় অভিমানিন) অব্যক্ত মানী, অস্পষ্ট গর্ব্বী।
গূঢ়োৎপন্ন, দ্বাদশবিধপুত্রমধ্যে পুত্রবিশেষ, অপ্রকাশে অন্য দ্বারা উৎপন্ন পুত্র ; জারজ বিশেষ।
গূথ, গু, বিষ্ঠা, বিট, মল।
গূথলক, পক্ষি বিশেষ, গুয়েশালিক।
গূন, কৃতপুরীষোৎসর্গ ; কৃতমলত্যাগ।
গূবাক, গুবা, সুপারী।
গূয়া, (গূ) বিষ্ঠাময় মললিপ্ত ; মলগন্ধযুক্ত।
গূরণ, উদ্যম ; ওঁচান, উত্থাপন।
গূষণা, ময়ুরচন্দ্রক, ময়ুর পুচ্ছের চক্র।
গৃঞ্জন, মূলবিশেষ, সলগম, গাজর ; রশুন ; বিষ দিগ্ধ পশুর মাংস।
গৃণ্ডীর, পৃথুশৃগাল, ভুঁড়ো শেয়াল।

গৃৎস, কন্দর্প, কামদেব, মদন।
গৃধু, কামদেব, অভিলাষুক; লুব্ধ।
গৃধ্নু, লুব্ধ লোভী, সস্পৃহ। [ন্সতা।
গৃধ্নুতা, লোভপূর্ণতা, লোভ, আকাঙ্ক্ষা, লু-
গৃধ্র, (গৃধ) পক্ষিবিশেষ, গৃধিনী, শকুনি।
গৃধ্ররাজ, জটায়ু পক্ষী।
গৃধ্রসী বাতরোগ বিশেষ। [গাভী।
গৃষ্টি, সকৃৎ প্রসূতা গো, একবার প্রসূত।
গৃহ, ইষ্টকাদি রচিত বাসস্থান, ঘর, গেহ, নিকেতন, আগার, ভবন।
গৃহকচ্ছপ, পেষণশিলা, পেষণী পট।
গৃহকপোতক পারাবত, পায়রা।
গৃহকর্ত্তা, (গৃহ-কর্তৃ) চটক পক্ষী, গৃহনির্ম্মিতা, গৃহাধ্যক্ষ।
গৃহকারক বর্ণসঙ্কর জাতিবিশেষ, ঘরামী
গৃহকারী, কীট বিশেষ, কুমিরিকা পোকা, গৃহ নির্ম্মিতা, ঘরামী।
গৃহগোধা, জেঠী, টিকটিকী।
গৃহগোধিকা, টিকটিকী, জেঠী।
গৃহগোলিকা, জ্যেষ্ঠী, জেঠী, টিকটিকী।
গৃহছিদ্র, (গৃহ-ছিদ্র) গৃহদোষ, গৃহ কলঙ্ক।
গৃহজাত, গৃহোৎপন্ন।
গৃহণী কাঞ্জিক, কাঁজী, আমানী।
গৃহতটী, বীথী, পিঁড়া, ঘরের দাওয়া।
গৃহনাশক, কপোত, পারাবত; পায়রা; ঘর বিনাশ।
গৃহনীড় চটকপক্ষী, চড়া পাখী।
গৃহপতি গৃহস্থ, গৃহী; মন্ত্রী; ধর্ম্ম।
গৃহপোতক, বাস্তু, বাটী, বাড়ী।
গৃহবলিপ্রিয়, বকপক্ষী, ক্রৌঞ্চ। [কাক
গৃহবলিভুক, চটকপক্ষী, বকপক্ষী, বায়স
গৃহবাজ, কপোত বিশেষ।[নিকটস্থ উদ্যান।
গৃহবাটিক, গৃহের সমীপবর্ত্তি বন, ঘরের
গৃহবাসী, (গৃহবাসিন) গৃহে বসতিকারী।
গৃহবিচ্ছেদ, আত্মবিচ্ছেদ পরিবারাদির সহিত বিবাদ।
গৃহভূমি, বাস্তু, বাটী বাড়ী। [ধক।
গৃহভেদী, গৃহছিদ্র প্রকাশক, গৃহদোষ ক-
গৃহমণি, প্রদীপ, দীপ।
গৃহমাচিকা, চর্ম্মচটী, চামচিকা।
গৃহমৃগ, কুক্কুর, কুকুর।
গৃহমেধী, গৃহস্থ, গৃহী, গৃহপতি
গৃহমেধিনী, গৃহস্থপত্নী, সাত্ত্বিকীবুদ্ধি।
গৃহযাপী, গৃহস্থ, গৃহী।

গৃহয়ালু, গ্রহীতা, গ্রাহক, গ্রহণশীল।
গৃহস্থ, (গৃহ-স্থা) দ্বিতীয়াশ্রমী, জ্যেষ্ঠাশ্রমী, গৃহী, সংসারী।
গৃহস্থূণ, গৃহস্তম্ভ, ঘরেরখুঁটী।
গৃহাগত (গৃহ-আগত) অতিথি, অভ্যাগত
গৃহাচ্ছাদক, (গৃহ-আচ্ছাদক) গৃহদোষ গোপনকারক; গৃহছিদ্র আচ্ছাদক, গৃহপ্রতিপালক।
গৃহাধিপ, (গৃহ-অধিপা) গৃহস্থ, গৃহী, গৃহপতি। [দাওয়া
গৃহাবগ্রহিণী দেহলী, হাতিনা, ঘরের-
গৃহাম্ল, কাঞ্জিক, কাঁজী, আমানী।
গৃহালয়িক গৃহবাসী, গৃহী গৃহস্থ।
গৃহারাম, গৃহসমীপে কৃত্রিম বন, ঘরের নিকট উপবন।
গৃহালিকা, জ্যেষ্ঠী জ্যেঠী টিকটিকী।
গৃহাশয়া, তাম্বূলীলতা, পানের গাছ।
গৃহাশ্মা, পেষণশিলা, শিল।
গৃহাশ্রম, দ্বিতীয় আশ্রম, সংসার ধর্ম্ম।
গৃহিণী (গৃহ) ভার্য্যা, পত্নী, গৃহের কর্ত্রী।
গৃহী, (গৃহ) গৃহস্থ, গৃহাশ্রমী।
গৃহীত, (গ্রহ) স্বীকৃত; প্রাপ্ত; ধৃত; জ্ঞাত
গৃহীতদিক, পলায়িত, তিরোহিত, লুক্কায়িত।
গৃহোলিকা, জ্যেষ্ঠী, টিকটিকী।
গৃহ্য, গৃহাসক্ত মৃগাদি; গৃহস্থের কর্ত্তব্য কর্ম্মোপদেশক শাস্ত্র বিশেষ। মৃগাদি।
গৃহ্যক, অস্বতন্ত্র, পরাধীন, গৃহাসক্তপক্ষি
গৃহ্যা, শাখাপুর; নগরের নিকটস্থ গ্রাম।
গেঁজা, (গঞ্জ) গাঞ্জা, গৃঞ্জন, মাদকদ্রব্য বিশেষ।
গেঁজিয়া, (গুঞ্জ) সূত্রনির্ম্মিত থৈলী, থলী।
গেঁজিয়াল, (গেঁজা) গুঞ্জনপায়ী, গাঁজাখোর
গেঁটা, (গ্রন্থি) গ্রন্থিযুক্ত, গাইট দেওয়া।
গেঁড়ি, (গেণ্ডু) গুগলি।
গেণ্ডু, (গা) কন্দুক গেঁড়ু; ভেঁটা।
গেন্দা, (গেণ্ডু) গেঁদাফুল।
গেবিয়া, (গর্ত্ত) সিন্দুকাদির খোপ, বাক্সের কুঠরি। [উপযুক্ত।
গেয়, (গৈ) গানযোগ্য, সংগীত করণের-
গেরণ, (গের) করণ, পতন, পড়ন।
গেরী (গৈরিক) রক্তবর্ণ মৃত্তিকা বিশেষ, গেরিমাটী।
গেলন, খাদন, ভক্ষণ, গলাধঃকরণ।

গেলা, (গৃ) ভক্ষিত, খাদিত।
গেলান, (গেলা) ভক্ষণ করান, খাওয়ান।
গেলুয়া, (গল) বাচাল, গল্পিয়া, বহুভাষী
গেষ্ণু, গায়ক, গায়ন, নট, সামবেদগান কর্ত্তা
গেহ, (গ-ঈহ) গৃহ, ভবন, ঘর।
গেহী, গৃহী, গৃহস্থ, গৃহাশ্রমী।
গেহেনর্দ্দী, কাপুরুষ, পিণ্ডীশূর, অক্ষম।
গেহেশূর, কাপুরুষ, অক্ষম।
গৈগাঁ, (গম-গাঁ) পল্লীগ্রাম, ক্ষুদ্র গ্রাম।
গৈরিক, (গিরি) রক্তবর্ণ মৃত্তিকা, গেরিমাটী
গৈরেয়, (গিরি) শিলাজতু; পর্ব্বত জাত।
গো, পশুবিশেষ, গোরু; স্বর্গ; রশ্মি; বজ্র; চন্দ্র; সূর্য্য; চক্ষু; বাণ; দিক্; বাক্য; ; মাতা।
গোআলা, (গোপাল) গোপ, দুগ্ধবিক্রেতা।
গোঁগা, বোবা, হাবা, বাক্যশক্তি হীন।
গোঁজ, কীলক, খোঁটা।
গোঁজা, (গোঁজ) কীলক; তালি।
গোঁজামিলন, অসম্যক্ হিসাব।
গোঁড় (গণ্ড) উচ্চনাভি; মাংসপিণ্ড; ফুলা।
গোঁড়া, (গোঁড়) স্তাবক, তোষামোদকারী, চাটুকার; খোষামোদিয়া।
গোঁড়ানেবু, নেবুবিশেষ। [করণ।
গোঁড়ামি, (গোণ্ড) স্তাবকতা, খোষামোদি-
গোঁফ, (গুম্ফ) মোচ, ওষ্ঠের উপরিস্থ কেশ
গোকণ্টক, বৃক্ষবিশেষ, গোক্ষুর বৃক্ষ, গো-খুরিলতা।
গোকর্ণ, পরিমাণবিশেষ; মৃগবিশেষ; অশ্বতর, খচ্চর; সর্পবিশেষ। [ঘাস।
গোকল, (গো-কবল) গোগ্রাস, গরুকে দত্ত
গোকিরাটি, সারিকা পক্ষী, সারী।
গোকিল, মুষল; হল, লাঙ্গল।
গোকুল, গো গয়ূহ; গোষ্ঠাব, মথুরার অন্তঃপাতি এক দেশ।
গোকৃত, গোবিষ্ঠা, গোময়, গোবর।
গোখাদক, গোমাংস ভক্ষণকারী।
গোখুর গোক্ষুর; গোখুরীলতা।
গোখুরাসাপ, বিষধর সর্পবিশেষ। [অবহীম।
গোগা, (গো-গম) গোঙ্গা, বোবা, হাবা, বা-
গোগোষ্ঠ, গোস্থান, গোঠ, গোষ্ঠ।
গোগৃষ্টি, সকৃৎপ্রসূতা গো, একবারপ্রসূতা গরু। [ভেরীব, ঘুঁটিয়া।
গোগ্রন্থি, গোস্থান, গোষ্ঠ; শুষ্ক গোময়,
গোঘ্ন, (গো-হন) গোঘাতক, গোহত্যাকারী
গোঘৃত, গব্য ঘৃত, গাওয়া ঘি।
গোঙার, মূঢ়, অবিবেচক; নির্ব্বোধ।
গোঙরান, (গোঙর) মুকতা প্রকাশন, বোবা
গোঙ্গা, (গো-গম) বোবা; বৃহৎ কপর্দ্দক, বড় কড়ি।
গোচ, সুযোগ, সদুপায়। [সার, প্রত্যক্ষ।
গোচর, ইন্দ্রিয়ের বিষয়; সাক্ষাৎ, জ্ঞাত-
গোচা, (গুচ্ছ) থোবা, আঁটি, পুলা।
গোচান, (গোচা) শ্রেণি বন্ধন, শৃঙ্খলা করিয়া রাখন, আঁটি বন্ধন।
গোচারক, গোপালক, রাখাল, গোরক্ষক।
গোচারণ, গোপালন, গোরু চরাই কারণ।
গোচাল, (গোচ) সুযোগান্বিত; কর্ম্মদক্ষ; আঁটিবান্ধা।
গোছ, (গুচ্ছ) গোছা, স্তবক আঁটি, পুলা।
গোছা, স্তবক; আঁটি, পুলা; ধারা।
গোছান, (গোছা) শৃঙ্খলান্বিত করণ; আঁটিবন্ধন। [কর্ম্মঠ, সম্পন্ন।
গোছাল, (গোছ) উপযুক্ত, পটু; চতুরী,
গোজল, গোমূত্র, চোনা। [বৃক্ষ।
গোজাগরিক, মঙ্গল, কল্যাণ; কণ্টককারী,
গোজিআ, (গোজিহ্ব) বৃক্ষবিশেষ।
গোটা, (গোষ্ঠ) অখণ্ড, আস্ত, সমুদায়; জরির পাত।
গোটাকত, কতকগুলি, কতক। [করণ।
গোটান, (গোটা) জড়ান, গুটন, একত্র
গোটাল, সমুদায়, অখণ্ডিত, অখিল।
গোঠ, (গোষ্ঠ) মেষাদির পাল; গোষ্ঠ; সভা, সমূহ; কটিদেশের ভূষণ।
গোড়, (গুড়) গোঁড়, উন্নত নাভি, নাভিদেশে বর্দ্ধিত মাংস; পাদমূল, গোড়মুড়া।
গোড়মুড়া, পাদমূল, গোড়ালি।
গোড়া, (গোড়) মূল, স্কন্ধ; আদি, প্রথম।
গোড়াগোড়ি, আদ্যোপান্ত, প্রথমাবধি শেষ পর্য্যন্ত।
গোড়ান, নিকটে গমন, সমীপস্থ হওন।
গোড়ারী, (গোড়-ঋ) গুল্ফ, পাদমূল, গোড়মুড়া। [শিশু।
গোড়িম, পক্ষি শাবক; অপোগণ্ড, অতি
গোডুম্ব, ফলবিশেষ, তরমুজ।
গোডুম্বা, (গো-ডুম্ব) গবাদনীফল, গোমুক, । [শেষ, গুণ, থলিয়া।

গোণ্ড, স্কন্ধদেশে বর্দ্ধিত মাংস, গোঁড় অন্ত্যজ জাতি, নীচ জাতি।

গোতম ঋষি বিশেষ, গোতম মুনি।

গোতমান্বয়, শাক্য মুনি।

গোতমী, দুর্গা ; কৃপ মুনির ভগিনী।

গোতল্লজ, উত্তম গো, প্রশস্ত গরু।

গোত্র, (গো-ত্রৈ) কুল ; আদিপুরুষ, বংশ, সন্তান প্রবর ; পর্ব্বত। [সকুল্য।

গোত্রজ (গোত্র-জন) গোত্রে উৎপন্ন, জ্ঞাতি

গোত্রভিদ্, ইন্দ্র, শক্র, দেবরাজ। [পাল।

গোত্রা, পৃথিবী, ধরণী ; গো সমূহ, গোরুর

গোদ (গো-দা) শ্লীপদ রোগ, শোথরোগ, পদাদি স্ফীত হওন, মস্তকের স্নেহ, মস্তিষ্ক, মগজ, মস্তকের ঘৃত।

গোদন্ত, হরিতাল।

গোদা, (গোদ) শ্লীপদী জলদোষে স্ফীতপাদ

গোদাচিল, চিল, পক্ষিবিশেষ।

গোদানী (গো-দান) স্ত্রীলোকের কপাল দেশে কৃষ্ণবর্ণ চিহ্ন ; উল্কি, স্ফীতপদা স্ত্রী।

গোদাবরী, (গো-দা-বৃ) নদী বিশেষ।

গোদারণ, লাঙ্গল, হল ; কুদ্দাল, কোদালি।

গোদোহন, গরু হইতে দুগ্ধ নিঃসারণ।

গোদোহনী, গোদোহনপাত্র, দুগ্ধের ভাণ্ড, দুধের কেঁড়ে।

গোদ্রব, গোমূত্র, গোচোনা।

গোধন, গো সমূহ, গোরুর পাল ; গো স্বরূপ ধন। [পক্ষিকা বিশেষ।

গোধা (গুধ) জন্তু বিশেষ, গোসাপ, চর্ম্ম-

গোধি, ললাট, কপাল, গোধিকা, গোসাপ।

গোধিকা, (গোধা) গোসাপ।

গোধুক, গোদোগ্ধা, গোদোহনকর্ত্তা।

গোধূম, (গুধ) শস্য বিশেষ, গম।

গোধূমচূর্ণ, চূর্ণীকৃত গম, ময়দা, আটা, সুজী

গোধূলি, কাল বিশেষ সূর্য্যাস্ত কাল।

গোধেনু, দুগ্ধবতী গাভী, দুগ্ধবিশিষ্টগাভী।

গোনর্দ্দী, সারস পক্ষিণী, সারসী।

গোনর্দ্দীয়, পতঞ্জলি মুনি।

গোনস, (গো-নাসিকা) সর্প বিশেষ, বোড়াসাপ, গোখুরা সাপ, মণ্ডলী বোড়া।

গোনাগোষ্ঠী, (গণ-গোষ্ঠী) সকল পরিবার।

গোনাথ, অনড়ান, ষণ্ড, বৃষ, ষাঁড়।

গোনিষ্যন্দ, গোমূত্র, গোরুর চোনা।

গোপ, (গো-পা) জাতি বিশেষ, গোয়ালা, গোপকন্যা, আভীর সুতা, গোয়ালিনী, গোয়ালার কন্যা। [শেয়াকুলগাছ।

গোপঘোণ্টা, বদরী সদৃশ সূক্ষ্ম ফল বৃক্ষ,

গোপতি, বৃষ ; শিব ; সূর্য্য ; রাজা।

গোপদল, গুবাক সুপারী ; গোয়ালারপাল।

গোপন, (গুপ) অপহ্নব, অপ্রকাশ, লুকান, রক্ষণ। [ব্যক্ত, রক্ষণীয়।

গোপনীয়, (গুপ) গোপ্য, অপ্রকাশ্য, অ-

গোপবধূ, গোপস্ত্রী, গোপভার্য্যা, গোয়ালিনী

গোপাঙ্গনা, (গোপ-অঙ্গনা) গোপবালিকা, গোপস্ত্রী, গোয়ালিনী।

গোপানসী, বড়ভী, গৃহাদির অগ্রভাগের উপরিস্থ বক্রকাষ্ঠ, মুদনী।

গোপায়িত, (গুপ) রক্ষিত, লুক্কায়িত।

গোপাল, গোরক্ষক, গোয়ালা, রাখাল ; শ্রীকৃষ্ণ।

গোপালক, শ্রীকৃষ্ণ ; গোরক্ষক।

গোপালয়, (গোপ-আলয়) গোপগৃহ, গোয়ালার বাটী। [বিশেষ।

গোপালিকা, গোপপত্নী, গোপভার্য্যা ; কীট

গোপাষ্টমী, কার্ত্তিক শুক্লাষ্টমী।

গোপিকা, গোপভার্য্যা আভীরিণী ; রক্ষিত্রী

গোপিনী, গোপনারী, গোয়ালিনী, শ্যামালতা। [প্রকৃতি।

গোপী, (গোপ) গোপপত্নী, গোপাঙ্গনা ;

গোপীথ, তীর্থস্থান ; রক্ষণ ; পালন।

গোপীমাটী, মৃত্তিকা বিশেষ, তিলকধারণ মৃত্তিকা। [বিশেষ।

গোপুচ্ছ, গোলাঙ্গুল, গরুর ল্যাজ ; বানর

গোপুর নগর দ্বার, শহরের ফটক, পুরদ্বার, সহরের দরওয়াজা।

গোপুরীষ, গোময়, গোবর।

গোপেন্দ্র, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।

গোপেশ, নন্দঘোষ শ্রীকৃষ্ণ, শাক্যমুনি।

গোপো, সপরিবার, [illegible]।

গোপ্তা, (গোপৃ) রক্ষক, রক্ষাকর্ত্তা ; অপ্রকাশক, লুক্কায়িত।

গোপ্য, (গুপ) রক্ষণীয়, গোপনীয় ; দাসী পুত্র। [পালনীয়

গোপ্যক, দাস, ভৃত্য, কিঙ্কর, রক্ষণীয়,

গোপ্য ধি, বন্ধক বিশেষ যে বস্তুর কেবল প্রবোধার্থ মহাজনের নিকট রাখে, ভোগার্থ নয়। [গজ।

গোবৎসাদী, বৃক, নেকড়িয়া বাঘ
গোবল, (গোদ) স্থূল, মোটা।
গোবধ, গোহত্যা, গোরু মারণ।
গোবর, (গো) গোময়, গোবিষ্ঠা, গোবিট্;
শ্রেষ্ঠ গো, উত্তম গরু। [ভাগের কাঠ।
গোবরাট, (গোবর-রাট) দ্বারের উপরি
গোবরাণ, (গোবরা) বিবর্ণ করণ; লেপন;
কদাকার করণ, অপরিষ্কার করণ।
গোবর্দ্ধন, বৃন্দাবনস্থ পর্ব্বত বিশেষ, স্বনামে
বিখ্যাত পর্ব্বত।
গোবর্দ্ধনধারী, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
গোবশা, বন্ধ্যা গো, বাঁঝা গরু।
গোবাঘা, (গো-বাঘ) গোঘাতক ব্যাঘ্র, বৃক,
নেকড়িয়া বাঘ।
গোবাল, (গো-পাল) গোপ, গোআলা।
গোবিন্দ, শ্রীকৃষ্ণ; গবাধ্যক্ষ; বৃহস্পতি।
গোবিষ্ঠা, গোবিট, গোময়, গোবর।
গোবৈদ্য, গরুচিকিৎসক; হাতুড়ে বৈদ্য।
গোবৃন্দ, গোসমূহ, গোরুর পাল।
গোবৃন্দারক, শ্রেষ্ঠ গো, প্রশস্ত গরু।
গোবৃষ, ষণ্ড, ষাঁড়।
গোভ্রা, স্থূল, মোটা; ভারী।
গোমতল্লিকা, সুশীলা গো, উত্তমগরু।
গোমতী, স্বনাম খ্যাতা নদী বিশেষ; বৈ-
দিক মন্ত্র বিশেষ।
গোমন্ত, পর্ব্বত বিশেষ; গোস্বামী।
গোময় (গো) গোবিট্, গোবর; গোস্বরূপ
গোময়চ্ছত্র, করক, কোঁড়ক, ছাতা।
গোময়প্রিয়, কোঁড়ক, ছাতা। [পোকা।
গোময়োত্থা, গোময় জাত কীট, গোবরিয়া
গোমক্ষিকা, দংশ, ডাঁশ।
গোমান্, বহু গোস্বামী, অনেক গো রক্ষক
গোমায়ু, (গো-মা) শৃগাল, শিয়াল; গন্ধর্ব্ব
বিশেষ। [শৃগাল
গোমী, বহু গোপালক, অনেক গোরক্ষক;
গোমীন, মৎস্য বিশেষ।
গোমুখ, বাদ্যভাণ্ড; চৌরকৃত; সিঁদ বিশে
ষ; গরুর মুখ; জপমালা গোপনার্থ বস্ত্র
নির্ম্মিত বস্ত্র বিশেষ; কুম্ভীর; বক বিশেষ
গোমুখী (গোমুখ) হিমালয় পর্ব্বত হইতে
গঙ্গা পতনে গোমুখাকার গুহা; রাঢ়দেশস্থ
নদী বিশেষ।
গোমূঢ়, গোরুর ন্যায় অবোধ, অতিশয় মূর্খ
গোমূত্র গোপ্রস্রাব, চোনা।
গোমূত্রিকা, তৃণ বিশেষ; চিত্রকাব্যবিশেষ।
গোমেদ, পীতবর্ণ মণিবিশেষ; বিষবিশেষ
গোমেদক, (গো-মিদ) মণিবিশেষ; বিষ
বিশেষ।
গোমেধ, যজ্ঞ বিশেষ।
গোর, (গৌর) গৌরবর্ণ, সদৃশ।
গোরণ, ও টান, উত্তোলন, উত্থাপন।
গোরমা, (গো-রম) গোপ্রিয় তৃণ বিশেষ
গোরস, গব্য, দুগ্ধ, দধি, তক্র।
গোরসজ, তক্র, ঘোল। [ভূমি।
গোরস্থান, (ফাং-স্থান) কবরস্থান, শ্মশান
গোরা, গৌর) গৌরবর্ণ; শ্বেত বর্ণ।
গোরিকা, পক্ষিবিশেষ, শারিকাপক্ষী।
গোরু, (গো) গবী, গো; বৃষ।
গোরুত, ক্রোশদ্বয়, দুই ক্রোশ।
গোরোচ, হরিতাল।
গোরোচনা, (গো-রুচ) স্বনাম খ্যাত পীতব-
র্ণ দ্রব্য বিশেষ, গোমস্তক স্থিত শুষ্কাপত্ত।
গোর্দ্ধ, (গুর) মস্তিষ্ক, মস্তকস্থিত ঘৃত, মজ্জা
গোল, (গুড়) মণ্ডল; বর্ত্তুলাকার; জারজ
পুত্র; ভূগোল; খগোল; কলরব, কোলা-
হল।
গোলক, (গাল) স্বামী অবিদ্যমানে জারজ-
পুত্র বিধবার উৎপাদিত সন্তান; কলায়
বিশেষ, মটর।
গোলা, (গোল) ধান্যাদির আধার; বর্ত্তুলা-
কার লৌহ পিণ্ড; দুর্গা; গোদাবরী নদী;
সখী।
গোলাঙ্গুল, বানর; কৃষ্ণবানর; গোপুচ্ছ।
গোলন, (গোল) প্রকাশন, ব্যক্ত করণ,
প্রচার করণ; আবিল করণ।
গোলাব, (ফাং) গোলাপ পুষ্প, গোলাপজল।
গোলাম, দাস, কিঙ্কর, নিতান্ত অধীন ভৃত্য
গোলাস, গোময় ছত্রিকা, কোড়ক-ছাতা।
গোলোক, শ্রীকৃষ্ণের স্থান; নিত্যধাম, বৈ-
কুণ্ঠ।
গোশকৃৎ, গোবিষ্ঠা, গোময়, গোবর।
গোশাল, গোগৃহ গোয়ালি ঘর।
গোশালা, গোগৃহ, গোয়ালঘর।
গোশীর্ষ, চন্দন, হরিচন্দন; গোরুরমস্তক
গোশৃঙ্গ, গোবিষাণ, গরুর শিং।
গোষড়্গব, গো ষট্ক, ছয়টা গরু।
গোষ্ঠ (গো-স্থা) গোস্থান, গোঠ। [কেলি।
গোষ্ঠবিহার, গোচারণোপলক্ষে শ্রীকৃষ্ণের-

গোষ্ঠাষ্টমী, কার্ত্তিক শুক্লাষ্টমী। [সভা।
গোষ্ঠী, পোষ্যবর্গ ; পরিবার ; কুল, জ্ঞাতি ;
গোষ্ঠীপতি, পোষ্যবর্গের পালক, সভাপতি।
গোষ্পদ, (গো-পদ) গোসেবিত স্থান, গো-
রুর খুর পরিমাণ মাত্র স্থান।
গোস, প্রভাত, উষাকাল, প্রত্যুষ।
গোসংখ্য, গোপ, গোপাল, গোয়ালা।
গোসঙ্গ, প্রত্যুষ, প্রাতঃকাল।
গোসদৃক্ষ, গবয়, চমরী, বনগো।
গোসম্প্রদায়, গোদানকর্ত্তা, গোদাতা।
গোসব, গোমেধ যজ্ঞ।
গোসম্ভবা, শ্বেতদূর্ব্বা ; গোজাত।
গোসর্গ, প্রভাত, প্রত্যুষ, প্রাতঃকাল।
গোসর্প, (গোধিকা) গোসাপ।
গোসা, (ফাং) রাগ, ক্রোধ ; অভিমান।
গোসাপ, (গোসর্প) গোধিকা। [নর হার।
গোস্তন, গরুর বাঁট, হার বিশেষ চৌত্রিশ
গোস্তনী, (গোস্তন) দ্রাক্ষা, মৃদ্বীকা, আঙ্গুর।
গোস্থান, গোষ্ঠ, গোঠ।
গোস্বামী, গোপতি ; গোরক্ষক, নিত্যানন্দ
বংশীয় ব্রাহ্মণ বিশেষ।
গোহত্যা, গোবধ, গোহিংসা। [সক, কষাই।
গোহন্তা, (গো-হন্তৃ) গোবধকারী, গোহিং-
গোহরীতকী, বিল্ববৃক্ষ, বেল গাছ।
গোহাইল, গোশালা, গোগৃহ।
গোহালী, (গোশাল) গোগৃহ। [শ্রীফলগাছ।
গোহিত, গোরুর হিতকারী ; বিল্ববৃক্ষ,
গোহ্বর, পাদমূল, গোড়মুড়া, গুলফ।
গোহ্য-গুহ্য, গোপনীয়, অপ্রকাশ্য। [র খুর
গোক্ষুর, বৃক্ষ বিশেষ, গোখুরি লতা, গোরু-
গৌঞ্জিক, স্বর্ণকার, সেকরা।
গৌড়, (গুড়) স্বনাম খ্যাত দেশ।
গৌড়ী, (গৌড়) গুড়াদি কৃত সুরা, গুড়ের-
মদ, রাগিণী বিশেষ, কাব্যরীতি বিশেষ।
গৌণ, (গুণ) অপ্রধান ; অধীনতা ; বিলম্ব।
গৌতম (গোতম) মুনিবিশেষ, শতানন্দ মুনি
গৌতমসম্ভবা, গোদাবরী নদী।
গৌতমী, দুর্গা ; রাক্ষসী বিশেষ ; গোদাবরী
নদী ; গোরোচনা।
গৌতুম, স্থাবর বিষ বিশেষ।
গৌর, (গুর) শ্বেতবর্ণ ; শুভ্রবর্ণ, শ্রীচৈতন্য-
দেব ; বিশুদ্ধ ; পদ্মকেশর ; কুঙ্কুম ; স্বর্ণ।
শ্বেত সর্ষপ।
গৌরচন্দ্র, শ্রীচৈতন্যদেব।
গৌরজীরক, শুক্লজীরক, শাদা জীরা।
গৌরনিতাই, শ্রীচৈতন্যদেব ও নিত্যানন্দ
প্রভু। [দর, সম্মান, মর্য্যাদা
গৌরব, (গুরু) ভার, গুরুত্ব ; প্রভাব সমা-
গৌরবজনক, মর্য্যাদাজনক, সম্মানসূচক।
গৌরবিত, মান্য ; সমাদৃত, আর্য্যামিশ্র।
গৌরসর্ষপ, শ্বেতসর্ষপ, রাই সরিসা।
গৌরাঙ্গ, (গৌর-অঙ্গ) শ্রীচৈতন্যদেব ; শ্বে-
তকায় ; সুন্দরাঙ্গ।
গৌরার্দ্রক, স্থাবর বিষ বিশেষ।
গৌরাস্য, কৃষ্ণ বানর, কাল বানর।
গৌরিকা, অষ্টম বর্ষীয়া কন্যা।
গৌরিল, শ্বেতসর্ষপ, লৌহচূর্ণ।
গৌরী, পার্ব্বতী ; অষ্টবর্ষীয়া কন্যা, অজাত
রজস্কা কন্যা ; হরিদ্রা ; দারুহরিদ্রা, রাগিণী
বিশেষ, মালবরাগ পত্নী।
গৌরীজ, ধাতুবিশেষ, অভ্রক। [নিম্নস্থ পট্ট
গৌরীপট্ট, পেনেট, গৌরীপাট, শিবলিঙ্গের
গৌরীপাট, (গৌরী-পট্ট) পেনেট, পানিয়াঢ
গৌরীপুত্র, কার্ত্তিকেয়, কুমার
গৌরুতল্পিক, গুরুপত্নীগামী, বিমাতৃগ।
গৌল্য, মধুর ; সুস্বাদু [রি একশতগরু আছে
গৌশতিক, (গো-শত) শত গোস্বামী ; যাহা-
গৌষ্ঠীন, ভূতপূর্ব্ব গোস্থান, পূর্ব্বের গোঠ,
অতীত কালের গোষ্ঠ।
গ্রথিত, (গ্রন্থ) কৃতগ্রন্থন, গাঁথা, গ্রন্থিত।
গ্রন্থ, প্রবন্ধ, শাস্ত্র, পুস্তক, সম্পর্ক, গাঁইট,
অনুষ্টুপছন্দঃ ; শ্লোক ; গুলফ, গোড়মুড়া।
গ্রন্থক, (গ্রন্থ) নির্ম্মাণকর্ত্তা ; নিবন্ধকাররচক
গ্রন্থকর্ত্তা, (গ্রন্থ-কর্ত্তৃ) গ্রন্থকারক, নিবন্ধ কা-
রক, শাস্ত্রকর্ত্তা।
গ্রন্থকার, (গ্রন্থ-কৃ) গ্রন্থকারক, গ্রন্থকর্ত্তা।
গ্রন্থকুটী লেখ্যস্থান, চিত্রাধার, চিত্রফলক।
গ্রন্থন, (গ্রন্থ) গুম্ফন ; গ্রন্থিত করণ, গাঁথন,
রচন, নির্ম্মাণ।
গ্রন্থি, বংশাদির সন্ধি ; গাঁটি, গিরা ; পর্ব্ব,
বন্ধন ; রোগ বিশেষ।
গ্রন্থিক, দৈবজ্ঞ, গণক।
গ্রন্থিত, (গ্রন্থ) গ্রথিত, গাঁথা, রচিত।
গ্রন্থিদূর্ব্বা, গণ্ডদূর্ব্বা, গেঁটেদূর্ব্বা।
গ্রন্থিপর্ণী, গণ্ডদূর্ব্বা, গেঁটে দুর্ব্বা।
গ্রন্থিফল, কপিত্থ বৃক্ষ, কদ্বেলেরগাছ।
গ্রন্থিমান্, অস্থিসংহারক বৃক্ষ, হাড়ভাঙ্গা
বা হাড় জোড়া গাছ।

গ্রন্থিমূল, গৃঞ্জন, গাজর।
গ্রন্থিল, পিপ্পলীমূল, পিপুলের মুল ; আর্দ্রক, আদা ; গ্রন্থিযুক্ত।
গ্রন্থিলা, গণ্ডদূর্ব্বা, গেটে দূর্ব্বা।
গ্রন্থিহর অমাত্য, মন্ত্রী ; পরামর্শী।
গ্রন্থী, নানাবিধ পুস্তককারী, বহু গ্রন্থবিশিষ্ট
গ্রন্থীক, গ্রন্থবিশিষ্ট, বহুপুস্তক যুক্ত।
গ্রস্ত, (গ্রস) ভুক্ত, খাদিত ; আচ্ছাদিত, লুপ্তবর্ণপদ ; অসম্পূর্ণ বাক্য।
গ্রস্তাস্ত, (গ্রস্ত-অস্ত) চন্দ্র সূর্য্যাদির গ্রহণানন্তর অস্ত। [অধ্যবসায় ; বোধ, জ্ঞান।
গ্রহ সূর্য্যাদি নব, নির্ব্বন্ধ ; রণোদ্যম,
গ্রহকল্লোল, অষ্টম গ্রহ, রাহু।
গ্রহণ, (গ্রহ) স্বীকার, আদান, উপলব্ধি, উপরাগ, রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য।
গ্রহণী, (গ্রহ) রোগবিশেষ, অতিসার তুল্য রোগ ; অগ্নির অধিষ্ঠান নাড়ী।
গ্রহণীরুজ, গ্রহণী রোগ, উদরাময়।
গ্রহণীহর, লবঙ্গ, লং।
গ্রহনায়ক, শনি, সূর্য্য ; গ্রহপতি।
গ্রহনেমি, চন্দ্র, বিধু, শশী। [আকন্দ গাছ।
গ্রহপতি, সূর্য্য, রবি, দিবাকর ; অর্কবৃক্ষ,
গ্রহপীড়া, গ্রহবৈগুণ্য, গ্রহ প্রযুক্ত দুঃখ।
গ্রহপুষ, সূর্য্য, ভানু, রবি।
গ্রহযাগ, গ্রহদিগের যজ্ঞ, নবগ্রহের হোম
গ্রহরাজ, সূর্য্য, চন্দ্র ; বৃহস্পতি।
গ্রহাধার, (গ্রহ আধার) ধ্রুবনক্ষত্র। [শেষ।
গ্রহাময়, ভূতাদি হইতে উৎপন্ন রোগবি
গ্রহীতা, (গ্রহীতৃ) গ্রহণ কর্ত্তা, গ্রাহক।
গ্রাবা, প্রস্তর ; পর্ব্বত ; মেঘ।
গ্রাম, (গ্রস) বহুজন বসতি স্থান, হট্টাদিশূন্য বসতি ; স্বর বিশেষ ; সমূহ।
গ্রামকুট, শূদ্রজাতি, অবরবর্ণ।
গ্রামণী, (গ্রাম) গ্রামের প্রধান, গ্রামাধিপতি, মণ্ডল, নাপিত ; বেশ্যা।
গ্রামতক্ষা, গ্রাম্য সূত্রধর, গেঁয়েছুতার।
গ্রামত, গ্রামসমূহ, বহুগ্রাম।
গ্রামমদ্গুরিকা, মৎস্য বিশেষ, শৃঙ্গী মৎস্য, শিঙীমাছ ; গ্রামযুদ্ধ।
গ্রামমুখ, আপণ, হট, হাট, বাজার।
গ্রামমৃগ, কুক্কুর, কুকুর।
গ্রামযাজক, গ্রামস্থ নানা জাতির পুরোহিত
গ্রামস্থ, গ্রামবাসী গ্রাম্য।
গ্রামবাসী পল্লীগ্রামে বসতিকারী, গ্রাম্য।
গ্রামহাসক, ভগিনীপতি।
গ্রামাধান, মৃগয়া, শীকার। [প্রান্ত।
গ্রামান্ত, (গ্রাম-অন্ত) গ্রামসমীপ ; গ্রামের
গ্রামী, (গ্রামিন) গ্রামবিশিষ্ট ; গাঁইয়া, গ্রামস্থ। [কাক, বায়স।
গ্রামীণ, গ্রামোৎপন্ন ; গ্রাম্য শূকর, কুক্কুর,
গ্রামেয়া, গ্রাম্য নারী ; গ্রামস্থা।
গ্রামেশ, গ্রামের প্রধান, গ্রামাধিপতি।
গ্রাম্য, (গ্রাম) গ্রামোৎপন্ন, গ্রামজাত ; ইতর, নীচ ; অধম।
গ্রাম্যকথা, ইতর কথা, নীচ কথা।
গ্রাম্যকর্কটী, কুষ্মাণ্ড, কুমুড়া।
গ্রাম্যধর্ম্ম, মৈথুন, রমণ, স্ত্রীসংসর্গ।
গ্রাম্যপশু, গ্রামজাত জন্তু গোরুছাগলাদি
গ্রাম্যভাষা, ইতর কথা, নীচ কথা।
গ্রাম্যমৃগ, কুক্কুর, শ্বা।
গ্রাম্যশূকর, গ্রামোৎপন্ন বরাহ।
গ্রাম্যাশ্ব, গর্দ্দভ, গাদা। [রি ডেলা।
গ্রাস, (গ্রস) মুখপূরণ অন্নাদি, কবল, ভাতে
গ্রাসাচ্ছাদন, (গ্রাস-আচ্ছাদন) অন্ন বস্ত্র, ভাত কাপড়। [শিশুক, শুশুক।
গ্রাহ, (গ্রহ) গ্রহণ, জলজন্তু বিশেষ ; হাঙ্গর
গ্রাহক, (গ্রহ) হিংস্রপক্ষী, ব্যালগ্রাহী, সপুড়িয়া, গ্রহণকারী, লোভী, ক্রেতা।
গ্রাহকতা, (গ্রাহক) লোভ ; গ্রহণার্থ ঔৎসুক্য। [কৎবেল, ফল বিশেষ।
গ্রাহী, (গ্রাহিন) গ্রহণকর্ত্তা ; কপিত্থবৃক্ষ,
গ্রাহ্য, গ্রহণের যোগ্য ; মনোনীত।
গ্রীবা, (গৃ) ঘাড়, গলা, কন্ধর।
গ্রীবী, উষ্ট্র, উঠ ; উষ্ট্র গ্রীবাযুক্ত।
গ্রীষ্ম, (গ্রস) ঋতু বিশেষ ; নিদাঘ, উষ্ণ, উষ্ণকাল, গরমি।
গ্রীষ্মকাল, নিদাঘ, উষ্ণকাল।
গ্রীষ্মকালজ, গ্রীষ্মকালোৎপন্ন।
গ্রীষ্মজা, নবমল্লিকা, সোণা।
গ্রীষ্মসুন্দরক, শাকবিশেষ, গিমাশাক।
গ্রীষ্মহাস, ইন্দ্রতুলক, আকাশ বুড়ীরসূতা
গ্রৈব, গ্রীবাভূষণ, গলার অলঙ্কার
গ্রৈবেয়, কণ্ঠভূষণ, গলার আভরণ।
গ্লস্ত, ভক্ষিত, খাদিত।
গ্লহ, অক্ষক্রীড়ার পণ, বাজি।
গ্লানা, গ্লানিযুক্ত ; ক্ষীণ, কৃশ। [খিন্ন।
গ্লান, (গ্লৈ) রোগ দ্বারা ক্ষীণদেহ, রোগী,
গ্লানি, (গ্লৈ) রোগ, শ্রান্তি ; নিন্দা, অম.

হ্লাদ। [যুক্ত; ম্লান।

গ্লাস্নুরোগ যার; ক্ষীণদেহ, রোগী পীড়া-

গ্লেক্স গ্লানিযোগ্য; রোগযুক্ত।

গ্লৌ, চন্দ্র, শশী; বিষ্ণু; কর্পূর।

ঘ

ঘ, ঘকার, ব্যঞ্জনের চতুর্থ বর্ণ।

ঘট, কলস, কুম্ভ, গর্গরী; কুম্ভরাশি; দ্রোণ পরিমাণ; কুম্ভপরিমাণ।

ঘটক, (ঘট) যোজক, যোজনাকারী; দূত; কোটনা; বৃক্ষ বিশেষ; বনস্পতি, পুষ্প বিনা যাহার ফল জন্মে।

ঘটকত্ব, (ঘটক) যোজকত্ব, ঘটকালি। দৌত্য; কোটনামি।

ঘটকালি, (ঘটক) ঘটকত্ব, যোজকতা, মিলন। [কারিণী।

ঘটদাসী কুট্টনী, কুটনী, দূতী, যোজন-

ঘটন, (ঘট) মিলন, যোজন; প্রাপণ।

ঘটনা, (ঘট) যোজনা, মেলন; সংখ্যাকরণ; অকস্মাৎ প্রাপণ।

ঘটনীয়, যোজনীয়, সম্ভাব্য; ঘটিবার যোগ্য

ঘটযোনি, অগস্ত্য মুনি।

ঘটরাজ, কুম্ভ, কলশ।

ঘটা, (ঘট) সমারোহ, আড়ম্বর; সমূহ; সভা; হস্তিদিগের যুদ্ধাদিতে একত্র মিলন

ঘটাটোপ, (ঘটা-আটোপ) যানাদির আ-চ্ছাদন বস্ত্র, পাল্কীর আবরণ বসন।

ঘটান, উৎপাদন; যোজকতা করণ, মিলান

ঘটালাবু, (ঘট-অলাবু) কুম্ভতুম্বী, গোল-লাউ, বর্ত্তুলাকার লাউ।

ঘটিক, নিতম্ব, জঘন পশ্চাদ্ভাগ, পাছা।

ঘটিকা, (ঘটী) মুহূর্ত্ত; দণ্ড; ঘড়ী; পাদ-গুল্ফ; যোজনাকারিণী।

ঘটিত, মিলিত, যোজিত; সংযুক্ত, সংশ্লিষ্ট।

ঘটী, (ঘট) দণ্ড; ক্ষুদ্রঘট; জলপাত্র বিশেষ

ঘটীযন্ত্র, কূপ হইতে জল তুলিবার নিমিত্ত রজ্জু সহিত ঘট, জলতোলা কল; কাল নির্ণায়ক যন্ত্র, ঘড়ী। [সীর পুত্র

ঘটোৎকচ, রাক্ষস বিশেষ; হিড়িম্বা রাক্ষ-

ঘটোৎকচান্তক, কর্ণরাজ।

ঘটোদ্ভব, (ঘট-উদ্ভব) কুম্ভযোনি, অগস্ত্য মুনি। [তীর্থাবতার।

ঘট্ট, ঘাট, নদ্যাদিতে যাত্রার্থ প্রবেশ স্থান

ঘট্টগা, (ঘট্ট-গা-ন) নদী বিশেষ

ঘট্টজীবী, বর্ণসঙ্কর জাতি বিশেষ, পাটুনি।

ঘট্টনা, চালনা, আন্দোলন; ঘোঁটন, আ-লোড়ন। [গুণ্ডাঘাট।

ঘট্টা, নদ্যাদির অবগাহন স্থান; ঘাট

ঘড়া, (ঘট) শ্রেষ্ঠ কলস, বড় কলসী; জল-পাত্র বিশেষ, পিত্তলময় কলস।

ঘড়িয়াল, (গ্রাহ) ঘটীযন্ত্রবাদক; জলজন্তু-বিশেষ। [প্রহর বাজা বেলাবোধক যন্ত্র।

ঘড়ী, (ঘটিকা) ঘটীযন্ত্র, দণ্ড পলাদি নির্ণা-

ঘড়্ঘড়ান, ঘোঁৎরান, ঘড়্ঘড়্ শব্দ করণ।

ঘড়্ঘড়িয়া, (ঘড়্ঘড়) ব্যাঘ্র বিশেষ, নেক-ড়িয়াবাঘ; ঘোবাঘা। [গলার শব্দ।

ঘড়্ঘড়ী, অন্তকালীন কণ্ঠধ্বনি; কফাদিযুক্ত

ঘণ্ট, (ঘ) মৎস্য শাকাদির ব্যঞ্জন বিশেষ।

ঘণ্টা, (হন) কাংস্য নির্ম্মিত বাদ্য বিশেষ; ঘড়ী; কণ্ডার মুহূর্ত্ত।

ঘণ্টাকর্ণ শিবগণবিশেষ, ঘেঁটুঠাকুর।

ঘণ্টাপথ, গ্রামাদির প্রধান মার্গ, গ্রামের বড় পথ।

ঘণ্টাবীজ, জয়পাল, জয়পালের বীচী। [শণ

ঘণ্টারবী, বৃক্ষ বিশেষ, ঝনঝনিয়া গাছ; বন

ঘণ্টালী ঘণ্টাশ্রেণী; বৃক্ষ বিশেষ।

ঘণ্টাশব্দ, ঘণ্টারধ্বনি; কাংস্য, কাঁসা।

ঘণ্টিকা, ত লুব্ধ ক্ষুদ্র জিহ্বা, আলজিব ছোট ঘণ্টা, কিঙ্কিণী।

ঘণ্টিনীবীজ, জয়পাল বীজ।

ঘণ্টী, (ঘণ্টা) ক্ষুদ্র ঘণ্টা।

ঘণ্টু, গজঘণ্টা প্রভৃতি।

ঘণ্টেশ্বর, দেবতা বিশেষ; মঙ্গলপুত্র।

ঘণ্ড, ভ্রমর, অলি, মধুকর।

ঘন, (হন) অতরল, গাঢ়, সান্দ্র; নিবিড়; অবিরল; কাংস্যতালাদির বাদ্য; করতা-ল; লৌহমুদ্গর; মেঘ; মুস্তা; সজাতীয় তিন অঙ্কের পূরণ।

ঘনকফ, করকা, বর্ষোপল, শিল।

ঘনকাল, বর্ষা ঋতু, প্রাবৃট কাল।

ঘনগোলক, সংশ্লিষ্ট রজত কাঞ্চন; মিশ্রি-ত সোণা রূপা।

ঘনঘন, (ঘন) অনবরত, অবিরত; বারবার

ঘনজ্বালা মেঘজ্যোতিঃ; বজ্রাগ্নি।

ঘনতা, (ঘন) গাঢ়তা, নিবিড়তা।

ঘনতাল পক্ষি বিশেষ, সারঙ্গ পক্ষী।

ঘনতোল, পক্ষি বিশেষ চাতকপক্ষী।

ঘননাভি, ধূম, ধুঁয়া।

ঘনপাষণ্ড, ময়ুর, শিখী, কলাপী
ঘনবল্লিকা, বিদ্যুৎ, সৌদামিনী।
ঘনবাত, নরক বিশেষ।
ঘনবাস, কুষ্মাণ্ড, কুমুড়া।
ঘনবাহন, শিব ; ইন্দ্র ; মেঘবাহন। [ল অঙ্ক
ঘনমূল, পূরণকরা সজাতীয় তিন অঙ্কের মূ
ঘনরস, জল ; কর্পূর, অতরল নির্যাস, সমকৃ
সিদ্ধরস। [শ্রীকৃষ্ণ।
ঘনশ্যাম, নিবিড় কৃষ্ণবর্ণ ; মেঘতুল্যশ্যামবর্ণ
ঘনসার, কর্পূর ; পারদ বিশেষ ; জল।
ঘনস্বন, মেঘধ্বনি ; শাক বিশেষ।
ঘনা, (ঘন) নিকটস্থ হওয়া, সমীপস্থ হওয়া
ঘনাকর, বর্ষাকাল, প্রাবৃট্ কাল।
ঘনাঘন, (ঘন) ইন্দ্র ; ঘাতুক মত্তহস্তী ; বর্ষণ
কারী মেঘ, নিরন্তর ; কঠিন ; হিংস্রক, গাঢ়
ঘনাত্যয়, মেঘাপগম ; শরৎকাল।
ঘনান, নিকটস্থ [illegible] হওন, কাছান।
ঘনাবৃত, (ঘন-আবৃত) গাঢ় আবর্ত্তিত।
ঘনাময়, খর্জ্জুর বৃক্ষ, খাজুর গাছ।
ঘনামল, বাস্তুক শাক, বেতো শাক।
ঘনাশ্রয়, অকাশ, গগণ, নভঃ স্থল।
ঘনিষ্ঠ, (ঘন) নিকটস্থ, অনুগত, আসন্ন।
ঘনী (ঘন) মৎস্যধারণার্থ বংশাদি নির্ম্মিত-
যন্ত্র বিশেষ, ঘুনী।
ঘনুয়া, (ঘন) উপপতি, জার ; কোটনা।
ঘনোদধি নরক বিশেষ।
ঘনোপল বর্ষোপল, করকা, শিল।
ঘবরণ, (ঘর্ব্ব) তব্ধ হওন ; ব্যাকুল হওন।
ঘবরাণী, (ঘবর) উদ্বেগ, ব্যস্ততা ; বিস্ময়।
ঘর, (গৃহ) গেহ, ভবন। [ম, গৃহকর্ম্ম।
ঘরকন্না, (ঘর-করণ) গার্হস্থ্যধর্ম্ম, সংসারধ-
ঘরট্ট পেষণী, জাঁতা।
ঘরণী, (ঘর) গৃহিণী, ভার্য্যা।
ঘরসন্ধান, গৃহচ্ছিদ্রজ্ঞান, গৃহানুসন্ধান, গৃ-
হের ভেদ জ্ঞাত হওয়া।
ঘরা, (ঘর) আধার ; ছিদ্র, রন্ধ্র।
ঘরাও, (ঘর) ঘররূপে যা, অন্তরবর্ত্তী, ঘরের
ঘরাঘরি, আপনা আপনি ; প্রত্যেকঘর,
ঘরামী, (ঘর গৃহনির্ম্মিতা, গৃহকারক।
ঘরুয়া, গৃহজাত, গৃহোৎপন্ন।
ঘর্গট, মৎস্যবিশেষ টাংরা মাছ।
ঘর্ঘর, পর্ব্বতের দ্বার ; দ্বার ; পেচক, পেচা ;
নদীবিশেষ ; স্বর বিশেষ ; ধ্বনি বিশেষ ;
ঘর্ঘরক, ঘর্ঘর শব্দ, রথাদির গমনধ্বনি।
ঘর্ঘরা, ক্ষুদ্রঘণ্টিকা, ছোটঘণ্টা ; বীণাবিশেষ
ঘর্ঘরিকা, ক্ষুদ্র ঘণ্টা, বাদ্যবিশেষ ; নদীবি-
শেষ ভৃষ্ট ধান, খই।
ঘর্ঘুরা, যমকীট, ঘুরঘুরিয়া পোকা।
ঘর্ম্ম, (ঘৃ) শ্রমবারি, শ্রমজল, স্বেদ, ঘাম ;
আতপ, গ্রীষ্ম উত্তাপ
ঘর্ম্মবিচর্চ্চিকা, ঘর্ম্ম জন্য ক্ষুদ্র ব্রণ, ঘামাচী।
ঘর্ম্মবিচর্চ্চী, ঘর্ম্মজন্য ; ক্ষুদ্র ব্রণ, ঘামাচী।
ঘর্ম্মাক্ত, (ঘর্ম্ম-অক্ত) ঘর্ম্মাভিষিক্ত, ঘামে
ভিজিত।
ঘর্ম্মান্ত, বর্ষাকাল, প্রাবৃট কাল।
ঘর্ম্মার্দ্র, (ঘর্ম্ম-আর্দ্র) ঘর্ম্মার্দ্র, ঘামিত।
ঘর্ষণ, (ঘৃষ) ঘষা, মার্জ্জন।
ঘর্ষণাল, শিলাপুত্র, লোড়া।
ঘর্ষণী, হরিদ্রা, হলুদ।
ঘষি, (ঘৃষ) শুষ্ক গোময় চূর্ণ, ঝিলঘুঁটে।
ঘাস, আহার, ভোজন, ভক্ষণ।
ঘস্মর, অমর, ভক্ষক, খাদক।
ঘস্র, হিংস্র, দিন ; কুঙ্কুম।
ঘা, (হন) আঘাত ; ক্ষত ; ক্ষতচিহ্ন।
ঘাইট, (অঘ-অট) অপরাধ, দোষ, কসুর।
ঘাটন (ঘাট) আলোড়ন, আবর্ত্তন, ছানন,
চটকান।
ঘাটান, (ঘাটা) উত্তেজনা ; রাগান ; উঠান।
ঘাটি, (ঘট্ট) চৌকিদারের নির্দ্দেশে বসতি-
স্থান, চোরা পথ ; থানা।
ঘাটু, (ঘণ্টা) দেবতা বিশেষ ঘণ্টাকর্ণ।
ঘাতন, (ঘাত) কটুকথন, পরিহাস দ্বারা
ভর্ৎসন ; উত্থাপন
ঘাগী, (স) ভুক্তভোগী, পুনঃ২ দণ্ডিত ;
দুষ্ট ; চতুর শঠ। [ইজারদা ; ঙ্গা।
ঘাঘরা, (ঘর্ঘরা) স্ত্রী পরিধেয় বিশেষ ; রা
ঘাট, (ঘট্ট) নদ্যাদির অবগাহনার্থ প্রবেশ-
স্থান। [শেষ।
ঘাটন, হ্রাস হওন, ক্ষীণ হওন, অবসান,
ঘাটমারণ, বিনা করে দ্রব্য চালান।
ঘাটা, (হন) গ্রীবার পশ্চাদ্ভাগ, ঘাড়।
ঘাটান, আন্দোলন ; হ্রাসকরণ। [শূন্যতা।
ঘাটি, (অঘ-অট) অপরাধ, দোষ ; পাপ ;
ঘাড় (ঘাটা) গ্রীবার পশ্চাদ্ভাগ, মস্তকের
অধোভাগ। [মস্তকেতে অঙ্গীকার করণ।
ঘাড়নাড়ন, শিরঃকম্পন, গ্রীবা হেলন দ্বারা

ঘাত, (হন) প্রহার, আঘাত ; অঙ্ক পূরণ
ঘাতক, (হন) হননকর্ত্তা, বধকারক।
ঘাতন, হনন, বধ, মারণ।
ঘাতি, পরিবন্ধন ; প্রহরণ।
ঘাতিপক্ষী, শ্যেনপক্ষী, শিকরা পাখী।
ঘাতুক (হন) হিংস্র, নাশক, ক্রূর।
ঘানি, (হন) তৈলযন্ত্র, সর্ষপাদি নিষ্পীড়ন যন্ত্র
ঘাম, (ঘর্ম্ম) শ্রম জল, স্বেদ।
ঘামন, স্বেদনির্গমন, ঘর্ম্মাক্ত হওন। [ব্রণ।
ঘামাচি, (ঘাম-অক্ষ) ঘর্ম্মচর্চ্চিকা, ঘর্ম্ম জন্য
ঘার, সেচন, সেঁচা।
ঘারেঘোরে, ইঙ্গিতে, সঙ্কেতে, ঠারেঠোরে।
ঘালি, (হন) আঘাত প্রাপ্ত ; নষ্ট ; ক্ষত।
ঘাস, (ঘস) গবাদির ভোজনীয় তৃণ, যবস।
ঘাসিয়াড়া, (ঘাস) তৃণ কর্ত্তক।
ঘাসী, ঘাসবিক্রয়ী ; অগ্নি, বহ্নি।
ঘি, (ঘৃত) হবিঃ, আজ্য।
ঘিকুমারী, ঘৃতকুমারী, বৃক্ষবিশেষ
ঘিঞ্জি, (ঘন) নিবিড়, ঘন।
ঘিয়া, (ঘি) ঘৃতময়, ঘৃতাক্ত।
ঘিরণ, (ঘৃ) বেষ্টন, বেড়ন।
ঘুঁটি, (ঘুন্টিকা) কঙ্কর, লোষ্ট্র, ইষ্টকাদিখণ্ড ;
পুরুষের স্তম বর্দ্ধন। [য়রা
ঘুঘু, (ঘু) পক্ষিবিশেষ, বন কপোত, বনপা-
ঘুঘুর, যমকীট, ঘুরঘুরিয়া পোকা।
ঘুঙ্গুর, (ঘন্টিকা) কটিদেশের অলঙ্কার বি-
শেষ, কট্যাভরণ, কাঞ্চী।
ঘুচন, (মুচ) মোচন, পরিহার, নষ্ট, ত্যাগ।
ঘুচান, মোচন, খোলন, নিবারণ।
ঘুট, চরণগ্রন্থি, গোড়মুড়া।
ঘুটমণ্ডল, গোলমাল, জঞ্জাল। [র্ণবটী।
ঘুটি, (ঘুট) গুলফ, গোড়ারি, ইষ্টকাদি চূ-
র্ণ, গুলফ, গোড়ালি
ঘুড়ি, (ঘূর্ণ) আকাশগামি ক্রীড়ন দ্রব্য বিশে-
ষ ; অশ্বী ; ঘোটকী।
ঘুণ, কাষ্ঠকীট, কাষ্ঠক্রিমি।
ঘুণন, নিকটবর্ত্তি হওন।
ঘুণাক্ষর, ইঙ্গিত ; অযত্নে কৃত।
ঘুণী, মৎস্যযন্ত্র বিশেষ, আটল।
ঘুণঘুণান, ভেণভেণান।
ঘুন্ট, গুলফ, পাদগ্রন্থি, গোড়মুড়া।
ঘুন্টিক, বনস্থ জাতীয় বিল্ব ঘুঁটে।
ঘুন্টিকা, ঘুন্টী ; কিঙ্কিণী ঘুঙ্গুর। [ঙ্গুর।
ঘুন্টী, (ঘুন্টিকা) কিঙ্কিণী, ক্ষুদ্র ঘুন্টিকা ঘু-

ঘুণ্ড, ভ্রমর, মধুকর, অলি
ঘুম, (ঘুণ) নিদ্রা, তন্দ্রা, শয়ন।
ঘুমন, (ঘুম) নিদ্রাযাওন, স্বাপাবেশ
ঘুমন্ত, নিদ্রিত, নিদ্রান্বিত, শয়ান
ঘুরঘুরিয়া, ঘুর্ঘুর, যমকীট, পোকাবিশেষ
ঘুরণ, ঘূর্ণন, ফিরণ, পরিভ্রমণ।
ঘুরাণ, আবর্ত্তন ; ফিরান।
ঘুর্ঘুর, কীটবিশেষ, যমকীট, যমকীট, ঘুরঘু
রিয়া। [ঘুঘু।
ঘুলঘুলারব, পারাবত বিশেষ, বনকপোত।
ঘুলন, (ঘুড়) ঘূর্ণনকরণ, আবর্ত্তন, আলোড়ন
ঘুষ, উৎকোচ, কার্য্য সিদ্ধির নিমিত্তদেয়বস্তু
ঘুষড়ন, (ঘুষড়) প্রবেশন ; গোপনে রাখন ;
বিমর্দ্দ করণ। [প্রচার করণ।
ঘুষণ, (ঘুষ) কীলন, মুষ্ট্যাঘাত করণ ; জপন
ঘুষা, বদ্ধ মুষ্টি, কীল, মুটা।
ঘুষাণ, মুষ্ট্যাঘাত, কীলমারণ।
ঘুষামাছ, ক্ষুদ্র মৎস্য।
ঘুষিত, শব্দিত, নাদিত।
ঘুস্কান, (ঘুস্ক) প্রবেশন ; ঘুষড়ন। [রিণী।
ঘুস্কী, গুপ্তবেশ্যা, গোপনে উপপতি কা-
ঘুষ্ট, (ঘুষ) শব্দিত, নাদযুক্ত
ঘুসৃণ, গন্ধ দ্রব্য বিশেষ, কুঙ্কুম।
ঘূক, পেচক, পেচা
ঘূকারি, কাক, বায়স।
ঘূকবাস, শাকোট বৃক্ষ, শাওড়াগাছ।
ঘূরণ, (ঘুর) চক্রের ন্যায় ফিরণ। [শাক।
ঘূর্ণ, ভ্রমি, ঘোরা ; গ্রীষ্মসুন্দর শাক, গীমা
ঘূর্ণন, ভ্রমণ, চক্রাবর্ত্ত, ঘোরা, ফিরণ।
ঘূর্ণা, (ঘূর্ণ) ভ্রমি ; ঘোরা ; শিরঃকম্পন,
মাথাঘোরা। [ফেরণ, ঘুরিয়া বেড়ান।
ঘূর্ণায়মান, (ঘূর্ণ) ভ্রাম্যমাণ, চক্রের ন্যায়
ঘূর্ণি, ঘূর্ণন, ভ্রমি, ফেরা।
ঘূর্ণিত, ভ্রমিত, প্রচলান্বিত, ঘুরা।
ঘূর্ণ্যমান, ভ্রাম্যমাণ, ভ্রমণ বিশিষ্ট।
ঘৃণা, (ঘৃণ) জুগুপ্সা ; অশ্রদ্ধা, অবহেলা,
অবজ্ঞা। [নিন্দিত।
ঘৃণাকর, (ঘৃণা-কৃ) ঘৃণাস্পদ, জুগুপ্সিত,
ঘৃণাবাস, কুষ্মাণ্ড ; ঘৃণাযুক্ত।
ঘৃণি, কিরণ, সূর্য্য ; জল।
ঘৃণিত, (ঘৃণা) অশ্রদ্ধান্বিত, অবজ্ঞাত, হেয়।
ঘৃত, (ঘৃ) পক্ক নবনীত, আজ্য, হবিঃ।
ঘৃতকর, করঞ্জ বিশেষ, ঘিয়া করমচা।
ঘৃতকুমারিকা, ঘৃতকুমারী বৃক্ষবিশেষ।

ঘৃতকুমারী, স্বনাম খ্যাত গুল্ম
ঘৃতদীধিতি, অগ্নি, বহ্নি, অনল।
ঘৃতপূর, পিষ্টকবিশেষ, চন্দ্রপুলী।
ঘৃতাচী, স্বর্গীয় অপ্সরা বিশেষ একজন প্রসিদ্ধ স্বর্গবেশ্যার নাম।
ঘৃতেলী, কীটবিশেষ, তৈলপায়িকা, আরশুলাপোকা, তেলাপোকা।
ঘৃতোদ, ঘৃত সমুদ্র, ঘৃতসাগর।
ঘৃষ্ট, (ঘৃষ) ঘর্ষিত, পেষিত, ঘষা, পেষা।
ঘৃষ্টি, বরাহ, শূকর; চামর; আলু।
ঘৃষ্বী, শূকর, বরাহ। ।কাটন
ঘেঁচন, (ঘিন্) একত্র করণ, জড়ান, ছেদন
ঘেচু, ঘেঞ্চুলিকা, মূলবিশেষ। উচ্চাটন।
ঘেটন, গিলন, গলাধঃকরণ, ক্রোধমান,
ঘেঁটু, (ঘণ্টাকর্ণ) শিবগণ, ঘণ্টেশ্বর।
ঘেঁষড়ন, (ঘেষড়) পেষণ, ছিঁড়ন, ছেঁচড়ন, ভূমিতে ফেলিয়া আকর্ষণ।
ঘেঙ্গান, (ঘেঙ্গ) দরিদ্রের যাচন, কাতরান, কাকুক্তি করণ।
ঘেঞ্চুলিকা, ঘেচু, মূলবিশেষ। ঘেঁচকরণ।
ঘেটন, উদ্ঘাটন, গুঁতান, হওন, ফুবান, ঘল
ঘেরণ, (ঘের) বেষ্টন, বেড়ন, আবরণ।
ঘেরা, বেষ্টিত, আবৃত করণ, পেষণ, ঘোটা
ঘোঁটন, (ঘুট) অন্বেষণ, ব্যক্ত করণ, ঘাঁটন
ঘোঁটন, (ঘোট) ঘোঁড়া, পেষণদণ্ড।
ঘোঙ, বাদ্যযন্ত্র বিশেষ। ।ডোঙ্গা
ঘোঙরা, (ঘোঙ) কণ্ঠের বিকৃত ধ্বনি, খাট গোঙরাখাট, কণ্ঠধ্বনি, ভাঙ্গা গলার শব্দ।
ঘোঙ্গা, স্বনামখ্যাত বাদ্যযন্ত্র বিশেষ।
ঘোটক, (ঘুট) তুরঙ্গ, তুরগ, অশ্ব, ঘোড়া
ঘোটকী, অশ্বী, ঘুড়ী, তুরঙ্গী
ঘোড়া, ঘোটক, অশ্ব, তুরঙ্গ।
ঘোড়াচড়া, অশ্বারোহী, তুরঙ্গারোহী সাদী
ঘোড়ারু (ঘোড়া) অশ্বারোহী।
ঘোণা, নাসা, নাক; অশ্বনাসিকা।
ঘোণী, শূকর, বরাহ, কোল।
ঘোণ্টা, (ঘুট) বৃক্ষবিশেষ, শেয়াকুল, গুবাক বৃক্ষ, গুপারী গাছ।
ঘোপ, (কুপ) গুপ্তস্থান; ঝোপ, ঝোড়।
ঘোপাল, (ঘোপ) বাটীবন, গুল্মযুক্ত স্থান
ঘোমটা, (অবগুণ্ঠিকা) মুখাচ্ছাদন।
ঘোর, (ঘুর) ভয়ঙ্কর, ভয়ানক, বিকট, শিব বিষ, অন্ধকার; অব্যক্ত, ঘোরাল; কঠিন, আশ্চর্য্য।

ঘোরতর, (ঘোর) অতিশয় ভয়ানক। রূপ।
ঘোরদর্শন, উলূক, পেচক, পেঁচা; ভয়ানক
ঘোররাসন, শৃগাল শিয়াল, জম্বুক।
ঘোরা, (ঘুর) ভ্রমণ; রাত্রি, ঘূর্ণন, মণ্ডলাকারে গমন; ফিরণ। ।কঠিন।
ঘোরাল (ঘোর) অব্যক্ত, অস্পষ্ট, পেঁচাল;
ঘোল (ঘুল) মথিত দধি, তক্র; নদীর আওড়। ।রিষ্কার, আবিল।
ঘোলা, (ঘুল) কর্দ্দমযুক্ত, অনির্ম্মল, অপ-
ঘোলান, আবিল করণ, কলুষ করণ।
ঘোলাটি, কাদাটিয়া, অনির্ম্মল, অপরিষ্কার আবিল।
ঘোষ, (ঘুষ) আভীরপল্লী; গোপাল; ধ্বনি কাংস্য, কাঁসা; মেঘশব্দ, মশক, মশা, কায়স্থাদির পদ্ধতি বিশেষ।
ঘোষণা, (ঘুষ) উচ্চৈঃশব্দ; প্রচার; প্রকাশ
ঘোষবতী, বীণা, শব্দ বিশিষ্ট, শব্দ যুক্ত।
ঘোষয়িত্নু, ব্রাহ্মণ, কোকিল; বন্দী।
ঘোষা, (ঘুষ) মধুরিকা মৌরী।
ঘোষাণ, অভ্যাসকরণ; পড়ান।
ঘ্রাণ (ঘ্রা) নাসিকা, গন্ধগ্রহণ, আঘ্রাণ।
ঘ্রাণতর্পণ, সুগন্ধি সৌরভ।
ঘ্রাণেন্দ্রিয়, নাসিকা, নাসা নাক।
ঘ্রাত, (ঘ্রা) গৃহীত গন্ধ, পুষ্পাদির আঘ্রাণ লওয়া, সোঁকা।
ঘ্রাতি, নাসিকা, নাসা, নাক, আঘ্রাণ

ঙ

ঙ, ঙকার, ব্যঞ্জনের পঞ্চম বর্ণ; বিষয়স্পৃহা, ভৈরব।

চ

চ, চকার, ব্যঞ্জনের ষষ্ঠবর্ণ, চবর্গের আদ্যবর্ণ; সমুচ্চয়।
চই, (চবি) মূলবিশেষ, চবিকা, চয়ের গাছ।
চক, (চতুর-কোণ) ক্রয়বিক্রয় স্থান, বাজার, চতুঃশালার মধ্য স্থান।
চক, (চক্র) চক্রবাক পক্ষী।
চকিত, (চক) ভীত, চমৎকৃত, চমকান।
চকোর, পক্ষিবিশেষ, যে পক্ষী চন্দ্রিকা পান করে।
চকচক, (চক) স্বচ্ছতা, দীপ্তি উজ্জ্বলতা।
চকচকান, উজ্জ্বলন, প্রকাশন, দীপ্তি।

চকমকিয়া, দীপ্তিমান্, উজ্জ্বল

চকমকী (চকমক) অগ্নি উৎপাদক প্রস্তর ও লোহ, অরণি।

চক্র, (কৃ) রথাঙ্গ, চাকা, রাষ্ট্র, কুমারের চাক, পক্ষিবিশেষ, জলাবর্ত্ত, তগর পুষ্প ব্যূহবিশেষ তৈলযন্ত্র ঘানি, মণ্ডল, চাতুরী

চক্রকুল্যা, (চক্র-কুল) চিত্রপর্ণী লতা, চাকুলিয় লতা।

চক্রগণ্ডু, বর্ত্তুলাকার উপধান, গোলবালিশ

চক্রগুচ্ছ, অশোক বৃক্ষ

চক্রজীবক, কুম্ভকার, কুমার।

চক্রদংষ্ট্র, শূকর, বরাহ।

চক্রধর, বিষ্ণু, সর্প।

চক্রনায়ক, ব্যাঘ্র, ব্যাঘ্রের নখ।

চক্রপরিব্যাধ, আরগ্বধ বৃক্ষ, শোদালি গাছ

চক্রপাণি বিষ্ণু নারায়ণ, শ্রীকৃষ্ণ।

চক্রপাদ রথ, হস্তী।

চক্রপুষ্করিণী, মণিকর্ণিকা।

চক্রফল, অস্ত্র বিশেষ।

চক্রবর্ত্তী, সার্ব্বভৌম, আসমুদ্র করগ্রাহী, সম্রাট্, বাস্তুকশাক, বেতোশাক।

চক্রবাক, পক্ষিবিশেষ, চকাচকি।

চক্রবাত, ভ্রাম বাত, ঘূর্ণ বাতাস

চক্রবান্ধব, সূর্য্য রবি, দিবাকর। দিকসমূহ

চক্রবাল, লোকালোক পর্ব্বত, মণ্ডলাকার,

চক্রবৃদ্ধি, বৃদ্ধির পুনর্বৃদ্ধি, সুদের সুদ।

চক্রব্যূহ, যুদ্ধার্থ মণ্ডলাকারে সৈন্যরচনা।

[illegible] বিষ্ণু, নারায়ণ, চক্রধারী

[illegible] দলী, ধাত্রী, রজনী, নিশা।

[illegible], সর্পবিশেষ, অজগর সর্প

[illegible] চক্রপর্ণীবৃক্ষ, চাকুন্দিয়াগাছ।

[illegible] বাহন, রথাদি

চক্র[illegible] শূকর, বরাহ।

[illegible]কার, (চক্র আকার) মণ্ডলাকার, গোল।

চক্রাক্রান্ত, [illegible] গোল।

চক্রাঙ্গী হংসী, স্ত্রী হাঁস।

চক্রাঙ্গ, হংস, রথ।

চক্রাঙ্গী হংসী, [illegible], হেলেঞ্চা শাক

চক্রাট, বিষবৈদ্য, সাপুড়ে, ধূর্ত্ত শঠ।

চক্রাবর্ত্ত ঘূর্ণন [illegible]

চক্রিকা, জানু, হাঁটু, জঙ্ঘা।

চক্রী, (চক্রিন্) বিষ্ণু, চক্রবাক্ পক্ষী, কুলাল কুম্ভকার, সর্প সূচক, তৈলিক, কঙ্ক; কাক গর্দ্দভ, চক্রবিশিষ্ট।

চক্রীবান্, গর্দ্দভ, গাধা; রাজাবিশেষ।

চক্র কর্ত্তা ক্রিয়াকারক।

চক্লা, চাকলা প্রদেশ; অধিকার, রাষ্ট্র।

চঙ্কর বান রথ, বৃক্ষ।

চঙ্ক্রমণ, পুনঃ পুনর্ভ্রমণ, অতিশয়ভ্রমণ।

চঙ্গ, (চংগম) শোভন, সুন্দর, দক্ষ, পটু।

চঙ্গাই, (চঙ্গ) স্বাস্থ্য আরোগ্য।

চঙ্গারি, (চঙ্গ) বংশাদি নির্ম্মিত পাত্রবিশেষ

চঞ্চনিয়া (চণ) শুষ্ক নীরস, লঘু।

চঞ্চরী, ভ্রমরী, ভ্রমর স্ত্রী।

চঞ্চরীক, ভ্রমর, মধুকর, অলি।

চঞ্চল, (চল) অস্থির তরল; বায়ু।

চঞ্চলতা, (চঞ্চল) অস্থিরতা, চঞ্চলত্ব

চঞ্চলত্ব (চঞ্চল) অস্থিরত্ব চঞ্চলতা।

চঞ্চলা, অস্থির, লক্ষ্মী; বিদ্যুৎ, পিপ্পল পিপুল। [চা

চঞ্চ, (চনচ) নলনির্ম্মিত আস্তরণ বিশেষ

চঞ্চু, (চনচ) পক্ষির ওষ্ঠ, পাখির ঠোঁট; এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ; মৃগ

চঞ্চুকা, পক্ষির ওষ্ঠ, পাখির ঠোঁট।

চঞ্চুভৃৎ, পক্ষী, বিহগ, খগ

চট, (চট) ঝটিতি শীঘ্র, শুন, থলিয়

চটই, (চটক) চড়া, পক্ষিবিশেষ।

চটক, (চট) পক্ষিবিশেষ, চড়া, আরোপণ সৌন্দর্য্য, কাল্পনিক শ্রী। সংবরণ

চটকা, চটকপত্নী, চড়ী, শ্যামাপক্ষী, [illegible]

চটকিকা, (চটক) চটকপক্ষী, চড়া

চটন, (চট) বিদারণ, ফাট, ক্রোধন

চটাচটি, (চট) বিচ্ছেদ, আগল অনৈক্য

চটান, (চট) মাঠ, ক্রোধ জন্মান, গ্রহণ ভঙ্গ, অমিলন।

চটাল, (চত্বর) প্রশস্ত, চৌড়া, পরিসরান্বিত

চটিকাশিরঃ, ঔষধিবিশেষ; পিপ্পলী মূল, পিপুলের মূল।

চটা (চট) গুন, খণ্ড, গন্ধ, উত্তর থানা।

চটু প্রিয় বাক্য, প্রিয়ভাষণ, উদর; ব্রতিদিগের আসনবিশেষ।

চটুল, (চঞ্চল) চপল, সুন্দর, মনোহর।

চটুলা, বিদ্যুৎ, চঞ্চলা।

চটকান, (চটকা) [illegible], মাখন, ছানন।

চট্কানা, কচটান, ছানা, মর্দ্দন।

চটচটিয়া, আঠাল, চালাক।

চটপট, দ্রুত, শীঘ্র, ত্বরিত।

চড়, (চল) করতল, চপেট, চাপড়।

চড়ুই, চটকপক্ষী, চড়া।
চড়ক, (চল) চৈত্রী সংক্রান্তির ক্রিয়া, গাজন
চড়কন, (চড়ক) বিস্ফোটকাদির বেদনা; জ্বলন। [করণ।
চড়কল, (চড়ক) অতিশয় উজ্জ্বল; ব্যথা-
চড়ন, (চড়) আরোহণ, উঠন।
চড়া, (চড়) দ্বীপ; পুলিন; চটকপক্ষী।
চড়াও, (চড়) আক্রমণ; আকর্ষণ; গ্রহণ।
চড়াচড়ি, পরস্পর চপেটাঘাত করণ, পরস্পর চড় মারণ। [জ্যারোপণ; বাড়ান।
চড়ান, চপেটাঘাত করণ, চড়মারা, উঠান,
চড়াশব্দ, উচ্চস্বর, ধমকবাক্য, রূঢ়ধ্বনি।
চড়চড়, বেদনার উদ্রেক: স্ফোটকাদির যাতনা।
চড়তি, উচ্চমূল্য, অধিক দাম; [বট ছোলা।
চণক, (চণ) মুনি বিশেষ; শস্যবিশেষ, চণা,
চণকাত্মজ, (চণক-আত্মজ) বাৎস্যায়ন মুনি
চণকাম্লক, চণক লবণ।
চণা, চোনা, ছোলা, চণক; গোমূত্র।
চণ্ড, (চড়) অত্যন্ত কোপন; অতিশয় তীক্ষ্ণ তিন্তিড়ী বৃক্ষ; দৈত্যবিশেষ।
চণ্ডতা, (চণ্ড) উগ্রতা, ঔদ্ধত্য; ক্রোধ।
চণ্ডনায়িকা, দুর্গা; অষ্ট নায়িকার অন্তর্গত নায়িকা বিশেষ। [য়িকা বিশেষ।
চণ্ডবতী, দুর্গা, অষ্টনায়িকার অন্তর্গত না-
চণ্ডা, অষ্টনায়িকার অন্তর্গত নায়িকাবিশেষ; চোরনামক গন্ধদ্রব্য।
চণ্ডাংশু, সূর্য্য, দিনকর; খরকিরণ।
চণ্ডাতক, উত্তমা রমণীর অর্দ্ধ-উরুপর্য্যন্ত বসন, বরাঙ্গনা বস্ত্র।
চণ্ডাল, (চণ্ড-অল) বর্ণসঙ্কর জাতি বিশেষ, ব্রাহ্মণীর গর্ব্ভে শূদ্রের ঔরসে জাত; নিষাদ; চাঁড়াল, অতিনীচ, অন্ত্যজ।
চণ্ডালী, চণ্ডালভার্য্যা; অত্যন্ত অধমা বা অস্পৃশ্যা স্ত্রী।
চণ্ডিকা, (চণ্ডী) দুর্গা, ভগবতী, পার্ব্বতী।
চণ্ডী, (চড়) দুর্গা, ভগবতী, গৌরী; কোপনা স্ত্রী; মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবী মাহাত্ম্য। [ফুল।
চণ্ডীকুসুম, রক্ত করবীর পুষ্প, রাঙ্গাকরবী
চণ্ডীমণ্ডপ, ভগবতীর পূজালয়; দেবীগৃহ।
চণ্ডু, (চড়) উন্দুরু, ইন্দুর; কপি, বানর।
চণ্ডুল, (চড়) পক্ষি বিশেষ।
চতুঃপার্শ্ব, (চতুর-পার্শ্ব) চতুর্দ্দিগ, চারিপার্শ্ব
চতুঃশাল, (চতুর-শালা) পরস্পরাভিমুখ চারি গৃহ, চকমিলান ঘর।
চতুঃশালক, চকমিলান বাড়ী; পরস্পরাভিমুখ চারি ঘর।
চতুঃষষ্টি, চতুরধিক ষষ্টি; চৌষট্টি।
চতুঃসীমা, (চতুর-সীমা) চারিপার্শ্ব, চৌহদ্দ
চতুর, (চত) চারি সংখ্যা, কার্য্যদক্ষ, নিপুণ, চালাক; নিরালস্য; হস্তিশালা; নেত্ররোগ বিশেষ।
চতুরঙ্গ, (চতুর-অঙ্গ) হস্তি অশ্ব রথ পদাতিরূপ চারি ভাগে বিভক্ত সেনা; দ্যূতক্রীড়া বিশেষ, চৌপড় খেলা।
চতুরঙ্গিণী, (চতুরঙ্গ) চতুরঙ্গ সেনা, হস্তি অশ্ব রথ পদাতি রূপ সৈন্য। [মাণ।
চতুরঙ্গুল, আরগ্বধ বৃক্ষ; চারি অঙ্গুলি পরি-
চতুরতা, (চতুর) কৌশল, চালাকি, ধূর্ত্তত
চতুরস্র, (চতুর-অস্র) চতুষ্কোণ, চারি কোণ।
চতুরাজী, চতুরঙ্গ ক্রীড়ার অন্তর্গত ক্রীড়াবিশেষ।
চতুরানন, ব্রহ্মা, আত্মভূ, বিধাতা। [চালাকি
চতুরালি, চাতুর্য্য, চতুরতা; শঠতা; ধূর্ত্ততা
চতুর্গতি, কূর্ম্ম, কমঠ, কচ্ছপ।
চতুর্গুণ, চারিগুণ।
চতুর্থ, (চতুর) চতুঃসংখ্যার পূরক, চৌথা।
চতুর্থাংশ, চতুর্ভাগের এক ভাগ, তুরীয় অংশ, পাদ। [বিংশ কলার ক্রিয়া কাল।
চতুর্থী, তিথিবিশেষ, চন্দ্রের চতুর্থ ও ঊন-
চতুর্দন্ত, ঐরাবত হস্তী, ইন্দ্রের হস্তী।
চতুর্দশ, চতুরধিক দশ, চৌদ্দ সংখ্যা।
চতুর্দ্দশী, তিথি বিশেষ, চন্দ্রের চতুর্দ্দশ ও ঊনত্রিংশ কলার ক্রিয়াকাল।
চতুর্দিক, চারি দিক; চারি পার্শ্ব।
চতুর্দ্দিগে, চারিপার্শ্বে, চারিদিগে।
চতুর্দোল, (চতুর-দোলা) শিবিকা, যানবিশেষ, ডুলি, চৌদোলা। [চৌদোলা।
চতুর্দোলা, শিবিকা, যানবিশেষ, ডুলি;
চতুর্দ্ধা, (চতুর) চতুঃপ্রকার, চারি প্রকার
চতুর্ব্বক্ত্র, চতুর্মুখ, বিধাতা, ব্রহ্মা। [চতুষ্টয়।
চতুর্ব্বর্গ, ধর্ম্ম অর্থ কাম মোক্ষ, পুরুষার্থ
চতুর্বর্ণ, চারি রং; চারি অক্ষর; ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চারি জাতি।
চতুর্বিংশতি, সংখ্যাবিশেষ, ২৪।
চতুর্বেদী, চতুর্বেদ বেত্তা, চতুর্বেদ।
চতুর্বিধ, চারি প্রকার, [illegible]

চতুর্বেদ, ঋক্‌ যজুঃ সাম অথর্ব্ব এই বেদ চতুষ্টয়।
চতুর্বেদী, চারি বেদ বেত্তা।
চতুর্বর্গ, ধর্ম্ম অর্থ কাম মোক্ষ।
চতুর্ভুজ, বিষ্ণু, কৃতার্থ ; চারি বাহু।
চতুর্মুখ, ব্রহ্মা, ঔষধ বিশেষ।
চতুর্যুগ, চারি যুগ সত্য ত্রেতা দ্বাপর, কলি
চতুষ্কী, মশহরী, মশারি।
চতুষ্কোণ, চারি কোণ।
চতুষ্টয়, (চতুর) চারি অবয়ব। [মাথা।
চতুষ্পথ, একত্র মিলিত পথ চতুষ্টয়, চৌ-
চতুষ্পদ, পশু, চারি চরণ বিশিষ্ট জন্তু।
চতুষ্পদী, পদাচ্ছন্দঃ বিশেষ চৌপদী।
চতুষ্পাটী, নদী, সরিৎ।
চতুষ্পাঠী, (চতুর-পাঠ) যেস্থলে চারি বেদের পাঠ হয়, চৌপাড়ী টোল।
চতুষ্পাণি, বিষ্ণু, চতুর্ভুজ, শ্রীকৃষ্ণ।
চতুষ্পাদ, পশু, চারিপায়া জন্তু।
চতুস্ত্রিংশৎ, চতুরধিক ত্রিশ, চৌত্রিশ।
চতুঃসম চন্দন অগুরু কস্তুরী কুঙ্কুমমিলিত এই চারি গন্ধ দ্রব্য। [স্থণ্ডিল।
চত্বর, (চৎ) অঙ্গন, উঠান ; চাতাল, যাগস্থান
চত্বারিংশৎ (চতুর) সংখ্যা বিশেষ, চল্লিশ।
চত্বাল, হোমকুণ্ড ; দর্ভ, কুশ ; গর্ত্ত।
চদির, হস্তী ; চন্দ্র ; কর্পূর।
চনা, (চনস) কলায় বিশেষ, ছোলা ; বুট।
চনাহিরাণ, (চন্দন-হিরণ) বৃক্ষবিশেষ।
চন্দক, মৎস্যবিশেষ, চাঁদামাছ
চন্দন, (চন্দ) স্বনাম খ্যাত বৃক্ষ ; গন্ধসার ; সুগন্ধি কাষ্ঠ ; বানর বিশেষ
চন্দনপুষ্প, লবঙ্গ. [শেষ।
চন্দনশারিক, চন্দনা পক্ষী, শুকপক্ষিবি-
চন্দনা শারিকা বিশেষ, শুকপক্ষিবিশেষ ; নদী বিশেষ [শাচল।
চন্দনাদ্রি, (চন্দন-অদ্রি) মলয় পর্ব্বত, দাক্ষি
চন্দনী, নদীবিশেষ।
চন্দনীয়া, গোরোচনা, গন্ধ দ্রব্যবিশেষ।
চন্দনাটা, (চন্দন-অট) চন্দনপীড়ি।
চন্দ্রা, (চন্দ্র) মাথট, চাঁদা, মাধুকরী বৃত্তি।
চন্দির, চন্দ্র, শশধর ; হস্তী, হাতী।
চন্দ্র (চন্দ) শশাঙ্ক, চাঁদ ; স্বর্ণ ; দ্বীপবিশেষ ; কর্পূর ; কমনীয়। [মৎস্যবিশেষ, চাঁদামাছ।
চন্দ্রক, শ্বেতকিরণ ; ময়ূরপুচ্ছের চাঁদ, মৎ
চন্দ্রকলা, চন্দ্রের ষোল ভাগের একভাগ।

চন্দ্রকান্ত, শ্রীখণ্ড, চন্দন ; মণিবিশেষ।
চন্দ্রকান্তা, রাত্রি, রজনী, নিশা ; চন্দ্রের প-ত্নী রোহিণী।
চন্দ্রকী, ময়ূর ; চাঁদযুক্ত ; ময়ূর পুচ্ছবিশিষ্ট।
চন্দ্রকোণা, চন্দ্রকোণা নগরজাত বস্ত্রবিশেষ
চন্দ্রগুপ্ত, রাজা বিশেষ ; চিত্রগুপ্ত। [ন্দ্রিকা।
চন্দ্রগোলিকা, জ্যোৎস্না, চন্দ্রের কিরণ, চ-
চন্দ্রচঞ্চলা, চন্দ্রমৎস্য, চাঁদা মাছ। [দেব।
চন্দ্রচূড়, (চন্দ্র-চূড়া) চন্দ্রশেখর, শিব, মহা-
চন্দ্রদারা, অশ্বিন্যাদি নক্ষত্র, চন্দ্রপত্নী।
চন্দ্রপুষ্পা, শ্বেতকণ্টকারী, সাদা কন্টকারী।
চন্দ্রবংশ, চন্দ্র সন্তান ; প্রসিদ্ধ রাজবংশ বিশেষ।
চন্দ্রবল্লরী, সোমলতা ; ব্রাহ্মীশাক।
চন্দ্রবিহঙ্গম, পক্ষিবিশেষ, বকপক্ষী।
চন্দ্রব্রত, চান্দ্রায়ণ ; প্রায়শ্চিত্ত বিশেষ, ব্রত-বিশেষ ; রাজ্যপালন ব্রত।
চন্দ্রভাগা, (চন্দ্র-ভাগ) কাশ্মীর দেশের প্রসিদ্ধ নদী ; নদীবিশেষ।
চন্দ্রভূতি, রৌপ্য, রজত, রূপা।
চন্দ্রমণি, চন্দ্রকান্তমণি মাণিক্যবিশেষ।
চন্দ্রমণ্ডল, চন্দ্রবিম্ব, চন্দ্রের পরিধি।
চন্দ্রমল্লিকা, পুষ্পবিশেষ।
চন্দ্রমা, (চন্দ্রমস্) চন্দ্র, বিধু, নিশাকর।
চন্দ্রমৌলি, শিব, মহাদেব।
চন্দ্রলোহক, রূপা, রজত, রূপা।
চন্দ্রশালা, জ্যোৎস্না, অট্টালিকা উপরিস্থ-গৃহ, চড়ুর্ভী, আলিসা।
চন্দ্রশেখর, শিব ; মহেশ ; পর্ব্বত বিশেষ।
চন্দ্রসংজ্ঞ, কর্পূর, ঘনসার।
চন্দ্রসম্ভবা, ক্ষুদ্রএলা, ছোট এলাচ।
চন্দ্রহাস, রৌপ্য, রজত, রূপা। [লতা।
চন্দ্রা, এলাইচ ; বিতান, চাঁদোয়া ; গুড়ুচী-
চন্দ্রাতপ, (চন্দ্র-আতপ) আচ্ছাদন বিশেষ, বিতান, চাঁদোয়া, জ্যোৎস্না। [দুর্নাম,
চন্দ্রাদিত্যকলঙ্ক, দৃঢ়কলঙ্ক, বহুকাল-স্থায়ি
চন্দ্রাননা, (চন্দ্র-আনন) চাঁদবদনী, চন্দ্রমুখী
চন্দ্রাপীড়, শিব, শম্ভু, মহাদেব।
চন্দ্রাবলী, (চন্দ্র-আবলী) গোপীবিশেষ রাধিকার সখীবিশেষ। [চন্দ্রের তুল্য
চন্দ্রাভাস, (চন্দ্র-আভাস) কৃত্রিম চন্দ্র ;
চন্দ্রিকা, (চন্দ্র) জ্যোৎস্না, চন্দ্রের কিরণ ; চাঁদা মাছ ; চন্দ্রভাগা নদী ; মেথি।
চন্দ্রিকাম্বুজ, শ্বেতোৎপল, শুক্লপদ্ম।

চন্দ্রিকাদ্রাব, চন্দ্রকান্তমণি, মাণিক্যবিশেষ।
চন্দ্রিকাপায়ী, পক্ষি বিশেষ, চকোরপক্ষী
চন্দ্রিমা, (চন্দ্র) শশাঙ্ক, শশধর, বিধু।
চন্দ্রিল, শিব; নাপিত; বাস্তুক শাক।
চন্দ্রোদয়, (চন্দ্রউদয়) নিশাকরের প্রকাশ; চন্দ্রাতপ, চাঁদোয়া; ঔষধবিশেষ।
চন্দ্রোপল, (চন্দ্র-উপল) চন্দ্রকান্তমণি; মাণিক্যবিশেষ।
চপট, (চপ-অট) চপেট, চাপড়, থাবড়া।
চপরাস, (চপট) পদাতিকের চিহ্ন, মুদ্রাঙ্কিত চিহ্ন বিশেষ। [পারা; প্রস্তর বিশেষ
চপল, (চপ) চঞ্চল, অস্থির, তরল; কামুক;
চপলতা, চাপল্য, চাঞ্চল্য, অস্থিরতা।
চপলত্ব, (চপল) চঞ্চলতা, চাপল্য।
চপলা, (চপ) লক্ষ্মী; বিদ্যুৎ; পুংশ্চলী। চঞ্চলা, অস্থিরা; পিপ্পলী। [চড়, চাপড়।
চপেট, (চপ) বিস্তৃতাঙ্গুলি করতল, প্রহস্ত,
চবিলা, (চু) রসিক, উল্লাসী; চালাক।
চমক, (চম) উজ্জ্বলতা, প্রভা দীপ্তি; ভয়ে টলা; চৈতন্য। [ভুক্ত করণ।
চমকন, কাঁপন, ডরন; চমৎকৃত হওন।
চমকিত, (চমক) কম্পিত, বিস্মিত; চমৎকৃত, ভুক্তদ্রব্য।
চমড়া, (চর্মান) ত্বক্, চর্ম্ম, ছাল।
চমৎকার, (চমৎ-কৃ) বিস্ময়; আশ্চর্য্য; চিত্ত বিস্তার; আপাংগাছ। [পশু বিশেষ;
চমর, (চম) চামর, বালব্যজন, চমর নামে
চমরপুচ্ছ, চামর; বালব্যজন।
চমরী, (চম) চমর নামে গবী বিশেষ।
চমস, (চম) যজ্ঞ পাত্র বিশেষ, চামচা; পিষ্টক বিশেষ, লড্ডুক বিশেষ।
চমসী, কাষ্ঠ রচিত যজ্ঞপাত্র বিশেষ।
চমূ, (চম) সেনা, সৈন্য, লস্কর ৭২৯ হস্তী-৭২৯ রথ, ২১৮৭ অশ্ব ৩৬৪৫ পদাতি এতৎ সমুদয়।
চমূরু, হরিণ বিশেষ। [হওন; ভুক্তকরণ।
চমকন, (চমক) কম্পন; ডরন; চমৎকৃত
চম্পক, (চপ) পুষ্প বিশেষ চাঁপাফুল; কদলী বিশেষ। [লের কুঁড়ি।
চম্পককলিকা, চম্পককোরক, চাঁপাফু-
চম্পকরম্ভা, স্বর্ণ কদলী, স্বর্ণরম্ভা, চাঁপাকলা
চম্পকালু, পনস, কন্টকিফল, কাঁটাল।
চম্পাকোষ, পনস, কন্টকিফল, কাঁটাল।
চম্পাট, (চম) প্রস্থান, পলায়ন; লুকান।

চম্পা, কর্ণপুরী; ভাগলপুর প্রদেশ; চম্পারণ্য, চম্পারন। [পতি; কর্ণরাজ
চম্পাধিপ, চম্পারণ্য নামক দেশের অধি-
চম্পাপুরী, চম্পানগরী, চম্পারন।
চম্পালু, পনস, কন্টকিফল, কাঁটাল। [বাক্য।
চম্পূ, কাব্য বিশেষ, গদ্য পদ্যময় সংস্কৃত
চম্বেলি, (চং-বেলি) পুষ্পবিশেষ। [রাশি।
চয়, (চি) সমূহ; বপ্র; প্রাচীর; পগার;
চয়ন, (চি) সংগ্রহকরণ; আহরণ, তোলন।
চর, গোপনে রাষ্ট্রাদির শুভাশুভ জ্ঞান নিমিত্ত নিযুক্ত পুরুষ, পরতত্ত্ব জ্ঞানার্থ ভ্রমণকারী কপট বেশধারী দূত; চঞ্চল অস্থাবর; জঙ্গম, খঞ্জন পক্ষী; কপর্দ্দক।
চরক, (চর) মুনি বিশেষ, বৈদ্যক; গ্রন্থবিশেষ; গাজন ক্রিয়া, চার।
চরকসংক্রান্তি, মহাবিষুব সংক্রান্তি।
চরকা, (চক্র) সূত্র কর্ত্তন যন্ত্র, সূতা কাটিবার কল, আকর্ষণার্থ চক্র।
চরকী, (চক্র) ক্ষুদ্রচক্র; নাটাই; কার্পাসদলনের যন্ত্র; চরকপূজার ব্রতী।
চরকীকল, চক্রাকৃতি যন্ত্র বিশেষ; ঘুরণ।
চরখা, (চরকা) সূত্র কর্ত্তন যন্ত্র, খঞ্জনপক্ষী।
চরণ, (চর) পাদ, অংঘ্রি; পশুপক্ষির আহারার্থ ভ্রমণ; শ্লোকের চতুর্থাংশ; চলন।
চরণগ্রন্থি গুল্‌ফ, পায়ের গোড়মুড়া।
চরণদাসী, জায়া; পদানতা, পাদুকা, খড়ম
চরণসেবা, উপাসনা, আরাধনা, শুশ্রূষা;
চরণযুগল, পদযুগল, চরণযুগ, দুইপা।
চরণামৃত, (চরণ অমৃত) চরণোদক, পাদোদক, গুরুতর ব্যক্তির পদ প্রক্ষালন জল।
চরণায়ুধ, (চরণ-আয়ুধ) কুক্কুট, কুকড়া, মোরগ।
চরণোদক, (চরণ-উদক) পদ প্রক্ষালন জল, চরণামৃত, চরণ ধৌত করা জল। [ছুটী।
চরতী, (চর) ঘাস বিশেষ; এক প্রকার বি-
চরবী, (বাং) বসা, শরীরস্থ ধাতুবিশেষ।
চরম, (চর) অন্তিম, শেষ, অবসান; পশ্চিম
চরমকাল, শেষকাল, অন্তিম সময়; প্রাণ বিয়োগের পূর্ব্ব ক্ষণ।
চরমক্ষ্মাভৃৎ, অস্তাচল অস্তপর্ব্বত। [গিরি।
চরমাচল, (চরম-অচল) অস্তপর্ব্বত, অস্ত-
চরমাদ্রি, (চরম-অদ্রি) অস্তপর্ব্বত, অস্তাচল
চরস, (চর) মাদক দ্রব্য বিশেষ, মাদক দ্রব্যের আটা।

চরসী, (চরস) চরস নামক মাদক দ্রব্যের-ধূম পায়ী।
চরাই, পশু পক্ষির আহারার্থ ভ্রমণ চরিয়া বেড়ান। [অগং।
চরাচর, (চর-অচর) স্থাবর জঙ্গম, চলাচল,
চরাণ, (চরা) পশুদিগকে মাঠে লইয়া তৃণাদি খাওয়ান ; পশু পালন।
চরাণি, (চরা) মাঠ, ময়দান, পশুচারণ স্থান
চরাণা, মাঠ, ময়দান, পশু চারণস্থান।
চরি, পশু, চতুষ্পদ প্রাণী, জন্তু।
চরিত, (চর) চরিত্র, ব্যবহার, আচরণ; বৃত্ত, ব্যবহৃত, অনুষ্ঠিত।
চরিতার্থ, (চরিত-অর্থ) প্রাপ্ত প্রয়োজন; কৃতকার্য্য, কৃতার্থ; প্রাপ্তাভীষ্ট।
চরিতার্থতা, কৃতার্থতা, প্রয়োজন সিদ্ধি। অভীষ্ট লাভ। [জন, প্রাপ্তাভিলষিত।
চরিতার্থীকৃত, কৃতার্থীকৃত, প্রাপিত প্রয়ো-
চরিত্র, (চর) স্বভাব, আচরণ ; ব্যবহার।
চরিষ্ণু, (চর) জঙ্গম, চলনশীল ; অস্থাবর।
চরীত্র, আচরণ ; স্বভাব ; ব্যবহার ; চলন ; রীতি প্রকৃতি।
চরু, (চর) যজ্ঞীয় পায়স, হব্যান্ন, হোমার্থ অনবস্রাবিত ঈষদুষ্ণ পক্ক অন্ন।
চরুব্রণ, পিষ্টক বিশেষ ; চিতই পিঠা।
চর্চ্চরী, বাদ্য বিশেষ।
চর্চ্চা (চর্চ্চ) দুর্গা ; চিন্তা ; বিচারণ, আলোচন, আন্দোলন, অনুশীলন।
চর্চ্চিকা, (চর্চ্চ) দুর্গা ; চর্চ্চা, আন্দোলন।
চর্চ্চিত, চন্দন দি দ্বারা কৃত লেপন, লিপ্ত।
চর্ত্তা, বধ্য, হননীয়, প্রাণ দণ্ডের যোগ্য।
চর্পট, বিস্তৃত, বিপুল, চপেট, চাপড়।
চর্ব্বণ, (চর্ব্ব) দন্ত দ্বারা চূর্ণ বা পেষণ, চিবান ;
চর্ব্বিত, কৃতচর্ব্বণ, ভক্ষিত, চিবান।
চর্ব্বিত চর্ব্বণ, ভক্ষিত ভক্ষণ ; আম্রেড়ন। পুনঃ২ উক্ত ; আন্দোলন
চর্ব্ব্য, (চর্ব্ব) দন্ত দ্বারা পেষণের উপযুক্ত, সুন্দর রূপ চর্ব্বণীয়।
চর্ভটী, হর্ষে ক্রীড়ার বাক্য ; আহ্লাদ।
চর্ভটি, আহ্লাদ, আমোদ ; অকাতরে ব্যয়োৎসব। [বিশেষ, ঢাল
চর্ম্ম (চর্ম্মণ) ছাল, ত্বক ; চাম, চমড়া ; অস্ত্র
চর্ম্মকষা, পশ্চিম দেশজাত গন্ধ দ্রব্যবিশেষ ওষধিবিশেষ। চামর, মুচি পাদুকাকার।
চর্ম্মকার, (চর্ম্মন-কৃ) বর্ণ সঙ্কর জাতি বিশেষ, র্ম্মকারী, চর্ম্মকষা নামে ওষধি বিশেষ ; চামারেণী মুচিনী।
চর্ম্মচটকা, (চর্ম্মন-চটক) নিশাচর পক্ষি বিশেষ, চামচিকা, গৃহ মাচিকা।
চর্ম্মচটিকা, চামচিকা, নিশাচর পক্ষি বিশেষ
চর্ম্মচটী, চর্ম্মচটকা, চামচিকা, নিশাচর পক্ষি বিশেষ। [রোগ।
চর্ম্মচিত্রক, শ্বেতকুষ্ঠ, শ্বিত্র রোগ, ধবল
চর্ম্মজ, রোম, লোম, পশম ; রুধির, শোণিত রক্ত।
চর্ম্মণ্বতী, বন্দেলখণ্ডদেশে বিখ্যাতচম্বলনদ
চর্ম্মদণ্ড, কশা, চাবুক, উপস্থ, লিঙ্গ।
চর্ম্মতরঙ্গ, ত্বক সংকোচ ; ত্বক্‌রোগবিশেষ।
চর্ম্মপত্রা, চর্ম্মচটী, চামচিকা।
চর্ম্মপাদুকা, (চর্ম্মন-পাদুকা) উপানৎ, চামড়ার জুতা। [জাঁতা ভস্ত্রা।
চর্ম্মপ্রসেবক, অগ্নি উদ্দীপ্ত করণার্থ যন্ত্র,
চর্ম্মপ্রসেবিকা, অগ্নি উদ্দীপ্ত করণার্থচর্ম্মনির্ম্মিত যন্ত্র, জাঁতা ভস্ত্রা। [মক অস্ত্র।
চর্ম্মভেদিকা, চর্ম্ম প্রভেদন অস্ত্র, ফোড় না-
চর্ম্মমুণ্ডা, দুর্গা, ভগবতী।
চর্ম্মরু চর্ম্মকার, চামার, মুচি।
চর্ম্মার, চর্ম্মকার, চামার, মুচি।
চর্ম্মী, (চর্ম্মন) চর্ম্মধারী যোদ্ধা, ঢালী।
চর্য্য (চর) আচরণীয়, ব্যবহার্য্য।
চর্য্যা, আচরণ ; নিয়মাপরিত্যাগ ; অনুষ্ঠান ব্যবহার ; স্বভাব ; চরিত্র।
চর্ষণি, লোক, জন, ব্যক্তি। [স্থিত।
চল, চঞ্চল, অস্থির, অস্থায়ি ; কম্পিত কম্প-
চলচঞ্চু, পক্ষি বিশেষ, চকোর পক্ষী।
চলৎ, গমনশীল ; অস্থায়ি, নশ্বর।
চলৎ, পূর্ণিমা, চন্দ্রক মৎস্য, চাঁদামাছ।
চলৎশক্তি, চলনের ক্ষমতা, গমনশক্তি।
চলৎশক্তিরহিত, গমনাক্ষম, গমনশক্তি হীন
চলৎশক্তিহীন, গমনশক্তিরহিত, গমনাক্ষম গতিশক্তি হীন।
চলদঙ্গ, (চলৎ-অঙ্গ) মৎস্যবিশেষ, চেঙ্গমাছ।
চলদল, অশ্বত্থ বৃক্ষ, আশথ গাছ।
চলন, (চল গমন, ভ্রমণ, কম্পন, আচার, ব্যবহার ধারা ; প্রচার ; চরণ পদ।
চলনার্হ- (চলন-অর্হ) চলিবার যোগ্য, ব্যবহার্য্য ; গন্তব্য। [বস্ত্র।
চলনী, বস্ত্রঘর্ঘরী ঘাঘরা, স্ত্রীলোকের অধো-
চলপত্র, অশ্বত্থ ; বৃক্ষ, চলদল।

চলা, (চল) লক্ষ্মী, চঞ্চলা ; চলিত ; বৃক্ষবিশেষ।
চলাচল, অস্থির, চঞ্চল ; কাক ; স্থাবরজঙ্গম
চলাতঙ্ক, রোগ বিশেষ, বাত রোগ।
চলান, (চল) চলিত করণ, প্রচারণ ; পথদেখান ; বহান, সরান।
চলাবুলা, (চল-বুল) গতিবিধি ; গমনাগমন, আনাগোনা।
চলি, (চল) গতি ; যাত্রা ; দৌড়।
চলিত, কম্পিত ; গত ; প্রচার চলন।
চলিতব্য, (চল) গন্তব্য, চলনোপযুক্ত।
চলিষ্ণু, (চল) গমনশীল ; অস্থায়ি, চল চলিয়া, গমনোদ্যত।
চলু, গণ্ডুষ, প্রসৃতি।
চলুক, (চল) প্রসৃতি, গণ্ডুষ, ভাণ্ড বিশেষ
চল্‌কন, (চল্‌ক) উথলন ; ঝল্‌কন।
চল্‌কান, উথলিত, উত্তোলিত।
চলচলিয়া, (চল) চঞ্চল, তরল, অস্থির।
চলতি, (চল) ক্রিয়া ব্যবহার, চলন, প্রচার।
চল্লিশ (চত্বারিংশৎ) সংখ্যাবিশেষ, ৪০।
চশমা, (যাং) উপচক্ষু। [মধু ; মদ্যবিশেষ।
চষক, (চষ) পানপাত্র, পিয়ালা ; সুরাপাত্র ;
চষণ, (চষ) কর্ষণ, ভূমি বিদারণ।
চষতি, ভক্ষণ ; বধ, হত্যা, মারণ।
চষা, (চষ) কৃষ্ট, বিদারিত ভূমি।
চষাণি, কর্ষাণি ; কৃষিকর্মের বেতন।
চষাল, যজ্ঞার্থ যূপের উপরিস্থ কাষ্ঠবিশেষ ; কৃষ্য ভূমি।
চষি, (চষ) লাঙ্গলিয়, কর্ষক।
চহল, (চিরিখিল্ল) কর্দ্দম, কাদা ; বৃষ্টিদ্বারা আর্দ্রভূমি। [সামগ্রী ; কথন।
চক্ষণ, মদ্যপান রোচক ভক্ষ্য দ্রব্য ; শুদ্ধি
চক্ষাঃ, বৃহস্পতি, উপাধ্যায়, শিক্ষক।
চক্ষাচক্ষি, মুখামুখি ; নয়নে নয়ন সংমিলন
চক্ষুঃ, (চক্ষ) দর্শনেন্দ্রিয়, নয়ন, নেত্র ; দৃষ্টি ; মেষশৃঙ্গী বৃক্ষ।
চক্ষুঃশ্রবাঃ (চক্ষুস্‌-শ্রবস্‌) সর্প, ভুজঙ্গ, ভুজঙ্গম। [বর্তী।
চক্ষুর্গোচর, দৃষ্টির বিষয়, প্রত্যক্ষ, দৃষ্টিপথ-
চক্ষুষ্য, চক্ষুর হিত ; প্রিয়দর্শন ; রসাঞ্জন। শোভাঞ্জন বৃক্ষ।
চক্ষুষ্যা, সুভগা, সুন্দরী ; কন্যাবিশেষ।
চা, (ইচ্ছা) স্পৃহা, বাঞ্ছা, ইচ্ছা ; (যাং) বৃক্ষ

চাইট, (চট) গবাদির পদাঘাত।
চাউনি, (চা) দৃষ্টি, অবলোকন ; দর্শন ; বাঞ্ছা
চাউল, (চালনী) তণ্ডুল ; নিস্তুষ, পরিষ্কৃত ধান্য। [অবলোকন।
চাওন, যাচ্ঞা, প্রার্থনা, মাঙ্গন ; বাঞ্ছন ;
চাওয়াচাওয়ি, (চা) পরস্পর প্রার্থনা করণ ; দেখাদেখি।
চাঁই (চঞ্চ) লোষ্ট্র, ডেলা, প্রধান ; মুখীভূত।
চাঁচ, (চঞ্চ) আসনবিশেষ ; আবরণ বিশেষ, মুখীভূত। [করণ।
চাঁচন, (চাঁচ) ছোলন, সূক্ষ্ম করণ, পরিষ্কার-
চাঁচনি, (চাঁচ) পরীক্ষা করিবার নিমিত্ত নিকটে স্থাপিত স্বর্ণাদি খণ্ড।
চাঁচর, (চর) কোঁকড়া চুল ; উত্তম কেশ।
চাঁচী, (চাঁচ) দুগ্ধ বা অন্নাদির পাত্রে লগ্ন-গাঢ় অংশ।
চাঁঞি, (চঞ্চ) দলের প্রধান, মুখীভূত।
চাঁদ, (চন্দ্র) নিশাকর, শশাঙ্ক।
চাঁদনী, (চন্দ্র) চন্দ্রাতপ, চাঁদোয়া ; বারাণ্ডা
চাঁদা, (চন্দ্র) মাথট, মাধুকরী বৃত্তি।
চাঁদী, (চন্দ্র) রৌপ্য ; মস্তকের উপরিভাগ, মাথার টিকি।
চাঁদোয়া, চন্দ্রাতপ ; পাইল। শেষ।
চাঁপা, (চম্পক) চম্পক পুষ্প ; অলঙ্কার বি-
চাঁপাকলা, স্বর্ণকদলি, চম্পক কদলি।
চাক, (চক্র) মধুচক্র, মৌচাক।
চাকন, (চাক) আস্বাদন ; স্বাদপরীক্ষণ।
চাকন্দা, (চক্রমর্দ্দ) চাকুন্দে গাছ।
চাকভ্রমি, (চাক-ভ্রমিন) চক্রবৎ ভ্রমণ, ঘূর্ণন, চরকির ন্যায় ঘুরণ
চাকর, (যাং) ভৃত্য, কর্ম্মকারী, বেতনগ্রাহী
চাকরান, (যাং) ভৃত্যের ভরণার্থ স্থাপিত-ভূম্যাদি। [কর্ম করণ।
চাকরি, (যাং) ভৃত্যতা, বেতন গ্রহণ পূর্ব্বক
চাকলা, (চক্র) প্রদেশ, অঞ্চল, অধিকার ; ফলাদির খণ্ড।
চাকশূল, ওষধি বিশেষ।
চাকা, (চক্র) নেমি ; মণ্ডল ; মৌচাক।
চাকী, (চক্র) চক্রাকার বস্তু, টেকুয়ার অগ্রভাগস্থিত গোলাকার বস্তু। [স্বচ্ছভাব।
চাকচক্য, (চকচকি) দীপ্তি, উজ্জ্বলতা,
চাক্রী, (চক্র) চক্রাকার টিকলী
চাগন, (চাগ) উত্থান, নড়ান ; ভারগ্রহণ

চাঙান, উঠান; জড়ান, ভারগ্রহণ পূর্ব্বক উত্তোলন।
চাঙ্গা, সুস্থ; নীরোগ; সবল।
চাঙ্গারী, বংশ রচিত পাত্রবিশেষ। [মুসলমান
চাচকী, অস্থির, চঞ্চল, চপল; লওয়ান,
চাচা, (চ) খুল্লতাত, পিতৃব্য, খুড়া।
চাচাতো, পিতৃব্য সম্বন্ধীয়, খুড়াতো।
চাচী, (চাচা) পিতৃব্য পত্নী, খুড়ী।
চাঞ্চল্য, (চঞ্চল) চঞ্চলতা, চাপল্য, অস্থিরতা; উদ্বেগ; দ্রুতভাব
চাট, চোর; মুখ রোচনার্থ খাদ্যদ্রব্য বিশেষ
চাটন, (চাট) জিহ্বাদ্বারা রসাস্বাদন; অবলেহন। [লাথি।
চাটি, (চট) জন্তুর পশ্চাদ্দিকের পদাঘাত,
চাটিম, (চট) লেহ্য; কদলী বিশেষ, মর্ত্তমান কলা।
চাটু, (চট) প্রিয়বাক্য, খোশামুদিয়া কথা; মিষ্টবচন; স্তব।
চাটুকার, প্রিয়ভাষী; খোশামুদিয়া; স্তাবক
চাটুপটু, ভণ্ড, প্রতারক, ভাঁড়। [দিয়া।
চাটুবাদী, (চাটু-বাদন) স্তাবক, খোসামু-
চাটুয়া, (চট) তল; করতল; পাদতল।
চাটূক্তি, (চাটু-উক্তি) প্রিয়কথা, সন্তোষজনক বচন, স্তুতিবাক্য; সেবা, উপাসনা।
চাটে, (চাট) সমস্তে; সর্ব্বতোভাবে।
চাড় (চল) প্রয়োজন, আবশ্যক; ত্বরা।
চাড়া, উচ্চ; উচ্চস্বর; জ্যা টানন।
চাড়ী, উত্তোলন যষ্টি, দণ্ড বিশেষ।
চাণ (চিহ্ন) মৎস্যের জলচিহ্ন।
চাণকীন, ছোলা উৎপন্ন হইবার যোগ্যক্ষে
চাণক্য, (চাণক) মুনি বিশেষ; নীতি গ্রন্থবিশেষ।
চাণুর, কংসরাজের যোদ্ধা বিশেষ।
চাণুরসূদন, শ্রীকৃষ্ণ; চাণুর নামক দৈত্যের নিহন্তা। [ডাল শ্বপচ।
চাণ্ডাল, (চণ্ড) বর্ণসঙ্কর জাতি বিশেষ, চ-
চাণ্ডালী, চণ্ডাল পত্নী; চণ্ডালী। [পক্ষী।
চাতক, (চত) পক্ষিবিশেষ, স্বনাম খ্যাত-
চাতকানন্দ, (চাতক-আনন্দ) বর্ষাকাল, জলদাগমকাল;
চাতকিনী, চাতকী।
চাতর, (চত্বর) দুষ্টলোকের সম্প্রদায়, দুশ্চরিত্রের চক্র। [স্থল।
চাতাল (চত্বর) অবেষ্টিত স্থান, অনাবৃত

চাতুর, গাল বালিশ; নেত্র গোচর; প্রিয়ভাষী। [বঞ্চনা।
চাতুরালী, (চতুর) চাতুর্য্য, চতুরতা; প্রব-
চাতুরাশ্রম্য, ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য বানপ্রস্থ ভিক্ষু এই চারি আশ্রমের ধর্ম্ম।
চাতুরিক, (চতুর) সারথি, রথে প্রাজক, কোচমেন; চাতুর্য্যশালী।
চাতুরী, (চতুর) দাক্ষ্য, নৈপুণ্য, কৌশল; চতুরতা; ছল, শঠতা; মায়া।
চাতুর্ব্বর্ণ্য, (চতুবর্ণ) ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চারি জাতি; চারি বর্ণের ধর্ম্ম।
চাতুর্ব্বিদ্য, চতুর্বেদ বেত্তা, চারিবেদ বিদ্বান
চাতুর্য্য, (চতুর) চতুরতা, চালাকী; প্রবঞ্চনা, শঠতা। [শেষ।
চাতুর্হোত্র, চারি জন ঋত্বিক্ সাধ্য যজ্ঞ বি-
চাত্বাল, গর্ত্ত, গহ্বর, খাত।
চাদর, (ফা) বস্ত্র বিশেষ; দোলাই, একলাই
চান্দনী, চন্দ্রের কিরণ, জ্যোৎস্না; বারাণ্ডা; চন্দ্রাতপ।
চান্দ্র, (চন্দ্র) চন্দ্রসম্বন্ধীয়; চান্দ্রমাস; চন্দ্রকান্তমণি; চান্দ্রায়ণ নামে ব্রত বিশেষ।
চান্দ্রক, শুণ্ঠী, শুঁঠ, শুষ্ক আর্দ্রকবিশেষ
চান্দ্রভাগা, চন্দ্রভাগা নদী।
চান্দ্রমাস, চন্দ্রসম্বন্ধীয় মাস।
চান্দ্রায়ণ, (চন্দ্র) ব্রতবিশেষ, ইন্দুব্রত, এক প্রকার প্রায়শ্চিত্ত।
চান্দ্রী, জ্যোৎস্না, চন্দ্রিকা; শ্বেত কন্টকারী।
চাপ, (চপ) ধনু; ধনুদণ্ড; স্থূল মৃত্তিকা খণ্ড; ভার; দাবি
চাপড়, (চপেট) করতল, থাবড়।
চাপড়ান, চপেটাঘাতকরণ, থাবড়ান।
চাপন, (চাপ) ভার দেওন; ঝাঁতন, সম্বহন, টিপান; অঙ্কন।
চাপল, অনবস্থিতি; চঞ্চলতা।
চাপল্য, (চপল) চপলতা, চাঞ্চল্য, অস্থৈর্য্য
চাপা, ঢাক; ছপ্পর; জাঁত। [নামন; স্থান
চাপান, (চাপ) অবরোহণ, নৌকাহইতে
চাপুয়া, আবর্ত্তিক; ঘন, গাঢ়।
চাপ্টা, প্রশস্ত, অগভীর। [illegible] বিশেষ।
চাপ্টালি, (চাপ) থাবড়িয়া [illegible] উপবে-
চাবড়া, (চাপ) মৃত্তিকা রাশি। [শেবণ।
চাবন, উপরি আক্রমণ; চর্ব্বণ, দন্ত দ্বারা-
চাবনি, (চা) দৃষ্টি, কটাক্ষ, [illegible]
চাবান, দন্তদ্বারা পেষণ চর্ব্বণ; দর্শন।

চাবী, (বাং) তালার কাঠী, ছোড়ান, কুঁজি।
চাম, (চর্ম্মন) চর্ম্ম, চামড়া, ত্বক্, ছাল।
চামচা, (চমস) দর্ব্বী, খজাকা।
চামচিকা, চর্ম্মচটী, রাত্রিচর পক্ষিবিশেষ।
চামড়, (চাম) পরস্পর বন্ধন; আঠাল; চিট।
চামড়মাংস, দৃঢ় মাংস, শক্তমাংস; কাঠিন্য যুক্ত।
চামড়া, (চর্ম্মন) চর্ম্ম, ত্বক্, ছাল।
চমাড়ী, শুষ্ক; নীরস; মরা মাংস।
চামৎকার্য্য, (চমৎকার) আশ্চর্য্য, বিচিত্রতা, বৈচিত্র্য, অদ্ভুতত্ব।
চামনী, (চাম) উকুনের ডিম্ব।
চামর, (চমর) চমরী নামক মৃগ বিশেষের পুচ্ছ লোম নির্ম্মিত ব্যজন, চৌরী।
চামরপুষ্প, গুবাক; কাশপুষ্প; আম্র; কেতক, কেয়াফুল।
চমরী, (চমর) মৃগ বিশেষের পুচ্ছ নির্ম্মিত-ব্যজনবিশেষ; ঘোটক বিশেষ।
চামসা, (চাম) শুষ্ক চর্ম্মবৎ দুর্গন্ধি
চামাটী, (চাম) ক্ষুর ঘর্ষণার্থ চর্ম্মখণ্ড, চামাতী
চামাতী, নাপিতের ক্ষুর ঘর্ষণার্থ ক্ষুদ্রচর্ম্ম খণ্ড, চামাটি। [পাদুকা নির্ম্মাতা, মুচী।
চামার, বর্ণসঙ্কর জাতি বিশেষ, চর্ম্মকার,
চামীকর, (চমীকর) স্বর্ণ, সুবর্ণ, কাঞ্চন, ধুস্তুর। [চামাতী।
চামুটী, নাপিতের ক্ষুর ঘর্ষণার্থ ক্ষুদ্রচর্ম্ম খণ্ড
চামুণ্ডা, দুর্গা, ভগবতী।
চাম্পিল, (চম্প) মৎস্যবিশেষ।
চাম্পিলা, নদী বিশেষ। [শির।
চাম্পেয়, চম্পক পুষ্প, চাঁপা ফুল; নাগকে
চাম্পেয়ক, কিঞ্জল্ক কেশর, ফুলেরপাবড়ি।
চাম্য, ভক্ষ্য, ভক্ষণার্থ দ্রব্য। [সঞ্চার।
চার, (চর) গুপ্ত পুরুষ; পিয়াল বৃক্ষ; গতি,
চারণ, (চর) নট বিশেষ; নর্ত্তক; ভণ্ড; স্তুতি পাঠক; পশু দিগকে আহার দানার্থ মাঠে লইয়া যাওন; বীজপ্রোথন।
চারভট, বীর, যোদ্ধা; মল্ল।
চারবায়ু, গ্রীষ্ম কালীন বাতাস।
চারা, ক্ষুদ্র বৃক্ষ; নূতন বীজোৎপন্ন বৃক্ষ উপায়; গতি।
চারি, (চতুর) চতুঃ সংখ্যা; চতুষ্টয়।
চারিত্র, (চরিত্র) স্বভাব, রীতি, প্রকৃতি।
চারিপায়া, (চারি-পদ) পর্য্যঙ্ক, খট্টা, খাট।
চারী, কারক, কর্ত্তা; নিযুক্ত।

চারু, (চর) সুন্দর, মনোহর; সুদৃশ্য।
চারুগর্ভ, শ্রীকৃষ্ণের এক পুত্রের নাম।
চারুগুপ্ত, শ্রীকৃষ্ণের এক পুত্রের নাম।
চারুতা, (চারু) সৌন্দর্য্য, সুশ্রীতা।
চারুত্ব, (চারু) সৌন্দর্য্য, সুশ্রীতা।
চারুনালক, রক্তপদ্ম, কোকনদ।
চারুফলা, দ্রাক্ষা, আঙ্গুর, কিসমিস।
চারুলোচন, হরিণ; সুন্দর চক্ষুঃ।
চারুশিলা, মণি, রত্ন বিশেষ।
চার্চ্চিক্য, চন্দনাদি দ্বারা দেহ বিলেপন, অঙ্গরাগ। [সুরূপা স্ত্রী।
চার্ব্বঙ্গী, (চারু-অঙ্গ) মনোহর শরীরা নারী,
চার্ব্বাক, (চারু-বাক) তার্কিক বিশেষ, লোকায়তিক; নাস্তিক বিশেষ। [ভনা।
চার্ব্বী, কুবের পত্নী; জ্যোৎস্না; বুদ্ধি; শো-
চার্ম্ম, চর্ম্মাচ্ছাদিত রথ; চর্ম্মাবৃত, চামড়া ঢাকা। [হার; তণ্ডুল।
চাল, (চল) গৃহাচ্ছাদন; ছাদ; রীতি; ব্যব-
চালক, (চল) চালন কর্ত্তা; হস্তি বিশেষ
চালকী, (চাল) তণ্ডুল বিক্রয়; তণ্ডুল প্রস্তুত করণ পুরঃসর বিক্রয় ব্যবসা
চালন, (চল) স্থানান্তরে নয়ন; সরান; প্রেরণ; ঝাঁকন। [বহুচ্ছিদ্রা।
চালনী, (চাল) ছাঁকনী, শস্যাদি চালন পাত্র
চালাক, (চল) চতুর, নিপুণ, দক্ষ।
চালাকী, (চালাক) চতুরতা, নিপুণতা।
চালান, নিযোজন, প্রেরণ, পাঠান।
চালি, (চল) চলন; ব্যবহার; তণ্ডুল।
চালু, (চালন) তণ্ডুল, চাউল, চাল।
চালুনী, (চালন) তণ্ডুল পরিষ্কার করিবার যন্ত্র বিশেষ।
চাষ, স্বর্ণচাতক সোণাচড়া; কৃষিকর্ম্ম।
চাষণ, (কৃষ) কৃষিকরণ, লাঙ্গল দ্বারা ভূমিকর্ষণ অথবা বিদারণ
চাষা, (চষ) কৃষিজীবী, কৃষক; অসভ্য।
চাষাড়িয়া, অসভ্য, অজ্ঞ, অনাড়ী।
চাস, পক্ষি বিশেষ; ইক্ষু, আউক।
চাহন, ভিক্ষাকরণ, যাচ্ঞা করণ; মাগন; বাঞ্ছন; আশা বাসন; মানন।
চাক্ষুষ, (চক্ষু) প্রত্যক্ষ বিশেষ; চক্ষুরিন্দ্রিয় জন্য জ্ঞান, সাক্ষাৎকার।
চিঁড়ন, চটন, ফাটন; খিটখিটান; রাগন।
চিক, (চিক্কণ) বংশ নির্ম্মিত আবরণ বিশেষ; কণ্ঠাভরণ বিশেষ।

চিকণ, চিক্কণ ; স্নিগ্ধ ; মসৃণ ; সুশ্রী।
চিকন, (চিক্কন) কেশ বিন্যাস ; লাবণ্যোদয়
চিকান, (চিকা) কেশ বিন্যাস, কেশপ্রসাধন
চিকাশ, (কাশ) প্রকাশ ; মেঘ নির্মোচন।
চিকিৎসক, (কিৎ) চিকিৎসা কর্ত্তা ; পীড়া-
প্রতীকার কারক, বৈদ্য, ভিষক্।
চিকিৎসা, (কিৎ) রোগ প্রতীকার, পীড়ার-
প্রতিক্রিয়া, ব্যাধির অপনয়ন চেষ্টা।
চিকিৎসিত, (কিৎ) কৃত প্রতীকার ; প্রতি-
কৃত ; চিকিৎসা করা।
চিকিৎস্য, (কিৎ) চিকিৎসনীয়, প্রতীকার্য্য
চিকিন, নত নাসিক, খাঁদা।
চিকিল, পঙ্ক, কর্দ্দম, কাদা।
চিক্কী, (চিক্কা) কঠিন, নিষ্ঠুর।
চিকীর্ষা, (কৃ) করিবার ইচ্ছা, করণের মানস
চিকীর্ষু, করিতে অভিলাষী, করণেচ্ছুক,
করণেচ্ছা বিশিষ্ট।
চিকুর, কেশ, কুন্তল, মূর্দ্ধজ, চুল ; সর্প ;
পর্ব্বত ; পক্ষি বিশেষ।
চিকুরপক্ষ, কেশকলাপ, কচসমূহ।
চিকুরপাশ, কেশ সমূহ, কেশ সমুদয়
চিকুর, (চি-কুর) কেশ, কুন্তল, চুল।
চিকোর, (চকোর) পক্ষি বিশেষ। চকুরপক্ষী
চিক্ক, ছুছুন্দরী, ছুঁচা, গন্ধ মূষিক।
চিক্কণ, (চিৎ) স্নিগ্ধ ; চিকণা ; গুবাক।
চিক্কণা, উত্তম গো ; গুবাক।
চিক্কণী, গুবাক, সুপারী, গুয়া।
চিক্কা, (চিক্ক) ছুছুন্দরী, ছুঁচা ; গুবাক, গুয়া
চিক্কুড়, (চিক্ক) বজ্র, বাজ, অচ্ এগ্রা ; বিদ্যুৎ
চিঙ্গট, মৎস্য বিশেষ, গল্দা চিঙ্গড়ী।
চিঙ্গটী, মৎস্য বিশেষ, ঘুষা, চিঙ্গড়ী
চিঙ্গড়, চিঙ্গট মৎস্য, চিঙ্গড়ী মাছ।
চিঙ্গড়া, (চিঙ্গড়) চিঙ্গড়ী মাছ, ইচলা মাছ।
চিঙ্গড়ী, (চিঙ্গড়) মৎস্য বিশেষ, ইছলা মাছ
ঘুষা মাছ।
চিচিঙ্গা, (চিচিণ্ড) ফলবিশেষ।
চিচিণ্ড, ফল বিশেষ চিচিঙ্গা।
চিঞ্চা, (চম) তিন্তিড়ী বৃক্ষ, তেঁতুল গাছ।
চিট, (কিট) মর্চ্চা, ময়লা, ঝুলাপড়া।
চিটা, (চিট) আঠাল।
চিটা, (চিট) পত্র, লিপি, লেখা।
চিট্যা, আঠাল।
চিড়, (ছিদ) ফাটা বিদারণ চিহ্ন ; উষ্মা,
ক্রোধ, রাগ।

চিড়ন, ক্রুদ্ধ হওন, রাগান ; চটন, ফাটন ;
খিটখিটান।
চিড়া, (চিপিটক) পৃথুক।
চিড়িয়া, (চড়াই) পক্ষী, বিহঙ্গ, পাখী।
চিড়িয়াখানা, পশু পক্ষ্যালয়।
চিড়চিড়া, (চিড়) কোন্দলিয়া।
চিত, ব্যাপ্ত, আচ্ছন্ন ; উত্তান।
চিতন, (চিত) উত্তান শয়ন, চিৎ হইয়া শয়ন
চিতা, (চি) শব দাহস্থান, চুল্লী, চুলা ; শ্মশান
চিতি, সমূহ ; ইষ্টকাদির পাঁজা ; শব দাহন
স্থান ; শ্মশান।
চিৎ, জ্ঞান, সম্বিৎ ; বুদ্ধি ; মনঃ, অন্তঃকরণ
চিৎকার, (চিৎ-কৃ) চেঁচানি, উচ্চৈঃশব্দ,
উচ্চরব। [বৃত্তি ; মনঃ ; হৃদয়
চিত্ত, (চিৎ) অনুসন্ধানাত্মিকা অন্তঃকরণ-
চিত্তপ্রসন্নতা, হর্ষ, আহ্লাদ ; পরিতোষ।
চিত্তবাদ, মনোগত বাক্য, অন্তঃকরণের
কথা। [অপ্রীতি
চিত্তবাধ, মনোভঙ্গ ; সুহৃদ্ভেদ ; অনৈক্য
চিত্তবিপ্লব, উন্মাদ, বাতুলতা, বায়ুরোগ
চিত্তবিভ্রম, উন্মাদ, বাতুলতা। [অস্থৈর্য্য।
চিত্তবিক্ষেপ, মনের চাঞ্চল্য, ব্যাকুলতা,
চিত্তসমুন্নতি, মান ; সম্ভ্রম।
চিত্তান্তর, (চিত্ত-অন্তর) অসৌহার্দ্দ্য, মনো-
মালিন্য, মনোভঙ্গ, চিত্তভঙ্গ।
চিত্তোদ্বেগ, (চিত্ত-উদ্বেগ) উদ্বেগ, বৈরক্তি।
চিত্তোন্নতি, গর্ব্ব, অভিমান, অহঙ্কার।
চিৎপাত, উত্তান পতন, চিৎ হইয়া পড়ন।
চিত্য, (চিতা) শব দাহস্থান ; অগ্নি।
চিত্যা, চিতা, শবদাহাধার ; শ্মশান।
চিত্র, ছবি, পট, আলেখ্য ; আশ্চর্য্য, অদ্ভু-
ত ; বিস্ময় ; মনোহর ; নানাবর্ণ।
চিত্রক, (চিত্র) তিলক ; ব্যাঘ্র ; চিতাবাঘ।
চিত্রকণ্ঠ, কপোত, পারাবত, পায়রা।
চিত্রকম্বল, জুলিচা, কম্বলবিশেষ। [ষ, পটুয়া
চিত্রকর, (চিত্র-কৃ) বর্ণ সঙ্কর জাতি বিশে-
চিত্রকর্ম্মা, আশ্চর্য্য কর্ম্মকারী ; চিত্রকার।
চিত্রকার, (চিত্র-কৃ) চিত্রকর, পটুয়া, বর্ণ-
সঙ্কর জাতি বিশেষ।
চিত্রকারী, চিত্রকর, পটুয়া।
চিত্রকূট, পর্ব্বত বিশেষ ; বন্দেল খণ্ডদেশে
প্রসিদ্ধ কামতা পাহাড়।
চিত্রকৃৎ, চিত্রকর, পটুয়া ; আশ্চর্য্যকারী।
চিত্রগন্ধ, হরিতাল।

চিত্রগুপ্ত, যমের লেখক; যমের অমাত্য।
চিত্রজল্প, বাক্যবিশেষ, ভঙ্গিযুক্ত কথা, কৌতুকাবহ বাক্য।
চিত্রত্বক, ভূর্জ্জপত্র, বৃক্ষ বিশেষের ছাল।
চিত্রপক্ষ, তিত্তিরি পক্ষী।
চিত্রপদা, সারিকা পক্ষী; ছন্দো বিশেষ।
চিত্রপিচ্ছক, ময়ুর, কলাপী, কেকী।
চিত্রপুঙ্খ, শর, বাণ কাণ্ড।
চিত্রফল মৎস্য বিশেষ, চিতল মাছ।
চিত্রবদাল, মৎস্য বিশেষ, পাঠীনমৎস্য।
চিত্রবিচিত্র, নানাবর্ণ; বহু রঙ্গ; অদ্ভুত, আশ্চর্য্য।
চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।
চিত্রভানু, অগ্নি, অনল; সূর্য্য, দিবাকর।
চিত্রমেখল, ময়ুর, শিখণ্ডী, শিখী।
চিত্ররথ, গন্ধর্ব্ব বিশেষ; সূর্য্য।
চিত্রল, কর্ব্বুর বর্ণ; কর্ব্বুরবর্ণ বিশিষ্ট।
চিত্রলেখা, অপ্সরা বিশেষ; বিখ্যাত গ্রন্থকারিণী। [হস্ত।
চিত্রহস্ত, উত্তান হস্ত, চিৎহাত; আলেখ্য
চিত্রা, (চিত্র) শ্রীকৃষ্ণের সখীবিশেষ; চতুর্দ্দশ নক্ষত্র। [সর্প; রাঙচিতা।
চিত্রাঙ্গ, (চিত্র-অঙ্গ) হিঙ্গুল; হরিতাল;
চিত্রাঙ্গদ, (চিত্র-অঙ্গদ) চন্দ্রবংশীয় রাজাবিশেষ। [ণকোটারী।
চিত্রাঙ্গী, মঞ্জিষ্ঠা লতা; কর্ণজলৌকা, কা-
চিত্রিণী, (চিত্র) পদ্মিনী প্রভৃতি চারি প্রকার স্ত্রীমধ্যে এক প্রকার স্ত্রী; চমৎকারিণী।
চিত্রিত, বিচিত্র; কৃতচিত্র, চিত্রাঙ্কিত; চিত্রার্পিত; নানাবর্ণীকৃত।
চিত্রোক্তি, (চিত্র-উক্তি) আকাশ বাণী, অব্যক্তবাক্য; আশ্চর্য্য কথা।
চিদাত্মা, (চিৎ-আত্মন) জ্ঞানময় আত্মা, জ্ঞানস্বরূপ পরমাত্মা। [প্রকাশ।
চিদাভাস, (চিৎ-আভাস) জ্ঞান; জ্ঞানের
চিদ্রূপ (চিৎ-রূপ) মনোহর; স্ফূর্ত্তিমান; জ্ঞানময়, জ্ঞানস্বরূপ। [চয়।
চিনন, (চিন) জানন, অবগত হওন; পরি-
চিনা, নিদর্শন, চিহ্ন; পরিচিত, আলাপিত; শস্য বিশেষ। [দেওন; দর্শান।
চিনান, পরিচয় করিয়া দেওন, জানাইয়া
চিনাপরিচয়, আলাপ, সদ্ভাব; আত্মীয়তা।
চিনি, (চীন-China) শর্করা, গুড়বিকার বি-

চিন্তক, (চিৎ) চিন্তাকারী, ভাবুক, ঠাহরণিয়া
চিন্তন, (চিৎ) ঠাহরণ, ভাবনা করিয়া দেখন; আশংসন, ধ্যানযোগে অবলোকন।
চিন্তা, চিন্তন ধ্যান; ভাবনা, উদ্বেগ, উৎকণ্ঠা; বিষাদ, কাতর্য্য; ভয়, ত্রাস। [অবলোকন।
চিন্তান, চিন্তা করিয়া দেখন; ধ্যানযোগে
চিন্তাবেশ্ম, মন্ত্রণাগৃহ, পরামর্শ করিবার ঘর, ভাবনা গৃহ। [মণিবিশেষ।
চিন্তামণি, শুভচিন্তক; ব্রহ্মা; বুদ্ধবিশেষ;
চিন্তারহিত, ভাবনারহিত, নিশ্চিন্ত।
চিন্তার্ণব, চিন্তা-অর্ণব) চিন্তাসাগর।
চিন্তিড়ী, (তিন্তিড়ী) তেঁতুল।
চিন্তিত (চিৎ) কৃতচিন্তন; ভাবিত; ভাবনাযুক্ত, চিন্তান্বিত।
চিন্তিতি, চিন্তা, ভাবনা, উদ্বেগ, উৎকণ্ঠা।
চিন্তিয়া, চিন্তা, ভাবনা; ঠাহরণ।
চিন্ন, শস্য বিশেষ, চিনা ধান।
চিপন, (চিপ) নিঃসারণ, নিঙ্গড়; দলন।
চিপিট, ভক্ষ্য দ্রব্যবিশেষ, চিড়া।
চিপিটক, চিপিট, চিড়া, ভক্ষ্য দ্রব্যবিশেষ
চিবণ, (চিব) চর্ব্বণ, দন্তদ্বারা পেষণ বা চূর্ণকরণ।
চিবা, (চর্ব্ব) চর্ব্বিতাবশিষ্ট।
চিবি, চিবুক, ওষ্ঠের অধোভাগ, দাড়ি, থুঁতি; চর্ব্বিতাবশিষ্ট।
চিবিট, চিপিট, চিড়া, ভক্ষ্য দ্রব্যবিশেষ।
চিবুক, (চিব) ওষ্ঠের অধোভাগ; থুঁতি, দাড়ি; মুচুকুন্দ বৃক্ষ। [পীড়ন, খামচান।
চিমটন, (চিমট) অঙ্গুলি বা নখদ্বয়ের দ্বারা
চিমটা, (চিমট) অঙ্গার তোলনার্থ লৌহনির্ম্মিত যন্ত্র, সন্দংশ, সাঁড়াশী; মোচনা।
চিমড়ন, (চিমড়) লিপ্ত হওন; কোঁকড়ন, শুষ্ক হওন। [য়া যাওন।
চিমড়ান, শুষ্ক হওন, শুকান; নীরস হই-
চিমি, শুকপক্ষী, তোতা বা টিয়াপাখী।
চিয়ন, (চিৎ) নিদ্রাভঙ্গ, জাগরণ; জাগ্রৎ হওন, নিদ্রোত্থান।
চিয়ান, চিৎ) জাগরিতকরণ, চেতন, জাগান
চির, (চিরি) বহুকাল; অনাদি কাল; সনাতন। [দীর্ঘসূত্রী।
চিরকারী, বিলম্ব করিয়া কর্ম্ম কর্ত্তা, অলস,
চিরকাল, দীর্ঘকাল, অনেক দিন; সদা, সর্ব্বসময়। [বধি, অনেক দিন পর্য্য

চিরকালিক, (চিরকাল) বহুকালীয়, পুরাতন, বহুদিনব্যাপী ; চিরত্ন।
চিরকালীন, সনাতন, বহুকালীন, পুরাতন।
চিরক্রিয়, বিলম্বে কর্ম্মকর্ত্তা, দীর্ঘসূত্রী, অলস
চিরজীবী, (চির-জীবিন) বহুকাল জীবন বিশিষ্ট, দীর্ঘজীবী ; বিষ্ণু ; কাক ; মার্কণ্ডেয়মুনি-অশ্বত্থামা-বলি-ব্যাস-হনুমান-বিভীষণ-কৃপ-পরশুরাম।
চিরঞ্জী, (চির-জীব) ফলবিশেষ।
চিরঞ্জীব, দীর্ঘজীবী, বহুকাল জীবনবিশিষ্ট
চিরণ, (চির্) বিদারণ, ফাড়ন ; আঁচড়ন।
চিরণী, (চিকুর) কঙ্কতিকা, কাঁকুই, কেশপ্রসাধন।
চিরণ্টী, সুবাসিনী, পিতৃগৃহ স্থিতা বিবাহিতা অথবা অবিবাহিতাকন্যা। [চিরতিক্ত।
চিরতা, (চিরাতিক্ত) বৃক্ষবিশেষ, ভূনিম্ব
চিরত্ন (চির্) চিরকালোৎপন্ন : বহুকালীন, পুরাতন। [কালোৎপন্ন।
চিরন্তন, (চির) পুরাতন, বহুকালীন ; চির-
চিরমেহী, গর্দ্দভ, রাসভ, খর, গাদা।
চিররশ্মণ, চিল্ল, চিলপক্ষী।
চিররাত্র, দীর্ঘকাল, বহুকাল ; অনেকদিন।
চিরসূতা, চিরপ্রসূতা গবী, কেলেনগাই।
চিরস্থায়ী, (চির-স্থায়িন) বহুকাল স্থিতিশীল, বহুকাল ব্যাপী, দীর্ঘকাল স্থায়ী।
চিরাগ, (যাং) প্রদীপ।
চিরাগদান, (যাং) পিলসুজ, দীপাধার।
চিরাৎ, দীর্ঘকাল, বহুকাল।
চিরায়ু, দেবতা ; চিরজীবী, দীর্ঘজীবী।
চিরু, বাহুসন্ধি, স্কন্ধের নিম্নদেশ।
চিরুণী, (চিকুর) কঙ্কতিকা, চিরণী।
চিল, (চিল্ল) পক্ষি বিশেষ, আতায়ীপাখী।
চিলম, (চুল্লি) কলিকা, তাঁমাকুর আধার।
চিলমচি, (চুল্লি) ডাবর ; হস্তাদি ক্ষালনার্থপাত্র বিশেষ। [নাকিপোকা ; বিদ্যুৎ।
চিলমীলিকা, জ্যোতিরিঙ্গণ, খদ্যোত, জো-
চিলা, (চিল) ছাদের উপরিস্থ গৃহ, চিলেঘর
চিল্ল, চিলপক্ষী, আতায়ী পাখী ; ক্লিন্ননেত্র, কুয়াক্ষ। [গাঁইটকাটা।
চিল্লড়, হঠাৎ চোর, হাতছেঁ চড়, গ্রন্থিভেদী,
চিহ্নী, ঘোটকের শব্দ, অশ্বরব, হ্রেষা।
চিহ্ন, (চহ্) দাগ, চিনা, অঙ্ক, লক্ষ্ম, লক্ষণ ; তাকা। [র্শন, দাগ।
চিহ্নিত, (চিহ্ন) চিহ্নযুক্ত ; অঙ্কিত ; নিদ-
চীৎকার, (চিৎ-কৃ) উচ্চরব, উচ্চশব্দ, চেঁচান
চীজ, (যাং) বস্তু, দ্রব্য।
চীন, (চী) দেশ বিশেষ, চীনাদেশ ; বস্ত্রবিশেষ ; মৃগ বিশেষ ; পতাকা।
চীনক, ধান্য বিশেষ, চীনা ধান।
চীনকর্পূর, কর্পূর বিশেষ।
চীনজ, লৌহ বিশেষ, তীক্ষ্ণলৌহ।
চীনপিষ্ট, সিন্দুর ; সীসা, ধাতুবিশেষ।
চীবর, ভিক্ষুদিগের বস্ত্র ; কৌপীন।
চীর, (চি) জীর্ণ বস্ত্র খণ্ড, পুরাতন নেকড়া ; গাছের ছালে উৎপন্ন বস্ত্র বিশেষ।
চীরক, ফল বিশেষ ; চেঁউক।
চীর্ণ, (চিরি) অনুষ্ঠিত ; বিদীর্ণ, ফাটা।
চীর্ণপর্ণ, নিম্ববৃক্ষ, নিমগাছ ; খর্জ্জুরবৃক্ষ, খেজুর গাছ।
চুআন, (চুঅ) ক্ষরণ ; গলন ; নিঃসরণ।
চুঁঅন, দগ্ধহওন, খরিয়া যাওন।
চুঁকন, শানন, তীক্ষ্ণ করণ।
চুঁচি, (চুচুক) স্তনের বোঁটা। [শেষ।
চুক, (চুক্ক) ভ্রম, ভুল, ত্রুটি ; অম্ল শাকবি-
চুকন, (চুক) ভুলন, ভ্রমে পড়ন ; ত্রুটিকরণ।
চুকান, নিষ্পাদন ; মিটান।
চুক্কার, সিংহনাদ, সিংহ ধ্বনি।
চুকচুক, চুকচুকিয়া, স্নিগ্ধ।
চুক্তি, নিয়ম ; সামাধা ; নিষ্পত্তি। [রসী।
চুক্র, (চুক) অম্ল দ্রব্য বিশেষ, অম্লশাক ; অম্ল
চুক্রক, শাকবিশেষ, চুকপালং। [নিকারক।
চুগলখোর, (যাং) অসাক্ষাতে নিন্দা বা গ্রা-
চুঙ্গী, (চুষ) নলী ; খোল, ঘরা।
চুচি, স্তন, কুচ ; স্তনাগ্র, চুচুক
চুচক, কুচাগ্র, স্তনাগ্র ; চুচি।
চুচক, কুচাগ্র, স্তনাগ্র, স্তনের বোঁটা।
চুঞ্চু, ছুঁছুন্দরী, গন্ধ মুষিক, ছুঁচা।
চুঞ্চুরী, তিন্তিড়ী, দ্যুত ক্রীড়া বিশেষ, কাঁইবীচির খেলা।
চুটকিয়া, (চুট) ক্ষুদ্র, তুচ্ছ, সামান্য।
চুটকী, (চুট) স্ত্রী লোকের পদাঙ্গুলির অলঙ্কার বিশেষ
চুটন, মারণ ; বিদারণ, ফাড়ন।
চুড়ী, (চুড়) বিষাণময় ভুজ ভূষণ ; স্ত্রীলোকের হস্তাভরণ বিশেষ। [মুক্তা।
চুণী, (চুণ) রক্তবর্ণ ক্ষুদ্র রত্ন বিশেষ ; লাল-
চুণ্টী, কুপ, কুয়া, কুপের সমীপবর্ত্তি ক্ষুদ্র জলাশয়।

চুত, গুদদ্বার ; চুতর, স্ত্রী চিহ্ন, গুহ্যদেশ।
চুতি, গুদদ্বার, গুহ্যদেশ।
চুনন, (চুন) বাছন, নির্বাচন ; কোঁকড়ন।
চুনাট, (চুণ) কোঁকড়া বা ভাঁজ।
চুন্দী, কুট্টিনী, পুরুষান্তর যোজনকারিণী।
চুপ, নীরব, মৌন ; গোপন।
চুপড়ী, (চুড়) ক্ষুদ্র করণ্ডিকা, ঝুড়ী, টুকরী
চুপন, (কুপ) অস্ত্রদ্বারা মারণ, অস্ত্রাঘাত-করণ
চুপসন (চুষ) ভিজন, আর্দ্রীভাব হওন।
চুপিচুপি, (চুপ) গোপনে, অপ্রকাশে।
চুবন, (চুব) জলমগ্ন করণ, ডুবান, বুড়ান
চুব্র, মুখ, বদন, আস্য দেশ।
চমন, চুম্বন, চুমা খাওন, চুমা দেওন।
চুমা, (চুম্বন) দন্তাদি দ্বারা ওষ্ঠাদিস্পর্শ।
চুমুক, (চুম্বক) পেয় দ্রব্যাধারে মুখ সংযোগ পূর্ব্বক স্তোকে২ পান।
চুমুরী, নারিকেলের খোল।
চুম্‌কী, (চুম্ব) জলপাত্র বিশেষ, ক্ষুদ্রঘটী।
চুমকুড়ী, ওষ্ঠদ্বয়ের মিলন ধ্বনি।
চুম্বক, (চুব) লৌহ বিশেষ ; প্রস্তর বিশেষ, লৌহাকর্ষক ধাতু বিশেষ ; চুম্বনপর ; ধূর্ত্ত ; লম্পট ; সংক্ষেপ ; সংক্ষিপ্তার্থ।
চুম্বন, (চুব) মুখে মুখসংযোগ, চুমা।
চুম্বা, (চুব) মুখে মুখ সংযোগ, চুমা।
চুয়াচন্দন, সুগন্ধি চন্দন বিশেষ। [শ্লোক।
চুয়াড়, পর্ব্বতীয় জাতি বিশেষ, পাহাড়িয়া
চুয়ান, ক্ষরিত ; যন্ত্রদ্বারা নিঃস্যারিত।
চুরট, (চুর) শুষ্ক তাম্রকূটে নির্ম্মিত নল।
চুরা, চৌর্য্য, তাস্কর্য্য ; চুরি।
চুরি, চৌর্য্য, তাস্কর্য্য, স্তেয়, অপহরণ।
চুল, কেশ, কুন্তল, শিরোরুহ।
চুলা, (চুল্লী) উনান, আখা। [পাঁক, কর্দ্দম, কাদা
চুলুক, (চুল) প্রসৃতি, গণ্ডূষ ; ভাণ্ড বিশেষ
চুলুম্প, ছাগী, অজা।
চুলকনা, (চুল্ল) গাত্রকণ্ডু, চুলকনি, কণ্ডূয়া
চুলকনি, গাত্রকণ্ডু, কণ্ডূয়া।
চুলকান, কণ্ডূয়ন, খুজলান।
চুলকানী, কণ্ডূয়া, কণ্ডূ।
চুলকী, (চুল) বক্রকুন্তল, কোঁকড়া কেশ।
চুলবুলিয়া, (চুলবুল) চঞ্চল, অস্থির, চপল।
চুলুকী, শিশুমার ; কুম্ভীর বিশেষ।
চুল্লি, (চুল) পাকার্থ অগ্নিস্থান, চুলা, আখা, উনান ; চিতা, দাহস্থান।

, চুলা, উনান ; চিতা, দাহস্থান।
চুস্ত, ফলাদির অসার ভাগ ; কাঁটালের ভুতি
চুচুক, স্তনাগ্র, কুচাগ্র, চুঁচী
চূড়, (চুল) ময়ূর শিখা ; শিরোমধ্যস্থ শিখা অগ্রভাগ ; শৃঙ্গ ; দশবিধ সংস্কারান্তর্গত সংস্কার বিশেষ। [সংস্কার।
চূড়াকরণ, দশবিধ সংস্কারের অন্তর্গত এক
চূড়ান্ত, (চূড়া-অন্ত) সিদ্ধান্ত ; শেষ নিষ্পত্তি
চূড়াবান্, চূড়াবিশিষ্ট, শিরোরত্নান্বিত।
চূড়ামণি, শিরোরত্ন ; অলঙ্কার বিশেষ ; প্রধান, শ্রেষ্ঠ, অতিমান্য।
চূড়ামণিযোগ, রবিবারে সূর্য্যগ্রহণ কিম্বা সোমবারে চন্দ্রগ্রহণ হইলে হয়।
চূড়াল, শিরোরত্নযুক্ত ; মস্তক, শিরঃ।
চূড়িয়া, উড়নী ; উত্তরীয় বসন ; পাছুড়া।
চূড়ী, (চূড়া) হস্তাভরণ বিশেষ, হস্তালঙ্কার।
চূণ, (চূর্ণ) ক্ষার বিশেষ, প্রস্তর বা ঝিনুকাদি ভস্ম।
চূণকাম, চূর্ণ দ্বারা গৃহ লেপন। [বিশেষ।
চূণারী, চূর্ণ প্রস্তুতকারক, বর্ণসঙ্কর জাতি
চূত, (চুত) আম্র বৃক্ষ, আম গাছ ; গুহ্যদ্বার
চূর, (চূর্ণ) গুঁড়া, খণ্ড২ কৃত।
চূরচুরিয়া, পরিপূর্ণ, উপচান ; মত্ত।
চূর্ণ, পেষণ দ্বারা জাত ধূলি ; গুঁড়া ; ফাঁকি অবক্ষোদ ; ক্ষার বিশেষ, চূণ।
চূর্ণক, (চূর্ণ) গদ্য বিশেষ, শ্লোকের টীকা ; গদ্য দ্বারা স্বমত প্রতিপাদন ; ছাতু।
চূর্ণকার, চুণারী, বর্ণসঙ্কর জাতিবিশেষ [শেষ
চূর্ণকুন্তল, অলক, জুলপি, কেশ বিন্যাস বি-
চূর্ণখণ্ড, কর্কর, কাঁকর ; ঘুঁটি। [খণ্ড করণ।
চূর্ণন, গুঁড়ন, গুঁড়াকরণ ; নিষ্পেষণ ; খণ্ড-
চূর্ণি, কপর্দ্দক, কড়ি।
চূর্ণিকা, সক্তু, ছাতু।
চূর্ণী, নদী বিশেষ ; কপর্দ্দক, কড়ি।
চূর্ণালাড়ু, (চূর্ণ-লাড়ু) মিষ্টান্ন বিশেষ।
চূলিক, ঘৃতভৃষ্ট গোধূমময় পিষ্টক ; লুচী।
চূষণ, (চুষ) জিহ্বা দ্বারা রসাকর্ষণ ; রসপান
চূষা, চুষিত, আকৃষ্ট রস ; কক্ষ্যা, কাছদড়ী
চূষী, ক্ষুদ্রকাটিম ; বালকের খেলনা।
চূষ্য, চুষিবার উপযুক্ত ; চূষণে সুখাদ্য ; খাদ্য দ্রব্য বিশেষ।
চেঁচান, (চচ) চীৎকার করণ, ফুকরণ।
চেঙ্গড়া, (চঙ্গ) অপ্রবীণ ; অর্ব্বাচীন, ছোকরা ; বংশরচিত পাত্র বিশেষ।

চেঙ্গড়ামি, অপ্রবীণতা, বালকত্ব, অর্ব্বাচীনতা, অজ্ঞতা।
চেঙ্গা, সুস্থ ; নীরোগ ; সবল।
চেঙ্গারী, (চঙ্গ) বংশাদি রচিত পাত্রবিশেষ।
চেট, দাস ; ক্ষুদ্র ভৃত্য ; নাটকাদিতে নর্ম্ম সুহৃদ্। [লপত্র নির্ম্মিত আসন।
চেটা, (চিট) আসন বিশেষ, খর্জ্জুর বা তা-
চেটক,(চিট) দাস ; ভৃত্য ; উপনায়কবিশেষ
চেটাই, আসন বিশেষ, খর্জ্জুর বা তালপত্র নির্ম্মিত দীর্ঘ আসন। [র ল চৌড়া।
চেটাল, (চিট) প্রশস্ত, পরিসরান্বিত, ওস-
চেটিক, দাসী ; নাটকাদিতে নর্ম্মসখী।
চেটী, (চিট) চেড়ী, দাসী, কর্ম্মকরী।
চেটুয়া, (চঙ্গ) বয়স্থা, যুবতী, তরুণী।
চেটো, (চেষ্ট) তরুণ, যুবা ; কর পৃষ্ঠ।
চেড়ান, (চেড়া) ক্ষেপান, জ্বালান।
চেড়ী, দাসী, চেটী, কর্ম্মকরী।
চেতঃ (চৈতস) চিত্ত, অন্তঃকরণ, মনঃ, বুদ্ধি
চেতন, (চিৎ) আত্মা ; প্রাণী, জীব, বুদ্ধি, অনুভব, বোধ।
চেতনা, জীব ; বুদ্ধি, বোধ ; চৈতন্য, জ্ঞান ; পরামর্শ ; সান, সাড়; জ্ঞানের উদ্রেক।
চেতনেশ্বর,(চেতনা-ঈশ্বর) ঈশ্বর,পরমেশ্বর
চেতান, বুঝান, জানান ; জাগান ; প্রবৃত্তি জন্মান।
চেৎ, যদি, যদ্যপি ; পাছে ; সন্দেহার্থক।
চেদি, দেশ বিশেষ, চৈদ্য দেশ। [শেষ।
চেদিরাজ, শিশুপাল চন্দ্রবংশীয় রাজা বি-
চেপটা, (চিপিট) চোড়া, প্রশস্ত, চেটাল।
চেরণ, (চির) ফাড়ন, বিদারণ।
চেরা, ফাড়া ; বিদারিত ; ছিন্ন, ছেঁড়া।
চেল, বস্ত্র, বসন, কাপড় ; অধম।
চেলন, (চেল) বস্ত্রবিশেষ, বসন ভেদ।
চেলা, সন্ন্যাসি প্রভৃতির পালক পুত্র ; শিষ্য কুচা, খণ্ড।
চেলান, কাষ্ঠ খণ্ড করণ, কাঠ কাটন।
চেলি, (চেল) পট্টবস্ত্রবিশেষ, কৌশেয়বসন
চেলিকা, পট্টবস্ত্র বিশেষ, চেলির কাপড়
চেলুনী, (চালু) তণ্ডুল প্রক্ষালনোদক, চাউল ধুয়ানি জল।
চেষ্টক, (চেষ্ট) যত্নকারী, চেষ্টাকর্ত্তা।
চেষ্টন, যত্ন করণ ; অন্বেষণ ; কায়িক ব্যাপার করণ। [অন্বেষণ।
চেষ্টা, কায়িক ব্যাপার, যত্ন, উদ্যোগ, শ্রম ;
চেষ্টান্বিত, (চেষ্টা-অন্বিত) যত্নবান, চেষ্টাযুক্ত, সচেষ্ট, উদ্যোগী। [দযোগী।
চেষ্টিত, যত্ন, চেষ্টা ; চেষ্টাযুক্ত, সচেষ্ট, উ-
চৈ, (চব্য) মরিচবিশেষ, চবিক।
চৈতন্য, (চেতনা) কোন২ মতে ভগবানের অবতার বিশেষ ; চেতনা, জ্ঞান ; জীব, জীবাত্মা ; নিদ্রাভঙ্গ।
চৈতন্যজনক, জ্ঞানজনক, চেতনাত্মক
চৈত্য, (চিৎ) দেবায়তন, গ্রামের পূজ্যবৃক্ষ।
চৈত্যদ্রু, অশ্বত্থ বৃক্ষ ; পূজ্য বৃক্ষ।
চৈত্র, (চিত্রা) বসন্তের প্রথম মাস, মধুমাস
চৈত্ররথ, চিত্ররথ গন্ধর্ব্ব কর্ত্তৃক নির্ম্মিত কুবেরের উপবন বিশেষ।
চৈদ্য, (চেদি) শিশুপাল, দমঘোষ পুত্র।
চোআন, (চোআ) ক্ষরণ, গলাওন, বকযন্ত্রে নিঃসারণ।
চোআরি, মণ্ডপ, গৃহবিশেষ, চারিচালা ঘর
চোআলি (চর্ব্ব) ওষ্ঠদ্বয়ের দুই প্রান্ত, সৃক্কণি।
চোওন, (চো) ক্ষরণ, নিঃসারণ ; গলন।
চোঁআন, (চোঁআ) অতিশয় ভর্জ্জন, খরাণ, অঙ্গারতুল্য করিয়া ভাজা, পোড়ান।
চোঁকান, (চোঁকা) চোখান, শানান, তীক্ষ্ণকরণ। [খর ধার বিশিষ্ট, তীক্ষ্ণ।
চোঁকাল, চোখাল, শানিত, সুধার ; ধারাল ;
চোঁচ, (চোচ) আঁষ, ছালের অন্তরস্থ ভাগ।
চোঁচা, (চুঁচ) বীজ চয়ন ; দ্রুত ধাবন।
চোঁচাল, আঁষাল, চোঁচযুক্ত।
চোঁয়ান, ভৃষ্টকরণ, খরান, পোড়ান।
চোক, (চোক্ষ) চক্ষু ; দশ সের ; চারি পণ।
চোকা, (চুক) তীব্র, তেজাল, খর।
চোকান, তীক্ষ্ণীকরণ ; মিটান, নিষ্পত্তি।
চোকাল, (চোকা) তীক্ষ্ণ, শাণিত।
চোখাল, (চোখা) তীক্ষ্ণ ; শানিত ; খরধার বিশিষ্ট, সুধার ; চতুর।
চোঙ্গা, (চুঙ্গি) নল, নলা, সচ্ছিদ্র বংশখণ্ড।
চোচ, তেজপাত ; তালফল ; রম্ভা, কদলী ফল।
চোট, (চুট) ঠোকর, আঘাত ; ঘা, ক্ষত।
চোটা, (চোট) কুসীদবিশেষ,এক প্রকার সুদ
চোটান, ঠোকরান ; আঘাত করণ ; বিদারণ, ভেদনার্থ প্রহার।
চোটী, শাটী ; শাড়ী।
চোড়, দেশ বিশেষ।

চোণা, (চুন) গবাদির প্রস্রাব ; গোমূত্র
চোণান গোরুর মূত্র নিঃসারণ, প্রস্রাব বাহির করণ।
চোদনা, বিধি ; প্রেরণা।
চোদ্য, প্রেরণ যোগ্য ; অদ্ভুত ; প্রশ্ন।
চোনন, বাছন, নির্ব্বাচন।
চোপ, (কোপ) অস্ত্রাঘাত, শস্ত্র প্রহার ; আঘাত চিহ্ন। [ত করণ।
চোপান, অস্ত্র প্রহার করণ, অস্ত্রদ্বারা আঘা-
চোপষান, (চোপষ) ভিজা, আর্দ্রীভূত।
চোপ্সন, (চুষ) ভিজন, আর্দ্র হওন।
চোবা, (চীব) ছাল, ত্বক্।
চোয়ালি, (চর্ব্ব) সৃক্কণির অস্থি ; কসের দন্ত।
চোর, (চুর) স্তেয়কর্ত্তা, পরদ্রব্যাপহারী, তস্কর, মলিম্লুচ, চৌর।
চোরকাঁটা, চোরপুষ্পী ; ক্ষুদ্র কণ্টকান্বিত ঘাস বিশেষ। [ল, ঘুলি।
চোরছিদ্র, উকিমারণ ; ক্ষুদ্র ছিদ্র, ফাট-
চোরপুষ্পা, চোরকাঁটা, ভাঁটুইকাঁটা।
চোরা, চোরিত, চুরিকরা, অপহৃত ; গুপ্ত, অপ্রকাশিত।
চোরাও, তাস্কর্য্য ; অপহরণ, চুরি।
চোরাগর্ত্ত, অপ্রকাশিত গর্ত্ত, গুপ্তখাত।
চোরাঘাত, চোর-আঘাত) অকস্মাৎ আঘাত, হঠাৎ প্রহার, খামকা প্রহার।
চোরাবালি, দলদলিয়া স্থান।
চোরিকা, চোর্য্য, তাস্কর্য্য, চুরি।
চোল, কঞ্চুলিকা, নিচোল, কাঁচুলি।
চোলক, বর্ম্ম, বাণবার, কবচ, সাঁজোয়া ; বল্কল, বাকল, ছাল। [নিঙ্গড়ন।
চোষণ-চূষণ, (চুষ) মুখ দ্বারা রসাকর্ষণ ;
চোহাড়, (চহ) পাহাড়িয়া অন্ত্যজ জাতি।
চোহালি, (চর্ব্ব) ওষ্ঠদ্বয়ের প্রান্ত ভাগস্থ অস্থি, চোয়ালির হাড়।
চোক্ষ, গীত ; শুচি ; দক্ষ ; তীক্ষ্ণ ; মনোজ্ঞ।
চৌ, চতুঃসংখ্যা, চারি।
চৌক, (চক্ষুস) নেত্র ; চারি পণ ; দশ সের।
চৌকষ, (চক্ষুস) মনোযোগী, সতর্ক, জাগ্রত
চৌকষী, জাগ্রৎ থাকা ; সাবধান করা ; মনোযোগী হওয়া।
চৌকস্ত, চতুরস্র ; অনিম্ন ভূমি, সমান স্থল ; চতুর, দক্ষ।
চৌকা, (চতুষ্কোণ) চারি কোণা ; পাকস্থান
চৌকাঠ, (চতুর-কাষ্ঠ) দ্বারের নিম্নস্থ কাষ্ঠ।
চৌকালা, পোনা বিশেষ। [রক্ষা।
চৌকি, (চতুষ্কী) খুরসী ; আসন ; পহরা,
চৌকিদার, (চৌকি-ধাং) প্রহরী।
চৌকিয়া, প্রহরী, রক্ষক ; চোকের গণনা।
চৌটা, (চতুর্থ) চারির পূরণ ; পোয়া
চৌঠী, (চতুর) চৌথ, চতুর্থাংশ, পোয়া।
চৌড়াই, প্রস্থ পরিমাণ, পরিসর, ওসার।
চৌথ, (চতুর) চতুর্থ ভাগ, পোয়া।
চৌদিগ, চতুর্দ্দিক, চারিদিগ।
চৌদোল, যান বিশেষ, চতুর্দোলা।
চৌদ্দ, (চতুর্দ্দশ) সংখ্যাবিশেষ, ১৪।
চৌধুরী, উপাধি বিশেষ ; শ্রেষ্ঠপদবী।
চৌপল, চারি কোণ ; কাঁচ পাত্রবিশেষ।
চৌপাড়, (চতুর-পল) পাঞ্জি, পাশা, অক্ষ, দ্যূত। [টোল।
চৌপাড়ী, (চতুর-পল) চতুষ্পাঠী, চৌবাড়ী,
চৌপায়া, (চতুর-পা) চতুষ্পদ, পশু ; খট্বা।
চৌপালা, চতুর্দোল, যান বিশেষ। [চৌলাক
চৌপিটা, চারি দিকে দক্ষ, চতুর, নিপুণ
চৌবাচ্চা, (চতুর-অবট) চতুষ্কোণ খাত, কুণ্ড বিশেষ। [স্থান, টোল।
চৌবাড়ী, (চতুষ্পাঠী) চারি বেদ অধ্যয়নের
চৌর, তস্কর, অপহারক, মলিম্লুচ।
চৌরস, (চতুরস্র) সমান, সমভূমি।
চৌরিকা, চৌর্য্য, তাস্কর্য্য, অপহরণকারী।
চৌরী, চৌর্য্য, চৌরকর্ম্ম, তাস্কর্য্য, স্তেয় ; গৃহ বিশেষ, চৌচালা ঘর।
চৌর্য্য, চোরের কর্ম্ম, তাস্কর্য্য, স্তেয়।
চৌক্ষ, মনোজ্ঞ, মনোহর।
চ্যাঁচোঁ, দুগ্ধ দোহনের অব্যক্ত শব্দ।
চ্যাঁট, (চট) উপস্থ, পুংলিঙ্গ।
চ্যুত, ক্ষরিত ; ভ্রষ্ট, পতিত।
চ্যুতি, ক্ষরণ, গলন ; ভ্রষ্ট হওন।
চ্যুপ, মুখ, বদন, আস্য।

ছ

ছ, ব্যঞ্জনের সপ্তম বর্ণ, চবর্গের দ্বিতীয়বর্ণ ; তরল ; নির্ম্মল ; ষটসংখ্যা।
ছই, (ছদিস) নৌকার ছাদ। [ঘর।
ছক, (চক) পাশকাদির কোষ্ঠ ; শতরঞ্চের-
ছকড়া, (শকট) সামান্য শকট, গাড়ী।
ছগ, (ছেগ) ছাগ, অজ, ছাগল।
ছগণ, করীষ, শুষ্ক গোময়, ঘুঁটে ; বিলঘুঁটে

ছগল, (ছো) নীলবস্ত্র ; ছাগ, ছাগল, অজ।
ছগলী, ছাগমাতা, ছাগী, পাঁঠী।
ছটা, (ছো) দীপ্তি, শোভা।
ছটাক, (চতুর্থাংশ) সেরের ষোড়শাংশ, পোওয়ার চতুর্থাংশ ; পাঁচ তোলা।
ছটাফল, গুবাক-বৃক্ষ, গুপারী গাছ।
ছটাভা, বিদ্যুৎ, সৌদামিনী, তড়িৎ।
ছটকন, (শট্) নিঃসরণ, বহির্ভূত হওন, পলায়ন, দূরে পতন।
ছটকান, পলায়ন ; নিঃসারণ ; বহির্গমন।
ছট্‌ফটান, (শট্) লুণ্ঠন, গাত্রাদি দাহ ব্যাকুল হওন, ধড়ফড়ান।
ছড়, শস্ত্র বিশেষ, বড়শা ; ক্ষত চিহ্ন ; আঁচড়
ছড়ন, (শট্) চিহ্ন হওন ; পরিষ্কৃত করণ ; জন্তুর চর্ম্ম উত্তোলন।
ছড়া, (ছড়) ভাষাপদ্য ; মালা ; নারিকেলাদি ফলের গুচ্ছ ; পরিষ্কৃত দ্রব্য।
ছড়ান, বিস্তৃতকরণ, বিছান ; বীজাদি ক্ষেপণ ; ইতস্ততঃ বিক্ষেপণ ; ছিটান।
ছড়ানিয়া, অপব্যয়ী, উড়ানিয়া।
ছড়ী, ক্ষুদ্র যষ্টি ; সরু লাঠী ; কশা ; বালকদিগের রোগবিশেষ।
ছত্র, (ছদ) রৌদ্র ও বৃষ্টি বারণার্থ আবরণবিশেষ ; আতপত্র, ছাতা ; ছাতরিয়া বিষ, ছাতনা বিষ ; খর বিষ, কাঠবিষ।
ছত্রক, মৎস্যরঙ্গ পক্ষী, মাছরাঙ্গাপাখী ; ঈশ্বরের গৃহবিশেষ ; রাঙ্গাকুলেখাড়ারগাছ
ছত্রধর, ছত্রধারী, ছাতিধরা ; ছায়াকর।
ছত্রধার ছায়াকর ; ছত্রধারী, ছাতিধরা।
ছত্রধারক, ছত্রধারণ কর্ত্তা, ছাতিধরা।
ছত্রধারী ছায়াকর, ছত্রধারণ কর্ত্তা।
ছত্রপত্র, ভূর্জ্জবৃক্ষ ; মানকচু ; সপ্তপর্ণবৃক্ষ, ছাতিম গাছ।
ছত্রভঙ্গ, বৈধব্য ; স্বাতন্ত্র্য ; নৃপনাশ, অরাজক ; অকর্তৃত্ব, যূথভঙ্গ।
ছত্রা, মৌরী ; কোঁড়ক ছাতা ; মঞ্জিষ্ঠা।
ছত্রাধন্যা, ধন্যাক, ধন্যা।
ছত্রিকা, কোঁড়ক, ছাতা ; গোময়চ্ছত্রিকা।
ছত্রিশ, (ষট্‌ত্রিংশৎ) সংখ্যাবিশেষ, ৩৬।
ছত্রী (ছদ) ছত্রবিশিষ্ট ; নাপিত।
ছত্বর, ঘর, গৃহ ; কুঞ্জ, লতাচ্ছাদিত গৃহ।
ছদ, পত্র ; পাতা ; পক্ষ ; গাঁটিয়ালগাছ, তমাল বৃক্ষ।
ছদন, পত্র পক্ষ ; আচ্ছাদন ; তেজপাত।
ছদি, (ছদ) গৃহাচ্ছাদন, পটল, চাল, ছাদ।
ছদ্ম, (ছদ) ব্যাজ, কপট, অপদেশ, স্বরূপাচ্ছাদন, অন্যবেশ।
ছদ্মতাপস, কপট তপস্বী, ভণ্ডতপস্বী।
ছদ্মবেশ, গুপ্ত আকার, বেশান্তর, অন্যরূপ
ছদ্মবেশী, (ছদ্ম-বেশিন), কপটবেশধারী, ছলবেশী, আকার গোপন কর্ত্তা।
ছন্দ, (ছন্দস) অভিপ্রায় ; অভিলাষ ; পদ্য ; বেদ ; শ্লোকের মিল ; স্বৈরাচার ; কাব্য।
ছন্দকপাতন, ছলতপস্বী, ভণ্ডতাপস।
ছন্দস্, (ছদ্) পদ্য ; বেদ ; শ্লোকের মিল।
ছন্দোগ, (ছন্দস) সামগ, সামবেদী, সামবেদ বেত্তা।
ছন্দোগপরিশিষ্ট, কাত্যায়ন মুনিকৃত সামবেদি কর্ম্মবোধক গোভিল সূত্রাদির পরিশেষ শাস্ত্র, সামবেদ সম্মত শাস্ত্র বিশেষ।
ছন্ন, (ছদ) আচ্ছাদিত ; নষ্ট, উন্মত্ত ; রহঃ, নির্জ্জনস্থান।
ছপ্পর, (চপ) আচ্ছাদন, ছাদ, চাল, ছাপরা।
ছবি, (ছো) প্রতিমূর্ত্তি, চিত্র ; শোভা, দীপ্তি
ছমণ্ড, মৃত পিতৃক, পিতৃহীন, ছেমড়া ছেলিয়া ; বন্ধুহীন বালক।
ছয়, (ষষ) ষট্‌সংখ্যা।
ছর্দ্দ, (ছৃদ) উদ্গার, বমি, ন্যাকার।
ছর্দ্দন, অলম্বুষ রাক্ষস ; নিম্ববৃক্ষ, নিম গাছ মদনবৃক্ষ, ময়নাগাছ।
ছর্দ্দাপনিকা, কর্কটী, কাঁকড়া।
ছর্দ্দি, (ছৃদ) রোগবিশেষ ; শ্লেষ্মা, কফ ; ঠাওী ; বমি, উদ্গার।
ছর্দ্দিক, বমন, ছর্দ্দি, ন্যাকার ; রোগবিশেষ
ছর্দ্দিকারিপু, ক্ষুদ্র এলাইচ ; গুজরাটী এলাচ
ছর্দ্দিঘ্ন, (ছর্দ্দি-হন) নিম্ববৃক্ষ, নিমগাছ।
ছল, (ছো) ছদ্ম, ব্যাজ ; কপট ; শাঠ্য, প্রতারণা ; চাতুরী।
ছলকারী, (ছল-কারিন) প্রতারক শঠ।
ছলগ্রাহক, ছলান্বেষী, প্রতারণাদ্বারা লভ্যাকারী, ধূর্ত্ত, শঠ, প্রতারক। শঠ।
ছলগ্রাহী, (ছলগ্রাহিন) ছলান্বেষী, প্রতারক
ছলন, প্রতারণ, ঠকান, চাতুরীকরণ।
ছলী, প্রতারক, ধূর্ত্ত, চতুর, ঠক।
ছলছল, (ছল) সজল, জলপূর্ণ।
ছল্লি, ত্বক, ছাল, চর্ম্ম, চামড়া ; পুষ্পবিশেষ
ছল্লী, সন্তান ; বল্কল, বাকল ; কুসুমবিশেষ
ছা, (ছদ) শাবক, শিশু বাচ্চা।

ছাই, (ক্ষার) ভস্ম, খাক, পাঁইস।
ছাইট, (ছিট) জলের ছিটা, জল প্রক্ষেপ।
ছাউনি, (ছদ) শিবির, সৈন্যের আবাসস্থান।
ছাওন, তৃণাদির দ্বারা গৃহের উপরিভাগ আচ্ছাদন করণ, ছাওয়া।
ছাওবাল, (শাবক) সন্তান; বালক, শিশু।
ছাওয়াল, শিশু, বালক; পুত্র, সন্তান।
ছাওলামি, (ছাওবাল) বালকতা, ছেলেমি।
ছাঁকন, (ছাক) বস্ত্রাদি দ্বারা দ্রব দ্রব্য নিঃসারণ; জাল দ্বারা পুষ্করিণীর মৎস্য উত্তোলন; পরিষ্কার করণ, নির্ম্মল করণ।
ছাঁকুনি, পরিষ্কার করণীয় দ্রব্য; ঝাঁঝরি; চালুনী; জালী।
ছাঁকা, নির্ম্মল, পরিষ্কার, শুদ্ধ, খাঁটী।
ছাঁচ, (ছায়া) প্রতিলিপি; প্রতিমূর্ত্তি, প্রতিমূর্ত্তি করিবার যন্ত্র।
ছাঁচনী, (ছা) মন্থন দণ্ড।
ছাঁচি, (ছদ-অন্ত) পরছতী, অলিন্দ, শুদ্ধ
ছাঁটন, (ছিদ) কর্ত্তন, ছেদন; অগ্রাহ্যকরণ
ছাঁদ, (ছদ) ছন্দঃ স্বরূপ; সজল দুগ্ধ।
ছাঁদন, বন্ধন, ছাঁদা, বাঁধা।
ছাঁদনী, বন্ধন, বাঁধা, ছাঁদা।
ছাগ, (ছে) পশুবিশেষ, ছাগল, অজ।
ছাগণ করীষাগ্নি, ঘুঁটের আগুন
ছাগবাহন, অগ্নি, বহ্নি, আগুন।
ছাগভোজী, ছাগভক্ষক, ছাগমাংসাশী বৃক; নেকড়িয়া বাঘ।
ছাগমাংস, ছাগলপাঠা পাঁটার মাংস
[ছা]গরথ, অগ্নি, অনল, বহ্নি।
ছাগল, (ছগল) ছাগ, অজ, পাঁঠা।
ছাগলক, মৎস্যবিশেষ, ছাগল, অজ।
ছাগলগোত্রিয়া, (ছাগল-গোত্র) গম্যাগম্য বিবেচনা হীন।
ছাগিকা, ছাগী, ছাগমাতা, অজা, বকরী।
ছাগী, (ছাগ) ছাগমাতা, পাঁঠী।
ছাগলাদ্য, ঔষধীয় ঘৃতবিশেষ।
ছাটন, (ছিদ) কর্ত্তন, ছেদন। [করণ।
ছাড়ন, (ছাড়) বর্জ্জন, ত্যাগ করণ, ক্ষমা-
ছাড়, ত্যাগকরা, ত্যক্ত; বিনা, ভিন্ন। [চন।
ছাড়ান, মোচন, মোক্ষণ; খসান, ত্বক নির্মো-
ছাত, (ছদ) ছিদ্র; দুর্ব্বল; চাল, ছাদ।
ছাতা, (ছত্র) আতপত্র, ছাতী।
ছাতি, (ছত্র) আতপত্র, বুক; সাহস।
ছাতু, (শক্ত) সক্তু, যবাদি চূর্ণ।

ছাত্র, (ছত্র) শিষ্য, অন্তেবাসী, পড়ুয়া।
ছাত্রদর্শন, শিষ্যাবলোকন; হৈয়ঙ্গবীন, সদ্যোজাত ঘৃত।
ছাদ, (ছদ) পটল, ছাতি, চাল, আবরণ।
ছাদন, ছদন, আচ্ছাদন; অন্তর্দ্ধান, গোপন; পত্র। [ঢাকা।
ছাদিত, ছিন্ন, কাটা; আচ্ছাদিত, আবৃত,
ছানন, (ছো) মিশ্রণ, একত্রীকরণ, কচটান, মাখন। [আমিক্ষা।
ছানা, (ছা) শাবক; শিশু; দুগ্ধবিকার,
ছানী, (ছানা) চক্ষুরোগ বিশেষ, ফুলী।
ছান্দস, (ছন্দ) বেদাধ্যেতা; বেদবেত্তা; বেদের অধ্যাপক।
ছান্দোগ্য, সামবেদের উপনিষৎ।
ছাপ, (চপ) মুদ্রা; চিহ্ন; ছাপা। [উৎখলন।
ছাপন, বস্ত্রাঙ্কন; মুদ্রাঙ্কন; লুকান, গোপন
ছাপর, ছপ্পর, আচ্ছাদন।
[ছাপর]খাট, (ছাপর-খট্টা) ছপ্পরযুক্ত খট্টা
ছাপা, মুদ্রাঙ্কিত; চিহ্ন, অঙ্ক; গোপন, অপ্রকাশ। [লুকান, গোপন।
ছাপান, মুদ্রাঙ্কিত করণ; বস্ত্রাদি চিত্রকরণ,
ছাপী লুক্কায়িত, গোপন, অপ্রকাশিত।
ছাবাল, বালক, শিশু; সন্তান।
ছাব্বিশ, (ষড়বিংশৎ) সংখ্যাবিশেষ, ২৬।
ছায়া, (ছ) রৌদ্র শূন্য, রৌদ্র রহিত স্থান, অনাতপ, প্রতিবিম্ব; প্রতিচ্ছায়া; সূর্য্যপত্নী; উৎকোচ; কান্তি; উত্তম শোভা; পংক্তি; অন্ধকার। [দার, ছাতিধরা
ছায়াকর, অনাতাপ; ছত্রধারী, ছাতাবর-
ছায়াটিয়া, ছায়ান্বিত, অনাতপ।
ছায়াতনয়, ছায়াত্মজ, শনি, শনৈশ্চর।
ছায়াতরু, স্থিরচ্ছায় বৃক্ষ, সদা ছায়াকরণ ছ
ছায়াপথ, দেবপথ; আকাশ, নভোভাগ।
ছায়াপদ, ছায়ারপরিমাণদ্বারা বেলা নিরূপণ
ছায়াবৎ, ছায়ার তুল্য সদা অনুগত পরিচারক।
ছায়াভৃৎ, চন্দ্র, বিধু, শশী। [দেওয়া স্থান।
ছায়ামণ্ডপ, চন্দ্রাতপযুক্ত স্থান, চাঁদোয়া,
ছায়ামিত্র, ছত্র, আতপত্র, ছাতী।
ছায়ামৃগধর, চন্দ্র শশী, শশাঙ্ক।
ছায়াসুত, শনৈশ্চর, শনি, সপ্তম গ্রহ।
ছার, (ক্ষার) ভস্ম; অধম; হেয়; ভস্ম।
ছারখার, (ছার-ক্ষার) ভস্মসাৎ, সর্ব্বনাশ; উচ্ছিন্ন প্রোচ্ছিন্ন।

ছারপোকা, খট্‌মল, গন্ধকীট, মৎকুণ।
ছাল, (ছল্লি) ত্বক্; চর্ম্ম; বল্কল, বাকল।
ছালন, (ছো-অল) ব্যঞ্জন; কাসুন্দি।
ছালনা, (ছদ) চান্দনী, চাঁদনী; স্ত্রী পাদাভরণ বিশেষ।
ছালা, (শৃঙ্খল) গুণ, থলিয়া, চট।
ছালিয়া, (ছাবাল) বালক, শিশু; সন্তান।
ছালিয়া পিলিয়া, বালকগণ; সন্তান সমূহ।
ছি, গর্হা, নিন্দা, ঘৃণ সূচক শব্দ।
ছিঁক, ক্ষুত, হাঁচি।
ছিঁচকা, (শলাকা) শিক গজ।
ছিঁকল, (শৃঙ্খল) শিকলি; জিঞ্জির।
ছিকলন, যোড়ন, একত্র বন্ধন, সংযোগকরণ
ছিকা, (ছিক) ক্ষুত; হাঁচি, ছিঁক।
ছিচকাচোর, ক্ষুদ্র চোর, অধম চোর।
ছিট, (চিত্র) বিচিত্র বস্ত্র; অবশিষ্ট।
ছিটন, (ছিট) ছড়ান, বিকিরণ, লেপন।
ছিটা, বিন্দু, কণা।
ছিটকা, (ছিটক) সিকা, ফাঁসী, ফাঁদ; ক্ষুদ্র
ছিটকান, প্রক্ষেপণ, ছড়ান, ঠিকরাণ।
ছিত, (ছদ) ছিন্ন, ছেদিত, কাটা।
ছিত্তি, ছেদ, ভেদ, কাটা; বৃক্ষবিশেষ।
ছিত্বর, ছেদন দ্রব্য; ধূর্ত্ত; বৈরী।
ছিদক, বজ্র, অশন, বাজ।
ছিদি, কুঠার, কুড়াল।
ছিদির, অগ্নি; রজ্জু; করবাল; পরশু।
ছিদুর, ছেদন দ্রব্য; ধূর্ত্ত, শঠ; বৈরি, শত্রু
ছিদ, ছেদনকর্ত্তা, ছিন্নকারী।
ছিদ্র, (ছিদ) ছেঁদা, বিবর, রন্ধ্র, বিল।
ছিদ্রবৈদেহী, গজপিপ্পলী, গজপিপুল।
ছিদ্ররহিত, ছেঁদারহিত; দোষশূন্য।
ছিদ্রানুসন্ধান, দোষানুসন্ধান।
ছিদ্রান্ত, নল, খাগড়া।
ছিদ্রিত, কৃতছিদ্র, বেধিত, বিদ্ধ, ছেঁদাকরা
ছিনন, (ছিন) বল দ্বারা গ্রহণ; হরণ। [নিকা
ছিনাল, (ছিন্না) ভ্রষ্টাস্ত্রী, স্বৈরিণী, কুলটা।
ছিনালপনা, গণিকার ভাব, বেশ্যার কর্ম্ম।
ছিনালী, বেশ্যাদিগের চাতুরী।
ছিন্ন, (ছিদ) ছেদন করা, ছেঁড়া, কাটা, খণ্ডিত, ছেদিত।
ছিন্ননাসিক, (ছিন্ন-নাসিকা) নাককাটা, বোঁচা। [নিমুখী লতা।
ছিন্নকেশিকা, লতা বিশেষ; আকনাদী লতা,
ছিন্নভিন্ন, ছার খার; উচ্ছিন্ন; ছড়ান।

ছিন্নমস্তা, (ছিন্ন-মস্তক) দেবীবিশেষ; মস্তক হীন।
ছিন্নরুহা, লতাবিশেষ, গুড়ুচী, গুলঞ্চ।
ছিন্না, (ছিদ) ছেঁড়া; গুড়ুচী, বেশ্যা, পুংশ্চলী
ছিপ, (ছুপ) বড়সীর সূত্র বদ্ধ দণ্ড, মৎস্যধারণ যন্ত্র।
ছিপন, গোপন, লুকান, দাবন।
ছিপী, গুঁজী, ছিদ্ররোধক কাষ্ঠ।
ছিম, (শিম্বী) বর্ব্বটী, শিম। [তৃহীন।
ছিমড়া-ছিমড়ী, (শিমা) গুপ্তী; অনাথ, পি-
ছিলকা, (ছল্লি) বল্কল, বাকল, ছাল।
ছিলন, ছিল) খোসা তোলন, ত্বক্‌নির্মোচন
ছিলা, (শিঞ্জিনী) জ্যা, ধনুকের গুণ।
ছিলিম, (চুল্লি) কলিকা; হুঁক্কা, হুঁকা, ডাবা।
ছুঁচ (সূচি) সূঁই, সোমাজি।
ছুঁচা, (ছুছুন্দরী) গন্ধমূষিক।
ছুঁচাল, সূক্ষ্মাগ্র, সূচ্যগ্র।
ছুঁছা, (ছুছুন্দরী) গন্ধমূষিক, ছুঁচা।
ছুঁড়ী, (ছুকরী) বালিকা, নবযৌবনা।
ছুঁয়ন, স্পর্শন, হস্তাদি যোগ করণ।
ছুকরী, (সু-ক্র) বয়স্থা কন্যা, নবযৌবনা।
ছুচিপাতন, বিরলে দর্শন, উঁকিমারণ, আড়িপাতন।
ছুছুন্দরী, ছুঁচা, গন্দমুষিক।
ছুট, (ছো) ত্যাগ, বর্জ্জন, রহিত।
ছুটন, (ছুট) পলায়ন; দ্রুত গমন, শীঘ্রগমন
ছুটান, শীঘ্র গমন করান; ছাড়ন।
ছুটালিয়া, ক্ষুদ্র; সামান্য; লঘু।
ছুটী, (ছুট) বিদায়, বিরাম, ছাড়ানি, উদ্ধার।
ছুড়ন, (ক্ষিড) প্রক্ষেপণ; ছাড়ন, ত্যাগকরণ
ছুতন, ঠক, খল, প্র[illegible]।
ছুতা, (ছুত) ব্যাজ, ছল; উপলক্ষ; ওজোর
ছুৎ, (সূত্র) মারী, মরক।
ছুপ, (চপ) ক্ষুপ; স্পর্শন; চপল; যুদ্ধ।
ছুপন, চাপন; ধারণ, আক্রমণ।
ছুরা, সুধা; চূর্ণ, গুঁড়া। [ক্ষুপাণিকা
ছুরিকা, (ছুর) ছুরী, অস্ত্রবিশেষ, অসিপুত্রী,
ছুরিত, খচিত; জড়িত; ছিন্ন।
ছুরী, (ছুর) অস্ত্রবিশেষ, ছুরিকা, অসিপুত্রী
ছুলী, (ছুর) রোগ বিশেষ, কচ্ছ রোগ।
ছুহারা, (খর্জ্জুর) খর্জ্জুর বিশেষ।
ছেই, (ছি) ঘৃণা বা অবজ্ঞা বোধক শব্দ, অপমান বা হেয়তা বাচক।
ছেক, অন্তর, বিরাম, বিচ্ছেদ, নিবৃত্তি।

ছেঁকচি (পীক) ঈষৎ ভৃষ্ট।
ছেঁচন, (সিচ) সেচন ; অভিষেক ; ক্ষালন।
ছেঁচোড় (ছ-চোর) ছিচকাচোর, বেহায়া, নির্লজ্জ। [য়া, দুষ্ট, ধূর্ত্ত, শঠ।
ছেঁচড়া, (ছিচড়) নির্লজ্জ, অনপত্রপ ; বেহা-
ছেঁচড়ামি, দুষ্টতা ; নীচতা ; শঠতা।
ছেঁদা, (ছিদ) ছিদ্র, রন্ধ্র, গর্ত্ত।
ছেক, (সিচ) গৃহাসক্ত পক্ষী বা মৃগ ; অগ্নি-দ্বারা তাপন।
ছেকোক্তি, বক্রোক্তি, পরিহাস, ব্যঙ্গ।
ছেদ, (ছিদ) ছেদন ; খণ্ড, বিভাগ। [কাটন।
ছেদন, অস্ত্রদ্বারা দ্বিধা করণ ; কর্ত্তন, ভেদন
ছেদি, ছেদন কর্ত্তা, ছেদক।
ছেদিত, ছিন্ন, ছেঁড়া, কাটা।
ছেনা, (ছিদ) শাবক, বৎস ; দুগ্ধবিকারবিশেষ, আমিক্ষা।
ছেপ, (ষ্ঠেব) নিষ্ঠীবন, থুথু, থুক।
ছেমণ্ড, পিতৃহীন, ছেমড়া।
ছেমুয়া, (অক্ষম) খিটখিটা, চিড়চিড়া।
ছেলিয়া, (ছাবাল) বালক, শিশু ; সন্তান।
ছেলিয়ামি, বালকতা, শিশুবৎ ব্যবহার।
ছেলী, (শেলক) ছাগল ; মৃগের গাত্রচিহ্ন।
ছেলীপড়া, চিত্রিত, বিচিত্র, নানাবর্ণেচিহ্নিত
ছোঅন, স্পর্শন, গ্রহণ, সংযুক্ত করণ।
ছোঁচান, (শৌচ) জলশৌচ করণ।
ছোকরা, (সুত) কিঞ্চিদ্বয়স্থ বালক, শিশু।
ছোট, (ক্ষুদ্র) লঘু, খাট, অল্প, কনিষ্ঠ, তুচ্ছ, নীচ, অধম।
ছোটন, দ্রুতগমন, শীঘ্রগতি, দৌড়ন।
ছোটবিষতাড়ক, লতা বিশেষ। [সম্পত্তি
ছোটমা, কনিষ্ঠ মাতা, বিমাতা ; অল্প
ছোটলোক, নীচলোক, অধম লোক।
ছোটিকা, তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ অঙ্গুলির ধ্বনি।
ছোটা, কৈবর্ত্ত, দাস, ধীবর।
ছোড়ন, (ছেড়) ক্ষেপণ ; পরিত্যাগ, বর্জ্জ
ছোড়ান, (ছুর) তালার কাটি, কুঞ্জিকা।
ছোপ, (ছুপ) বস্ত্রাদিতে চিহ্ন, দাগ, অঙ্ক।
ছোপান বস্ত্রাঙ্কন ; চিহ্ন করণ।
ছোবড়া, (ছক) নারিকেলাদির ছাল, ছোব, খোসা, ছিলকা।
ছোরা, (ছুরিকা) সমধার, ছুরী।
ছোল, (ছল্লী) ত্বক, বল্কল, ছাল।
ছোলঙ্গ, [illegible]
ছোলন, (ছল) ত্বচাদির উত্তোলন, ছালতোলন, ছাল ছাড়ান।
ছোলা, (ছুল) চণক ; ত্বক নির্মুক্ত।
ছ্যা, তুচ্ছ বাক্য, হেয় জ্ঞান ; ঘৃণার্থ শব্দ।

জ

জ, জকার, ব্যঞ্জনের অষ্টম অক্ষর, চবর্গের তৃতীয় বর্ণ। [জিত ; কুঙ্কুম।
জকুট, বার্ত্তাকু পুষ্প, বেগুণ ফুল ; মলয় প-
জখম, (যাং) ক্ষত, ঘা। [দিবাকর।
জগচ্চক্ষু, (জগৎ-চক্ষুস) সূর্য্য, রবি, ভানু,
জগঝম্প, (জগৎ-ঝং-পং) বাদ্যবিশেষ।
জগতী ব্রহ্মাণ্ড ; জন ; ছন্দোবিশেষ।
জগৎ, (গম) বিশ্ব, ব্রহ্মাণ্ড, বায়ু, জঙ্গম।
জগৎকর্ত্তা, (জগৎ-কর্তৃ) ব্রহ্মা, বিধাতা, সৃষ্টিকর্ত্তা।
জগৎপ্রাণ, বায়ু, অনিল, বাত।
জগৎসাক্ষী, সূর্য্য, দিনমণি, ভাস্কর।
জগদম্বা, (জগৎ-অম্বা) জগতের জননী, দুর্গা।
জগদাধার, (জগৎ আধার) বায়ু ; জগতের আশ্রয়।
জগদীশ, (জগৎ-ঈশ) জগতের কর্ত্তা, জগতের প্রভু ; বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
জগদ্গৌরী, (জগৎ-গৌরী) মনসা দেবী, বিষহরী। [ষ্ণু ; ব্রহ্মা ; পৃথিবী।
জগদ্যোনি, জগতের উৎপাদক, শিব ; বি-
জগদ্বল, বায়ু, পবন, বাতাস।
জগদ্বহা, পৃথিবী, পৃথ্বী, ধরণী, ধরা
জগদ্বিনাশ, যুগান্ত, প্রলয়।
জগদ্ধাত্রী, গৌরী, জগদ্ধারণকর্ত্রী।
জগন্নাথ, (জগৎ-নাথ) জগতের স্বামী, বিষ্ণু ; পুরুষোত্তম ক্ষেত্র।
জগনু, অগ্নি, অনল, বহ্নি ; জন্তু
জগর, কবচ, বর্ম্ম, সাঁজোয়া।
জগল, সুরাকল্ক, মেয়া, মদের গোড়া মদনাগাছ ; ধূর্ত্ত ; গোময়।
জগহ, (গম) স্থান, ভূমি।
জগ্জগা, (চকচক) চকচক্যা।
জগ্ধ, ভুক্ত, ভক্ষিত, খাদিত।
জগ্ধি, ভোজন, ভক্ষণ, অশন, আহার।
জঘন, (হন্) স্ত্রী লোকের কটির অগ্রভাগ কটি ; উরুমূল, বংক্ষণ। [অন্ত্যজ, শূদ্র

জঘ্ন, হন্তা, হননকর্ত্তা, বধকারী।
জঙ্গম, (গম) অস্থাবর, গতিশক্তি বিশিষ্ট, চরিষ্ণু, চলনশীল।
জঙ্গমকুটী, ছত্র, আতপত্র, ছাতী।
জঙ্গল, (জঙ্গ) নির্ব্বারি দেশ; নির্জ্জল স্থান, ক্ষুদ্র বৃক্ষাকীর্ণ স্থান, বন, অরণ্য।
জঙ্গলাট, পতিত; বনময়, বন্য।
জঙ্গলিয়া, বন্য; অরণ্যোদ্ভব।
জঙ্গলী, বন্য, আরণ্য।
জঙ্গাল, (জঙ্গ-লা) রোধবিশেষ, আলি, জাঙ্গাল, পঙ্কার, পগার, সেতু।
জঙ্গুল, বিষ, হলাহল, গরল।
জঙ্ঘা, (জন) গুল্‌ফের ঊর্দ্ধ, জানুর অধোভাগ, প্রসৃতা, জাঙ।
জঙ্ঘাকরিক, ধাবক, দ্রুতগামী, শীঘ্রগামী।
জঙ্ঘাল, (জঙ্ঘা-অল) অতিবেগবান্, শীঘ্রগামী, অতিজব; হরিণ, কুরঙ্গ।
জজ্বিয়া, জাঙ্গ; আচ্ছাদন বস্ত্র।
জজ্ঞপূক, পুনঃপুনর্জ্জপকর্ত্তা, সর্ব্বদাজাপক।
জঞ্জাল, (জজ্জ) অবস্কর, আবর্জ্জনা, ওঁচলা, উৎপাত; ঝঞ্ঝাট। য়; ঝঞ্ঝাটিয়া।
জঞ্জালিয়া, (জঞ্জাল) ওঁচলা ক; উৎপাতী-
জট, (জটা) সংহত কেশ, জটা।
জটলা, (জট) জনতা, লোকসমূহ।
জটা, লগ্নকেশ, সংহতকেশ, শটা, জটামাংসী নামে ওষধি বিশেষ; আলকুশী।
জটাজুট, জটাসমূহ, সংহত বহু কেশ।
জটাজ্বাল, প্রদীপ, দীপ। [কথুক।
জটাটঙ্ক, মহেশ, মহাদেব, শূলপাণি, পিনা-
জটাটীর, শিব, মহাদেব, ত্রিলোচন।
জটাধর, (জটা-ধৃ) মহাদেব; জটাযুক্ত; একজন অভিধান গ্রন্থকার।
জটাবল্লী, রুদ্রজটা, গন্ধমাংসী নামে ওষধি বিশেষ। [বিশেষ।
জটামাংসী, ওষধি বিশেষ, সুগন্ধি দ্রব্য
জটায়ু, স্বনাম খ্যাত পক্ষি বিশেষ; সম্পাতি পক্ষির অগ্রজ, দশরথ রাজার সখা; গুগ্‌গুলু।
জটাল, জটাযুক্ত, বটবৃক্ষ; গুগ্‌গুলু।
জটি, পাকুড়গাছ, জটা সমূহ।
জটিয়া (জটা) জটিল, জটাধারী, জটাবিশিষ্ট
জটিল, জটাযুক্ত, জটিয়া; সিংহ, কেশরী।
জটিলা, রাধিকার শ্বশ্রূ; জটামাংসী; পিপ্পলী; বচ।
জটী, পর্কটীবৃক্ষ, পাকুড় গাছ, জটাবিশিষ্ট।
জটুল, জড়ুক, জরুড়, শরীরের চিহ্নবিশেষ
জঠর, (জন) উদর, পেট; বদ্ধ, কঠিন;
জঠরসুৎ, আরগ্বধবৃক্ষ, সোঁদালিগাছ।
জঠর যন্ত্রণা, গর্ভযাতনা।
জঠরস্থ, উদরস্থ, গর্ভস্থ।
জঠরাগ্নি, (জঠর-অগ্নি) উদরানল, ক্ষুধা, বুভুক্ষা। [ক্ষুধা।
জঠরানল, (জঠর-অনল) উদরাগ্নি; বুভুক্ষা,
জঠরাময়, জলোদর রোগ, জলোদরী।
জড়, (জল) মূক, মূঢ়, অপ্রাজ্ঞ; হিমগ্রস্ত; মূল, গোড়া।
জড়ক্রিয়, দীর্ঘসূত্রী, অলস, চিরক্রিয়।
জড়তা, (জড়) জাড্য, স্তৈমিত্য, অপাটব; দুঃখে বা শীতাদিতে নিশ্চেষ্টতা।
জড়সড়, (জড়) সঙ্কুচিত।
জড়া, শূকশিম্বী, শূয়াশিম, ভূমি আমলকী
জড়াও, (জড়) খচিত, মণ্ডিত, সংলগ্ন।
জড়ান, (জড়া) বেষ্টন, ঘেরণ; আবৃত করণ, বাঁধন।
জড়িত, (জড়) বেষ্টিত, আবৃত; আকীর্ণ, ব্যাপ্ত, সঙ্কুলিত; অব্যক্ত, অস্পষ্ট।
জড়িবটী (জড়-বটী) ঔষধ, ভেষজ, মূলবটী, শিকড় বড়ী, স্তব্ধ, জড়।
জড়িমা, (জড়) জড়তা; মূঢ়তা; অবসন্নতা।
জড়ীভূত, ঘনীভূত; অবশ; জমাট
জড়ুর, (জটুল) দেহস্থিত তিলক, জড়ুল।
জড়ুল, দেহস্থিত তিলক, জরুড়।
জড়জাড়িয়া, আঠাল, আঠাবৎ, আর্দ্র।
জতু, (জন) বৃক্ষনির্য্যাস বিশেষ, জৌ, লাক্ষা, লা, অলক্ত, যাব। [স্থিত তিল, জরুড়।
জতুক, (জন) হিঙ্গু, হিং, লাক্ষা, লা; দেহ-
জতুকা, জমী নামে গন্ধদ্রব্য বিশেষ; চর্ম্মচটিকা, চামচকা; লতা বিশেষ; জৌ, লা।
জতুগৃহ, জৌ-নির্ম্মিত গৃহ।
জতুনী, চর্ম্মচটিকা, চামচিকা।
জতুপুত্রক, পাশগুটিকা, পাশার ঘুঁটী।
জতুমণি, ক্ষুদ্র রোগবিশেষ, জরুড়।
জতুরস, অলক্তক, আলতা, লাক্ষা, লা।
জত্রু, স্কন্ধসন্ধি, পাথুরা, কাঁধের জোড়।
জন, লোক, ব্যক্তি; মহর্লোকের ঊর্দ্ধস্থ-লোক, পামর।
জনক, (জন) পিতা, জন্মদাতা, উৎপাদক, রাজা বিশেষ, [illegible]

টান্নিত, আকৃষ্ট, আকর্ষণ।
টাপু, (দ্বীপ) পুলিন, চড়া।
টাল, (টল) ব্যাজ, বিলম্ব, ছল দ্বারা কাল-হরণ।
টালন, বিলম্বন, কালযাপন; হেলন।
টালু, ছলে কাল হরণ; বিলম্বকরণ।
টালি, (ষাং) বৃহৎ ইষ্টক বিশেষ; ছল।
টিআ, তোতাপক্ষি, টিয়াপাখী।
টিকন, (স্থা) স্থিতি করণ, থাকন, রহন।
টিকল, (স্থা) স্থিতিশীল, স্থায়ী, স্থির।
টিকা, (টিক) কপালের ভূষণ বিশেষ; অঙ্গারাদি দ্বারা নির্ম্মিত অগ্নি জ্বালন দ্রব্য; বসন্ত আনয়ন নিমিত্ত হস্তে সূচ্যাদি দ্বারা ক্ষত করণ।
টিকারা, (টিকা) বাদ্যবিশেষ, দুন্দুভ বাদ্য, ধামসা।
টিকী, চূড়া, শিখা।
টিক্‌টিকী, (টিক্‌টিক) গৃহগোধিকা, জ্যোঠী
টিকলী, (টাকা) ক্ষুদ্র খণ্ড, ফালী।
ঠিটকার, (টিট) উচ্চধ্বনি; অবজ্ঞা বা নিন্দা অথবা ভর্ৎসনা সূচক শব্দ।
টিট্টিভ, (টিট্টি) পক্ষিবিশেষ, টিডডি।
টিট্টির, পক্ষিবিশেষ, টিট্টিভপক্ষী।
টিপ, কপালস্থ তিলক, ফোঁটা।
টিপন, (টিপ) দৃঢ়রূপে ধরণ; চাপন। চাপন
টিপনী, (টিপ্পনী) টীকা; সূক্ষ্মবৃষ্টিপাত;
টিপা, চাপা; খাঁজ, টেপা।
টিপ্পনী, (টিপ) টীকা, গ্রন্থাদির অর্থ বিবরণ।
টীকা, (টীক) বিবরণ, গ্রন্থার্থ প্রকাশক লিপি, অর্থ ব্যাখ্যা, টিপ্পনী।
টিপ, কপালচিহ্ন, ফোঁটা; চিঠা; হুণ্ডী।
টুটী, কণ্ঠ, গলার নলী।
টুক, (টঙ্ক) খণ্ড, টুকরা, কুটি। ঘটী।
টুকনী, (টক) মৃত্তিকানির্ম্মিত ভিক্ষাপাত্র
টুকরা, (টুক) লেশ, কণা, খণ্ড।
টুকরী, (টক) বংশাদি রচিত পাত্র, ঝুড়ী।
টুকুরা, টুকি, খণ্ড, কণা, লেশ।
টুঙ্গী, (বিটঙ্ক) গৃহ বিশেষ; পারাবতের গৃহ, পায়রার খোপ।
টুট, (ক্রুট) ন্যূনতা, ত্রুটি; অঙ্গহানি।
টুটন, ন্যূন হওন, ঘাটন, হ্রাস হওন, ভগ্ন হওন। নীচক্র।
টুণ্টুক, (টুনক) পক্ষিবিশেষ, টুন্টনিপাখী,
টুপী, (কিরীট) মস্তকাবরণ বস্ত্র, টোপ, তাজ
টুস্‌ক, (টুস) ঠুস্‌কা, মড়কা।
টেটা, (ক্রুট) লৌহময় অস্ত্রবিশেষ, হালা।
টেটারি, (তট-ক্রু) কাংস্যবণিক, কাঁসারি।
টেড়ন, বক্র হওন, বাঁকা।
টেড়া, (টেরক) বক্র, বাঁকা, আড়া, হেলা।
টেড়াদৃষ্টি, কুটিলাক্ষি, বক্রদৃষ্টি, ঈষদ্দৃষ্টি, আড়চক্ষু।
টেনা, (ছিন্ন) জীর্ণবস্ত্র, টেনী, কানী, নেকড়া
টেপ, (টিপ) বস্ত্রাঞ্চল, বসনের প্রান্তভাগ।
টের, (তীর) প্রান্ত, পার্শ্ব; শেষ; ঈষদুপলব্ধি; সন্ধান, জ্ঞান।
টেরক, বক্রচক্ষু, বলির টেরা।
টেরচা, (টেরক) বক্র, বাঁকা, একপেশে।
টোকক, (টুক) কুৎসাবাদী, নিন্দক।
টোক্কর, (কুট) আঘাত, চোট, ঠক্কর, উঁচট
টোকরা, টুকরী, ঝুড়ী, চুপড়ী।
টোকা, (টিক) কাটা; সূচিদ্বারা সেলাই করা, প্রতিকথার উত্তর; অঙ্গ সঙ্কেত তালপত্র রচিত ছত্র বিশেষ। ঝুড়ী, চুপড়ী।
টোকরা, (টুকরী) নলাদি রচিত পাত্র,
টোকরী, পাত্রবিশেষ, ঝুড়ী, চুপড়ী।
টোঙ্গর, (তোমর) মুসলমান, যবন।
টোপ, (টুপ) মৎস্যের আহার, চার; মস্তকাচ্ছাদন বস্ত্র, টুপী।
টোপবৎ, বিম্বাকার; স্ফীত।
টোপর, (কিরীট) মুকুট, মস্তকাবরণ বস্ত্র।
টোপান, (টুপ) স্তোকের পতন, চ্যুত হওন।
টোপী, মস্তকাচ্ছাদন, টুপী।
টোল, (তল) চতুষ্পাঠী, পাঠশালা, চৌবাড়ী।
টোলা, (টোল) পল্লী, পাড়া, বাসস্থান।
ট্যামট্যামী, (ট্যামট্যাম) বাদ্যযন্ত্র বিশেষ।

ঠ, ঠকার, টবর্গের দ্বিতীয় বর্ণ, ব্যঞ্জনের দ্বাদশ বর্ণ; শিব; মহাধ্বনি, অতিশয় শব্দ; চন্দ্রমণ্ডল; শূন্য।
ঠক, খল, দুষ্ট, কর্ণেজপ, প্রতারক।
ঠকন, (ঠক) অপ্রস্তুত হওন, প্রবঞ্চিত বা প্রতারিত হওন।
ঠকান, অপ্রতিভ করণ, প্রতারণ, প্রবঞ্চন।
ঠকামি, পরনিন্দা করণ, পরগ্লানি করণ; কর্ণে জপন; প্রতারণা।
ঠকুর, দেবতা, ঠাকুর।
ঠকঠকী (ঠকঠক) বিপদ, দায়; ঝন্‌ঝাট; অব্যবস্থা।
ঠগ, (ঠক) দুষ্ট, খল; প্রতারক; ধূর্ত্ত।

ঠগামি, পরনিন্দা করণ; প্রতারণা, প্রবঞ্চনা।
ঠট্টা, (কথ) ব্যঙ্গ, উপহাস, বিদ্রূপ।
ঠঠ, অনুকরণ শব্দ, ঠনঠন্, ঠনঠনী।
ঠঠন, অব্যক্ত শব্দ; রিক্ততা বোধক।
ঠঠনান, অব্যক্ত শব্দ, অপ্রতুলতা বোধক।
ঠণ্ডা, (তুহিন) শীতল স্নিগ্ধ।
ঠণ্ডী, (ঠণ্ডা) কফ, শ্লেষ্মা।
ঠমক, (জমক) হাবভাব, ছেনালি; প্রাগলভ্য। [স্থির করণ; বিবেচন।
ঠাওরণ, (ঠাওর) অনুমান করণ; চিন্তন;
ঠাঁই, (স্থান) নিকট; সমীপ। [ব্রাহ্মণ।
ঠাকুর, (ঠক্কুর) দেবতা; গুরু; মান্যব্যক্তি;
ঠাকুরকোঠা, দেবালয়, দেবগৃহ।
ঠাকুরঘর, দেবগৃহ, দেবমন্দির।
ঠাকুরঝী, শ্বশুরকন্যা; গুরুকন্যা।
ঠাকুরণ, ঠাকুরাণী দেবী, গুরুপত্নী।
ঠাকুরদাদা, পিতামহ বা মাতামহ।
ঠাকুরবাটী, দেবগৃহ, দেবালয়।
ঠাকুরবাড়ী, দেবমন্দির, দেবালয়।
ঠাকুরমা, পিতামহী, পিতার মাতা।
ঠাকুরাণী, দেবী; গুরুপত্নী; ব্রাহ্মণী; শ্বশুর স্ত্রী; মান্যা স্ত্রী।
ঠাকুরাণীদিদী, পিতামহী বা মাতামহী।
ঠাকুরালী, কর্ত্তৃত্ব, মান্যতা।
ঠাট, (স্থা-অট) ভঙ্গি; ছাঁচ; পত্তন, কাঠাম।
ঠাট্টা, (ঠট্টা) পরিহাস, বিদ্রূপ, উপহাস, ব্যঙ্গ, কৌতুক, রহস্যালাপ।
ঠাণ্ডা, (ঠণ্ডা) শীতল, স্নিগ্ধ; নম্র; স্থির।
ঠাণ্ডী, ছর্দ্দী, কফ, শ্লেষ্মা।
ঠাম, (স্তম্ভ) ভঙ্গি; মনোহর, চারু, সুদৃশ্য।
ঠার, (স্থা-ঋ) ইঙ্গিত, সঙ্কেত, ইশারা।
ঠারণ, চক্ষুরর্ভঙ্গিদ্বারা জ্ঞাপন; সঙ্কেতে জানান, ইঙ্গিত করণ। [চাপন।
ঠাসন, (ঠাস) মর্দ্দন; সঙ্কীর্ণতা করণ, গাদন,
ঠাহর, (ঠাওর) অনুমান, চিন্তা, বিবেচনা।
ঠাহরাণ, অনুমান করণ, চিন্তা করণ; বিবেচনা করিয়া দেখন; স্মরণ করা।
ঠিক, (স্থা) নিশ্চিত, স্থির, যথার্থ, প্রকৃত।
ঠিকরী, খোলা, খাপরা।
ঠিকা, (ঠিক) কর্ম্মের তাৎকালিক বেতন; দৈনন্দিন বেতনভোগী। [দর্শন।
ঠিকানা, (ঠিক) নিশ্চিত স্থান; বসতির নি-
ঠিলি, (স্থূল) ক্ষুদ্রকলসী, ছোটঘট, গাগরী।
ঠুটা, (তুণ) মুলা, হস্তহীন; ছিন্নবৃক্ষ।

ঠুকন ঠোকন, প্রহরণ; আঘাতকরণ, মারণ
ঠুকরণ, (ঠুকর) চঞ্চু দ্বারা আঘাত করণ; ঠোঁটমারণ, ঠোকরান। [বিঘাত।
ঠুলী, চক্ষুরোধক দ্রব্য, চক্ষুর আবরক, ঢুলি
ঠেঁটা, (শঠ) দুষ্ট; অবাধ্য, নির্লজ্জ।
ঠেঁটী, (শাটী) বিধবার পরিধেয় বস্ত্র।
ঠেক, (স্থগ) অবলম্বন, আটক; ব্যাঘাত, প্রতিবন্ধক; বৃহৎ আধার বিশেষ।
ঠেকন, (স্থা) অবলম্বন; স্পর্শন; লাগন; ব্যাঘাত; বিপদ দ্বারে পড়ন।
ঠেকনা, অবলম্বন, ঠেস, ঠেকুয়া।
ঠেকান, স্পর্শন করান, লাগান; অপ্রতিভ করান; অব্যবহার্য্য করান।
ঠেকার, (টঙ্ক) গর্ব্ব, অহঙ্কার, দর্প, গরিমা।
ঠেকাল, (ঠেক) দুরূহ, কঠিন; ঝঞ্ঝাটিয়া।
ঠেকুয়া, (স্থা) অবলম্বন, ঠেস; একঘরিয়া
ঠেঙ্গ, (টঙ্গ) পাদ, চরণ, অঙ্ঘ্রি, পা।
ঠেঙ্গা, (ঠেঙ্গ) যষ্টি, লাঠি, দণ্ড।
ঠেঙ্গান, যষ্টিদ্বারা প্রহার করণ।
[illegible], পদ, পা, চরণ।
ঠের, বৃদ্ধ, বুড়া, প্রাচীন।
ঠেলন, (ঠেল) হেলন; অমান্যকরণ; নিঃসাধরণ; দূরীকরণ, চালান; খেদান।
ঠেস, (স্থস) অবলম্বন; আশ্রয়; আলম্ব।
ঠেসন, সঙ্কীর্ণকরণ; হেলন; লাগন।
ঠেসান, অবলম্বন, আশ্রয়করণ; ভেজান; লগ্ন করিয়া রাখন।
ঠোঁট, (ত্রোটি) ওষ্ঠ, চঞ্চু।
ঠোঁটকাটা, ধূর্ত্ত; প্রগলভ; দুষ্ট।
ঠোকর, (ঠোক) আঘাত, উঁচোট।
ঠোকরান, চঞ্চু দ্বারা আঘাত করণ; কুঠারাদির দ্বারা আঘাত; মারণ।
ঠোনা, (ঠোক) ঠোকর, ঠোকনা, টক্কর।
ঠোস, (ভস) বিস্ফোটক; ফোস্কা।
ঠোসা, বিস্ফোটক; ফোস্কা।
ঠৌর, (স্থির) স্থৈর্য্য; চৈতন্য, নিশ্চয়।

ড

ড, ডকার, ব্যঞ্জনের ত্রয়োদশ বর্ণ, টবর্গের তৃতীয় বর্ণ; শিব; শব্দ, ধ্বনি; ত্রাস বাড়বাগ্নি।
ডগর, (ডমরু) ঢক্কাবিশেষ, ডমরু, ঢোলক।
ডগা, (কড়ম্ব) বৃক্ষাগ্র, আগা, আগডাল

জয়িত্রী, (জাতিপত্রী) জয়কারিণী, জ তি ফলের ছাল।
জয়িনী, জয়কারিণী, পরাভবকর্ত্রী।
জয়ী, (জয়িন) জয়যুক্ত, বিজয়ী, জেতা।
জয্য, জয় করিতে শক্য, জয় করণযোগ্য, জয়োপযুক্ত।
জর (জৃ) বার্দ্ধক্য, বুড়ামি, জীর্ণতা, বৃদ্ধাবস্থা
জরণ, (জৃ) হিঙ্গু, হিং; কুষ্ঠ ঔষধি, কুড়; জীর্ণ বৃক্ষ; জীরক, জীরা, কৃষ্ণজীরক, কেলে-জীরা।
জরণা, কৃষ্ণজীরক, কেলেজীরা।
জরতী, বৃদ্ধা, প্রাচীনা, বুড়ী।
জরৎ, বৃদ্ধ, প্রাচীন, পুরাতন, জীর্ণ [দেবী
জরৎকারু, মুনি বিশেষ, বিষহরী, মনস -
জরৎকারুপ্রিয়া, মনসা, দেবী, বিষহরী।
জরদগব জীর্ণ বৃষ, বৃদ্ধ বলীবর্দ্ধ, বৃদ্ধোক্ষ, শকুনির নাম।
জরদ, (যাং) পীতবর্ণ।
জরন্, বৃদ্ধ, জীর্ণ, প্রাচীন, বুড়া।
জরন্ত, মহিষ, বৃদ্ধ, জীর্ণ।
জরা, অধিক বয়ঃক্রম দ্বারা শরীরের শ্লথ মাংস ও পক্বকেশাদি, বৃদ্ধাবস্থা, শেষ ব-স্থা, জীর্ণতা, ক্ষারিকা বৃক্ষ, ক্ষীরাই গাছ, রাক্ষসী বিশেষ।
জরাণ, জীর্ণ করণ, পাক করণ।
জরাতুর, (জরা-আতুর) জীর্ণ, জরারোগগ্রস্ত।
জরাবস্থা, (জরা-অবস্থা) বার্দ্ধক্যাবস্থা, বৃদ্ধা-বস্থা। [শিষ্ট; কামদেব।
জরাভীরু জরা জন্য ভয়শীল, জরাভয় বি-
জরায়ু, (জরা-ই) গর্ভবেষ্টন চর্ম্ম, আওল গর্ভাশয়, অগ্নিজার বৃক্ষ।
জরায়ুজ, (জরায়ু-জন) গর্ভাশয় জাত, মনুষ্য-গবাদি। [রাজপুত্র
জরাসন্ধ, চন্দ্রবংশীয় রাজা বিশেষ, বৃহদ্রথ
জরাসন্ধজিৎ ভীম, বৃকোদর, ভীমসেন।
জরী, বৃদ্ধ, জীর্ণ প্রাচীন (যাং) স্বর্ণসূত্র, রৌপ্যসূত্র।
জরু, (যোষা) ভার্য্যা, স্ত্রী, পত্নী, দারা।
জরূথ, মাংস, পল, পিশিত।
জরূর, (য হু) আবশ্যক, প্রয়োজন, দরকার।
জর্জ্জর, (জৃ) জরাতুর, জীর্ণ; শৈলজ নামে-ঔষধি বিশেষ। [জরাতুর।
জর্জ্জরীক, বহুছিদ্র, দ্রব্য, ঝাঁঝরা, জীর্ণ
জর্তিল, বনজাত তিল, বনতিল।
জর্ত্তু, ভগ, যোনি; হস্তী, হাতী।
জর্দা, (যাং) পীতবর্ণ।
জার্ত্তিল, আরণ্যতিল, বনতিল।
জল, (জল) পঞ্চ ভূতের অন্তর্গত ভূতবি-শেষ, অপ, বারি, সলিল, জড়, হিতাহিত বিবেক বিহীন।
জলই, (জল) নৌকাবন্ধ লৌহ; গজাল, প্রেক। [জর কুম্ভীরাদি।
জলকণ্টক, পানীফল, শৃঙ্গাটা; জলচর-হা-
জলকপি, জল জন্তু বিশেষ, শিশুমার, শুশুক
জলকরঙ্ক, নারিকেল ফল, পদ্মপুষ্প; জল-জাত; শঙ্খ, শাঁখ; মেঘ।
জলকষ্ট, জলাভাব; অল্প জল।
জলকাক, পক্ষি বিশেষ, পানীকৌড়ি।
জলকাঙ্ক্ষ, হস্তী, করী, দন্তী, হাতী।
জলকান্তার বরুণ, জলাধিষ্ঠাতা দেব।
জলকিরাট, হিংস্র জলজন্তু, গ্রাহ, নক্রচক্র, হাঙ্গর কুম্ভীর প্রভৃতি।
জলকুক্কুটী, পক্ষ চিল্লী, গাংচিল। [পাখী।
জলকুক্কুভ, জলচর পক্ষি বিশেষ, কোড়া-
জলকুন্তল, শৈবাল শেওলা।
জলকূপী, কূপ, গর্ত্ত; পুষ্করিণী।
জলকূর্ম্ম, জলজন্তু বিশেষ; শিশুমার, শুশুক
জলকেশ, শৈবাল, শেওলা।
জলক্রীড়া, নদ্যাদিতে সখাদের সহিত জল-ক্ষেপ রূপ খেলা। [জোল।
জলগণ্ড, জলপ্লাবিতাদি স্থান, ভুবাস্থান,
জলগুল্ম, জলের ঘূর্ণা, জলাবর্ত্ত, কূর্ম্ম, ক-চ্ছপ। [শ্বপচ।
জলঙ্গম, চাণ্ডাল, চাঁড়াল, অন্ত্যাবসায়ী,
জলচর, জলচারী; মৎস্য; জলজন্তু।
জলচারী, (জল-চারিন) মৎস্য; জলজন্তু।
জলছত্র, প্রপা, জলটুঙ্গী, পথিকদিগের জলদান স্থান।
জলজ, (জল-জন) পদ্ম; মৎস্য; জলজাত।
জলজন্তু, জলজাত প্রাণী, জলচর।
জলজন্তুকা, জলৌকা; জোঁক।
জলজন্ম পদ্ম, পঙ্কজ, শঙ্খ।
জলজম্বুকা, ক্ষুদ্র জম্বু, ভুঁই জাম; বনজাম।
জলজাত, জলে উৎপন্ন, সলিল জাত।
জলজিহ্ব, নক্র, কুম্ভীর, কুমীর।
জলডিম্ব, শম্বুক, শামুক।

জলতরঙ্গ, ঊর্ম্মি, বীচি, ঢেউ।
জলতাপিক, ইল্লীশমৎস্য, ইলীশমাছ; কুকুচী মৎস্য।
জলতাপী, ইল্লীশমৎস্য, ইলীশামাছ।
জলত্রা, ছত্র, আতপত্র, ছাতা।
জলদ, (জল-দা) মেঘ, জলধর; জলদান কর্ত্তা; মুস্তক, মুতা। [টি কাল।
জলদাগম, (জলদ-আগম) বর্ষাকাল প্রাবৃ-
জলদাশন, বৃক্ষ বিশেষ, শালবৃক্ষ, শালগাছ
জলদোষ জলবিকার জন্য পীড়া; কোষ-বৃদ্ধি রোগ। [জলধারা।
জলধর, (জল-ধৃ) মেঘ; মুস্তক; সমুদ্র;
জলধি, (জল-ধা) সমুদ্র, সাগর; দশশঙ্কু-সংখ্যা, শতলক্ষ কোটি
জলধিগা, সরিৎ, নদী, তটিনী হ্রদিনী।
জলধিজা, লক্ষ্মী, কমলা, রমা।
জলনকুল, জলজন্তুবিশেষ, ধাড়িয়া, উদবিড়াল, জলমার্জার।
জলনিকাশ, জল নির্গমনের পথ, মোহানা।
জলনিধি, সমুদ্র, বারিধি, সাগর।
জলনির্গম, প্রাচীর ও গৃহের ভিত্তি ইত্যাদিতে জলনিঃসারণ পথ, দেবগৃহ ইত্যাদির প্রাকারাদিতে জল নিঃসারণ দ্বার।
জলনীলী, শৈবাল, শেওলা।
জলন্ধর, অসুর বিশেষ।
জলপতি, বরুণ; সমুদ্র।
জলপথ, নৌকাদিতেগমন; জলনির্গমের পথ পয়নালা, নর্দ্দমা
জলপাই, (জল-পা) বৃক্ষ ও ফলবিশেষ।
জলপাত্র, ঘটী, জলাধার। [হার, ফলাহার।
জলপান, অন্ন ব্যতিরিক্ত ভোজন; জলা-
জলপারাবত, পক্ষিবিশেষ; জল কপোত।
জলপিত্ত, অগ্নি, বহ্নি, অনল।
জলপৃষ্ঠজা, শৈবাল, শেওলা। [জলা।
জলপ্রায়, জল বহুল স্থান, জলময় দেশ, অনুপ দেশ।
জলপ্রিয়, চাতকপক্ষী; মৎস্য।
জলপ্লব, জল নকুল, উদবিড়াল।
জলপ্লাবন, বন্যা; বান। [পানীফল
জলফল, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল,
জলবঙ্গ, মৎস্য, মীন, মাছ।
জলবল্কল, জলমধ্যগত স্রোতের ভেদকারক দারু শিলাদি।
জলবাহক, জলব্রণ, জল সম্ভব; পানী বসন্ত
জলবল্কল কুম্ভিকা পানা।
জলবল্লী, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।
জলবায়স, মদ্গুপক্ষী পানিকৌড়ী, জলকাক
জলবাহ, (জল-বহ) মেঘ, জলদ জলধর।
জলবিড়াল, জলমার্জ্জার, উদবিড়াল।
জলবিল্ব, কর্কট, কাঁকড়া।
জলবিষুব, তুলাসংক্রান্তি।
জলবুদ্বুদ, জলবিম্ব, জলকণা।
জলবৃশ্চিক, চিঙ্গট মৎস্য, চিঙ্গড়ীমাছ।
জলব্যাল, অলগর্দ সর্প; ক্রূরকর্ম্মা জলজন্তু।
জলব্রাহ্মী হিলমোচী, হিংচাশাক [জল উঠে
জলভরাণয়া জলপূর্ণ নৌকাদি; যাহাতে
জলভক্ষা, পানসিয়া, বিস্বাদু।
জলভূ, মেঘ, নীরদ, বারিবর
জলমদ্গু, মৎস্যরঙ্গ পক্ষী, মা ছরাঙ্গা পাখী
জলমধুক, মধূক নামে বৃক্ষ বিশেষ, মহুয়া।
জলমসি, জলধর, মেঘ, বারিদ, ঘন।
জলমক্ষিকা, বারিকৃমি, জলের পোকা।
জলমানুষ, জলজাত মনুষ্য; ভূ জল উভয় চারী জন্তু বিশেষ।
জলমার্গ, প্রণালী, নর্দ্দমা, পয়নালা।
জলমার্জার, জলবিড়াল, উদবিড়াল, ধাড়িয়া
জলমুক, মেঘ, জলধর, বারিদ।
জলমুহরী, পয়নালা, মুরি, নরদামা।
জলমুহান, খাত, খাই, খানা, জুলি।
জলমূর্ত্তিকা, করকা, বর্ষোপল, শিল।
জলমোদ, উশীর, বীরণমূল, বেণার মুল।
জলযন্ত্র, জলোত্তোলনের কল, জলের ফোয়ারা। [ফোয়ারার ঘর।
জলযন্ত্র-গৃহ জলমধ্যে কৃত গৃহ জল টুঙ্গ,
জলযোগ অন্নভিন্ন কিঞ্চিৎ আহার জলপান
জলরঙ্ক, ক্রৌঞ্চপক্ষী, বক পক্ষী।
জলরঙ্ক, দাত্যূহপক্ষী, পানীকৌড়ী।
জলরঙ্কু, বকপক্ষী, ক্রৌঞ্চ পক্ষী।
জলরণ্ড, জলাবর্ত্ত, জলের ঘূর্ণা; জলকণা; সর্প, ভুজঙ্গম।
জলরস, লবণ নুণ।
জলরুহ, পদ্ম, কমল, পঙ্কজ।
জললতা, তরঙ্গ, বীচি, ঢেউ।
জলশয়ন, জলশায়ী; বিষ্ণু, নারায়ণ।
জলশায়ী, (জল-শী শয়ন) বিষ্ণু, নারায়ণ।
জলশুক্তি, শম্বুক, শামুক; জলসীপী; কৃমিশুক্তি; ক্ষুদ্রশুক্তিকা, ক্ষুদ্র শম্বুক, ছোট শামুক।

জলশুক, শৈবাল, শেওলা।
জলশূকর, কুম্ভীর, নক্র, কুমীর
জলসত্র জলদান স্থান, জলছত্র।
জলসর্পিণী, জোঁক। [নৌকা, কাক।
জলসূচি, কঙ্কত্রোট মৎস্য ; পানীফল ; জ-
জলস্থা, গণ্ডদূর্ব্বা, গেঁটে দূর্ব্বা।
জলহ, স্বল্পজলযন্ত্র গৃহ।
জলহরী, পুষ্করিণী খাত, জলাশয়। [কুমীর
জলহস্তী, জলজন্তু বিশেষ ; নক্র, কুম্ভীর,
জলহাস, সমুদ্রের ফেনা।
জলা, (জল) জল প্লাবিত স্থান, জলময় ভূমি
জলাকার নৌকাবদ্ধ লৌহ, জলই ; জলস্থান
জলাকা, জলৌকা, জোঁক। ড়াল।
জলাখু, জলজন্তু বিশেষ, জল নকুল, উদবি-
জলাঞ্চল, জল নির্গম ; শৈবাল, শেওলা।
জলাঞ্জলি, (জল-অঞ্জলি) তর্পণ ; করপুটে
গৃহীতজল বিসর্জ্জন।
জলাটনী, জলৌকা, জোঁক।
জলাম্বিকা, জলৌকা, জোঁক। [জলপাত্র।
জলাধার, (জল-আধার) জলাশয়, পুষ্করিণী
জলাধিদৈবত, বরুণ, পূর্ব্বাষাঢ়ানক্ষত্র।
জলাধিপতি, (জল-অধিপতি) বরুণ। [ঘূর্ণা।
জলাবর্ত্ত, (জল-আবর্ত্ত) জল গুয়া, জলের
জলাভাব, (জল-অভাব) জলকষ্ট, জলের
অভাব। [স্ত্রীকুসুম।
জলাম, (জরায়ু) গর্ভপুষ্প জরায়ু, ফুল,
জলায়ুকা, জলৌকা, জোঁক।
জলার্দ্র, জলদ্বারা সরস ; ক্লিন্ন ; ভিজা।
জলার্ণব, (জল-অর্ণব) বর্ষাকাল, প্রাবৃটকাল,
জলসমুদ্র।
জলালুক, পদ্মকন্দ, পদ্মের গেঁড়।
জলালুকা, জলৌকা, জোঁক।
জলাশয়, (জল-আশয়) জলাধার, পুষ্করিণী ;
সমুদ্র ; উশীর ; বীরণ মূল ; পানীয় ফল।
জলাষ্ঠীল, হ্রদ, পুষ্করিণী ; তড়াগ। [পুষ্প
জলেশয়, উৎপল ; কহ্লার, হেলানামক
জলিকা, জলৌকা, জোঁক।
জলীবী, (জল-ইব) মিষ্টান্ন বিশেষ।
জলুকা, জলৌকা, জোঁক।
জলুয়া, (জল) তরল ; জল তুল্য, বিশেষ-
আস্বাদ হীন। [চর পক্ষী।
জলেচর, যে জলে চরে, হংস প্রভৃতি জল
জলেজাত, পদ্ম, পঙ্কজ, কমল।
জলেন্দ্র, (জল-ইন্দ্র) বরুণ ; সমুদ্র।
জলেন্ধন, বাড়বাগ্নি, বড়বানল।
জলেশয়, মৎস্য, মীন, মাছ। [সমুদ্র।
জলেশ্বর, (জল-ঈশ্বর) জলাধিপতি, বরুণ ;
জলোকা, জলৌকা, জোঁক।
জলোচ্ছ্বাস, পরিপূর্ণ জলাশয় হইতে সমধিক
জলের বহন ; জলোদ্গম। [স্ত্রীরোগ।
জলোদর, (জল-উদর) রোগবিশেষ, জলোদ-
জলোরগী, জলৌকা, জোঁক।
জলৌকা, (জল-ওকস) জোঁক।
জলজ্বল, (জ্বল) উজ্জ্বল, দীপ্তিমান।
জলজলাট, (জলজল), চাকচক্য, উজ্জ্বলতা,
শোভা, দীপ্তি।
জলদী, (যাং) শীঘ্র, ত্বরা, দ্রুত।
জল্প, বিজিগীষুর কথা, পরমত খণ্ডনপূর্ব্বক
স্বমত ব্যবস্থাপন ; কথা ; গল্প।
জল্পন, (জল্প) কথন, উক্তি করণ, কহন।
জল্পাক, বহু কুৎসিত ভাষী, বাবদূক ; বাচা-
ল ; বাচাট।
জল্লাদ, (যাং) হত্যাকারী, বধকারী।
জল্পিত, উক্ত, কথিত ; কথন।
জম্বুবি, বজ্র বাজ, অশনি।
জহক, কাল, সময় ; ত্যাগকর্ত্তা।
জহর, (যাং) বিষ, গরল।
জহানক, প্রলয় ; ধ্বংশ, নাশ। [কুরুরাজপুত্র
জহ্নু, বিষ্ণু ; রাজর্ষি বিশেষ, চন্দ্রবংশোদ্ভব
জহ্নুতনয়া, গঙ্গা, ভাগীরথী ; ত্রিপথগা।
জক্ষণ, ভক্ষণ, অশন, অদন, ভোজন।
জক্ষ্মা, নহা রোগবিশেষ, ক্ষয় রোগ, যক্ষ্মা-
কাশ। র ভ্রাতৃ
জা, দেবরের স্ত্রী, স্বামির ভ্রাতৃ পত্নী, স্বামি-
জাওর, উদ্গীর্ণ্য পুনশ্চর্ব্বণ, উদ্গার করিয়া
পুনর্ব্বার চিবান।
জাঁক, (জন) সমারোহ, ঘটা ; গর্ব্ব ; দম্ভ।
জাঁকার, কোলাহল, গণ্ডগোল, কাড়িশব্দ
শব্দ, মহাকলরব। [টাযুক্ত
জাঁকাল, সমারোহান্বিত, দৃশ্যে সম্ভ্রান্ত, ঘ-
জাঁত, (যন্ত্র) চাপান, চাপা ; জাঁতাকল।
জাঁতন, (জাঁত) দৃঢ়রূপে পেষণ, চাপন, চাস-
ন, মর্দ্দন, আঁটন।
জাঁতা, (যন্ত্র) পেষণ যন্ত্র ; (জন্ত্র) অগ্নিপ্রজ্বা-
লনার্থ যন্ত্র বিশেষ।
জাঁতী, (যন্ত্র) গুবাক ছেদনার্থ অস্ত্রবিশেষ
জাগন, (জাগৃ) নিদ্রাভঙ্গ, জাগরণ।
জাগনিয়া, (জাগৃ) প্রহরী ; জাগরূক।

জাগর, জাগরণ, জাগন, নিদ্রাভঙ্গ ; কবচ, যোদ্ধাদের অঙ্গ বস্ত্র।
জাগরূক, নিদ্রাভাব, জাগা, জাগর্য্যা।
জাগরিত, জাগ্রৎ, নিদ্রোত্থিত।
জাগরিতা, জাগরী, জাগরণবিশিষ্ট।
জাগরী, জাগরিত, জাগরূক।
জাগরূক, (জাগৃ) জাগরণশীল, জাগরণকর্ত্তা।
জাগর্ত্তি, জাগরণ, অনিদ্রা।
জাগান, (জাগা) নিদ্রাভঙ্গকরণ, ঘুমভাঙ্গান
জাগৃবি, অগ্নি, অনল, বহ্নি।
জাগ্রৎ জাগরণবিশিষ্ট, নিদ্রোত্থিত, সচকিত
জাগ্রিয়, জাগরণ, নিদ্রাভঙ্গ।
জাঘনী, উরু, জঙ্ঘা, জাং, উরুদেশ।
জাঙ. জঙ্ঘা, হাঁটু।
জাঙ্গল, (জঙ্গল) স্থলজ পশুবিশেষ ; নির্জ্জলদেশ ; জঙ্গল দেশোদ্ভব।
জাঙ্গলি, ব্যালগ্রাহী, সাপুড়ে। [চিকিৎসক।
জাঙ্গলিক, বিষ বৈদ্য, ওঝা, সর্পক্ষতের
জাঙ্গাল. (জাঙ্গল) আলি, সেতু, বাঁধ।
জঙ্গী, (জঙ্ঘা) জাং, উরুস্থল।
জাঙ্গুল, বিষ, কালকূট ; ফল বিশেষ।
জাঙ্গুলি. বিষবৈদ্য ; ওঝা, বিষ চিকিৎসক।
জাঙ্ঘিক, উষ্ট্র, উট ; জঙ্ঘাজীবী ; ধাবকাদি
জাচন, (জর্চ) পরীক্ষা করণ, জাচাই করিয়া দেখন।
জাচাই, পরীক্ষা ; মিলাইয়া দেখা।
জাজম (যাং) গালিচা, চিত্রবিচিত্র আসন বিশেষ সতরঞ্চ।
জাজ্বল্যমান, দেদীপ্যমান ; প্রকাশ্য।
জাড়, (জড়) হিম ; শীত।
জাড়া, (জড়) হিম ; শীতকাল।
জাড়িবেঙ্গ, ভেকবিশেষ, আসপাবেঙ্গ।
জাড্য, (জড়) জড়তা, স্তব্ধীভাব, অবসন্নতা ; অলসতা ; মূঢ়তা, মৌর্খ্য।
জাড্যারি, জম্বীর, জামীর, নেবু।
জাত, (জন) উৎপন্ন, ব্যক্ত ; সমূহ।
জাতক, (জাত) জাতবালকের শুভাশুভ নির্ণায়ক গ্রন্থ ; জন্ম ; ভিক্ষু।
জাতকর্ম্ম (জাত-কর্ম্মন) দশবিধ সংস্কারের অন্তর্গত সংস্কার বিশেষ।
জাতপ্রতীতি, জাতপ্রত্যয়, জাত বিশ্বাস।
জাতবেদা, অগ্নি, অনল ; চিত্রক বৃক্ষ ; চিতার গাছ।
জাতরূপ, স্বর্ণ ; ধুস্তূর ; উৎপন্ন রূপ।
জাতান্ধ, (জাত-অন্ধ) জন্মান্ধ, দৃষ্টিহীন।
জাতাপত্যা, (জাত-অপত্য) প্রসূতা স্ত্রী ; যে স্ত্রী পুত্র বা কন্যা প্রসব করিয়াছে।
জাতি (জন) গোত্র, কুল ; জন্ম ; সামলক ; ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র, মনুষ্যত্ব গোত্বাদি ; পুষ্প বিশেষ।
জাতিকোশ, জাতীফল, জায়ফল।
জাতিখাওয়া, (জাতি-খাদ) বলাৎকার, বলদ্বারা পরস্ত্রী হরণ। [দের শত্রুতা
জাতিবৈর, স্বভাবিক শত্রুতা ; মূষিক নকু-
জাতিভ্রংশ, জাতিপাত, জাতিবিনাশ, অব্যবহার্য্যতা। [পাপবিশেষ।
জাতিভ্রংশকর, নববিধ পাপের অন্তর্গত
জাতিমারা, জাতিনষ্ট করা, অব্যবহার্য্য করা
জাতিসার, জাতীফল জায়ফল। [রক।
জাতিস্মর, (জাতি-স্মৃ) পূর্ব্বজন্মের বৃত্তান্ত স্মা
জাতী (জন) পুষ্প বিশেষ ; জাতীফুল, চমেলী ; মালতী।
জাতীকোশ, (জাতী) জাতীফল, জায়ফল।
জাতীপত্রী, জাতীফলের ত্বক, জৈত্রী।
জাতীফল, ফলবিশেষ, জায়ফল।
জাতীয়, (জাতি) জাতি সম্পর্কীয়, জাতিসম্বন্ধীয়। [নিশ্চার্থ
জাতু, (জৈ) কদাচিৎ, কখন ; সম্ভাবিতার্থ ;
জাতুক, হিঙ্গু, হিং।
জাতুধান, রাক্ষস, নিশাচর, রাত্রিচর।
জাতুষ, জতুবিকার, জতুনির্ম্মিত।
জাতেষ্টি, (জাত-ইষ্টি) পুত্রজননানন্তর যাগ।
জাতোক্ষ, দম্যভাব প্রাপ্ত বলীবর্দ্দ ; বয়স্থ বৃষ।
জাত্য, কুলীন ; শ্রেষ্ঠ, প্রধান।
জাত্যন্ধ, জন্মান্ধ, জন্মাবধি দৃষ্টিহীন।
জাদা, (যাং) পুত্র, সন্তান।
জাদু, (যাং) কুহক, মায়া, ভেলকী।
জাদুগর, (যাং) কুহকী, মায়াবী।
জান, (জ্ঞা) কুহকী, দৈবজ্ঞ ; সর্ব্বজ্ঞ ; প্রাণ।
জানকী, (জনক) সীতা, জনকসুতা, বৈদেহী
জানত, জ্ঞানানুসারে, জ্ঞাতসারে।
জানন, (জ্ঞা) অবগত হওন, জ্ঞাত হওন, বিদিত হওয়া।
জানপদ, জন স্থান ; দেশ ; পরগণা ; চাকলা
জানবর, (জান) জন্তু, প্রাণী।
জানবিৎ, জানত, জ্ঞাত, বিদিত, পরিচিত।
জানান, জ্ঞাপন, জ্ঞাতকরাণ, বিদিতকরাণ।

জানানি, জ্ঞাপন সম্বন্ধীয় ; সমাচার, সংবাদ
জানামি, সর্ব্বজ্ঞতা, গণকতা ; কুহক।
জানু, (জন) উরু, এওয়ার মধ্যভাগ, হাঁটু, উরুপর্ব্ব।
জাপ, (জপ) দেব নামোচ্চারণ ; মন্ত্রস্মরণ।
জাপক, জপকর্ত্তা, সর্ব্বদা মন্ত্রোচ্চরণ কারী
জাপন, নিরসন, নির্ব্বর্ত্তন।
জাপটান,(জু) দৃঢ় ধারণ, আলিঙ্গন, আঁকড়ন
জাফরাণ, (যাং) কুঙ্কুম, কেশর।
জাবনিক, ম্লেচ্ছসম্বন্ধীয় ; ম্লেচ্ছদেশীয়, জবনদেশ জাত।
জাবান, জীবিত করিয়া রাখন, মৎস্যাদি ধারণ পূর্ব্বক জলে রাখন। [বিশেষ।
জাবাল, ছাগোপজীবী, অজাজীবী ; মুনি
জাবালি, (জীব) মুনিবিশেষ ; ভুজঙ্গশিশু, শলুই ; জাওয়ালি ; ধান্যাদির বীজ।
জাম, (জম্বু) ফলবিশেষ ; বৃক্ষ বিশেষ।
জামদগ্ন, জমদগ্নি মুনিপুত্র, পরশুরাম।
জামরুল, (জাম) ফল বিশেষ, বৃক্ষ বিশেষ।
জামা, (যাং) কুর্ত্তি, ফতুয়া, বেনিয়ান।
জামাই, (জামাতৃ) জামাতা, কন্যার পতি।
জামাতা, (জামাতৃ) কন্যার পতি, জামাই।
জামী, স্বসা, ভগিনী ; কুলস্ত্রী।
জামির, (জম্বীর) নেবু।
জামেয়, ভগিনীপুত্র, ভাগিনেয়।
জামুড়া, (জাত-মুড়) ব্রণকিণ, হস্ত পদ দিতে কঠিন মাংসরূপ রোগ, কড়া।
জাম্বব, জম্বুফল, জাম ; সুবর্ণ ; ঋক্ষরাজ।
জাম্ববতী, শ্রীকৃষ্ণপত্নী, জাম্ববানের কন্যা।
জাম্ববান, ঋক্ষরাজ, বানর বিশেষ জাম্বুবান
জাম্বুবান, ঋক্ষরাজ, বানর, বিশেষ।
জাম্বুনদ, সুবর্ণ, স্বর্ণ ; ধুস্তূর।
জায়, (জন) লেখা, বিবরণ।
জায়গা, (যাং) স্থান, ভূমি।
জায়ফল, (জাতীফল) ফলবিশেষ।
জায়া, (জন) ভার্য্যা, বনিতা, পত্নী।
জায়াজীব, নট ; চারণ, বেশ্যাপতি।
জায়ানুজীবী, নট, বেশ্যাপতি ; দুস্থ, দরিদ্র ; বকপক্ষী। [মাগ ভাতার।
জায়াপতী, ভার্য্যাপতী, দম্পতী, স্ত্রীপুরুষ,
জায়ু, ঔষধ, ভেষজ।
জার, (জৃ) উপপতি, গুপ্তপতি, বিড়গ।
জারক, (জৃ) জীর্ণকারক, পাচক। [বিজন্মা।
জারজ, (জার-জন) উপপতি জাত সন্তান,
জারণ, (জার) জরাণ, জীর্ণকরণ, ক্ষয় করণ পচান।
জারণী, স্থূলজীরক, মোটা জীরা।
জারাশঙ্কা, (জার-আশঙ্কা) ভ্রষ্টা, সুন্দেহ, উপপতির আশঙ্কা।
জারী, (যাং) ওষধী বিশেষ, জাভী ; প্রচার।
জাল, (জল) সূত্রাদি নির্ম্মিত মৎস্য ধারণোপায় ; কূটযন্ত্র, বাগুরা, পাশ ; গবাক্ষ ; অস্ফুট কলিকা, কুষ্মাণ্ডাদির ক্ষুদ্রফল ; দম্ভ সমূহ ; ইন্দ্রজাল, কুহক ; কৃত্রিম ; কদম্ববৃক্ষ
জালক, অস্ফুট কলিকা, কুষ্মাণ্ডাদির ক্ষুদ্রফল ; জাল সমূহ ; গবাক্ষ। [জালকর্ত্তা
জালকারক, লতা কীট, কর্কটক, মাকড়সা ;
জালকিনী, মেষী, মেড়ী, ভেড়ী।
জালখত, কৃত্রিম লেখ্য।
জালগর্দ্দভ, রোগবিশেষ।
জালগাণিকা, দধি মন্থনভাণ্ড বিশেষ।
জালন-জ্বালন, (জ্বল) উদ্দীপন ; পোড়ান ; জ্বালাইবার কাষ্ঠাদি।
জালন্ধর, ত্রিগর্ত্ত ; ত্রিগর্ত্তদেশস্থ।
জালপাদ, হংস, হাঁস, মরাল।
জালপ্রায়া অঙ্গরক্ষিণী ; লোহার সাঁজোয়া।
জালা, (জল) অলিঞ্জর, জলাদি রক্ষণার্থ-বৃহৎ পাত্র।
জালান, জ্বালন, দাহন, উত্তাপন।
জালি, অস্ফুট কলিকা, কুষ্মাণ্ডাদির ক্ষুদ্রফল, ছিদ্র।
জালিক, (জাল) লূতা, মর্কটক, মাকড়সা ; কৈবর্ত্ত ; ব্যাধ, জলোপজীবী। [বিধবা।
জালিকা, বস্ত্র বিশেষ ; জলৌকা, জোঁক ;
জালিনী, চিত্রশালা, চিত্র গৃহ।
জালিয়া, (জাল) ধীবর, কৈবর্ত্ত, দাস।
জালী, (জাল) ঝিঙ্গা ; পটোল ; ঝালর ঝঝ্‌রী ; ছানী। [সচ্ছিদ্র, জলজালিয়া।
জালীপড়া, (জাল-পড়া) ঝালরের ন্যায়
জালতি, জাল ; মুখস, মুখবন্ধনী।
জাল্ম, (জল) পামর ; ক্রূর ; অসমীক্ষ্যকারী মূর্খ, অবিবেক।
জাসুস, (যাং) গোয়েন্দা, চর, সন্ধানী।
জাহক, ঘোজক, ঘোঘ ; মার্জ্জার ; শৃগাল ; বিলেশয় জন্তুবিশেষ।
জাহ্নবী, (জহ্নু) গঙ্গা, ত্রিপথগা, সুরধুনী।
জাহাজ, (যাং) অর্ণবপোত, অর্ণবযান।
জাহির, (যাং) প্রকাশকরণ, প্রচার করণ

জিআন, (জি) জীবন দানকরণ, প্রাণরক্ষা-
করা। [ব্যবসায়ী।
জিউলি, (জীব) মাছুয়া, মৎস্যধারক, মৎস্য
জিওন, জীবন, প্রাণরক্ষাকরণ।
জিওল, (জিউলি) বৃক্ষবিশেষ; কচ্ছপাদি;
মদগুরাদি মৎস্য।
জিগত্নু, প্রাণবায়ু।
জিগমিষা, গমনেচ্ছা, গমনের বাঞ্ছা।
জিগীষা, জয়েচ্ছা; পরাভব করণেচ্ছা।
জিঘৎসা, ক্ষুধা, ভোজনেচ্ছা, বুভুক্ষা।
জিঘৎসু, ভোজনেচ্ছুক; ক্ষুধিত; হিংসক,
মারাত্মক। [স্পৃহা।
জিঘাংসা, (হন) হননেচ্ছা, বধচেষ্টা, নাশ-
জিঘাংসু, (হন) বধ করণেচ্ছু, হিংসেচ্ছাবি-
শিষ্ট, বধোদ্যত; শত্রু।
জিঘ্র, ঘ্রাণকর্ত্তা, গন্ধগ্রাহী।
জিঙ্গিনী, বৃক্ষবিশেষ, ঝিঙ্গিনী, ঝিঙ্গী, ঝিঙ্গা,
জিঙ্গী, মঞ্জিষ্ঠা। [কাশন।
জিজ্ঞাসন, (জ্ঞা) প্রশ্ন করণ; জ্ঞানেচ্ছাপ্র-
জিজ্ঞাসা, (জ্ঞা) প্রশ্ন; মনোগত ভাব কথন
জানিবার ইচ্ছা।
জিজ্ঞাসিত, (জ্ঞা) পৃষ্ট, কৃতপ্রশ্ন।
জিজ্ঞাসু, (জ্ঞা) প্রশ্নকারী, জিজ্ঞাসক; জা-
নিতে ইচ্ছুক।
জিঞ্জীর, (যাং) বেড়ী, শিকল।
জিত, (জি) প্রাপ্তপরাজয়, পরাভূত, পরা-
ভব প্রাপ্ত, ভগ্ন, পরাজিত, পরাজয়ী।
জিতকাশী, জয়যুক্ত, জয়বিশিষ্ট, যুদ্ধে জয়ী।
জিতন, (জিত) জয়করণ, জিনন; উৎকর্ষ-
প্রাপণ
জিতনিদ্র, জয়ী, জয়প্রাপ্ত, জেতা।
জিতশত্রু কৃতশত্রু পরাজয়, বিজয়ী।
জিতামিত্র, বিষ্ণু, নারায়ণ; কৃত শত্রুপরাজয়
জিতারি, জিতশত্রু; বুদ্ধ বিশেষ।
জিতাহার, (জিত-আহার) আহার জয় করা
আহার ত্যাগ।
জিতাক্ষর, (জিত-অক্ষর) অক্ষর জয়কারী
দৃষ্টিমাত্রে অক্ষর বোধ করিয়া পাঠক্ষম
জিতেন্দ্রিয়, (জিত-ইন্দ্রিয়) বশীকৃত ইন্দ্রিয়,
শান্ত।
জিত্বর, জেতা, জয়কারী, জয়ী।
জিন, (জি) বুদ্ধ; বিষ্ণু, জেতা
জিনন, (জিন) জয়করণ, জিতন; দমন
জিনযোনি, মৃগ, হরিণ এণ।
জিনীস, (যাং) দ্রব্য, বস্তু, পদার্থ।
জিন্দগানী (জীব) জীবন।
জিব, (জিহ্বা) জিভ, রসনা।
জিয়ল, মৎস্যবিশেষ; কচ্ছপ; বৃক্ষবিশেষ।
জিরণ, (জৃ) বিশ্রমণ, বিশ্রাম, ক্লেশনিবারণ
জিল, (ঝিল্লি) তীক্ষ্ণ স্বর; উচ্চস্বর, তানপূ-
রা বেহালাদি যন্ত্রের তার; গুণ।
জিলিপী, (জলীবী) মিষ্টান্নবিশেষ।
জিলদগর, (যাং) পুস্তক বন্ধনকারক।
জিল্লা, (যাং) উজ্জ্বলতা, চাকচক্য।
জিষ্ণু, বিষ্ণু; ইন্দ্র; অর্জুন; জয়শীল।
জিহ্ম, কুটিল; মন্দ; বক্র; তগর বৃক্ষ;
টগর ফুলের গাছ।
জিহ্মগ, সর্প, অহি; মন্দগ, মন্দগতি।
জিহ্মমোহন, ভেক, বর্ষাভু, ব্যাঙ্গ।
জিহ্মশল্য, খদির, খয়ের।
জিহ্ব, জিহ্বা; তগর মূল।
জিহ্বল, লুব্ধ, লোলুপ, লোভী।
জিহ্বা, (লিহ) রস জ্ঞানেন্দ্রিয়, জিব, রসনা
জিহ্বানির্লেখন, জিহ্বা মার্জন, জিব আঁচ-
ড়ান; জিহ্বা মার্জন দ্রব্য।
জিহ্বাপ, কুক্কুর; ব্যাঘ্র; বিড়াল; ভল্লুক।
জিহ্বামল, কুলুক, জিহ্বাস্থিত মল।
জিহ্বারদ, পক্ষী, বিহঙ্গ, বিহগ।
জিহ্বালিট, কুক্কুর, কুকুর।
জিহ্বাশল্য, খদির বৃক্ষ, খয়ের গাছ।
জিহ্বাস্বাদ, লেহন, চাটন।
জীঅন, (জীব) বাঁচান, জীবদান, প্রাণরক্ষা।
জীন, (জীর্ণ) বৃদ্ধ, প্রাচীন।
জীব, প্রাণ, প্রাণধারণ; প্রাণবৃত্তি; বৃক্ষ
বিশেষ; বৃহস্পতি; ক্ষেত্রজ্ঞ, আত্মা।
জীবক, (জীব) সেবক; জীবী; ব্যাল গ্রাহী
সাপুড়ে। [বৃক্ষবিশেষ।
জীবজীব, জীবঞ্জীব পক্ষী; চকোর পক্ষী;
জীবৎ, জীবন্ত, বর্ত্তমান।
জীবত্তোকা, জীবৎপুত্রিকা।
জীবৎপতি, সধবা, জীবিত পতি।
জীবৎপিতৃক, বিদ্যমান পিতৃক, যাহার
পিতা বর্ত্তমান আছে।
জীবৎমান, জীবৎ, জীবদ্দশাস্থ; বর্ত্তমান।
জীবথু, প্রাণ; কূর্ম্ম, ময়ূর, মেঘ, ধার্ম্মিক।
জীবদ, (জীব-দা) ভিষক বৈদ্য, জীবনদাতা
জীবদাত্রী, ঋদ্ধি, সম্পত্তি, বিভব, প্রাণ-
দান কর্ত্রী।

জীবধন, গবাদি জঙ্গম ধন। [মজ্জা।

জীবন, (জীব) প্রাণধারণ ; প্রাণ বৃত্তি, জল,

জীবনক, অন্ন, ভক্ত, ভাত।

জীবন্মৃত, জীবদ্দশাতে মৃতকল্প।

জীবনযোনি, রত্ন বিশেষ, শরীরে প্রাণ স-
ঞ্চার কারণ কোন রত্ন।

জীবনাঘাত বিষ, কালকূট ; প্রাণেআঘাত।

জীবনাবশিষ্ট, (জীবন-অবশিষ্ট) মৃতকল্প,
মৃত প্রায়, প্রাণাবশেষ।

জীবনাবাস,(জীবন-আবাস) বরুণ, জলাধিপ

জীবনিকা, হরীতকী।

জীবনীয়, জল, পানীয় ; জীবনেরহিতকারক

জীবনোপায়, (জীবন-উপায়) উপজীবিকা,
অজীব, বৃত্তি।

জীবনৌষধ, (জীবন-ঔষধ) যে ঔষধে ম্রিয়-
মাণ লোকেও বাঁচে, জীবনরক্ষাকারী জীব
নোপায়, উপজীবিকা ; রক্ষা।

জীবন্ত, (জীব) জীবৎ, জীবিত, বর্ত্তমান,
আয়ুবিশিষ্ট ; ঔষধ ; প্রাণ।

জীবন্তিকা, বৃক্ষোপরি জাতবৃক্ষ, পরগাছা ; গুড়ুচী ; হরীতকী।

জীবন্তী, লতাবিশেষ, জীবই, জী... ;
জীবিতা স্ত্রী। [সাক্ষাৎকারে মোক্ষ প্রাপ্ত।

জীবন্মুক্ত (জীবৎ-মুক্ত) জীবদ্দশায় ব্রহ্ম-

জীবন্মৃত, (জীবৎ-মৃত) জীবদ্দশায় মৃত প্রায়
মৃতকল্প। [পুত্রী লতা।

জীবপুত্রক, ইঙ্গুদী বৃক্ষ, লতাবিশেষ, জায়া-

জীবপ্রিয়া, হরীতকী।

জীবমন্দির, শরীর, দেহ, তনু।

জীবলোক, মনুষ্যাদি প্রাণিসমূহস্থান। [রণ।

জীবসাধন, ধান্য, শালি, ধান ; জীবনের কা-

জীবস্থান, মর্ম্ম, মস্তিষ্ক ; প্রাণসঞ্চার স্থান।

জীবহীন, নির্জীব, মৃত।

জীবা, মৌর্ব্বী, ধনুর ছিল ; ভূমি ; জীবিত।

জীবাতু, অন্ন ; জীবিত, জীবনৌষধ।

জীবাত্মা, (জীব-আত্মন) দেহী, জীব, প্রাণী,
শরীরবর্ত্তি চৈতন্য।

জীবাধান, (জীব-আধান) প্রাণ সংস্থান ;
জীবনদান, প্রাণ রক্ষণ। [র, দেহ।

জীবাধার, (জীব-আধার) জীবনস্থান, শরী-

জীবান্তক, (জীব-অন্তক) প্রাণিহিংসক ;
জীবনার্থ পক্ষিঘাতক, শাকুনিক, ব্যাধ।

জীবিকা, (জীব) জীবনোপায়, আজীব, বৃত্তি,
উপজীব্য।

জীবিত, (জীব) প্রাণ, জীবন ; জীবনযুক্ত,
বর্ত্তমান। [নয়।

জীবিতকাল, আয়ুঃ ; জীবনের নিরূপিত স-

জীবিতবান, সজীব, জীবনযুক্ত, বর্ত্তমান।

জীবিতেশ, প্রাণনাথ ; প্রাণের ঈশ্বর ; যম ;
চন্দ্র ; সূর্য্য।

জীবী, প্রাণী, অসুধারী ; জন্তু। [ড় বৃক্ষ।

জীমূত, পর্ব্বত ; মেঘ ; মুস্তা ; ইন্দ্র ; দেবতা

জীমূতকূট, পর্ব্বত, শৈল, গিরি, পাহাড়।

জীমূতবাহন, ইন্দ্র ; মেঘবাহন, ধর্ম্মরত্ন না-
মক স্মৃতি গ্রন্থের সংগ্রহ কর্ত্তা।

জীমূতবাহী, ধূম, ধুঁয়া। [ত, বর্ত্তমান।

জীয়ন্ত,(জীব) জীবন্ত, জীবৎ, জীবদ্দশায় স্থি-

জীয়ান, (জীব) জীবাদন করণ, বাঁচান,

জীর, (জু) বণিক দ্রব্য বিশেষ, জীরা ; খড়্গ

জীরক, (জু) বণিক দ্রব্য বিশেষ, জীরা।

জীরা, ক্ষুদ্রবীজ বিশেষ, বণিক দ্রব্যবিশেষ,
জীরক।

জীর্ণ, (জৃ) শৈলজ ; জীরক, বৃদ্ধ ; পুরাতন।

জীর্ণঘরা, যাহার আয়তন বা ছিদ্রাদি পুরাত
ন হইয়াছে।

জীর্ণপর্ণ, কদম্ব বৃক্ষ ; পুরাতন পত্র।

জীর্ণবজ্র, রত্নবিশেষ, বৈক্রান্তান্তমণি।

জীর্ণবস্ত্র, পুরাতন বস্ত্র, পটচ্চর।

জীর্ণা, স্থূলজারক, মোটাজীরা, অতিবৃদ্ধা, গ
লিত প্রায়া। [ক্ষয়।

জীর্ণি,(জৃ) জীর্ণতা, বৃদ্ধাবস্থা ; হজম, পাক ;

জিল্ল, (ঝিল্লি) তীক্ষ্ণস্বর, উচ্চস্বর।

জুআ, (দ্যুত) দ্যূত ক্রীড়া, পাশাখেলা।

জুআর, (জল-বার) সমুদ্র হইতে আগত
জলস্রোতঃ জলোচ্ছাস। [যুক্ত নদী।

জুআরিয়া, সমুদ্র হইতে আগত জলস্রোত

জুয়ারী, (জুয়া) দ্যূতকারী, পাশাক্রীড়ক।

জুগৎ, (যুক্তি) পরামর্শ, মন্ত্রণা, সলা।

জুগুপ্সন, কুৎসা, নিন্দা গ্লানি, ঘৃণাকরা।

জুগুপ্সা, নিন্দা, কুৎসা ; গ্লানি।

জুগুপ্সিত নিন্দিত গর্হিত, ঘৃণিত।

জুঁই, (যূথিকা) পুষ্পবিশেষ।

জুঙ্গ, (জুঙ্গ) দুরন্ত ; সাহসী, ধৃষ্ট ; নির্লজ্জ।

জুজু, (জি) ভয় প্রদর্শক মূর্ত্তি বিশেষ, ক-
ল্পিত ভূত যোনি।

জুটক, জটা, লগ্ন কচ, জড়িত কেশ।

জুটিকা, শিখা, ঝুঁটী, টিকী।

জুড়, (জড) ছায়া, অনাতপ স্থান।

জুড়ন, মিলন ; স্নিগ্ধ হওন ; বিশ্রাম করণ ; শীতল করণ। [শ্রাম
জুড়ান, আরাম করণ ; অনুষ্ণ, শীতল ; বি-
জুতন, (জুৎ) চর্ম্মপাদুকার দ্বারা প্রহার-করণ, জুতা মারণ.
জুতল, (জুৎ) সুগঠন, সুন্দর, সুশ্রী।
জুতা, (জু) চর্ম্মপাদুকা, উপানৎ।
জুতী, (জু) চর্ম্মপাদুকা, উপানৎ।
জুৎ, সৌন্দর্য্য, শ্রী, সুগঠন ; শোভা।
জুফা, (জু) ভেষজ বিশেষ, ওষধিভেদ।
জুবড়ন, (বুড়) ডুবন, মগ্নকরণ, ভিজান।
জুভু, ছল, প্রতারণা, ফাঁকী।
জুল, (জুড়) বিলাস প্রকাশ ; হাবভাব সহিত ঈষদ্দৃষ্টিকরণ ; গোপনে দর্শন।
জুলী, (জল প্রণালী) ক্ষুদ্রখাত; নালা, প্রণালী
জুষ্কক, যুষ, ঝোল।
জুষ্ট, উচ্ছিষ্ট ; সেবিত।
জুষ্য, সেবা, সেবনীয়।
জুহবান, কঠিন হৃদয় ; অগ্নি ; বৃক্ষ।
জুহূ, (হু) পলাশকাষ্ঠ নির্ম্মিত অর্দ্ধচন্দ্রাকৃতি যজ্ঞপাত্র বিশেষ। [ত্বরাগমন।
জু, আকাশ ; সরস্বতী ; পিশাচী ; ব্যজন ;
জুট, শিবজটা ; বদ্ধকেশ, সমূহ।
জুটক, বদ্ধ কেশ, জটা, জড়িত কেশ।
জুতিকা, কর্পূর বিশেষ।
জুদা, (যাং) পৃথক, ভিন্ন, আলাহিদা।
জুভু, (যোগ-ভোগা) ছলনা, চাতুরী।
জূণখা, তৃণবিশেষ, উলুখড়।
জূণাহ্বয়, দেবধান্য, দেধান।
জূর্ণি, বেগ ; সূর্য্য ; দেহ ; ব্রহ্মা ; জ্বর।
জূর্ত্তি, রোগবিশেষ জ্বররোগ।
জূষ, মুদ্গাদির ক্বাথ, রস, ঝোল।
জুষণ, বৃক্ষবিশেষ, ধাই ফুলের গাছ।
জৃম্ভ, মুখাদির বিকাশ, হাই, জৃম্ভণ।
জৃম্ভণ, (জৃম্ভ) মুখাদির বিকাশ, জৃম্ভা, হাই
জৃম্ভা, মুখাদির বিকাশ, হাই।
জৃম্ভিত, বিচেষ্টিত ; প্রবৃদ্ধ ; জৃম্ভা, হাই ; বিকসিত, স্ফুটিত। [তাত।
জেঠা, (জ্যেষ্ঠ) পিতার জ্যেষ্ঠ ভ্রাতা, জ্যেষ্ঠ
জেঠাই, (জ্যেষ্ঠতাতী) জ্যেষ্ঠপিতৃব্য পত্নী।
জেঠামি, (জেঠা) বালকের গুরুবক্তৃতা ; আত্মগরিমা।
জেঠী, (জ্যেষ্ঠী) গৃহগোধিকা, টিকটিকী।
জেতা, (জেতৃ) জয়শীল, জিষ্ণু, জিত্বর, জয়ী
জেতান, জয়ি করান, জয় প্রদান।
জেস্তাক, স্বেদ বিশেষ, ঘর্ম্ম বিশেষ।
জেব, (যাং) জামার থলি বা বগলি।
জেমন, ভোজন, অশন, ভক্ষণ।
জেয়, (জি) জেতব্য, পরাভবনীয়।
জেহেল, (যাং) কারাগার, বন্দিশালা।
জৈত্র, ঔষধ ; পারদ, পারা ; জয় বিশিষ্ট।
জৈত্ররথ, জয়শীল, জেতা, জয়যুক্ত।
জৈত্রী, জয়ন্তীবৃক্ষ ; সুগন্ধি মসলা বিশেষ।
জৈন, (জিন) জিনোপাসক, জিনমতাবলম্বী, বৌদ্ধ ধর্ম্মাক্রান্ত। [বৃক্ষ।
জৈপাল, (জয়পাল) বৃক্ষবিশেষ, জয়পাল-
জৈবাতৃক, চন্দ্র ; কর্পূর ; ভেষজ, দীর্ঘায়ু ; কৃশ। [ত্তর মীমাংসা কর্ত্তা।
জৈমিনি, মুনিবিশেষ, বেদব্যাস শিষ্য, উ-
জৈহ্ম্য, জিহ্মতা, কুটিলতা, বক্রতা।
জোঁক, (জলোকা) রক্তপা।
জোঁকন, (জুক) পরিমাণ করণ, তৌল করণ ; মাপন ; তুলনা করণ।
জোঙ্গক, অগুরু, সুগন্ধি চন্দন।
জোঙ্গট, গর্ব্বিণীর অভিলাষ, সাদ।
ঙ্গ, মহাদেব ; মহাব্রতী।
জোন-জন, বেতন গ্রাহী মজুর, সামান্য কর্ম্মকারক ; কৃষক।
জোনাক, (জ্যোতিরিঙ্গণ) জ্যোতির্যুক্ত কীট খদ্যোত। [খদ্যোত।
জোনাকী, জ্যোতির্যুক্ত কীট, জ্যোতিরিঙ্গণ,
জোন্তালা, দেবধান্য, দেধান।
জোর, (যাং) শক্তি, বল ; চাপ।
জোরবার, (যাং) বলবান, শক্তিমন্ত।
জোল, (জল) ক্ষুদ্রখাত, দীর্ঘাকার খানা।
জোলী, বিল, খানা, নালা।
জোষ, সুখ, আনন্দ, আহ্লাদ।
জোষণ, সন্তোষ ; সুখ ; অক্লেশ।
জোষা, যোষিৎ, স্ত্রী, নারী।
জোষিতা, স্ত্রী, নারী, অবলা।
জৌ, (জতু) লাক্ষা, লা। [ঙ্গল
জ্ঞ, (জ্ঞা) বুধ, পণ্ডিত ; ব্রহ্মা ; মঙ্গীস্তত, ম-
জ্ঞপিত, (জ্ঞা) জ্ঞাপিত, জ্ঞাপনকরা, জানান
জ্ঞপ্তি, বিজ্ঞাপন, জানান ; বুদ্ধি, জ্ঞান বোধ
জ্ঞাত কৃতজ্ঞান, জানা, বিদিত, প্রতীত অবগত। [বোধ্য, জানিবার যোগ্য।
জ্ঞাতব্য, জ্ঞানের বিষয়, জ্ঞেয়, অবগন্তব্য
জ্ঞাতসার, বিদিত তাৎপর্য্য, সুগোচর।

জ্ঞাতসিদ্ধান্ত, শাস্ত্রতত্ত্বজ্ঞ, শাস্ত্রের মর্ম্মবেত্তা।
জ্ঞাতা, জ্ঞানশীল, বোদ্ধা, জ্ঞানপ্রাপ্ত, বিদিত, অবগত। [গোত্র, বান্ধব।
জ্ঞাতি, (জ্ঞা) সপিণ্ড, সহোদরাদি, দায়াদ, স
জ্ঞাতিত্ব, জ্ঞাতির ধর্ম্ম; জ্ঞাতিদ্বেষ।
জ্ঞাতেয়, জ্ঞাতিভাব, জ্ঞাতিত্ব।
জ্ঞাতৃতা, নৈপুণ্য; বুদ্ধি; জ্ঞান।
জ্ঞান, (জ্ঞা) বোধ; চৈতন্য। [র্ব্বক জানত
জ্ঞানতঃ, জ্ঞানানুসারে, জ্ঞানপূর্ব্বক, বুদ্ধি পূ
জ্ঞানদর্পণ, জ্ঞানপ্রকাশক। [ধীর।
জ্ঞানবান, জ্ঞানী, পণ্ডিত, প্রজ্ঞ, বিচক্ষণ, সু
জ্ঞানবিহীন, জ্ঞানহীন, অজ্ঞান, মূঢ়।
জ্ঞানরহিত, জ্ঞানশূন্য, অবোধ, মূর্খ।
জ্ঞানাপন্ন, (জ্ঞান-আপন্ন) জ্ঞানবান, জ্ঞানী।
জ্ঞানী, (জ্ঞানিন) বোদ্ধা; জ্ঞানযুক্ত; বুদ্ধিমান; প্রজ্ঞ।
জ্ঞানেন্দ্রিয়, (-ইন্দ্রিয়) বুদ্ধীন্দ্রিয়, মনঃ-নেত্র-শ্রোত্র-ঘ্রাণ-জিহ্বা-ত্বক্।
জ্ঞাপন, (জ্ঞা) বোধন, জানান, বিদিতকরণ।
জ্ঞাপ্তি, জ্ঞাপন, জ্ঞাতকরণ, জানান।
জ্ঞেয়, বোধগম্য, জ্ঞাতব্য।
জ্যা, ধনুর্গুণ, ধনুকের ছিলা, মৌর্ব্বী।
জ্যানি, জীর্ণতা; হানি; তটিনী, নদী।
জ্যায়ান, অগ্রজ, জ্যেষ্ঠ; প্রধান; অতিবৃদ্ধ, বর্ষীয়ান। [বড়।
জ্যেষ্ঠ, (জ্য) শ্রেষ্ঠ, অগ্রজ; অধিক বয়স্ক
জ্যেষ্ঠতাত, পিতৃব্যের অগ্রজ, জেঠা, পিতার জ্যেষ্ঠ সহোদর।
জ্যেষ্ঠত্ব, অগ্রজত্ব; শ্রেষ্ঠত্ব।
জ্যেষ্ঠবর্ণ, ব্রাহ্মণ, দ্বিজোত্তম, বিপ্র।
জ্যেষ্ঠশ্বশ্রূ পত্নীর জ্যেষ্ঠা ভগিনী, বড়শালী
জ্যেষ্ঠা, (জ্য) অষ্টাদশ নক্ষত্র; গৃহগোধিকা; মধ্যমাঙ্গুলি; গঙ্গা; ধীরাদি নায়িকা বিশেষ।
জ্যেষ্ঠাম্বু, তণ্ডুলাম্বু, চেলুনি জল।
জ্যেষ্ঠাশ্রমী, গৃহস্থ, গৃহী।
জ্যেষ্ঠী, গৃহগোধা, জ্যেঠী, টিকটিকী।
জ্যৈষ্ঠ, (জ্যেষ্ঠা) মাসবিশেষ, বৎসরের দ্বিতীয় মাস; শ্রেষ্ঠত্ব।
জ্যৈষ্ঠী, জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা।
জ্যোতিঃ, (জ্যুৎ) নক্ষত্র; প্রকাশ; দীপ্তি; অগ্নি; সূর্য্য; মেথিকা। [কা, খদ্যোত।
জ্যোতরিঙ্গ, জ্যোতিরিঙ্গণ, জোনাকি পো-
জ্যোতিরিঙ্গণ, জোনাকি পোকা, খদ্যোত।
জ্যোতির্জ্ঞ, (জ্যোতিস-জ্ঞা) জ্যোতিঃশাস্ত্রবেত্তা। [জ্যোতিঃশাস্ত্রজ্ঞ।
জ্যোতির্বেত্তা, (জ্যোতিস-বেত্তৃ) গণক;
জ্যোতিশ্চক্র, চন্দ্র সূর্য্যাদিগ্রহনক্ষত্রমণ্ডল, রাশিচক্র [গণনা শাস্ত্র।
জ্যোতিষ, বেদাঙ্গ শাস্ত্রবিশেষ, গ্রহণাদি
জ্যোতিষিক, (জ্যোতিস) জ্যোতিষিক, জ্যোতিঃশাস্ত্রবেত্তা, গণক। [গণক।
জ্যোতিষী, ভারা; জ্যোতিষশাস্ত্রজ্ঞ, দৈবজ্ঞ,
জ্যোতিষ্ক, চিত্রকবৃক্ষ, চিতার গাছ; মেথিকা বীজ; গণিকারিকা বৃক্ষ, গণেরী গাছ
জ্যোতিষ্কা চন্দ্রসূর্য্য গ্রহনক্ষত্র; লতাবিশেষ
জ্যোতিষ্টোম, (জ্যোতিস-স্তোম) যজ্ঞবিশেষ
জ্যোতিষ্মতী, (জ্যোতিস) লতাবিশেষ, লতা ফটকিরী লতা; রাত্রি, রজনী।
জ্যোৎস্না, (জ্যোতিস) চন্দ্রজ্যোতিঃ, চাঁদনী, চন্দ্রিকা, কৌমুদী।
জ্যোৎস্নাপ্রিয়, চকোরপক্ষী, চাতক।
জ্যোৎস্নাবৃক্ষ, দীপাধার, পিলসুজ।
জ্যোৎস্নী, ঝিঙ্গা; চন্দ্রিকাযুক্ত রাত্রি।
জ্যৌতিষিক, দৈবজ্ঞ, জ্যোতিঃশাস্ত্র বেত্তা, গণক। [ময়।
জ্যৌৎস্ন, দীপ্ত, জ্যোৎস্না যুক্ত, আলোক-
জ্যোৎস্নিকা, জ্যোৎস্নান্বিতা নিশা, চন্দ্রিকাযুক্তা রাত্রি।
জ্যোৎস্নী, পূর্ণিমার রাত্রি।
জ্বর, রোগবিশেষ; তাপ।
জ্বরঘ্ন, (জ্বর) জ্বরনাশক; গুড়ুচী; বাস্তুক।
জ্বরহন্ত্রী, জ্বরনাশক; মঞ্জিষ্ঠা।
জ্বরাগ্নি, (জ্বর-অগ্নি) জ্বররূপ অগ্নি, জ্বরের নিমিত্ত গাত্রদাহ। [বিশেষ।
জ্বরাতিসার, জ্বর এবং অতিসারযুক্ত রোগ
জ্বরাস্তক, (জ্বর-অন্তক) ঔষধ বিশেষ, জ্বরনাশক; নেপাল নিম্ব; আরগ্বধ বৃক্ষ।
জ্বরাপহা, জ্বরনাশক; বিল্বপত্র; বেলশুঁঠা।
জ্বরিত, জ্বরযুক্ত, জ্বরী।
জ্বরী, (জ্বরিন) জ্বর রোগাক্রান্ত, জ্বরাক্রান্ত।
জ্বলকা, অগ্নিশিখা, জ্বালা হওন; চিত্রকবৃক্ষ
জ্বলন, (জ্বল) অগ্নিদাহন; উদ্দীপন; কাতর-
জ্বলনাশ্মা, মণিবিশেষ, সূর্য্যকান্তমণি।
জ্বলনী, (জ্বল) পীড়া, ব্যথা; দাহ।
জ্বলনীয়, দাহ্য, দহনীয়, পুড়িবার যোগ্য।
জ্বলৎ, প্রজ্বলিত, দাহ্যমান।

জ্বালা, দাহ; উত্তাপজন্য পীড়া।
জ্বালাতন, ক্লেশিত; সন্তাপিত, বিরক্ত।
জ্বালান, ক্লেশ দেওন; দাহন, পোড়ান।
জ্বলিত দগ্ধ; উজ্জ্বল, দীপ্ত।
জ্বাল, অগ্নিশিখা; দীপ্তি বিশিষ্ট।
জ্বালা, অগ্নিশিখা; দাহ, তাপ।
জ্বালাগর্দ্দভক, রোগবিশেষ।
জ্বালাজিহ্ব, অগ্নি, বহ্নি, অনল। [নিপীড়ন
জ্বালাতন, জ্বালন, সন্তাপিত করণ; পোড়ান;
জ্বালামুখী, (জ্বলা-মুখ) পীঠস্থান বিশেষ।
জ্বালিত, দগ্ধ; প্রজ্বলিত; পীড়িত।

ঝ

ঝ, ঝকার, ব্যঞ্জনের নবম বর্ণ, চবর্গের চতুর্থ বর্ণ, ঝঞ্ঝা বাত; জলবর্ষণ।
ঝক, (ঝটিতি) শীঘ্র, দ্রুত, আচম্বিতে।
ঝকড়ন, (ঝষ) বিবাদকরণ, কলহ করণ।
ঝকড়া, (ঝষ) কলহ, দ্বন্দ্ব, বিবাদ, কোন্দল বাগযুদ্ধ
ঝকড়াউ, কলহকারী, বিবাদী, কুন্দলিয়া
ঝকড়াটিয়া, বিবাদী, কলহকারী, কুন্দলিয়া।
ঝক্, (বিঙ্ক) দীপ্ত, চমক; বৃথা কথা।
ঝক্মারী, (ঝকমারিন) ক্রুটি, অপরাধ; অনুতাপ, খেদ।
ঝঙ্কার, (ঝং-কৃ) ভ্রমরাদির শব্দ, গুঞ্জন, বেহালাযন্ত্রের গুণ। [ড়াদ্যোতক শব্দ।
ঝঞ্ঝন, অব্যক্ত শব্দ, অস্ফুট ধ্বনি; পী-
ঝঞ্ঝনা, বিদ্যুৎ; বজ্র, াজ; মেঘের শব্দ
ঝঞ্ঝা, (ঝং-ঝ) ধ্বনিবিশেষ; জলকণা বর্ষণ; প্রবলবাত্যা, বড়ঝড়।
ঝঞ্ঝাট, ব্যস্ততা; লেঠা; ক্লেশ; দুঃখ; যন্ত্রণা। [মহা ঝড়।
ঝঞ্ঝানিল, ঝঞ্ঝা বাত; প্রবল বাত্যা
ঝট, শীঘ্র, ঝটিতি, ত্বরায়।
ঝটাপট, (ঝট-পট) উভয়ে ধারণ পূর্ব্বক যুদ্ধ; পরস্পর জড়াজড়ি।
ঝটিতি, দ্রুত, শীঘ্র, ত্বরিত, অহ্নায়।
ঝটকন, বেগে পতন; কাটন, শিরশ্ছেদন
ঝটিকা (ঝট) বাত্যা, ঝড়, প্রচণ্ডবায়ু, ঝড়ি
ঝড়কন, (ঝড়) ভর্ৎসন, তিরস্কার, ধমকান
ঝড়ি, (ঝড়) বাত্যা, ঝটিকা, ঝড়।
ঝড়ুয়া, ঝড়ে পতিত দ্রব্য, প্রবল বায়ুজন্য; ধ্বজা, পতাকা, ধ্বজা।

ঝণৎকার, (ঝণৎ-কৃ) অনুকরণশব্দ, কঙ্কণাদির ধ্বনি
ঝন্‌কাট, দ্বারের কপালি, চৌকাট। [ফান-
ঝম্প, (ঝং-পত) সম্পাত, পতন, লম্ফ, লা-
ঝম্পারু, বানর, কপি, শাখামৃগ।
ঝম্পাশী, মৎস্যরঙ্গপক্ষী, মাছরাঙ্গা।
ঝম্পী, বানর, মর্কট, কপি। [ঝরণা।
ঝর, (ঝৃ) নির্ঝর, পর্ব্বতাবতীর্ণ জলপ্রবাহ
ঝরকা, (ঝর) গবাক্ষ, জানালা।
ঝরণ, (ঝর) ক্ষরণ, চ্যুতহওন, গলন।
ঝরণ, পর্ব্বত হইতে চ্যুত জল প্রবাহ, শৈলনিঃসৃত জল, নির্ঝর।
ঝরণী, ছাঁকনি। [নীরস করণ।
ঝরাণ, চোআন, ক্ষরিত করান; রসাকর্ষণ;
ঝর্ঝর, (ঝৃ) বাদ্যবিশেষ; চর্ম্মপুটাচ্ছাদিত কাষ্ঠখণ্ড বিশেষ, করবাদ্য; কলিযুগ; নদীবিশেষ; জলাদির পতনশব্দ।
ঝর্ঝরক, চতুর্থ যুগ, কলিকাল।
ঝর্ঝরা, বেশ্যা, বারাঙ্গনা, কুলটা।
ঝর্ঝরী, ঝর্ঝর বাদ্য; বাদ্যবিশেষ।
ঝর্ঝরীক, শরীর; দেশ, চিত্র। [লাড়ন।
ঝলজ্জ্বালা, হস্তির কর্ণাস্ফালন, হাতির কাণ
ঝলরী, হুড়ুক্কবাদ্য, ঝর্ঝর বাদ্য।
ঝলা, কন্যা, দুহিতা সুতা।
ঝলাবর, (জ্বল) নির্ম্মল, সুন্দর, সুশ্রী।
ঝল্ক, তরঙ্গপাত, ঢেউ উঠা; অগ্নিরতেজঃ
ঝল্কন, জলউঠন; লাফিয়া পড়ন।
ঝলঝল (ঝল) দীপ্তিমান, উজ্জ্বল; লম্ফন।
ঝল্‌সান, (জ্বল) ঈষৎ উত্তপ্ত করণ, চমকান, ভ্রষ্টকরণ।
ঝল্‌সাকাণা, (ঝলসা-কাণা) কাণা, ঝপসা দেখে যে। [জাতি; ভাঁড়।
ঝল্ল, বর্ণসঙ্কর অন্ত্যজজাতি বিশেষ; ঝাল
ঝল্লক, কাংস্যনির্ম্মিত করতাল, খরতাল।
ঝল্লকণ্ঠ, পারাবত, কপোত, পায়রা।
ঝল্লরী, হুড়ুক্ক বাদ্য, ঝর্ঝরী বাদ্য।
ঝল্লিকা, উদ্বর্ত্তন পট, উদ্বর্ত্তন মল।
ঝল্লোল, তর্কুলাসক, টেকুয়ার বাঁটুল।
ঝল্‌সা, অর্দ্ধদগ্ধ, আধপোড়া।
ঝষ, মৎস্য; তাপ; বন; মীনরাশি।
ঝষকেতন, কন্দর্প, মদন, কামদেব।
ঝষাঙ্ক, অনিরুদ্ধ, উষাপতি।
ঝষাশন, শিশুমার, শুশুক।
ঝষোদরী, ব্যাসমাতা, মৎস্যগন্ধা।

ঝাইল, (ঝল) পাইন; পুষ্করিণীর জলোত্তোলন স্থান।
ঝাউ, (ঝাবু) বৃক্ষবিশেষ। [পোড়া।
ঝাঁই, (ছাই) অতিশয় দগ্ধ, চোঁয়া, খর-
ঝাঁক, (ধ্বাক) ঝুণ্ড, সংঘ, সমূহ, দল।
ঝাঁকন, আক্রমণ, হেলন, নড়ান; অনুযোগ করণ।
ঝাঁটন, (ঝট) সম্মার্জন, পরিষ্কার করণ।
ঝাঁটা, সম্মার্জনী, খাঙ্গরা। [চলা, জঞ্জাল।
ঝাঁটি, (ঝাঁটি) পুষ্পবিশেষ, আবর্জনা, ওঁ-
ঝাঁপ, (পিধাপ) ঝম্প, লম্ফন; বংশাদি নির্ম্মিত গৃহাবরণ, আগড়।
ঝাঁপন, লম্ফপ্রদান; আচ্ছাদন, ঢাকন।
ঝাঁপী, বেত্রাদি নির্ম্মিত আধার, পেটরা, পেটক।
ঝাঁঝর, বহুচ্ছিদ্রযুক্ত; কাঁসোর।
ঝাঁঝরা, বহুচ্ছিদ্রান্বিত, অনেক ছিদ্রযুক্ত।
ঝাঁঝরী, (ঝর্ঝরী) ঝাঁঝরা, বহুচ্ছিদ্রযুক্ত দর্ব্বী; জলসেচন পাত্র।
ঝাঙ্কিত, চরণালঙ্কার বিশেষ, পাঁয়জোর।
ঝাট, লতাগৃহ, নিকুঞ্জ; কান্তার; মার্জন, শীঘ্র। [ধার; গুচ্ছ, স্তবক।
ঝাড়, (ঝ্) স্ফটিকাদি নির্ম্মিত আলোকা-
ঝাড়ন, (ঝাড়) মন্ত্রদ্বারা রোগাদি নিবারণ; সম্মার্জন; নির্ধূলিকরণ, নির্ম্মলকরণ।
ঝাড়া, মলত্যাগ; বিষ্ঠা; পরিষ্কৃত; সম্মার্জ্জিত।
ঝাড়াল, গুল্মযুক্ত, ঝোঁপাল; পরিচ্ছন্ন।
ঝাড়ী, ক্ষুদ্রবন, জঙ্গল; গুল্ম।
ঝাড়ীপথ, বনপথ; ক্ষুদ্র জঙ্গল।
ঝাড়ু, (ঝট) সম্মার্জ্জনী, খাঙ্গরা।
ঝাপ্সা, (ঝাঁপ) দৃষ্টির অন্যথা; অস্পষ্ট দৃষ্টি, অস্পষ্ট দর্শন; ছানীপড়া।
ঝাবু, (ঝু) বৃক্ষবিশেষ, ঝাউগাছ।
ঝাবুক, বৃক্ষবিশেষ, ঝাউগাছ।
ঝাব্বা, (ঝাঁপ) স্তবক, থোপ, গুচ্ছ।
ঝামক, (ঝাম) দগ্ধ ইষ্টক, ঝামা।
ঝামর, (ঝ্) তর্কুশাণ, টেকুয়ার শাণ।
ঝামরণ, কম্পন, কাঁপন; ক্ষরণ।
ঝামরান, ক্রন্দন করণ; আওরান।
ঝামা, (ঝামক) অত্যন্ত দগ্ধ ইষ্টক।
ঝারী, (ঝ্) জলপাত্রবিশেষ, গডডুক, গাড়ু
ঝার্ঝর, বাদ্যবিশেষ; ঝর্ঝরি বাদ্যকর্ত্তা, করতাল বাদক।
ঝার্ঝরিক, ঝর্ঝর বাদ্যকর্ত্তা।
ঝাল, (জ্বল) তীব্র রস, কটু, তীক্ষ্ণ।
ঝালন, (ঝল) ভগ্ন ধাতুপাত্রাদির ছিদ্ররোধ করণ; অলঙ্কারাদির গঠন সংযোজন, পাইন দেওন।
ঝালর, (জাল) জালী, খট্টা ও চন্দ্রাতপাদির বেষ্টন বস্ত্র; স্ত্রী পাদাঙ্গুলীর ভূষণ বিশেষ
ঝালি, (জল) ব্যঞ্জনবিশেষ; ঝাঁঝি, ঝালুয়া।
ঝালুয়া, তীক্ষ্ণ, তীব্র, কটুরস।
ঝিঁকা, (ধক্ক) হেঁচকা; ঠেলন।
ঝিঙ্গা, (জ্যোৎস্নী) ফলবিশেষ, ঝিঙ্গক।
ঝিঞ্ঝম, দাবাগ্নি; বনাগ্নি। [উচ্চিংড়া।
ঝিঞ্ঝী, (ঝঞ্ঝা) ঝিল্লী, ঝিঁঝীপোকা;
ঝিণ্টী, পুষ্পবৃক্ষবিশেষ, ঝাঁটী ফুল।
ঝিনুক, (ঝিনাম্বিকা) শুক্তি, শম্বুক।
ঝিমন, (ঘুম) তন্দ্রা, নিদ্রাকর্ষণ, নিদ্রাবশে কাতর হওন, ঢুলন।
ঝিরিকা, ঝিল্লী, ঝিঁঝী পোকা।
ঝিল, (বিল) জলগণ্ড; জলাশয় বিশেষ।
ঝিল্লি, (ঝিল্ল) বাদ্যবিশেষ; কীট বিশেষ।
ঝিল্লী, কীট বিশেষ, ঝিঁঝিপোকা; উদ্বর্ত্তন; অংশুক; স্থালীলগ্ন দগ্ধান্ন।
ঝিল্লীকণ্ঠ, গৃহ কপোত, পায়রা।
ঝী, (ধীদা) দুহিতা, কন্যা।
ঝুঁটী, (ঝুণ্ট) শিখা, চূড়া, টিকী।
ঝুঠা, মিথ্যা, অলীক, উচ্ছিষ্ট।
ঝুড়ন, (ছিদ) কর্ত্তন, ছাঁটন, কাটন।
ঝুড়ী, (ঝট) বংশাদি রচিত পাত্র; চুপড়ী, করণ্ড।
ঝুণ্ট, স্তম্ব, অপ্রকাণ্ড বৃক্ষ।
ঝুণ্ড, (ঝট) যূথ, সমূহ, ব্যূহ। [কেল।
ঝুনা, (ধন) পরিপক্ক নারিকেল; শুষ্ক নারি-
ঝুপড়ী, (ছুপ) ক্ষুদ্রগৃহ; কুটীর, কুঁড়িয়া।
ঝুমকা, (ঝুম-কৈ) কর্ণাভরণ বিশেষ।
ঝুমঝুমী, খেলনা বিশেষ, ঝাঁটিম।
ঝুমরি, রাগিণী বিশেষ; গীতবিশেষ।
র, কবিতা, গীত বিশেষ।
(ঝ্) ঘৃতপক্ব খাদ্য দ্রব্য বিশেষ।
ঝুলন, (ঝুল) দোলন, দোলন; শ্রীকৃষ্ণের উৎসব বিশেষ, হিন্দোল যাত্রা।
ঝুলী, (ঝুল) থলী, বস্তী; ভিক্ষুকের স্কন্ধস্থিত তণ্ডুলাধার।
ঝোড়, (ঝুণ্ট) গুল্ম; গুপারির গাছ; জঙ্গল
ঝোপ, (ক্ষপ) ক্ষুদ্র বৃক্ষের বন; গুল্ম।

ঝোর) (ঝৃ) পর্ব্বতের জল প্রবাহ, ঝরণা।
ঝোরণা, জলপ্রপাত, পর্ব্বতের যে স্থান হ-ইতে জল নিঃসৃত হয়
ঝোল (ঝুল) যুষ, ব্যঞ্জনের রস। [লম্বিত।
ঝোলা, (ঝুল) পাতলা; দোলন; লটকান,

ঞ

ঞ, ঞকার ব্যঞ্জনের দশম বর্ণ, চবর্গের পঞ্চম বর্ণ। [য; প্রেরণার্থ বোধক।
ঞি, প্রত্যয় বিশেষ; ধাতুর অনুবন্ধবিশে

ট

ট, টকার, ব্যঞ্জনের একাদশ বর্ণ, টবর্গের প্রথম বর্ণ
টক, (তন্চ) অম্লরস, খাটা।
টকটক, রক্তবর্ণ, শোণিতাক্ত, লাল রং।
টকুয়া, (টক) অম্লরস যুক্ত।
টকো, অম্লরস যুক্ত।
টক্কদেশীয়, বাস্তুকশাক, বেতোশাক।
টক্কর, (টক) আঘাত, ঠোকর।
টগর, (তগর) পুষ্পবিশেষ, তগর পুষ্প
টঙ্ক, (টক) কোপ; অসি কোষ; পরিমাণ-বিশেষ; জঙ্ঘা; দর্প; খনিত্র; টাকা
টঙ্কক, রজত মুদ্রা, টাকা।
টঙ্ককপতি, (টঙ্কা-পতি) রূপ্যাধ্যক্ষ, টঙ্ক-শালায় নিযুক্ত, টাকাশালের অধ্যক্ষ।
টঙ্ককশালা, মুদ্রা নির্ম্মাণ গৃহ, টাকশাল।
টঙ্কণ, স্বর্ণপাচক ক্ষারবিশেষ, সোহাগা।
টঙ্কন, অঙ্কন, চিহ্নকরণ, উঠান।
টঙ্কা, জঙ্ঘা, উরুদেশ; রৌপ্যমুদ্রা, টাকা।
টঙ্কার, (টংকৃ) বিস্ময়; প্রসিদ্ধ; জ্যাশব্দ, ভয়ঙ্কর ধনুগুণ ধ্বনি। [গ্রহ।
টঙ্কারিয়া, (টক) আকর্ষণী, আঁকুর্শী; অঙ্গ-
টঙ্কিত, (টক) শঙ্কিত; কোপিত।
টঙ্গ, খনিত্র, খন্তা; খড়্গ বিশেষ, অস্ত্রবি-শেষ; জঙ্ঘা; সোহাগা, চারি মাষাপরিমাণ
টঙ্গণ, সোহাগা।
টঙ্গিনী, লতাবিশেষ, আকনাদি লতা।
টটনী, জ্যেষ্ঠী, জেঠী টিকটিকী।
টটরী, মৃষাবাদ, মিথ্যাবাক্য; পটহ বাদ্য, ঢাকের বাদ্য।
টটুর, ভেরীশব্দ, ঢেঁড়ারা ধ্বনি।
টণ্ডাই (বিতণ্ডা) বিবাদ, কলহ, বকড়া।

টনক, (টং-কৈ) কঠিন, শক্ত, দৃঢ়; হঠাৎ স্মরণ।
টপকান, (টপ্‌ক) উল্লঙ্ঘন, লম্ফন, ডিঙ্গন।
টপ্পা, (টপ) গীতবিশেষ, চুম্বক গান
টলন, (টল) অস্থির, হওন, চঞ্চল হওন, স্খলন; হেলন, লড়ন।
টঙ্কা, মড়কা, টম্বক, ঢুনকা; রজত মুদ্রা।
টহল, (টল) ভিক্ষার্থে গান করিয়া পর্য্য-টন, ভ্রমণ
টহলন, (টহল) গাইতেং পর্য্যটন; অশ্বা-দির শ্রম নিবারণার্থ শনৈঃ২ পাদবিহরণ।
টহলান, (টহল) ভ্রমণ করাণ; ছলে কাল-হরণ।
টাউরাণ, (তর) শীতে সঙ্কুচিত হওন।
টাকন, সিয়ান, সেলাই করণ।
টাঁকা, (টক) সিয়ানি, সেলাই।
টাক, (খল্লীট) কীট বিশেষ ইন্দ্রলুপ্ত কীট, কোশনাশক কৃমি।
টাকন, অগ্রসূচন; সূচিদ্বারা ছিন্নবস্ত্র যো-ড়ন, সিয়ান, সেলাই করণ। [হওয়া।
টাকপড়া, কেশহীন, কীট দ্বারা কেশনাশ
টাকরা, (টক) তালু, জিহ্বার উর্দ্ধদেশ।
টাকশাল, (টাকা-শালা) টঙ্কালয়, মুদ্রানি-র্ম্মাণস্থান।
টাকা, (টক) রৌপ্যমুদ্রা, টঙ্কা, তঙ্কা।
টাকুর, (টক) পট্টসূত্রাদি বেষ্টনযন্ত্র, পাটকা-টা যন্ত্র; নাটাই।
টাকুরাই, (টক) অঙ্গগ্রহ, ধনুষ্টঙ্কার, বাৎ-রোগ। [সোহাগা।
টাঙ্গ, (টক) কুদ্দাল; খনিত্র; ক্ষারবিশেষ;
টাঙ্গন, পর্ব্বতীয় অশ্ববিশেষ; অস্ত্রবিশেষ।
টাঙ্গান, লম্বিতকরণ, দোলন, ঝুলান।
টাঙ্গী, (টক) কুঠার, পরশু; খনিত্র, খন্তা।
টাট, (তট) তাম্রাদি নির্ম্মিত পাত্র বিশেষ, পূজার্থ তাম্রময় পাত্র।
টাটি, (তট) বংশাদি নির্ম্মিত আচ্ছাদন, ঝাঁপ, আগড়; বেড়া; মলত্যাগের স্থান।
টাটা, (টাট) পাত্র বিশেষ, কটোরা।
টাটু, (তট) ক্ষুদ্রাকার অশ্ব, পশ্চিমদেশজা-ত ঘোটক বিশেষ। [দুর্ম্মূল্যতা; কৃচ্ছ।
টান, (তন) আকর্ষণজল; স্রোতঃ; অপ্রাপ্তি
টানন, আকর্ষণ, বলে আনয়ন, খেঁচন।
টানা, আকৃষ্ট, আকর্ষণ করা; সূত্রাদি লম্বিত করা, দূরবর্ত্তী।

জনকতনয়া, সীতা, বৈদেহী, মৈথিলী।
জনকনন্দিনী সীতা, জানকী, মৈথিলী।
জনকসুতা, সীতা, বৈদেহী, মৈথিলী।
জনকাত্মজা, সীতা, জানকী, বৈদেহী।
জনকারী, অলক্তক; লাক্ষা লা, জৌ।
জনঙ্গম, চাণ্ডাল, অন্ত্যাবসায়ী, চাঁড়াল।
জনতা, (জন) লোকসমূহ, জনসমূহ, সংঘট্ট।
জনন, (জন) বংশ; জন্ম, উৎপত্তি।
জননী, (জন) অম্বা, মাতা; দয়া; চর্ম্মচটিকা মঞ্জিষ্ঠা, জটামাংসী। [জয়।
জনপদ, দেশ, জনস্থান, বসতিস্থান, লোকা-
জনপ্রবাদ, লোকাপবাদ, বিগান, বচনীয় তা, নিন্দা।
জনপ্রিয়, লোকানুমত, জনবল্লভ; ধন্যাক, ধন্যা, শোভাঞ্জন বৃক্ষ। [নিন্দা, বচনীয়তা।
জনবাদ, লোকাপবাদ, বিগান, অখ্যাতি,
জনম, (জন্ম) উৎপত্তি, উদ্ভব।
জনমানব, কোন লোক, কোন মনুষ্য।
জনমেজয়, (জন-এজ) পরীক্ষিত রাজপুত্র, পারীক্ষিত; পুরুরাজ পুত্র।
জনয়িতা, পিতা, তাত, জনক।
জনয়িত্রী, মাতা জননী। [গল্প, খ্যাতি।
জনরব, লোকবাদ, জনবাদ, জনশ্রুতি,
জনলোক, মহর্লোকোপরি ভুবন, ধার্ম্মিক লোকের আবাস বিশেষ।
জনশ্রুতি, সত্য কিম্বা অসত্য লোকাপবাদ, কিম্বদন্তী, জনরব।
জনসমূহ, জনতা, লোক সমূহ।
জনস্থান, দণ্ডকারণ্য; দণ্ডকারণ্য সমীপবর্ত্তিস্থান বিশেষ।
জনা, (জন) উৎপত্তি, উদ্ভব, জনন [চাকলা
জনান্ত, (জন-অন্ত) দেশ, প্রদেশ, জেলা,
জনান্তিক, অপ্রকাশ, গোপন।
জনার, (জন) ভুটা, ভুট্টা।
জনার্দ্দন, (জন-অর্দ্দন) বিষ্ণু, নারায়ণ, হরি
জনাশন, বৃক, নেকড়িয়া বাঘ।
জনাশ্রয়, মণ্ডপ; গৃহ, গেহ।
জনি, উৎপত্তি জন্ম; নারী, গন্ধদ্রব্য বিশেষ
জনিকা, স্নুষা, পুত্রবধূ; জননকর্ত্রী।
জনিত, উৎপাদিত, জাত, প্রসূত।
জনিতা, পিতা, তাত, জনক।
জনিত্রী, মাতা, জননী, মা।
জনিমা, জন্ম, উৎপত্তি, উদ্ভব। [জটামাংসী।
জনী, সীমন্তিনী; বধূ; উৎপত্তি; জায়া।
জনু, জন্ম, উৎপত্তি, উদ্ভব, জনন।
জনেষ্টা, হরিদ্রা, জাতি পুষ্প, জতুক জৌ, লাক্ষা, লা। [খ্যাতি।
জনোদাহরণ (জন-উদাহরণ) যশঃ, কীর্ত্তি,
জনৌ, জনকম্বুক, লোক পালক।
জন্তু (জন) প্রাণী, জীব শরীরী।
জন্তুকম্বু, কৃমিশঙ্খ, শামুক, শম্বুক।
জন্তুকা, নাড়ীহিঙ্গু, হিঙ্গু বিশেষ, লাক্ষা, লা, জৌ। [পুর, দাড়িম্ব।
জন্তুঘ্ন, (জন্তু-হন) বিড়ঙ্গ, হিঙ্গু, হিং, বীজ-
জন্তুনাশন, হিঙ্গু, হিং।
জন্তুফল, উডুম্বর, যজ্ঞডুমুর।
জন্দল, কাশতৃণ, কেশে। [জনন, উদ্ভব।
জন্ম, (জন) আদ্য ক্ষণ সম্বন্ধ, উৎপত্তি, জন্ম
জন্মকীল, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
জন্মগত, জন্ম সম্বন্ধীয়, স্বাভাবিক।
জন্মদ, পিতা, জন্মদাতা জনক, তাত।
জন্মদাতা (জন্ম-দাতৃ) পিতা, জনক।
জন্মফের, মৃত্যুন্তর, পুনর্জ্জন্ম।
জন্মবর্ত্ম, যোনি, ভগ, অপত্যপথ।
জন্মভূমি, জন্মস্থান, উৎপত্তি স্থান; স্বদেশ
জন্মশোধ, জীবধর্ম্ম সমাপন; মরণ, জন্মনাভাব। [উৎপাদন, সৃজন, উৎপন্ন করণ।
জন্মান, (জন্ম) জন্ম দেওন, জন্ম প্রাপণ,
জন্মান্তর, (জন্ম-অন্তর) অন্য জন্ম, ভবান্তর দেহান্তর। [জন্মাবধি দৃষ্টিহীন।
জন্মান্ধ, (জন্ম-অন্ধ) আজন্ম নয়ন বিহীন,
জন্মাষ্টমী, (জন্ম-অষ্টমী) শ্রীকৃষ্ণের জন্মতিথি শ্রাবণের অথবা ভাদ্রের কৃষ্ণাষ্টমী।
জন্মী, প্রাণী, জীব, শরীরী।
জন্মেজয়-জনমেজয়, পরীক্ষিত রাজপুত্র পারীক্ষিত। [হেতু; পরীবাদ; সংগ্রাম।
জন্য, (জন) উৎপাদ্য; হেতু, কারণ; জনক;
জন্যা, মাতৃবয়স্যা, প্রীতি। [বহ্নি।
জন্যু, জন্তু প্রাণী, শরীরী; অগ্নি, অনল,
জন্যে, (জন্য) কারণ, হেতু, নিমিত্ত।
জপ, পুনঃ২ কথন; পুনঃ২ মন্ত্রোচ্চারণ, দেব নাম স্মরণ। [নিমিত্ত ক্ষুদ্র বটিকাদি।
জপগুটী, জপমালা, জপ সংখ্যা অবধারণ
জপন, (জপ) দেব নামোচ্চারণ, মন্ত্র উচ্চারণ, জপ করণ স্মরণ।
জপপরায়ণ, জপাসক্ত, জাপক, জপনশীল, জপবিশিষ্ট। [মালা।
জপবটী, (জপ) অক্ষমালা, জপগুটি, কর-

জপা, (জপ) জবাবৃক্ষ, জবাফুলের গাছ।
জপিত, কৃতজপ ; জপন ; পুনঃ২-উচ্চারণ।
জব, বেগ ; বেগান্বিত ; শীঘ্রতা, দ্রুততা।
জবন, বেগ ; বেগযুক্ত অশ্ব ; বেগবান, বে-
গ বিশিষ্ট ; দেশ বিশেষ ; মুনি বিশেষ
ম্লেচ্ছ জাতি বিশেষ, মুসলমান।
জবনাল, ফলবিশেষ, জনার, মকা।
জবনিকা, যবনিকা, পর্দা, ব্যবধায়কবস্ত্রাদি,
কানাৎ, তিরস্করিণী। [বিশেষ, জোয়ান।
জবনী, অপটী, বস্ত্র বেষ্টন, কানাৎ ; ঔষধী
জবর (যাং) পরাক্রান্ত, বলবান, শক্ত।
জবরদস্তি, (যাং) ক্ষমতা, শক্তি, জোর।
জবস, ঘাস, তৃণ।
জবা, পুষ্পবিশেষ, জবাফুল, রক্তপুষ্পী।
জবাদি, সুগন্ধি দ্রব্য বিশেষ।
জবাধিক, বেগাধিক ঘোটক ; অতিশয় বে-
গযুক্ত, প্রবল বেগবান।
জবাপুষ্প, রক্তবর্ণ পুষ্প বিশেষ, জবাফুল ;
ওড্র পুষ্প, ওড়ফুল
জবাব, (যাং) উত্তর, প্রত্যুত্তর।
জবান, (যাং) জিহ্বা ; ভাষা, বাক্য।
জবী, বেগযুক্ত, বেগবান্, উষ্ট্র, উট ; ঘোটক,
ঘোড়া। [ক্রান্ত।
জব্দ, (যাং) পরাজিত ; অপমানিত ; আ-
জমক (জম) প্রাগল্‌ভ্য ; আড়ম্বর ; দ্বন্দ্ব,
যুগ্ম ; একদা এক গর্ভে উৎপন্ন পুত্রদ্বয়।
জমজ, যমজ, যুগল, যুগ্ম, যোড়া ; একবারে
এক গর্ভে উৎপন্ন দুইপুত্র।
জমদগ্নি মুনি বিশেষ, ভৃগু বংশোদ্ভব ঋচী
কমুনি পুত্র, পরশুরামের পিতা।
জমন, (জম) আহার করণ, অদন, ভোজন,
ভক্ষণ, অশন, খাদন।
জমা, (যাং) আয়, সঞ্চয়, বৃদ্ধি।
জমী, (যাং) ভূমি।
জমীদার, (যাং) ভূম্যধিকারী। [নারী।
জম্পতী, দম্পতী, জায়াপতী, স্ত্রীপুরুষ, নর-
জম্বাল, পঙ্ক, কর্দ্দম, কাদা ; শৈবাল, শেও-
লা ; কেতক বৃক্ষ, কেয়াগাছ।
জম্বালিনী, নদী, সরিৎ, তটিনী, হ্রদিনী।
জম্বির, জম্বীর, ফলবিশেষ, জাম্বির, নেবু
জম্বীর, (জম) ফলবিশেষ, জামীর, নেবু।
জম্বু, (জম) জম্বুবৃক্ষ, জাম্বব, জাম।
জম্বুক, (জম) শৃগাল, শিয়াল ; বরুণ, বৃক্ষ-
বিশেষ ; গোলাপ জাম ; নীচ।

পবিশেষ, ভারতবর্ষ
জম্বুনদ, মেরুজম্বুফল, স্বর্ণ। [কেয়াগাছ।
জম্বুল, জম্বুবৃক্ষ, জামগাছ ; কেতকবৃক্ষ,
জম্বূ, (জম) বৃক্ষবিশেষ, জামগাছ। [বৃক্ষ।
জম্বূল, (জম) জম্বুবৃক্ষ, জামগাছ ; কেতক-
জম্বুলমালিকা, বর্যাত্রের সুখরাত্রিকা।
জম্ভ, দৈত্য বিশেষ ; দন্ত ; জম্বীর নেবু ;
ভক্ষণ ; অংশ ; গাল ; তূণ, আধার।
জম্ভক, জম্বীর, জামীর, নেবু।
জম্ভকা, জৃম্ভা, হাই।
জম্ভন, মৈথুন, সঙ্গম, রতি ক্রিয়া।
জম্ভভেদী, ইন্দ্র, শক্র, দেবরাজ, সুরপতি।
জম্ভর, জম্বীর, জামীর, নেবু ; বুদ্ধদেব
বিশেষ।
জম্ভলা, রাক্ষসী বিশেষ।
জম্ভা, জৃম্ভা, হাই।
জম্ভারি, অগ্নি, বহ্নি ; বজ্র ; ইন্দ্র।
জম্ভী, জম্বীর, জামীর, নেবু।
জয়, (জি) শত্রুপরাঙ্মুখী করণ, পরাভব
করণ, বিজয়। [জয়শব্দ।
জয়কোলাহল, পাশক বিশেষ ; জয়ধ্বনি,
জয়ঢক্কা, রণ বাদ্য বিশেষ, জয়ঢাক।
জয়ত্রী (জাতিপত্রী) পুষ্পবিশেষ, জাঁতিপুষ্প
জয়দত্ত, ইন্দ্রের পুত্র, ইন্দ্রসুত, জয়ন্ত,
পাকশাসনি।
জয়ন, (জি) জয় ; শত্রুর পরাভব করণ।
জয়নী, ইন্দ্রের কন্যা, ইন্দ্র সুতা।
জয়ন্ত, ইন্দ্রপুত্র, পাকশাসনি, ঐন্দ্রি ; শিব,
চন্দ্র, ভীম।
জয়ন্তিকা, হরিদ্রা, হলুদ।
ত্রিংশৎপত্র, কুমুদ, কহ্লার, হেলা। [রাস্তা।
ত্রিক, তিন সংখ্যা ; ত্রিপথ স্থান, তেমাতা
ত্রিককুৎ, পর্ব্বতবিশেষ, ত্রিকূটপর্ব্বত।
ত্রিকচ্ছ, বস্ত্রধারণ নিয়ম বিধিমত বস্ত্র ধারণ
ত্রিকট, গোক্ষুর, গোক্ষুরী লতা।
ত্রিকটু, মিশ্রিত মরীচ পিপুল শুঁঠ।
ত্রিকণ্ট, পত্রগুপ্তবৃক্ষ, তেকাঁটা সিজ।
ত্রিকা, কূপের উপরিস্থ কাষ্ঠবিশেষ।
ত্রিকাল, ভূত ভবিষ্যৎ বর্ত্তমান কাল।
ত্রিকালজ্ঞ, বুদ্ধ; সর্ব্বজ্ঞ; ত্রিকালবেত্তা, কালত্রয়ের অবস্থা জ্ঞাতা।
ত্রিকালদর্শী, ঋষি, মুনি; ভূত ভবিষ্যৎ বর্ত্তমান কালের বিষয় জ্ঞাতা।
ত্রিকুল, পিতৃ মাতৃ ও শ্বশুর বংশ।
ত্রিকূট, সিন্ধুলবণ, সামুদ্র লবণ, করকচ লোণ; পর্ব্বত বিশেষ। [যোনি, ভগ।
ত্রিকোণ, তিন কোণ; ত্রিকোণবিশিষ্টস্থান;
ত্রিখ, রঙ্গ, রাং, সীসক, সীসা।
ত্রিখট্ট খট্টাত্রয়, তিনখানা খাট।
ত্রিগণ, ত্রিবর্গ, ধর্ম্ম অর্থকামএইতিন। [ভাগ
ত্রিগর্ত্ত, দেশ বিশেষ, লাহোর দেশের এক
ত্রিগর্ত্তা, ঘুর্ঘরিকা, ঘুর্ঘুরা ; কামুকী স্ত্রী।
ত্রিগুণ, সত্ত্ব রজঃ তমঃ ; তিন বার ; ত্রিসংখ্যা দ্বারা গুণিত। [পুরুষ।
ত্রিগুণাতীত, (ত্রিগুণ-অতীত) ব্রহ্ম, পরম-
ত্রিজগৎ, ত্রিভুবন, স্বর্গ-মর্ত্ত-পাতাল।
ত্রিণ, তৃণ, ঘাস।
ত্রিণতা, ধনুক, কার্ম্মুক।
ত্রিণাচিকেত, যজুর্ব্বেদের একভাগ।
ত্রিতয়, (ত্রি) তিনেরপূরণ; তিন সংখ্যা।
ত্রিদণ্ড, সন্ন্যাসাশ্রম, যত্যাশ্রম।
ত্রিদণ্ডী, ত্রিদণ্ডকারী, যতি; যজ্ঞোপবীত।
ত্রিদশ, (ত্রি-দশ) দেবতা, সুর, অমর।
ত্রিদশদীর্ঘিকা, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
ত্রিদশমঞ্জরী, তুলসী, বহুমঞ্জরী।
ত্রিদশাবাস, (ত্রিদশ-আবাস) স্বর্গ, সুরপুরী।
ত্রিদশায়ুধ, বজ্র, অশনি, বাজ।
ত্রিদশারি অসুর, দনুজ, দানব। [পর্ব্বত।
ত্রিদশালয়, (ত্রিদশ-আলয়) স্বর্গ; সুমেরু
ত্রিদশাহার, অমৃত, সুধা। [দিনে স্পর্শ।
ত্রিদিনস্পৃক, ত্র্যহস্পর্শ, এক তিথির তিন
ত্রিদিব, স্বর্গ ; আকাশ।
ত্রিদিবা ; নদীবিশেষ। [ইন্দ্র।
ত্রিদিবেশ, (ত্রিদিব-ঈশ) দেবতা, অমর;
ত্রিদৃক, শিব, মহাদেব, ত্রিনেত্র।
ত্রিদোষ, বাত পিত্ত শ্লেষ্ম বিকার।
ত্রিদোষজ, (ত্রি-দোষ-জন) ত্রিদোষ জনিত রোগ, সন্নিপাত রোগ।
ত্রিধা, (ত্রি) তিনপ্রকার, তিনবার।
ত্রিধাতু, ধাতুত্রয় ; গণেশ, হেরম্ব, লম্বোদর
ত্রিধামা, বিষ্ণু ; শিব ; অগ্নি ; মৃত্যু।
ত্রিধারা, তিন স্রোত ; তিন নিয়ম।
ত্রিনয়ন, শিব, শম্ভু, মহাদেব।
ত্রিনেত্র, শিব, শম্ভু, মহাদেব।
ত্রিনেত্রচূড়ামণি, চন্দ্র, শশধর।
ত্রিপঞ্চাশৎ, সংখ্যাবিশেষ, তিপ্পান্ন।
ত্রিপতাক, রেখাত্রয়ান্বিত কপাল।
ত্রিপত্র যাহার তিন পত্র আছে, বিল্বপত্রাদি ; কুশ বিশেষ।
ত্রিপথ, ত্রিমার্গ ; তেমাতা পথ।
ত্রিপথগা, গঙ্গা, ভাগীরথী।
ত্রিপদিকা, ধাতুনির্ম্মিত ত্রিপদযুক্ত শঙ্খাধার, তেপায়া। [আধার ; ছন্দোবিশেষ।
ত্রিপদী, (ত্রি-পদ) তেপায়া ; অর্ঘ্যপাত্রের
ত্রিপর্ণ, পলাশবৃক্ষ।
ত্রিপাদ, বিষ্ণু, নারায়ণ।
ত্রিপিষ্টপ, স্বর্গ, দেবলোক।
ত্রিপিষ্টপসৎ, দেবতা, সুর, বিবুধ।
ত্রিপুট, তট, তীর ; গোক্ষুরী লতা।
ত্রিপুটা, মল্লিকা ; এলাচী।
ত্রিপুটী, এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।
ত্রিপুণ্ড, তিনরেখাযুক্ত তিলক ; কপালস্থ রেখাত্রয়।
ত্রিপুর, ময়দানব নির্ম্মিত পুরত্রয় ; অসুরবিশেষ। [ত্রিপুরারি।
ত্রিপুরদহন, ত্রিপুরান্তক, মহাদেব, শিব,
ত্রিপুরান্তক, (ত্রিপুর-অন্তক) শিব, মহাদেব, শঙ্কর।

ত্র্যক্ষর, (ত্রি-অক্ষর) প্রণব, ওঁকার; তিন অক্ষর। [দুই দিবসান্তে আধি রোগাদি।
ত্র্যাহিক, (ত্র্যহ) তৃতীয় দিবসে উৎপাদ্য;
ত্ব, ভিন্ন, অন্য।
ত্বং, তুমি। [বাকল।
ত্বক, (ত্বচ) স্পর্শেন্দ্রিয়; চর্ম্ম; ছাল, বল্কল,
ত্বক্‌কণ্ডুর, ব্রণ, স্ফোটক, ফোড়া।
ত্বকছেদ, যাবনিক সংস্কার বিশেষ, উপস্থের চর্ম্ম কাটন।
ত্বকপত্র, তেজপত্র।
ত্বক্‌পুষ্প, রোমাঞ্চ, লোমাঞ্চ; চুলীরোগ।
ত্বক্‌সার, বংশ, বাঁশ; তেজপত্র তেজপাত শোণ বৃক্ষ।
ত্বক্‌ক্ষীরা, বংশরোচনা, বংশলোচন।
ত্বগঙ্কুর, (ত্বক-অঙ্কুর) রোমাঞ্চ, লোমাঞ্চ, পুলক।
ত্বগক্ষীরী, বংশ রোচনা, বংশলোচন।
ত্বগজ, রোম, লোম, রুধির, শোণিত রক্ত।
ত্বগ্‌দোষ, কোঠরোগ; ত্বক্‌চর্ম্মা, অপ্রাবৃত মেঢ্র। [চিনি।
ত্বচ, চর্ম্ম, বল্কল, ছাল, বৃক্ষবিশেষ; দারু-
ত্বচা (ত্বচ) চর্ম্ম, ছাল, বল্কল, বাকল [বাক
ত্বচিসার, বংশ, বাঁশ; তাল, নারিকেল; গু-
ত্বচ্‌সুগন্ধা, ক্ষুদ্র এলাচী, গুজরাটি এলাচ।
ত্বক্‌জ্ঞান, (ত্বচ-জ্ঞান) স্পর্শজ্ঞান, ত্বাগিন্দ্রিয় জন্য প্রত্যক্ষ।
ত্বগ্‌জ্ঞেয়, স্পর্শনীয়, ত্বাচ প্রত্যক্ষের যোগ্য
ত্বঞ্চ, প্রবঞ্চনা, প্রতারণা, ছলনা।
ত্বৎ, ভিন্ন, পৃথক্, তোমা হইতে।
ত্বদীয়, (যুষ্মদ) তোমরই, ভবৎ সম্বন্ধীয়
ত্বরা, (ত্বর) বেগ, শীঘ্র, দ্রুত।
ত্বরাকারক, শীঘ্রকারক, দ্রুতকারী।
ত্বরায়, শীঘ্র, ক্ষিপ্র, ত্বরিত।
ত্বরিত, সত্বর, বেগযুক্ত; শীঘ্র, দ্রুত আশু।
ত্বষ্ট, তক্ষকৃত; পরিষ্কৃত, চাঁচা ছোলা।
ত্বষ্টা, আদিত্য বিশেষ, বিশ্বকর্ম্মা; বর্ণসঙ্কর জাতি বিশেষ, সূত্রধার, ছুতার।
ত্বাচপ্রত্যক্ষ, স্পর্শজ্ঞান, স্পর্শ জন্য বোধ।
ত্বাষ্ট্র, বৃত্র নামা অসুর। [রথিকা, ক্ষুদ্র রথ।
ত্বাষ্ট্রী, চিত্রানক্ষত্র; সংজ্ঞা নাম্নী সূর্য্যপত্নী,
ত্বিষা, দীপ্তি, শোভা, রশ্মি।
ত্বিষাম্পতি, সূর্য্য, রবি, ভানু।
ত্বিষি, কিরণ, রশ্মি, তেজঃ, প্রভা। [শীঘা।
ত্বিষ, শোভা, প্রভা; বাক্য; ব্যবসায়; ত্রি-

ৎসরু খড়্গ মুষ্টি, খড়্গের মুটা।

থ

থ, থকার ব্যঞ্জনের সপ্তদশ বর্ণ, তবর্গের দ্বিতীয় বর্ণ; রক্ষণ; মঙ্গল, ধ্বংস; পর্ব্বত; ভয়; রক্ষক; ব্যাধিবিশেষ; ভয়চিহ্ন; ভক্ষণ।
থই, (স্থপতি) তলস্পর্শ; ইষ্টকময় অট্টালিকা গৃহাদি নির্ম্মাতা, রাজ।
থইপনা, (থই) রাজের কর্ম্ম।
থকা, গুচ্ছ, স্তবক, গোছা। [ভয় পাওন।
থমকান, (থমকা) থামন; বিস্ময়ান্বিত হওন;
থর, (স্থির) শ্রেণী, পংক্তি।
থরথর, কম্পান্বিত, কম্পিত।
থরথরানি, (থরথর) কাঁপনি, কম্পন। [ক।
থরসা, (স্থা-রস) অর্দ্ধ ভর্জ্জিত অথচ রসযুক্ত-
থলিয়া, (স্থলী) গুণ, ছালা, বস্তা।
থলী, (স্থলী) বস্তা, গুণ; থলিয়া।
থলুয়, (স্তবক) গুচ্ছ, স্তবক।
থলথলিয়া, লোলিত; ঝলঝলিয়া।
থল্যাৎ, অপক্ব দ্রব্য রক্ষক।
থা, (স্থা) স্থান, স্থির, নিশ্চিত।
থাই, (স্থায়ী) নদীর তলা; তলস্পর্শ; শ্রেণী, মাচা, মঞ্চ; পক্ষ।
থাক, (স্থা) ছেদ, শ্রেণী; রহন, তিষ্ঠন।
থাকন, স্থিতি করণ, তিষ্ঠন, রহন; টিকন; বাস করণ।
থাতান, (থাতা) শান্তকরণ, সুস্থির করণ।
থানা, (খণ্ড) থান; সমগ্র।
থানা, (স্থান) আড্ডা, চৌকিস্থান; দস্যু বা ডাকাদির মিলন স্থান।
থাপড়, (চর্পটি) চাপড়, করতল, থাবা, চড়।
থাবড়ান, চ্যাপটা করণ, মলন।
থাবা, (তল) করতল, অঙ্ক, পূর্ণমুষ্টি।
থাম, (স্তম্ভ) খুঁটি।
থামন, (থাম) উপশম, শান্ত হওন; থাকন; ক্ষান্ত হওন, থিতন।
থামান, শান্তকরণ, স্থিরকরণ; বদ্ধ করণ।
থালা, (স্থাল) ধাতুময় ভোজন পাত্র বিশেষ
থালী, (স্থালী) হাঁড়ী; তৈলাধার পাত্রবিশেষ
থাসন, (থাস) ছানন, ঠাসন, মর্দ্দন।
থিতন, (থিৎ) চঞ্চল দ্রবদ্রব্যের [স্থি]রী করণ।
থু, (ষ্ঠীব) থুক, থুথু, ছেপ, পিক, নিষ্ঠীবন, ঘৃণা বাচক।

থুঅন, (থু) রাখন স্থাপন ; অর্পণ।
থুক, (ষ্ঠীব) নিষ্ঠীবন, থুথু ; ঘৃণাবাচক।
থুকন, নিষ্ঠীবন, থুথু ফেলন।
থুতনী, চিবুক ওষ্ঠের অধোভাগ।
থুতি (ত্রোতি) মুখ, চিবুক, দাড়ি।
থুৎকার, নিষ্ঠীবন ত্যাগানুকরণ ; থুথুফেলন
থুৎকুড়ী, (থু-কুট) থুথু, নিষ্ঠীবন।
থুবড়ন, (তুণ্ড-বৃ) অধোমুখে পতন, নত হইয়া পড়ন। [বিবাহ।
থুবড়া, (স্থবির) অধিক বয়স পর্য্যন্ত অকৃত
থুবা, (স্তবক) গুচ্ছ, স্তবক, ঝাপ্পা।
থুরণ, (থুর) কুঁচন, কুচিং করিয়া কাটন।
থেঁতলান, (থেঁতলা) দলন, নিষ্পীড়ন ; পদ দ্বারা মর্দ্দন।
থেবড়া, (স্থবির) চেপ্টা, নত ; চৌড়া।
থৈথৈ, বাদ্যানুকরণ শব্দ বিশেষ।
থৈলী, (থৈল) থলিয়া, বল্পী, বোরা, গুণ।
থোওন, (থো) রক্ষণ, রাখন স্থাপন।
থোক, (স্তূপ) একত্র সমুদয়, রাশি, মোট ; একুন ; গুচ্ছ।
থোকেথোকে, (স্তূপ) একেবারে, সমুদায়ে, মোটে একুনে।
থোড়, (স্থল) ফলিত কদলী বৃক্ষের গর্ভ ; কলা গাছের মধ্যদেশ।
থোড়ন, সম্বরণ ; শাম্য হওন ; খণ্ডং করণ
থোড়া, (স্তোক) কিঞ্চিৎ, অল্প।
থোন্তাল, (থোড) মোটা ; বিকসনোদ্যত।
থোপা, (থোপ) থোপনা, থোবা, ঝাপ্পা।
থোপনা, গুচ্ছ ; আনন, আস্য, মুখ।
থোবা, (স্তবক) গুচ্ছ, কাঁদি।

দ

দ, দকার, ব্যঞ্জনের অষ্টাদশ বর্ণ, তবর্গের তৃতীয় অক্ষর ; ভার্য্যা ; অচল ; দাতা।
দই, (দধি) দুগ্ধ বিকার বিশেষ।
দংশ, (দন্স) কীটবিশেষ, দাঁশ, ডাঁশ ; বর্ম্ম ; খণ্ডন ; দ্বেষ ; মর্ম্ম, সর্পক্ষত ; দন্ত।
দংশক, কীটবিশেষ, দাঁশ ; দন্তাঘাতকারী।
দংশন, (দন্স) দন্তাঘাত করণ, কামড়ান ; হুলফুটান, বর্ম্ম ; সাঁজোয়া।
দংশভীরু, মহিষ ; কাসর। সাঁজোয়া পরা।
দংশিত, দষ্ট, দণ্ডাদি দ্বারা খণ্ডিত ; বর্ম্মিত,
দংশী, ক্ষুদ্রদংশ, ছোট ডাঁশ।
দংষ্ট্র, (দন্স) দন্ত, রদন ; হুল ; দাড়।

দংষ্ট্রা, বিশাল দন্ত, বড় দাঁত, দাড়া।
দংষ্ট্রী, (দংষ্ট্রিন) বৃহদ্দন্তবিশিষ্ট, দাঁতোল ; কামড়ানিয়া ; হিংস্র শূকর সর্পাদি।
দক, জল, সলিল, বারি।
দক্তি, (দ্বি-অক্তি) দাঁতের অল বিশেষ।
দগ্ধ, (দহ) ভস্মীভূত, পুড়া, পোড়া ; জ্বলিত ; অগ্নিতাপিত ; আলা।
দগ্ধকাক, দ্রোণকাক, দাঁড়কাক।
দগ্ধন, দাহন, পোড়ান, জ্বালাতন করণ।
দগ্ধরথ, চিত্ররথ নামক গন্ধর্ব্ব বিশেষ।
দগ্ধরুহা, বৃক্ষবিশেষ, দগ্ধা বৃক্ষ, কুক্কুহগাছ
দগ্ধা, অমঙ্গল্য তিথিবিশেষ ; কুক্কুহগাছ।
দগ্ধিকা, (দগ্ধ) দগ্ধ অন্ন, পোড়া ভাত, ভুষ্ট-ধান্য ; বৃক্ষবিশেষ ; কুক্কুহগাছ। [পোড়া ইট
দগ্ধেষ্টকা, (দগ্ধ-ইষ্টক) ঝামক, ঝামা খর-
দজ্জাল, (দুর্জ্জন) দুষ্ট, ক্রুর, অন্যায়ী।
দড়, (দৃঢ়) শক্ত, কঠিন।
দড়া, (দৃহ) দীর্ঘ স্থূল রজ্জু, কাছী।
দড়ী, (দৃহ) রজ্জু, রশ্মি, গুণ।
দঢ়, (দৃঢ়) শক্ত, কঠিন, জোরাল।
দণ্ড, (দণ্ড) ষষ্টিপল পরিমিত কাল ; ঘড়ী ; লগুড়, যষ্টি ; দমন, নিগ্রহ ; শাসন ; উর্দ্ধ স্থিতি ; সন্ন্যাস ধর্ম্ম।
দণ্ডক, বর্ণবিশেষ ; ছন্দোভেদ।
দণ্ডকা, জনস্থান ; দণ্ডকারণ্য।
দণ্ডকাক, দ্রোণকাক, দাঁড়কাক।
দণ্ডঢক্ক, বাদ্যবিশেষ, দামামা, দগড়া।
দণ্ডতাম্রী, বাদ্যবিশেষ, তাম্রীবাদ্য।
দণ্ডদাতা, (দণ্ড-দাতৃ) শাসনকর্ত্তা, শাস্তা, রাজা ; বিচারক।
দণ্ডদায়ী, যম ; রাজা ; শাস্তি দায়ক।
দণ্ডধর, (দণ্ড-ধৃ) রাজা, ভূপতি ; যম ; প্রেতাধিপ ; লগুড়ধারক।
দণ্ডধারী, (দণ্ড-ধারিন) রাজা, যম ; যষ্টিধারী
দণ্ডনায়ক, সেনানী, সেনাপতি, চতুরঙ্গ বলাধ্যক্ষ, দণ্ডদাতা।
দণ্ডনীতি, অর্থশাস্ত্র ; নীতিশাস্ত্র ; দণ্ডব্যবস্থা
দণ্ডনীয়, (দণ্ড) শাসনযোগ্য ; দম্য।
দণ্ডপাংশুল, দ্বারপাল, দ্বারী, দ্বারবান।
দণ্ডপাণি, যম, কাশীস্থ শিবগণবিশেষ।
[অন্তর্গত বিবাদ বিশেষ।
দণ্ডপারুষ্য, তাড়নাদি অষ্টাদশ বিবাদের
দণ্ডপাল, দ্বারপাল, দ্বারবান ; মৎস্যবিশেষ দাঁড়িকা মাছ।

দন্তকাকালাক, দন্ত ঘর্ষণের শব্দ।
দন্তচ্ছদ, ওষ্ঠ, ঠোঁট। [তেলা কুচা।
দন্তচ্ছদোপমা, (দন্তচ্ছদ-উপমা) বিম্বফল,
দন্তজ, দন্তজন্য, দংশন, কামড়ান।
দন্তধাবন, দন্তশুদ্ধি, দন্তমার্জন।
দন্তপত্র, কুণ্ডল, কর্ণালঙ্কার বিশেষ।
দন্তপত্রক, কুন্দপুষ্প, কুঁদফুল।
দন্তপুষ্প, কতকফল, নির্ম্মলকল।
দন্তফল, কতকফল, নির্ম্মল ফল।
দন্তবস্ত্র, রদনচ্ছদ, ওষ্ঠ, ঠোঁট।
দন্তবাসঃ, ওষ্ঠ, ঠোঁট।
দন্তবীজক, দাড়িম্ব, দালিম্।
দন্তমল, দন্তলগ্নক্লেদ, পুষ্পিকা।
দন্তমূল, দাঁতের শিকড়, দাঁতের গোড়া।
দন্তমূলিকা, (দন্তমূল) বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ
দন্তশঠ, কপিত্থ, কতবেল; জম্বীর বিশেষ;
কর্ম্মরঙ্গক, কামরাঙ্গা; অম্ল।
দন্তশর্করা, দন্তগত মল; দাঁতের মলা।
দন্তশাণ, নিস্কৃষ্কণ, মিশি, মাজন।
দন্তশিরা, দন্তাধার, দাঁতের মাড়ি।
দন্তশূন্য, দন্তহীন, দাঁতপড়া, ফোগ্‌লা।
দন্তশূল, দন্তবেদনা, দন্তপীড়া বিশেষ।
দন্তহর্ষ, দন্তরোগ বিশেষ। [দাঁতে আঘাত, দন্ত-
দন্তাঘাত, (দন্ত-আঘাত) দশনাঘাত, দন্ত-
দন্তাবল, হস্তী, করী, গজ, হাতী।
দন্তায়ুধ, (দন্ত-আয়ুধ) শূকর, বরাহ।
দন্তার্ব্বুদ, দন্তরোগ বিশেষ।
দন্তালিকা, বল্‌গা, প্রগ্রহ, লাগাম।
দন্তিকা, (দন্ত) বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ।
দন্তিনী, (দন্ত) হস্তিনী, করেণু; বৃক্ষবিশেষ
দন্তী (দন্ত) হস্তী করী, গজ; বৃক্ষবিশেষ।
দন্তীবীজ, জয়পাল, জয়পালের বীচি।
দন্তুর, (দন্ত) উন্নতদন্তযুক্ত, দেঁতো, দাঁতাল;
বৃহৎ দন্ত বিশিষ্ট। [মুখ।
দন্ত্য, (দন্ত) দন্তসংযোগে উচ্চার্য্য, দন্তো-
দন্দশূক, সর্প; রাক্ষস, নিশাচর।
দন্দ্বক, বিবাদ, কলহ, ঝকড়া।
দপট, (দর্প) অহঙ্কার, গর্ব্ব।
দফা, শেষ, অবসান, পরিচ্ছেদ; প্রকরণ।
দফাদফা, (যাং) পুনঃ২, বারং২।
দফে, (যাং) পুনশ্চ, বারং২।
দফ্‌তর, পুস্তক, খাতা, হিসাবের বহি।
দফ্‌তরখানা, (যাং) হিসাবাদি রক্ষণের
কর্ম্মালয়।

দফ্‌রা, (তুরু) ঢেউ, তরঙ্গ, মৌজা।
দব, বন, অরণ্য; বনাগ্নি, দাবানল।
দবথু, পরিতাপ; চক্ষুরাদি দাহ।
দবন, (দিব) অর্চ্চন, জলন; দমন।
দবাগ্নি, (দব-অগ্নি) বনানল, বনাগ্নি।
দাবন, দমন; গোপন করণ। [তিশয় দূরস্থ।
দবিষ্ঠ, (দূর) অদূর; অত্যন্ত দূরবর্ত্তী, অ-
দবীয়ান্‌, (দূর) দূরতর, অতিশয় দূরবর্ত্তী।
দবক্কন, (দব) চমকন; আতঙ্কাম্বিত হওন।
দবকান, (দবকা) গোপন, লুক্কায়িত করণ।
দভ্র, কিঞ্চিৎ; অল্প; সমুদ্র, সাগর।
দম, শান্তি; দণ্ড; শাসন; ইন্দ্রিয়নিগ্রহ।
দমক, (দম) দমনকারী, শাসনকর্ত্তা।
দমঘোষ, চন্দ্রবংশীয় রাজবিশেষ।
দমঘোষসুত, শিশুপাল।
দমথু, দণ্ড; শাসন, দমন, নিগ্রহ।
দমন, (দম) বশীকরণ; শাসন; আটকান;
নিগ্রহ করণ; তাড়ন; পুষ্প বিশেষ,
দোনা ফুল।
দমনক, বৃক্ষবিশেষ, দোনা গাছ।
দমনকর্ত্তা (দমন-কর্ত্তৃ) শাসনকর্ত্তা, নিগ্রহ
কারী। [কারক।
দমনকারক, দমনকারী, দমনকর্ত্তা, নিগ্রহ
দমনী, বৃক্ষবিশেষ, দমন কারিকা।
দমনীয়, (দম) দণ্ডার্হ, দম্য, দমনের যোগ্য।
দময়ন্তী, নলরাজপত্নী।
দমিত (দম) দান্ত, নিগৃহীত; শাসিত।
দমী, (দম) দমন বিশিষ্ট, জিতেন্দ্রিয়।
দমুন, অগ্নি; শুক্রাচার্য্য।
দম্ভ, নিশ্বাস, প্রতারণা, প্ররোচনা।
দমকল, জলোত্থাপনার্থ যন্ত্র বিশেষ।
দমকলী, (দমকল) জলপ্রক্ষেপণার্থ ক্ষুদ্র
কলবিশেষ। [আক্রমণ।
দমকান, (দমকা) চাপন, দাবন; বলদ্বারা
দম্পতী, জায়াপতী, স্ত্রী পুরুষ।
দম্ভ, অহঙ্কার, গর্ব্ব; কপট; ধূর্ত্ততা।
দম্ভকারী, (দম্ভ-কারিন্‌) অহঙ্কারী, গর্ব্ব
গরুক; ধূর্ত্ত।
দম্ভোক্তি, (দম্ভ-উক্তি) গর্ব্বোক্তি, অহঙ্কার
জনক কথা।
দম্ভোলি, বজ্র, অশনি, বাজ।
দম্য, (দম) দমনার্হ, দমনের যোগ্য; প্রাপ্ত
দম্মন, কাম, বৎসরী, অনড্‌বান, বৃষ।
দয়া, দয়া, করুণা, অনুকম্পা।

দয়া, (দয়) পরদুঃখ বরণেচ্ছা, ইচ্ছা ; কৃপা ; স্নেহ, করুণা, অনুগ্রহ ।
দয়াবান, দয়ালু, সদয়, করুণান্বিত । [স্বরূপ ।
দয়াময়, দয়াস্বরূপ, সাক্ষাৎকরুণাবতার, কৃপা
দয়াল, দয়ালু, কৃপাবান, করুণান্বিত ।
দয়ালু, (দয়া) কৃপাবান, দয়াশীল, দয়া যুক্ত ।
দয়িত, (দয়) প্রিয় ; প্রতি, স্বামী
দয়িতা, (দয়িত) প্রিয়া ; ভার্য্যা, স্ত্রী ।
দর, (দৃ) ঈষদর্থ, অল্পার্থ ; শঙ্খ, ভয় ; গর্ত্ত ; পর্ব্বতের গহ্বর ; মূল্য, কিঞ্চিৎ ।
দরকণ্টিক, বৃক্ষবিশেষ, শতাবরী ।
দরকার, (যাং) আবশ্যকতা ।
দরকারী, (যাং) আবশ্যক, জরুরী ।
দরজী, (যাং) সূচিজীবী সূচিকর্ম্মকর ।
দরণ, (দৃ) পতন ; গমন, পতন, বিগলন ।
দরণি, নদীর কূলভঙ্গ, ভাঙ্গন ।
দরদ, (যাং) হিঙ্গুল ; দেশবিশেষ ; ভয় ; বেদনা, ব্যথা, ম্লেচ্ছজাতি বিশেষ ।
দরদ, ভয় ; পর্ব্বতের অতট, ম্লেচ্ছজাতীয়, কবি বিশেষ, , হৃদয় তীব, বেদনা ব্যথ
দরবাজা, (যাং) ফটক দ্বার, কপাট ।
দরমা, নলনির্ম্মিত আসনবিশেষ, চাঁচ ।
দরমাহা, (যাং) মাসিক বেতন
দরা, জীর্ণ পচা, গলিত ।
দরি, (দৃ) পর্ব্বতের গুহা, কন্দর ।
দরিত, ভীত, ত্রাসিত, শঙ্কিত ।
দরিদ্র নির্ধন, নিঃস্ব ; দুর্গত, দুঃখী ।
দরিদ্রতা, (দরিদ্র) নির্ধনতা, নিঃস্বতা, দৈন্য
দরিদ্রায়ক, দীন, দুঃখী দরিদ্র ।
দরিদ্রিত, দীন, দুঃখী, নিঃস্ব ।
দরী, (দৃ) পর্ব্বতের গুহা ; গহ্বর, কন্দর, নবা, আধুনিক
দরোদর, পাশক, পাশা । [জল পাত্র ।
দর্দ্দর, পর্ব্বত, গিরি, ঈষদ্ভগ্ন ; ভাজন, ভা-
দর্দ্দরাস্ত্র, ব্যঞ্জন বিশেষ ।
দর্দ্দরাক, বাদ্য বিশেষ, মেঘ ; ভেক ।
দর্দ্দুর, ভেক ; মেঘ ; বাদ্য ; পর্ব্বতবিশেষ ; রাক্ষস ।
দর্দ্দুরা, চণ্ডিকা, দুর্গা ।
দর্দ্দ্রু, দদ্রুরোগ, দাউদ ।
দর্প, (দৃপ) অহঙ্কার, গর্ব্ব, আটোপ ; আত্মশ্লাঘা ; উচ্ছৃঙ্খলত্ব, উষ্মা ।
দর্পক, কামদেব, মদন, কন্দর্প ।
দর্পকারী, অহঙ্কারী, গর্ব্বিত ।

দর্পণ, (দৃপ) দর্শনাধার, আদর্শ, মুকুর আর্শি
দর্পিত, (দৃপ) অহঙ্কারান্বিত, দাম্ভিক, উচ্ছৃঙ্খল ; গর্ব্বিত ।
দর্পী, গর্ব্বী, অহঙ্কারী, দাম্ভিক ।
[illegible] ; রাক্ষস ; [illegible] ; হিংস্র ।
দর্ব্বরীক, ইন্দ্র ; বায়ু ; বাদ্যবিশেষ ।
দর্ব্বি, (দৃ) ব্যঞ্জনাদিদারক, হাতা, খন্তাকা ।
দর্ব্বিকা, খন্তাকা, হাতা, ব্যঞ্জনাদিদারক পাত্রবিশেষ । [illegible]বিশেষ ।
দর্ব্বী, খন্তাকা, হাতা, ব্যঞ্জনাদি দারক
দর্ব্বীকর, সর্প অহি, ভুজঙ্গ ; হাতাদিধাত্রা
দর্ভ, (দৃভ) কুশ, কাশ তৃণ, কেশে । [ভবন ।
দর্ভট, নিভৃত গৃহ, গোপনীয় ঘর, নির্জ্জন
দর্ভপত্র, কাপতৃণ, কেশে ।
দর্শ, (দৃশ) অমাবস্যা, কুহূ দর্শন ।
দর্শক, (দৃশ) দ্বারপাল, দ্বারী, প্রবীণ ; দর্শয়িত, দর্শন কারক, যে দেখায়
দর্শত, সূর্য্য, চন্দ্র ।
দর্শন, (দৃশ অবলোকন, দেখন ; নয়ন ; স্বপ্ন, ধর্ম্ম, দর্পণ ; শাস্ত্রবিশেষ ; বেদান্তাদি ছয় । উপঢৌকন ; পারিতোষিক ।
দর্শনী, দর্শননিমিত্ত উপহার ; [illegible]
দর্শনীয়, মনোহর, মনোজ্ঞ ; দর্শনযোগ্য সুদৃশ্য । [অবলোকনের স্পৃহা ।
দর্শনেচ্ছা, (দর্শন-ইচ্ছা) দেখিবার ইচ্ছা,
দর্শবিপৎ, চন্দ্র, নিশাকর, শশধর ।
দর্শযামিনী, তমিস্রা, অন্ধকার রাত্রি, অমাবস্যার নিশ ।
দর্শয়িতা, প্রকাশক ; দর্শক যে দেখায় ।
দর্শান (দৃশ) দেখান, দর্শন করাণ ; প্রকাশন
দর্শিত, (দৃশ) দর্শনকরান ; উদিত, প্রকাশিত
দর্শী, (দর্শিন) নিরীক্ষক, দর্শনকারী, দ্রষ্টা ।
দল, পত্র ; খণ্ড, অনেকের ঐক্য, সৈন্য সংগ্রহ ; পাল, সমূহ ; দাম, স্থূলতা ।
দলক, (দল) অবিরত বৃষ্টিপাত, অতিশয় বর্ষণ ।
দলকোষ, কুন্দপুষ্পবৃক্ষ, কুঁদফুলেরগাছ ।
দলন, (দল) মর্দ্দন, নিষ্পীড়ন, পেষণ, মাড়ান
দলনির্ম্মোক ভূর্জ্জবৃক্ষ, ভূর্জ্জপত্র ।
দলনী, লোষ্ট্র, ঢেলা, [illegible] ।
দলপ, সুবর্ণ স্বর্ণ ; শাস্ত্র ।
দলপতি, দলশ্রেষ্ঠ, প্রধান, প্রামাণিক ।
দলপুষ্পা, কেতকী, কেয়া ।

দলসূচি, কণ্টক, কাঁটা।
দলাঢ্য, পঙ্ককর্কট দলদলিয়া।
দলি, লোষ্ট্র, ঢেলা, ঢিল।
দলিক, ইন্ধন কাষ্ঠ, কাঠ।
দলিত, (দল) মর্দ্দিত, পিষিত ; বিদীর্ণ ; খণ্ডিত ; বিকশিত ; প্রফুল্ল।
দলুয়া, (দল) গুড়বিকার বিশেষ, খাঁড় ; অম্লপিণ্ড ; জলভলিয়া।
দল্ভ, প্রতারণা ; পাপ ; চক্র ; মুনিবিশেষ
দল্মি, ইন্দ্র, বজ্র, অশনি।
দশ, (দশন) সংখ্যাবিশেষ, দ্বিগুণ পঞ্চ।
দশক, (দশ) দশকিয়া ; দশগণ্ডা, দশসংখ্যা
দশকণ্ঠ, রাবণ, দশানন।
দশকণ্ঠজিৎ, শ্রীরাম, রাঘব।
দশকন্ধর, রাবণ, দশানন। [র গণনা।
দশকিয়া, (দশক) গণিতবিশেষ ; দশ গণ্ডা-
দশগ্রীব, রাবণ, লঙ্কেশ্বর, দশাস্য।
দশতি, শত, একশত।
দশদিক, (দশ-দিশ) পূর্ব্ব-পশ্চিম-উত্তর দক্ষিণ-ঈশান-অগ্নি-নৈঋত-বায়ু-ঊর্দ্ধ-অধঃ
দশধা, (দশন) দশ প্রকার ; দশ বার।
দশন, (দন্স) কবচ ; শিখর, দন্ত, দাঁত।
দশনবাস, ওষ্ঠ, ঠোঁট।
দশনোচ্ছিষ্ট, নিশ্বাস ; অধরচুম্বন, দন্তভক্ত
দশবাজী, চন্দ্র, বিধু, সুধাকর।
দশম, (দশন) দশের পূরণ, যাহার দ্বারা দশ সংখ্যা পূর্ণ হয়।
দশমহাবিদ্যা, কালী তারাপ্রভৃতি দশশক্তি
দশমাবতার, (দশম-অবতার) ভগবানের শেষ শক্তি কল্কী অবতার। [বস্থা।
দশমী, (দশন) তিথিবিশেষ ; অতিশয় বৃদ্ধা
দশমীস্থ, ক্ষীণরাগ ; অশীতিপর, বৃদ্ধ।
দশমুখ, রাবণ, দশকন্ধর, লঙ্কেশ্বর। [নাথ।
দশমুখান্তক, (দশমুখ-অন্তক) শ্রীরাম রঘু-
দশমূল, পাচনবিশেষ ; তৈলবিশেষ।
দশরথ, ইক্ষাকু কুলোৎপন্ন রাজাবিশেষ, সূর্য্য বংশীয় রাজা, অজ রাজপুত্র, শ্রীরামের পিতা।
দশরূপভৃৎ, বিষ্ণু, নারায়ণ।
দশহরা, জ্যৈষ্ঠ মাসের শুক্ল দশমী।
দশা, (দশ) অবস্থা ; দীপবর্ত্তি, পলিতা ; বস্ত্রের শেষ।
দশাকর্ষ, প্রদীপ, দীপ।
দশাকর্ষী, প্রদীপ, দীপ।

দশানন, (দশ-আনন) রাবণ, লঙ্কাপতি।
দশাবতার, (দশ-অবতার) বিষ্ণুর যুগ চতুষ্টয়ে দশমূর্ত্তি ধারণ ; বিষ্ণু ; নারায়ণ।
দশার্ণ, দেশবিশেষ, বিন্ধ্য পর্ব্বতের পূর্ব্ব দক্ষিণাংশ ; নদীবিশেষ।
দশার্হ, দেশবিশেষ, যদুদেশ।
দশাশ্ব, চন্দ্র, শশধর, বিধু।
দশাস্য, (দশ-আস্য) দশমুখ, রাবণ, দশানন
দশাস্যজিৎ, রাবণজয়ী ; শ্রীরাম, রামচন্দ্র।
দশাহীন, দুর্ভাগ্য, দুরবস্থ, দুর্দশাপন্ন।
দশেন্ধন, প্রদীপ, দীপ।
দশের, হিংস্র, হিংসক।
দশেরক, মরুদেশ ; মরুদেশীয় ; কামড়ান।
দস, উৎক্ষেপণ ; কথন ; দর্শন ; দংশন,
দস্তখৎ, (ফাং) স্বাক্ষর, নাম সই করা।
দস্তা, (যসদ) ধাতুবিশেষ, রঙ্গ, রাং।
দস্ম, যজমান ; চৌর ; অগ্নি ; খল।
দস্যু, (দস) সাহসিক চোর ; ডাকাইত, দুর্বৃত্ত ; রিপু।
দস্যুতা, (দস্যু) ডাকাইতি ; দস্যুর ব্যবহার
দস্যুবৃত্তি, ডাকাইতি, দস্যুতা ; দস্যুর কার্য্য
দস্র, শিশির ; গর্দ্দভ ; অশ্বিনীসুত
দস্রদেবতা, অশ্বিনীনক্ষত্র।
দস্রসূ, সূর্য্যপত্নী ; অশ্বিনীকুমারের মাতা।
দহ, (হ্রদ) গহ্বর, গর্ত্ত, গহ্বর ; কিরণ ; অগ্নি
দহন, (দহ) দাহ ; অনল, পোড়ান, ভস্মী-
দহনকেতন, ধূম, ধূঁয়া।
দহনপ্রিয়া, স্বাহা, অগ্নিভার্য্যা।
দহনারাতি, জল, সলিল, তোয়। [যোগ্য।
দহনীয়, (দহ) দাহ্য, দাহার্হ, পোড়াইবার-
দহনোপল, সূর্য্যকান্ত মণি। [সূক্ষ্ম।
দহর, মুষিক, ইন্দুর ; ভ্রাতা ; বালক ; স্বল্প ;
দহরম, (হার্দি) সৌহর্দ্দ্য, সৌহার্দ, বন্ধুতা
দক্ষ, (দক্ষ) প্রজাপতি বিশেষ ; পটু ; নিপুণ, পারক।
দক্ষকন্যা, দুর্গা, ভগবতী।
দক্ষজা, (দক্ষ-জন) উমা, সতী, দুর্গা।
দক্ষপ্রজাপতি, চন্দ্র ; শিব।
দক্ষা, (দক্ষ) পৃথিবী, বসুমতী ; নিপুণা।
দক্ষাধ্বরধ্বংসকৃৎ, দক্ষের যজ্ঞনাশক, শিব, মহাদেব।
দক্ষায্য, গরুড়, খগেন্দ্র ; গৃধ্র, শকুনি।
দক্ষিণ, (দক্ষ) সরল ; অনুকূল ; অপসব্য, দক্ষিণদিক, দাহিন।

দানব্রজ, তৃতীয় বর্ণ, বৈশ্যজাতি।
দানলেখ্য, দানপত্র, বৃত্তিদান লিপি।
দানশালী, দাতা, বদান্য।
দানশীল, দাতা, দানকর্ত্তা, বদান্য।
দানশীলতা, দাতৃত্ব, বদান্যতা।
দানশৌণ্ড, অতিশয় দাতা, বদান্য।
দানা, (দন্) দৈত্য; ভূত; দেবযোনি; মটরাদি বীজ; মুক্তা; মালাবিশেষ।
দানী, সম্প্রদান, দানীয়, দান প্রাপ্ত; দানশীল
দানীয়, (দা) সম্প্রদান; দানের পাত্র।
দানু, দাতা, সাধু, বিক্রমশালী।
দাপুয়া, (দাপ) নির্বোধ; ত্যক্ত; দাতা।
দান্ত, সুশাসিত; বশীভূত; জিতেন্দ্রিয়, তপস্যার ক্লেশ সহিষ্ণু।
দান্তি, (দম) রূপ; ক্লেশ সহিষ্ণুতা; দমন; পরাভব; ইন্দ্রিয় নিগ্রহ।
দাপট, (দৃপ) প্রভাব, প্রতাপ, দর্প।
দাপন, (দা) পা মারণ, পদ দ্বারা মর্দন; দেওয়াইয়া দেওন। [ত্র।
দাপনীয়, (দা) দেওয়াইয়া দিবার যোগ্য;
দাপিত, সাধিত; ধনাদি দ্বারা আয়ত্ত্ব কৃত দণ্ডিত, শাসিত। [তাপ।
দাব, বন, অরণ্য; বনাগ্নি; দাবানল; উপ-
দাবন, (দাব) দমনকরণ; হাপন, অপহরণ ইন্দ্রিয়দমন; চাপন, ঠাসন, মাড়ন।
দাবা, (দম) দমন করা; শতরঞ্চখেলার রাণী অথবা মন্ত্রী।
দাবাগ্নি, (দাব-অগ্নি) বনোদ্ভব অগ্নি, দাবানল
দাবানল, (দাব-অনল) দাবাগ্নি, বনের আগুন বনাগ্নি, বনোদ্ভব অগ্নি।
দাবী, (বাং) যাচঞা, প্রার্থনা; দ, ল।
দাম, (দম) মূল্য, রজ্জু; অনেক গো বন্ধন রজ্জু, দোকা।
দামড়া, (দম) মুক্তমুষ্কখণ্ড, পুংত্বহীন বলদ
দামন, (দো) রজ্জু, দড়ী; বস্ত্রের প্রান্তভাগ, বসনের অঞ্চল।
দামনী, (দে) পশুবন্ধন রজ্জু। [বিশেষ।
দামা, (দম) নির্বোধ, গুঁয়ার; দড়ী, বাদ্য-
দামামা, (দম) বৃহৎঢক্কা, বাদ্য যন্ত্রবিশেষ।
দামোদর, (দামন-উদর) বিষ্ণু, শ্রীকৃষ্ণ
দামাল, (দম্ভল) দুরন্ত শিশু, অতিশয় চঞ্চল, কর্কশ, চিড়চিড়িয়া।
দাম্ভিক, (দম্ভ) দম্ভযুক্ত, অহঙ্কৃত, অভিমানী, বকপক্ষী।
দায়, (দা) পৈতৃক ধন; বৈবাহিক ধন; বিপত্তি, আপদ, উৎপাত।
দায়ক, (দা) দানশীল, দাতা; দায়ী।
দায়গ্রস্ত, বিপত্তিযুক্ত, দায়ে পতিত।
দায়বন্ধু, ভ্রাতা; দায়াদ একত্র পিত্রাদির ধনাধিকারী।
দায়ভাগ, মৃতপিত্রাদির ধন বিভাগ; গ্রন্থবিশেষ। [সপিণ্ড।
দায়াদ, (দায়) পুত্র, উত্তরাধিকারী; জ্ঞাতি,
দায়াদী, কন্যা, দুহিতা।
দায়ার্হ, (দায়-অর্হ) পিত্রাদির ধনে অধিকারী হইবার যোগ্য।
দায়ী, (দায়িন) ভারগ্রস্ত; প্রতিভূ; দানশীল
দার, (দৃ) স্ত্রী পত্নী, জায়া।
দারক, ভেদক; গ্রাম্য শূকর।
দারকর্ম্ম, বিবাহ, পাণিগ্রহণ।
দারণ (দৃ) বিদীর্ণকরণ; ফাঁড়ন; ফাটন।
দারদ, সমুদ্র; বিষ বিশেষ; ধাতুবিশেষ; পারা; হিঙ্গুল।
দারবলিভুক, ক্রৌঞ্চপক্ষী, বকপক্ষী।
দারা (দৃ) স্ত্রী, ভার্য্যা, পত্নী।
দারি, বিদারক, বিদীর্ণ কারক।
দারিকা, কন্যা, দুহিতা, তনয়া।
দারিত, (দৃ) কৃতবিদারণ, ভেদিত, ভগ্নকরা
দারিদ্র্য, (দরিদ্র) দারিদ্রতা; দুঃখ; দৈন্য, অন্নাদির ক্লেশ, নির্ধনতা।
দারী, (দারা) ব্যভিচারক্রিয়া, লাম্পট্যাচরণ
দারু, (দৃ) কাষ্ঠ; দেবদারুগাছ; পিত্তল; দাতা, বদান্য। [পুত্তলী।
দারুক, (দারু) দেবদারু; শ্রীকৃষ্ণ সারথি;
দারুকদলী, বনকদলী, বনকলা।
দারুকা, কাষ্ঠময়ী স্ত্রী; কাষ্ঠপুত্তলিকা, কাঠের পুতুল।
দারুচিনী, বৃক্ষত্বকবিশেষ, দালচিনী। [যোজ
দারুজ, (দারু-জন) কাষ্ঠনির্ম্মিত মর্দল, মা-
দারুণ, (দৃ) ভয়ানক, কঠিন; অসহ্য; ঘোর
দারুনিশা, দারুহরিদ্রা।
দারুপীতা, হরিদ্রাবিশেষ।
দারুমুখ্যাহ্বয়া, গোধা, গোসাপ।
দারুহরিদ্রা, স্বনাম খ্যাত দ্রব্যবিশেষ।
দারুহস্তক, কাষ্ঠনির্ম্মিত হাতা, কাঠের হাতা
দার্ঢ্য, (দৃঢ়) দৃঢ়তা, কাঠিন্য; শক্তাই।
দার্দ্দুর, দক্ষিণাবর্ত্ত শঙ্খ, জল।
দার্দ্দুণ্ড, ময়ূর, শিখী, কলাপী।

দিনমান, দিবস কাল, উদয়াবধি অস্ত পর্য্যন্ত দিবসের পরিমাণ। [সায়াহ্নাদি।
দিনাংশ, (দিন-অংশ) পুর্ব্বাহ্ন, মধ্যাহ্ন,
দিনাদি, প্রভাত, প্রাতঃকাল।
দিনান্ত, (দিন-অন্ত) দিবাবসান, সায়ংকাল।
দিনান্তক, দিন-অন্তক) অন্ধকার, ঘোর, তিমির।
দিনিকা, দিবসিক কৃতকর্ম্মের বেতন।
দিব, (দিব্) স্বর্গ, আকাশ, অন্তরীক্ষ; বন।
দিবস, (দিব্) দিন, বস্ত্র, অহঃ, দিবা।
দিবসমুখ, প্রভাত, প্রাতঃকাল।
দিবসিক, (দিবস) আহ্নিক, প্রাত্যহিক; দিবসের কর্ত্তব্য। [কর্ত্তব্য।
দিবসীয়, দিবস সম্বন্ধীয়, আহ্নিক; দিনের
দিবস্পতি ইন্দ্র, সুরপতি।
দিবা, (দিব) দিন, দিবস, অহঃ।
দিবাকর, (দিবা-কৃ) সূর্য্য রবি, দিনকর; আকন্দ গাছ; কাক। [ক, পেচা।
দিবাকীর্ত্তি, নাপিত; চণ্ডাল, চাঁড়াল; পেচ-
দিবাটন, কাক, বায়স।
দিবাতন, দিনভব, দিনোৎপন্ন।
দিবান্ধ (দিবা-অন্ধ) দিবাতে দৃষ্টিহীন জন্তু; পেচক, পেচা।
দিবান্ধকী, ছুচুন্দরী, ইঁদুর।
দিবাভীত, পেচক, পেঁচা; চোর, তস্কর।
দিবাভীতি, পেচক, পেঁচা।
দিবামণি, সূর্য্য, দিবাকর।
দিবামধ্য, মধ্যাহ্ন; দ্বিতীয় প্রহর।
দিবি, (দিব) স্বর্গ, আকাশ, গগণ।
দিবিষদ দেব, অমর।
দিবিষ্ঠ, স্বর্গস্থ, স্বর্গস্থিত।
দিবৌকা, দেবতা; চাতক পক্ষী।
দিব্য-দিব্য, শপথ। [ঐশ্বরিক; শপথ।
দিব্য, (দিব) সুন্দর, মনোজ্ঞ; স্বর্গীয়;
দিব্যগন্ধ, লবঙ্গ; গন্ধক; উত্তম সৌরভ।
দিব্যগায়ন গন্ধর্ব্ব, স্বর্গ গায়ক। [শেষ।
দিব্যচক্ষু, সুলোচন, চসমা; সুগন্ধিদ্রব্য বি-
দিব্যদোহদ, অর্থাৎ চিতোপস্থিত, দেবদত্ত বস্তু
দিব্যপুষ্প, করবীর পুষ্প। [বস্ত্রান্বিত।
দিব্যবস্ত্র, সর্ব্যশোভা, সুন্দর বস্ত্র; সুন্দর
দিব্যরত্ন, চিন্তামণি, উৎকৃষ্ট মণি।
দিব্যরথ ব্যোমযান, দেবতার বিমান।
দিব্যরস, উপধাতু বিশেষ, পারদ, পারা।
দিব্যসার, বৃক্ষবিশেষ, শালবৃক্ষ।
দিব্যা, শতাবরী বৃক্ষ, শ্বেত দূর্ব্বা; হরিতকী; স্বর্গীয়া; মনোজ্ঞা।
দিব্যাদিব্য, উপদেবী বিশেষ। [স্ত্রী।
দিব্যাঙ্গনা, (দিব্য-অঙ্গনা) সুন্দরী, মনোহরা
দিব্যোদক, (দিব্য-উদক) আকাশ জল।
দিব্যোপপাদুক, দেবতা, সুর, অমর।
দিশ্বাগ, (যাং) অহঙ্কার, আত্মশ্লাঘা।
দিল, (যাং) হৃদয়, অন্তঃকরণ, মন।
দিশা, (দিশ) দিক, কাকত [illegible] [ভুল হওয়া।
দিশাহারা, দিগ্‌ভ্রমান্বিত; পথভ্রম, পথের
দিশ্য, দিগ্‌ভব বস্তু, দিগ্‌জাত
দিষ্ট, ভাগ্য; উপদিষ্ট; কাল; দারুহরিদ্রা।
দিষ্টান্ত, মরণ, মৃত্যু, কালধর্ম্ম।
দিষ্টি, হর্ষ; পরিমাণ; ভাগ্য, দৈব।
দিষ্ট্যা, আনন্দ, হর্ষ; ভাগ্যক্রমে।
দিষ্ণু, দাতা, দানশীল, বদান্য।
দীগা-দীঘী, (দীর্ঘিকা) দীর্ঘ জলাশয়।
দীঘ, (দীর্ঘ) আয়ত, লম্বা।
দীঘল, (দীর্ঘ) আয়ত লম্বা।
দীদিবি, অন্ন, ভক্ত, ভাত; বৃহস্পতি।
দীদী (দায়াদ) জ্যেষ্ঠা ভগিনী।
দীধিতি, কিরণ, রশ্মি, তেজঃ।
দীন, (দী) দরিদ্র, নিরন্ন, দুঃখী; ম্লান।
দীনতা, (দীন) দারিদ্র্য, নিঃস্বতা; অন্নাভাব জন্য ক্লেশ।
দীনদৈন্য দরিদ্র, দুঃখী, নিঃস্ব।
দীননাথ, দীনপ্রতিপালক, দীনরক্ষক।
দীনার, (দীন-ঋ) স্বর্ণালঙ্কার; মুদ্রা; নিষ্কপরিমাণ। [আলোক।
দীপ, বর্ত্তিস্থ জলন্ত অগ্নিশিখা; প্রদীপ,
দীপক, (দীপ) প্রকাশক; আলানিয়া; শোভাকর; রাগিণীবিশেষ।
দীপকিট, দীপজাত কজ্জল, কাজল।
দীপকুপী, দীপের বর্ত্তি, প্রদীপের বাতী, শলিতা, দশা।
দীপগাছ, বাতির ঝাড়, বেলয়ারির ঝাড়।
দীপঝাড়, দীপবৃক্ষ, বেলয়ারির ঝাড়।
দীপধ্বজ, কজ্জল, কাজল।
দীপন, (দীপ) উজ্জ্বলকরণ; প্রজ্বলিত করন; তগরমূল; কুঙ্কুম; পলাণ্ড; পেঁয়াজ।
দীপনী, যবানী, যোয়ান; মেথী।
দীপপাদপ, দীপাধার, পিলসুজ।
দীপপুষ্প, চম্পক বৃক্ষ, চাঁপা ফুলের গাছ।

দীপবৃক্ষ, পিলসুজ ; দীপগাছ, দীপঝাড় কে-
লয়ারির ঝাড়। [কালী।
দীপশিখা, প্রদীপের আগা ; কজ্জল ; মসী।
দীপান্বিত, (দীপ-আন্বিত) শোভান্বিত ;
দীপ্তি বিশিষ্ট। [অমাবস্যা।
দীপান্বিতা, (দীপ-আন্বিত) কার্ত্তিকমাসীয়
দীপালী, দীপমালা, দীপসমূহ।
দীপিত, (দীপ) দীপ্ত, প্রজ্বলিত ; প্রকাশিত
শোভান্বিত ; ব্যক্তীকৃত। [শক।
দীপিতা, দীপ্তিকর্ত্তা, উজ্জ্বলকারক, প্রক।-
দীপ্ত, (দীপ) জ্বলিত, প্রকাশিত ; তীক্ষ্ণী-
ভূত ; স্বর্ণ ; হিঙ্গুল।
দীপ্তক, স্বর্ণ, কাঞ্চন, হেম। [য়ালী।
দীপ্তজিহ্বা, উল্কামুখী ; শৃগালী ; খেঁকশি-
দীপ্তপিঙ্গল, সিংহ, কেশরী, মৃগরাজ।
দীপ্তলোচন, বিড়াল, মার্জ্জার।
দীপ্তলোহ, কাংস্য, কাঁসা।
দীপ্তাগ্নি, (দীপ্ত-অগ্নি) অগস্ত্য মুনি ; তীক্ষ্ণ
জঠরানল যুক্ত ; প্রজ্বলিত অগ্নি।
দীপ্তাঙ্গ, (দীপ্ত-অঙ্গ) ময়ূর, কলাপী, শিখী।
দীপ্তাক্ষ, (দীপ্ত-অক্ষি) মার্জ্জার, বিড়াল।
দীপ্তি, (দীপ) শোভা ; প্রকাশ ; প্রভা, দ্যুতি
তেজঃ, সৌন্দর্য্য। [দীপ্তিবিশিষ্ট।
দীপ্তিমান, শোভাকর, উজ্জ্বল, প্রকাশমান
দীপ্তোপল, (দীপ্ত-উপল) সূর্য্যকান্ত মণি।
দীপ্য, (দীপ) যোয়ানি, জীরক, জীরা।
দীপ্যমান, প্রকাশমান ; প্রত্যক্ষ ; প্রকাশ
বিশিষ্ট
দীপ্র, (দীপ) দীপ্তি বিশিষ্ট, দীপ্তিমান।
দীয়মান, (দা) যাহা দেওয়া যাইতেছে।
দীয়া, (দীপ) প্রদীপ। [দেকাটি।
দীয়াশলাই, (দীয়া-শলাকা) দীপশলাকা,
দীর্ঘ, (দ্রাঘ) আয়ত, লম্বা ; অহ্রস্ব, গুরুবর্ণ।
দীর্ঘকণ্ঠ, বকপক্ষী, ক্রৌঞ্চপক্ষী।
দীর্ঘকন্ধর, বকপক্ষী ; হাড়গিলা।
দীর্ঘকায়, আয়ত দেহ, ঢেঙ্গা।
দীর্ঘকাল, অধিক সময়, অনেক ক্ষণ।
দীর্ঘকেশ, ঋক্ষ, ভল্লুক ; আয়তকেশ।
দীর্ঘকোষিকা, শুক্তি, ঝিণ্ণুকিকা, ঝিনুক
দীর্ঘগতি, উষ্ট্র, উট।
দীর্ঘগ্রন্থি, গজপিপ্পলী, গজপিপুল।
দীর্ঘগ্রীব, উষ্ট্র, উট ; নীলবক।
দীর্ঘঘাটিকা, উষ্ট্র ; বকপক্ষী।
দীর্ঘজঙ্গল, মৎস্য বিশেষ, ভাঙ্গনমাছ।

দীর্ঘজঙ্ঘ, লম্বজঙ্ঘাবিশিষ্ট ; বলাক ; বক ;
[illegible], উট।
দীর্ঘজিহ্ব, সর্প, ভুজঙ্গ, অহি।
দীর্ঘজীবিতা, (দীর্ঘ-জীবিন) দীর্ঘায়ুঃ, চির-
জীবিতা। [চিরজীবী।
দীর্ঘজীবী, (দীর্ঘ-জীবিন) বহুকাল জীবী,
দীর্ঘতরু, তালবৃক্ষ, তাল গাছ ; লম্বাগাছ।
দীর্ঘতুণ্ড, [illegible]
দীর্ঘদণ্ড, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ।
দীর্ঘদর্শী, (দীর্ঘ-দর্শিন্) দূরদর্শী, পণ্ডিত ;
গৃধ্র, শকুনি ; ভল্লুক, ভালুক।
দীর্ঘদৃষ্টি, দূরদর্শিতা [illegible] ; প্রবীণ।
দীর্ঘদ্রু, তালবৃক্ষ ; লম্বা গাছ।
দীর্ঘনাদ, শঙ্খ, শাঁখ।
দীর্ঘনিদ্রা, মৃত্যু ; মরণ, কালধর্ম্ম। [শ্বাস।
দীর্ঘনিশ্বাস, মনস্তাপ প্রকাশক প্রবল নি-
দীর্ঘপটোলিকা, লতাফল বিশেষ, ধুঁদুল।
দীর্ঘপত্রক, রক্ত লশুন, রাঙ্গা রশুন ; এরণ্ড
বৃক্ষ, ভেরেণ্ডা গাছ। [পর্ণী।
দীর্ঘপত্রিকা, (দীর্ঘ-পত্র) ঘৃতকুমারী ; শাল-
দীর্ঘপাৎ, কঙ্কপক্ষী।
দীর্ঘপাদপ, তাল বৃক্ষ ; পুগবৃক্ষ, গুবাকগাছ
দীর্ঘপৃষ্ঠ, সর্প, অহি বিষধর।
দীর্ঘপ্রস্থ, লম্বা চৌড়া, আড়ে দীর্ঘে।
দীর্ঘফল, আরগ্বধ, বৃক্ষ, সোঁদালগাছ।
দীর্ঘবংশ, নল তৃণবিশেষ, খাগড়া।
দীর্ঘবক্ত্র, হস্তী, দন্তী হাতী।
দীর্ঘবালা, চমরী, মৃগবিশেষ।
দীর্ঘমারুত, হস্তী, করী, গজ।
দীর্ঘমূলা, শ্যামালতা ; শালপর্ণী।
দীর্ঘরদ, শূকর, বরাহ, কোল।
দীর্ঘরসন, সর্প, ভুজঙ্গম, উরগ
দীর্ঘরাগা, হরিদ্রা, হলুদ।
দীর্ঘরাত্র, চিরকাল ; দীর্ঘনিশা।
দীর্ঘরোম, ঋক্ষ, ভল্লুক ভালুক।
দীর্ঘশাখ, শালবৃক্ষ ; শালগাছ।
দীর্ঘসত্র, যজ্ঞবিশেষ ; তীর্থবিশেষ
দীর্ঘসুরত, কুক্কুর, কুকুর।
দীর্ঘসূত্র, শিথিল, অসত্বর, দিড়বিড়িয়া।
দীর্ঘসূত্রী, (দীর্ঘ-সূত্রিন্) চিরক্রিয়, অস-
ত্বর, দিড়বিড়িয়া।
দীর্ঘস্কন্ধ, তালবৃক্ষ, তালগাছ।
দীর্ঘাকার, (দীর্ঘ-আকার) প্রস্থ, পক্ষ।
দীর্ঘ, লম্বা।

দীর্ঘায়ু, (দীর্ঘ-আয়ুস) চিরজীবী, অধিক পরমায়ু বিশিষ্ট ; শাল্মলী বৃক্ষ ; কাক ; মার্কণ্ডেয় মুনি। [র, বৃক্ষহ।
দীর্ঘায়ুধ, (দীর্ঘ-আয়ুধ) অস্ত্রবিশেষ ; শূক-
দীর্ঘালক, শ্বেত ন্দারক, সাদামাদার।
দীর্ঘিকা, (দীর্ঘ) দীর্ঘ জলাশয়, বাপী, দীঘী
দীর্ঘে, (দীর্ঘ) আয়তে, লম্বে।
দীর্ণ, বিদারিত, ভগ্ন ; ভীত। [দেশক।
দীক্ষক, (দীক্ষ) গুরু, দীক্ষাকারক, উপ-
দীক্ষা, (দীক্ষ) মন্ত্র গ্রহণ ; উপাসনার্থ সংস্কার। [দীক্ষাকারক
দীক্ষাকর্ত্তা, (দীক্ষা-কর্তৃ) গুরু, উপদেশক,
দীক্ষিত, (দীক্ষ) উপদেশিত, গৃহীত মন্ত্র, ভজনে প্রবৃত্ত। [সারণ, দোহন।
দুঅম, (দুহ) গবাদির স্তন হইতে দুগ্ধ নিঃ-
দুঅা, (দুর্ভগা) ঘৃণিতা, অগ্রাহ্যা।
দুইএক, এক কিম্বা দুই ; অত্যল্প।
দুঃ, মন্দ ; দুঃখ ; নিন্দা, অবক্ষেপণ।
দুঃখ, ক্লেশ, পীড়া ; দারিদ্র্য ; শোক, সন্তাপ ; মনঃক্ষোভ। [খের শেষ।
দুঃখান্ত, (দুঃখ-অন্ত) দুঃখের অবসান, দুঃ-
দুঃখিত, (দুঃখ) ক্লেশিত, ক্লিষ্ট, সন্তাপিত, ক্ষুণ্ণ, ক্ষুব্ধ। [কুরীতি।
দুঃশীল, (দুর-শীল) দুষ্টস্বভাব, দুশ্চারিত্র
দুঃসময়, (দুর-সময়) অসময়, অপ্রতুলের সময় ; বিপৎকাল। [দুঃখদায়ক।
দুঃসহ, (দুর-সহ) অসহ্য, উৎকট, অতিশয়
দুঃসহ্য, (দুর-সহ্য) অতিকষ্টে সহনীয়, উৎকট, শক্ত। [সাধ্য ; বহুশ্রমে সম্পাদনীয়।
দুঃসাধ্য, (দুর-সাধ্য) দুঃখে নিষ্পাদ্য ; কষ্ট-
দুঃসাহস, (দুর-সাহস) অতিশয় সাহস, অত্যন্ত ভরসা, উৎকট উৎসাহ ; নির্ভয়তা।
দুঃসাহসী, (দুর-সাহসিন) অসমসাহসী, অত্যন্ত ভরসান্বিত।
দুঃস্থ, (দুর-স্থা) দুর্গত, দুরবস্থ, দুর্ভাগ্য, ক্লেশান্বিত ; দরিদ্র, নির্ধন, নিঃস্ব।
দুঃস্বপ্ন, (দুর-স্বপ্ন) মন্দ স্বপ্ন।
দুঁড়িয়া, (জল) মৎস্যধারক যন্ত্র, আটল।
দু দিয়া, (দুর্দ্দান্ত) দুষ্ট।
দুকান, (যাং) পণ্যশালা, দোকান।
দুকুল, ক্ষৌমবস্ত্র, পট্টবস্ত্র, সূক্ষ্মবস্ত্র।
দুগাড়িয়া, প্রবঞ্চক ; দ্বিদলাক্রান্ত উভয়ের নিকট অদ্রাভদ্র কথক।
দুগুল, পট্টবস্ত্র, তসর কাপড়।

দুগ্ধ, (দুহ) ক্ষীর, পয়ঃ, স্তন্য, দুধ ; কৃত দোহন, দোহন করা।
দুগ্ধকূপিকা, পিষ্টক বিশেষ।
দুগ্ধপাত্র, দুগ্ধপাক পাত্র, ভাঁড়।
দুগ্ধপায়ী, (দুগ্ধ-পায়িন) দুগ্ধপানকর্তা।
দুগ্ধপোষ্য, ক্ষীরকণ্ঠ বালক, অতিশিশু, দুগ্ধদ্বারা পালনীয়।
দুগ্ধাব্ধিতনয়া, লক্ষ্মী, কমলা, রমা। [গাছ।
দুগ্ধিকা, (দুগ্ধ) বৃক্ষ বিশেষ, দুধ্যা ক্ষীরই-
দুগ্ধিনিকা, রক্ত অপামার্গ, রাঙ্গা আপাং।
দুটপা, চুম্বক, সংক্ষেপ, অল্প কথায় বহু অর্থ প্রকাশক।
দুণ, (দুই) দ্বিগুণিত, দ্বিগুণ, দুইগুণ।
দুতক, দুষ্টচিত্ত, কুটিলান্তঃকরণ।
দুতত্ত্ব, দুই বিষয় ; অর্থ ; দ্বিবিধ।
দুদ, দুগ্ধ, পয়ঃ, ক্ষীর। [পোষ্য।
দুদিয়া, (দুদ) দুগ্ধ বিশিষ্ট, পয়স্বিনী ; দুগ্ধ-
দুদু, (দুদ) দুগ্ধ, দুধ।
দুধকলমা, হৈমন্তিক ধান্যবিশেষ।
দুধ, (দুগ্ধ) পয়ঃ, ক্ষীর।
দুধিয়া, (দুধ) দুগ্ধপোষ্য, স্তন্যপায়ী।
দুনী, (দ্রোণী) ডোঙ্গা ; বায়ুর দ্বারা প্রচালিত ; শস্যপেষণ যন্ত্র।
দুন্দু, বসুদেব, শ্রীকৃষ্ণের পিতা ; বাদ্য বিশেষ, দুন্দুভিবাদ্য।
দুন্দুভি, (দুন্দু-ভা) বৃহৎ ঢক্কা ; নাগরা, টিকারা, ভেরী ; দৈত্যবিশেষ ; রাক্ষসবিশেষ ; পাশক, পাশা।
দুন্দুভি, (দুন্দু-ভা) বৃহৎঢক্কা ; নাগরা, ভেরী, টিকারা। [কলহ।
দুন্দুমার, ঘোরতর, ভয়ানক ; গুরুতর-
দুপাটী, (দু-পাত্র) পুষ্পবৃক্ষ বিশেষ ; দো-

দুমড়ন, (দুমড়) ভাজন ; মোড়ন ; সঙ্কোচন।
দুরদৃষ্ট, দুর্ভাগ্য, মন্দ কপাল।
দুরধ্ব, কুপথ, অসন্মার্গ, মন্দপথ।
দুরন্ত, (দুর-অন্ত) দুষ্ট, অবাধ্য, উপদ্রবী ঠেটা। [আপদ।
দুরবস্থা, (দুর-অবস্থা) দুর্দশা, মন্দাবস্থা ;
দুরাক, ম্লেচ্ছ বিশেষ, অস্ত্যজ জাতিবিশেষ।
দুরাচার, (দুর-আচার) কুব্যবহার, কদাচার, বিরুদ্ধাচার, কুনীতি। [উপদ্রবী, ক্রূর।
দুরাত্মা, (দুর-আত্মন) পাপাত্মা, নির্দয় ; দুষ্ট,
দুরাধর্ষ, অধর্ষণীয়, দুর্গম্য, অজেয়।

দুরারুহ, বিল্ববৃক্ষ, নারিকেল।
দুরারোহ, (দুর্-আরোহ) শরট, কাঁকলাস; দুঃখে আরোহণীয়, দুর্গম্য।
দুরারোহা, শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ।
দুরালাপ, (দুর্-আলাপ) কটুবাক্য, মন্দালাপ, কুৎসিত কথোপকথন।
দুরাসদ, দুষ্প্রাপ্য, দুর্লভ। [পাপ।
দুরাশয়, (দুর্-আশয়) দুষ্টমানস, কঠিনাশয়।
দুরিত, (দুর্-ইত) পাপ, কলুষ। [গাছ।
দুরিতদমনী, পাপনাশিনী; শমীবৃক্ষ, শাঁই
দুরিষ্ট, অতিমন্দ, অতিশয় নিন্দিত।
দুরীষণ, শাপ, অভিসম্পাত
দুরূহ, (দুর্-ঊহ) কঠিন, কষ্টসাধ্য, দুর্বোধ্য
দুরোদর, পাশক, পাশা; পণ, দ্যূত বিশেষ, পাশকক্রীড়া।
দুর্গ, (দুর্-গম) দুর্গম, গড়, অসুর বিশেষ।
দুর্গকারক, গড়নির্ম্মাতা, বৃক্ষবিশেষ
দুর্গত, বিপন্ন, দুরবস্থ, দুঃখী, দরিদ্র।
দুর্গতি, (দুর্-গতি) ক্লেশ, দুরবস্থা, দরিদ্রতা
দুর্গতিনাশিনী, দুঃখনাশিনী।
দুর্গন্ধ, (দুর্-গন্ধ) পুতিগন্ধ, মন্দগন্ধ, কুবাস; পলাণ্ডু, পেঁয়াজ।
দুর্গপুষ্পী, (দুর্গ-পুষ্প) বৃক্ষবিশেষ কেনাপুষ্টগাছ। [কঠিন।
দুর্গম, (দুর্-গম) কষ্টগম্য, দুঃখে গমনীয়;
দুর্গসঞ্চর, সংক্রম, সেতু, সাঁকো।
দুর্গা, (দুর্-গৈ) হিমালয় কন্যা, ভগবতী, শক্তিবিশেষ। [রক্ষক।
দুর্গাধ্যক্ষ, (দুর্গ-অধ্যক্ষ) দুর্গরক্ষক, গড়
দুর্গানবমী, কার্ত্তিক শুক্ল নবমী।
দুর্ঘট, (দুর্-ঘট), কষ্টসাধ্য দুঃসাধ্য, কঠিন।
দুর্ঘটন, মন্দঘটনা, বিপদপতন।
দুর্ঘটনা, (দুর্-ঘটনা) মন্দঘটনা, বিপদপতন। [মন্দ রব।
দুর্ঘোষ, ভল্লুক; নিন্দিত ধ্বনি, কুঘোষণা,
দুর্জন, (দুর্-জন) ক্রুর, দুষ্ট, খল; কদাচার।
দুর্জয়, দুঃখে জয়নীয়, দুর্দম্য, গুরুতর, অপরিহার্য্য।
দুর্জাত, ব্যসন, বিপদ; অসম্যক জাত।
দুর্জ্ঞেয়, (দুর্-জ্ঞা) যাহা বহুকষ্টে জাত হওয়া যায়, দুর্বোধ
দুর্দান্ত, দুরন্ত, অশান্ত, প্রবল, কষ্টে দমনীয়
দুর্দশা (দুর্-দশা) দুরবস্থা, মন্দাবস্থা, বিপত্তি
দুর্দৃশ্য, অদর্শনীয়, কুদৃশ্য, বিশ্রী।
দুর্দিন, মেঘাচ্ছন্ন দিন; বিপৎকাল; মন্দ দিন; ঝাড় বাদল।
দুর্দ্ধর্ষ, দুর্নিবার; অনীশ্বর স্বামী।
দুর্দ্ধর, দুঃখে ধারণীয়, মৎস্যক বিশেষ; পারদ, পারা; ভল্লাতক, ভেলা।
দুর্দ্ধর্ষ, (দুর্-ধর্ষ) নির্লজ্জ, অনপত্রপ; দুষ্ট।
দুর্ধ্বাণ, কম্পান, প্রস্থান। [অশ্বশ্ব।
দুর্নাম, অখ্যাতি, নিন্দা, কুৎসা, অপপ্রশংসা;
দুর্নামক, রোগবিশেষ, অর্শো রোগ।
দুর্নাম্ন, দীর্ঘকোষিকা, ঝিণুক।
দুর্নারি, মৎস্য বিশেষ, শুরুণ, ওল।
দুর্নাম্নী দুর্নামা, ঝিনুক, কুৎসিত নামা স্ত্রী।
দুর্নিবার, (দুর্ নিবার) যাহা বহুকষ্টে নিবারণ করা যায়।
দুর্নীত কুনীত, কুব্যবহার, অসচ্চরিত্র।
দুর্নীতি (দুর্-নীতি) মন্দ নীতি; কদাচার; কুচরিত্র, কুস্বভাব।
দুর্ব্বচঃ, দুর্ব্বাক্য, মন্দবাক্য, কুকথা।
দুর্ব্বর্ণ রজত, রৌপ্য, রূপা; মন্দবর্ণ, বদ রং
দুর্ব্বর্ত্ম, (দুর্-বর্ত্মন) কুপথ, অসন্মার্গ; কদাচার দুষ্ট। [ক্ষীণ, বলহীন।
দুর্ব্বল, (দুর্-বল) কৃশ, অশক্ত, অসমর্থ,
দুর্ব্বাক, কদ্বদ, অসৎকথক, দুষ্টবাক্য।
দুর্ব্বাক্য, মন্দবাক্য, কুকথা, গালাগালি।
দুর্ব্বাদ, দুর্ব্বাক্য বক্তা, নিন্দিতবচন।
দুর্ব্বাসা, (দুর্-বাসস) মুনিবিশেষ, শঙ্করাংশে জাত অত্রিমুনির পুত্র।
দুর্ব্বিধ, দরিদ্র; খল; মূর্খ; দুষ্ট।
দুর্ব্বিনীত, (দুর্-বিনীত) অবিনীত, দুষ্ট, অশিষ্ট, অশিক্ষিত। [দুষ্ট।
দুর্ব্বুদ্ধি, মন্দবুদ্ধি, কুমতি; অবোধ, মূঢ়;
দুর্ব্বোধ, (দুর্-বোধ) কুমতি; অবোধ, মূঢ়।
দুর্ব্বৃত্ত, দুর্জন, দুরাত্মা, উপদ্রবী, অবাধ্য।
দুর্ব্ব্যাপার, কদাচার, অসাধু ব্যাপার, দুঃসাধ্য কর্ম্ম, কুব্যবহার।
দুর্ভগা, (দুর্-ভগ) পতিস্নেহ রহিতা; ভাগ্যহীনা স্ত্রী; অপ্রিয় ভার্য্যা।
দুর্ভিক্ষ, আকাল, ভক্ষ্যাভাব; অখাদ্য
দুর্ভাগ্য, দুরদৃষ্ট, মন্দ কপাল।
দুর্ভাবনা, দুশ্চিন্তা, মন্দ ভাবনা
দুর্ভিক্ষ্য, ভিক্ষার অপ্রাপ্তি কাল, অকাল, মহার্ঘ্যতার সময়।
দুর্ম্মতি, দুর্বুদ্ধি, মন্দ বুদ্ধি, দুষ্ট, খল।
দুর্ম্মদ মত্ত; তমোগুণযুক্ত, অহংকৃত

দুর্ম্মনা, (দুর-মনস) উদ্বিগ্নচিত্ত, অন্যমনস্ক, চিন্তিত, ভাবিত।
দুর্ম্মরা, তৃণবিশেষ ; দূর্ব্বা ; শ্বেতদূর্ব্বা।
দুর্ম্মন্ত্রণা, কুমন্ত্রণা, কুপরামর্শ।
দুর্ম্মা, (দুর-মা) অর্দ্ধপক্ক নারিকেল, দোমালা নারিকেল ; [মুখর, অপ্রিয়বাদী।
দুর্ম্মুখ, বানরবিশেষ ; ঘোটক ; নিষ্ঠুরভাষী
দুর্ম্মূল্য, মহার্ঘ্য, অক্রেয়, আক্রা।
দুর্ম্মেধা, (দুর-মেধস) মেধাহীন, অবুদ্ধি, নির্ব্বোধ। [বাধকের মিলন।
দুর্যোগ, মন্দ সময় ; মেঘাচ্ছন্ন দিন ; অনেক
দুর্যোধন, (দুর-যোধন) কুরুবংশজাত রাজা, ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র।
দুর্লঙ্ঘন, অলঙ্ঘ্য, অসাধ্য লঙ্ঘন ; উষ্ট্র, উঠ
দুর্লভ, দুষ্প্রাপ্য ; অভিপ্রশস্ত ; প্রিয়।
দুর্লভা (দুর-লভ) দুষ্প্রাপ্যা ; শ্বেতকণ্টকারি
দুর্লভ্য, অপ্রাপ্য, কষ্টে লভ্য।
দুর্লক্ষণ, অশুভসূচক চিহ্ন, অলক্ষণ, কুল-
দুর্ললিত, মন্দবাঞ্ছা, দুর্লালসা।
দুর্হৃৎ, শত্রু, রিপু ; দুষ্টচিত্ত, দুষ্টান্তঃকরণ।
দুর্হৃদয়, দুষ্টান্তঃকরণ ; ক্রূরচিত্ত ক্রূরান্তঃকরণ, দুষ্টচিত্ত। [মনোজ্ঞ।
দুলাল, (দুল-লল) প্রেম, অনুরাগ ; প্রিয়,
দুলাল্য, (দুলাল) প্রিয়, স্নিগ্ধ, স্নেহপাত্র।
দুলি, মুনিবিশেষ ; কচ্ছপী।
দুলিয়া, (দুল) জাতিবিশেষ, প্রত্যন্তবাসী, নীচজাতি, যানবাহক।
দুলিচা, (বাং) আসন বিশেষ।
দুশমন, (বাং) শত্রু, বিপক্ষ।
দুশ্চর শম্বুক, শামুক ; ভল্লুক ; দুর্গম।
দুশ্চরিত্র (দুর-চরিত্র) মন্দপ্রকৃত কুরীতি, বিটল। [লিঙ্গ।
দুশ্চর্ম্মা (দুর-চর্ম্মন) অনাবৃতমেঢ্র, বিকশিত
দুশ্চিন্ত, মন্দচিন্তা, কুচিন্তা।
দুশ্চ্যবন, ইন্দ্র দেবরাজ। [ক্রিয়মাণ
দুষ্কর, (দুর-কৃ) কষ্টসাধ্য, ক্লেশকর ; দুঃখে
দুষ্কর্ম্ম (দুর-কর্ম্মন) দুষ্ক্রিয়া, কুক্রিয়া ; কুকর্ম্ম ; পাপ, ব্যভিচার। [পাপী, দুষ্ট।
দুষ্কর্ম্মা, (দুর-কর্ম্মন) দুষ্কৃতি, কুক্রিয়ান্বিত ;
দুষ্কুলীন, দুষ্কুলোদ্ভব, কুবংশ জাত ; চোর নামে গন্ধদ্রব্য বিশেষ।
দুষ্কৃত, (দুর-কৃত) পাপ ; কুক্রিয়া।
দুষ্ক্রীত, মহার্ঘ্য, দুর্মূল্য।
দুষ্খ, (দুঃখ) পীড়া ; ক্লেশ যন্ত্রণা।
দুষ্খী, ক্লেশবিশিষ্ট, ক্লেশিত, কাতর্য্যান্বিত ; দরিদ্র, নিঃস্ব।
দুষ্ট, (দুষ) অধম, ভ্রষ্ট, পাপিষ্ঠ, অনপত্রপ, বিরুদ্ধান্তঃকরণ ; কুষ্ঠ, কুড়।
দুষ্টতা, (দুষ্ট) দৌরাত্ম্য, দুষ্টমি, খলতা।
দুষ্টমি (দুষ্ট) দুষ্টতা, দৌরাত্ম্য, খলতা।
দুষ্টা, ভ্রষ্টা, পুংশ্চলী, ব্যভিচারিণী।
দুষ্টামি, (দুষ্ট) নষ্টতা, দুষ্টতা, ভ্রষ্টতাচরণ।
দুষ্টি, নিন্দা, গ্লানি, কুৎসা ; অবিনীত।
দুষ্পচ, গুরুপাক, ক্লেশে জীর্য্য। [স্পৃশ্য।
দুষ্পর্শ, অস্পৃশ্য বস্তু, অস্পর্শনীয়, দুঃখে
দুষ্পার, দুস্তর, অতরণীয়, অসাধ্যপার।
দুষ্পূর, অসন্তোষণীয় ; অপরিপূর্য্য।
দুষ্প্রধর্ষ, দুর্গম ; দুরালভ্য। [বৃহতী
দুষ্প্রধর্ষণী বার্ত্তাকী, বেগুন ; কণ্টকারি ;
দুষ্প্রবৃষ্য, প্রগলভ, দুরতিগম্য, তীক্ষ্ণ।
দুষ্প্রাপ্য, (দুর-প্রাপ্য, দুর্লভ।
দুষ্মন্ত চন্দ্রবংশীয় রাজা।
দুসূতী, (দুই-সূত্র) স্থূলবস্ত্র বিশেষ, একপ্রকার মোটা কাপড়।
দুস্থ, (দুর-স্থা) দুরবস্থান্বিত ; দুঃখী ; দরিদ্র ক্লিষ্ট। [দুর্গতি
দুস্থতা, (দুস্থ) দারিদ্র্য, দৈন্য, দৌর্ভাগ্য, ক্লেশ
দুস্‌সথ, কুক্কুর ; কুক্কুট, মুরগী।
দুহাকার, দুইজনের, উভয়ের ; উভয়সম্বন্ধীয়। [ণাদিকারক ; সব্যসাচী
দুহাতিয়া, (দুই-হাত) দুই হস্ত দিয়া ভক্ষ-
দুহিতা, (দুহিতৃ) পুত্রী, কন্যা, কুমারী।
দুহিতৃঃপতি, জামাতা, জামাই।
দুহ্য, (দুহ) দোহন যোগ্য, দোহনের উপযুক্ত
দুহ্যমান, (দুহ) যাহা হইতে দোহন করা যায়, দোহন বিশিষ্ট।
দূড়াশ পীড়াযুক্ত, রুগ্ন, ক্লেশিত।
দূঢ্য, নীচ, অধম, পামর ; ক্রূর।
দূণাশ, দুঃখে নষ্ট, দুঃখহত
দূত, (দু) বার্ত্তাবহ ; চর ; সংবাদ দাতা।
দূতি, (দূত) সমাচার হারিণী ; দৌত্যকর্ম্মে নিযুক্তা স্ত্রী, কুট্টিনী।
দূতী, (দূত) দৌত্যকর্ম্মে নিযুক্তাস্ত্রী, কুট্টিনী
দূত্য, (দূত) দূতের কর্ম্ম ; দূতের স্বভাব।
দূন, অধ্বশ্রান্ত, পথশ্রান্ত, উপতপ্ত।
দূপ্র, বলবান, শক্তিমান।
দূর, অনিকট, অসন্নিকৃষ্ট, অন্তর, বিপ্রকৃষ্ট
দূরতর, (দূর) বহুদূর, অনেক অন্তর।

দূরদর্শী, (দূর-দর্শিন্) দীর্ঘদর্শী, বহুদর্শী, পরিণামদর্শী ; বিজ্ঞ ; গৃধ্র।
দূরদৃক, পণ্ডিত, অগ্রদর্শী ; বহুজ্ঞ।
দূরবর্ত্তী, (দূর-বর্ত্তিন্) অসন্নিকৃষ্ট, অন্তর।
দূরবীন, দূরবীক্ষণ ; উপচক্ষু।
দূরবেধী, দূর নিক্ষেপ্য অস্ত্র ; বাণাদি [নিকট
দূরাদূর, (দূর-অদূর) অত্যন্তান্তর ; নিকটা-
দূরীকরণ, (দূর-করণ) অন্তর করিয়া দেওন তাড়িত করণ খেদাই দেওন। [নান্তরীকৃত
দূরীকৃত, (দূর-কৃত) দূরীভূত, তাড়িত, স্থা-
দূরীভূত, অন্তরকর, তাড়িত।
দূর্ব্বা, (দূর্ব্ব) তৃণবিশেষ।
দূর্য্য, বিষ্ঠা, শকৃত, মল।
দূশ্য, বস্ত্রগৃহ, কাপড়ের ঘর, শিবির তাঁবু।
দূষক, (দূষ) দোষোৎপাদক, নিন্দাকর, পাংশন।
দূষণ, (দূষ) রাবণভ্রাতা, খরসেনাপতি ; নিন্দা ; দোষ ; ত্রুটি ; দোষপ্রকাশন ভর্ৎসন
দূষণাবহ, (দূষণ-আবহ) নিন্দনীয়, কুৎসিত
দূষণারি, (দূষণ-অরি) শ্রীরাম, রাঘব।
দূষি, চক্ষুর মল, পিচুটি।
দূষিকা, নেত্রমল, পিচুটি। [নিন্দিত।
দূষিত, দোষ প্রাপ্ত ; অভিশপ্ত ; জঘন্য,
দূষিতা, দূষণপ্রাপ্তা কন্যা। [গৃহ, তাম্বু।
দূষ্য, (দূষ) দূষণীয় নিন্দনীয় ; বস্ত্র ; বস্ত্র-
দূষ্যা, হস্তিকক্ষা, রজ্জু, কাচড়ি।
দৃক, (দৃশ) চক্ষু, দর্শন ; বুদ্ধি ; ছিদ্র ; রন্ধ্র।
দৃক্কর্ণ, (দৃশ-কর্ণ) সর্প, ভুজঙ্গ, অহি।
দৃক্পাত, অবলোকন, দৃষ্টিপাত, নেত্রপাত
দৃক্প্রিয়া, শোভা, সৌন্দর্য্য।
দৃক্শ্রুতি, ভুজঙ্গম, সর্প, অহি।
দৃগধ্যক্ষ, সূর্য্য, রবি।
দৃগ্গোল, খগোলান্তর্গত গোলবিশেষ।
দৃগ্বিষ, নাগ, সর্প, বিষধর।
দৃঢ়, (দৃহ) প্রগাঢ়, বলবান, কঠিন, অচল, অটল ; স্থির ; লৌহ।
দৃঢ়কাণ্ড, বংশ, বাঁশ।
দৃঢ়গ্রন্থি, বংশ, বাঁশ।
দৃঢ়তম, অত্যন্তশক্ত, অত্যন্ত কঠিন।
দৃঢ়তর, অধিকশক্ত, অতি কঠিন।
দৃঢ়তা, কাঠিন্য, দার্ঢ্য, স্থিরতা।
দৃঢ়দংশক, জলজন্তু বিশেষ, হাঙ্গর।
দৃঢ়নীর, নারিকেল বৃক্ষ।
দৃঢ়পত্র, বংশ, বাঁশ।

দৃঢ়ফল, নারিকেল বৃক্ষ। [লতা।
দৃঢ়বল্লিনী, (দৃঢ়-বল্লী) লতাবিশেষ, শ্যামা
দৃঢ়বাদী, (দৃঢ়-বাদিন্) সত্যবাদী, স্থিরবাক্য
দৃঢ়বোধ, দৃঢ়জ্ঞান, নিশ্চয় অনুভব, দৃঢ়প্রত্যয় ; সম্পূর্ণ বিশ্বাস। [হাড়।
দৃঢ়মাংস, কঠিন মাংস ; কোমলাস্থি, নরম
দৃঢ়মুষ্টি, খড়্গাদি, কৃপাণ ; কঠিনমুষ্টি।
দৃঢ়মূল, ফলবিশেষ, নারিকেল।
দৃঢ়লোমা, শূকর, বরাহ ; কঠিন লোমযুক্ত।
দৃঢ়সন্ধি, নিশ্ছিদ্র, ছিদ্রহীন ; সংহত।
দৃঢ়াঙ্গ, (দৃঢ়-অঙ্গ) হীরক, হীরা।
দৃত, আদর, বাৎসল্য।
দৃতা, জীরক, জীরা।
দৃতি, চর্ম্ম ; মৎস্য, মীন।
দৃতিধারক, বৃক্ষ বিশেষ।
দৃন্ভু, সর্প ; চক্র, বজ্র ; সূর্য্য ; রাজা ; মনঃ
দৃপ্ত, গর্ব্বিত, অহঙ্কৃত।
দৃম্ফু, সর্প, অহি, বিষধর। [নাপতি।
দৃশৎ, পাষাণ, প্রস্তর, পাতর ; নিষ্পেষণ শি
দৃশদ্বতী, নদীবিশেষ ; কাত্যায়নী।
দৃশা, (দৃশ) চক্ষুঃ, নেত্র, নয়ন।
দৃশাকাঙ্ক্ষ্য, পদ্মপুষ্প, নলিনীপুষ্প।
দৃশান, জ্যোতিঃ, দীপ্তি, রশ্মি ; বিরোচন দৈত্য, প্রহ্লাদ পুত্র ; আচার্য্য ; লোকপাল ব্রাহ্মণ ; উপাধ্যায়।
দৃশি, চক্ষুঃ, লোচন, দর্শন।
দৃশোপম, (দৃশ-উপমা) শ্বেতপদ্ম।
দৃশ্য, (দৃশ) চক্ষুর্গোচর ; দর্শনীয় ; সুন্দর।
দৃষৎ, পাষাণ প্রস্তর ; নিষ্পেষণ শিলা।
দৃষ্ট, (দৃশ) ঈক্ষিত, আলোকিত।
দৃষ্টরজাঃ, প্রাপ্তরজস্কা ; বয়ঃপ্রবিষ্টা ; যুবতী
দৃষ্টান্ত, (দৃষ্ট-অন্ত) উদাহরণ, উপমা।
দৃষ্টি (দৃশ) আলোকন, নিরীক্ষণ ; চক্ষু।
দৃষ্টিকৃৎ, দর্শনকারী, স্থলপদ্ম।
দৃষ্টিগোচর, নয়নগোচর, সাক্ষাৎ, প্রত্যক্ষ।
দৃষ্টিধরা, (দৃষ্টি-ধর) চক্ষুর তারা, নেত্রমণি
দৃষ্টিবন্ধু, খদ্যোত, জোনাকীপোকা।
দৃষ্টিবিক্ষেপ, কটাক্ষ, নেত্রপাত।
দৃষ্টে, অনুমানে ; দর্শনে, দৃষ্টে।
দেইজী, (দায়াদ) জ্ঞাতি, সগোত্র।
দেউড়ী, (দ্বার) দৌবারিক স্থান, বহির্দ্বার, দ্বার স্থান।
দেউল, (দেব-উল্লাস) দেবালয়, মঞ্চ বিশেষ মঠ ; চরক পূজা কর্ত্তা।

দেবব্রহ্মা, দেবর্ষি, নারদ মুনি।
দেবভবন, অশ্বত্থবৃক্ষ; স্বর্গ।
দেবভূ, দেবতা; স্বর্গ।
দেবভূতি, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
দেবভূয়, দেবত্ব, দেবসাযুজ্য।
দেবমণি, কৌস্তুভমণি।
দেবমাতা, অদিতি, কশ্যপ পত্নী।
দেবমাতৃক, বৃষ্টির জলে পালিত দেশ।
দেবমানক, কৌস্তুভমণি। [বর্ষ;
দেবমাস, গর্ভাষ্টম মাস; মনুষ্যদের ত্রিংশৎ
দেবযজি, দেবপূজক; মুনি। [প্রক্ষেপ।
দেবযজ্ঞ, হোম, মন্ত্রপূর্ব্বক অগ্নিতে ঘৃত
দেবযাত্রা, দেবোৎসব, পর্ব্বাহ।
দেবযানী, শুক্রাচার্য্য কন্যা; যযাতিরাজপত্নী
দেবযু, ধার্ম্মিক; লোকযাত্রিক।
দেবযোনি, উপদেবতা, ভুত প্রেত পিশাচা
দি গন্ধর্ব্ব।
দেবর, (দিব) পতির কনিষ্ঠ ভ্রাতা, দেওর।
দেবরথ, দেবযান, দেবতাদের বিমান; পু-
ষ্পক রথ।
দেবরাজ, (দেব-রাজন) ইন্দ্র, সুরপতি
দেবরাত, পরিক্ষিত রাজা; সারস, পক্ষি
বিশেষ। [ঋষি।
দেবর্ষি, (দেব-ঋষি) সুরমুনি, নারদাদি
দেবল, (দেব-লা) দেবপূজোপজীবী পু-
রিব্রাহ্মণ; ধর্ম্মশাস্ত্রবক্তা মুনিবিশেষ।
দেবলতা, লতাবিশেষ; নবমল্লিকালতা।
দেবলোক, অমর্ত্ত্যভুবন, স্বর্গ।
দেবশ্রুত, ঈশ্বর; শাস্ত্র; নারদমুনি।
দেবসভা, দেবসমাজ, সুধর্ম্মা।
দেবসভ্য, ক্রীড়াসভাস্থ, সভিক। [দত্ত।
দেবসাৎ, দেবাধীন, দেবায়ত্ত, দেবের প্রতি
দেবসাযুজ্য, দেবত্ব, দেবভূয়।
দেবসৃষ্টা, মদ্য, সুরা।
দেবসেনা, ইন্দ্রকন্যা; দেবতাদের সৈন্য।
দেবসেনাপতি, কার্ত্তিকেয়, কুমার।
দেবসেবা, দেবতার সেবা, ঈশ্বরারাধনা।
দেবস্থল, দেবস্থান, দেবালয়।
দেবস্থলী, দেবালয়, দেবমন্দির। [ত ধন।
দেবস্ব, দেবতার দ্রব্য, দেবপূজার্থ সংস্থাপি-
দেবহিংসক, অসুর, দৈত্য, সুরারি।
দেবাজীব, (দেব-আজীব) পূজাজীবী, দেবল
ব্রাহ্মণ, পূজারি ব্রাহ্মণ। [বৃক্ষ।
দেবাত্মা, (দেব-আত্মন) দেব স্বরূপ; অশ্বত্থ

দেবাবাস, (দেব-আবাস) দেবগৃহ; অশ্বত্থ-
বৃক্ষ। [গৃহ।
দেবায়তন, (দেব-আয়তন) দেবালয়; দেব-
দেবায়ুধ, শক্রধনু; ইন্দ্রধনু; দেবাস্ত্র।
দেবারাধক, (দেব-আরাধক) দেবপূজক,
ঈশ্বরোপাসক। [র; স্বর্গ।
দেবালয়, (দেব-আলয়) দেবগৃহ, মঠ, মন্দি
দেবালা, রাগিণী বিশেষ।
দেবাশ্ব, (দেব-অশ্ব) ইন্দ্রঘোটক, উচ্চৈঃশ্রবা
দেবিকা, নদীবিশেষ।
দেবিল, ধার্ম্মিক, ধর্ম্মপরায়ণ।
দেবী, (দেব) দুর্গা; দেবজাতীয়া স্ত্রী; দেব
শক্তি, রাজার অভিষিক্তা স্ত্রী; ব্রাহ্মণী।
দেবেজ্য, বৃহস্পতি, সুরাচার্য্য।
দেবেষ্ট, (দেব-ইষ্ট) দেববাঞ্ছিত; গুগ্‌গুলু।
দেবোদ্যান, (দেব-উদ্যান) দেবোপবন, দেব
তার বন। [প্রতিমাপূজা।
দেবোপাসনা, দেবারাধনা, ঈশ্বরোপাসনা,
দেয়, (দা) দানযোগ্য, পরিশোধ্য।
দেয়াল, (যাং) প্রাচীর।
দেরী, (যাং) বিলম্ব, গৌণ।
দেরুকা, (দারু) কাষ্ঠ নির্ম্মিত দীপাধার।
দেলুকা, (দেরুকা) দীপাধার, দীপবৃক্ষ, পি-
লশুজ, দীপদান। [বিশেষ; স্থল।
দেশ, (দিশ) পৃথিবীর খণ্ড; চাকলা; স্থান-
দেশক, শাসনকর্ত্তা, শাস্তা।
দেশকা, (দেশ-কৈ) রাগিণীবিশেষ
দেশকারী, রাগিণী বিশেষ। [বিস্তৃত।
দেশময়, (দেশ) দেশাবচ্ছিন্ন, ব্যাপ্ত, সর্ব্বত্র-
দেশরূপ, উচিত, ন্যায্য; যোগ্য।
দেশাচার, (দেশ-আচার) দেশের আচার
ব্যবহার।
দেশাধিপ, অধিরাজ, দেশাধিপতি; রাজা।
দেশান্ত, (দেশ-অন্ত) দেশের সীমা।
দেশান্তর, (দেশ-অন্তর) বিদেশ, সুমেরু ও
লঙ্কার মধ্যবর্ত্তি খণ্ড
দেশিক, পান্থ, পথিক; গুরু, আচার্য্য।
দেশিনী, তর্জ্জনী অঙ্গুলী।
দেশী, রাগিণী বিশেষ।
দেশীয়, (দেশ) দেশজাত; দেশ সম্বন্ধীয়।
দেশ্য, (দেশ) পূর্ব্বপক্ষ; দেশের উপযুক্ত।
দেষ্টু, দাতা; রজকজাতি, ধোবা।
দেহ, (দিহ) শরীর, তনু, কায়।
দেহকোষ, পক্ষ, পাখা।

দেহজ, (দেহ-জন) দেহজাত, দেহোৎপন্ন।
দেহদ, পারদ, পারা।
দেহধারক, অস্থি, হাড়।
দেহধি, পক্ষ, পাখা ডানা।
দেহধৃক বা', বাত, বাতাস; আত্মা।
দেহপাত, মরণ, শরীর পতন।
দেহভৃৎ, জীব; প্রাণ; আত্মা।
দেহযাত্রা, শরীর ধারণ; ভোজন; সংসার নির্ব্বাহ; যমপুরী গমন, মরণ।
দেহলা, মদ্য, সুরা, মদ।
দেহলী, গৃহাবগ্রহণী, দ্বারাগ্র স্থান, হ্যতিনা
দেহসার, মজ্জা, মস্তিষ্ক।
দেহহীন, দেহরহিত, অশরীর।
দেহক্ষয়, রোগ, পীড়া; দেহনাশ।
দেহাত্মবাদী, (দেহ-আত্মান-বাদিন) চার্ব্বাক, নাস্তিকবিশেষ, যাহারা দেহকে আত্মা বলে
দেহিকা, (দেহ) কীটবিশেষ।
দেহী, (দেহ) শরীরী, শরীরযুক্ত, জীব।
দেহোদ্ভূত,(দেহ-উদ্ভূত)শরীরজ, দেহজাত
দৈ, দধি, দুগ্ধ বিকার বিশেষ।
দৈতেয়, দৈত্য, অসুর; দানব।
দৈত্য, (দিতি) অসুর, দানব, দিতিসুত
দৈত্যগুরু, শুক্রাচার্য্য, ভার্গব।
দৈত্যদেব, বরুণ; বায়ু।
দৈত্যনিসূদন, বিষ্ণু, নারায়ণ।
দৈত্যপুরোধা, শুক্রাচার্য্য।
দৈত্যমাতা, দিতি, কশ্যপস্ত্রী। [ণী, মহী
দৈত্যমেদজ, ভূমিজ গুগগুলু; পৃথিবী, ধর-
দৈত্যা, (দৈত্য) মদ্য; দৈত্যভার্য্যা।
দৈত্যারি, (দৈত্য-অরি) বিষ্ণু; দেবতা।
দৈন, (দীন) দীনতা, দারিদ্র্য, দুঃখ।
দৈনন্দিন,(দিন) প্রত্যাহিক, প্রতিবাসরীয়; যাহা প্রতিদিন হয়। [বস্তু
দৈনার, (দীনার) দীনারপরিমিত; স্বর্ণ জা-
দৈনিক, (দিন) প্রাত্যহিক, দিনভব।
দৈনিকী, দিনভৃতি, একদিনের বেতন।
দৈন্য, (দীন) দরিদ্রতা, দীনতা, কার্পণ্য, কৃপণতা; ম্লানভাব, কাতর্য্য।
দৈন্যান্বিত, দুঃখ; নিঃস্ব; কৃপণ।
দৈন্যাবস্থা, (দৈন্য-অবস্থা) দুঃখাবস্থা।
দৈব, (দেব) অদৃষ্ট, বিধাতা; ঐশ্বরিক; দেবাধীন।
দৈবকর্ম্ম, যজ্ঞাদি দেবোদ্দেশ্য কর্ম্ম।
দৈবকী, (দেব) শ্রীকৃষ্ণমাতা, বসুদেবপত্নী
দৈবকীনন্দন, শ্রীকৃষ্ণ, বাসুদেব।
দৈবকাবিদ, দৈবজ্ঞ, দৈবপণ্ডিত। [বিপ্র।
দৈবজ্ঞ, (দৈব-জ্ঞা) গণক, লগ্নাচার্য্য; গ্রহ-
দৈবত, দেবতা; দেবসমূহ; দেবসম্বন্ধীয়।
দৈবপর, দৈবনিষ্ঠ; বভরিষ্যা।
দৈবপ্রশ্ন, প্রাক্তন, অদৃষ্ট; শুভাশুভ কর্ম্ম জিজ্ঞাসা। [স্কৃত বাক্য।
দৈববাণী, আকাশবাণী, অমানুষী কথা; সং-
দৈবযোগ, দৈবাৎ, হঠাৎ, অকস্মাৎ।
দৈবযোগে, (দৈবযোগ) দৈবাৎ, অকস্মাৎ।
দৈবলেখক, গণক, দৈবজ্ঞ।
দৈবাকার, শনি, যম; যমুনা।
দৈবাৎ, (দৈব) হঠাৎ, অকস্মাৎ, দৈবাধীন।
দৈবাধীন, (দৈব-অধীন) দৈবায়ত্ত, ঈশ্বরাধীন হঠাৎকার। [হঠাৎ, মরণ।
দৈবাস্মৃত্যু, (দৈবাৎ-মৃত্যু) অকস্মাৎ মৃত্যু
দৈবায়ত্ত, (দৈব-আয়ত্ত) দৈবাধীন, অকস্মাৎ, হঠাৎ, ঈশ্বরাধীন।
দৈবাহোরাত্র, দেবতাদের পূর্ণদিবস মনুষ্যপরিমাণে সংবৎসর।
দৈবিক, (দৈব) দেবসম্বন্ধী; দৈবাৎ উৎপন্ন সম্বন্ধিনী, দেবহইতে উপস্থিত। [উপদ্রব।
দৈবোৎপাত, (দৈব-উৎপাত) দৈববশতঃ
দৈব্য, দৈব, ভাগ্য, অদৃষ্ট
দৈর্ঘ্য, (দীর্ঘ) দ্রাঘিমা, লম্বাই।
দৈশিক, সম্বন্ধবিশেষ; আচার্য্য।
দৈষ্টিক, ভাগ্যাধীন জাত; কালজাত।
দৈহিক, (দেহ) দেহসম্বন্ধীয়, কায়িক।
দোঃশিখর, স্কন্ধ, কাঁধ। [রাজা
দোঃসহস্রভৃৎ, কার্ত্তবীর্য্যার্জ্জুন রাজা; বাণ-
দোআত, (যাং) মস্যাধার।
দোঁহা, (দ্বি) পদ্যবিশেষ
দোকৃতা, (দ্বি-কৃত) তাম্রকূটপত্র।
দোকর,(দুই-কৃ) পুনঃকৃত, দ্বিবার, পুনর্ব্বার
দোকান, (যাং) পণ্যশালা, পণ্যালয়।
দোখা, (দ্বি-খন) গলসী গোবজন রজ্জু।
দোগ্ধা, অর্থোপজীবী কবি; বৎস; গোপাল; গোদোহনকর্ত্তা।
দোগ্ধ্রী, (দুহ) দুগ্ধবতী গাভী, ধেনু। [র্ষণ।
দোটানা, (দ্বি-টানা) দুইদিগে মনের আক-
দোঠকা, (দ্বি-ঠগ) শঠ, খল; পরস্পর ভেদক
দোতত্ত্ব, (দ্বি-তত্ত্ব) উভয়ের মধ্যে মনঃ সংযোগ। [দোপেঁচ চাবি।
দোতলা, (দ্বি-তল) ইষ্টকময় গৃহবিশেষ;

দোদুল্যমান, (দোল) অতিশয় দোলন বিশিষ্ট; ঝোলা, দোলা; ঝুলানিয়া।
দোধ, গোবৎস, বাছুর।
দোধক, ছন্দোবিশেষ।
দোধূয়মান, অতিশয় কম্পনবিশিষ্ট। [কন্যা।
দোপড়া, (দ্বি-পড়া) দ্বিরূঢ়া, দ্বিবিবাহিতা
দোপাটী, (দ্বি-পাটী) পুষ্পবিশেষ।
দোফলা, (দ্বি-ফল) যে বৃক্ষে বৎসরে দুইবার ফল জন্মে।
দোমালা, অর্দ্ধপক্ব নারিকেল।
দোরক, বীণাতন্ত্রী, বন্ধনরজ্জু।
দোর্গড, কুণ্ঠিতহস্ত, বক্রহস্ত; বাঁকাহাত।
দোর্গ্রহ, বলবান, শক্তিমান।
দোর্দণ্ড, বাহুরূপ দণ্ড।
দোর্মধ্য, বাহুমধ্যভাগ, বাজু।
দোর্মূল, কক্ষদেশ, বগল।
দোল, (দুল) দোলন, শ্রীকৃষ্ণের যাত্রাবিশেষ, পর্ব্বাহ বিশেষ।
দোলন, (দোল) ঝুলন, হেলন।
দোলনা, ঝোলনা, দোলা, হিন্দোল।
দোলনী, ঝোলনা, দোলা।
দোলনাল, ঝোলানি, দোলানি। [শেষ।
দোলযাত্রা, ফল্গুৎসব, শ্রীকৃষ্ণের যাত্রা বি-
দোলা, (দুল) ঝোলা; হিন্দোলক; ডুলী, শিবিকা বিশেষ।
দোলান, (দোল) ঝোলান, নড়ান।
দোলাবাহক ডুলিয়া জাতি, শিবিকাবাহী যাহারা ডুলি বহে। [নড়ানিয়া, দোদুল্যমান
দোলয়মান, (দুল) আন্দোলিত, ঝুলনিয়া,
দোলিকা, হিন্দোলা, হেঁদলা। [শেষ।
দোলিয়া, (দোলা) দোলাবাহক; জাতিবি-
দোলী, দোলা, ডুলী, শিবিকা।
দোষ, (দুষ) দুষণ; ত্রুটি; কলঙ্ক; ভ্রম, পাপ; অপরাধ; নিন্দা; অনিষ্ট।
দোষক, গোবৎস, বাছুর।
দোষকর, (দোষ-কৃ) দূষণাবহ, অনিষ্টকর, নিন্দাকর। [ভ্রমাপনয়ন
দোষখণ্ডন, অপরাধমার্জ্জন; কলঙ্কভঞ্জন;
দোষগায়ক, (দোষ-গৈ) নিন্দক, পরকুৎসাকথক। [ক, নিন্দক; খল।
দোষগ্রাহক, দোষগ্রহণকর্ত্তা; অপবাদকার-
দোষগ্রাহী, নিন্দক; দোষ গ্রহণকর্ত্তা।
দোষজ্ঞ, (দোষ-জ্ঞা) পণ্ডিত; চিকিৎসক; দোষ বেত্তা।

দোষণ, (দোষ) দোষ দেওন; নিন্দন।
দোষত্রয়, বাত পিত্ত কফ।
দোষদ, (দোষ-দা) দোষদায়ক, দোষদায়ী
দোষনাশ, পাপমোচন, অপবাদহরণ।
দোষস্থান, দোষক্ষেত্র; নিন্দাস্পদ, কুৎসাস্থান। [দোষশালী।
দোষক্ষেত্র, অধিক অপবাদের স্থান; বহু-
দোষা, রাত্রি; নিশামুখ, প্রদোষ।
দোষাকর, (দোষ-আকর) চন্দ্র; দোষস্থান।
দোষাতন, রাত্রিভব, নিশাজাত।
দোষাতিলক, প্রদীপ, দীপ। [মন্দ।
দোষাদোষ, (দোষ-অদোষ) গুণাগুণ, ভাল-
দোষাদোষি, পরস্পর দোষ দেওন।
দোষাস্য, দীপ, প্রদীপ।
দোষিক, রোগ, পীড়া।
দোষী, (দোষিন) অপরাধী; অশুদ্ধ; পাপী
দোষৈকদৃক, (দোষ-এক-দৃক) দোষমাত্রদর্শী, যে গুণত্যাগ করিয়া কেবল দোষ দেখে।
দোসর, (দুই) দ্বিতীয়; সঙ্গী, সহকারী।
দোসরা, (দ্বিতীয়) অন্য; ভিন্ন।
দোস্ত, ক্রীড়া; সেবক।
দোহ, (দুহ) দোহন পাত্র, দুধের কেঁড়ে।
দোহজ, দোহনে উৎপন্ন দুগ্ধ, পয়ঃ, ক্ষীর
দোহড়িকা, ছন্দোবিশেষ, দোহা।
দোহদ, (দোহ-দা) ইচ্ছা, স্পৃহা; গর্ভ; গর্ভিণীর অভিলাষ, সাধ।
দোহদবতী, অন্নপানাদি দ্রব্যবিশেষে অভিলাষবতী; গর্ভবতী।
দোহদলক্ষণ, বয়ঃসন্ধি; গর্ভচিহ্ন।
দোহন, (দুহ) দুগ্ধনিঃসারণ; আকর্ষণ।
দোহল, ইচ্ছা, বাঞ্ছা, স্পৃহা।
দোহলী, বৃক্ষবিশেষ, অশোক বৃক্ষ।
দোহা (দ্বি) শ্লোক, পদ্যবিশেষ।
দোহাই, (দো-হাই) বিচার প্রার্থনাকরণ শপথ, দিব্য।
দোহাপময়, দুগ্ধ, ক্ষীর, পয়ঃ।
দোহার, (দুই) সহায়; উত্তরসাধক
দোহারা, (দুই) দ্বিগুণ; দ্বিতীয়বার স্থূলকায়, পুষ্টাঙ্গ।
দোহীয়ান্, অতিশয় দোহক।
দৌঃসাধিক, দ্বারস্থিত, দ্বারপাল।
দৌড়, (দ্রু) অতি বেগে গমন, দ্রুত চলন, ধাবন; চেষ্টা।

দৌড়ন, (দৌড়) ধাবন, বেগে চলন
দৌড়ান, বেগেচলান, ছুটান, চালান।
দৌত্য, (দূত) দূতের কর্ম্ম ; বার্ত্তাবহতা।
দৌবারিক, (দ্বার) দ্বাররক্ষক, দ্বারপাল।
দৌরাত্ম্য, (দুরাত্মা) উৎপাত ; দুষ্টতা ; অনিষ্টকরণ। [দুষ্টতা, বিটলামী।
দৌর্জ্জন্য, (দুর্জ্জন) দুরাচারতা, দুর্জ্জনতা,
দৌর্ব্বল্য, (দুর্ব্বল) ক্ষীণতা, দুর্ব্বলতা।
দৌর্ভাগিনেয়, (দুর্ভগ) দুর্ভগা পুত্র ; দুঃখিনীর সন্তান।
দৌর্ভাগ্য, (দুর্ভগ) মন্দভাগ্য, দুরদৃষ্ট।
দৌর্ম্মনস্য, চিন্তাকুলতা, ব্যাকুলচিত্ততা ; মানসিক উদ্বেগ।
দৌর্হৃদ, ইচ্ছা, বাঞ্ছা, স্পৃহা ; শত্রুতা।
দৌলেয়, কচ্ছপ, কূর্ম্ম, কাছিম।
দৌষ্কুলেয়, (দুষ্কুল) দুষ্কুলোদ্ভব, কুবংশে উৎপন্ন, নিন্দিত বংশ জাত।
দৌষ্মন্তি, (দুষ্মন্ত) রাজাবিশেষ, দুষ্মন্ত রাজপুত্র, ভরতরাজ।
দৌহিত্র, (দুহিতৃ) দুহিতার পুত্র, কন্যাসন্তান, নপ্তা, নাতি। [পুত্রী, নাত্নী
দৌহিত্রী, (দুহিতৃ) কন্যার কন্যা, দুহিতার-
দ্যুগ, পক্ষী, বিহঙ্গ।
দ্যুত, (দিব) পার্ষ্ণি, পাশক।
দ্যুতক্রীড়া, পাশাখেলা।
দ্যুতি, (দ্যুৎ) দীপ্তি, শোভা, কিরণ, তেজঃ
দ্যুতিকর, দীপ্তিকারক, শোভাকর।
দ্যুতিত, দীপ্তিবিশিষ্ট, শোভান্বিত।
দ্যুৎ, কিরণ, রশ্মি, দীপ্তি, প্রভা।
দ্যুনিবাস, দেবতা ; স্বর্গবাসী।
দ্যুনিশ, অহোরাত্র, দিবারাত্র, নিশিদিন।
দ্যুপতি, সূর্য্য ; ইন্দ্র।
দ্যুনা, সূর্য্য ; স্বর্গ।
দ্যুমণি, সূর্য্য, অর্কবৃক্ষ, আকন্দগাছ।
দ্যুম্ন, ধন ; বল।
দ্যুষৎ, স্বর্গস্থ, দেবতা ; গ্রহ।
দ্যূত, (দ্যুৎ) পার্ষ্ণি, পাশক ; পাশাখেলা।
দ্যূতকর, (দ্যুৎ-কৃ) দ্যূতকর্ত্তা, জুয়ারী।
দ্যূতকৃৎ, অক্ষক্রীড়ক, পাশাখেলক।
দ্যূতক্রীড়া, পাশাখেলা ; জুয়াখেলা।
দ্যূতপূর্ণিমা, কোজাগর পূর্ণিমা।
দ্যূতপ্রতিপৎ, কার্ত্তিকশুক্ল প্রতিপৎ।
দ্যূতবীজ, কপর্দ্দক, কড়ি, কৌড়ি ; দ্যূতক্রীড়ার কারণ।

দ্যো, স্বর্গ, সুরলোক ; আকাশ।
দ্যোত, (দ্যুৎ) দীপ্তি ; রৌদ্র ; প্রকাশ।
দ্যোতন, দর্শন ; প্রকাশন ; প্রদীপ।
দ্যোতিত, দীপ্ত ; প্রকটিত, প্রকাশিত ; ব্যক্তীকৃত।
দ্যোভূমি, পক্ষী ; স্বর্গ ও পৃথিবী।
দ্যোষৎ, দেবতা, অমর।
দ্রগড়, বাদ্যবিশেষ, দ্রগড় বাদ্য।
দ্রঙ্গ, পুরী, ভবন, আলয়।
দ্রঢ়িমা, (দৃঢ়) দৃঢ়তা, কঠিনতা, দার্ঢ্য।
দ্রপ্স্য, অঘন দধি ; বয়া দই।
দ্রব, (দ্রু) স্নেহদ্রব্য, তরল ; গলন ; রস ; পরিহাস ; পলায়ন ; গতি। [ক্ষীরাদি।
দ্রবজ, (দ্রব-জন) দ্রব দ্রব্য জাত বস্তু, গুড়
দ্রবত্ব, দ্রবীভাব, গলিয়া যাওন।
দ্রবণ, ক্ষরণ, গলন ; অনুতাপ।
দ্রবন্তী, নদী, সরিৎ ; লতাবিশেষ।
দ্রবভাব, তরলভাব, গলিত।
দ্রবরসা, লাক্ষা, লা। [যোগ্য।
দ্রবার্হ, (দ্রব-অর্হ) দ্রবণীয় গলনীয়, দ্রবণ-
দ্রবিড়ী রাগিণী বিশেষ।
দ্রবিণ, ধন ; কাঞ্চন ; বল।
দ্রবিণোদা, অগ্নি, বহ্নি।
দ্রবীকরণ, কঠিন দ্রব্য তরল করণ, গলান
দ্রবীভূত, (দ্রব-ভূত) গলিত ; মিশ্রিত।
দ্রব্য, (দ্রু) সামগ্রী, বস্তু, পদার্থ।
দ্রাক্, দ্রুত, শীঘ্র, ঝটিতি।
দ্রাঘিমা, (দীর্ঘ) দীর্ঘত্ব, দৈর্ঘ, লম্বাই।
দ্রাঘিষ্ঠ, অতিদীর্ঘ, অতিশয় লম্বা।
দ্রাণ, সুপ্ত, নিদ্রিত, পলায়িত।
দ্রাপ, পঙ্ক, পাঁক ; অকাশ ; মূর্খ।
দ্রাব, (দ্রু) গমন ; স্রবণ ; ক্ষরণ, গলন।
দ্রাবক, (দ্রু) দ্রবকারক, লগানিয়া ; ঔষধবিশেষ।
দ্রাবণ, দ্রবকরণ, গলান ; কতকফল, নির্ম্মলী
দ্রাবিড়, বিন্ধ্য পর্ব্বতের দক্ষিণ দিকস্থ দেশবিশেষ। [ঘষ্ঠী গাছ।
দ্রাবিড়ক, বিটলবণ ; বেধমুখ্য বৃক্ষ, ঙিঁয়াচ
নিত্যক্রিয়া, প্রতিদিনের কর্ত্তব্য কর্ম্ম ; প্রা-
ত্যহিক ব্যাপার।
নিত্যগতি, বায়ু, অনিল, বাতাস।
নিত্যতা, (নিত্য) চিরকালীনত্ব, নিত্যত্ব।
নিত্যদা, (নিত্য) সর্ব্বদা, সদা, প্রত্যহ।
নিত্যদান, প্রতিদিন কর্ত্তব্য দান।
নিত্যযৌবনা, স্থিরযৌবনা, চির যৌবনা ;
দ্রৌপদী ; কুন্তী।
নিত্যশঃ,(নিত্য) অনবরত ; সর্ব্বদা, প্রত্যহ
নিত্যা, পার্ব্বতী ; মনসাদেবী ; শক্তিবিশেষ
নিত্যানন্দ, (নিত্য-আনন্দ) যাহার সর্ব্বদা
আনন্দ বর্ত্তমান ; গোস্বামি বংশের আদি
পুরুষ। [ধীর।
নিথর, (নি-থর) নিঃশব্দ ; নিঃস্পন্দ ; স্থির,
নিদ, বিষ ; নিদ্রা।
নিদজ, মনুষ্য, মনুজ, মানব। [কঠিন।
নিদয়, (নি-দয়া) নির্দয়, নিষ্ঠুর, অকরুণ,
নিদর্শন, দৃষ্টান্ত, উদাহরণ ; চিহ্ন [জ্ঞানচিহ্ন
নিদর্শনী, (নি-দর্শনিন) প্রকাশক ; পরি-
নিদাঘ, (নি-দহ) গ্রীষ্মকাল ; উষ্ণ ; ঘর্ম্ম।
নিদাঘকর, (নিদাঘ-কৃ) সূর্য্য, দিবাকর ;
গ্রীষ্মকারক।
নিদান, (নি-দা) মূল কারণ, আদি কারণ ;
রোগের মূলানুসন্ধান ; বৈদ্যক গ্রন্থ বি-
শেষ ; অন্ত, অবসান।

নিদানীভূত, (নিদান-ভূত) কারণীভূত, মূলীভূত। [নির্দ্দয়।

নিদারুণ, কঠিন; অসহ্য; দুঃসহ; ভয়ানক;

নিদালী, (নিদ্রা) নিদ্রাকর্ষক মন্ত্র বিশেষ।

নিদিগ্ধ, (নি-দিহ) বিলেপিত, লেপা মোচা

নিদিগ্ধা, সুগন্ধি মসলাবিশেষ, এলাইচ।

নিদিধ্যাসন, (নি-ধৈ) পুনঃ২ স্মরণ; পরমার্থ চিন্তা বিশেষ। [নিযোজিত

নিদিষ্ট, (নি-দিশ) আজ্ঞাপিত; কথিত;

নিদেশ, (নি-দিশ) আজ্ঞা, আদেশ, অনুমতি, নিয়োগ; কথা।

নিদেশকারক, নিদেশকারী, আদেশকারক, নিয়োগকারক, অনুমতিদারক।

নিদেশিনী, দিক্, দিশা। [কর্ত্তা।

নিদেষ্টা, (নি-দিশ) আজ্ঞাকারক, আদেশ-

নিদ্রা, (নি-দ্রা) মেধ্যা নাড়ীতে মনঃ সংযোগ, স্বপন, সম্বেশ, ঘুম।

নিদ্রাকর্ষণ, (নিদ্রা-আকর্ষণ) নিদ্রাগম, নিদ্রার আবির্ভাব, ঝিমনি, ঢুলন। [গৃহ।

নিদ্রাগার, (নিদ্রা-আগার) শয়নাগার, শয়ন

নিদ্রাটিয়া, নিদ্রালু; ঘুমানিয়া, নিদ্রাশীল।

নিদ্রাণ, (নি-দ্রা) নিদ্রান্বিত, শয়িত। [যুক্ত।

নিদ্রান্বিত, (নিদ্রা-অন্বিত) নিদ্রাকৃষ্ট, তন্দ্রা-

নিদ্রাবৃক্ষ, অন্ধকার, তিমির, তমঃ।

নিদ্রাবেশ, নিদ্রার উপক্রম, নিদ্রারম্ভ।

নিদ্রাভঙ্গ, প্রবোধন, জাগরণ, নিদ্রা ত্যাগ ঘুম ভাঙ্গন।

নিদ্রালু, (নিদ্রা) নিদ্রাশীল, নিদ্রাযুক্ত;

নিদ্রাসংজনন, শ্লেষ্মা, কফ; নিদ্রা কারক

নিদ্রিত, (নিদ্রা) নিদ্রান্বিত, শয়িত, সুপ্ত।

নিদ্রোত্থিত, (নিদ্রা-উত্থিত) নিদ্রাহইতে উত্থিত, ঘুমে থেকে উঠা। [শন, অন্তর্ধান।

নিধন, (নি-ধন) মরণ, ধ্বংস; নাশ; অদ-

নিধান, (নি-ধা) নিধি; স্থাপন; আধার, পাত্র

নিধার, (নি-ধার) অখণী; প্রাখর্য্য রহিত, নিস্তেজঃ, অতীক্ষ্ণ, ভোতা

নিধি, (নি-ধা) মণি; অস্বামিক ধন; ভাণ্ডার; আধার; সমুদ্র।

নিধিনাথ, কুবের, ধনাধিপ। [বিনাশক

নিধু, (নি-ধু) অপকারী, নাশক, ধ্বংশক

নিধুত, (নিধু) বিনষ্ট, উৎসন্ন, ছিন্নভিন্ন।

নিধুবন, (নি-ধু) মৈথুন, স্ত্রীসংসর্গ; ক্রীড়া

নিধ্যান, দর্শন, অবলোকন, দেখন।

নিধ্বান, শব্দ, ধ্বনি, রব।

নিন, (নিম) ক্যাঁটাজি, অস্ত্রবিশেষ।

নিনদ, (নি-নদ) শব্দ, রব, ধ্বনি।

নিনাদ, (নি-নদ) শব্দ, রব; গর্জ্জন। [ন্দাকারী

নিন্দক, (নিন্দ) পরদোষানুসন্ধানকর্ত্তা, নি-

নিন্দতল, নিন্দিত হস্ত, কুৎসিত হস্ত।

নিন্দন, জুগুপ্সাকরণ, কুৎসন; দোষানুসন্ধান; গর্হাকরণ

নিন্দা, (নিন্দ) কুৎসা, গর্হা; অপবাদ; দুর্নাম

নিন্দিত, (নিন্দ) অবজ্ঞিত, জুগুপ্সিত; গর্হিত, কুৎসিত; অধম; অসুচিত।

নিন্দু, মৃতবৎসা, মন্তাঙ্গে।

নিন্দুক, (নিন্দ) নিন্দক, নিন্দাকারী, পর দোষানুসন্ধানকারী।

নিন্দ্য, (নিন্দ) নিন্দনীয়, হেয়, তুচ্ছনীয়।

নিপ, কলস; কদম্ব বৃক্ষ। [কেবল; যথার্থ।

নিপট, (নি-পট) সম্যক্ প্রকার; বস্তুতঃ,

নিপঠ, পাঠ, পড়া, অধ্যয়ন।

নিপতন, (নি-পৎ) অধঃপতন; মরণ; নষ্ট হওন, নিহত হওন।

নিপত্যা, (নি-পৎ) যুদ্ধভুমি, রণক্ষেত্র।

নিপাঠ, (নি-পঠ) পঠন, অধ্যয়ন, পড়ন।

নিপাত, (নি-পৎ) নাশ, নিধন, অধঃ পতন

নিপাতন, (নি-পৎ) অধোনয়ন; ব্যাকরণ মতে বিনা সূত্রে পদ সিদ্ধকরণ; ধ্বংসকরণ

নিপাতিত, অধঃক্ষিপ্ত; বিনাশিত।

নিপান, (নি-পা) কূপ পুষ্করিণী ইত্যাদির নিকটে গবাদির জলপানার্থ বিরচিত জলাধার। [যোগ্য, প্রবীণ, পারগ।

নিপুণ, (নি-পুণ) কার্য্যক্ষম, অভিজ্ঞ, পটু,

নিপুণতা, (নিপুণ) কার্য্যদক্ষতা; অভিজ্ঞতা, যোগ্যতা।

নিপুণত্ব, নৈপুণ্য, পারগতা, ক্ষমতা।

নিবড়, (নির-বহ) সম্পূর্ণ, সমাপ্ত।

নিবড়ন, (নিবড়) সমাপ্তকরণ, সংপূর্ণকরণ।

নিবাড়ন, সমাপন, নিষ্পাদন, শেষকরণ।

নিবদ্ধ, (নি-বন্ধ) প্রণীত, রচিত; স্থিরকৃত, নিয়মিত।

নিবন, নির্ব্বাপণ, নির্ব্বাণকরণ, অপনয়ন।

নিবন্ধ, গ্রন্থসন্দর্ভ; স্থিরবৃত্তি; রোগবিশেষ; নিশ্চয়।

নিবন্ধন, (নি-বন্ধ) হেতু, কারণ, নিমিত্ত; বীণাপ্রভৃতির উর্দ্ধভাগ; বন্ধন; রচনাকরণ। [গ্রন্থকার।

নিবন্ধা, (নিবন্ধ) রচনা কর্ত্তা, সংগ্রহকারক,

নিবদ্ধিত, বদ্ধ, সংগৃহীত।
নিবপন, মৃত পিত্রাদির উদ্দেশে দান, শ্রাদ্ধ
নিবরা, কুমারী ; অবিবাহিতা।
নিবর্ত্ত, (নি-বৃৎ) বিরত ; ক্ষান্ত ; নিষেধ, বারণ। [কোন ; দমন ; অবসর খণ্ডন।
নিবর্ত্তন, নি-বৃৎ) বিরাম ; ক্ষান্তকরণ ; ফাট
নিবর্হণ, মারণ, হনন, বধকরণ।
নিবসতি, (নি-বস্) গৃহ ; বসতি স্থান।
নিবসথ, (নি-বস) গ্রাম ; বাসস্থান।
নিবসন, (নি-বস) গৃহ ; বাসকরণ ; বস্ত্র।
নিবস্ত্রী, (নি-বস্ত্রিন) বিবস্ত্র, উলঙ্গ।
নিবহ, (নি-বহ) সমূহ, সকল ; সপ্ত বায়ুর অন্তর্গত বায়ুবিশেষ। [পন, সেধকরণ
নিবাড়ন, (নির-বহ) নিষ্পত্তি করণ, সমা-
নিবাত, অবাত, বাতশূন্য আশ্রয় ; বিনাস ; শস্ত্রদ্বারা অভেদ্য বর্ম্ম।
নিবাতকবচ, দৈত্য বিশেষ ; হিরণ্য কশিপুর পৌত্র। [মিটান।
নিবান, (নিবা) নির্ব্বাণ ; তেজো হ্রাসকরণ,
নিবানিয়া, নির্ব্বাণকারক, নাশক
নিবাপ, (নি-বপ) মৃতপিত্রাদির উদ্দেশে দান, শ্রাদ্ধ, পিণ্ডদান। [কারক।
নিবারক, (নি-বৃ) নিবারণকারী, নিষেধ-
নিবারণ, (নি-বৃ) নিষেধ, বারণ, মানা।
নিবারণীয়, (নি-বৃ) নিবারণের যোগ্য, নিষেধ্য। [টকান মানা করা, বারণ করা।
নিবারিত, (নি-বৃ) নিষিদ্ধ কৃতনিবারণ, আ-
নিবার্য্য, (নি-বৃ) নিষেধ করিবার যোগ্য, নিবারণীয়
নিবাস, (নি-বস) গৃহ ; বসতিস্থান।
নিবাসী, (নি-বস) নিবাস বিশিষ্ট, বসতিকারী, বাসিন্দা। [ল ; দুর্গম্য।
নিবিড়, (নি-বিড়) নিরবকাশ, ঘন, অবির-
নিবিরীস, ঘন, নি[illegible], নিরবকাশ।
নিবিষ্ট, (নি-বিশ) [illegible]বিষ্ট, প্রবিষ্ট, সংলগ্ন, মনঃ সংযোগ[illegible] নিযুক্ত প্রবৃত্ত।
নিবীত, (নি-[illegible]) [illegible]নী, প্রাবার, আচ্ছাদন-বস্ত্র ; কণ্ঠ[illegible]াদি।
নিবীতী, (নিবী[illegible]) [illegible]হার কণ্ঠে বস্ত্র বা উপবীত লম্বিত আছে।
নিবৃত, আচ্ছাদ[illegible], উত্তাল ; পরিবেষ্টিত, বেষ্টিত। [ক্ষান্ত।
নিবৃত্ত, (নি-বৃৎ) নিবৃত্তি বিশিষ্ট, বিরত
নিবৃত্তকর্ম্মা, কর্ম্ম বা কার্য্য হইতে নিবৃত্ত
নিবৃত্তাত্মা, (নিবৃত্ত-আত্মন) বিরতস্বভাব ; বিষ্ণু, নারায়ণ।
নিবৃত্তি, (নি-বৃৎ) উপরম, বিরতি, ক্ষান্তি, অপ্রবৃত্তি।
নিবেদন, (নি-বিদ) আবেদন, বিজ্ঞাপন ; সমর্পণ, অর্পণ। [রক, বিজ্ঞাপক।
নিবেদনকারক, আবেদনকারী, প্রার্থনাকা-
নিবেদয়িতব্য, (নি-বিদ) আবেদনোপযুক্ত, বিজ্ঞাপনীয় [illegible]কাশযোগ্য।
নিবেদিত, নি-বিদ) কৃতনিবেদন, আবেদিত, জ্ঞাপিত ; সমর্পিত।
নিবেদ্য, (নি-বিদ) নিবেদনার্হ, নিবেদনীয়।
নিবেশ, নি-বিশ) মনোযোগ, অর্পণ ; প্রবেশ ; বিন্যাস ; গৃহ ; বিবাহ।
নিবেশন, (নি-বিশ) গৃহ, নগর ; প্রবেশ।
নিবেশনীয়, (নি-বিশ) প্রবেশার্হ ; যোজনীয়
নিবেশিত, (নি-বিশ) স্থাপিত, বিন্যস্ত, রক্ষিত।
নিভ, (নি-ভা) তুল্য, সদৃশ, সমান।
নিভাঁজ, আমাশ্রিত, অকৃত্রিম, খাঁটী।
নিভালন, দর্শন, অবলোকন, ঈক্ষণ
নিভূত, অতীত, ভূতকাল।
নিভৃত, (নি-ভৃ) নির্জ্জন, বিরল ; গুপ্ত, প্রচ্ছন্ন, লুক্কায়িত ; বিনীত।
নিম, (নিম্ব) বৃক্ষ বিশেষ, নিম্ব।
নিমক (যাং) লবণ, লোণ।
নিমকহারাম, (যাং) অবিশ্বস্ত, বিশ্বাসঘাতক ; প্রভুভক্তিবিহীন। [মজ্জন।
নিমগ্ন, (নি-মস্জ) জলমধ্যগত, ডুবা, কৃত-
নিমজ্জথু, অবগাহন ; মগ্ন ; শয়ন, স্বপ্ন।
নিমজ্জন, স্নান, অবগাহন, জলমধ্যে প্রবেশ করণ, ডুবন, ডুবা।
নিমন্ত্রণ, (নি-মন্ত্র) আমন্ত্রণ, আহ্বান।
নিমন্ত্রণপত্র, নিমন্ত্রণ করিবার লিপি।
নিময়, (নি-মি) বিনিময়, পরিবর্ত্ত, বদল।
নিমি, ইক্ষ্বাকুরাজপুত্র। [চিহ্ন, লক্ষণ।
নিমিত্ত, (নি-মা) কারণ, হেতু ; প্রয়োজন ;
নিমিত্তক, হেতু, কারণ ; প্রয়োজন, চুম্বন।
নিমিত্তকৃৎ, কাক, বায়স।
নিমিত্তজ্ঞ, কারণজ্ঞাতা, হেতুজ্ঞ ; দৈবজ্ঞ
নিমিত্তবিৎ, দৈবজ্ঞ গণক ; গ্রহবিপ্র
নিমিষ, নি-মিষ) নিমেষ চক্ষুর্নিমীলন কাল অতিসূক্ষ্ম কাল, চক্ষুর পলক ; বিষ্ণু।
নিমীলন (নি-মীল) মুদ্রিতকরণ, বুজন, মরণ

নিমীলিকা, ব্যাজ, কাপট্য, ছল ; নিমীলন, মুদ্রিত করণ, মুঁদন। [হীন।
নিমুণ্ডিয়া, (নি-মুণ্ড) অনাথ, অভিভাবক
নিমেষ, (নি-মিষ) চক্ষুর পাতার স্পন্দন কাল, পলক ; অতি সূক্ষ্ম কাল ; মুদ্রিত করণ। [দ্রিত কারক।
নিমেষকৃৎ, বিদ্যুৎ ; চপলা ; বুজানিয়া, মু-
নিমেষরুক, খদ্যোত, জোনাকিপোকা।
নিম্ন, (নি-ম্না) অধঃ, নীচ, [illegible]বাস ; গভীর গম্ভীর।
নিম্নগ, (নিম্ন-গম) অধোগামী, নীচগামী।
নিম্নগা, (নিম্ন-গম) নীচগামিনী, নদী, কুমিনী
নিম্ব, (নিব) পিচুমর্দ্দ, বৃক্ষবিশেষ, নিম
নিম্বক, পিচুমর্দ্দ বৃক্ষ, নিমগাছ।
নিম্বু, জম্বীর, নারাঙ্গী নেবু।
নিম্বুক, বৃক্ষ বিশেষ, কাগজীনেবুর গাছ।
নিয়ত, (নি-য়ম) সংযত, নিয়ম বিশিষ্ট নিত্য ; সর্ব্বদা ; নির্ণীত, নির্দ্দিষ্ট, স্থিরীকৃ ;
নিয়তি, (নি-য়ম) নিয়ম ; দৈব, বিধি ; ভাগ্য, অদৃষ্ট ; বিধাতা।
নিয়তী, দুর্গা, ভগবতী।
নিয়তেন্দ্রিয়, জিতেন্দ্রিয়, ইন্দ্রিয়দমনশীল ; সংযত শরীর প্রশান্তচিত্ত।
নিয়ন্তা, (নি-য়ম) শাস্তা, শাসনকর্ত্তা ; প্রভু, নিয়ামক ; সারথি।
নিয়ন্তৃতা, (নয়ন্তৃ) নিয়ন্তৃত্ব ; নিয়মিত নিরূপিত। [আব ;
নিয়ন্ত্রিত, (নি-যন্ত্র) বদ্ধ ; আটক, বাঁধা,
নিয়ম, (নি-য়ম) ব্রত ; নিশ্চয় ; প্রকার, ধারা, নির্ণয়, নিরূপণ ; স্বীকার, প্রতিজ্ঞা ; কর্ত্তব্য কর্ম্ম, অনুক্রম। [স্থিত।
নিয়মশালী, নিয়মযুক্ত, রীত্যনুযায়ী, ধারা-
নিয়মাতিক্রম, (অতিক্রম) নিয়মলঙ্ঘন।
নিয়মান্বিত, নিয়ম বিশিষ্ট, ধারান্বিত, নিয়মিত। [ধারাবদ্ধ।
নিয়মিত, (নি-য়ম) নিয়মবদ্ধ, নিরূপিত,
নিয়ামক, (নিয়ম) নিয়মকর্ত্তা, নিয়ন্তা ; পোতবাহক, কর্ণধার, নাবিক।
নিযুক্ত, (নি-যুজ) নিয়োগ বিশিষ্ট, নিয়োজিত, আজ্ঞাপ্রাপ্ত, অবধারিত।
নিযুত, সংখ্যা বিশেষ, [illegible]
নিযুদ্ধ, বাহযুদ্ধ ; মল্লযুদ্ধ।
নিযোক্তা, (নি-যুজ) নিয়োগ কর্ত্তা, নিয়োজক, আজ্ঞাদায়ক ; প্রেরক।
নিয়োগ, (নি-যুজ) আজ্ঞা, নিয়োজন, অনুমতি ; অবধারণ। [নিয়োগকারী।
নিয়োগকর্ত্তা, (নিয়োগ-কর্ত্তৃ) নিযুক্ত কর্ত্তা-
নিয়োগী, (নি-যুজ) নিয়োগ বিশিষ্ট, নিযুক্ত, আজ্ঞাপ্রাপ্ত ; ব্যাপৃত।
নিয়োগ্য, প্রভু, কর্ত্তা, নিয়োগকারক।
নিয়োজন, নিযুক্ত করণ ; প্রেরণ ; আদেশন
নিয়োজ্য, (নি-যুজ) প্রেষ্য, কিঙ্কর, দাস।
নিয়োদ্ধা, কুক্কুট ; বাহযুদ্ধকারী, মল্ল।
নিরংশ, (নির-অংশ) অংশ রহিত, ভাগ শূন্য ; অনধিকারী। [বার্য্য ; স্বতন্ত্র।
নিরঙ্কুশ, (নির-অঙ্কুশ) বাধা শূন্য ; অনি-
নিরঞ্জন, (নির-অঞ্জন) নির্ম্মল, নিষ্কলঙ্ক ; তেজোময় ; বিসর্জ্জন, ত্যাগ।
নিরঞ্জনা, পূর্ণিমা তিথি ; নির্ম্মলা।
নিরত, অতিশয় অনুরক্ত, আসক্ত।
নিরন্তর, (নির-অন্তর) নিবিড়, ঘন ; অনবকাশ ; অনবরত, অবিচ্ছেদ, সর্ব্বদা।
নিরন্তরাভ্যাস, (নিরন্তর-অভ্যাস) স্বাধ্যায়, বেদাধ্যয়ন ; সর্ব্বদা অবৃত্তিকরণ।
নিরন্তরাল, (নির-অন্তরাল), অবিচ্ছেদ ; নিরবকাশ ; নিরেট।
নিরন্বয়, (নির-অন্বয়) সন্ততি শূন্য ; অপ্রমাণ ; অর্থহীন ; অসম্বদ্ধ।
নিরপত্য, (নির-অপত্য) নিঃসন্তান, পুত্র কন্যা বিহীন। [হীন।
নিরপত্রপ, (নির-অপত্রপা) নির্লজ্জ, লজ্জা-
নিরপরাধ, (নির-অপরাধ) অপরাধশূন্য, দোষরহিত। [অনুদ্বেগ।
নিরপায়, (নির-অপায়) রক্ষা, নির্ব্বিঘ্ন ;
নিরপায়ী, (নির-অপায়িন্) নিত্য ; নির্ব্বিঘ্ন।
নিরপেক্ষ, (নির-অপেক্ষা) স্বাধীন, অনপেক্ষ
নিরব, নিঃশব্দ ; মৌনী, অবাক।
নিরবগ্রহ, (নির-অবগ্রহ) স্বাধীন, স্বতন্ত্র ; বৃষ্টি প্রতিবন্ধকাভাব।
নিরবচ্ছিন্ন, (নির-অবচ্ছিন্ন) [illegible] তন্মাত্র, অন্যসম্বন্ধহীন।
নিরবদ্য, (নির-অবদ্য) [illegible] অনিন্দ্য ; উৎকৃষ্ট, উত্তম ; নির্দোষ। [illegible]
নিরবধি, (নির-অবধি) [illegible], সর্ব্ব
নিরবয়ব, (নির-অবয়ব) [illegible] আকৃতি রহিত, নিরাকার।
নিরবলম্ব, (নির-অবলম্ব) নিরাশ্রয়, [illegible]হার, সহায়হীন।

নিরবসর, (নির-অবসর) অনবকাশ ; ব্যস্ত, ব্যাপৃত। [য়াল।
নিরবহালিকা, প্রাচীর, ভিত্তি, ভিত, দেও-
নিরয়, (নির-অয়) নরক, দুঃখভোগ স্থান।
নিরর্গল, অবাধ, অপ্রতিবন্ধক, অনর্গল।
নিরর্গলা, নির্লজ্জ, ধৃষ্টতা। [নিরর্থক, বিফল।
নিরর্থক, (নির-অর্থ) ব্যর্থ, অপ্রয়োজন, অ-
নিরশন, (নির-অশন) অনশন, অনাহার
নিরস, রসহীন, রসাভাব, শুষ্ক।
নিরসন, (নির-অস) প্রত্যাখ্যান, নিরাকরণ, খণ্ডন; বধ; নিষ্ঠীবন, থুথু; বিসর্জ্জন।
নিরস্ত, (নির-অস) প্রত্যাখ্যাত, নিরাকৃত; ক্ষান্ত, নিবৃত্ত; ত্যক্ত বাণাদি।
নিরস্তকারী, কাণ্ডনিরাকরক, নিবর্ত্তক।
নিরহ, নিরীহ, শান্ত, অবিবাদী, ধীর।
নিরক্ষদেশ, দেশবিশেষ।
নিরাকরণ, (নির-আ-কৃ) দূরীকরণ, প্রত্যাখ্যান, খণ্ডন; বহিষ্করণ।
নিরাকরিষ্ণু, নিরাকরণশীল, প্রত্যাখ্যাতা, দূরীকর্ত্তা; খণ্ডনকর্ত্তা। [ষ্ট; শান্ত।
নিরাকাঙ্ক্ষ, (নির-আকাঙ্ক্ষা) নিস্পৃহ, সন্তু-
নিরাকার, (নির-আকার) আকার রহিত, অশরীর; পরমেশ্বর, ব্রহ্ম।
নিরাকৃত, (নির-আ-কৃ) প্রত্যাখ্যাত, দূরীকৃত, নিঃসারিত।
নিরাকৃতি, (নির-আকৃতি) অমূর্ত্তি আকৃতি শূন্য; বহিষ্করণ; প্রত্যাখ্যান।
নিরাচার, (নির-আচার) অনাচার, আচার

নিরাময়, রোগরহিত, অগদ, নীরোগ।
নিরামালু, কপিত্থ, কতবেল।
নিরামিষ, (নির-আমিষ) আমিষশূন্য, মাংসরহিত, ব্রতবিশেষ।
নিরালম্ব, অবলম্বন শূন্য, অনাশ্রয়।
নিরালয়, উদাসীন; আলয় রহিত।
নিরালা, (নির-আলি) নিভৃত, নির্জ্জন, বিরল, রহঃ।
নিরাশ, (নির-আশা) আশা শূন্য, হতাশ।
নিরাস, (নির-অস) নিরাকরণ, দূরীকরণ, খণ্ডন। [কারক, খেদানিয়া।
নিরাসক (নির-অস) প্রত্যাখ্যান কর্ত্তা, বহি
নিরাসন, আসন শূন্য, উপবেশন স্থান হীন; খণ্ডন।
নিরাহার, অভোজন, অনশন, ভোজনাভাব
নিরিন্দ্রিয়, ইন্দ্রিয় শূন্য, অন্ধ পঙ্গু প্রভৃতি।
নিরীশ, (নির-ঈশ) লাঙ্গলের ফাল হীন; অনীশ্বর বাদী, নাস্তিক।
নিরী[illegible] ঈশ্বরাভাব বাদী, নাস্তিক।
নিরীহ, (নির-ঈহ) স্থির, শান্ত, ধীর, শিষ্ট।
নিরীক্ষণ, (নির-ঈক্ষ) অবলোকন, দর্শন, [illegible]।
নিরীক্ষিত, দৃষ্ট, অবলোকিত, দেখা।
নিরুক্ত, (নির-উক্ত) বেদাঙ্গ বিশেষ, পদ-[illegible] ব্যাকর[illegible]। [রহিত, অবাক্।
নিরুত্তর, প্রতি[illegible] বাক্যে অসমর্থ, প্রত্যুত্তর
নিরুত্তাপ, উত্তাপ শূন্য, সন্তাপ রহিত; [illegible] উপদ্রব শূন্য; দুঃখ শূন্য।

নির্ভয়। [শূন্য।
নিরাতপা, রাত্রি, নিশা, রজনী; আতপ-
নিরাধার, (নির-আধার) অধার শূন্য; অনাশ্রয়; শূন্যাশ্রিত। [ধার শূন্য।
নিরাধারা, (নির-আধার) অনবরত; অ-
নিরাপত্তি, (নীর-আপত্তি) দোষশূন্য, বা-[illegible] কতা রহিত, প্রতিবন্ধকাভাব।
নিরাপদ, (নির-আপদ) অনাপদ, নির্বিঘ্ন।
নিরাপদীয়, (নিরাপদ) নির্বিঘ্ন, আপদ শূন্য। [পারে না।
নিরাবাধ, (নির-আবাধ) যাহার বাধ হইতে
নিরাবৃত, (নির-আবৃত) অনাবৃত, আবরণ রহিত, খোলা।

শিষ্ট, নিশ্চেষ্ট। [illegible]
নিরুপদ্রব, উৎপাত রহিত, দৌরাত্ম্যহীন
নিরুপাধি, উপাধি হীন, অব্যক্ত, অচ্ছল, অকপট; নির্মল, শুদ্ধ। [অনুপম।
নিরুপম, (নির-উপমা) অতুল, উপমাশূন্য,
নিরপেক্ষ, (নির-উপেক্ষা) উপেক্ষা শূন্য, যাহার উপেক্ষা নাই। [নির্ণয়ের কারণ
নিরূপক, (নি-রূপ) নিয়ামক, নিশ্চায়ক,
নিরূপণ, (নি-রূপ) নির্ণয় করণ, বিতর্কণ; স্থিরকরণ, অবধারণ। [নিশ্চয়যোগ্য।
নিরূপণীয়, (নি-রূপ) নিরূপ্য, নির্দ্ধার্য্য,
নিরূপিত, (নি-রূপ) কৃত নিরূপণ; নিযুক্ত, নির্ণীত, স্থিরীকৃত।

নিশ্বাস, (নিঃশ্বস) বায়ু, অনিল, বাতাস ;

নিশ্চিত, (নির-চি) নির্ণীত, স্থিরীকৃত।

নিশ্চিতকর্ম্মা, স্থিরকর্ম্মা, দৃঢ়কর্ম্মা।

নিশ্চিন্ত, (নির চিন্তা) সুস্থির, উদ্বেগ শূন্য, চিন্তারহিত, নির্ভাবনা।

নিশ্চীয়মান, নিশ্চয়ের বিষয়, স্থিরকরা বস্তু

নিশ্চ্যুত, কৃপণ, দক্ষণাদ, কৃপী।

নিশ্চেষ্ট (নির-চেষ্টা) চেষ্টারহিত, অমু দ্যাগ

নিশ্ছিদ্র, ছিদ্ররহিত ; দোষ হীন।

নিশ্ছেদ, অবিচ্ছেদ ; ছেদশূন্য। [প্রশ্বাস।

নিশ্বাস, (নি-শ্বস) বহির্মুখ শ্বাস, প্রাণবায়ু

নিশ্বাসসংহিতা, শিবপ্রণীত শাস্ত্র বিশেষ।

নিষঙ্গ, তূণ, বাণাধার ; সঙ্গরহিত [রথ ; স্কন্ধ

নিষঙ্গথি, আলিঙ্গন ; ধনুর্ধারী ; সারথি ;

নিষঙ্গী, (নিষঙ্গ) তূণধারী, বাণাধার বিশিষ্ট।

নিষঙ্গীণ, ধনুর্ধারী ধানুষ্ক।

নিষণ্ণ, (নি-ষদ) ক্ষুণ্ণ, বিষণ্ণ, খেদিত, বি

নিষদ, নিষাদ স্বর, স্বর বিশেষ।

নিষদ্যা, পণ্য বিক্রয়শালা, হট্ট, হাট।

নিষদ্বর, কর্দম, কাদা, পঙ্ক।

নিষদ্বরী, রাত্রি, রজনী, নিশা।

নিষণ্ণ, উপবিষ্ট ; স্থিত

নিষধ, পর্ব্বত বিশেষ ; দেশ বিশেষ।

নিষাদ, (নি-ষদ) চণ্ডাল, চাঁড়াল ; স্বর বিশেষ

নিষাদী, হস্ত্যারোহ, মাহুত।

নিষিদ্ধ, (নি-ষিধ) নিষেধের বিষয়, বারিত, প্রতিষেধিত, নিবারিত, মানাকরা

নিষিদ্ধাচরণ, (নিষিদ্ধ-আচরণ) প্রতিষিদ্ধাচরণ, অকর্ম্ম করণ।

নিষেক, (নি-ষিচ) গর্ভাধান, রেতঃ সেক।

নিষেদ্ধা, (নি-ষিধ) নিষেধ কর্ত্তা, নিবারক।

নিষেধ, (নি-ষিধ) নিবারণ, বারণ, মানা করণ

নিষেধক, নিষেধ কর্ত্তা, বারণকারক।

নিষেধকারী, নিবারণকারী, নিষেধকর্ত্তা।

নিষেবণ, (নি-সেব) সেবা শুশ্রূষা ; ঔষধাদি পান করণ।

নিষেব্য, (নি-সেব) সেবনীয়, সেবার যোগ্য

নিষ্ক, একশত আট তোলা স্বর্ণ ; অলঙ্কার বিশেষ ; ধুকুধুকী। [শূন্য ; নিরুদ্বেগ।

নিষ্কণ্টক, (নির-কণ্টক) অকণ্টক, কণ্টক

নিষ্কর, (নির-কর) করহীন, রাজস্ব রহিত, লাখেরাজ। বেকার, কর্ম্মহীন ; অলস।

নিষ্কর্ম্মা, (নির-কর্ম্মন) অকর্ম্ম, অব্যবসায়ী ;

নিষ্কর্ম্মী, অকর্ম্মা, কর্ম্মরহিত ; অলস।

নিষ্কর্ষ, (নির-কৃষ) নিশ্চয় ; নিষ্পত্তি ; স্থিরীকৃত ব্যবস্থা, তাৎপর্য্য ; সত্য।

নিষ্কর্ষণ, স্থির করণ নিশ্চয় করণ ; নিটান।

নিষ্কল, কলাশূন্য ; নষ্টবীর্য্য ; নিরংশ ; অসংশয় ; পরব্রহ্ম। [বৃত্ত হইয়াছে।

নিষ্কলা, নিবৃত্তরজস্কা স্ত্রী, যে স্ত্রীর ঋতু নি-

নিষ্কলী, ঋতুহীনা, নষ্টরজাঃ, নিবৃত্তরজস্কা।

নিষ্কাম, (নির-কাম) কামনারহিত, ইচ্ছাশূন্য

নিষ্কাশ, (নির-কাশ) ঘরের সাজা, বারাণ্ডা।

নিষ্কাশন, বহিষ্করণ, দূরীকরণ, তাড়ন।

নিষ্কাশিত, (নির-কাশ) বহিষ্কৃত, দূরীকৃত ; তাড়িত। [দ্বার, কেবাড় ; কবাট।

নিষ্কুট, গৃহসমীপস্থ উপবন, ক্ষেত্র ; ক্ষুদ্র উ-

নিষ্কুম্ভ, বৃক্ষ বিশেষ, দন্তীবৃক্ষ

নিষ্কুল, কুলরহিত, অকুলীন।

নিষ্কুষিত, খণ্ডীকৃত, নিষ্কাশিত।

নিষ্কুহ, বৃক্ষকোটর, গাছের খোঁড়ল।

নিষ্কৃতি (নির-কৃ) নিস্তার, উদ্ধার, রক্ষা, মুক্তি, মোচন

নিষ্কৃত্রিম, (নির-কৃত্রিম) কৃত্রিমতা শূন্য, অকল্পিত, প্রকৃত। [পর্য্য।

নিষ্কৃষ্ট, (নির-কৃষ) নিশ্চিত ; সারার্থ ; তাৎ-

নিষ্ক্রমণ, (নির-ক্রম) বহির্গমন, নিঃসরণ।

নিষ্ক্রয়, ভৃতি, বেতন ; বৃত্তিযোগ ; প্রত্যুপকার ; বিনিময়। [গত, নিঃসৃত

নিষ্ক্রান্ত, (নির-ক্রম) নির্গত ; প্রস্থিত, বহি

নিষ্ক্রামক, (নির-ক্রম) বহিষ্কারক, নিঃসারক, নির্গতকারক। [ন্য ; জড়।

নিষ্ক্রিয়, (নির-ক্রিয়া) নিষ্কর্ম্মা ; ক্রিয়াশূ-

নিষ্ক্রোধ, ক্রোধরহিত, রাগহীন।

নিষ্ক্বাথ, মাংসাদির ক্বাথ, ঝোল, জুষ ; ক্বাথ শূন্য ; শুষ্ক, নীরস।

নিষ্টা, ম্লেচ্ছজাতি বিশেষ।

নিষ্ঠ, (নি-স্থা) স্থিত, স্থির ; তৎপর ; অভিনিবিষ্ট। [বিশ্বাস ; স্থিরতা।

নিষ্ঠা, (নি-স্থা) নিষ্পত্তি ; দৃঢ়ভক্তি, শ্রদ্ধা ;

নিষ্ঠীব, থুথু, শ্লেষ্মাদি, পিক।

নিষ্ঠীবনপাত্র, থুথু ফেলাপাত্র, পিকদান।

নিষ্ঠুর, (নি-স্থা) পরুষ, কঠোর ; নির্দ্দয়, কঠিন ক্রূর, দুরন্ত।

নিষ্ঠুরতা, নির্দ্দয়তা, ক্রূরতা, কঠোরতা।

নিষ্ঠেবন, (নি-ষ্ঠিব) থুথু ত্যাগ, থুথু ফেলন।

নিষ্ণাত, (নি-স্না) প্রবীণ, বিজ্ঞ, পণ্ডিত

নিষ্পত্তি, (নির্-পদ) সমাপ্তি ; শেষ ; সিদ্ধি ; অবধারণ, নিশ্চয়
নিষ্পত্তিকর, মধ্যস্থ ; সিদ্ধান্তকারক ; সমাপন কর্ত্তা। [নিশ্চয়কারী।
নিষ্পত্তিকারক, মধ্যস্থ ; সমাপ্তিকাকর ;
নিষ্পত্রাকৃতি, অত্যন্ত পীড়া ; অতিশয়ক্লেশ
নিষ্পন্ন, (নির্-পদ) সমাপ্ত, শেষ, সম্পন্ন, সাঙ্গ
নিষ্পলক, অনবরত, নিরন্তর।
নিষ্পাদন, (নির্-পদ) নিষ্পত্তি করণ ; শেষ করণ, সিদ্ধান্ত করণ, সমাধা করণ, প্রতিজ্ঞা পূরণ।
নিষ্পাদনীয়, নিষ্পাদ্য, সমাপ্য।
নিষ্পাদিত, (নির্-পদ) সম্পন্নকরা, সমাপিত
নিষ্পাদ্য, (নির্-পদ) নিষ্পাদনীয়, সমাপ্য।
নিষ্পাপী, (নির্-পাপিন্) পাপহীন ; নির্দ্দোষী, নিরপরাধী।
নিষ্পীড়ন, নিঙড়ান ; কর্ষণ ; রগড়ান।
নিষ্পেষণ, (নির্-পিষ) মর্দ্দন, বাটন, ঘর্ষণ।
নিষ্প্রতিভ, অজ্ঞ, জড়, মূর্খ।
নিষ্প্রত্যূহ, নির্ব্বিঘ্ন, বাধাহীন, নিরাপদ।
নিষ্প্রবাণ, নূতনবস্ত্র, নবাম্বর।
নিষ্প্রভ, (নির্-প্রভা) দীপ্তিরহিত, প্রভাহীন ; অস্বচ্ছ। [তুক, অকারণ।
নিষ্প্রয়োজন, অপ্রয়োজন, নিরর্থক ; অহে-
নিষ্ফল, বিফল, নিরর্থক, ব্যর্থ।
নিসম্পাত, নিশীথ, অর্দ্ধরাত্র।
নিসর্গ, (নি-সৃজ)প্রকৃতি, স্বভাব ; স্বাভাবিক
নিসাড়, স্পর্শজ্ঞান রহিত ; অচেতন ; সংজ্ঞাহীন। [শেষ।
নিসিন্ধা, (নিস্যন্দ) নিসিন্দুনামে বৃক্ষ বি-
নিসিন্দু, বৃক্ষবিশেষ, নিসিন্ধা গাছ।
নিসূদন, হিংসন, বধ, হনন, নাশন।
নিসৃতা, ত্রিবৃতা, তেউড়ী, তেহারা।
নিসৃষ্ট, মধ্যস্থ ; ন্যস্ত, অর্পিত।
নিসৃষ্টার্থ, দূত বিশেষ।
নিস্তনী, বটিকা, বড়ি ; স্তন হীনা স্ত্রী।
নিস্তরণ, (নির্-তৃ) পার হওন, তরণ, উদ্ধরণ, মুক্ত হওন ; উপায়।
নিস্তর্হণ, মারণ, বধ, হনন।
নিস্তল, বর্ত্তুল, টাটুল, গোলাকার।
নিস্তার, (নির্-তৃ) রক্ষা, উদ্ধার, ত্রাণ, মুক্তি
নিস্তারক, (নির্-তৃ) ত্রাণকর্ত্তা, উদ্ধার কর্ত্তা
নিস্তারণ, (নির্-তৃ) উদ্ধরণ, মুক্ত করণ রক্ষণ।
নিস্তীর্ণ, (নির্-তৃ) রক্ষিত, উদ্ধৃত ; মুক্ত।
নিস্তুল, অসম, অসদৃশ, অনুপম, অতুল, তুলনা রহিত।
নিস্তুষ, ত্বক্ রহিত, ছালতোলা।
নিস্তুষরত্ন, স্ফটিক ; বেল্লোর।
নিস্তুষক্ষীর, গোধূম, গম।
নিস্তুষিত, ত্যক্ত ; ত্বক্‌বিহীন, নিস্তুষকরা।
নিস্তেজঃ, (নির্-তেজস্) তেজোহীন, প্রতাপশূন্য ; দুর্ব্বল।
নিস্ত্রপ, (নির্-ত্রপা) নির্লজ্জ ; অশিষ্ট।
নিস্ত্রিংশ, খড়্গ, অসি ; নিষ্ঠুর, নির্দয়
নিস্ত্রিংশধারী, খড়্গধারী, অসিধারী।
নিস্ত্রিংশপত্রিকা, স্নুহীবৃক্ষ, সিজগাছ।
নিস্ত্বক, (নির্-ত্বচ) ত্বচহীন, ছালরহিত।
নিস্পন্দ, স্পন্দন রহিত, কম্পন শূন্য।
নিস্পৃহ, (নি-স্পৃহা) স্পৃহা শূন্য, বাঞ্ছাহীন, অনাকাঙ্ক্ষী।
নিস্পৃহা, ইচ্ছার অভাব, অনিচ্ছা।
নিস্যন্দ, ক্ষরণ, চুয়ান ; গলিয়া পড়ন।
নিস্রাব, অন্নরস ; ফ্যান, মাড়।
নিস্ব, নির্ধন, দুঃখী ; অর্থ হীন।
নিস্বন, শব্দ, ধ্বনি, নিনাদ।
নিহনন, (নি-হন) মারণ, নাশন, বধ করণ।
নিহন্তা, (নি-হন্) হনন কর্ত্তা, নাশক, ঘাতক, সংহারক, বধকর্ত্তা।
নিহাকা, গোধিকা, গোসাপ।
নিহালী, (নি-হন) অয়োঘন, নিহালী, নেহাই। [মিত।
নিহায়স, (ঘাং) অত্যন্ত, অতিশয়, অপরি-
নিহার, নি-হৃ) শিশির, হিম ; [রণ ; ঠাহরণ
নিহারণ, (নি-হৃ) অবলোকন ; অনুমান ক-
নিহালী, (নি-হন) অয়োঘন, নেহাই।
নিহিংসন, মারণ, হনন, বধ করণ।
নিহিত, (নি-ধা) স্থাপিত, অর্পিত ; গচ্ছিত
নিহ্নব, (নি-হ্নু) অপলাপ, অপহ্নব ; গোপন, লুকান ; অস্বীকার, নামানা, অবিশ্বাস
নিহ্নুত, (নিহ্নু) অপলাপিত, অস্বীকৃত ; গুপ্ত অপ্রকাশিত।
নিহ্নুতি, অপ্রত্যয় ; প্রবঞ্চন, প্রতারণ ; গোপন, লুকান।
নিহ্নোতা, অপলাপী, অপ্রত্যয়ী, প্রতারক।
নিহ্রাদ, শব্দ, ধ্বনি, নাদ, রব।
নিক্কণ, চুম্বন
নিক্ষা, (নিশ্) নিখী, কেশকীট, উকুন।

নিক্ষিপ্ত, (নি-ক্ষিপ্) ত্যক্ত ; অর্পিত ; ন্যস্ত,
স্থাপিত গচ্ছিত। [ন ; গচ্ছিত দ্রব্য।
নিক্ষেপ, (নি-ক্ষিপ) ন্যাস ; সমর্পণ, স্থাপ-
নিক্ষেপক, স্থাপন কর্ত্তা, সমর্পক।
ক্ষেপণ, স্থাপন ; সমর্পণ ; ত্যাগকরণ ;
ফেলন ; দূরীকৃত করণ।
নীক, বৃক্ষ বিশেষ।
নীকার, (নী-কৃ) ন্যাক্কার ; ঘৃণ ; ধিক্কার।
নীকাশ, হিসাব ; সমাপন, শেষ ; তুল্য,
সাদৃশ্য ; উপমা। [ম ; ইতর, জঘন্য ;
নীচ, (নী-অনচ্) অধঃ, নিম্ন, অপকৃষ্ট, অধ-
নীচক, বামন, খর্ব্ব, খাট, ক্ষুদ্র, তচ্ছ।
নীচকী, উচ্চ, উপরিভাগ। [শ্রেষ্ঠ।
নীচগ, (নীচ-গম) নীচগামী : জল ; পামর,
নীচগা, নদী, হ্রদিনী ; নিম্নগামিনী।
নীচতা, অধমতা, অপকৃষ্টতা জঘন্যতা।
নীচবজ্র, মণিবিশেষ, বৈক্রান্তমণি।
নীচভোজ্য, পলাণ্ডু, পেঁয়াজ ; অন্ত্যজাদির
ভক্ষণীয় দ্রব্য।
নীচাশয়, ক্ষুদ্রাশয়, ক্ষুদ্রান্তঃকরণ ; [illegible]
নীচৈঃ, (নী-অনচ্) কেবল ; অধঃ [illegible]
নীচে, (নীচ) নিম্নে, অধোভাগে।
নীচৈঃ (নীচ) অল্প ; অনুচ্চ। [illegible]
নীড়, (নি-ঈড়্) পক্ষির বাসস্থান, [illegible]
নীড়জ (নীড়-জন) পক্ষী, বিহঙ্গ, পাখী।
নীড়জেন্দ্র (নীড়জ-ইন্দ্র) গরুড়, বৈনতেয়।
নীত, (নী) প্রাপ্ত ; লওয়া ; গৃহীত।
নীতি, ন্যায্য ব্যবহার, শাস্ত্র বিশেষ, হিত,
নয়ন ; প্রাপণ। [ন্যায়বাক্য, হিত কথা।
নীতিকথা, হিতোপদেশ, ক্ষুদ্র উপাখ্যান ;
নীতিঘোষ, নয়শব্দ, নীতিরব ; বৃহস্পতির
রথ। [হিতোপদেশজ্ঞ।
নীতিবিৎ, নীতিবেদী, নীতিশাস্ত্রবেত্তা, হি-
নীতিবিদ্যা, নীতিশাস্ত্র, হিতোপদেশকশাস্ত্র
নীতিমান্, নীতিজ্ঞ, ন্যায়যুক্ত।
নীতিসার, নীতিশাস্ত্র বিশেষ।
নীথ, নিয়ন্তা ; প্রাপয়িতা ; জল। [নক্ষত্র।
নীধ্র, অরণ্য, বন ; চন্দ্র ; রথচক্র ; রেবতী
নীপ, (নী) কদম্ব বৃক্ষ। [জল।
নীবর, ভিক্ষুক ; পরিব্রাজক ; পঙ্ক, পাঁক ;
নীবার, ধান্যবিশেষ, উড়ীধান।
নীবি, বাণিজ্যকারিদের মূলধন ; স্ত্রীলো-
কের কটিবসন। [কটিবসন।
নীবী, বাণিজ্যকারির মূলধন, স্ত্রীলোকের
নীবৃৎ, দেশ, জনপদ। [ছাঁইচ।
নীব্র, গৃহের ছাদের প্রান্তভাগ ; আলিসা
নীয়মান, (নী) প্রাপ্যমাণ ; গৃহ্যমাণ লওয়া
নীর, (নি-ঈর) জল, সলিল, পয়ঃ।
নীরক্ত, (নির-রক্ত) রক্তহীন, রক্তশূন্য।
নীরজ, কুষ্ঠৌষধ, কুড় ; পদ্ম, মুক্তা।
নীরজাঃ, (নির-রজস) অরেণু নিধূলি ;
অরজস্বলা ; রজোগুণহীন।
নীরত, বিরত, ক্ষান্ত, নিবৃত্ত।
নীরদ, (নীর-দা) জলদ মেঘ ; দন্তহীন।
নীরধি, সাগর, সমুদ্র, পয়োনিধি।
নীরনিধি, সমুদ্র, সাগর, জলধি।
নীরন্ধ্র, ঘন ; ছিদ্ররহিত ; নিবিড়। [বাক্।
নীরব, (নির-রব) নিঃশব্দ, বাক্য রহিত, অ-
নীরময়, জলময়, জলবেষ্টিত ; জলীয়।
নীরস, (নির-রস) রসহীন, শুষ্ক ; বিস্বাদ ;
নীরসতা, রসাভাব ; রসশূন্যত্ব ; শুষ্কতা।
নীরসবাক্য, অরসবাক্য, রস বিহীন কথা।
নীরাখু, (নীর-আখু) জল নকুল, উদ্বিড়াল,
ভোঁদড়।
নীরাগ, রাগরহিত, ক্রোধশূন্য ; শান্ত।
নীরাজন, বিসর্জ্জন ; আরাত্রিক।
নীরাজনা, বিসর্জ্জন, আরাত্রিক। [গাছ।
নীরিন্দু, অশ্বত্থ কোটি বৃক্ষ, আশশেওড়া
নীরুক্, রোগহীন, অরোগ ; স্বস্থ ; আরোগ্য
নীরুজ, (নির-রুজ) অরোগ, স্বস্থ।
নীরূপ, কুরূপ, কুৎসিত। [রহিত, সুস্থ।
নীরোগী, (নির-রোগিন) রোগশূন্য, পীড়া
নীল, নীলীবর্ণ, কৃষ্ণবর্ণ বিশেষ ; নীল রস
যুক্ত বৃক্ষ ; পর্ব্বত বিশেষ ; মণি বিশেষ ;
বানর বিশেষ।
নীলক, (নীল) কাচ লবণ ; বৃক্ষ বিশেষ।
নীলকণ্ঠ, শিব ; ময়ূর ; খঞ্জন।
নীলকণ্ঠাক্ষ, রুদ্রাক্ষ, খঞ্জনের চক্ষু।
নীলকমল, নীলবর্ণ পদ্ম, নীল পঙ্কজ।
নীলকান্ত, নীলম, মণিবিশেষ
নীলগ্রীব, (নীল-গ্রীবা) মহাদেব, শিব ;
নীলবর্ণ গলদেশ।
নীলতরু, বৃক্ষবিশেষ, নারিকেলবৃক্ষ।
নীলতাল, হিন্তাল, হেঁতাল ; তমাল।
নীলধ্বজ, তমালবৃক্ষ ; নীলপতাকা।
নীলপঙ্ক, অন্ধকার, ধ্বান্ত, তমঃ।
নীলপদ্ম, নীলবর্ণ কমল ; উৎপল।
নীলপিচ্ছ, শ্যেনপক্ষী, শিকরা, শচান।

নীলবসন, নীলাম্বর, নীলবর্ণ কাপড় ; শনি, সপ্তম গ্রহ ; বলরাম।
নীলবস্ত্র, বলরাম ; নীলবর্ণ বসন।
নীলবৃষা, বার্ত্তাকী, বেগুণ।
নীলব্রত, ব্রত বিশেষ।
নীলম, নীলকান্তমণি, রত্ন বিশেষ।
নীলমণি, নীলম্, নীলকান্তমণি, রত্নবিশেষ।
নীলমাধব, বিষ্ণু, নারায়ণ।
নীলমাণিক, (নীলমণি) খদ্যোত, জোনাকি-পোকা। [বর্ণ, বেগুনি রঙ।
নীললোহিত, শিব ; নীল ও রক্তমিশ্রিত
নীলাঙ্গ, সারসপক্ষী।
নীলাঙ্গু, ক্রমি, কীট, পোকা।
নীলাঞ্জনা, তড়িৎ, বিদ্যুৎ, সৌদামিনী।
নীলাঞ্জসা, অপ্সরা বিশেষ, নদী বিশেষ ; বিদ্যুৎ, সৌদামিনী।
নীলাব্জ, নীলোৎপল, নীলপদ্ম।
নীলাম্বর, (নীল-অম্বর) বলদেব ; রাক্ষস; শনি ; নীল বর্ণ অস্ত্র ধারী ; নীল বসন।
নীলাশ্ম, নীলমণি, নীলকান্ত মণি।
নীলিকা, (নীল) শেফালিকা, শিউলী, চক্ষু-রোগ বিশেষ ; নীলগাছ।
নীলী, নীলিনী, বৃক্ষ বিশেষ, নীলগাছ।
নীলবর্ণ, নীলরঙ ; কৃষ্ণবর্ণ।
নীলীরাগ, স্থিরপ্রেমপুরুষ, স্থির সৌহৃদ্য নীলবর্ণ। [নীলশাঁপলা।
নীলোৎপল, (নীল-উৎপল) নীলবর্ণ উৎপল
নীশার, বায়ু ও শিশির নিবারক আবরণ, কাণ্ডপট কানাৎ ; মশারি। [তুষার।
নীহার, (নি-হৃ) ঘনশিশির, বরফ, হিম,
নুঅন, (নম) নম্রহওন, বক্রহওন, বাঁকন
নুটী, (নুড়) আঁটি, পুলিন্দা, গোছা।
নুন্দ, গুচ্ছ গোছা।
নুড়ী, (নড়) ক্ষুদ্রপ্রস্তর, কঙ্কর, শিলা পুত্র।
নুণ, (লবণ) লবণ, লোণ।
নুণিয়া, সলবণ, লোণা, লবণাক্ত।
নুণী, (লুনি) শাক বিশেষ।
নুত, (নু) স্তুত, কৃতস্তব।
নুতি, (নু) স্তুতি, স্তব ; পূজা।
নুত্ত, (নুদ) প্রেরিত, পাঠান ; ক্ষিপ্ত, ফেলা।
নুদি, (তুন্দ) স্থূলোদর, ভুঁড়ি, মোটা পেট।
নুন্ন, প্রেরিত, পাঠান।
নুমুড়ী, ঘন্টার জিহ্বা, ঘুন্টী।
নুয়ান, (নু) নতকরণ, বাঁকান, বক্র করণ।

নুরী, (বাং) পক্ষিবিশেষ, তোতাপাখী।
নুলা, (ন্যুব্জ) কুব্জহস্তবিশিষ্ট ; ভগ্ন হস্ত।
নূত, (নু) স্তুত, কৃতস্তব।
নূতন, (নু) নবীন, অভিনব, নব্য।
নূত্ন, নবীন, অভিনব।
নূদ, ব্রহ্মদারুবৃক্ষ।
নূন, (নু-নম) তর্ক ; উহ ; নিশ্চিত ; অবশ্য।
নূপুর, (নূন-পুর) পাদভূষণ, নপুর, তুলাকোটি
নৃ, (নী) মনুষ্য ; পুরুষ
নৃকপাল, মনুষ্যের মাথার খুলি। [ষ্য শ্রেষ্ঠ।
নৃকেশরী, ভগবানের নৃসিংহাবতার ; মনু-
নৃগ, রাজাবিশেষ।
নৃঘ্ন, (নৃ-হন) মনুষ্য ঘাতক, মানব হিংসক
নৃচক্ষা, রাক্ষস, নিশাচর, কৌণপ।
নৃচক্ষু, সুনীথরাজপুত্র।
নৃত্তি, নর্ত্তন, নৃত্য, নাচ।
নৃতু, নর্ত্তক ; ভূমি ; দীর্ঘ ; ক্রিমি।
নৃত্য, (নৃৎ) নৃত্ত, নর্ত্তন, নাচ।
নৃত্ত, নৃত্য, নর্ত্তন, নাচ।
নৃদেব, রাজা, পার্থিব, ভূপতি। [ক্রান্ত।
নৃধর্ম্মা, কুবের, ধনাধিপতি ; মনুষ্য ধর্ম্মা-
নৃপ, (নৃ-পা) নৃপতি, রাজা, ভূপাল, ভূপ।
নৃপতি, রাজা, ভূপতি, ভূপাল।
নৃপতিবল্লভ, ঔষধবিশেষ, নৃপবল্লভ।
নৃপত্ব, (নৃপ) রাজত্ব ; প্রভুত্ব, কর্ত্তৃত্ব।
নৃপদ্রুম, আরগ্বধবৃক্ষ, শোদালীগাছ।
নৃপপ্রিয়, বেষ্টবংশ, বেউড় বাঁশ।
নৃপপ্রিয়ফলা, বার্ত্তাকী, বেগুণ।
নৃপবর, নৃপতিশ্রেষ্ঠ, রাজাধিরাজ।
নৃপবল্লভা, রাজমহিষী, রাজ্ঞী ; পুষ্পবিশেষ
নৃপমন্দির, রাজসদন, রাজগৃহ।
নৃপলক্ষ্ম, রাজচ্ছত্র ; ভূপতির চিহ্ন।
নৃপলিঙ্গধর, রাজবেশধারী।
নৃপাগার, (নৃপ-আগার) রাজবেশ্ম, রাজবাটী
নৃপাত্মজ, রাজকুমার, রাজ পুত্র।
নৃপাত্মজা, (নৃপ-আত্মজ) রাজকন্যা, রাজ-পুত্রী ; তিক্ততুম্বী, তিতলাউ।
নৃপাধ্বর, যজ্ঞবিশেষ, রাজসূয় যজ্ঞ।
নৃপাময়, রাজযক্ষ্মা, ক্ষয়রোগ।
নৃপাল, রাজা, ভূপতি, ভূপ। [ভদ্রাসন।
নৃপাসন, (নৃপ-আসন) রাজাসন, সিংহাসন,
নৃপোচিত, (নৃপ-উচিত) রাজযোগ্য, রাজমাষ
নৃবরাহ, বরাহরূপধারী, ভগবানের অব-তার বিশেষ।

নৃযজ্ঞ, অতিথিসেবা, আতিথ্য করণ।
নৃশংস, (নৃ-শংস) ক্রূর; নিষ্ঠুর; পরঘাতকারী
নৃসিংহ, বিষ্ণুর অবতার বিশেষ; প্রধান মনুষ্য।
নৃসোম, নরশ্রেষ্ঠ, প্রধান মনুষ্য।
নৃহরি, নরসিংহ, নৃসিংহাবতার।
নেউট, (নি-অট) পোষা জন্তু; বশীভূত।
নেউটন, (নেউট) ফিরণ; যাতায়াত করণ।
নেউটপাড়া, যাতায়াত করণ, যাওয়া আসা করণ।
নেউল, (নকুল) বেজী।
নেওন, লওন; প্রাপণ।
নেং, (নি-অগ) পাদ, অঙ্ঘ্রি; জঙ্ঘা।
নেংচান (ন-অনচ) লেংড়ান, খোঁড়ান
নেংট, (নগ্ন) উলঙ্গ, নগ্ন, বিবস্ত্র
নেংটিয়া, (নগ্ন) ক্ষুদ্রমূষিক, ছোট উন্দুর।
নেঙা, (নি-অঙ্গ) ন্যাটা, বামহস্তে কর্ম্মকারী
নেকড়া, (নক্তক) ছিন্নবস্ত্র, জীর্ণ বসন খণ্ড, কানি।
নেকড়িয়া, (নখ-আয়ুধ) বৃক, ব্যাঘ্রবিশেষ, [ভেড়িয়া বাঘ, গোবাঘা।
নেকা, (নি-অক) অস্পষ্টবাক; অবোধ।
নেকার, (ন্যাক্কার) বমন, বমি।
নেঙা, (নি-অঙ্গ) নেটা, যাহার বামহস্তে বলাধিক্য। [লিক্ষ, লাফ।
নেঙ্গ, (নি-অগ) দীর্ঘ করিয়া পাদ ক্ষেপণ,
নেঙ্গড়া, (ন-অগ) পাদবিকল, খঞ্জ, খোঁড়া।
নেঙ্গা, বামহস্তে বলাধিক;
নেঙ্গুড়, (লাঙ্গুল) লেজ, পুচ্ছ।
নেজ-লেজ, (লাঙ্গুল) নেঙ্গুড়, পুচ্ছ।
নেজক, বর্ণসঙ্করজাতিবিশেষ, রজক, ধোপা প্রক্ষালক। [লাধিক্য।
নেটা, (নি-অট) নেঙা, যাহার বামহস্তে ব-
নেটুয়া, (নৃৎ) নট, নর্ত্তক; ভণ্ড।
নেড়া, (ন-ঈড়) মুণ্ডিত কেশ মুণ্ড, ছদ্ম-বৈষ্ণব বেশধারী, ভিক্ষুক বিশেস।
নেড়াসীজ, বৃক্ষবিশেষ, তেকাঁটাসিজ।
নেড়ী, (নেড়া) ছদ্মবৈষ্ণবী; গায়কীবিশেষ।
নেড্যা, (ন-ঈড়) যবন, ম্লেচ্ছজাতি।
নেত, (নী) বস্ত্রবিশেষ; ছিন্নবস্ত্র।
নেতা, (নী) গ্রহীতা; অগ্রগামী; স্বামী; নায়ক। [সংগ্রহ।
নেতাড়ী, (নেতা-অড়) অর্দ্ধশ্লোক; অর্দ্ধ
নেত্র, (নী) চক্ষুঃ, নয়ন, অক্ষি।
নেত্রচ্ছদ, চক্ষুর পাতা।
নেত্রপর্য্যন্ত, অপাঙ্গ, কটাক্ষ; নয়নাবধি।
নেত্রপিণ্ড, মার্জ্জার, বিড়াল; চক্ষুর্গোলক।
নেত্রপুষ্করা, রুদ্রজটা।
নেত্রমণি, চক্ষুর তারা, নেত্রস্থ জ্যোতিরূপ।
নেত্রমল, চক্ষের মল বা পিচুটী।
নেত্রযোনি, ইন্দ্র, শক্র, দেবরাজ; চন্দ্র।
নেত্ররঞ্জন, কজ্জল, অঞ্জন, কাজল।
নেত্ররোগ, চক্ষুরোগ, অক্ষিপীড়া।
নেত্ররোগহা, বৃশ্চিকালীবৃক্ষ, বিচাটী গাছ; চক্ষুর রোগ নাশক।
নেত্রাময়, (নেত্র-আময়) চক্ষুরোগ, অক্ষিপীড়া
নেত্রাম্বু, (নেত্র-অম্বু) অশ্রু, চক্ষুর জল।
নেত্রী, লক্ষ্মী; নাড়ী; নদী।
নেত্রোপমফল, বাতাদ ফল, বাদাম।
নেদি, (নাদ) গোময় পিণ্ড, ঘুঁটে।
নেদিষ্ঠ, (অন্তিক) সমীপ, অতিনিকট; নিপুণ; বৃক্ষবিশেষ।
নেদীয়ান, (অন্তিক) সমীপ, অতিশয় নিকট
নেপ, (লিপ) পুরোহিত; জল; শীতনিবারক আচ্ছাদন বিশেষ।
নেপথ্য, বেশ; অলঙ্কার; রঙ্গভূমি।
নেপা, (লিপ) ত্বক, চর্ম্ম, ছাল।
নেপাল, স্বনামে প্রসিদ্ধ দেশবিশেষ।
নেপালিকা, মনঃশিলা। [রোগ।
নেবা, (নী) রোগবিশেষ, পাণ্ডুবর্ণ চক্ষুর-
নেবু, (নিম্বুক) লেবু, জম্বীর
নেম, কাল; অবধি; খণ্ড; প্রকার; অর্দ্ধ; গর্ত্ত; অন্য, সায়ংকাল; মূল্য; ঊর্দ্ধ।
নেমি, (নী) চক্রের অন্তভাগ, বৃক্ষবিশেষ।
নেয়ে, (নৌ) নাবিক, কর্ণধার, মাঝি।
নেয়ান, (নী) চেতান; প্রেরণ; দর্শান।
নেশা, (মাদ) মত্ততা, মাতলামি।
নেষ্টা, ঋত্বিক, পুরোহিত।
নেহারণ, (নি-হৃ) দর্শন, অবলোকন, দেখন
নৈ, (নব) মৃত্তিকাদির পিণ্ড; নবীন স্ত্রীগোবৎস।
নৈকট্য, (নিকট) নিকট ভাব; সামীপ্য।
নৈকভেদ, উচ্চাবচ; অনেক প্রকার।
নৈকষেয়, (নিকষা) নিকষাপুত্র, রাক্ষস; রাবণ। [সম্বন্ধীয়;
নৈগম, (নিগম) উপনিষৎ; বণিক; নিগম-
নৈজ, (নিজ) আপন সম্বন্ধীয়, স্বীয়।
নৈত্য, (নিত্য) নিত্য সম্বন্ধ, নিত্যত্ব, চিরস্থায়িত্ব।

সুষ্ঠু, সম্যক, মনোজ্ঞ। [কর্ম্মরঞ্জ
ন্যুব্জ, (নি-উব্জ) বক্র; কুব্জ অধোমুখ;
ন্যূন, (নি-ঊন) ঊন, অসম্পূর্ণ, কিঞ্চিৎ, অল্প
ন্যূনতা, অধমতা; অল্পতা, অসম্পূর্ণতা।
ন্যূনত্ব অল্পতা, কমি; হীনতা।
ন্যূনাতিরেক, (ন্যূন-অতিরেক) অল্পাধিক, কমবেশ। [বেশ।
ন্যূনাধিক, (ন্যূন-অধিক) অল্পাধিক, কম-
ন্যূনাধিক্য, অল্পাধিক্য, কমবেশ।
নৃস্থিমালী, শিব, মহাদেব; মনুষ্যের অস্থি-মালা বিশিষ্ট।

প

প, প-কার, পঞ্চম বর্গের প্রথম অক্ষর, ব্যঞ্জনের একবিংশবর্ণ; পবন; পত্র।
পইঠা, (পঙ্কার) সিঁড়ি সোপান, ধাপ।
পংক্তি, (পচ) শ্রেণী, সারী; দশাক্ষর ছন্দঃ।
পঁইছা, স্ত্রীলোকের হস্তাভরণ বিশেষ।
পঁইত্রিশ, (পঞ্চত্রিংশৎ) সংখ্যা বিশেষ, ৩৫
পঁহুছন, আগমন, উত্তরণ, আইসন।
পঁচাত্তর, (পঞ্চসপ্ততি) সংখ্যা বিশেষ ৭৫।
পঁচানব্বই, (পঞ্চনবতি) সংখ্যা বিশেষ, ৯৫
পঁচাশী, (পঞ্চাশীতি) সংখ্যা বিশেষ, ৮৫।
পঁচিশ, (পঞ্চবিংশতি) সংখ্যা বিশেষ, ২৫।
পঁয়তাল্লিশ, (পঞ্চচত্বারিংশৎ) সংখ্যাবিশেষ
পঁয়ষাট্টি, (পঞ্চষষ্টি) সংখ্যা বিশেষ, ৬৫।
পক্কণ, শবরালয়, ব্যাধের গৃহ।
পক্তা, পাচক, পাককর্ত্তা, রসুইয়া।
পক্তি, গৌরব; পাক; রন্ধন।
পক্ত্রিম, পাকদ্বারা নিষ্পন্ন, পাকজন্য।
পক্ব, (পচ) পরিণত, পাকা; সুদৃঢ়; নিপুণ।
পক্বকৃৎ, পাককারী, রন্ধনকর্ত্তা, রসুইয়া; নিম্ববৃক্ষ, নিমগাছ।
পক্বতা, পরিণতাবস্থা; নৈপুণ্য দৃঢ়তা।
পক্ববারি, কাঞ্জিক, কাঞ্জী, আমানী।
পক্বরস, মদ্য, মদিরা, সুরা, সরাপ
পক্বান্ন, (পক্ব-অন্ন) পাককরা তণ্ডুলাদি; রাঁধাভাত; মিঠাই বিশেষ।
পক্বাশয় (পক্ব-আশয়) নাভির অধোভাগ।
পগার, (প্রাকার) সেতু, আলি, বাঁধ।
পঙ্ক, (পচ) কর্দ্দম, কাদা পাঁক; পাপ।
পঙ্ককর্বট, জল ভূমি পাঁক।
পঙ্ককীর, কোঁচবক পক্ষী; কাদাখোঁচা পাখী
পঙ্কক্রীড়, শূকর; কর্দ্দমদ্বারা খেলাকারী।
পঙ্কগড়ক, মৎস্য বিশেষ, পাঁকালমাছ।
পঙ্কগতি, মৎস্যবিশেষ, পাঁকালমাছ।
পঙ্কগ্রাহ, কচ্ছপ, মকর; জলজন্তু বিশেষ।
পঙ্কজ, (পঙ্ক-জন) পদ্ম, কমল, সরোরুহ।
পঙ্কজিনী, পদ্মসমূহ; পদ্মলতা।
পঙ্কণ, (পক্কণ) শবরালয়, ব্যাধ গৃহ।
পঙ্কপ্রভা, কর্দ্দমযুক্ত নরক বিশেষ।
পঙ্কবাস, কুলীর, কর্কট, কাঁকড়া।
পঙ্কমণ্ডুক, শম্বুক, শামুক।
পঙ্করুহ, পদ্ম, কমল, নলিন।
পঙ্কশুক্তি, দুর্নামা, ঝিনুক।
পঙ্কশূরণ, শালূক, উৎপল, পুষ্পের মূল।
পঙ্কার, শৈবাল, শেওলা; সেতু, আলি, পগার; সোপান, সিঁড়ি।
পঙ্কিল কর্দ্দমযুক্ত, পঙ্কময়।
পঙ্কেজ, পদ্ম, কমল; সরোরুহ।
পঙ্কেরুহ, পদ্ম, কমল; সারসপক্ষী।
পঙ্কোদ্ধার, (পঙ্ক-উদ্ধার) পুষ্করিণী বা জলাশয় হইতে পঙ্ক উত্তোলন করণ।
পঙ্ক্তি, (পচ) সজাতীয় সংস্থান বিশেষ, শ্রেণী, সারি, পাঁতি।
পঙ্ক্তিগ্রীব, রাবণ, দশানন।
পঙ্ক্তিচর, কুররপক্ষী। [জনার্হ, পতিত।
পঙ্ক্তিদূষক, অপাংক্তেয়, একপঙ্ক্তিতে ভো-
পঙ্ক্তিপাবন, শ্রেণির পবিত্র কর্ত্তা।
পঙ্ক্তিরথ দশরথ রাজা।
পঙ্গ, (পতঙ্গ) ফড়িঙ্গ, পতঙ্গ।
পঙ্গপাল, পতঙ্গবিশেষ, ফড়িঙ্গসমূহ।
পঙ্গু, (পণ) পাদবিকল, চলনাক্ষম, খঞ্জ, খোঁড়া; জঙ্ঘাহীন; শনিগ্রহ।
পঙ্গুত্ব, খঞ্জত্ব, পদবিকলতা।
পচ, পাচক, পাক কর্ত্তা।
পচত্, সূর্য্য, অগ্নি; ইন্দ্র।
পচৎপুট, সূর্য্যমণি বৃক্ষ।
পচন, (পচ) পাককরণ; গলন, জরণ; অগ্নি; পাককর্ত্তা।
পচন্তী, পাককর্ত্রী, পাচিকা।
পচমান, পাককর্ত্তা, পাচক।
পচম্পচা, দারুহরিদ্রা।
পচা, (পচ) দুরিত, নষ্ট বিকৃত।
পচাকাল, সরস, সময় বর্ষাকাল।
পচান, (পচা) পাককরণ; বিকৃতকরণ; নষ্টকরণ; জরাণ। [কৃত, দুরিত।
পচাপাচকুয়া, ছিন্ন, জীর্ণ, নষ্ট, গলিত; বি-

পচাল, (পচ) অকথ্য বাক্য, কটুবাক্য, দু-
র্বাক্য।
পচালিয়া, (পচাল) কটুবাদী কুৎসিত জল্পক
পচি, গ্রন্থি, অনল. বহ্নি।
পচেলুক, পাচক, রন্ধন কর্ত্তা, পাককারক।
পচ্য, (পচ) পাকযোগ্য, পাককরণের উপ-
যুক্ত, রন্ধনোপযুক্ত।
পচ্যমান, পাকহওয়া, পাক করা।
পজ্জ, অধমবর্ণ, শূদ্র জাতি
পঞ্চ, (পঞ্চন) সংখ্যা বিশেষ পাঁচ।
পঞ্চক, পঞ্চ, পাঁচসংখ্যা; পঞ্চমসম্বন্ধীয়।
পঞ্চকপাল, যজ্ঞ বিশেষ। [বিশেষ
পঞ্চকর্ম্ম, পঞ্চপ্রকার শরীরের চিকিৎসা
পঞ্চকষায়, জম্বু শাল্মলি বাট্যাল বকুল বদর
এই পাঁচ। [শেষ।
পঞ্চকোল, পঞ্চ বল্কল মিশ্রিত পাচন বি-
পঞ্চগব্য, দধি দুগ্ধ গোমূত্র গোময় ঘৃত।
পঞ্চগুপ্ত, কূর্ম্ম, কচ্ছপ।
পঞ্চচামর, ষোড়শাক্ষর ছন্দোবিশেষ। [শেষ
পঞ্চচূড়া, অপ্সরা বিশেষ, স্বর্গবেশ্যা বি-
পঞ্চজন, পুরুষ; দৈত্য বিশেষ।
পঞ্চতত্ত্ব, পঞ্চ ভূত, পৃথিবী জল তেজঃ বায়ু
আকাশ এই পাঁচ।
পঞ্চতপাঃ, (পঞ্চন্‌-তপস) পঞ্চতাপবিশিষ্ট
তপস্যা বিশেষ। [ধর্ম্ম।
পঞ্চতা, (পঞ্চন) মৃত্যু, মরণ, নিধন. কাল-
পঞ্চতীর্থী, পঞ্চপ্রকার তীর্থ সেবী। [কর্ম্ম।
পঞ্চত্ব, (পঞ্চন) মৃত্যু, মরণ. নিধন; পাঁচের
পঞ্চদশ, (পঞ্চন-দশন) সংখ্যাবিশেষ, ১৫
পঞ্চদশী, পূর্ণিমা; অমাবস্যা।
পঞ্চধা, পঞ্চপ্রকার; পঞ্চবার। [কাদি পঞ্চ।
পঞ্চনখ, হস্তী কূর্ম্ম; ব্যাঘ্র; ভক্ষণীয় শশ-
পঞ্চনদ, পঞ্চ নদী যুক্ত দেশবিশেষ, পঞ্জাব।
পঞ্চনীরাজন, পঞ্চ প্রকার আরতি।
পঞ্চপল্লব, বট অশ্বত্থাদি পঞ্চশাখা। [শেষ
পঞ্চপক্ষী, প্রশ্ন গণনার্থ জ্যোতিষশাস্ত্র বি-
পঞ্চপাণ্ডব, পাণ্ডু রাজার পঞ্চ পুত্র, যথা
যুধিষ্ঠির. ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব।
পঞ্চপাত্র, পঞ্চ পাত্র করণক পার্ব্বণ বিধি-
ক শ্রাদ্ধ।
পঞ্চপিত্ত, বরাহ ছাগ মহিষাদিরপিত্ত।
পঞ্চপ্রদীপ, পঞ্চদীপ যুক্ত আরতি।
পঞ্চপ্রাণ, প্রাণাদি পঞ্চবায়ু, যথা প্রাণ-অ-
পান-ব্যান-উদান-সমান।

পঞ্চপ্রাসাদ, দেবগৃহ বিশেষ, [illegible]।
পঞ্চবক্ত্র, মহাদেব, শিব।
পঞ্চবটী, অশ্বত্থাদি পঞ্চবৃক্ষ যুক্ত স্থান।
পঞ্চবাণ, কামদেব, মদন।
পঞ্চভূত, পৃথ্বী জল তেজঃ বায়ু আকাশ।
পঞ্চভূতাত্মা, প্রাণী, জীব।
পঞ্চম, পঞ্চনসংখ্যার পূরণ, পাঁচওয়া;
রুচির; দক্ষ, নিপুণ
পঞ্চমকার, (পঞ্চম-ম-কৃ) মদ্যমাংসাদি প-
ঞ্চতত্ত্ব। [নিত্য কর্ম্ম।
পঞ্চমহাযজ্ঞ, গৃহের কর্ত্তব্য পঞ্চ প্রকার
পঞ্চমার, বলদেব পুত্র
পঞ্চমাস্য, কোকিল, পিক; মহাদেব।
পঞ্চমী, (পঞ্চন) চন্দ্রের পঞ্চম কলা; ক্রিয়া
কাল, তিথি বিশেষ; দ্রৌপদী।
পঞ্চমুখ, শিব, মহাদেব; সিংহ।
পঞ্চমুখী, বাসকবৃক্ষ, জবাপুষ্প বিশেষ।
পঞ্চমুদ্রা, পূজাতে কর্ত্তব্য পঞ্চ প্রকার মুদ্রা
পঞ্চমূল, পাচন বিশেষ।
পঞ্চমূলা, পাচন বিশেষ।
পঞ্চযজ্ঞ, গৃহস্থের কর্ত্তব্য পঞ্চপ্রকার যজ্ঞ
বিশেষ, যথা ঋষিযজ্ঞ, দেবযজ্ঞ-ভূতযজ্ঞ-
পিতৃযজ্ঞ-নৃযজ্ঞ।
পঞ্চরঙ্গী, বিচিত্রবর্ণ; বহুপ্রকার রঙ্গ।
পঞ্চরত্ন, স্বর্ণাদি পঞ্চ, যথা-স্বর্ণ-রৌপ্য-স্ফ-
টিক তাম্র; বিক্রমাদিত্যের রাজসভাস্থ
পঞ্চ পণ্ডিত।
পঞ্চরসা, আমলকী।
পঞ্চরাত্র, গ্রন্থ বিশেষ।
পঞ্চলবণ, কাচ সৈন্ধব করকচ বিট সৌবর্চ্চ
এই পাঁচ প্রকার লবণ।
পঞ্চলক্ষণ, পুরাণ শাস্ত্র; পঞ্চপ্রকার চিহ্ন।
পঞ্চলাঙ্গলক, মহাদান বিশেষ।
পঞ্চলোহ, স্বর্ণ রজত তাম্রাদি।
পঞ্চশর, কাম, মদন, কন্দর্প।
পঞ্চশস্য, ধান্য মুগ তিল যব শ্বেত সর্ষপ,
এই পাঁচ শস্য। [খাবিশিষ্ট।
পঞ্চশাখ, (পঞ্চন-শাখা) হস্ত, কর, পঞ্চশা-
পঞ্চশিখ, সিংহ, কেশরী।
পঞ্চসূনা, পঞ্চ প্রকার প্রাণী বধস্থান; যথা
চুল্লী উদূখল মুষল সম্মার্জ্জনী কলসী।
পঞ্চস্বরা, জ্যোতিষ গ্রন্থবিশেষ।
পঞ্চস্বরোদয়, জ্যোতিঃশাস্ত্র বিশেষ।
পঞ্চাগ্নি, পঞ্চপ্রকার অগ্নি।

পঞ্চাঙ্গ, (পঞ্চন্-অঙ্গ) পাঁচ প্রকার অঙ্গ কচ্ছপ, অশ্ব বিশেষ।
পঞ্চাঙ্গগুপ্ত কূর্ম্ম, কচ্ছপ, কাছিম।
পঞ্চাঙ্গুল, (পঞ্চন্-অঙ্গুলী) ভেরেণ্ডাবৃক্ষ, পাঁচ অঙ্গুলি পরিমাণ যুক্ত।
পঞ্চায়ত, (পঞ্চন্) পঞ্চজনে সমাজ; স্বজাতীয় শ্রেণীর বিচারসভা।
পঞ্চাতপা, তপস্যা বিশেষ। [কর্ম্ম।
পঞ্চাতী (পঞ্চন্) মিলিত বহুজনের কর্ত্তব্য-
পঞ্চানন, (পঞ্চন্-আনন) শিব, মহাদেব; সিংহ; অতিশয় উগ্র।
পঞ্চান্ন, (পঞ্চপঞ্চাশৎ) সংখ্যা বিশেষ, ৫৫
পঞ্চাবস্থ, (পঞ্চন্-অবস্থা) শব, মৃতদেহ, মরা।
পঞ্চামরা, পঞ্চ প্রকার মতা
পঞ্চামৃত, (পঞ্চন্-অমৃত) একত্রে মিশ্রিত চিনি দুগ্ধ ঘৃত দধি মধু।
পঞ্চাম্নায়, শিবের পঞ্চমুখ হইতে বিনির্গত পাঁচ প্রকার শৈব শাস্ত্রবিশেষ।
পঞ্চাম্র, বৃক্ষ বিশেষের মিলন।
পঞ্চাম্ল, অম্লপঞ্চক।
পঞ্চায়িত, স্বজাতীয় বহু ব্যক্তির বিচার।
পঞ্চার্চ্চি, গ্রহ বিশেষ, বুধগ্রহ।
পঞ্চাল, দেশ বিশেষ, পঞ্জাব দেশ। [চালী।
পঞ্চালিকা, পুত্তলী, পুতুল, গীতবিশেষ, পাঁ
পঞ্চাশ, (পঞ্চাশৎ) সংখ্যাবিশেষ, ৫০।
পঞ্চাশৎ, সংখ্যা বিশেষ, পঞ্চাশ। [শরী।
পঞ্চাস্য, (পঞ্চন্-আস্য) সিংহ, মৃগেন্দ্র, কে-
পঞ্চাস্র, (পঞ্চন্-অস্র) পঞ্চ কোণ বিশিষ্ট, পাঁচকোণা।
পঞ্চেন্দ্রিয়, চক্ষুঃ শ্রোত্রাদি পাঁচ প্রকার জ্ঞান সাধন ইন্দ্রিয় অথবা হস্তাদি পাঁচ কর্ম্মেন্দ্রিয়।
পঞ্চেষু মদন, কামদেব, কন্দর্প।
পঞ্জর, (পজ) শরীরের অস্থি বিশেষ; পাঁজরা; পিঞ্জর; পিঁজরা।
পঞ্জরাখেট, মৎস্য ধারণ বস্ত্র, মাছধরা পোলা
পঞ্জি, সূত্রনালিকা, পাঁইজ।
পঞ্জিকা, (পঞ্জ) তিথি বারাদি জ্ঞাপক পুস্তক বিশেষ, পাঁজী।
পঞ্জিকাকার, (পঞ্জিকা-কৃ) পঞ্জী প্রস্তুত কারক, তিথি বারাদি নির্ণায়ক পুস্তককর্ত্তা।
পঞ্জিকারক, কায়স্থজাতি।
পঞ্জী, (পঞ্জ) পঞ্জিকা, তিথিবারাদি জ্ঞাপক-পুস্তক।

পট, (পট) বসন, বস্ত্র; চিত্র; চিত্রিত বস্ত্র, বৃক্ষবিশেষ, পিয়াল বৃক্ষ।
পটক, (পট) শিবির, তাম্বু, বস্ত্র গৃহ।
পটকা, (পটৎ) অগ্নিখেলার টোটা।
পটকার, (পট-কৃ) চিত্রকর; পটুয়া; তন্তুবায়, বস্ত্র নির্ম্মাতা তাঁতি।
পটকুটী, বস্ত্রবেশ্ম তাম্বু, কানাৎ।
পটচ্চর, জীর্ণবস্ত্র, পচাকাপড়, চৌর।
পটপটী, ঔষধবিশেষ; লতাবিশেষ।
[illegible] বস্ত্রগৃহ, তাম্বু, বস্ত্রনির্ম্মাতা।
পটবাস, বস্ত্রগৃহ, শাটী; সুগন্ধি চূর্ণ
পটবাসক, বস্ত্র সুগন্ধিকারি চূর্ণ বিশেষ।
পটমণ্ডপ, বস্ত্রগৃহ, কানাৎ।
পটময় বস্ত্রাগার, তাম্বু, কানাৎ।
পটল, (পট) ছদ; ঘরের চাল; রাশি, সমূহ, দৃষ্টি আবরক চক্ষুর পরদ; গ্রন্থ পরিচ্ছেদ, বৃক্ষ।
পটলপ্রান্ত চালের অগ্রভাগ, ছাঁইচ।
পটলী, ঘরের ছাদ, চাল।
পটহ, (পট-হন্) ঢক্কাবিশেষ, বাদ্য বিশেষ।
পটাক পক্ষি বিশেষ।
পটাকা পতাকা, ধ্বজা, নিশান। [কল্যাণ।
পটান, (পট) অনুকূলাচরণ; বশ করণ;
পট পট, চপেটাঘাতাদির অব্যক্ত শব্দ।
পটালুকা, জলৌকা, জোঁক।
পটি, (পট) বস্ত্র বিশেষ; এক জাতীয় ব্যবসায়িদের শ্রেণীবদ্ধ বিপণি।
পটিকা, (পট) বস্ত্র, বসন, কাপড়।
পটিষ্ঠ, অতিশয় পটু, সুনিপুণ।
পটী, (পট) পট্টী, বস্ত্র বিশেষ; পর্দ্দা, যবনিকা, তিরস্করিণী; পাড়া, পল্লী।
পটীয়ান, অতিশয় নিপুণ, অতিদক্ষ।
পটীর, (পট) মেঘ, চন্দন, ক্ষেত্র; বায়ুগ্রস্ত
পটু, (পট) নিপুণ, দক্ষ, পারগ; নীরোগ।
পটুক, ফল বিশেষ, পটোল।
পটুকা, (পট) কটিবন্ধন বস্ত্র।
পটুতা, (পটু) নৈপুণ্য, দক্ষতা, পারগতা।
পটুয়া, (পট) চিত্রকর, পট নির্ম্মাণকারক।
পটুরূপ, অতিশয় নিপুণ, বড় পটু।
পটোল, (পট) ফল বিশেষ।
পটোলক, শুক্তি, ঝিনুক।
পটোলপত্র, পলতা, পটোলের শাক।
পটোলিকা, ফলবিশেষ; ঝিঙ্গা। [হওন।
পটক্রন, (পট-ক্র) যুদ্ধে পরাস্ত হওন, ভগ্ন-

পট্ট, (পট) নগর; পেষণ পাষাণ, শিল; চতুষ্পথ, চৌমাথা; পীঠ, পিঁড়ী, ফলক, উষ্ণীষ; পাগড়ী, কৌষেয়বসন, রেশমী কাপড়।
পট্টজ, পট্টবসন, রেশমী কাপড়।
পট্টদেবী, মহাদেবী, প্রধানা মহিষী, পট্টরাণী, পাটরাণী।
পট্টরাণী, পাটরাণী।
পট্টমহিষী, পাটরাণী, প্রধানা মহিষী।
পট্টরঞ্জ, রঙ্গবৃক্ষ বকমগাছ। [রাণী
পট্টরাণী, মহাদেবী, প্রধানা মহিষী, পাট-
পট্টশাক, পাটশাক, নালিতা শাক।
পট্টার্হা, প্রধানা রাজ্ঞী, পাটরাণী। [কুঙ্কুম।
পট্টিশ, (পট) অস্ত্র বিশেষ, পরশু, কুঠারা,
পট্টী, (পট) ললাটভূষা, শিঁথী; অশ্বের বক্ষস্থলস্থ বন্ধনরজ্জু।
পট্টোলিকা, ব্যবস্থা পত্র; পাট্টা।
পট্পটী, লতাবিশেষ।
পঠন, (পঠন) অধ্যয়ন, পাঠ করণ, পড়ন।
পঠনীয় (পঠ) পাঠ্য, পাঠ করিবার যোগ্য
পঠমঞ্জরী রাগিণী বিশেষ।
পঠি, পঠন, অধ্যয়ন, পাঠ, পড়া।
পঠিত, কৃতপাঠ, বাচিত, অধীত, উচ্চারিত
পঠিতব্য, (পঠ) পাঠযোগ্য, পঠোপযুক্ত, পাঠ্য
পড়ন (পঠ-পৎ) পঠন, পতন; আক্রমণ।
পড়সী, (প্রতিবাসিন) প্রতিবাসী।
পড়া, (পঠ-পৎ) পাঠ, অধ্যয়ন, পতন, বিস্তৃত পতিতভূমি।
পড়ান অধ্যাপন, পাঠ করাণ।
পড়িয়ান, (প্রসারণ) বস্ত্রের বুননি সূত্র।
পড়ুয়া, (পঠ) ছাত্র, বিদ্যার্থী, শিষ্য।
পড়ুয়াবিশ্বাস, শিক্ষক, অধ্যাপক।
পণ, (পণ) কুড়ি গণ্ডা, অশীতি কপর্দ্দক; কোট; নিয়ম; প্রতিজ্ঞা; ক্রয়মূল্য।
পণগ্রন্থি, হট্ট, হাট, বাজার।
পণন, বিক্রয়, বেচা। [ওঁকার।
পণব, (প্রণব) বাদ্যযন্ত্র বিশেষ, প্রণব
পণস, পণ্যদ্রব্য, বিক্রেয় সামগ্রী।
পণাঙ্গনা, বেশ্যা, বারাঙ্গনা।
পণাপণ, (পণ-অপণ) মূল্য নির্দ্ধারণ।
পণায়া, ক্রয় বিক্রয় ব্যবহার, কেনা বেচা।
পণায়িত, স্তুত, স্তবকরা।
পণাস্থি, (পণ-অস্থি) কপর্দ্দক, বরাটিক, কড়ী
পণিত, (পণ) ব্যবহৃত; স্তুত পণকরা।
পণিতব্য, (পণ) পণ্য, বিক্রেয়, বেচিবার উপযুক্ত সামগ্রী। [ক্লীব।
পণ্ড, (পড়) ক্লীব, অপুংসক; নিরর্থক, নিপণ্ডতা, বিফলতা, নিরর্থকতা।
পণ্ডশ্রম, অনর্থক আয়াস, বিফল যত্ন, বৃথা কর্ম্মভোগ। [পুরোহিত।
পণ্ডা, (পড়) বেদোজ্জ্বলা বুদ্ধি; জগন্নাথের
পণ্ডাপূর্ব্ব, ফলের জনক অদৃষ্ট।
পণ্ডিত, (পণ্ডা) বিদ্বান্, শাস্ত্রজ্ঞ, ধীর, প্রাজ্ঞ
পণ্ডিতমানী, পণ্ডিতাভিমানী পণ্ডিতের ন্যায় অভিমানকারী, পণ্ডিতম্মন্য।
পণ্ডিতম্মন্য, যে আপনাকে বিদ্বান্ বলিয়া অভিমান করে।
পণ্ডিতাভিমানী, পণ্ডিতম্মন্য, যে আপনাকে পণ্ডিত বলিয়া অভিমান করে।
পণ্য, (পণ) বিক্রেয় দ্রব্য, পণিতব্য, ব্যবহার্য্য। [বিপণি, দোকান।
পণ্যবীথিকা, পণ্য বিক্রয়শালা, হট্ট, হাট
পণ্যবীথী, ক্রয় বিক্রয় স্থান, হাট, বাজার।
পণ্যশালা, বিক্রয় গৃহ, দোকান; হাট।
পণ্যস্ত্রী, বেশ্যা, কুলটা, বারাঙ্গনা।
পণ্যাঙ্গনা, বেশ্যা, কুলটা, বারাঙ্গনা।
পণ্যাঙ্গনাপ্রিয়, বেশ্যাপ্রিয়, লম্পট।
পণ্যাজীব, (পণ্য-আজীব) ক্রয় বিক্রয়কারী, বণিক, বেণিয়া।
পণ্যাজীবক, হট্ট, হাট, বাজার।
পণ্যান্ধা, তৃণ বিশেষ।
পতগ (পত-গম) পক্ষী, বিহঙ্গ, পাখী।
পতঙ্গ, (পত-গম) সূর্য্য, ফড়িঙ্গ, পক্ষী, পারদ, চন্দন।
পতঙ্গম, পক্ষী, বিহঙ্গ, পাখী।
পতঙ্গসম, পতঙ্গতুল্য; অতিলঘু। [মৌমাছী
পতঙ্গিকা, মধুমক্ষিকা বিশেষ, একপ্রকার
পতঞ্চিকা, ধনুর্জ্যা, ধনুকের ছিলা।
পতঞ্জলি মুনিবিশেষ; পাতঞ্জল নামে দর্শন শাস্ত্র কর্ত্তা।
পতৎ, (পৎ) পতনশীল, পতন বিশিষ্ট।
পতত্র, পক্ষ, পাখা।
পতত্রী, পক্ষী, বিহগ, পাখী। [রু।
পতদ্গ্রাহ, (পতৎ-গ্রাহ) [illegible]
পতদ্ভীরু, শ্যেনপক্ষী, [illegible]
পতন, (পৎ) পাত, পতিত হওন।
পতম, চন্দ্র, পক্ষী; পতঙ্গ।
পতয়ালু, (পৎ) পাতুক, পতনশীল, পতন

পত্তুর, (পৎ) লৌহাদির পত্র।
[illegible] ক্ষী; চন্দ্র; ফড়িঙ্গ।
[illegible] (পৎ) ধ্বজা, বৈজয়ন্তী, নিশান।
পতাকী, (পতাক) ধ্বজাযুক্ত, পতাকাধারী
রিষ্টারিষ্ট বোধক চক্রবিশেষ।
পতি, (পা) প্রভু, স্বামী; নায়ক; অধিপতি
পতিঘাতিনী, (পতি-ঘাতিন) স্বামীহত্যা
কারিণী, পতিবিনাশিনী। [পতিনাশিকা।
পতিঘ্নী, (পতি হন) স্বামিহত্যা কারিণী,
পতিত, (পৎ) ভ্রষ্ট; ত্যাজ্য; অব্যবহার্য্য,
শ্রেণিচ্যুত; পাপী; পড়া।
পতিতপাবন, পতিতের পবিত্রকারী।
পতিপ্রাণা, পতিব্রতা, সতী।
পতিবত্নী, সভর্ত্তৃকা, সধবা। [সতী।
পতিব্রতা, (পতিব্রত) স্বাম্যনুরক্তা; সাধ্বী,
পতিম্বরা, (পতি-বৃ) স্বেচ্ছাধীন বিবাহিতা।
পতিহীন, পতিরহিত, স্বামীহীন, বিধবা।
পতেরু, পক্ষী; গমনকর্ত্তা; আঢ়ক; আঢ়ি;
গর্ত্ত, বিবর।
পত্তঙ্গ, রক্তচন্দন; বৃক্ষবিশেষ, বকমগাছ।
পত্তন, (পৎ) নগর; মহতী পুরী; প্রসঙ্গ
উপক্রম, আরম্ভ।
পত্তনবণিক্, নগর বণিক।
পত্তি, (পদ) পদাতিক, সৈন্য; বীর; গতি।
পত্তিসংহতি, সৈন্য সমূহ, বহুপদাতিক,
পদব্রজে গমনকারি সৈন্যদল।
পত্নী, (পতি) বিবাহিতা স্ত্রী, ভার্য্যা, দার।
পত্ন্যাট, পত্নীগৃহ; স্ত্রীর ঘর।
পত্র, (পৎ) দল, পাতা; পালক; শর
লিপি; লিখনাধার, কাগজ।
পত্রক, (পত্র) তেজপত্র, তেজপাত; অঙ্গ
শোভার্থ রচিত পত্রাবলী।
পত্রকুটীর, পত্ররচিত গৃহ, কুঁড়েঘর।
পত্রগুপ্ত, ত্রিকণ্ট, তেঁকাটা সিজ্।
পত্রঙ্গ, রক্তচন্দন।
পত্রদারক, ক্রকচ, করাত।
পত্রনাড়িকা, পত্রশিরা, পাতার শির।
পত্রপরশু, স্বর্ণাদি ছেদক অস্ত্রবিশেষ, ছে-
দনী, কাতুরী, ছেনী।
পত্রপা [illegible] লজ্জা
[illegible] কর্ত্তরী, কাতী।
পত্রপাশ্যা, স্বর্ণাদি রচিত ললাটভূষণ, মস্ত-
কাভরণ বিশেষ, সিঁথি।
পত্রপিশাচিকা, জলত্রা, টোকা।

পত্রপুষ্প, রক্ততুলসী।
পত্রপুষ্পক, ভূর্জ্জপত্র।
পত্রপুষ্পা, তুলসী; ক্ষুদ্রপত্র তুলসী।
পত্রবন্ধ, পুষ্পরচনা।
পত্রবল্লী, পর্ণলতা, পানগাছ।
পত্রবাহ, বাণ, শর; লিপিবাহক।
পত্রবাহক, লিপি বাহক, যে লিপি লইয়া
যায়। [দিতে রচিত পত্রাবলী।
পত্রভঙ্গ, স্ত্রীলোকের স্তন ও কপোল দেশে-
পত্রযৌবন, পল্লব, নূতনপত্র, নবীনপাতা।
পত্ররথ, পক্ষী, বিহঙ্গ, পাখী।
পত্রল, অঘন দধি, পাতলা দই।
পত্রলেখা, পত্রাবলী রচনা, তিলককরণ।
পত্রশ্রেষ্ঠ, বিল্বপত্র, শ্রীফল পত্র।
পত্রসূচি, কন্টক, কাঁটা।
পত্রাখ্য, (পত্র-আখ্যা) তেজপত্র, তেজপাত
পত্রাঙ্ক, (পত্র-অঙ্ক) পুস্তকাদির পত্র বা পৃষ্ঠা
নির্ণায়ক অঙ্ক। [বিশেষ, বকম্ কাঠ।
পত্রাঙ্গ, (পত্র-অঙ্গ) রক্তচন্দন সদৃশ কাষ্ঠ
পত্রাঞ্জন, (পত্র-অঞ্জন) মসী, কালী।
পত্রাঢ্য, পিপ্পলীমূল; পর্ব্বত তৃণ।
পত্রাবলি, (পত্র-আবলী) পত্রশ্রেণী; গৈ-
রিক, তিলক। [পত্রে প্রবিষ্ট।
পত্রারূঢ়, (পত্র-আরূঢ়) পত্রমধ্যে লিখিত;
পত্রিকা, (পত্র) পত্রী, লিপি, পত্র।
পত্রিণী, (পত্র) পল্লব, পালা।
পত্রী, (পত্র) লিপী; পক্ষী; বাণ; পত্র-
বিশিষ্ট। [লিকা, কুঁড়।
পত্রোল্লাস, (পত্র-উল্লাস) মুকুল, বউল; ক-
পৎসল, পন্থা, বর্ত্ম, মার্গ, পথ।
পথ, (পথিন) বর্ত্ম, পন্থা, মার্গ।
পথদর্শক, যে পথ দেখায়; উপদেশক।
পথান্তর, (পথিন-অন্তর) ভিন্ন পন্থা, অন্য
পথ, অন্য মার্গ।
পথিক, (পথিন) পান্থ, পথিস্থ, অধ্বন্য।
পথিকশালা, পান্থগৃহ, সরাই, উতরখানা।
পথিকাবাস, (পথিক-আবাস) পান্থশালা,
সরাই, আড্ডা।
পথিকাশ্রয়, (পথিক-আশ্রয়) পান্থলোকের
আশ্রয়স্থান; পথিক শালা। [স্থিত বৃক্ষ।
পথিদ্রুম, খদিরবৃক্ষ; শাদা খয়ের; পথ-
পথিবাহক, নিষ্ঠুর; ভারবাহক।
পথিল, পথিক, পান্থ, পথস্থ।
পথী, পথাবলম্বী; পথিক, পান্থ।

পথ্য, (পথিন) চিকিৎসার হিতকারক ; রোগির বিহিত আহার ; হিত। [ভোজী।

পথ্যভোক্তা, (পথ্য-ভোক্তৃ) পথ্যাশী, পথ্য-

পথ্যা, হরীতকী ফল। [খাদ্যদ্রব্য।

পথ্যাপথ্য, (পথ্য-অপথ্য) রোগির হিতাহিত

পদ, (পদ) চরণ, পাদ ; স্থান ; চিহ্ন ; ব্যবসায় ; গীত ; মহিমা ; শব্দ ; বাক্য।

পদক, (পদ) পদজ্ঞাতা ; স্বনাম খ্যাত কণ্ঠভূষণ বিশেষ। [মন কারী।

পদগ, (পদ-গম) পদাতিক ; পদ দ্বারা গ-

পদচ্যুত, মহিমা ভ্রষ্ট, স্থান ত্যক্ত।

পদতল, চরণের অধোভাগ, পায়ের তালুয়া

পদন্যাস, শব্দ রচনা ; পদক্ষেপ।

পদবী, (পদ) পদ্ধতি, উপাধি ; পন্থা, পথ।

পদব্রজ, পদদ্বারা গমন, পায়ে চলন।

পদভঞ্জন, গূঢ়ার্থ শব্দের ব্যাখ্যা করণ ; পদভঙ্গ করণ। [বিবৃতি।

পদভঞ্জিকা, পঞ্জিকা, পাঁজি ; টীপ্পনী ; টীকা,

পদভ্রষ্ট, পদচ্যুত, পদভ্রংশ, স্থান ত্যক্ত।

পদমালা, মোহিনীবিদ্যা ; পদসমূহ।

পদরথী, (পদ-রথ), পরিধেয় বস্ত্র ; পাদাবরণ, মোজা। [প্রাপ্ত ; ভার প্রাপ্ত।

পদস্থ, (পদ-স্থা) কর্ম্মে নিযুক্ত ; মহিমা

পদহর, (পদ-হৃ) শব্দ চোর ; পদহানি।

পদাঘাত, (পদ-আঘাত) পদ দ্বারা প্রহার

পদাঙ্ক, (পদ-অঙ্ক) পদচিহ্ন, পায়ের দাগ।

পদাঙ্গুলি, (পদ-অঙ্গুলি) পায়ের অঙ্গুল।

পদাঙ্গুষ্ঠ, (পদ-অঙ্গুষ্ঠ) পায়ের বৃদ্ধাঙ্গুলি, পায়ের বুড়া আঙ্গুলী।

পদাজি, পদাতিক, পদব্রজে যুদ্ধকারি সেনা

পদাতি, (পদ) পদাতিক, পদদ্বারা গমনকারি সেনা ; পেয়াদা।

পদাতিক, (পদ) পেয়াদা ; পদদ্বারা গমনকারি সেনা। [পদ সঙ্কেত।

পদান, সংকীর্ত্তন, স্তব করণ, প্রশংসাকরণ ;

পদানত, (পদ-আনত) পদতলে পতিত ; নিতান্ত বশীভূত। [মুহু ; চুম্বন।

পদাবলী, (পদ-আবলী) পদশ্রেণী ; পদস-

পদার, পদধূলি, চরণরজ, পাদরেণু।

পদারবিন্দ (পদ-অরবিন্দ) পাদপদ্ম, কমলতুল্য চরণ।

পদার্থ, (পদ-অর্থ) বস্তু, অর্থ ; পৃথিব্যাদি-সাত ; পদের তাৎপর্য্য, শব্দের প্রতিপাদ্য

পদার্পণ, (পদ-অর্পণ) চরণ ন্যাস, পদক্ষেপ

পদাসন, (পদ-আসন) পাদপীঠ, পা রাখা টুল

পদিক, পদাতিক, পদব্রজে গমনকারি সেনা

পদী, (পদ) নৌকার পরিমাণ ; পদবিশিষ্ট

পদীম, (প্রদীপ) দীপ, আলোকাধার।

পদুয়া, (পদ) পদসাধক, পদজ্ঞ।

পদুয়াবিক্রয়, থোকে বিক্রয়, একেবারে বেচা। [সর্ব্বত্র।

পদে২, (পদ) প্রত্যেক স্থানে ; প্রতি শব্দে ;

পদো, (পদ) পদজ্ঞ, পদসাধক।

পদ্দী, (পদ) পদ্ধতি, উপাধি, পদবী।

পদ্ধতি, (পদ-হন) বর্ত্ম, পথ ; পংক্তি, শ্রেণী পদবী, উপাধি।

পদ্ধতী, উপাধি, পথ ; শ্রেণী।

পদ্ম, (পদ) উৎপল, পঙ্কজ, কমল ; সংখ্যা বিশেষ ; ব্যূহবিশেষ। [বিন্দু সমূহ।

পদ্মক, বিন্দুজালক ; হস্তির মুখাদিতেস্থিত

পদ্মকন্দ, শালুক ; পদ্মমূল।

পদ্মকলিকা, পদ্মমুকুল, অপ্রস্ফুটিত কমল

পদ্মকাষ্ঠ, ঔষধ বিশেষ ; পদ্মবৃক্ষ।

পদ্মকীকী, ভূর্জ্জবৃক্ষ।

পদ্মকেশর, কিঞ্জল্ক, পদ্মের পাবড়ী।

পদ্মগন্ধ, পদ্মপুষ্পের তুল্য সুগন্ধি।

পদ্মগর্ভ, ব্রহ্মা, প্রজাপতি।

পদ্মজন্মা, ব্রহ্মা ; পদ্ম হইতে উৎপন্ন।

পদ্মতন্তু, মৃণাল, পদ্মের ডাঁটা।

পদ্মনাভ, বিষ্ণু, নারায়ণ

পদ্মনাল, মৃণাল, পদ্মের ডাটা।

পদ্মনেত্র, পদ্মপুষ্পের দলসদৃশ চক্ষুবিশিষ্ট।

পদ্মপর্ণ, পদ্মপত্র, পদ্মপাতা।

পদ্মপলাশলোচন, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

পদ্মপাণি, ব্রহ্মা ; সূর্য্য ; পদ্মহস্ত।

পদ্মপ্রিয়া, মনসাদেবী ; জরৎকারু মুনি-পত্নী ; আস্তিকমুনির মাতা।

পদ্মবন্ধ, চিত্রকাব্য বিশেষ।

পদ্মবন্ধু, ভ্রমর, অলি ; সূর্য্য, দিবাকর।

পদ্মবাসা, লক্ষ্মী, কমলা।

পদ্মভু, ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।

পদ্মমুখী, (পদ্ম-মুখ) যে স্ত্রীলোকের পদ্মের ন্যায় সুশোভন মুখ।

পদ্মযোনি, ব্রহ্মা, প্রজাপতি, হিরণ্যগর্ভ।

পদ্মরাগ, মণিবিশেষ, চুণী।

পদ্মলাঞ্ছন, সূর্য্য ; কুবের ; রাজা ; ব্রহ্মা।

পদ্মলাঞ্ছনা, তারা ; লক্ষ্মী ; সরস্বতী।

পদ্মলোচন, পদ্মের ন্যায় চক্ষু বিশিষ্ট।

পয়োগড়, ঘন, উপল, দ্বীপ।
পয়োজন্মা, মেঘ, জলধর, বারিদ।
পয়োধর, (পয়স-ধৃ) মেঘ, স্তন; নদী।
পয়োধি, (পয়স-ধি) সাগর, সমুদ্র, বারিনিধি
পারাবাধিক, সমুদ্র, ফণা।
পয়োনিধি (পয়-নি-ধা) সমুদ্র, সাগর।
পয়োর, খদির, খএর।
পর, (পৃ) অন্য, উত্তম, ভিন্ন; দূর, উত্তর
অনাত্মীয়, শত্রু; প্রধান, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ
অধিক, পশ্চাৎ।
পরশত, শতাধিকসংখ্যা, শতোত্তীর্ণ।
পর শ্বঃ, শ্বঃ পরদিন; পরশু।
পরসহস্র, সহস্রাধিক সংখ্যা।
পরকল, (পর-কল) স্বচ্ছ মৃত্তিকাবিশেষ,
দর্পণ [বলোক।
পরকাল, উত্তরকাল; শেষকাল; পরত্র, প-
পরকীয়, (পর) অন্যসম্বন্ধীয়, ভিন্নবিষয়।
পরকীয়া, (পর) অন্যদীয়া যোষা; পর পুরুষগামিনী স্ত্রী।
পরখ, (পরীক্ষা) পর্য্যালোচনা; পরখাই।
পরখাই, (পরীক্ষা) পরীক্ষা করণ, বিবেচনা করণ।
পরগণা, বাং) প্রদেশ ও কলা।
পরগ্রন্থ, অন্য গ্রপর্বর আজুলব পাব।
পরচাল, পরছতী, চালের প্রান্ত ভাগ।
পরচুল, ছিন্নকেশ, কৃত্রিমকেশ শণ দি নির্ম্মিত চুল।
পরচ্ছন্দ, পরাধীন পরায়ত্ত। নি, আলায়া।
পরচ্ছায়া, ভিন্নচ্ছায়া, অপদেবতা, ভূতযোপব গ্র, পরদোষ পরের গ্লানি।
পরছন্দ, (পর-ছন্দ) চালের শেষভাগ, পরচালা। [বিশেষ।
পরজ, (পর-জন) অন্যদ্বারা উৎপন্ন; রাগিণী
পরজাত, অন্যদ্বারা উৎপন্ন; অন্যকর্তৃক
পালিত। [অন্যোক্ত জয়করা।
পরজিৎ পরপুষ্ট শত্রু কর্তৃক পরাভূত,
পরঞ্জ, তৈলযন্ত্র, ঘানি, ফেনা।
পরঞ্জন, বরুণ, জলাধিপতি।
পরঞ্জয় শত্রু জয়কর্ত্তা, বরুণ।
পরণ (পর) বস্ত্রাদি পরিধান কার্য্য [বিষয়
পরতঃ (পর) অন্যতঃ অন্যদ্বারা, ভিন্নপরতন্ত্র, পরাধীন, অন্যবশ
পরতল বস্ত্রের তালী, কাপড়।
পরত্র, (পর) অন্যত্র, পরকাল।

পরত্রভীরু, ধার্ম্মিক, পরকালের ভয়শীল।
পরদার, পরস্ত্রী, পরভার্য্যা, মৈথুন।
পরদারগমন, পরস্ত্রী গমন, পর নারীহরণ।
পরদারগামী, ব্যভিচারী, লম্পট, পরস্ত্রী-গমনকারী।
পরদারী, ব্যভিচারী, কামুক, লম্পট।
পরদুঃখ, অন্য জনের পীড়া, অন্যের ক্লেশ।
পরদ্রোহ, পরানিষ্ট, পরপীড়ন, পরের মন্দ করণ।
পরদেশ, ভিন্নদেশ; প্রবাস।
পরদ্বেষী (পর-দ্বিষ) বিদ্বেষক; পরের হিংসাকারী। [ষ্ট কারক, বিদূষক।
পরদ্বেষ্টা, (পর-দ্বেষ্টৃ) পরহিংসক, পরানিপরন্তপ পরতাপী, পরপীড়ক।
পরন্তু, (পরং-তু) অধিকন্তু, অপর।
পরপত্রগ, (পর-পত্র-গম) সঙ্কেত বাক্য,
কপটবাক্য।
পরপদ, ভিন্ন পদ, শ্রেষ্ঠ স্থান মুক্তিস্থল।
পরপর উত্তরোত্তর, ভিন্নং; ক্রমেং।
পরপাকনিবৃত্ত, পরান্ন ত্যাগী।
পরপাকরত, পরপাকেতে যাহার রুচি, পরান্নে প্রবৃত্তিশালী।
পরপিণ্ডাদ, পরান্নোপজীবী, পরান্নভোগী।
পরপুর প্রবেশক, কুহক, ভেল্কী, পরগৃহে গমনকারী।
পরপুরুষ, বিষ্ণু, অন্য পুরুষ, পর-নায়ক।
পরপুষ্ট, কোকিল, পিক, অন্যভৃত।
পরপুষ্টমহোৎসব আম্র, সহকার; আম।
পরপুষ্টা, (পর-পুষ্ট) গণিকা, বেশ্যা, পরাশ্রেযা, পরসাঁড়া।
পরপূর্ব্বা, যে স্ত্রীর অন্য একজন স্বামী পূর্ব্বে ছিল, অন্যপূর্ব্বা দ্বিরূঢ়া।
পরপ্রতিনপ্তা, (পর-প্রতি-নপ্তৃ) বৃদ্ধ প্রপৌত্র, প্রপৌত্রের পুত্র।
পরপ্রপৌত্র, বৃদ্ধপ্রপৌত্র, প্রপৌত্রের পুত্র
পরব, (পর্ব্ব) উৎসব, আহ্লাদজনক ক্রিয়া
পরবঞ্চক, পরপ্রতারক, পরপ্রবঞ্চক, শঠ, ধূর্ত্ত।
পরবশ, অন্যের বশ, যুক্ত; পরাধীন, পরতন্ত্র
পরবাণি ধর্ম্মাধ্যক্ষ, বৎসর; ময়ূর।
পরবাঞ্ছিত, অন্যের অভিপ্রায়, পরের ইচ্ছিত
পরবান্, পরাধীন, পরাশ্রিত, অনুবর্ত্তী
পরভৃত, রাজা ভৃত্যাদি।
পরব্রহ্ম (পর-ব্রহ্মন্) পরমাত্মা, পরম পুরুষ

পরভাগ, গুণোৎকর্ষ, সুসম্পত্তি ; ভাগ্য।
পরভুক্তা, অন্যপুরুষ সম্ভোগবিশিষ্টা, পর-
পুরুষ রতা।
পরভৃৎ, কাক, বায়স।
পরভৃত, কোকিল, অন্যপুষ্ট ; পরপোষিত
পরম (পর-মা) উৎকৃষ্ট, প্রধান, আদ্য, শ্রেষ্ঠ
পরমগতি, মুক্তি, মোক্ষ ; উৎকৃষ্ট গতি।
পরমপদ, শ্রেষ্ঠস্থান ; উত্তমপদ ; মুক্তিপদ ;
পরদেবতার ধাম।
পরমপুরুষ, পরমাত্মা, বিষ্ণু।
পরমব্রহ্ম, পরমেশ্বর, পরমাত্মা, নারায়ণ।
পরমলাভ, মুক্তিলাভ ; উত্তম লাভ।
পরমহংস, সন্ন্যাসি বিশেষ, যোগী।
পরমাণু (পরম-অণু) অতিসূক্ষ্ম বস্তু, কণামাত্র
পরমাণ্বঙ্গক, (পরমাণু-অঙ্গ) বিষ্ণু, জনার্দ্দন
পরমাত্মা, (পরম-আত্মন) পর ব্রহ্ম, পরম
দেবতা। [নারায়ণ।
পরমাদ্বৈত, (পরম-অদ্বৈত) বিষ্ণু, পরব্রহ্ম,
পরমান্ন, (পরম-অন্ন) পায়স, দুগ্ধ পক্কান্ন।
পরমায়ু, (পরম-আয়ুস) জীবিতকাল, আয়ু
পরমার্থ, (পরম-অর্থ) উৎকৃষ্ট বস্তু, যথার্থ ;
তত্ত্ববিষয়। [বিষ্ণু।
পরমৃত্যু, কাক, বায়স।
পরমেশ্বর, (পরম-ঈশ্বর) পরব্রহ্ম ; শিব ;
পরমেশ্বরী, পরমেশ্বরের শক্তি ; পরদে-
বতা, ব্রহ্মরূপিণী।
পরমেষ্ঠী, ব্রহ্মা, পিতামহ ; শালগ্রাম বিশেষ
পরম্পর, (পর-পর) প্রপৌত্র পুত্র, বৃদ্ধপ্র-
পৌত্র ; মৃগবিশেষ।
পরম্পরা, (পর) অন্বয় বংশ, সন্তান ; অনু-
ক্রম, ক্রমেং, আনুপূর্ব্বী ; বধ, হিংসা
পরম্পরাক, যজ্ঞার্থ পশুবধ।
পরম্পরাগত, (পরম্পরা-আগত) ক্রমাগত,
ক্রমেং প্রাপ্ত। [অন্যান্য দ্বারা।
পরম্পরায়, ক্রমেং ; আনুপূর্ব্বী অনুসারে ;
পরম্পরায়াত, (পরম্পরা-আয়াত) পরম্পরা
গত, ক্রমাগত, ক্রমেং প্রাপ্ত।
পরম্পরীয়, পরম্পরা প্রাপ্ত, ক্রমাগত।
পরলোক, অন্যলোক, স্বর্গাদি ; লোকান্তর
পরলোকগমন, মৃত্যু, মরণ, নিধন, লোকা-
ন্তর গমন। [মণি, পরশপাতর।
পরশ, (স্পৃশ) স্পর্শ ; রত্নবিশেষ ; পরশ-
পরশাড়া, (পর-আশ্রয়) লতাবিশেষ ; স্তাবক
পরশু, (পর-শৃ) কুঠার, কুড়ালি।

পরশুধর, গণেশ ; কুঠারধারী।
পরশুরাম, ভগবানের অবতার বিশেষ ;
ষোড়শ অবতার।
পরশ্ব, (পর-শ্বস) শ্বঃ পর দিন, আগামী
তৃতীয় দিবস।
পরশ্বধ, (পরশু) কুঠার, কুড়ালি।
পরসংজ্ঞক, আত্মা, জীব।
পরস্ত, (পর-অস) ছন্দোবিশেষ।
পরস্বধ, কুঠার, কুড়ালি।
পরস্পর, (পর) অন্যোন্য ; ইতরেতর।
পরক্ষেত্র, পরপত্নী ; পর শরীর ; পরভূমি,
অন্যের ক্ষেত্র।
পরা, বিমোক্ষ ; প্রাধান্য ; আভিমুখ্য ;
বিক্রম, গতি ; বধ ; উপসর্গ বিশেষ ; ভঙ্গ
অনাদর ; ক্ষুদ্র ; রোগবিশেষ ; জন্তুবিশেষ
পরাক, (পর-অক) ব্রত বিশেষ ; খড়্গ ;
পরাকপুষ্পী, অপামার্গবৃক্ষ, আপাংগাছ।
পরাক্রম, (পরা-ক্রম) শক্তি, বীর্য্য, বিক্রম,
প্রতাপ। [রহিত, দুর্ব্বল।
পরাক্রমশূন্য, শক্তিহীন, নির্বীর্য্য, প্রতাপ-
পরাক্রমী, বীর্য্যবান্, বিক্রমী, প্রতাপান্বিত,
বলবান। [বিক্রমশালী।
পরাক্রান্ত, (পরা-ক্রম) বীর্য্যবান, শক্তিমান্,
পরাগ, (পরা-গম) পুষ্পরেণু, পুষ্পধূলি।
পরাঙ্গদ, শিব, মহেশ, মহাদেব।
পরাঙ্গব, সমুদ্র, পয়োনিধি ; জলধি।
পরাঙ্মুখ, (পরাক্-মুখ) বিমুখ, বহির্মুখ।
পরাচিত, পরপুষ্ট, পরদ্বারা প্রতিপালিত।
পরাচীন, পরাঙ্মুখ, বিমুখ।
পরাজয়, (পরা-জি) পরাভব, ভঙ্গ, হারি।
পরাজয়ী, (পরাজয়) পরাজিত, পরাস্ত, হারা
পরাজিত, (পরা-জি) কৃতপরাজয়, হারিত,
পরাভূত, বিজিত, নির্জ্জিত। [করণোপযুক্ত
পরাজেয়, (পরা-জি) পরাজিত ; পরাজয়
পরাঞ্জ, তৈলযন্ত্র, ঘানি ; ফেনা।
পরাণ, (পরা) বস্ত্রাদি পরিধান করাণ ; প্রাণ
জীবন। [ষ্ঠ ; পরমাত্মা, পরমেশ্বর।
পরাৎপর, (পরাৎ-পর) শ্রেষ্ঠ হইতেও শ্রে-
পরাৎপ্রিয়, তৃণবিশেষ, উলুখড়। [প্রধান।
পরাধীন, (পর-অধীন) পরবশ, পরতন্ত্র, না-
পরানস, চিকিৎসা, রোগ প্রতিকার।
পরান্ন, (পর-অন্ন) পরের অন্ন, অন্য স্বামিক
অন্ন, পরভক্ত ; পরপিণ্ড
পরান্নভোক্তা, অন্যের অন্নে উপজীবী

পরান্নভোজী, পর পোষিত, পরান্নে প্রতি-
পালিত, পর পিণ্ডাদ।

পরান্নোপজীবী, (পরান্ন-উপজীবিন্) পরপিণ্ডাদ, পরান্নভোজী, পরের অন্নে জীবিত।

পরাপবাদ, (পর-অপবাদ) পরনিন্দা, অন্যের কুৎসা, পরগ্লানি।

পরাপর, পর এবং অপর।

পরাপরগুরু, গুরু বিশেষ গুরুর গুরু।

পরাবজ্ঞ, (পর-অবজ্ঞা) তুচ্ছকারী; ঘৃণাকারী; অবহেলক, অবজ্ঞাত।

পরাবজ্ঞা, ঘৃণা; অতিশয় তুচ্ছতা।

পরাবর্ত, (পরা-বৃৎ) পরিবর্ত্ত, বিনিময়।

পরাবর্ত্তন, (পরা-বৃৎ) প্রত্যাগমন, পুনরাগমন, ফিরণ।

পরাবর্ত্তনীয়, পরাবর্ত্ত্য, প্রত্যাগমন যোগ্য

পরাবহ, সপ্ত বায়ুর অন্তর্গত সপ্তমবায়ু, পরিবহ বায়ুর উর্দ্ধস্থ বায়ু।

পরাবৃত্ত, (পরা-বৃৎ) পুনরাগত, প্রত্যাগত।

পরাবৃত্তি, (পরা-বৃৎ) প্রত্যাগমন, পুনরাগমন।

পরাভব, (পরা-ভু) পরাজয়, হারণ, পরিভব
তিরস্কার; উৎপাত; বিনাশ। [জিত, হারা।

পরাভূত, (পরা-ভু) পরাজিত, পরাস্ত, নি-

পরামনন, (পরা-মন) চিন্তন, অনুতাপ;
অধর্ম করিয়া পশ্চাতাপ। [না; বিতর্ক।

পরামর্শ, (পরা-মৃশ) মন্ত্রণা; যুক্তি; বিবেচ-

পরামর্শী, (পরা-মৃশ) মন্ত্রী; পরামর্শ দাতা,
যুক্তি দায়ক। [না পত।

পরামাণিক, (প্রামাণিক) স্বর জাতিরকর্ত্তা;

পরাম্বৃত, বর্ষণ, বৃষ্টি।

পরামৃষ্ট, (পর-আমৃষ্ট) সম্বন্ধ, সম্বন্ধযুক্ত; বিবেচিত, পরামর্শ করা।

পরায়ণ, (পর-অয়) তৎপর, নিপুণ; আশ্রিত

পরারি, (পর-অরি) পূর্ব্বতর বৎসর, গত
তৃতীয়বর্ষ, পর শত্রু।

পরারু, কারবেল্ল, করলা।

পরারুক, প্রস্তর, শিলা, পাষাণ, পাতর।

পরার্থ, (পর-অর্থ) পরের নিমিত্ত, স্বার্থ
ভিন্ন। [নিমিত্ত কথা কহে।

পরার্থবাদী, (পরার্থ-বাদিন্) যে অন্যের

পরার্দ্ধ, লক্ষ কোটি; শেষ সংখ্যা।

পরার্দ্ধ্য, প্রধান, শ্রেষ্ঠ, সর্ব্বোৎকৃষ্ট।

পরাশর, ব্যাসপিতা শক্তিমুনি পুত্র।

পরাশরী, চতুর্থাশ্রমী, ভিক্ষু।

পরাশ্রয়, (পর-আশ্রয়) পরাবলম্বন, পরাধীনতা গ্রহণ। [তা।

পরাশ্রয়া, বৃক্ষোপরি জাত লতা, পর সেব-

পরাশ্রিত, অন্যের আশ্রয়ে স্থিত, পরাধীন, পরবশ।

পরাসন, মারণ, হনন, বধ।

পরাসু, মৃত, মরা, গত প্রাণ।

পরাসুতা, মৃতত্ব, মরণ; নিদ্রাপরবশতা।

পরাসেধ, (পর-আসেধ) অন্যকর্ত্তৃক আসেধিত, অন্য দ্বারা বন্দীকৃত।

পরাস্কন্দী, চোর, তস্কর, অপহারক। [হারা।

পরাস্ত, (পরা-অস) পরাজিত, পরাভূত,

পরাহ, (পর-অহন) পরদিন, পরদিবস।

পরাহ্ন, অপরাহ্ন, বিকাল।

পরি, উপসর্গ, নিশেষ, সর্ব্বতোভাব; শেষ।

পরিকথা, কাব্য বিশেষ।

পরিকম্প, ভয়; কম্পন, কাঁপা।

পরিকর, কটি বন্ধন, কোমর বাঁধ; পর্য্যঙ্ক, খট্টা, খাট; পরিবার; সমারম্ভ, সমূহ;
সহকারী। [সংস্কার।

পরিকর্ম্ম, (পরি-কর্ম্মন) কুঙ্কুমাদি দ্বারা অঙ্গ

পরিকর্ম্মী, পরিচারক, সেবক।

পরিকল্পনা, (পরি-ক্লৃপ) উপায় চিন্তা; চেষ্টা

পরিকল্পিত, নির্দ্ধারিত, স্থিরীকৃত।

পরিকাঙ্ক্ষিত, তপস্বী, যোগি, মুনি।

পরিকীর্ত্তন, (পরি-কৃৎ) প্রস্তাব; গল্প; প্রতিষ্ঠা করণ, সর্ব্ব প্রকারে প্রশংসন।

পরিকীর্ত্তিত, (পরি-কৃৎ) প্রকাশিত, কথিত
প্রস্তাবিত, প্রতিষ্ঠিত। [দ্বার, প্রদক্ষিণ।

পরিক্রম, ক্রীড়ার্থ পদ দ্বারা গমন, পদবি-

পরিক্রমসহ, অজ, ছাগ, ছাগল।

রিক্রিয়া, পরিখার জলাদি দ্বারা বেষ্টন।

পরিখা, (পরি-খন) রাজধান্যাদি বেষ্টন
খাত, গড়খাই।

পরিখ্যাত, বিখ্যাত, প্রথিত, প্রসিদ্ধ।

পরিগণিত, (পরি-গণ) সর্ব্বতোভাবে গণনা করা, সংখ্যা করা, গণা।

পরিগত, (পরি-গম) প্রাপ্ত, পাওয়া; লব্ধ,
খিদিত, জ্ঞাত; চেষ্টিত; বেষ্টিত।

পরিগৃহীত, (পরি-গ্রহ) স্বীকৃত, গ্রহণ করা

পরিগৃহ্যা, নারী; স্ত্রী, বনিতা।

পরিগ্রহ, আদান, স্বীকার, প্রতিগ্রহ, গ্রহণ

পরিজন, পরিবার; পত্নী; শপথ, দিব্য।

পরিগ্রাহ, যজ্ঞবেদিবিশেষ।

পরিঘ, (পরি-হন্) লৌহবদ্ধ লগুড়, লোহময়যষ্টি, গদা, মুদ্গর; শূল; অর্গল, হুড়কা।
পরিঘাত, অস্ত্র; হনন; আঘাত।
পরিঘাতন, সর্ব্বতোভাবে হনন; পরিঘ, অস্ত্র দ্বারা প্রহার করণ।
পরিঘোষ, শব্দ; মেঘশব্দ; অবাচ্য।
পরিচয় (পরি-চি) বিশেষ রূপে জ্ঞান; জানা, চেনা, আলাপ।
পরিচরিত, (পরি-চর) সেবিত, শুশ্রূষিত
পরিচর্য্যা, (পরি-চর) সেবা, শুশ্রূষা; উপাসনা
পরিচায়ক, (পরি-চি) জ্ঞাপক, বোধক, আলাপক, যাহার দ্বারা পরিচয় পাওয়াযায়।
পরিচায্য, যজ্ঞীয় অগ্নিবিশেষ।
পরিচারক, (পরি-চর) ভৃত্য, সেবক, চাকর শুশ্রূষাকারী। [যোগ্য।
পরিচার্য্য, সেব্য, সেবনীয়; শুশ্রূষাকরিবার
পরিচিত, (পরি-চি) পরিচয়বিশিষ্ট, জ্ঞাত, চেনা। [র উপযুক্ত।
পরিচেয়, (পরি-চি) পরিচয় যোগ্য, চিনিবা-
পরিচ্ছদ, (পরি-ছদ) বস্ত্র; বেশ; বসন ভূষণাদি; পরিধান, আচ্ছাদন; পোষাক।
পরিচ্ছন্দ, (পরি-ছদ) পরিচ্ছদ, বস্ত্র, পোষাক
পরিচ্ছন্ন, (পরি-ছদ) পরিহিত, সমাচ্ছাদিত, পরিষ্কৃত, পরিশুদ্ধ। [নিষ্পত্তি।
পরিচ্ছিত্তি, (পরি-ছিদ) ব্যবধান; বিচ্ছেদ;
পরিচ্ছিন্ন, (পরি-ছিদ) সীমাবদ্ধ, পরিমিত পরিচ্ছেদ বিশিষ্ট অবধিযুক্ত।
পরিচ্ছেদ, (পরি-ছিদ) সীমা; শেষ; বিভাগ; প্রকরণ; ব্যবধান।
পরিজন, পরিবার; পুত্র কলত্রাদি পোষ্যবর্গ; স্বজন। [অনল, বহ্নি।
পরিজন্মা, নিশাকর, চন্দ্র, শশাঙ্ক; অগ্নি
পরিজবা, দেবরাজ, ইন্দ্র; অগ্নি, বহ্নি।
পরিজ্ঞাত, (পরি-জ্ঞা) জানিত, বিদিত, অবগত, বিশেষরূপে জ্ঞাত।
পরিজ্ঞান, (পরি-জ্ঞা) নিশ্চয় বোধ, সর্ব্বতোভাবে অবগতি; বিশেষরূপে জানা।
পরিজ্ঞাপন, (পরি-জ্ঞা) জ্ঞাত করাণ, জানান; প্রত্যয় করাণ, বিশ্বাস জন্মান।
পরিডীনক, পক্ষির গতি বিশেষ।
পরিণত, (পরি-নম) পরিণাম প্রাপ্ত, পক্ক, পাকা; সর্ব্বতোভাবে নত। [হওন।
পরিণতি, (পরি-নম) পরিণাম, পাকন, শেষ
পরিণয়, (পরি-নী) বিবাহ, দারপরিগ্রহ।

পরিণয়ন (পরি-নী) বিবাহকরণ, পাণিগ্রহণ
পরিণাম, (পরি-নম) অবস্থান্তর প্রাপ্তি; বিকার; ভাবান্তর প্রাপণ; উত্তরকাল; শেষ। [দর্শী।
পরিণামদর্শক, বিজ্ঞ, দূরদর্শক; পরকাল-
পরিণামদর্শী, দূরদর্শী, বিজ্ঞ; পরকাল দর্শী; শেষদর্শক।
পরিণামবিরুদ্ধ অস্বাভাবিক; শেষবিরুদ্ধ।
পরিণামশূল, রোগবিশেষ।
পরিণাহ, (পরি-নহ) পরিসর, বিস্তার, ওসার চৌড়া; বিশালতা।
পরিণীতা, (পরি-নী) বিবাহিতা, ঊঢ়া পাণিগৃহীতা। [পতি।
পরিণেতা, (পরি-নী) বিবাহকর্ত্তা, ভর্ত্তা
পরিতঃ সর্ব্বতঃ, চতুর্দ্দিকে। [মনস্তাপিত
পরিতপ্ত, (পরি-তপ) সন্তাপিত, দুঃখিত,
পরিতাপ, (পরি-তপ) মনস্তাপ, সন্তাপ, ক্লেশ, দুঃখ, শোক; অতিশয় উষ্ণ।
পরিতুষ্ট, (পরি-তুষ) সন্তুষ্ট, আহ্লাদিত, আনন্দিত।
পরিতুষ্টি, সন্তোষ, তৃপ্তি, আহ্লাদ।
পরিতোষ (পরি-তুষ) হর্ষ, তৃপ্তি; সন্তোষ; আহ্লাদ। [হর্ষজনক।
পরিতোষজনক, সন্তোষজনক; তৃপ্তিকর
পরিত্যাগ, (পরি-ত্যজ) সর্ব্বতোভাবে বিসর্জ্জন, বর্জ্জন, ত্যাগ।
পরিত্যাগী, পরিত্যাগ কর্ত্তা, বিবর্জ্জক।
পরিত্রাণ, (পরি-ত্রৈ) মারণোদ্যত হইতে রক্ষাকরা, রক্ষণ; মোচন; নিষ্কৃতি।
পরিত্রাতা, (পরি-ত্রৈ) নিস্তারক; রক্ষক, মোচন কর্ত্তা। [কর্ত্তা, রক্ষক।
পরিত্রায়ক, (পরি-ত্রৈ) নিস্তারক, পরিত্রাণ-
পরিদান (পরি-দা) পরিবর্ত্ত, বিনময়, বদল।
পরিদেবন, (পরি-দিব) অনুশোচন, অনুতাপ, পশ্চাত্তাপ, পশ্তান
পরিদেবনা, (পরি-দিব) শোকনিমিত্ত বিলাপ; পশ্চাত্তাপ; বিবেচনা; পরিণামে চিন্তা; পশ্চাদ্ভাবনা। [বসন, অধোংশুক
পরিধান, (পরি-ধা) বস্ত্রাদি ধারণ; পরিধেয়
পরিধাপন, (পরি-ধা) পরিধানকরান; পরান
পরিধাবন, (পরি-ধাব) পশ্চাতে দ্রুত গমন; ধাবন, দৌড়ন; বিবেচন; চিন্তন
পরিধান পরিচ্ছদ; নিতম্ব, পাছা। [মণ্ডল
পরিধি, (পরি-ধা) বেষ্টন, বেড়; চন্দ্রসূর্য্য

পরিধেয়, (পরি-ধা) পরিধানীয় বস্ত্রাদি, পরিধানের উপযুক্ত ; ধারণ যোগ্য।
পরিপক্ক, (পরি-পচ) সুপক্ক ; পাকা, পটু, নিপুণ ; উপযুক্ত, যোগ্য ; দক্ষ।
পরিপক্কতা, নৈপুণ্য, পটুতা, পারগতা।
পরিপণ, মূলধন, পুঁজি ; জমা।
পরিপন্থিক, শক্র, বৈরী, অরি।
পরিপন্থী (পরি-পথ) শক্র, বৈরী, বিপক্ষ।
পরিপাক, (পরি-পচ) জীর্ণতা ; পক্কতা ; পরিণাম।
পরিপাটী, (পরি-পট) অনুক্রম, আনুপূর্ব্বিক, যথাক্রম ; পরিষ্কার ; উত্তম ; অঙ্কবিদ্যা
পরিপালন, (পরি-পাল) প্রতিপালন, পোষণ ; রক্ষণ, রক্ষাকরণ।
পরিপালক, প্রতিপালক, রক্ষকর্ত্তা, রক্ষক
পরিপালিত, রক্ষিত ; প্রতিপালিত ; আশ্রিত।
পরিপিষ্টক, সীসক, সীসা।
পরিপূত, পবিত্র, শুদ্ধ ; নিস্তুষ ধান্য।
পরিপূর্ণ, (পরি-পূর) সম্পূর্ণ ; পূরিত ; ভরা প্রচুর, যথেষ্ট।
পরিপূর্ণতা, সম্পূর্ণতা, সাঙ্গতা।
পরিপেলব, কোমল, নরম ; কৈবর্ত্তীমুস্তা, মুথাবিশেষ।
পরিপ্লব, চঞ্চল, অস্থির, চপল।
পরিপ্লুতা, মদিরা, সুরা, মদ্য।
পরিবর্জ্জন, (পরি-বৃজ) পরিহার, ত্যাগ, ছাড়া ; রহিত করণ, নিরাকরণ। [কৃতরহিত
পরিবর্জ্জিত, (পরি-বৃজ) ত্যক্ত, নিরাকৃত ;
পরিবর্ত্ত, (পরি-বৃৎ) বিনিময়, বদল ; কূর্ম্মরাজ ; যুগান্ত। [য়, লওন, বদলান।
পরিবর্ত্তন, বিনিময় করণ, পরস্পর বদলি-
পরিবর্ত্তী, বিনিময়কারী, বদলকারী।
পরিবর্ত্তে, (পরিবর্ত্ত) বিনিময়ে, বদলে।
পরিবর্হ, পরিচ্ছদ ; আচ্ছাদন ; পোষাক।
পরিবসথ, গ্রাম, জনস্থান।
পরিবাদ, (পরি-বদ) অপবাদ, নিন্দা ; বীণা বাদন যন্ত্র। [ন্দক।
পরিবাদক, (পরি-বদ) পরিবাদ কর্ত্তা, নি-
পরিবাদিনী, সপ্ততন্ত্রী যুক্ত বীণা ; পরিবাদকারিণী স্ত্রী। [নিন্দিত ; দুর্নামগ্রস্ত।
পরিবাদী, (পরি-বদ) নিন্দক, অপবাদ কর্ত্তা
পরিবাপ, (পরি-বপ) বপন, মুণ্ডন ; পরিচ্ছদ
পরিবাপন, মুণ্ডন, বপন, মুণ্ডান।

পরিবাপিত, মুণ্ডিত, কৃতমুণ্ডন, নেড়া।
পরিবার, (পরি-বৃ) পরিজন ; স্বজন ; খড়্গকোষ, তলবারের খাপ।
পরিবিত্তি, (পরি-বিদ) আপনি অকৃত বিবাহ থাকিতে যাহার কনিষ্ঠ বিবাহ করে।
পরিবিন্ন, (পরি-বিদ) জ্যেষ্ঠ ভ্রাতার বিবাহ না হইতে যে কনিষ্ঠের বিবাহ হয়।
পরিবৃঢ়, অধিপ, প্রভু, স্বামী।
পরিবৃত, (পরি-বৃ) আবৃত, বেষ্টিত, ঘেরা ; অন্বিত, মিলিত, যুক্ত।
পরিবেত্তা, (পরি-বিদ) জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে বিবাহ কর্ত্তা কনিষ্ঠ।
পরিবেদন, (পরি-বিদ) জ্যেষ্ঠের বিবাহ না হইতে কনিষ্ঠের বিবাহ বা অগ্ন্যাধান ; সর্ব্বতোভাবে জ্ঞান।
পরিবেদনা, (পরি-বিদ) অতিশয় ব্যথা অনুতাপ ; বিবেচনা ; জ্ঞানালোচনা।
পরিবেশ, (পরি-বিশ) পরিধি, বেষ্টন, বেড়
পরিবেশক, (পরি-বিশ) যে ব্যক্তি আহারীয় দ্রব্যাদি বন্টন করিয়া দেয়।
পরিবেষণ, আহারীয় দ্রব্য বন্টন, খাদ্য দ্রব্য যোগাইয়া দেওন।
পরিবেষ্টন, (পরি-বেষ্ট) চতুর্দ্দিকে ঘেরণ, বেড়ন। [বন্টক, ভাগকারক।
পরিবেষ্টা, (পরি-বিশ) পরিবেশণ কর্ত্তা,
পরিবেষ্টিত, (পরি-বেষ্ট) সর্ব্বতোভাবে ঘেরিত, চারিদিগে আবৃত। [যোগ, ধ্যান।
পরিব্রজ্যা, (পরি-ব্রজ) সন্ন্যাস, তপস্যা,
পরিব্রাজক, (পরি-ব্রজ) সন্ন্যাসী মুনি, চতুর্থাশ্রমী, যতি। [শ্রমী, সন্ন্যাসী, যতি।
পরিব্রাট, (পরি-ব্রজ) পরিব্রাজক, চতুর্থা-
পরিভব, (পরা-ভূ) পরাজয়, পরাভব, পরাস্ত ; অবজ্ঞা, অনাদর, হেয়।
পরিভাব, অবজ্ঞা, অনাদর ; পরাভব।
পরিভাষণ, নিন্দাপূর্ব্বক কথন ; পরিভাষা করণ ; নিয়ম ; আলাপ।
পরিভাষা, (পরি-ভাষ) পরিষ্কৃত ভাষা ; প্রজ্ঞাপ্তি ; শাস্ত্রের সঙ্কেত বিশেষ।
পরিভূত, (পরি-ভূ) অবজ্ঞাত ; তুচ্ছীকৃত ; অপমানিত ; পরাস্ত, পরাজিত। [দন।
পরিভোগ, (পরি-ভুজ) উপভোগ ; আস্বা-
পরিভ্রম, ভ্রান্তি, ভুল, মিথ্যাজ্ঞান।
পরিভ্রমণ, পর্যাটন, অনবরত ভ্রমণ।
পরিভ্রষ্ট, (পরি-ভ্রনুজ) নষ্ট, ধ্বস্ত ; চ্যুত।

পরিভ্রামক, (পরি-ভ্রম) ভ্রমণকর্ত্তা; পর্য্যটক; ভিক্ষুক, সন্ন্যাসী

পরিমণ্ডল বর্ত্তুল, বাটুল, গোল।

পরিমণ্ডলচক্র, গ্রহাদির পথ, গ্রহচক্র।

পরিমল, চন্দনাদি চূর্ণ; মর্দ্দন জন্য মনোহর গন্ধ। [সমতা; প্রমাণ; পরিসর।

পরিমাণ, (পরি-মা) মাপ, ওজন; তুলা;

পরিমাতা, (পরি-মা) পরিমাণকারক, মাপকর্ত্তা। [ওজনকর্ত্তা।

পরিমাপক, (পরি-মা) পরিমাণ কারক;

পরিমাপণ (পরি-মা) পরিমাণকরাণ, মাপ করাণ; ওজন করাণ।

পরিমার্গ্য, পরিশোধনীয়, শোধনের যোগ্য; অন্বেষণীয়। [মাপা; পরিচ্ছিন্ন।

পরিমিত, (পরি-মা) পরিমাণ বিশিষ্ট,

পরিমৃজ্য, শোধনীয়, শোধনের যোগ্য।

পরিমেয়, (পরি-মা) পরিমাণের যোগ্য, পরিমাণীয়, মাপনীয়। [পূর্ব্বক গ্রহণ।

পরিমোষণ, অপহরণ, চুরিকরণ, অন্যায়

পরিমোষী, চোর, তস্কর, মলিম্লুচ।

পরিরম্ভ, আশ্লেষ, আলিঙ্গন; কোলাকোলি

পরিরক্ষণ, (পরি-রক্ষ) ত্রাণকরণ, উদ্ধার; রক্ষণ। [ভয় করিবার যোগ্য।

পরিশঙ্কনীয়, সর্ব্বতোভাবে শঙ্কারবিষয়,

পরিশিষ্ট, (পরি-শেষ) পরিশেষ বিশিষ্ট; অবশিষ্টার্থ প্রকাশক গ্রন্থবিশেষ। [কৃত।

পরিশুদ্ধ, (পরি-শুধ) পরিশোধিত, পরি-

পরিশুষ্ক, পরি-শুষ) শুকনা; অতিশয় শুষ্ক অতিকৃশ; মাংসের ব্যঞ্জন বিশেষ।

পরিশুধ্যৎ, (পরি-শুধ) শুষ্ক, নীরস।

পরিশেষ, (পরি-শিষ) অন্ত, সীমা; বিচ্ছেদ

পরিশোধ, (পরি-শুধ) ঋণাপনয়ন; নিকাশ; প্রতিকার; প্রতিদান।

পরিশোষ, (পরি-শুষ) সর্ব্ব প্রকারে শুষ্কতা।

পরিশ্রম, আয়াস, শ্রম; উদ্যোগ, চেষ্টা; ক্লেশ, ক্লান্তি। [চেষ্টান্বিত।

পরিশ্রমী, (পরি-শ্রম) উদ্যোগী, শ্রমকর্ত্তা;

পরিশ্রয়, সভা; আশ্রয়, অবলম্বন।

পরিশ্রান্ত, (পরি-শ্রম) সর্ব্বতোভাবে শ্রান্তিযুক্ত, পরিশ্রমযুক্ত, ক্লান্ত, অবসন্ন।

পরিশ্রান্তি, (পরি-শ্রম) ক্লান্তি, শ্রম, শ্রান্তি, অবসন্নতা।

পরিশ্রুত, সর্ব্বতোভাবে শুনা, শ্রবণ করা।

পরিশ্লেষ, আশ্লেষ, আলিঙ্গন, কোলাকোলি

পরিষদ, পারিষদ, সভাসদ, সভ্য; অনুচর; ভৃত্য।

পরিষদ্, সভা, সংসদ্, বহুজন সমাগম স্থান

পরিষদ্য, (পরি-সদ্) সভাসদ্, সভ্য, সভাস্থ

পরিষদ্বল, সভাসদ, সভাস্থ, পারিষদ।

পরিষ্কার, (পরি-কৃ) নির্ম্মল, স্বচ্ছ, শুদ্ধ; সুব্যক্ত; স্পষ্ট।

পরিষ্কারী, নির্ম্মলকারী, শুদ্ধকারক।

পরিষ্কার্য্য, পরিষ্কারযোগ্য, নির্ম্মল করণোপযুক্ত। [ভূষণযুক্ত, অলঙ্কৃত।

পরিষ্কৃত, (পরি-কৃ) নির্ম্মল, শুদ্ধ, স্বচ্ছ;

পরিষ্কৃতভূমি, বেদি, যজ্ঞভূমি; শুদ্ধস্থল

পরিষ্বঙ্গ, আলিঙ্গন; রমণ। [জিক।

পরিসভ্য, সভাসদ, পারিষদ, সভ্য, সামা-

পরিসমাপ্ত, (পরি-সং-আপ) সমাপণ প্রাপ্ত

পরিসর, (পরি-সৃ) পর্য্যন্তভূমি, নদী নগর পর্ব্বতাদির নিকটস্থ ভূমি; মৃত্যু; বিধি; প্রস্থ পরিমাণ; আয়তন।

পরিসর্য্যা, সর্ব্বতো গমন, সর্ব্বত্র ভ্রমণ

পরিসীমা, (পরি-সীমন) অন্ত, ইয়ত্তা, শেষ, পরিচ্ছেদ।

পরিসেবন, সেবা করণ, ব্যবহার; গ্রহণ।

পরিস্কন্দ, পরপুষ্ট, পরদ্বারা প্রতিপালিত।

পরিস্তোম, গজ পৃষ্ঠস্থ চিত্র কম্বল, হাতির পিঠের ঝুল। [র্ত্তন, লড়ন, কম্পন।

পরিস্পন্দন, (পরি-স্পন্দ) আন্দোলন, ন-

পরিস্পন্দমান, সর্ব্বতোভাবে কম্পমান, সর্ব্বদা কম্পন বিশিষ্ট।

পরিস্রুত, সর্ব্ব প্রকারে ক্ষরিত; নিঃসৃত।

পরিস্রুতা, বারুণী, সুরা, মদিরা; ক্ষরিতা।

পরিহরণ, (পরি-হৃ) ত্যাগ; খণ্ডন; তাচ্ছল্যকরণ। [ত্যাগোপযুক্ত;

পরিহর্ত্তব্য, (পরি-হৃ) খণ্ডনীয়, পরিহার্য্য,

পরিহসিত, (পরি-হস) পরিহাসপ্রাপ্ত, অবজ্ঞাত। [ত্যাগ; পরাভব স্বীকার।

পরিহার (পরি-হৃ) মোচন, ছাড়ন, পরি-

পরিহার্য্য, (পরি-হৃ) পরিত্যাগের উপযুক্ত, ত্যাজ্য; বলয়, বালা।

পরিহাস, (পরি-হস) বিদ্রূপ, ব্যঙ্গ, উপহাস, ঠাট্টা, কৌতুক। [উপহাস কর্ত্তা।

পরিহাসক, বিদ্রূপকারী, কৌতুককারক,

পরিহাসজনক, উপহাসজনক, কৌতুককর, বিদ্রূপ জনক। [যোগ্য।

পরিহাস্য, উপহাসাস্পদ; কৌতুককরণের

পরিহিত, পরিধান করা; আচ্ছাদিত, ধৃত
পরিক্ষয়, (পরি-ক্ষী) বিনাশ; ক্ষয়, ধ্বংস।
পরিক্ষিৎ, অভিমন্যুপুত্র।
পরিক্ষিপ্ত, সর্ব্বতোভাবে ক্ষেপণ করা, প-রিখাদি দ্বারা বেষ্টিত। [অতি কৃশ।
পরিক্ষীণ, (পরি-ক্ষী) সর্ব্বতোভাবে বিনষ্ট;
পরী, (যাং) দেবযোনি বিশেষ।
পরীণয়, (পরি-নী) বিবাহ, পাণিগ্রহণ।
পরীত, পরিবেষ্টিত, আবৃত, ঘেরা।
পরিবৃত, বিস্তৃত, বিস্তারিত; সর্ব্বত্র প্রসারিত। [বদল।
পরীবর্ত্ত, (পরি-বৃৎ) বিনিময়; প্রতিদান,
পরীবাদ, (পরি-বদ) দোষোল্লাপ; কুৎসা, নিন্দা, অপক্রোশ, ভৎসনা।
পরীবার, (পরি-বৃ) পরিজন; অসিকোষ, তরবারের খাপ। [রাজভোগ্য বস্তু।
পরিবাহ, জলের স্ফীততা, জলোচ্ছ্বাস;
পরীভাব, অনাদর, অবজ্ঞা, তুচ্ছ।
পরীর, ফল; বীজ।
পরীরম্ভ, আশ্লেষ আলিঙ্গন। [সুশ্রূষা।
পরীষ্টি, গবেষণা, অন্বেষণ; ঢুণ্ডন; সেবা,
পরীসার্য পরিসর্য্যা, সর্ব্বতোভাবে গমন।
পরীহার, ত্যাগ, বর্জ্জন; অবজ্ঞা, অনাদর।
পরীহাস, উপহাস; কৌতুক, তামাসা; অবজ্ঞা। [মাণদ্বারা নির্ণয়কর্ত্তা।
পরীক্ষক, (পরি-ঈক্ষ) গুণাদিবিবেচক, প্র-
পরীক্ষণ, (পরি-ঈক্ষ) বিবেচনাকরণ; প্রমাণ দর্শন পূর্ব্বক নির্ণয় করণ।
পরীক্ষা, (পরি-ঈক্ষ) গুণাদির প্রত্যক্ষ প্রমাণগ্রহণ পূর্ব্বক বিবেচনা; দিব্য, শপথ।
পরীক্ষিত, (পরি-ঈক্ষ) যাহার গুণাদি বিবেচিত হইয়াছে; অভিমন্যুপুত্র।
পরু, সমুদ্র; স্বর্গলোক; গ্রন্থি; পর্ব্বত; বৃক্ষবিশেষ।
পরুৎ, পরুৎসর, অতীত বর্ষ।
পরুদ্বার, ঘোটক, অশ্ব, ঘোড়া।
পরুষ, (পৃ) নিষ্ঠুর বাক্য; কঠোর, শক্ত; নির্দ্দয়; কর্ব্বুর বর্ণ।
পরুষভাষী, কঠোর বক্তা; নীরসভাষক
পরুষোক্তি, কঠোর বাক্য, নীরসকথা।
পরুষোক্তিক, নিষ্ঠুর বক্তা, কটুভাষী।
পরুষ, ফলবিশেষ, পরুষ ফলস
পরে, (পর) অনন্তর; পশ্চাতে, শেষে
পরেত, (পর-ইত) মৃত, পরলোক প্রাপ্ত।
পরেতরাট, প্রেতরাজ, যম। [পর দিন
পরেদ্যবি, (পর) পরেদ্যুঃ; আগামি দিবস;
পরেদ্যুঃ, (পর) পর দিন; আগামি দিবস।
পরেঙ্গিত, (পর-ইঙ্গিত) অন্যের ইঙ্গিত, অপরের বাঞ্ছিত। [পরের ভাল।
পরোপকার, (পর-উপকার) অন্যের হিত,
পরোপকারক, (পর-উপকারক) অন্যের হিতকারী, পরহিতৈষী।
পরোপকারী, (পর-উপকারিন) অন্যের হিপকারী পরহিত কর্ত্তা।
পরোপকৃত, অন্যের দ্বারা সাহায্য প্রাপ্ত।
পরোয়ানা, (যাং) আজ্ঞাপত্র, তলব চিটী
পরোষ্ণী, তৈলপায়িকা, আর্সুলা।
পরোক্ষ, (পর-অক্ষ) অদৃশ্য, অগোচর, অসাক্ষাৎ, অপ্রত্যক্ষ।
পর্কটি, বৃক্ষ বিশেষ, পাকুড় গাছ।
পর্কলা, (পর-কল) কাচ, স্বচ্ছ মৃত্তিকা বিশেষ
পর্জ্জনী, (পৃ-জন) দারুহরিদ্রা। [মেঘ।
পর্জ্জন্য, ইন্দ্র, শব্দকারী মেঘ; মেঘ শব্দ;
পর্জ্জন্যা, কাষ্ঠবিশেষ; দারুহরিদ্রা।
পর্ণ, (পৃ) পত্র, দল, পাতা; পান
পর্ণকার, বার, বারজীবী, বারুই।
পর্ণচোরক, (পর্ণ-রুচ) চোরক নামে গন্ধদ্রব্য বিশেষ। [তুল।
পর্ণনর, শরপত্রাদি নির্ম্মিত মনুষ্যাকার পু-
পর্ণভোজন, ছাগল, ছাগ; পত্রভক্ষণ।
পর্ণমাচল, কর্ম্মরঙ্গবৃক্ষ, কামরাঙ্গা।
পর্ণশালা, মুনিদিগের কুটীর; পত্রগৃহ।
পর্ণাশন (পর্ণ-অশন) মেঘ, বারিদ, জলধর।
পর্ণাস, তুলসী বৃক্ষ।
পর্ণী, (পর্ণ) বৃক্ষ, দ্রুম, তরু, গাছ।
পর্দ্দ কেশসমূহ; মরুৎক্রিয়া, বাতকর্ম্ম।
পর্দ্দন, বাতকর্ম্মকরণ, বায়ু নিঃসারণ।
পর্দ্দা, (যাং) যবনিকা, ব্যবধান, বেড়া।
পর্প, নবতৃণ, নূতন ঘাস; গৃহ।
পর্পট, (পর্প) বৃক্ষবিশেষ, ক্ষেত পাপড়া
পর্পরীক, সূর্য্য; অগ্নি; জলাশয়।
পর্পিক, খঞ্জ, পঙ্গু, খোঁড়া
পর্ব্ব, (পর্ব্বন) গ্রন্থি, গাঁইট, পাব; প্রস্তাব; গ্রন্থবিচ্ছেদ; উৎসব।
পর্ব্বক, উরুপর্ব্ব, আঁটু, হাঁটু।
পর্ব্বত, (পর্ব্বন) শৈল, গিরি, নগ; দেবর্ষিবিশেষ; মৎস্যবিশেষ, পাবদা মাছ।
পর্ব্বতকাক, দ্রোণকাক, দাঁড়কাক

পর্ব্বতজ, (পর্ব্বত-জন) পর্ব্বত জাত, পর্ব্বতোৎপন্ন ; নদী ; বৃক্ষ ; পার্ব্বতী।
পর্ব্বতজা, স্রোতস্বতী, নদী ; দুর্গা।
পর্ব্বতমোচা, গিরিকদলী, পাহাড়িয়া কলা।
পর্ব্বতাধারা, (পর্ব্বত-আধার) পৃথিবী, মহী, ধরণী। [পতি।
পর্ব্বতারি, (পর্ব্বত অরি) ইন্দ্র, শক্র, সুর-
পর্ব্বতাশয়, মেঘ, বারিদ, জলধর।
পর্ব্বতাশ্রয়, পর্ব্বতবাসী, পাহাড়িয়া।
পর্ব্বতীয়, শৈল সম্বন্ধীয় ; পর্ব্বতজাত।
পর্ব্বতোর্ম্মি, মৎস্যবিশেষ।
পর্ব্বধি, চন্দ্র, বিধু, শশাঙ্ক।
পর্ব্বন, (পর্ব্ব) গ্রন্থি, গাঁইট, পাব ; উৎসব।
পর্ব্বপূর্ণতা, সম্ভার, আয়োজন, উদ্যোগ
পর্ব্ববাণ, পর্ব্ব, পরব্ ; পবন ; বায়ু ; প্যাভার শির।
পর্ব্বরুট্, দাড়িম, ডালিম।
পর্ব্বসন্ধি, গ্রন্থি, গাঁইট ; প্রতিপদের সহিত অমাবস্যা বা পূর্ণিমার সংযোগ।
পর্ব্বাহ (পর্ব্ব-অহন) উৎসব দিবস পর্ব্বদিন
পর্ব্বিত, পর্ব্বত সংযুক্ত ; পাবদা মাছ।
পর্য্যঙ্ক, (পরি-অঙ্ক) খাট, খট্টা, পালঙ্ক।
পর্য্যটক, (পরি-অট) ভ্রমণকারী, ভ্রামক।
পর্য্যটন, (পরি-অট) সর্ব্বতোভাবে ভ্রমণ পুনঃ২ গমন, অটাটা। [মেঘ
পর্য্যন্য, ইন্দ্র, শব্দায়মান মেঘ ; ঘন, বারি-
পর্য্যনুযোগ, জিজ্ঞাসা, প্রশ্ন। [চিহ্ন, শেষ।
পর্য্যন্ত, (পরি-অন্ত) শেষসীমা, অন্ত্যসীমা ;
পর্য্যন্তভূ, নদী নগর পর্ব্বতাদির নিকটস্থ ভূমি, পরিসর ভূমি। [পরিণাম।
পর্য্যবসান, (পরি-অব-ষো) সমাপ্ত ; শেষ,
পর্য্যবস্থা, (পরি-অবস্থা) বিবাদ, বিরোধ ; শেষাবস্থা ; শেষকাল। [স্থায়ী।
পর্য্যবস্থাতা, বিরোধী বিবাদী ; শেষ পর্য্যন্ত
পর্য্যবস্থান, বিরোধ, বিবাদ, কলহ, দ্বন্দ্ব।
পর্য্যয়, (পরি-অয়) ক্রমোল্লঙ্ঘন, ব্যতিক্রম, ব্যত্যয়। [সাজ, অশ্বসজ্জা, ঘোড়ার জিন্।
পর্য্যয়ণ, ক্রম, পালা ; অবসর, ঘোটকের-
পর্য্যস্ত, (পরি-অস্ত) পতিত ; হত ; ক্ষিপ্ত।
পর্য্যস্তিকা, খট্টা, পর্য্যঙ্ক, খাট, পল্যঙ্ক পালঙ্ক
পর্য্যাণ, অশ্বসজ্জা, ঘোড়ার জিন।
পর্য্যাপ্ত, (পরি-আপ) সমাপ্ত ; যথেষ্ট, বিস্তর ; তৃপ্তি। [তৃপ্তি ; নিবারণ।
পর্য্যাপ্তি, (পরি-আপ) প্রাপ্তি ; সমাপ্তি ;
পর্য্যায়, (পরি-অয়) পালা, ক্রম ; আনুপূর্ব্বী, বিবর্ত্ত। [শয্যা গ্রহণ।
পর্য্যায়শয়ন, প্রহরি দিগের পর্য্যায় ক্রমে
পর্য্যালোচনা, (পরি-আ-লোচ) বিশেষরূপে অবলোকন ; বিচার পূর্ব্বক দর্শন
পর্য্যাস, পতন ; হনন, বিনাশন।
পর্য্যুদঞ্চন, ঋণ, ধার, কর্জ্জ
পর্য্যুদস্ত, (পরি-উৎ-অস) একেবারে নিষিদ্ধ
পর্য্যুদাস, (পরি-উৎ-অস) নিষেধ, নিবারণ
পর্য্যুষিত, (পরি-বস) পূর্ব্বদিবস জাত বস্তু, বাসি। [ত অন্ন, বাসি অন্ন, পান্তাভাত।
পর্য্যুষিতান্ন, (পর্য্যুষিত-অন্ন) পূর্ব্বদিবস জা-
পর্য্যেষণা, গবেষণা, অন্বেষণ, অনুসন্ধান।
পর্শু, (পরশু) কুঠার, কুড়ালি।
পর্শুকা, (পৃ) পার্শ্বের অস্থি, পঞ্জর, পাঁজরা।
পর্শুপাণি, গণেশ ; পরশুরাম।
পর্শুরাম, জমদগ্নি মুনি পুত্র ; ভগবানের অবতার বিশেষ।
পর্শ্বধ, কুঠার, পরশু, কুড়াল।
পর্ষৎ, পরিসদ্, সভা, সমাজ।
পর্ষদ্বল, পারিষদ, সভাস্থ, সভ্য, সামাজিক।
পল, (পল) ষষ্টি বিপল কাল ; অত্যল্পকাল ; তৃণ, খড় ; মাংস।
পলক, (পল) নিমেষ, সূক্ষ্ম ক্ষণ।
পলক্যা, পালঙ্কশাক, পালংশাক। [রাজ।
পলগণ্ড, লেপক ; ইষ্টকময় গৃহ নির্ম্মাতা,
পলঙ্কট, ভীরু, ভয়শীল, শঙ্কিত।
পলঙ্কর, পিত্ত ; ধাতুবিশেষ।
পলঙ্কষ, রাক্ষস, কৌণপ, রক্ষঃ।
পলঙ্কষা, পলাশবৃক্ষ, লাক্ষা ; গোক্ষুর লং
পলপ্রিয়, দ্রোণকাক, দাঁড়কাক
পলব, মৎস্য ধারণ যন্ত্র বিশেষ ; পলব, মাছধরা পোলো।
পলল, (পল) মাংস নিশাচর।
পললাশয়, গণ্ডরোগ, গাঁড়, ফোড়া।
পলা, (পরা-অয়) প্রবাল ; রত্নবিশেষ ; তৈলাদি গ্রহণার্থ দর্ব্বী বিশেষ ; প্রস্থান কর।
পলাকাঁঠি, সোণালি অলঙ্কার বিশেষ।
পলাগ্নি, (পল-অগ্নি) ধাতুবিশেষ, পিত্ত।
পলাঙ্গ, (পল-অঙ্গ) শিশুমার, মৎস্য বিশেষ
পলাণ্ডু, (পল) মূলবিশেষ, পেঁয়াজ
পলাতক, (পলা) পলায়িত, প্রস্থিত।
পলাদ, (পল-অদ) রাক্ষস, রক্ষঃ, ক্রব্যাদ।
পলাদন, মাংস ভক্ষক ; মাংসাশী, রাক্ষস।

পলন, (পলা) পলায়ন, ভয়াদি হেতুক স্থানান্তরে দ্রুত গমন।
পলান্ন, (পল-অন্ন) মাংসপক্ব অন্ন, পোলাও
পলায়ন, (পরা-অয়) ভয়াদি হেতুক স্থানান্তর গমন, প্রস্থান, পলান।
পলায়নপর, দ্রুত গমনোন্মুখ; পলায়িত।
পলায়মান, (পরা-অয়) প্রস্থানকারক, ভয়াদি হেতু স্থানান্তরে গমনকারী।
পলায়িত, (পরা-অয়) পলায়ন বিশিষ্ট, প্রস্থিত, পলাতক।
পলায়িতা, (পরা-অয়) পলায়নকর্ত্তা, প্রস্থানকারী।
পলাল, (পল) শস্যশূন্য তৃণ; খড়, বিচালি।
পলালদোহদ, আম্রবৃক্ষ, চূতদ্রুম, আঁবগাছ
পলাশ, (পল-অশ) বৃক্ষবিশেষ, কিংশুক বৃক্ষ; পত্র; শ্যামবর্ণ, নিন্দর; মাংসখাদক; রাক্ষস।
পলাশক, শঠী, ঔষধি বিশেষ।
পলাশপর্ণী, অশ্বগন্ধা বৃক্ষ।
পলাশী, (পলাশ) বৃক্ষ, তরু; রাক্ষস; ক্ষীরিকাবৃক্ষ; লাক্ষা; লতা বিশেষ।
পলি, নদীর জল প্রবাহে পতিত মৃত্তিকা।
পলিক্নী, বৃদ্ধা, প্রাচীনা, বয়ীয়সী।
পলিঘ, কলস, ঘট, গগরী।
পলিত, (পল) জরা; পক্বকেশাদি, বৃদ্ধত্ব,
পলিতা, (পল) বৃদ্ধা, প্রাচীনা, জরাগ্রস্তা;
পলিত্যা, (পল) বাত্তিকা, বর্ত্তি, বাতী, দশা
পল্লুকীট, গুটিপোকা, তুঁতপোকা।
পল্কন, (পল্ক) অসার; ক্ষীণ; ভগ্নপ্রায়
পল্কালিন, জীর্ণ, পুরাতন, ভগ্নদৎ।
পল্বল, (পল) ক্ষুদ্র সরোবর, ডোবা।
পল্যঙ্ক, খট্ট, খাট
ঘোড়ার জিন।
সৈন্যদল, যোদ্ধা-শ্রেণী
দোলা, মরাই।
পল্লব (পল-লব) নবপত্রাদিযুক্ত শাখার অগ্রভাগ, পাতা, পাত, শাখা; অঙ্কুর।
পল্লবক, বেশ্যাপতি; মৎস্য বিশেষ।
পল্লবগ্রাহিপাণ্ডিত্য, যে বিদ্যায় ফল দর্শন হয় না, নিষ্ফল বিদ্যা।
পল্লবগ্রাহী, (পল্লব-গ্রাহিন) ফল না লইয়া পত্র গ্রহণ করা, অসার্থজ্ঞান গ্রহণকর্ত্তা; অল্পজ্ঞানী, খুট আঁখুরে।
পল্লবদ্রু, অশোক বৃক্ষ।

পল্লবাধার, (পল্লব-আধার) শাখা, ডাল।
পল্লবিক, কামুক, লম্পট; অভিলাষী।
পল্লবিত, (পল্লব) পল্লব যুক্ত, পত্রান্বিত, বিস্তৃত, বহুলীকৃত।
পল্লবী, বৃক্ষ, দ্রুম, তরু।
পল্লি, (পল) পাড়া; ক্ষুদ্র গ্রাম; কুটী।
পল্লিগ্রাম, ক্ষুদ্রগ্রাম, পাড়াগাঁ।
পল্লিকা, গৃহগোধিকা, জেঠী, টিকটিকী।
পল্লী, (পল) ক্ষুদ্রগ্রাম; পাড়া; টিকটিকী।
পল্লীগ্রাম, নগর ভিন্ন বসতি স্থান, সামান্য গ্রাম; পাড়াগাঁ।
পশন, (প্রবেশ) প্রবেশকরণ, ঢুকন, সেঁধন
পশব্য, (পশু) পশু সম্বন্ধীয়, পশু বিষয়ক।
পশম, (যাব) উর্ণা, লোম।
পশমী, (যাব) উর্ণানির্ম্মিত, লোমরচিত দ্রব্য
পশু, (দৃশ) শৃঙ্গ লাঙ্গুলবন্ত প্রাণী; চতুষ্পদ
পশুক্রিয়া, মৈথুন, শৃঙ্গার, রমণ।
পশুগায়ত্রী, বলিদান কালে পশুর কর্ণে জপনীয় মন্ত্র বিশেষ।
পশুতা, (পশু) পশুত্ব, পশুভাব; মূঢ়ত্ব।
পশুতুল্য, পশুসদৃশ; অবোধ, নির্ব্বোধ।
পশুত্ব (পশু) পশুর ধর্ম্ম, পশুর স্বভাব।
পশুপতি, শিব, মহাদেব, ত্রিলোচন।
পশুপল্বল, কৈবর্ত্ত মুস্তক, মুথা বিশেষ।
পশুপাল, পশুপালন কর্ত্তা; পশু রক্ষক; পশু সমূহ।
পশুপালক, পশু পালন কর্ত্তা, পশু রক্ষক।
পশুপাশক, (পশু-পাশ) রতিবন্ধ বিশেষ; পশু বন্ধন রজ্জু।
পশুপ্রেরণ, পশুদিগের চালন।
পশুমোহনিকা, কটু, কটুগাছ।
পশুরজ্জু, অশ্ব গবাদির বন্ধন দড়ি, রজ্জুনী।
পশুরাজ, পশু-রাজন সিংহ, মৃগেন্দ্র, কেশরী
পশ্চাৎ, (পশ্চ) চরম, শেষ; পৃষ্ঠে, পিছে পশ্চিম দিক।
পশ্চাত্তাপ, (পশ্চাৎ-তাপ) কর্ম্মানন্তর সন্তাপ, পশ্চাৎ শোক, অনুশোচন, পস্তান।
পশ্চাদাগমন, (পশ্চাৎ-আগমন) পশ্চাতের আইসন।
পশ্চাদ্বর্ত্তী, (পশ্চাৎ-বর্ত্তিন) অনুবর্ত্তী, পশ্চাদগামী; পশ্চাতে অবস্থিত
পশ্চাদ্ভাবনা, (পশ্চাৎ-ভাবনা) গতানুশোচনা, পরে চিন্তা করণ, শেষ ভাবনা।
পশ্চার্দ্ধ, (পশ্চ-অর্দ্ধ) শেষার্দ্ধ, পরার্দ্ধ, শরীরের অপর ভাগ।

পশ্চিম, (পশ্চাৎ) চরম; শেষ; প্রতীচী দিক্। [কপাটী।

পশ্চিমা, প্রতীচীদিক্; রোগবিশেষ; দাঁত-

পশ্চিমাস্য, (পশ্চিম-আস্য) প্রতীচী দিঙ্-মুখ, পশ্চিমদিকে যাহার মুখ।

পশ্য, (পশ্) দেখ; প্রশংসা; বিস্ময়।

পশ্যতোহর, চোর, তস্কর; স্বর্ণকার।

পশ্যন্, দর্শনকর্ত্তা, দর্শক।

পশ্বাচার, (পশু-আচার) আচারবিশেষ, পশুর ন্যায় ব্যবহার। [নিযুক্ত।

পশরা, (প্র-সৃ) বিক্রেয় দ্রব্যভার, পণ্য

পসল, (প্র-সৃ) বৃষ্টিপতন; বারম্বার বর্ষণ।

পসার, (প্র-সৃ) খ্যাতি, প্রতিপত্তি, নাম-ডাক্।

পসারী, (প্র-সৃ) দোকানী, বিক্রয়কারী।

পস্থরী, (পঞ্চন-সের) পাঁচসের; পরিমাণ বিশেষ। [চম, খেদ, আপশোষ।

পস্তান, (পস্তা) সন্তাপ, আক্ষেপ, অনুশো-

পস্থা, গৃহ, ভবন, বাসস্থান।

পহিলা, (প্রথম) আদ্য; অগ্রে, আগে।

পহ্লব, শ্মশ্রুধারী ম্লেচ্ছজাতিবিশেষ।

পক্ষ, (পক্ষ) পঞ্চদশ দিন রাত্রি; পক্ষিদের অবয়ব বিশেষ, পাখা; পার্শ্ব; দিক্; সাধ্য, বিরোধ, বল; সখা; বর্গ, সমূহ।

পক্ষক, পক্ষদ্বার, পার্শ্বদ্বার, খড়কীদ্বার; সহায়। [করী হস্তী।

পক্ষচর, চন্দ্র, শশধর, নিধু, পৃথক্চারণ

পক্ষজ, চন্দ্র, শশধর, নিশাকর।

পক্ষজন্মা, চন্দ্র, নিশাকর; পক্ষেতে উৎপত্তিশীল। [জানক, জানা।

পক্ষতি, (পক্ষ) প্রতিপত্তিথি; পক্ষমূল,

পক্ষদ্বার, পার্শ্বদ্বার, খড়কী দ্বার।

পক্ষধর, (পক্ষ-ধৃ) চন্দ্র, শশধর; পক্ষ ধারণ কর্ত্তা। [করণ।

পক্ষপাত, অন্যায় সাহায্য করণ, গণতা

পক্ষপাতকারক, পক্ষপাতকারী; গণতাকারী, অন্যায়তঃ সাহায্যকারক।

পক্ষপাতিতা, (পক্ষপাত) সহায়তা, গণতা, পক্ষপাত।

পক্ষপাতী, (পক্ষ-পাতিন্) গণতাকারী, পক্ষপাতকর্ত্তা; অন্যায়তঃ সাহায্যকারক।

পক্ষপালি, পার্শ্বদ্বার, খড়্কিকা, খড়্কী দ্বার, খিড়কীদ্বার।

পক্ষবান্, (পক্ষ) পক্ষবিশিষ্ট; পক্ষী।

পক্ষবাহন, পক্ষী, বিহঙ্গ।

পক্ষব্যাপী, (পক্ষব্যাপিন্) পক্ষ পর্য্যন্ত ব্যাপক; একপক্ষে বিস্তীর্ণ।

পক্ষভাগ, হস্তির পার্শ্বভাগ; একপার্শ্ব।

পক্ষলক্ষণ, অভিযোগ পত্রের স্বরূপ; আবেদন বিষয়, আক্ষাশ, নালিশের আর্জী।

পক্ষাঘাত, (পক্ষ-আঘাত) রোগ বিশেষ, বিশেষ২ অঙ্গের অবশতা।

পক্ষান্ত, (পক্ষ-অন্ত) পূর্ণিমা; অমাবস্যা; পঞ্চদশী; পর্ব্ব। [কিম্বা।

পক্ষান্তরে, (পক্ষান্তর) ভিন্নপক্ষে; নতুবা,

পক্ষাবসর, অমাবস্যা; পূর্ণিমা।

পক্ষাল, বিহঙ্গম, পক্ষী, পাখী।

পক্ষিণী, (পক্ষিন্) আগামি ও বর্ত্তমান দিনযুক্ত রাত্রি; পূর্ণিমা; বিহঙ্গী।

পক্ষিরাজ, গরুড়, ময়ূর, ঘোটক বিশেষ।

পক্ষিল, ঋষিবিশেষ, বাৎস্যায়ন মুনি।

পক্ষিশাবক, (পক্ষিন্-শাবক) পক্ষিরসন্তান, পাখীর ছানা।

পক্ষিশালা, কুলায়, নীড়, পাখির বাসা।

পক্ষিসিংহ, গরুড়; পক্ষীন্দ্র।

পক্ষীস্বামী, গরুড়; পক্ষীরাজ। [ইষু, বাণ।

পক্ষী, (পক্ষ) পক্ষবিশিষ্ট, বিহঙ্গম, পাখী;

পাক্তৃ, পাককর্ত্তা, পাচক, রন্ধনকারক।

পক্ষ্ম, (পক্ষ) অক্ষিলোম, চক্ষুর লোম; কিঞ্জল্ক; কেশর; পালক, পাখা।

পা, পদ, চরণ; পদচিহ্ন। [পয়সা।

পাই, (পাদ) এক আনার চতুর্থাংশ, এক

পাইক, (পদাতিক) গ্রামরক্ষক, চৌকিদার; পদাতিক, পিয়াদা।

পাইকার, (ফাং) পাইকেড়, ফেরিওয়ালা।

পাইড়, (পা) গৃহের কাষ্ঠ বিশেষ; বস্ত্রের প্রান্তভাগ। [ক্রি, ঝালন।

পাইন, (পা) ধাতুদ্রব্য সংযোগ করিবার জ-

পাওন, (পা) প্রাপণ, লাভ; মিলন; যোগ।

পাওনা, (পা) প্রাপ্য; লভ্য; আদেয়।

পাওনিয়া, (পা) অধিকারী; যাহার প্রাপ্য।

পাওয়ান, প্রাপণ, প্রাপ্তি করাণ; মিলাইয়া দেওন। [নিবেদ্য, লভ্য, গ্রাহ্য।

পাংক্তেয়, (পংক্তি) পংক্তি সম্বন্ধীয়; শ্রেণি-

পাংশব, (পাংশু) লবণবিশেষ, পাঙ্গা লবণ।

পাংশু, (পংশ) ধূলি, ধূলা; শস্য বৃদ্ধ্যর্থ অনেক দিনের রক্ষিত গোবর সার; কর্পূর বিশেষ।

পাংশুকুলা, রাজমার্গ, রাজপথ।

পাংশুচত্বর, ঘনোপল করকা, শিল। [শিব।
পাংশুচন্দন, ভস্মবিভূতিধারী ; মহাদেব,
পাংশুচামর, পটবাস, তাঁবু; ধূলিসমূহ; দূর্বাযুক্ত তট ভূমি, প্রশংসা।
পাংশুজ, (পাংশু-জন) পাংশুলবণ, পাঙ্গালোণ
পাংশুপত্র, বাস্তুক শাক, বেতোশাক।
পাংশুর, দংশক, ডাঁশ। [কাঁটা করঞ্জ।
পাংশুল, অধম পাপী ; ধূলিময় ; মহাদেব
পাংশুলা, কুলটা, বেশ্যা ; ভূমি ; কেতকী, কেয়াফুল ; রজস্বলা স্ত্রী। [গোময়, সার।
পাংস, ধুলা, ধূলি ; অনেক দিনের সঞ্চিত
পাঁইজ, (পঙ্ক্তি) চরকায় কাটিবার নিমিত্ত তুলার স্থূল পলিতা।
পাঁইত, (পংক্তি) শ্রেণী,
পাঁইশ, ভস্ম, ছাই। [রুটী
পাঁওরুটী, (পাং-রুটী) পিষ্টক বিশেষ, ফুলা
পাঁক, (পঙ্ক) কর্দ্দম, কাদা।
পাঁকাটী, (পাটকাঠি) শুষ্ক পাটকাঠি, পাটগাছের শুক্‌না ডাঁটা। [স্থিত মাছ।
পাঁকাল, (পঙ্কগতিক) মৎস্যবিশেষ, পঙ্ক-
পাঁকুই, (পঙ্ক) পাদাঙ্গুলির মধ্যে পঙ্ক বা সর্ব্বদা জল সংযোগে উৎপন্ন ক্ষতবিশেষ।
পাঁখাটী, (পাটকাঠি) শুক্‌না পাট গাছের ডাঁটা। [চতুষ্টয়।
পাঁচ, (পঞ্চন) সংখ্যাবিশেষ, পঞ্চ, একাধিক
পাঁচটী, (পাঁচ) প্রসবাবধি পঞ্চম দিবস
পাঁচড়া, খোস, কচ্ছুরোগ।
পাঁচন, (পাচন) ঔষধবিশেষ। [যষ্টি।
পাঁচনবাড়ি, (পাঁচনী) প্রতোদ, গো তাড়ান-
পাঁচনী, (প্রাজন) গোতাড়ন দণ্ড, প্রতোদ।
পাঁচমিশালী, পঞ্চপ্রকার দ্রব্যাদি মিশ্রিত।
পাঁচালী, (পঞ্চন-আলি) গীত বিশেষ ; পরস্পর মিলিত বাক্য প্রবন্ধ।
পাঁচিল, (প্রাচীর) ভিত্তি, দেওয়াল।
পাঁজ, পদাঙ্ক, চরণচিহ্ন, পাএর দাগ।
পাঁজর, (পঞ্জর) পদ্মাভরণ বিশেষ।
পাঁজরা, (পঞ্জর) উদরের পার্শ্বভাগ।
পাঁজা, (পজ) ইষ্টক রাশি, তৃণগুচ্ছ ধান্যসমূহ। [পুস্তক।
পাঁজী, (পঞ্জিকা) বার তিথি প্রভৃতিজ্ঞাপক
পাঁঠা, (পট) ছাগ, ছাগল।
পাঁঠী, ছাগী, অজা, স্ত্রী ছাগ। [বিবাহ দেওয়া
পাঁঠাবেচা, যে পণ লইয়া আপন কন্যার
পাঁতার, নদীর পরিসর বা ওসার।
পাঁতি, পংক্তি, শ্রেণী ; তালিকা ; ব্যবস্থাপত্র ; ঔষধি পত্র।
পাঁদাড়, (পশ্চাৎ-অন্ত) গৃহের পশ্চাদ্ভাগ।
পাঁশ, পাংশু, ছাই, ভস্ম।
পাক, (পচ) সিদ্ধ, পক্ব ; পচন ; জীর্ণ ; ঘুরণ উৎপাত ; ভ্রম। [রন্ধনকারী।
পাককর্ত্তা, (পাক-কর্ত্তৃ) পাচক, সূপকার,
পাককৃষ্ণ, করমর্দ্দক, পানী আমলা।
পাকখোলা, পেঁচ খুলিবার যন্ত্র।
পাকগৃহ, রন্ধনালয়, রান্নাঘর।
পাকচক্র, কৌশল ; গণ্ডা, শঠতা।
পাকজ, (পাক-জন) কাচ লবণ ; পরিপাক দ্বারা উৎপন্ন বস্তু মাত্র।
পাকড়ন, (পাকড়) ধারণ ; গ্রহণ।
পাকড়ী, উষ্ণিক, শিরোবেষ্টন বস্ত্র।
পাকতঃ অনিচ্ছা পূর্ব্বক ; কার্য্যগতি ক্রমে
পাকন, (পচ) পরিপক্ব হওন, পরিণত হওন
পাকনা, (পাক) পক্ব, ডাসা ; আবর্ত্ত, ঘুরণ
পাকপড়া, অস্পষ্ট ; পেঁচাল।
পাকপাড়া, শঠ, খল, ধূর্ত্ত, কুটিল।
পাকপুটী, কুম্ভশালা, পয়ন, পোয়ান।
পাকফল, পানী আমলা।
পাকভাণ্ড, পাকপাত্র, স্থালী, হাঁড়ী।
পাকযজ্ঞ, চরুহোমাত্মক কর্ম্ম।
পাকরঞ্জন, পেজপত্র, তেজপাত।
পাকল, (পচ) কুষ্ঠৌষধি ; বায়ু ; অগ্নি ; পক্বাবস্থাপন্ন।
পাকলা, (প্রক্ষালন) পক্বতা বিশিষ্ট ; ধৌতকরণ, প্রক্ষালন।
পাকশালা, রন্ধন গৃহ, পাকস্থান।
পাকশাসন, ইন্দ্র, দেবরাজ।
পাকশাসনি, ইন্দ্রপুত্র, জয়ন্ত।
পাকশুক্লা, খড়ী, কঠিনী।
পাকসাঁড়াশী, কর্ম্মকারের যন্ত্রবিশেষ।
পাকস্থান, মহানস, উনান, চুলী ; রন্ধনালয়।
পাকস্থালী, হাঁড়ি, ডেকচি ; পাকপাত্র বিশেষ। [বালিকা।
পাকা, (পচ) পক্ব, পরিণতি অবস্থাপন্ন ;
পাকাকেশ, পক্বকেশ, পাকা চুল, ঝাঁখটী
পাকাটী, (পাকা-আট) পাটগাছের কাটী,
পাকান, (পাকন) পাকানকরণ, ঢেড়া, গুড়ন।
পাকাপাকি, (পাকা) পরস্পর কর্ত্তব্য বিষয় নির্দ্ধার্য্য করণ, স্থির করা, স্থীকরণ
পাকামি, পাকিমা, পক্বতার নিপুণ।

পাকুক, সূপকার, পাচক, পাককর্ত্তা।
পাকুড়, (পর্কটী) বৃক্ষবিশেষ।
পাকেপ্রকারে, নিমিত্তে, কারণে।
পাক্কা, পাংশু প্রস্তর, বিট লবণ।
পাখ, (পক্ষ) পালক, পক্ষ, পাখনা, ডানা।
পাখণ্ড-পাষণ্ড, পাপী, পামর।
পাখনা, (পক্ষ) ডানা, বাহু।
পাখলান, (প্রক্ষালন) ধৌতকরণ।
পাখা, (পক্ষ) পালক, ডানা; ব্যজন।
পাখী, (পক্ষী) বিহগ, বিহঙ্গম।
পাখীমারা, ব্যাধ, পক্ষিবধকারী।
পাখুরা, (পক্ষ) বাহুর ঊর্দ্ধভাগ।
পাখ্না, (পাখ) পক্ষ, পালক, ডানা, পাখনা
পাগ, (পাগড়ী) উষ্ণীষ, শিরোবেষ্টন বস্ত্র বিশেষ। [কৃত চিহ্ন।
পাগল, (বাতুল) উন্মত্ত, ক্ষিপ্ত, বাতুল, বি-
পাগলামি, (পাগল) উন্মত্ততা, ক্ষিপ্ততা, বাতুলতা।
পাঙাশ, (পিঙ্গাশ) মৎস্যবিশেষ।
পাঙ্গন, আয়ত্তকরণ, বশীভূত করণ, অ-নান, অনুমান।
পাঙ্গ, (পাংশু) লবণবিশেষ, সৈন্ধব লবণ।
পাঙ্গাশ, (পিঙ্গাশ) পাংশুবর্ণ, ফিকা রঙ্গ।
পাঙ্গাশিয়া, (পিঙ্গল) পিঙ্গলবর্ণ, পাংশুবর্ণ
পাচক, (পচ) রন্ধনকর্ত্তা, পাককর্ত্তা, জীর্ণকারি ঔষধ বিশেষ।
পাচকতা, রন্ধন কর্ম্ম, জীর্ণ করিবার গুণ বা শক্তি। [রন্ধন; অগ্নি, অম্ল রস।
পাচন, (পচ) ঔষধ বিশেষ; পাক করণ,
পাচনী, (প্রাজন) হরীতকী; প্রতোদ, গো-তাড়ন দণ্ড, পাচনীবাড়ী।
পাচল, (পচ) পাচন; পাচক; অগ্নি, বায়ু।
পাচী, লতাবিশেষ।
পাচীর, (প্রাচীর) দেওয়াল, ভিত্তি।
পাছড়ান, (পাছড়া) শস্য ঝাড়ন, অসার ভাগ ত্যাগ করণার্থ সঞ্চালন।
পাছা, (পশ্চাৎ) পশ্চাদ্ভাগ, নিতম্ব।
পাছাড়, (পাছড়) মল্লযুদ্ধ, মল্লক্রীড়া, কুস্তী।
পাছু, (পশ্চাৎ) পিছে। [বিশেষ।
পাছুড়ি, (প্রচ্ছদপট) দোপাট্টা গাত্র বস্ত্র
পাজস্, বল, সামর্থ্য, শক্তি।
পাজন, তৌর্য্য করণ, বারদেওয়ান [illegible]
পাজি, (পাজী) অধম, পামর, নীচ।
পাঞ্চজন্য, (পঞ্চজন) নারায়ণের শঙ্খ।

পাঞ্চজন্যধর, বিষ্ণু, জনার্দ্দন, নারায়ণ।
পাঞ্চভৌতিক, (পঞ্চভূত) পঞ্চভূতদ্বারা নির্ম্মিত, ভূতপঞ্চকময়; পঞ্চ ভূতের বিকার। [পদী
পাঞ্চালিকা, (পাঞ্চাল) দ্রুপদরাজকন্যা, দ্রৌ-
পাঞ্চশব্দ, (পঞ্চশব্দ) পঞ্চ প্রকার বাদ্য।
পাঞ্চাল, দেশবিশেষ, দ্রুপদ রাজার দেশ, ফরক্কাবাদ।
পাঞ্চালিকা, (পাঞ্চাল) বস্ত্র দন্তাদিকৃত পুত্তলিকা; পাণ্ডব পত্নী দ্রৌপদী।
পাঞ্চালী, (পাঞ্চাল) পাণ্ডব পত্নী, দ্রৌপদী।
পাট, (পট) শণ; বৃক্ষবিশেষ; আসন; বেদী, সিংহাসন; কূপ; প্রাচীর; ধান্যাদির থলিয়া।
পাটক, বাদ্য; গ্রামের একদেশ।
পাটচ্চর, চৌর, তস্কর, মলিম্লুচ। [নগর।
পাটন, (পট) ছেদন; দ্বিধাকরণ, সহর,
পাটনী, (পট) পারাবারের নাবিক।
পাটব, (পটু) পটুত্ব, বিজ্ঞতা, নৈপুণ্য, আরোগ্য, স্বাস্থ্য, সুস্থতা।
পাটবিক, (পটু) ধূর্ত্ত, শঠ।
পাটভাঙ্গা, গাজনের সময় সন্ন্যাসিদের কর্ত্তৃক ছুরিকার উপর ঝম্পদেওয়া।
পাটরাণী, রাজার প্রধান স্ত্রী, রাজমহিষী।
পাটল, (পাট-লা) পাটলাপুষ্প; গোলাব-পুষ্প, ঈষদ্রক্তবর্ণ, গোলাবি রং।
পাটলদ্রুম, পুন্নাগবৃক্ষ।
পাটলা, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
পাটলাপুষ্পসন্নিভ, পদ্মকাষ্ঠ।
পাটলিপুত্র, নগর বিশেষ, পাটনা। [দৈর্ঘ্য।
পাটলী, (পাট-লা) পারুলবৃক্ষ; নৌকা বি-
পাটচ্চিকা, গুঞ্জা, কুঁচ।
পাটা, (পট্টক) পাট্টা, ভূমিসম্বন্ধীয় অনুপত্র বিস্তৃত কাষ্ঠ; তক্তা; গাজনের সময় সন্ন্যাসিদের উপবীত বা উত্তরী।
পাটারি, (পাটা-আরি) গ্রাম সম্বন্ধীয় কর গ্রাহক; গ্রহনাদি শিল্পকর্ম্ম কারক। [শেষ
পাটিকেল, (পাট-কেল) ইষ্টক খণ্ড; বর্ণবি-
পাটী, (পট) পরিপাটী; অনুক্রম; গণিতবিদ্যা; আস্তর বিশেষ।
পাটুলি, (পাটা) নৌকা বিশেষ। [জঞ্জিল।
পাট্টা, (পট্টক) [illegible] কবুলতি, খরিদের-
[illegible], (পাট) [illegible]।
পাঠ, (পঠ) অধ্যয়ন, পঠন, পড়া।

পাঠক, (পঠ) অধ্যাপক ; কথক ; আবৃত্তি-
কারক, পাঠকর্ত্তা। [অনুক্রম।
পাঠক্রম, ক্রমান্বিত অধ্যয়ন ; পড়িবার-
পাঠগুরু, শিক্ষক, অধ্যাপক।
পাঠভূ ব্রহ্মারণ্য ; বেদাদিপাঠস্থান
পাঠমঞ্জরী, শারিকা পক্ষিণী।
পাঠযোগ্য, পাঠ্য, পঠনীয়, পঠনোপযুক্ত।
পাঠশালা, অধ্যয়ন গৃহ, বিদ্যালয়, চতুষ্পাঠী
বিদ্যাগার, টোল।
পাঠা, লতাবিশেষ, আকনাদি লতা, নিমুখী
পাঠান, (পাঠ) প্রেরণ, পেষণ ; চালান।
পাঠাপাঠি, (পাঠ-অপাঠ) লিখিবার ধারা,
যুক্তাযুক্ত পাঠ। [ঠেঙ্গু।
পাঠার্থী, (পাঠ-অর্থিন) [illegible]ভিলাষী, পা-
পাঠিত, (পঠ) অধ্যাপিত ; পড়ান।
পাঠী, পাঠবিশিষ্ট, পাঠশীল ; চিত্রকবৃক্ষ।
পাঠীন, মৎস্যবিশেষ, বোয়ালি মাছ।
পাঠ্য, (পঠ) পঠনোপযুক্ত, পাঠযোগ্য, পঠনীয়
পাড়, (পড) তট, কূল, আড়া, তীর।
পাতন, (পাত) অধঃপাতন, নীচে নিক্ষেপ
করণ, বিস্তার করণ, বিছান।
পাড়া, পল্লী, বিভিন্ন বসতি স্থান।
পাড়াগাঁ, (পল্লীগ্রাম) অল্প সংখ্যক লোকের
বসতি স্থান।
পাড়াপড়সী, প্রতিবাসী ; এক পল্লীবাসী।
পাড়ী, (পার) গৃহের কাষ্ঠ ; বস্ত্রের প্রান্ত-
ভাগ ; পর তীর।
পাড়ীদেওন, নৌকা লইয়া পরপারে যাওন
পান, (পর্ণ) তাম্বুল, পর্ণ, পত্র বিশেষ।
পানপত্র, কন্যাদানার্থ লিপি বিশেষ।
পানবাটা, তাম্বুলকরঙ্ক ; পানের বাটা।
পানা, (বারীপর্ণী) জলোপরি ভাসমান শৈ-
বাল বিশেষ কুম্ভী।
পাণি, (পণ) হস্ত, কর ; পণ্যবীথী, হট্ট,
হাট। [উঢ়া, পরিণীতা।
পাণিগৃহীতা, বিধি পূর্ব্বক বিবাহিতা স্ত্রী,
পাণিগ্রহণ, বিবাহ, দারকর্ম্ম, পরিণয় [পতি
পাণিগ্রাহ, (পাণি-গ্রহ) বিবাহকর্ত্তা, ভর্ত্তা,
পাণিগ্রাহী, ভর্ত্তা, স্বামী, পতি।
পাণিঘ, হস্তদ্বারা মৃদঙ্গাদি বাদ্য। [প্রহার।
পাণিঘাত, করাঘাত, চপেটাঘাত, চাপড়,
পাণিজ, নখ, নখর, কররুহ।
পাণিতল, করতল, করতল, হস্তের অধোভাগ
পাণিনি, মুনিবিশেষ, ব্যাকরণ কর্ত্তা।

পাণিপীড়ন, পাণিগ্রহণ, বিবাহ
পাণিবাদক, হস্তদ্বারা মৃদঙ্গাদি বাদ্যবাদক ;
হস্ত দ্বারা বাদ্যকারী। [রা. ভোজন কর্ত্তা।
পাণিভুক, উডুম্বর বৃক্ষ, ডুমুর গাছ ; হস্তদ্বা
পাণিমর্দ্দ, করমর্দ্দক, পেনেলা
পাণিমুক্ত, অস্ত্র ; বাণ।
পাণিরুহ, নখ, নখর।
পাণিশঙ্খ, জলশঙ্খ, ক্ষুদ্রশঙ্খ।
পাণিসর্গ্যা, রজ্জু, দড়া, রশি।
পাণীকরণ, পাণিগ্রহণ, বিবাহ।
পাণ্ডব, (পাণ্ডু) পাণ্ডুনন্দন, পাণ্ডুপুত্র।
পাণ্ডবাভীল, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
পাণ্ডবায়ন, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
পাণ্ডবেয়, (পাণ্ডব) পাণ্ডুপুত্র, যুধিষ্ঠিরাদি ;
পাণ্ডর, (পড়) শ্বেতবর্ণ ; শুভ্রবর্ণ বিশেষ।
পাণ্ডরবর্ণ, শ্বেতবর্ণ, শুভ্রবর্ণ, শাদা।
পাণ্ডা, (পড) জগন্নাথেরপুরোহিত, পূজারী
পাণ্ডিত্য, (পণ্ডিত) পণ্ডিতের ধর্ম্ম বা কর্ম্ম ;
নৈপুণ্য, দক্ষতা ; বিদ্যা।
পাণ্ডু, (পড) কুরুবংশজাত রাজা বিশেষ ;
বর্ণ বিশেষ শুক্ল পীত মিশ্রিতবর্ণ, পাণ্ডু-
বর্ণ ; রোগ বিশেষ, পাণ্ডুরোগ।
পাণ্ডুক, পাণ্ডুরাজ ; শুক্ল পীত মিশ্রিতবর্ণ
পাণ্ডুকণ্টক, অপামার্গ বৃক্ষ, আপাং।
পাণ্ডুকম্বল, প্রস্তর বিশেষ ; পাণ্ডুবর্ণ কম্বল
পাণ্ডুনাগ, পুন্নাগবৃক্ষ ; শ্বেত বর্ণ হস্তী ;
শ্বেতবর্ণ সর্প।
পাণ্ডুপৃষ্ঠ, পাণ্ডুবর্ণ পৃষ্ঠযুক্ত ; অলক্ষণ।
পাণ্ডুফল, পটোল।
পাণ্ডুবর্ণ, শুক্ল পীত মিশ্রিত বর্ণ।
পাণ্ডুমৃৎ, পাণ্ডুভূমি খড়ী মৃত্তিকা, খড়ীমাটী
পাণ্ডুর, (পাণ্ডু) শুক্লপীত মিশ্রিতবর্ণ ; কা-
মলা রোগ ; শিত্ররোগ।
পাণ্ডুরঙ্গ, শাক বিশেষ, পাটরাঙ্গা শাক।
পাণ্ডুরা, (পাণ্ডু) লতাবিশেষ, মাষপর্ণী
লতা ; শুক্ল পীত বর্ণ যুক্ত স্ত্রী।
পাণ্ডুরোগ, দমনকবৃক্ষ ; পাণ্ডুবর্ণ যুক্ত।
পাণ্ডুরেক্ষু, শ্বেতেক্ষু, শাদা আখ্‌ক।
পাণ্ডুলেখ্য, খসড়া লেখা, মুশাবিদা।
পাণ্ডুশর্ম্মিলা, দ্রৌপদী, পাণ্ডব পত্নী।
পাণ্ডুশর্করা, রোগবিশেষ
পাণ্ডুসোপাক, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
পাণ্য, (পাণি) হস্ত্য, কদলীর বৃক্ষাদির পাত
পাত, (পৎ) পতন, পড়া ; পুস্তকের পত্র ;

পাতক, (পৎ) নরক সাধন, পাপ, অঘ, কিল্বিষ কলুষ; অশুভ। [ঘবাম।
পাতকী, (পাতক) পাপী; পাতকবিশিষ্ট; অ-
পাতকুয়া, কূপ, জলযুক্ত গর্ত্ত বিশেষ।
পাতখোলা, পাতখাবরা, মৃত্তিকা নির্ম্মিত ছোট কটোরা।
পাতঙ্গ, শনৈশ্চর, শনিগ্রহ।
পাতঞ্জিয়া, (পাত-অনঙ্গ) আস্তর; শয্যা আসনাদি। [দর্শন শাস্ত্র বিশেষ।
পাতঞ্জল, (পাতঞ্জলি) পতঞ্জলি মুনিপ্রণীত
পাতড়া, (পাত) খাদ্যদ্রব্যের অংশ; খসড়া; নানা বিষয়ক লিপি; পুস্তকের উপপত্র।
পাতন, পাতিত করান; অধঃক্ষেপণ; শয্যাদি বিস্তারণ; বিছাওন।
পাতনা, (পৎ) উপক্রম, আরম্ভ; কল্পনা।
পাতর, (প্রস্তর) শিলা, পাষাণ।
পাতল, (পত্তল) তরল; ক্ষীণ; হাল্কা।
পাতলা, (পত্তল) তরল, ক্ষীণ, হাল্কা; অসঙ্কীর্ণ, পৃথক২। [পত্র।
পাতা, (পত্র) রক্ষিতা, ত্রাণকর্ত্তা, রক্ষক,
পাতাপা, (পত্র-পদ) হংসের চরণের ন্যায় বিস্তৃতপদ। [ভুবন; নরক।
পাতাল, (পৎ) রসাতল, নাগলোক; অধো-
নিলয়, দৈত্য; সর্প
পাতালভেদী, (পাতাল-ভেদিন) পাতালপর্যন্ত গমনশীল; জলাকর, উদুই।
জালৌকাঃ পাতালবাসী, দৈত্য; সর্প
পাতি, (পা) প্রভু, স্বামী, ক্ষুদ্র; ব্যবস্থাপত্র
পাতিক, জলজন্তু বিশেষ; শিশুমার, শুশুক
পাতিত, (পৎ) অধঃক্ষিপ্ত; পতিত করান; বিস্তৃত করা, বিছান।
পাতিত্য, (পতিত) পাতক, পাপ, দুষ্কৃত; জাতি ভ্রষ্টাবস্থা।
পাতিলেবু, জম্বীর বিশেষ; অগ্নি উদ্দীপক
পাতিপাতি, (পত্র) বিশেষরূপে অনুসন্ধান।
পাতিব্রত্য, (পতিব্রতা) সাধ্বীধর্ম্ম, সতীত্ব; পতিব্রতার লক্ষণ। [তীব্রাচরণ।
পাতিব্রত্যাচরণ, পতিব্রতা ধর্ম্ম পালন, স-
পাতিমৌড়, নব বিবাহিতার মুকুট, সিঁথি মৌড়া [গুয়া, কাঁদা।
পাতিলী, নারী; মৃত্তিকাপাত্র বিশেষ; বা-
পাতিশিয়াল, শিবা, জম্বুকী, গোমায়ু।
পাতিহাঁস, (পাতি-হংস) ক্ষুদ্র হংস, দেশি হাঁস

পাত্তী, (পত্র) পতনশীল; পতনকর্ত্তা; পত্র লিপি; ব্যবস্থাপত্র।
পাতুক, (পৎ) পতনশীল; ভূগু, উচ্চ, তালু; বৃহৎ জলজন্তু বিশেষ। [ধার গর্ত্ত।
পাৎকুয়া, (পাতাল-কুয়া) কূপ, ইন্দারা, জলা-
পাত্র, (পা) আধার, ভাজন; মন্ত্রী; বর, কন্যা সম্প্রদানীয় ব্যক্তি, বিদ্যাদি গুণ সম্পন্ন, যোগ্য।
পাত্রট, কৃশ, ক্ষীণ, দুর্ব্বল।
পাত্রটীর, লৌহপাত্র; কাংস্যপাত্র; রজত পাত্র; অগ্নি; কাক।
পাত্রতা, (পাত্র) উপযুক্ততা; যোগ্যতা; পাত্রের ধর্ম্ম। [ধর্ম্ম।
পাত্রত্ব, (পাত্র) উপযুক্ততা, পাত্রতা, পাত্রের
পাত্রপাল, তুলা, ধট; পরিমাণ দণ্ড, তরাজু
পাত্রসংস্কার, ভাজন শোধন করণ; লতা বিশেষ, রায়ভাটী লতা।
পাত্রস্থ, (পাত্র-স্থা) পাত্রস্থিত, আধারস্থ।
পাত্রী, (পাত্র) আধার, যোগ্য, উপযুক্ত।
পাত্রীয় (পাত্র) যজ্ঞপাত্র; পাত্রসম্বন্ধীয়।
পাত্রীর, যজ্ঞদ্রব্য, যাগের সামগ্রী।
পাত্রেসমিত, যে ভোজন ব্যতীত অন্য কর্ম্মে মিলিত হয় না, ভোজন দক্ষ, উদর পরায়ণ, পেটুক। [ভরণ।
পাত্রোপকরণ, উপভূষণ, অন্য প্রকার
পাথ, (পা) জল; সূর্য্য; অগ্নি
পাথর, (প্রস্তর) পাষাণ, শিলা।
পাথরচুর, বৃক্ষবিশেষ; পাথরকুঁচি গাছ
পাথরী, (পাথর) রোগবিশেষ, অশ্মরী রোগ
পাথরীয়া, (পাথর) প্রস্তরকর্ত্তক, প্রস্তর নির্ম্মাতা; পাথরগড়া।
পাথস্, (পা) জল, সলিল, নীর।
পাথিস, (পাথস) সমুদ্র; চক্ষু; জল।
পাথেয়, (পাথিন) পথের সম্বল; পথে ব্যয়িতব্য দ্রব্য, পথ খরচ।
পাথোজ, (পাথস-জন) পদ্ম, কমল, পঙ্কজ।
পাথোদ, (পাথস-দা) মেঘ, ঘন, বারিদ।
পাথোধর, (পাথস-ধৃ) মেঘ, বারিদ, অভ্র
পাথোধি, (পাথস-ধি) সমুদ্র, সাগর, জলধি।
পাথোনিধি, (পাথস-নিধি) সমুদ্র, সাগর, জলধি, অর্ণব।
পাদ, (পদ) চরণ পা; চতুর্থভাগ; এক পোয়া; শব্দক্রিয়া, বাতকর্ম্ম।
পাদকটক, নূপুর, পাদ ভূষণ বিশেষ, বাঁকমল

পাদকনিষ্ঠাপকর্ষক, (পাদকনিষ্ঠ-অপকর্ষক) শিরাবিশেষ, যে শিরার দ্বারা পায়ের কনিষ্ঠাঙ্গুলী চালিত হয়।

পাদকৃচ্ছ্র, ব্রত বিশেষ; প্রায়শ্চিত্ত বিশেষ।

পাদগণ্ডীর, শ্লীপদরোগ, গোদ।

পাদগ্রহণ, অভিবাদন, পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম। [ভিবাদনকর্ত্তা।

পাদগ্রাহী, (পাদ-গ্রাহিন) চরণসেবক; অ-

পাদচত্বর, ছাগ, ছাগল; বালুকা; পরের দোষ মাত্র কথক, পিশুন। [সকারী।

পাদচারী, পিয়াদা, পদাতি; পদব্রজে গম-

পাদজ, (পাদ-জন) অবরবর্ণ, শূদ্রজাতি।

পাদত্রাণ, (পাদ) পাদুকা, বিনামা, জুতা; উপানৎ, খড়ম।

পাদন, (পাদ) বায়ুনিঃসারণ, মরুৎক্রিয়া করণ। [পণ।

পাদনিক্ষেপ, ধাপ, সিঁড়ি, পৈঠা; পাদক্ষে-

পাদপ, (পাদ-পা) বৃক্ষ, দ্রুম, তরু, গাছ।

পাদপদ্ম, পদ্মসদৃশ চরণ, চরণকমল।

পাদপা, পাদুকা, বিনামা, জুতা। [দড়ি।

পাদপাশ, অশ্বপাদ রজ্জু, ঘোড়ার পায়ের

পাদপাশী, শৃঙ্খলা, শিকলী। [রাখা টুল।

পাদপীঠ, পাদস্থাপনার্থ আসন, পদাসন, পা

পাদপ্রক্ষালন, চরণপ্রক্ষালন, পাদধৌত, পা ধোয়া। [বিনামা, জুতা।

পাদপ্রাবরণ, (পাদ-প্র-আবরণ) পাদুকা,

পাদপ্রসারণ, পদ বিস্তীর্ণ করণ, পাছড়ান।

পাদপ্রহার, পদাঘাত, লাথী।

পাদপ্রক্ষালন, চরণ ধৌত, পা ধোয়া।

পাদবন্দন, চরণসেবন, পদে প্রণতি করণ।

পাদবন্ধন, গো মহিষাদি ধন; গবাদির চরণ বন্ধন।

পাদবল্মীক, রোগ বিশেষ, শ্লীপদ, গোদ।

পাদবিক, পথিক, পান্থ, পথিস্থ ব্যক্তি।

পাদবিরজা, (পাদ-বিরজস) পাদুকা, বিনামা জুতা। [শনৈঃ২ চলন।

পাদবিহরণ চরণ নিক্ষেপ, পাদচালন;

পাদবিহীন, চরণহীন, পদরহিত, পঙ্গু।

পাদরজ, (পাদ-রজস) চরণধূলি, পায়েরধুলা

পাদরথী, (পাদ-রথ) উপানৎ, পাদুকা, জুতা

পাদরক্ষণ, উপানৎ, পাদুকা, জুতা।

পাদরোহণ, বটবৃক্ষ, বটগাছ।

পাদশৈল, প্রত্যন্ত পর্ব্বত, ক্ষুদ্র২ পাহাড়।

পাদসেবা, চরণ সেবা, চরণ বন্দন।

পাদস্ফোট, রোগ বিশেষ, বিপাদিকারোগ, চরণের অধোভাগে স্ফোটক।

পাদাগ্র, (পাদ-অগ্র) চরণের অগ্রভাগ, প্রপদ। [পদদ্বারা প্রহার, লাথী।

পাদাঘাত, (পাদ-আঘাত) চরণ দ্বারা তাড়ন

পাদাঙ্ক, (পাদ-অঙ্ক) পদচিহ্ন, পাএর দাগ।

পাদাঙ্গদ, নূপুর, চরণভূষণ।

পাদাত, (পাদ-অৎ) পদাতি সমূহ, সৈন্যসংঘ

পাদাতি, (পাদ-অৎ) পদব্রজে গমনকারি সেনা। [গমনকারি সৈন্য, যোদ্ধা; পাইক।

পাদাতিক, (পাদ-অৎ) পদাতি; পদব্রজে-

পাদানত, (পাদ-আনত) চরণে পতিত, চরণে প্রণত, পাদাবনত। [মর্দ্দন।

পাদাবন, (পা-দাবন) পা মারণ, পদ দ্বারা

পাদাবর্ত্ত, অরঘট্ট, কূপ, কুয়া।

পাদাবিক, (পাদ-অৎ) পদাতিক, পেয়াদা, পদব্রজে গমনকারি সেনা।

পাদালিন্দ, তরি, নৌকা, তরণী। [ভাগ।

পাদী, (পাদ) পাদযুক্ত জলজন্তু; চতুর্থাংশ-

পাদু, (পদ) পাদুকা, উপানৎ, জুতা।

পাদুকা, (পাদু) চর্ম্মাদি নির্ম্মিত পাদাচ্ছাদন, পাদরক্ষক, জুতা, বিনামা; খড়ম।

পাদুকৃৎ, (পাদু-কৃ) চর্ম্মকার, চামার, মুচী।

পাদোদক, (পাদ-উদক) চরণামৃত, পদধৌত জল।

পাদ্য, (পাদ) পাদপ্রক্ষালনার্থ জল।

পান, (পা) দ্রবদ্রব্যের গলাধঃ করণ।

পানগোষ্ঠিকা, মদ্যপান চক্র, ভৈরবীচক্র যে স্থানে অনেকে একত্র হইয়া মদ্য পান করে

পানপত্র, বিবাহের সম্বন্ধ নির্ণায়ক লিপি

পানপাত্র, মদ্যপান পাত্র, চষক, মদের পিয়ালা।

পানবণিক, শৌণ্ডিক, সুরা ব্যবসায়ী, শুঁড়ী

পানমত্ত, সুরাপানে আসক্ত, মদ্যপানে রত

পানশৌণ্ড, অতিশয় মদ্যপায়ী, মাতাল।

পানস, (পনস) কাঁটালের আরকের মদ্য; কাঁটাল সম্বন্ধীয়। [ভরি

পানসী, (পাদালিন্দা) নৌকা বিশেষ, ক্ষুদ্র

পানা, (পান) জল মিশ্রিত শর্করাদি; প্রাচীরের পরিসর; পুষ্করিণ্যাদির জলোপরি ভাসমান শৈবালবিশেষ, কুম্ভী।

পানাসক্ত, (পান-আসক্ত) মদ্যাসক্ত, মদ্যপানে রত।

পানিল, পানপাত্র, চষক, পিয়ালা।
পানী, (পা) জল, সলিল ; তরল দ্রব্য।
পানীফল, সিঙ্গাড়া, জলজ ফলবিশেষ।
পানীকৌড়ী, (পানী-কুড়) জলস্থ পক্ষি-
বিশেষ।
পানীবসন্ত, ক্ষুদ্র বসন্ত, রোগবিশেষ।
পানীয়, (পা) জল, পানযোগ্য, পেয়।
পানীয়নকুল, উদ্র, জলমার্জার, উদ্বিড়াল।
পানীয়পৃষ্ঠজ, কুম্ভী, পানা।
পানীয়ফল, মূলবিশেষ, পানীফল।
পানীয়বর্ণিকা, বালুকা, বালি।
পানীয়শালিকা, জলাবস্থান গৃহ, জলের
ঘর ; জলছত্র।
পানীয়ামলক, প্রাচীনামলক ; পানিআমলা।
পানীস, (পান) বিরস, বিস্বাদ ; জলবৎ।
পানে, (পন) দিকে, প্রতি।
পান্থ, (পথিন) পথিক, পথিস্থ, রাহী।
পান্না, হীরক বিশেষ, বহুমূল্য প্রস্তরবিশেষ
পাপ, (প) কলুষ, অধর্ম্ম, দুরিত ; অপরাধ।
পাপকৃৎ, (পাপ-কৃ) পাপকর্ত্তা, অধর্ম্মকা-
রক গ্রহ।
পাপগ্রহ, মন্দগ্রহ, অনিষ্টকারক গ্রহ। [তিল
পাপঘ্ন, (পাপ-হন) পাপনাশক, পাপহারী ;
পাপনাপিত, ধূর্ত্ত নাপিত।
পাপপতি, উপপতি, জার, ভুজঙ্গ [পুরুষ।
পাপপুরুষ, পাপময়াঙ্গ নর, পাপস্বরূপ
পাপভাক্ (পাপ-ভজ) পাপভাগী, অধর্ম্মাংশী
পাপমুক্ত, নিষ্পাপ, পাপ হইতে পরিত্রাণ
প্রাপ্ত।
পাপরোগ, বসন্তরোগ।
পাপর্দ্ধি, মৃগয়া, পশুহিংসা, শিকার।
পাপল, পাপী ; পরিমাণ বিশেষ ; অধর্ম্ম
বিশিষ্ট। [গাছ।
পাপশমনী, পাপনাশিনী শমীবৃক্ষ, শাঁই-
পাপহা, (পাপ-হন) পাপঘ্ন, পাপনাশক।
পাপাচার, দুরাচার, মন্দব্যবহার, অধমাচার
পাপাত্মা, (পাপ-আত্মন) অধর্ম্মশীল, পাপ-
বিশিষ্ট, পাপী। [দুরাত্মা।
পাপিষ্ঠ, (পাপ) অতিশয় পাপী ; অতি
পাপী, (পাপিন) পাপিষ্ঠ, পাতকী, দুরাত্মা।
পাপীয়সী, (পাপ) অতিশয় পাপ যুক্তা
স্ত্রী, পাপিষ্ঠা। [অধর্ম্মী।
পাপীয়ান্, (পাপ) অতিশয় পাপী, অত্যন্ত
পাপ্ম, (পাপ) পাপ, অধর্ম্ম, দুরিত।

পাব, (পর্ব্ব) গ্রাস্থ, পর্ব্ব।
পাবক, (পূ) অগ্নি, অনল, বহ্নি ; বজ্রাগ্নি ;
শোধনকারক, পবিত্র কর্ত্তা।
পাবকি, কার্ত্তিকেয়, কুমার, অগ্নিজ।
পাবদা, (পর্বিত) মৎস্যবিশেষ।
পাবন, (পূ) পবিত্রকারক ; জল ; গোময় ;
রুদ্রাক্ষ ; প্রায়শ্চিত্ত ; অগ্নি।
পাবনধ্বনি, শঙ্খধ্বনি ; পবিত্র শব্দ।
পাবনী, (পাবন) হরীতকী ; পবিত্রকারিণী ;
তুলসী, গো, গঙ্গা।
পাম, (পামন) কণ্ডুরোগ, কাছু, পাঁচড়া।
পামঘ্ন (পাম-হন) গন্ধক ; কণ্ডুরোগ নাশক
পামন, (পামন) কণ্ডুরোগবিশিষ্ট, পাঁচ-
ড়াযুক্ত।
পামর, (পাম-রা) অধম, নীচ, পাপিষ্ঠ ; মূর্খ
পায়চারী, (পা-চর) পদবিহার।
পায়পড়া, (পা-পড়) চরণ সেবক ; পদানত
পায়রা, (পারাবৎ) কপোত, পারাবত।
পায়রাচাঁদা, মৎস্যবিশেষ, বৃহৎ চাঁদা মৎস্য
পায়স, (পয়স) দুগ্ধ দ্বারা সংস্কৃত অন্ন, পরমান্ন।
পায়ু, (পা) পদ ; কর্ম্ম ; খট্টাদি ধারক।
পায়িক, পদাতিক, পদব্রজে গমনকারি সৈন্য
পায়ু, (পা) গুহ্যদেশ, মলদ্বার, অপান।
পায্য, পরিত্রাণ ; পান ; জল ; নিন্দনীয়।
পার, পর তীর, নদী লঙ্ঘনে গন্তব্যতীর ;
প্রান্ত ; শেষ ; লঙ্ঘন ; তরণ, উদ্ধরণ, মোচন
পারক, (পার) সমর্থ, পারগ ; পূর্ত্তিকারক ;
পালক ; ব্যায়ামকারক।
পারক্য, পরলোকহিত কর্ম্ম, পরকালের
প্রয়োজনক বিষয়।
পারগ, (পার-গম) সমর্থ, পারগামী, নিপুণ,
কর্ম্মদক্ষ ; নদ্যাদির পার গামী।
পারগত, পার প্রাপ্ত ; নিস্তীর্ণ, উত্তীর্ণ।
পারজ স্বর্ণ, স্বর্ণ, কাঞ্চন।
পারজায়িক, পারদারিক, পর স্ত্রীগামী
পারটীট, প্রস্তর, পাথর, শিলা, পাত্থর।
পারণ, (পার) সমর্থ হওন, উপবাসের পর
দিন বিহিত ভোজন ; মেঘ।
পারণা, (পারণ) উপবাসের পরদিনে বি-
হিত ভোজন। [রদ, পারা
পারত, সাধ্যানুসারে, সামর্থ্যানুক্রমে ; পা-
পারতন্ত্র্য, (পরতন্ত্র) পরাধীনতা, অস্বাধী-
নতা, পারবশ্য।

পারৎপক্ষ, (পার-পক্ষ) ক্ষতিসাধ্য; পার-
পত্যাক্ষো (লৌকিক; পরকালের বিষয়।
পারত্রিক, (পরত্র) পরলোক সম্বন্ধীয়, পার-
পারদ, (পার-দা) ধাতুবিশেষ পারা, রসধাতু
পারদণ্ডক, দেশ বিশেষ; উড়িষ্যাদেশের
একভাগ। [পুণ, দক্ষ।
পারদর্শী, (পার-দর্শিন) পারগামী; নি-
পারদারিক, (পরদার) কামুক, পরস্ত্রী রত,
অন্য রমণীতে আসক্ত। [হরণ
পারদার্য্য, (পরদার) পরদারগমন, পরস্ত্রী-
পারদেশ্য, (পরদেশ) প্রোষিত, পরদেশিক,
বিদেশী। (পরকালবিষয়ক; মোক্ষ প্রাপক
পারমার্থিক, (পরমার্থ) পরমার্থ সম্বন্ধীয়;
পারম্পর্য্য, (পরম্পরা) পরম্পরাগত; কুল-
ক্রম; অনুক্রম।
পারম্পর্য্যোপদেশ, (পারম্পর্য্য-উপদেশ) উ-
পদেশ পরম্পরা, ধারাবাহিক উপদেশ।
পারবত, পারাবত, কপোত, পায়রা।
পারলৌকিক, (পরলোক) পরলোক সম্ব-
ন্ধীয়, পরকালের বিষয়। ঔরস জাত সন্তান
পারশব, (পর-শব) শূদ্রা গর্ভে ব্রাহ্মণের
পারশ্বধ, (পরশ্বধ) কুঠার, কুড়ালি।
পারশ্বধিক, (পরশ্বধ) পরশুধারী, কুঠারক।
পারসী, পারস্যভাষা, ম্লেচ্ছভাষাবিশেষ।
পারসীক, পারস্য দেশীয়, পারস্যদেশজাত
জন্তু বা বস্তু। [জাত সন্তান।
পারস্ত্রৈণেয়, (পরস্ত্রী) ক্ষেত্রজপুত্র, পরস্ত্রী-
পারা, (পারদ) পারদ, রসধাতু; নদীবিশেষ
পারাণী, (পার) পারহওনের বেতন আত-
র, তরপণ্য। [সাগর; পারহওন।
পারাপার, (পার-অপার) পারাবার সমুদ্র,
পারাবত, (পর-অব) কপোত, পায়রা।
পারায়ণ, (পার-অয়ণ) পুরাণ পাঠবিশেষ,
সপ্তাহ নিয়ম করিয়া শ্রীমদ্ভাগবত পঠন বা
পাঠন; সম্পূর্ণতা।
পারায়ণিক, পাঠ; ছাত্র।
পারারুক, প্রস্তর, শিলা পাষাণ।
পারাশর, (পরাশর) বেদব্যাস; পরাশর
মুনি সম্বন্ধীয়। [মুনির পুত্র।
পারাশরী, (পরাশর) ব্যাসদেব, পরাশর
পারাশরিন, চতুর্থাশ্রমী, সন্ন্যাসী।
পারাশর্য্য (পরাশর) পরাশরপুত্র, ব্যাসদেব
পারিকাঙ্ক্ষী, তপস্বী, মুনি, ঋষি।
পারিজাত, সুরতরু; পুষ্পবিশেষ।

পারিণায্য, (পরিণয়) যৌতুকদ্রব্য, বিবাহ-
কালীন লব্ধ ধন, বৈবাহিক ধন।
পারিণাহ্য, (পরিণহ) গৃহোপকরণ, শয্যা,
আসন ইত্যাদি। (ললাটালঙ্কার, সিঁথী।
পারিতথ্যা, সীমন্তিকায় ধার্য্য ভূষণ বিশেষ,
পারিতোষিক, (পরিতোষ) তুষ্টিজনক, দান,
পুরস্কার, আনন্দিকর বস্তু।
পারীন্দ্র, সিংহ, মৃগেন্দ্র, কেশরী।
পারিপন্থিক, (পরিপন্থি) তস্কর, চৌর, মলি-
ম্লুচ। [টীর ভাব
পারিপাট্য, (পরি-পাটি) উত্তমতা, পরিপা-
পারিপাত্র, পর্ব্বতবিশেষ।
পারিপাত্রক, পর্ব্বতবিশেষ, পারিপাত্র প-
র্ব্বত। [বর্ত্তী।
পারিপার্শ্বিক, (পরিপার্শ্ব) পার্শ্বস্থিত, পার্শ্ব-
পারিপ্লব, চঞ্চল; আকুল; অস্থির।
পারিভদ্র, বৃক্ষ বিশেষ, পালিতা মাদারগাছ
পারিভদ্রক, দেবদারু বৃক্ষ; নিম্ববৃক্ষ।
পারিভাব, জামিনী, প্রতিভূত্ব, লগ্নকত্ব।
পারিভাষিক, (পরিভাষা) সাঙ্কেতিক শব্দ;
শিল্প বিদ্যাদি সম্বন্ধীয় কল্পিত কথা।
পারিমাণ্ডল্য, (পরিমণ্ডল) পরমাণুর পরি-
মাণ। [স্থিত।
পারিমুখিক, (পরিমুখ) সম্মুখবর্ত্তী, সম্মুখ-
পারিযাত্র, পর্ব্বত বিশেষ, পারিপাত্র পর্ব্বত
পারিযানিক, অশ্বরথ, পর্যস্থিত রথ।
পারিশ, বৃক্ষবিশেষ; পলাশ; পিপুল।
পারিশা, (পু) মৎস্যবিশেষ, পার্শেমাছ।
পারিষদ, (পরিষদ) সভাস্থ, সভাসদ, সভ্য।
পারিষদ্য, সভাস্থ, সভ্য, সভাসদ।
পারিহারিক, (পরিহার) পরিহার কর্ত্তা;
বিনতি করা।
পারিহার্য্য, অলঙ্কার বিশেষ বলয়, বালা।
পারী, জলসমূহ; হস্তিপাদরজ্জু; পানপ।
নপাত্র; দোহন পাত্র।
পারীন্দ্র, সিংহ; অজাগর সর্প, অজাগর
পারীরণ, কমঠ, কূর্ম্ম, কচ্ছপ; দণ্ড; প্যাটশাক
পারীক্ষিত, (পরীক্ষিত) পরীক্ষিত রাজপু-
ত্র, জনমেজয়।
পারু, অগ্নি, অনল; সূর্য্য, দিবাকর।
পারুল (পাটলি) বৃক্ষবিশেষ।
পারুষ্য, (পরুষ) পরনিন্দা; পরদ্রোহ; অ-
প্রিয় সত্যবাক্য; কঠোরতা।
পারেরক, খড়্গ; অসি, তলবার।

পার্থিত, প্রার্থিত, উচ্চ, উন্নত
পার্থ, (পৃথা) পৃথিবীপাল ; পৃথা পুত্র।
পার্থক্য, (পৃথক) পৃথক হওন, ভিন্নতা প্রভেদ।
পার্থব, (পৃথু) পৃথুতা, স্থূলতা।
পার্থিব, (পৃথিবী) রাজা, পৃথিবী সম্বন্ধীয় পৃথ্বীজাত ; মৃণ্ময়।
পার্থিবী, (পৃথিবী) সীতা, জানকী।
পার্পর, যম, অন্তক, রবিসুত। [পর্ব্ব
পার্ব্বণ, (পর্ব্বন) পর্ব্ব কর্ত্তব্য শ্রাদ্ধ, উৎসব
পার্ব্বণী, (পর্ব্বন) উৎসব কালীন পুরস্কার
পার্ব্বত, মহানিম্ব ; ঘোড়া নিম্ব, পর্ব্বত জাত ; পর্ব্বত সম্বন্ধীয়।
পার্ব্বতী, (পর্ব্বত) দুর্গা, ভগবতী।
পার্ব্বতীনন্দন, কার্ত্তিকেয়, কুমার।
পার্য্যমাণ, (পার) কৃতিসাধ্য, সক্ষম, সহ্য।
পার্শ্ব, (পর্শু) একদেশ, পাশ, ধার, পাড়।
পার্শ্বত, পার্শ্বে, পাশে, নিকটে।
পার্শ্বতীয়, পার্শ্ব সম্বন্ধীয়।
পার্শ্বপরিবর্ত্তন, পাশ ফেরাণ, পার্শ্ব পরিবর্ত্তন
পার্শ্বব, (পর্শু) পরশুধারী যোদ্ধা।
পার্শ্ববর্ত্তী, (পার্শ্ব-বর্ত্তন) পার্শ্বগ, সহচর।
পার্শ্বশূল, শূলরোগবিশেষ
পার্শ্বস্থ, (পার্শ্ব-স্থা) নিকটস্থ সমীপ।
পার্শ্বস্থিত, নিকটস্থ, সমীপবর্ত্তী।
পার্শ্বাস্থি (পার্শ্ব-অস্থি) পঞ্জর, পাঁজরা।
পার্ষতী দ্রৌপদী, পাণ্ডবপত্নী।
পার্ষদ, (পর্ষদ) পারিষদ, সভাস্থ, অনুচর।
পার্ষ্ণি, (পৃষ) কুন্তী, পাণ্ডুরাজ স্ত্রী, পশ্চাৎ পশ্চাদ্ভাগস্থ ; পৃষ্ঠ।
পার্ষ্ণিগ্রাহ, পৃষ্ঠদেশে বর্ত্তমান শত্রু।
পার্ষ্ণিত্র, পশ্চাৎ রক্ষক, সেনা।
পাল, (পাল) পতদাহ, পিকদান, পালক, রক্ষক ; সমূহ দল। [রাশি।
পালই, (পাল) ধান্যের স্তূপ, সতৃণ ধান্যের
পালক, (পাল) রক্ষক, পোষক ; শাসনকর্ত্তা।
পালকপুত্র, পোষ্যপুত্র, দত্তক পুত্র।
পালকী, (পর্য্যঙ্ক) শিবিকা, নরযান, মনুষ্য বাহ্য যান বিশেষ।
পালখ, পক্ষ, পর্ণ ; পাখা। [পালংশাক।
পালঙ্ক, (পল্যঙ্ক) জন্তুবিশেষ ; শাক বিশেষ
পালঙ্ক্য, (পালঙ্ক) শাক বিশেষ, পালংশাক
পালঙ্ক, (পালঙ্ক) শাক বিশেষ ; খট্টা, খাট পল্যঙ্ক।
পালটি, (পল্লট) পরিবর্ত্ত, বদল, বিনিময়
পালন, (পাল) ভরণপোষণ, প্রতিপালন ; মান্যকরণ ; রক্ষণ, অঙ্গীকার পূরণ।
পালনীয়, (পাল) প্রতিপাল্য ; পালনযোগ্য
পালা, (পাল) রক্ষিত, পোষা ; পল্লব ; দীর্ঘস্বর ; বার, পর্য্যায় ; কালনিরূপণ।
পালাজা, (পাল-জন) প্রাচীরাবস্থিত তৃণাদি নির্ম্মিত চাল, ক্ষুদ্রচালা। [প্রস্থিত।
পলায়ক, (পালা) পলায়িত, কৃতপলায়ন,
পালান, (পালা) পলায়ন, প্রস্থান গোস্তন।
পালাশ, হরিদ্বর্ণ, সবুজরং, হরিদ্বর্ণবিশিষ্ট ; তেজপত্র
পালাশষণ্ড, মগধদেশ, পলাশসমূহ
পালি, (পাল) কোণ ; পংক্তি, শ্রেণী ; প্রান্তভাগ, সেতু, আইল ; ক্রোড় ; প্রস্থপরিমাণ, প্রশংসা ; চারি রেক।
পালিকা, (পালি) অস্ত্র, কোণ ; পালনকারিণী
পালিত, (পাল) রক্ষিত, স্থাপিত, পোষিত
পালী, শ্রেণী পংক্তি ; স্থালী, হাঁড়ী।
পালো, (পাল) ঔষধ বিশেষ ; চূর্ণ, গুঁড়া।
পালটন, (পালট) বদল, পরিবর্ত্তন ; ফিরাণ
পালটা (পরি-অট) বদলা, বিনিময়, পরিবর্ত্ত ; পরিশোধ।
পাল্য, (পাল) পালনীয়, পালন যোগযুক্ত।
পাল্লা, (যাং) তোল করণের পাত্র ; তরাজু।
পাশ (পশ) রজ্জু, গুণ, সূত্র, দড়ী ; পার্শ্ব।
পাশক, দ্যূত বিশেষক, পাশা খেলা ; অক্ষ, পাকি, চৌপাড়, পাশা।
পাশকল্প, ইতরবাক্য, প্রাসঙ্গিক কথা।
পাশপাণি, বরুণ, জলাধিষ্ঠাত্রী দেবতা।
পাশবপালন, (পশু-পালন) ঘাস, তৃণ।
পাশলী, (পাশ) পাদাঙ্গুলির ভূষণ বিশেষ।
পাশা, (পাশ) অক্ষ, পাকি ; কর্ণভূষাবিশেষ
পাশাপাশী, (পার্শ্ব) পরস্পর পার্শ্বে স্থিত। নিকটানিকটি, কাছাকাছি।
পাশিত, পাশযুক্ত, বদ্ধ, বাঁধা। [যম।
পাশী, (পাশ) পাশধর, রজ্জু বিশিষ্ট, ব্যাধ ;
পাশীকৃত, পাশবদ্ধ, দড়ী বাঁধা।
পাশুপত, (পশুপতি) মন্ত্রে উপাসক, শৈব।
পাশুপতাস্ত্র, (পাশুপত-অস্ত্র) শূলাস্ত্র বিশেষ
পাশুপাল্য, বৈশ্যবৃত্তি, গো রক্ষণাদি। শৈব।
পাশ্বলী, (পাশ) পাবক, পদাঙ্গুল্যাভরণ বিশেষ।
পাশে, পার্শ্বে, কাছে, নিকটে। [শীর
পাশ্চাত্য, (পশ্চাৎ) পশ্চাজ্জাত, পশ্চিমদে

পাষক, (পাষ) পায়ান্তরণ বিশেষ, পাষুলী।
পাষণ্ড, (পাপ-ষণ্ড) পামর, পাপী নাস্তিক।
পাষণ্ডী, পামর, নীচ, নাস্তিক।
পাষাণ, (পিষ) শিলা, প্রস্তর, পাতর।
পাষাণভেদী বৃক্ষবিশেষ, পাথর চুর।
পাষাণী, (পাষাণ) ক্ষুদ্রপাষাণ বাটখারা।
পাষ্নি, (পাশক) অক্ষ, পাশক।
পাসরণ, (পাসর) বিস্মরণ, ভ্রম, ভুলন।
পাসরাণ, চলন; পদক্ষেপণ।
পাসোরা, (অপ-স্মৃ) বিস্মৃতি; ভ্রম ভুল।
পাহাড়, (পর্ব্বত) শৈল, গিরি।
পাহাড়িয়া (পাহাড়) পর্ব্বতবাসী, গিরিসম্বন্ধীয়
পাক্ষিক, (পক্ষ) পক্ষপাতী; অনিয়ত ভাবী
পক্ষিঘাতক, পাখি মারা; পক্ষসম্বন্ধীয়।
পিঁজরা, (পিঞ্জরা) পিঞ্জর, খাঁচা।
পিঁপড়া (পিপীলিকা) পিপীড়া, কীটবিশেষ
পিঁপুল, (পিপ্পলী) পিপুল, ফলবিশেষ।
পিওন, (পা) দ্রবদ্রব্যের গলাধঃ করণ, পা-
নকরণ। [বনপাত্র; থুথু।
পিক, (অপি-কৈ) পরভৃত, কোকিল, নিষ্ঠী-
পিকদান, (পিক-ধাং) নিষ্ঠীবন পাত্র।
পিকবন্ধু, আম্রবৃক্ষ, আঁবগাছ।
পিকরাগ, আম্রবৃক্ষ, আঁবগাছ।
পিকাঙ্গ, (পিক-অঙ্গ) পক্ষি বিশেষ।
পিকানন্দ, (পিক-আনন্দ) বসন্তকাল।
পিকী, (পিক) কোকিলা, কোকিলবধূ।
পিক্ক, হস্তিশাবক, করভ, হস্তিশিশু।
পিঙ্গ, (পিঙ্গ) বালক; হরিতাল; পিঙ্গলবর্ণ
পিঙ্গকপিশা, তৈলপায়িকা, আরসুলা।
পিঙ্গচক্ষুঃ, কুম্ভীর, নক্র, কুমীর।
পিঙ্গজটা, শিব, মহাদেব। [ধপশবং।
পিঙ্গল, (পিঙ্গ) নীল পীত মিশ্রিতবর্ণ; ক-
পিঙ্গললোহ, পিত্তল, পিতল।
পিঙ্গলা, (পিঙ্গ) বেশ্যা বিশেষ; রাজা কর্ত্তৃ-
হরির পত্নী, পিঙ্গলবর্ণা স্ত্রী।
পিঙ্গলিকা, বলাকা, বকশ্রেণী।
পিঙ্গসার, হরিতাল।
পিঙ্গস্ফটিক, গোমেদমণি, রত্নবিশেষ।
পিঙ্গা, গোরোচনা; হিঙ্গু; হরিদ্রা; বংশো-
লোচনা।
পিঙ্গাশ, মৎস্যবিশেষ, পাঙ্গাশ মাছ।
পিঙ্গাক্ষ, শিব, মহাদেব, মর্কট, পিঙ্গলবর্ণ
কটা চোক।
পিচ্ছী, শমীবৃক্ষ, শাঁইগাছ।

পিঙ্গেক্ষণ, শিব, মহাদেব; পিঙ্গলবর্ণচক্ষু।
পিচ, বৃক্ষ বিশেষ; ফলবিশেষ।
পিচটা, (পিকটা) চক্ষুমল, নেত্রবিষ্টা, দূষিকা
পিচব্য কার্পাস, তুলা [গুর অবয়ববিশেষ।
পিচিণ্ড, (অপি-চম) উদর, জঠর, পেট; প-
পিচিণ্ডিল, (পিচিণ্ড) বৃহৎ উদর যুক্ত; বড়-
পেটাল। [ষ; শস্যবিশেষ।
পিচু, কাপাস, তুলা; অসুর বিশেষ; ভৈর-
পিচুক, মদন বৃক্ষ, ময়না গাছ।
পিচুটি (পিকটি) নেত্রমল, চক্ষুর ক্লেদ, দূষিকা
পিচুমন্দ, নিম্ববৃক্ষ, নিমগাছ।
পিচুমর্দ্দ নিম গাছ নিম্ববৃক্ষ। [যন্ত্র।
পিচকারী, (ধাং) বেগে জলনিঃসারক ক্ষুদ্র-
পিচ্চট, সীসক, সীসা; রজ, রাং; নেত্র রো-
গ বিশেষ। [পুচ্ছ।
পিচ্ছ, (পিচ্ছ) ময়ূরপুচ্ছ, শিখণ্ড; লাঙ্গুল,
পিচ্ছবাণ, শ্যেনপক্ষী, সাচান, শিকারীপাখী
পিচ্ছলদলা, বদর বৃক্ষ, কুলগাছ।
পিচ্ছা, শিংশপাবৃক্ষ, শেওড়া গাছ; গুবাক
ত্বক্, চোচা। [ব্যঞ্জন।
পিচ্ছিল, পছল; সরসব্যঞ্জনাদি; জলযুক্ত
পিচ্ছিলা, শিংশপা বৃক্ষ; পূতিকা শাক;
শাল্মলী বৃক্ষ, শিমুল গাছ।
পিছন পশ্চাদ্বর্ত্তী হওন, নিবর্ত্তন।
পিছল, তৈলবৎ, আটালীন; গড়ানিয়া।
পিছলিয়া, পিচ্ছল; চিক্কণ; গড়ানিয়াস্থান
পিছাড়ী, (পশ্চাৎ) পশ্চাৎ; অশ্বপাদ বন্ধন
রজ্জু।
পিছান, (পশ্চাৎ) পশ্চাদাগমন, পিছু হাঁটন
পিছাপিছি, (পিছা) পরস্পর পশ্চাৎ করণ
পিছে, (পশ্চাৎ) পৃষ্ঠে, পশ্চাদ্ভাগে।
পিছলা, (পিছল) তৈলবৎ, আটালীন; গ-
ড়ানিয়া।
পিঞ্চ, শক্তি, বল, ব্যাকুল, কাতর।
পিঞ্চট, (পিঞ্চটা) নেত্রমল, দূষিকা, পিচটি।
পিঞ্জন, (পিঞ্জ) তুলা স্ফোটক ধনুঃ, ধনুখেরা
পিঞ্জর, পিঁজরা খাঁচা; হরিতাল; স্বর্ণ;
নাগকেশর পুষ্প
পিঞ্জরক, হরিতাল। [কুল দেবাদি।
পিঞ্জল, কুশপুঞ্জ; হরিতাল; অতিশয় ব্যা-
পিঞ্জা, তুলা; হরিদ্রা; হিংসা।
পিঞ্জান, স্বর্ণ, কাঞ্চন।
পিঞ্জাবর্ত্তিকা, বাতী; শলি, শলিতা।
পিঞ্জিকা, (পিঞ্জ) তুলনালিকা, পাঁইজ।

পিঞ্জূষ, কর্ণমল, কাণের খইল।
পিঞ্জেট, (পিঞ্জট) নেত্রমল, দূষিকা, পিচুটী
পিট, (পিঠ) পুট ; পেটিকা, পেটারা।
পিটক, বেত্রাদিরচিত পাত্র বিশেষ, পেটারা
পিটন, আঘাত করণ, প্রহার করণ, মারণ,
পিটলী (পিণ্ডার) বৃক্ষবিশেষ
পিটা, (পিষ্টক) পুপ পিষ্টক ; আঘাতিত।
পিটাক, মুনিবিশেষ।
পিটালী, (পিণ্ডার) বৃক্ষবিশেষ ; জলযুক্ত পেষিত তণ্ডুল। ... [illegible] খণ্ড।
পিটনা, মুদগর, যন্ত্র বিশেষ ; পিটিবার কা-
পিঠর, গৃহবিশেষ ; স্থালী, হাঁড়ি।
পিঠরী, স্থালী, অন্নপাকাধার, হাঁড়ি
পিড়ক, ব্রণ ; স্ফোটক, ফোড়া।
পিড়া, (পীঠ) বেদী ; পীঠ, আসন।
পিড়িঙ্গ, (পৃক্ক) শাক বিশেষ।
পিড়ী, (পীঠ) কাষ্ঠাসন বিশেষ।
পিণাক, (অপি-নহ) শিবের ধনুঃ ; ত্রিশূল।
পিণ্ড, (পিণ্ড) তণ্ডুলাদি নির্ম্মিত বর্ত্তুলাকার বস্তু ; গোল ; গ্রাস ; কবল, গজকুম্ভ।
পিণ্ডক, গন্ধদ্রব্য বিশেষ ; পিণ্ডান।
পিণ্ডখর্জ্জুর, ফলবিশেষ, পিণ্ডখেজুর।
পিণ্ডদ, (পিণ্ড-দা) পিণ্ডদান কর্ত্তা।
পিণ্ডদান, পিণ্ডনির্ব্বাপণ ; পিত্রাদির উদ্দেশে পিণ্ড নিক্ষেপ।
পিণ্ডপাদ, হস্তী, দন্তী, করী।
পিণ্ডপুষ্প অশোক পুষ্প ; জবাপুষ্প ; পদ্মপুষ্প ; তগর পুষ্প
পিণ্ডপুষ্পক, বাস্তুকশাক, বেতো শাক।
পিণ্ডফলা, তুম্বী বিশেষ, কটুতুম্বী, তিক্তলাবু, তিৎলাউ।
পিণ্ড[illegible] (পিণ্ড-ভুজ) পিণ্ডভাগী, পিণ্ডভোজী। ... [illegible]
পিণ্ডভাগী, (পিণ্ড-ভাগিন) পিণ্ডভোক্তা, পি-
পিণ্ডমুস্তা, নাগরমুস্তা, নাগর মুতা।
পিণ্ডমূল, গর্জ্জর, গাজর।
পিণ্ডল, সেতু, বাঁধ, জাঙ্গাল।
পিণ্ডার, ভিক্ষাশী, ভিক্ষোপজীবী।
পিণ্ডালুক, (পিণ্ড-আলু) আলুবিশেষ, গোলআলু। ... [illegible] মিলিত, জড়িত।
পিণ্ডিত, (পিণ্ড) গণিত, ঘন ; পরস্পর এক
পিণ্ডিল, সেতু, জাঙ্গাল ; গণক।
পিণ্ডী, (পিণ্ড) অলাবু, লাউ ; খর্জ্জুর
পিণ্ডীতক, মদনবৃক্ষ, ময়না গাছ।
পিণ্ডীপুষ্প, অশোকবৃক্ষ।
পিণ্ডীর, দাড়িম্ববৃক্ষ, দাড়িম ; নীরস, শুষ্ক।
পিণ্ডীশূর, (পিণ্ডি-শূর) উদর পারণ, অলসযুক্ত। [illegible] সর্ষপাদির সারভাগ, খলি
পিণ্যাক, হিঙ্গুল ; রোগবিশেষ, পিনাস রো-
পিতল, (পিত্তল) মিশ্রিত ধাতুবিশেষ।
পিতা, (পিতৃ) জনক, বাপ।
পিতামহ, (পিতৃ) পিতৃজনক ; ব্রহ্মা, প্রজাপতি, মুনি বিশেষ।
পিতামহী, (পিতামহ) পিতামহ পত্নী, পিতৃজননী।
পিতৃ (পা) জনক, পিতা।
পিতৃক, (পিতৃ) পিতৃসম্বন্ধীয়, পৈত্র।
পিতৃকর্ম্ম, পিতার ঊর্দ্ধদৈহিকাদি ক্রিয়া, পিতৃ শ্রাদ্ধাদি।
পিতৃকানন, শ্মশান, প্রেতভূমি।
পিতৃকৃত্য, পিতৃশ্রাদ্ধ, পিতৃক্রিয়া।
পিতৃগৃহ, পিতার বাটী ; প্রেত[illegible]
পিতৃতর্পণ, পিতৃলোকের উদ্দেশে জল দান
পিতৃতিথি, দর্শ, অমাবস্যা।
পিতৃতীর্থ, তীর্থ বিশেষ, গয়াতীর্থ। [illegible]
পিতৃদ্বিট, (পিতৃ-দ্বিষ) পিতৃদ্বেষী, পিতৃ-
পিতৃধন, পৈতৃকবিভব, পিতৃসম্পত্তি।
পিতৃপক্ষ, ভাদ্রমাসীয় কৃষ্ণপক্ষ, অপর পক্ষ ; পিতৃনির্দ্দিষ্ট জাতি।
পিতৃপতি, যম, কাল, দণ্ডধর, রবিসুত।
পিতৃপুরুষ, পূর্ব্বপুরুষ, পিতামহাদি।
পিতৃপ্রসূ, সন্ধ্যা, সায়ংকাল।
পিতৃপ্রসূতি, পিতৃজননী, পিতামহী।
পিতৃপ্রিয়, ভৃঙ্গরাজ বৃক্ষ, ভীমরাজ।
পিতৃবন, শ্মশান, প্রেতভূমি, শবদাহ স্থান
পিতৃবনেচর, মহাদেব, শিব, শম্ভু।
পিতৃবন্ধু, পিতার মিত্র ; পিতামহ ভগিনী পুত্র-পিতামহী ভগিনীপুত্র-পিতৃমাতুল পুত্র।
পিতৃবসতি, শব শয়ন স্থান, শ্মশান।
পিতৃবান্ধব, পিতৃবন্ধু ; পিতার পিতৃস্বস্রেয়-মাতৃস্বস্রেয় এবং মাতুল পুত্র।
পিতৃব্য, (পিতৃ) পিতার ভ্রাতা ; খুল্ল তাত ; জ্যেষ্ঠতাত ; খুড়া ; জ্যেঠা। [illegible]
পিতৃভোজন, মাষকলাই ; পিতৃ লোকের
পিতৃভ্রাতা, পিতৃব্য, খুড়া ; জ্যেঠা।
পিতৃযজ্ঞ, তর্পণ ; শ্রাদ্ধ।
পিতৃলোক, পিতৃগণের স্থান ; পূর্ব্ব পুরুষ।

পিতৃশ্রাদ্ধ পিতৃকৃত্য, পিতৃক্রিয়া।
পিতৃষ্বসা, (পিতৃ-স্বসৃ) পিতার ভগিনী।
পিতৃষ্বস্রীয়, (পিতৃ-স্বসৃ) পিতার ভগিনী-
পুত্র, পিস্তুতো ভাই।
পিতৃসন্নিভ, পিতৃতুল্য, পিতৃসম, তাতমহী।
পিতৃসূ, সন্ধ্যা, সায়ংকাল; পিতৃজননী, পি-
পিতৃস্বসা (পিতৃ-স্বসৃ) পিতৃভগিনী, পিসী।
পিতৃহ, (পিতৃ-হন) পিতৃহন্তা, পিতৃঘাতক
পিত্ত, (অপি-দো) শরীরের ধাতুবিশেষ;
তিক্তধাতু।
পিত্তঘ্নী, (পিত্ত-হন) পিত্তনাশিনী, গুড়ুচী
গুলঞ্চ। [ত্তিক জ্বর।
পিত্তজ্বর, পিত্তনির্মিত্ত গাত্র দাহাদি, পৈ-
পিত্তরক্ত, রোগ বিশেষ, রক্তপিত্তপীড়া।
পিত্তল, (পিত্ত-লা) ধাতুবিশেষ, রীতিকা,
পিত্তল। [পিতৃগৃহ।
পিত্রালয়, (পিতৃ-আলয়) পিতার বাটী,
পিত্র্য, (পিতৃ) পিতৃসম্বন্ধীয়; মধু, পিতৃ-
তীর্থ; জ্যেষ্ঠভ্রাতা, মাষকলাই।
পিত্র্যা, মঘা নক্ষত্র; পৌর্ণমাসী।
পিৎসন্‌, পক্ষী, বিহঙ্গ; পতনেচ্ছু।
পিৎসল, পন্থা, পথ, মার্গ।
পিধান, (অপি-ধা) ছদন, আচ্ছাদন, আবরণ
পিনদ্ধ, পরিহিত বস্ত্রাদি, পরা কাপড়।
পিনাক, (পিনাক) শিবধনু; শূল; ধূলিবর্ষণ
পিনাকী, (পিনাক) মহাদেব, শিব, মহেশ।
পিনিস, (যাং) নৌকাবিশেষ।
পিন্দন, ধারণ, পরণ, গ্রহণ।
পিন্ধন, (পিন্ধ) পরিধান, পরা।
পিন্যাস, হিঙ্গু; হিঙ্গুল।
পিপতিষন্‌, পতনেচ্ছু; পক্ষী, বিহঙ্গ। [চ্ছা
পিপতিষা, পতিত হইবার বাসনা, পতনে-
পিপতিষু, পক্ষী; পতনেচ্ছু। [পাত্র বিশেষ।
পিপা, (যাং) কাষ্ঠনির্ম্মিত গোলাকার বৃহৎ
পিপাসা, (পা) তৃষা, তৃষ্ণা, উদন্যা, পানেচ্ছা
পিপাসিত, (পা) তৃষিত, তৃষ্ণান্বিত, পি-
পাসাযুক্ত, উদন্যাবিশিষ্ট।
পিপাসী, (পিপাসা) পিপাসান্বিত; তৃষ্ণান্বিত
পিপাসু, (পা) পানেচ্ছু; তৃষিত, তৃষ্ণান্বিত
পিপীড়া, (পিপীলিকা) ক্ষুদ্রকীটবিশেষ।
পিপীতক, ব্রাহ্মণ বিশেষ। [কর্ত্তব্য ব্রত।
পিপীতকী, বৈশাখ মাসের শুক্লদ্বাদশীতে
পিপীলক, (পিপীলিকা) কীট বিশেষ, ডেঁ-
ইয়া পিঁপীড়া।

পিপীলিকা, (অপি-পীল) পিপীড়া; কীট
পিপীলী, (পিপীলিকা) পিপীড়া।
পিপুল, (পিপ্পলী) ফল বিশেষ।
পিপুলপাতা, পিপুলবৃক্ষের পাতা; কর্ণা
ভরণ বিশেষ।
পিপ্পটী, খাদ্যদ্রব্যবিশেষ। [শেষ।
পিপ্পল, (পৃ) অশ্বত্থ বৃক্ষ; জল, পক্ষিবি-
পিপ্পলী, (পৃ) বৃক্ষবিশেষ; পিপুল গাছ।
পিপ্পিকা, দন্তমল, দাঁতের মলা।
পিয়াজ, (যাং) পলাণ্ডু, প্যাঁজ, মূল বিশেষ
পিয়াদা (পদাতি) রাজানুচর; দূত, পদাতি
পিয়ান, পানকরাণ, দ্রবদ্রব্য খাওয়ান।
পিয়ারা, (প্রিয়) ফল বিশেষ।
পিয়াল, (পী) বৃক্ষ বিশেষ, পিয়াশাল।
পিয়ালা, (পা) পানপাত্র, চষক।
পিয়াস, (পিপাসা) তৃষ্ণা, পিপাসা, পানেচ্ছা
পিল, (পীলু) পক্ষিশাবক; কপোত শাবক
পিলসুজ, (পিত্তল-সূজ) দীপাধার; দীপ
বৃক্ষ; দারুকা।
পিলা, (প্লীহা) রোগ বিশেষ, প্লীহ।
পিলই, (প্লীহ) রোগ বিশেষ, পিলা।
পিলুক, বৃক্ষ বিশেষ, পীলুগাছ।
পিল্ল, ক্লেদযুক্ত চক্ষু; পিচুটীপড়া চক্ষু।
পিল্লকা, হস্তিনী, করেণু।
পিশঙ্গ, পিঙ্গলবর্ণ; পিঙ্গলবর্ণবিশিষ্ট।
পিশাচ, (পিশিত-অশ) দেবযোনিবিশেষ,
উপদেবতা।
পিশাচকী, কুবের, যক্ষরাজ।
পিশাচদ্রু, শাখোট বৃক্ষ, শেওড়াগাছ।
পিশাচী, (পিশাচ) পিশাচিকা, স্ত্রী পিশাচ।
পিশিত, (পিশ) মাংস, পল।
পিশিতা, জটামাংসী। [চর।
পিশিতাশন, (পিশিত-অশন) রাক্ষস, নি-
পিশিতাশনা, রাক্ষসী, নিশাচরী।
পিশিতাশী, (পিশিত-অশিন্‌) মাংসাশী,
মাংসভোজী।
পিশী, গন্ধদ্রব্যবিশেষ; জটামাংসী।
পিশু, (পিশুন) ক্ষুদ্রকীট, ছোট পোকা।
পিশুন, (পিশ) সূচক; ক্রূর; কাক; কুঙ্কুম
পিশুনা, ক্রূরা; খলস্বভাবা; পৃক্কাশাক,
পিড়িং শাক।
পিষণ, (পিষ) মর্দ্দন, বাটন; চূর্ণ করণ।
পিষ্ট, (পিষ) মর্দ্দিত; চূর্ণিত, পিষা; পি-
ষ্টক, পিটা।

পিষ্টক. (পিষ) পুপ, পিটা।
পিষ্টপ, ভুবন, ব্রহ্মাণ্ড, জগৎ। [খোলা।
পিষ্টপচন, পিষ্টক পাক পাত্র, পিটা ভাজা
পিষ্টপুর. বটক, বড়া; পিষ্টক বিশেষ।
পিষ্টসৌরভ, চন্দন, গন্ধ।
পিসা, (পিতৃস্বসৃপতি) পিতার ভগিনী-পতি, পিতৃস্বসার স্বামী।
পিসাস, (পিতৃস্বসা) শ্বশুরের ভগিনী [স্বসা।
পিসী, (পিতৃস্বসা) পিতার ভগিনী; পিতৃ-
পিহিত, আচ্ছাদিত, আবৃত, ঢাকা।
পীড়ি. (পীঠ) পিড়া, বেদী; আসন।
পীটন, (পীট) মারণ; চাপন, দাপন।
পীঠ. (পৃষ্ঠ) উপবেশনাধার, পীড়ী, আসন; দেব স্থান বিশেষ; বেদী।
পীঠমর্দ্দ, নায়ক বিশেষ।
পীঠসর্পী. খঞ্জ, পঙ্গু, খোঁড়া। [ষ্ঠীত স্থান।
পীঠস্থান, প্রতিষ্ঠিত দেবালয়; দেবানুগৃ-
পীঠী আসন. পীড়ী।
পীড়ন, (পীড়) ক্লেশজনন, দুঃখদেওন, যন্ত্রণা দেওন, নিগ্রহকরণ।
পীড়া. (পীড়) রোগ, ব্যামোহ; ক্লেশ, দুঃখ; যন্ত্রণ, নিগ্রহ। [নক ক্লেশকর।
পীড়াকর. (পীড়-কৃ) রে , দুঃখজ-
পীড়ি, (পীঠ) পীট, কাষ্ঠাসন; বেদী মঞ্চ।
পীড়িত. (পীড়) রুগ্ন, রোগান্বিত; দুঃখিত, ক্লেশিত; কাতর।
পীত, (পা) হরিদ্রাবর্ণ, হলদিয়া রং; পানকরা; পীতাশ্ম, হরিতাল। [পদ্মকাষ্ঠ।
পীতক, (পীত) হরিতাল; কুঙ্কুম; অগুরু;
পীতকদলী. স্বর্ণকদলী।
পীতকন্দ, গর্জ্জর, গাজোর, মূলবিশেষ।
পীতকাবেের, কুঙ্কুম; পিত্তল।
পীতচম্পক, প্রদীপ, দীপ। [গাছ।
পীতদারু, দেবদারু; পীতবর্ণ চাঁপাফুলের
পীতদ্রু, সরলবৃক্ষ; দারুহরিদ্রা। [আনড়া।
পীতন, কুঙ্কুম; হরিতাল; আম্রাতক,
পীতনক, আম্রাতক, আমড়া।
পীতপর্ণী, বিত্রম্বী, বিছুটী
পীতপাদা, শারিকা পক্ষী; পীতবর্ণ চরণ বিশিষ্ট স্ত্রী।
পীতপুষ্প, চম্পকপুষ্প; কর্ণিকার পুষ্প।
পীতফল, শাখোটবৃক্ষ, শেওড়াগাছ।
পীতবালুকা, হরিদ্রা, হলুদ; পীতবর্ণ বালুকা, জরদা বালি

পীতবাসা, শ্রীকৃষ্ণ; পীতাম্বর যুক্ত। [যুক্ত
পীতবীজা, মেথিকা, মেথী; পীতবর্ণ বীজ-
পীতবৃক্ষ, সরলবৃক্ষ, সরল গাছ।
পীতমণি, মণিবিশেষ, পুষ্পরাগমণি।
পীতমুদ্গ, মুদ্গবিশেষ, সোণামুগ।
পীতরক্ত, মণিবিশেষ, পুষ্পরাগমণি।
পীতরস, হরিদ্রা রস।
পীতরাগ, কিঞ্জল্ক, কেশর, ফুলের পাবড়ি; পীতবর্ণ। [মূর্ত্তি।
পীতল, (পীত-লা) পীতবর্ণ রং, হরিদ্রাবর্ণ
পীতলক. (পীত-লা) পিত্তল, ধাতুবিশেষ।
পীতলোহ, পিত্তল বিশেষ।
পীতসার, পীতবর্ণ চন্দনকাষ্ঠ, হরিচন্দন; গোমেদক মণি; বৃক্ষ বিশেষ, অঙ্কোট বৃক্ষ
পীতসারক, নিম্ব বৃক্ষ, নিমগাছ; অঠবৃক্ষ। [পিয়া।
পীতসালক, পীতবর্ণ সালবৃক্ষ, প্রিয়াশাল।
পীতস্ফটিক, মণি বিশেষ, পুষ্পরাগ মণি।
পীতা হরিদ্রা; দারুহরিদ্রা; গোরোচনা।
পীতাব্ধি, (পীত-অব্ধি) অগস্ত্য মুনি, সমুদ্র শোষক।
পীতাম্বর, (পীত-অম্বর) শ্রীকৃষ্ণ, বিষ্ণু; নট পীতবর্ণ বস্ত্র যুক্ত; হরিদ্রাবর্ণ বসন।
পীতাশ্ম, (পীত-অশ্মন) মণিবিশেষ, পুষ্পরাগমণি।
পীতি. অশ্ব, ঘোটক; পান।
পীতিকা, হরিদ্রা; দারু হরিদ্রা। [কোষ।
পীতিন্, সূর্য্য, দিবাকর, অগ্নি, অনল;
পীথ, জল; ঘৃত; সূর্য্য; অগ্নি; কাল।
পীথি, ঘোটক, বাজী, অশ্ব।
পীন, (প্যৈ) পীবর, স্থূল, মাংসল; মোটা।
পীনপয়োধর, স্থূল স্তন, সূক্ষ্মাগ্র স্তন।
পীনস, (অপি-নস) নাসিকারোগবিশেষ, পীনাস রোগ। [রোগ যুক্ত
পীনসী. (পিনস) পীনাস রোগী, নাসিকা-
পীনোধ্নী. (পীন-উধস) বৃহৎ স্তন যুক্ত, বৃহৎ পালানযুক্ত।
পীবন্, (প্যৈ) পীবর, স্থূল, মোটা।
পীবর, (প্যৈ) স্থূল, পীন, মোটা।
পীবরস্তনী, স্থূলস্তন যুক্তা নারী।
পীবরা, (পীবর) অশ্বগন্ধা বৃক্ষ; শতাবরী-বৃক্ষ; স্থূলা, মোটা।
,(পীবর) শতমূলী; শালপর্ণী; তরুণী
পীবা, (প্যৈ) বলবান বায়ু; স্থূল, মোটা।

পুণ্যকৃৎ, পুণ্যশালী, ধার্ম্মিক, সুকৃতী।
পুণ্যগন্ধ, চম্পকবৃক্ষ, চাঁপা গাছ।
পুণ্যজন, সজ্জন; রাক্ষস; যক্ষ।
পুণ্যজনেশ্বর, (পুণ্যজন-ঈশ্বর) কুবের, যক্ষ
পুণ্যদ, (পুণ্য-দা) পুণ্যদায়ক, পুণ্যপ্রদ।
পুণ্যফল, ধর্ম্মজন্য ফল; বন বিশেষ।
পুণ্যবন্ত, (পুণ্য) পুণ্যবান, ধার্ম্মিক, সুকৃতি।
পুণ্যবান্, পুণ্যযুক্ত, সুকৃতী, ধন্য ধার্ম্মিক।
পুণ্যভাক্, (পুণ্য-ভজ) পুণ্যভাগী, পুণ্যবিশিষ্ট, সুকৃতী, ধার্ম্মিক।
পুণ্যভূ, আর্য্যাবর্ত্ত দেশ; পবিত্র ভূমি।
পুণ্যভূমি, আর্য্যাবর্ত্ত; পুণ্যস্থল; তীর্থস্থান।
পুণ্যশীল, (পুণ্য) পুণ্যশালী ধার্ম্মিক, পবিত্র।
পুণ্যশ্লোক, বিষ্ণু; যুধিষ্ঠির, নলরাজা; পুণ্যচরিত্র।
পুণ্যশ্লোকা, দ্রৌপদী, সীতা
পুণ্যা, (পুণ্য) তুলসী; পুণ্যজনিকা; পবিত্রা
পুণ্যাচারী, (পুণ্য-আচারিণ) ধার্ম্মিক পুণ্যশীল
পুণ্যাত্মা, (পুণ্য-আত্মন) পুণ্যস্বভাব, পুণ্যাচারী, ধর্ম্মশীল, ধার্ম্মিক, সাধু।
পুণ্যাহ, (পুণ্য-অহন) পুণ্যজনক দিবস; রাজস্বাদায়ের প্রারম্ভ দিন।
পুত, (পুত্র) সন্তান; ন... ...গধ।
পুতন, (পুৎ) রোপণ; মৃত্তিকা মধ্যে স্থাপন, প্রোথিত করণ, গাড়ন।
পুতুল, (পুত্তলিকা) পুত্তলী, পুত্তলিকা।
পুত্তলিকা, (পুত্রিকা) পুতুল, পুত্তলী, ক্রীড়াসাধন দ্রব্য বিশেষ। [বিশেষ।
পুত্তলী, (পুত্রিকা) পুতুল, ক্রীড়া সাধন দ্রব্য
পুত্তিকা, কীট বিশেষ, মধুমক্ষিকা।
পুত্র, (পুৎ-ত্রৈ) সুত, সন্তান
পুত্রক, সন্তান; কৃত্রিম পুত্র; ধূর্ত্ত
পুত্রকা, পুত্রিকা, পুত্রবৎপালিতা কন্যা
পুত্রজীব, বৃক্ষ বিশেষ, জীয়াপুতা গাছ
পুত্রদা, সন্তানজনিকা, প্রসূতি। [তোজী।
পুত্রাদাদ, (পুত্র-পম-অদ) সন্তানের অন্ন-
পুত্রার্থী, (পুত্র-অর্থিন) সন্তানাকাঙ্ক্ষী, পুত্রের নিমিত্ত অভিলাষী।
পুত্রিকা, (পুত্র) কন্যা, দুহিতা, পুত্রী; পুত্রস্থানীয়া কন্যা; পুত্তলিকা।
পুত্রিকাপুত্র, পুত্রিকার সন্তান; গৌণ পুত্রবিশেষ। [বিশেষ।
পুত্রিকাসুত, পুত্রিকার পুত্র, গৌণপুত্র
পুত্রিণী, (পুত্র) পুত্রবতী, সসন্তানা।
পুত্রী, (পুত্রিন) পুত্রবান, পুত্রযুক্ত; দুহিতা, কন্যা, তনয়া।
পুত্রীয়, (পুত্র) পুত্রসম্বন্ধীয়, পুত্র সম্পর্কীয়
পুত্রেচ্ছুক, (পুত্র-ইচ্ছু) সন্তানাভিলাষী, পুত্রাভিলাষী।
পুত্রেষ্টি, (পুত্র-ইষ্টি) পুত্রার্থ যজ্ঞ বিশেষ।
পুথী, (পুস্তক) গ্রন্থ, বহি।
পুদিনা, (পু) সুগন্ধশাক বিশেষ।
পুদ্গল, আত্মা; দেহ, শরীর; সুন্দরাকার; রূপাদিবিশিষ্ট দ্রব্য। [স্বর।
পুনঃ, (পুনর) দ্বিতীয় বার, পুনর্ব্বার, বারা-
পুনঃপুনঃ, (পুনর) বারম্বার, মুহুঃ২, অসকৃৎ
পুনঃপুনা, নদীবিশেষ, পুনপুনানদী।
পুনঃসংস্কার, দ্বিতীয়বার উপনয়নাদি।
পুনরপি (পুনর-অপি) পুনর্ব্বার, দ্বিতীয়বার
পুনরাগমন, (পুনর-আগমন) দ্বিতীয়বারগমন, প্রত্যাগমন, ফিরে আসা। [বিকরণ।
পুনরাবৃত্তি, (পুনর-আবৃত্তি) পুনর্ব্বার আবৃ
পুনরায়, (পুনর) পুনর্ব্বার, পুনশ্চ।
পুনরুক্ত, (পুনর-উক্ত) পুনর্ব্বার কথন, দ্বিতীয়বার উক্ত।
পুনরুক্তজন্মা, ব্রাহ্মণ, দ্বিজ।
পুনরুক্তি, (পুনর-উক্তি) দ্বিতীয়বার কথন, পুনশ্চ বলা। [দ্বিতীয়বার গাত্রোত্থান।
পুনরুত্থান, (পুনর-উত্থান) পুনর্ব্বার উঠা,
পুনর্জন্ম, (পুনর-জন্মন) দ্বিতীয়বার উৎপত্তি
পুনর্জন্মা, ব্রাহ্মণ, দ্বিজ; পক্ষী; দন্ত।
পুনর্দয়া, (পুনর-দয়া) পুনরনুগ্রহ।
পুনর্নব, নখ, নখর।
পুনর্নবা, (পুনর-নব) শাক বিশেষ।
পুনর্ব্বসু, (পুনর-বসু) বিষ্ণু; শিব; কাত্যায়নমুনি; নক্ষত্র বিশেষ।
পুনর্ব্বিবাহ, (পুনর-বিবাহ) প্রথম ঋতুকালীন সংস্কার বিশেষ; গর্ভাধান সংস্কার; দ্বিতীয়বার বিবাহ।
পুনর্ভব, (পুনর-ভূ) পুনর্জন্ম; কররুহ, নখ
পুনর্ভবী, আত্মা, জীব।
পুনর্ভূ, (পুনর-ভূ) দ্বিরূঢ়া, দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রী। [য় বার।
পুনশ্চ, (পুনর-চ) পুনর্ব্বার, পুনরপি, দ্বিতী-
পুন্নাগ, (পুং-নাগ) পুষ্পবৃক্ষ বিশেষ।
পুন্নামনরক, নরক বিশেষ।
পুপ্ফুস, উদরস্থ বায়ু, কোষ্ঠস্থ পবন
পুপ্ফুস, পদ্মবীজাধার; ফোঁকড়; ফুসফুস

পুমান্, (পুং) মনুষ্যজাতীয় পুরুষ; পুংলিঙ্গবাচক মানব।
পুর, (পৃ) গৃহ ঘর; নগর। [প্রথমকাল।
পুরঃ, (পুরস্) অগ্রতঃ, সম্মুখে; পূর্ব্বদিক,
পুরঃসর, (পুরস্-সৃ) অগ্রগামী; অগ্রবর্ত্তী।
পুরজন, পুরবাসী লোক, পৌরজন।
পুরঞ্জন, (পুরং-জন) জীব, আত্মা।
পুরঞ্জনী, বুদ্ধি, মতি, জ্ঞান।
পুরঞ্জ, সূর্য্যবংশীয় রাজা বিশেষ।
পুরট, সুবর্ণ স্বর্ণ কনক।
পুরণ, সমুদ্র, সাগর, জলধি।
পুরতঃ, (পুরস্) অগ্রতঃ, সম্মুখে।
পুরতটী, ক্ষুদ্র হট্ট, ছোট হাট।
পুরদ্বার, নগরদ্বার, গোপুর, ফটক।
পুরদ্বিট, মহাদেব, শিব, ত্রিলোচন। [স্কর।
পুরন্দর, (পুর-দৃ) ইন্দ্র, দেবরাজ; চোর, ত-
পুরন্দরা, গঙ্গা, ভাগীরথী।
পুরন্ধ্রী, (পুর-ধৃ) পতি পুত্রবতী স্ত্রী, গৃহিণী
পুরবাসী, (পুর-বাসিন) পৌরজন, গৃহবাসী
পুরবী, (পৃ) রাগিণীবিশেষ
পুরশ্চরণ, মন্ত্রাদি চৈতন্যকরণ, নিয়ম পূর্ব্বক মন্ত্র জপ করণ
পুরশ্ছদ, তৃণবিশেষ, উলুখড়। [ক; পূজা।
পুরস্কার, (পুরস্-কৃ) সাধুবাদ; পারিতোষি-
পুরস্কার্য্য, (পুরস্-কার্য্য) সম্ভ্রমার্হ; পূজ্য।
পুরস্কৃত (পুরস্-কৃত) পূজিত; পারিতোষিক দত্ত; অগ্রে করা।
পুরস্তাৎ, (পুরস্) অগ্র, পুরঃ, সম্মুখ।
পুরস্ত্রী, গৃহিণী; কুলবধূ; পুরবাসিনী।
পুরস্থ, (পুরস্-স্থা) অগ্রবর্ত্তী; গৃহস্থ, বাটীস্থ
পুরস্থিত, (পুরস্-স্থিত) নগরস্থিত; গৃহস্থিত
পুরা, (পুরস্) পূর্ব্বকাল; চিরাতীত সময়; পূর্ব্বদিক। [ণ্যাদি
পুরাকৃত, প্রারব্ধ কর্ম্ম, পূর্ব্বকালে কৃত পু-
পুরাণ, (পুরা) ব্যাস দি মুনি প্রণীত গ্রন্থ বিশেষ; পূর্ব্বতন ইতিহাস; প্রাচীন; পুরাতন; পণ, বিশ গণ্ডা।
পুরাণগ, ব্রহ্মা; পুরাণ গায়ক।
পুরাণ পুরুষ, বিষ্ণু, নারায়ণ।
পুরাণবেত্তা, (পুরাণ-বেত্তৃ) পুরাণজ্ঞ, পুরাণাদি শাস্ত্র জ্ঞাতা।
পুরাতন, (পুরা) প্রাচীন পূর্ব্বকালীয়, বহুকালীন; চিরন্তন।
পুরাতনকথা, ইতিহাস, প্রাচীন বৃত্তান্ত।
পুরাধ্যক্ষ, (পুর-অধ্যক্ষ) নগরাধিকৃত; অন্তঃপুরের কর্ত্তা।
পুরাবসু, ভীষ্ম, গাঙ্গেয়।
পুরাবৃত্ত, পূর্ব্ববৃত্তান্ত, ইতিহাস।
পুরারি, (পুর-অরি) শিব, মহাদেব।
পুরাসুহৃৎ, মহাদেব, মহেশ, শিব।
পুরি, (পৃ) পুরী; নগরী; নদী; রাজা।
পুরী, (পৃ) নগরী; গৃহ; বাটী।
পুরীতৎ, অন্ত্র, আঁত, নাড়ী।
পুরীতাত, অন্ত্র, আঁত, নাড়ী।
পুরীমোহ, ধুস্তুর, ধুতুরা।
পুরীষ, (পৃ) বিষ্ঠা, মল শকৃৎ।
পুরীষণ, বিষ্ঠা, মল, শকৃৎ।
পুরীষম, মাষ, মাষকলাই।
পুরু (পুর) দেবলোক; রাজা বিশেষ; দৈত্য; নদী বিশেষ; প্রচুর; স্থূল, মোটা।
পুরুকুৎস, ইন্দ্রের রিপু বিশেষ।
পুরুত, (পুরোহিত) যাজক, পুরোহিত।
পুরুদংশক, হংস, মরাল, হাঁস।
পুরুদংশা, ইন্দ্র, শক্র, সুরপতি।
পুরুষ, (পুর-বস) পুমান্ নর; ব্রহ্ম; জীবাত্মা
পুরুষকার, (পুরুষ-কৃ) পুরুষের কর্ম্ম, চেষ্টা; পৌরুষ [illegible]।
পুরুষকুঞ্জর, পুরুষশ্রেষ্ঠ; সাধু। [কুলপর্য্যায়।
পুরুষক্রম, পুরুষানুক্রম, পুরুষ পরম্পরা,
পুরুষত্ব, (পুরুষ) পুংস্ত্ব, সাহস; কৃতিত্ব।
পুরুষত্বহীন, পুংস্ত্বরহিত, খোজা।
পুরুষদ্বয়স, পুরুষ পরিমাণ। [শ্রেষ্ঠ; রাজা।
পুরুষপুঙ্গব, পুরুষ সিংহ, নরশার্দ্দূল, নর-
পুরুষাঙ্গ, (পুরুষ-অঙ্গ) শিশ্ন, লিঙ্গ, উপস্থ
পুরুষাদী, রাক্ষস, নিশাচর।
পুরুষাদ্য, (পুরুষ-আদ্য) আদিনাথ, [illegible] বিশেষ; বিষ্ণু।
পুরুষাধম, (পুরুষ-অধম) নিকৃষ্ট মনুষ্য, পামর নর।
পুরুষায়ুষ, পুরুষের জীবন, শতবৎসর।
পুরুষার্থ, (পুরুষ-অর্থ) পুরুষের প্রয়োজন, ধর্ম্ম অর্থ কাম মোক্ষ।
পুরুষাস্থিমালী, মহাদেব, মহেশ্বর।
পুরুষোত্তম, (পুরুষ-উত্তম) জগন্নাথ, বিষ্ণু
পুরুহ, প্রচুর, যথেষ্ট; অতিশয়।
পুরুহু, অধিক, অত্যন্ত; রাশি, প্রচুর।
পুরুহূত, ইন্দ্র, পুরন্দর, দেবরাজ।
পুরূরবা, চন্দ্রবংশীয় আদি রাজা।

পুরোগ, (পুরস-গম) অগ্রগামী, অগ্রবর্ত্তী প্রধান, শ্রেষ্ঠ।
পুরোতিগ, কুক্কুর; অগ্রগামী।
পুরোগম, (পুরস-গম) অগ্রগামী, অগ্রবর্ত্তী
পুরোগমন, (পুরস-গমন) অগ্রেগমন, অগ্রবর্ত্তী হওন। [গামী।
পুরোগামী, (পুরস-গামিন) অগ্রসর, অগ্র-
পুরোডা, হবিঃ, ঘৃত।
পুরোডাশ, যজ্ঞীয় হবির্বিশেষ। [যাজক;
পুরোধা, (পুরস-ধা) পুরোহিত ঋত্বিক;
পুরোবর্ত্তী, (পুরস-বর্ত্তিন) অগ্রসর, অগ্রগামী
পুরোভাগী, অগ্রগামী, দোষমাত্রদর্শী।
পুরোহিত, (পুরস-ধা) ঋত্বিক, ধর্ম্মকর্ম্মাদিকারক, যাজক।
পুর্থা, (প্রথর) চতুর, ধূর্ত্ত সেয়ানা, পুরাতন
পুল, বিপুল, পুলক; সেতু।
পুলক, (পুল) রোমাঞ্চ, রোমোদ্গম, প্রস্তর বিশেষ; হরিতাল। [শ্মশ্রু যুক্ত।
পুলকিত, (পুলক) হর্ষিত, আহ্লাদিত, লো-
পুলস্তি, পুলস্ত্য মুনি পৌত্র, রাবণ।
পুলস্ত্য, মুনিবিশেষ, সপ্তর্ষি মধ্যে একজন ঋষি। [ঋষি।
পুলহ, মুনিবিশেষ, সপ্ত ঋষি মধ্যে একজন
পুলা, (পুল) আঁটি, গুচ্ছ, গোছ।
পুলাক, (পুল-অক) তুচ্ছধানা, শস্যহীন ধান্য; সংক্ষেপ; অল্প
পুলাকী বৃক্ষ, দ্রুম, তরু।
পুলায়িত, অশ্বগতি ঘোটকের গতি।
পুলি, (পুলিকা) পিষ্টকবিশেষ, শষ্কুলী পিষ্টক। [তট, তীর।
পুলিন, (পুল) জলোত্থিততট, চড়া দ্বীপ;
পুলিন্দ, (পুল) চণ্ডালবিশেষ; মোট, বোচকা
পুলিন্দা, (পুল) গাঁঠরি, মোট, পুটলি।
পুলিপিঠা, শষ্কুলী পিষ্টক, পিষ্টকবিশেষ।
পুলোমজা, ইন্দ্রপত্নী, শচী, ইন্দ্রাণী।
পুলোমজিৎ, দেবরাজ, শক্র, ইন্দ্র [র শ্বশুর
পুলোমা, অসুর বিশেষ; শচীর জনক ইন্দ্রে
পুলোমারি, ইন্দ্র, শচীপতি।
পুষণ, (পুষ) পোষণ, পালন, ভরণ।
পুষিত, (পুষ) পোষিত, পুষ্ট, কৃতপোষণ।
পুষ্কর, (পুষ) আকাশ, জল, পদ্ম; ভাণ্ডবিশেষ; শর; অসিকোষ, খাপ; হস্তিশুণ্ডাগ্র; নাগ বিশেষ, সারসপক্ষী; রাজা বিশেষ; পর্ব্বত বিশেষ।

পুষ্করকর্ণিকা, স্থলপদ্মিনী, পুষ্পবিশেষ।
[illegible]ক, পক্ষিবিশেষ, সারসপক্ষী।
[illegible]ক, বিষ্ণু, নারায়ণ।
পুষ্করিণী, (পুষ্কর) শত ধনু পরিমিত সম চতুরস্র জলাধার; জলাশয় পুকুর; পদ্মিনী, হস্তিনী।
পুষ্করী, হস্তী, গজ, হাতী।
পুষ্কল, (পুষ) যথেষ্ট, পরিপূর্ণ, বিস্তর, উত্তম পরিমাণ বিশেষ। [সবল, স্থূল মোটা
পুষ্ট, (পুষ) কৃতপোষণ, প্রতিপালিত; মাংস
পুষ্টতা, (পুষ্ট) পুষ্টি, স্থূলতা।
পুষ্টি, (পুষ) পোষণ, পালন, স্থৌল্য; বৃদ্ধি।
পুষ্টিকর, (পুষ্টি-কৃ) পুষ্টিদ; স্থৌল্যবর্দ্ধক।
পুষ্টিকা, জলশুক্তি, ঝিনুক।
পুষ্টিকান্ত, গণেশ, লম্বোদর।
পুষ্টিদা, অশ্বগন্ধবৃক্ষ, বৃদ্ধি, স্থৌল্যকারিণী।
পুষ্টিবর্দ্ধক, স্থৌল্যবর্দ্ধক, পুষ্টিকর।
পুষ্প, (পুষ্প) কুসুম, প্রসূন, ফুল; স্ত্রীরজঃ, চক্ষুরোগ বিশেষ, ফুলীরোগ। [বিশেষ।
পুষ্পক, (পুষ্প) কুবেরেরবিমান; চক্ষুরোগ
পুষ্পকরণ্ডিনী, উজ্জয়িনী, দেশ বিশেষ।
পুষ্পকীট, ভ্রমর, ভৃঙ্গ, অলি, পুষ্পের কীট।
পুষ্পকেতন, কামদেব, মদন।
পুষ্পঘাতক, বংশ, বাঁশ
পুষ্পচাপ, কামদেব, কন্দর্প।
পুষ্পদ, দমনবৃক্ষ; কেতুক বৃক্ষ
পুষ্পদ, বৃক্ষ, দ্রুম পুষ্পদাতা।
পুষ্পদন্ত হস্তিবিশেষ, বিদ্যাধর বিশেষ; গন্ধর্ব্ব বিশেষ।
পুষ্পদ্রব, পুষ্পরস, মকরন্দ, পুষ্প মধু। [ন্দর্প
পুষ্পধন্ব, (পুষ্প-ধন্বন) মদন, কামদেব, ক-
পুষ্পনিক্ষ, ভ্রমর, অলি, ষট্পদ।
পুষ্পন্ধয়, অলি, দ্বিরেফ, ভ্রমর।
পুষ্পপথ, যোনি, স্মর।
পুষ্পফল, কপিত্থ, কতবেল, কুষ্মাণ্ড।
পুষ্পবতী, রজস্বলা, ঋতুমতী।
পুষ্পবাটী, পুষ্পোদ্যান, ফুলবাগান। [তন
পুষ্পবৃষ্টি, পুষ্প বর্ষণ, উপর হইতে পুষ্পপ
পুষ্পমাস, বসন্তকাল।
পুষ্পরক্ত, সূর্য্যমণি পুষ্প বৃক্ষ।
পুষ্পরস, মকরন্দ, মধু, আসব। [শ্বেত হব
পুষ্পরাগ, রত্নবিশেষ, মণিবিশেষ, পুখরাজ
পুষ্পরেণু, পুষ্প রজঃ, পুষ্পধূলি, পরাগ।
পুষ্পরোচন, নাগকেশর পুষ্প।

পুষ্পলাব, মালাকার, মালী।
পুষ্পলিট, ভ্রমর, মধুকর।
পুষ্পশকটী, আকাশবাণী, দৈববাণী।
পুষ্পশর, কন্দর্প, কামদেব, মদন।
পুষ্পশয্যা, ফুলশয্যা, ফুলের বিছানা।
পুষ্পশূন্য, উদুম্বর, ডুমুর; পুষ্পরহিত
পুষ্পসময়, বসন্তকাল।
পুষ্পহাসা, রজস্বলা, ঋতুমতী।
পুষ্পহীন, উদুম্বর বৃক্ষ; নিষ্ফলা; রজঃশূন্যা।
পুষ্প, কর্ণপুর, কর্ণপুর।
পুষ্পাজীব, (পুষ্প-আজীব) মালাকার, মালী
পুষ্পাজীবী, মালাকার, মালী। [অঞ্জলি।
পুষ্পাঞ্জলি, পুষ্পপূর্ণ কর দ্বয়, ফুলের কাঁ-
পুষ্পাবচয়ন, (পুষ্প-অবচয়ন) ফুলতোলন, কুসুমাহরণ।
পুষ্পাবচয়ী, মালাকার, মালী। [রেণু।
পুষ্পাসব, (পুষ্প-আসব) মধু, মকরন্দ, পুষ্প
পুষ্পাস্ত্র, (পুষ্প-অস্ত্র) মদন, কামদেব, কন্দর্প
পুষ্পিকা, (পুষ্প) প্রকরণার্থ সংক্ষেপ; দন্ত-মল; মিলন। [কুসুমিত
পুষ্পিত, (পুষ্প) জাতপুষ্প, পুষ্প বিশিষ্ট,
পুষ্পিতা, (পুষ্প) রজস্বলা, ঋতুমতী।
পুষ্পিতাগ্রা, ছন্দোবিশেষ।
পুষ্পেষু, (পুষ্প-ইষু) কামদেব, মদন, কন্দর্প
পুষ্পোৎসব, (পুষ্প-উৎসব) স্ত্রীলোকের প্রথম রজোদর্শনের উৎসববিশেষ। [যুগ।
পুষ্য, (পুষ্) পুষ্যানক্ষত্র; পৌষমাস; কলি-
পুষ্যরথ, যাত্রা বা উৎসবাদি দর্শনার্থ রথ বিশেষ। [ত্রান্তর্গত অষ্টম নক্ষত্র।
পুষ্যা, (পুষ্) পুষ্যানক্ষত্র, সপ্তবিংশতি নক্ষ-
পুস্ত, (পুস্ত) গ্রন্থ, পুস্তক; শিল্পকর্ম বিশেষ।
পুস্তক, (পুস্ত) গ্রন্থ, পুঁথি, পুথী।
পুস্তকর্ম, লিপ্যাদি শিল্পকর্মকর্তা।
পুস্ত, (পুস্ত) বন্ধন, বাঁধ, জাঙ্গাল, পুস্তকলী, কেউটী বল্মী।
পুস্তী, (পুস্ত) পুস্তক, গ্রন্থ, পুঁথি।
পুঁইশাক, পুতিকা, শাকবিশেষ
পুঁজ, (পুয়) ক্লেদ, দুর্গন্ধ বিকৃত শোণিত।
পুগ, (পু) বৃন্দ সমূহ, রাশি; গুবাকবৃক্ষ, সুপারী গাছ; কণ্টকী বৃক্ষ।
পুগপাত্র, নিষ্ঠীবনপাত্র, পিকদান।
পুগফল, গুবাকফল, সুপারি।
পুগরোট, হিন্তালবৃক্ষ, হেঁতালগাছ।
পূজক, (পূজ) উপাসক, সেবক, অর্চক।

পূজন, (পূজ) অর্চন, যজন, সেবন।
পূজনীয়, (পূজ) পূজাপাত্র, মান্য, সৎকার্য।
পূজয়িতা (পূজয়িতৃ) যাজক, অর্চক, উপাসক
পূজা, (পূজ) অর্চনা, যজন, উপাসনা।
পূজানর্হ, (পূজা-অনর্হ) অর্চনার অযোগ্য; যাজকের অনুপযুক্ত।
পূজারী, (পূজ) দেবলব্রাহ্মণ, পূজোপজীবী।
পূজার্হ, (পূজা-অর্হ) পূজ্য, পূজাপাত্র, পূজনীয়।
পূজিত, (পূজ) পূজা প্রাপ্ত, অর্চিত, সেবিত
পূজিতব্য, (পূজ) পূজনীয়, পূজ্য, মান্য।
পূজিল, দেবতা; পূজ্য, মান্য।
পূজ্য, (পূজ) পূজনীয়, উপাস্য, সেব্য।
পূট, (পূট) দ্রাবক, দ্রবকারক, গলানিয়া।
পূত, (পূ) পবিত্র, শুদ্ধ; প্রযত; শুদ্ধিপ্রশিষ্ট; শঙ্খ, শাঁখ।
পূতক্রতায়ী ইন্দ্রাণী, শচী, পুলোমজা
পূতক্রতু, ইন্দ্র, শচীপতি।
পূততা, (পূত) শুদ্ধতা, পবিত্রতা, নির্মলত্ব।
পূতদ্রু, কিংশুক, পলাশগাছ।
পূতধান্য, তিল; যব।
পূতনা, দানবীবিশেষ; হরীতকী।
পূতনারি, (পূতনা-অরি) শ্রীকৃষ্ণ; বিষ্ণু; পূতনার বধকারী।
পূতফল, কণ্টকিফল, পনস, কাঁটাল।
পূতা, (পূত) দূর্বা, পবিত্রা, শুদ্ধা।
পূতাত্মা (পূত-আত্মন) পবিত্র স্বভাব; শুদ্ধ দেহ, নিষ্পাপ শরীর। [অণ্ডকোশ।
পূতি, (পূ) পবিত্রতা; দুর্গন্ধ; খট্টাশের
পূতিক, মল, বিষ্ঠা, পুরীষ। [রোগ।
পূতিকর্ণক, কর্ণরোগ বিশেষ, কাণপাকা-
পূতিকা, (পূতি) মার্জারী, বিড়ালী; শাকবিশেষ, পুঁইশাক।
পূতিকামুখ, শম্বুক, শামুক।
পূতিকাষ্ঠ, দেবদারু; সরল বৃক্ষ।
পূতিগন্ধ, রঙ্গ, রাং; গন্ধক; দুর্গন্ধ।
পূতিনস্য, নাসিকা রোগবিশেষ, পিনাস।
পূতিবাত, বিল্ববৃক্ষ; দুর্গন্ধ বায়ু। [কুল।
পূতীক, (পূতি) গন্ধমার্জার, খট্টাশ, করঞ্জ-
পূত্যণ্ড, (পূতি-অণ্ড) মৃগনাভি, কস্তুরী,
পূত্যণ্ড, গন্ধকীট, গঁদো পোকা; কাষ্ঠবিশেষ
পূন, নষ্ট; নাশ প্রাপ্ত
পূপ, (পূ) পিষ্টক, পিটা। [রি কৃষ্ণাষ্টমী।
পূপাষ্টকা, (পূপ-অষ্টকা) অগ্রহায়ণী পূর্ণিমা-

প্রচ্ছক, (প্রচ্ছ) প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক।
প্রচ্ছদ (প্র-ছদ) আচ্ছাদন, উত্তরীয় বসন
প্রচ্ছদপট, উত্তরীয় বসন; আচ্ছাদন বি-
শেষ; পাছুড়ী।
প্রচ্ছনা, আমন্ত্রণ নিমন্ত্রণ।
প্রচ্ছন্ন, (প্র-ছদ) আচ্ছন্ন, আচ্ছাদিত; গুপ্ত
প্রচ্ছন্নরূপে, গুপ্তরূপে, গোপনভাবে।
প্রচ্ছর্দ্দিকা, উদ্গার, বমন, বমি। [আচ্ছাদন।
প্রচ্ছাদন (প্র-ছদ) উত্তরীয় বস্ত্র প্রাবার,
প্রচ্ছাদিত, (প্র-ছদ) আচ্ছাদিত, আবৃত।
প্রজ, পতি, স্বামী, ভর্ত্তা।
প্রজন, (প্র-জন) যোনি; জন্ম, উৎপত্তি।
প্রজনিকা, (প্রজন) মাতা, জননী।
প্রজব, প্রকৃষ্টবেগ, অতিশয় বেগ।
প্রজল্প, বাক্য বিশেষ; গল্প।
প্রজা, (প্র-জন) অধিকার স্থিত জন; সন্তান
প্রজাগর (প্র-জাগৃ) অতিশয় জাগরণ।
প্রজাতা, প্রসূতা, জাতাপত্যা।
প্রজাদান, রজত, রৌপ্য, রূপা।
প্রজ্ঞানন্তী, পণ্ডিতা, প্রাজ্ঞা, বিজ্ঞা।
প্রজাপ (প্রজা-পা) নৃপ, রাজা, ভূপতি।
প্রজাপতি, ব্রহ্মা; রাজা; জামাতা।
প্রজাবতী, ভ্রাতৃ জায়া, জ্যেষ্ঠ ভ্রাতৃপত্নী;
পুত্রবতী। [সমূহ।
প্রজাবর্গ, প্রজাসমূহ, অধিকার স্থিত জন-
প্রজাহিত, জল; প্রজার উপকার।
প্রজিন, বায়ু, অনিল, বাতাস। [নৃপতি।
শ্বর, (প্রজা-ঈশ্বর) রাজা, ভূপতি,
প্রজ্ঞ, (প্র-জ্ঞা) পণ্ডিত, বিজ্ঞ, প্রবীণ।
প্রজ্ঞপ্ত, (প্র-জ্ঞপ) সঙ্কেত, জ্ঞাত করণ,
বিজ্ঞাপন।
প্রজ্ঞা, (প্র-জ্ঞা) বুদ্ধি, মতি, ধী।
প্রজ্ঞাচক্ষু, রাজা ধৃতরাষ্ট্র।
প্রজ্ঞান, বুদ্ধি; পণ্ডিত; বিজ্ঞ। [রহিত।
প্রজ্ঞাহীন, প্রজ্ঞাশূন্য, বুদ্ধিহীন, ধীশক্তি
প্রজ্ঞী, পণ্ডিত, বিদ্বান, জ্ঞানী।
প্রজ্বলন, (প্র-জ্বল) উদ্দীপন; দহন। [জ্বলন্ত
প্রজ্বলিত, (প্র-জ্বল) অতিশয় জ্বলন বিশিষ্ট,
প্রডীন, পক্ষির গতি বিশেষ।
প্রণ, পুরাণ, পুরাতন, বহুকালীন।
প্রণত (প্র-ণম) প্রকর্ষে নত, প্রণতিবিশিষ্ট
কৃতপ্রণাম; চরণপতিত; নম্র। [ভাব।
প্রণতি, (প্র-ণম) প্রণাম, প্রণিপাত: নম্র-
প্রণব, ওঙ্কার।

প্রণয় (প্র-ণী) প্রেম, প্রীতি অনুরাগ, আসক্তি
রক্তি ভালবাসা। [র করণ।
প্রণয়ন, (প্র-ণী) রচন, প্রস্তুতকরণ; সংস্কা-
প্রণয়িনী, প্রেমাস্পদ বনিতা, ভার্য্যা, অঙ্গ-
না, স্ত্রী। [ক্ত, কৃত প্রেমা; বন্ধু।
প্রণয়ী, (প্রণয়িন) প্রেমী, অনুরাগী, অনুর
প্রণষ্ট, (প্র-ণশ) বিনষ্ট, অপচিত, অপহৃত
প্রণাদ, অনুরাগ জন্য মুখ কণ্ঠাদির শব্দ।
প্রণাম, (প্র-ণম) প্রণতি; প্রণিপাত, ভক্তি
শ্রদ্ধাতিশয় যুক্ত নমস্কার। [য়বস্তু।
প্রণামী, (প্রণামিন) নমস্কারী, প্রণামার্থ দে-
প্রণীয্য, অসম্মত; অভিলাষ বর্জ্জিত; সাধু;
প্রিয়। [র নালা।
প্রণাল, (প্র-ণল) জল নিঃসারণ মার্গ, জলে-
প্রণালিকা, (প্রণালী) পয়নালা, নাড়ী, শিরা
প্রণালী, (প্রণল) ধারা, রীতি; জলনিঃসার-
রণ পথ, নর্দ্দমা, পয়নালা।
প্রণাশ, (প্র-ণশ) ধ্বংস; উৎখাত; ক্ষতি;
প্রণিধান, (প্র-নি-ধা) মনোযোগ; অবগতি
ধ্যান; প্রযত্ন; প্রবেশ;
প্রণিধি, (প্র-নি-ধা) চর, দূত; প্রার্থনা; অ-
বধান; মনোযোগ। [নমস্কার।
প্রণিপাত, (প্র-নি-পত্) প্রণাম, প্রণতি,
প্রণিহিত, (প্র-নি-ধা) [illegible]; স্থাপিত;
মনোযোগ কৃত, সমা[illegible] [অগ্নি।
প্রণীত, (প্র-ণী) রচিত, কৃত; সংস্কৃত
প্রণীতা, যজ্ঞপাত্র বিশেষ।
প্রণুত, স্তুত, কৃত স্তব, স্তব করা।
প্রণেয়, (প্র-ণী) প্রণয়পাত্র; বশতাপন্ন, বশ্য
প্রতত, বিস্তৃত, বিস্তার, সমূহ।
প্রত্ন, পুরাতন, চিরকালীন, পুরাণ।
প্রতপ্ত, (প্র-তপ) উত্তপ্ত; খ্যাতাপন্ন, সন্ত্রা-
স্ত; প্রভাবান্বিত
প্রতর্কণ, বিতর্ক, তর্ক, বাদানুবাদ।
প্রতল, পাতাল বিশেষ; বিস্তৃতাঙ্গুলি হস্ত
চপেট; চাপড়।
প্রতান, বিস্তার; চৌড়া, ওসার।
প্রতানিনী, বিস্তারবতী, বিস্তৃতা; বিস্তৃত
লতাদি। [শৌর্য্য।
প্রতাপ, (প্র-তপ) প্রভাব, তেজঃ; পৌরুষ্য
প্রতাপন, (প্র-তপ) পীড়ন; তাপ দেওন;
সন্তপ্ত করণ: কুম্ভীপাক নামে নরক বি-
শেষ। [ত উত্তপ্ত, তেজস্কর; সম্ভ্রান্ত।
প্রতাপান্বিত, (প্রতাপ-অন্বিত) প্রভাবান্বি-

প্রতারক, (প্র-তৃ) প্রবঞ্চক, ধূর্ত, খল শঠ

প্রতারণ, (প্র-তৃ) বঞ্চন, করণ, ঠকান।

প্রতারণা, (প্র-তৃ) প্রবঞ্চনা; মিথ্যা ছলনা

প্রতারণীয় (প্র-তৃ) প্রতারণাযোগ্য, বঞ্চনা করণোপযুক্ত।

প্রতারিত (প্র-তৃ) প্রবঞ্চিত ছলিত; মিথ্যা কথিত। [পর; লক্ষ্য।

প্রতি উপসর্গ বিশেষ; প্রতিনিধি; উ-

প্রতিকর্ম্ম, (প্রতি-কর্ম্মন) প্রসাধন, বেশভূষা

প্রতিকায়, প্রতিরূপ অনুরূপ; আকৃতির প্রতিনিধি; প্রত্যেক দেহ।

প্রতিকার, (প্রতি-কৃ) উপায়; নিবারণ; শোধন; উপশম; উপকার।

প্রতিকার্য্য, (প্রতি-কৃ) উপায়যোগ্য; প্রতিফল দেওনোপযুক্ত।

প্রতিকূপ, পরিখা, গড়খাই। [রুদ্ধ।

প্রতিকূল, অননুকূল বিপক্ষ, প্রতীপ, বি-

প্রতিকূলতা, (প্রতিকূল) বিপক্ষতা, প্রতিপক্ষতা, বিরোধ।

প্রতিকৃতি, প্রতীকার, প্রতিক্রিয়া; উপায় নিবারণ প্রতিমা, প্রতিমূর্ত্তি; প্রতিনিধি

প্রতিক্রিয়া, প্রতীকার, প্রতিবিধান, উপায়

প্রতিগত, (প্রতি-গম) পক্ষিদের গতি বিশেষ; প্রা[illegible]।

প্রতিগ্রহ, স্বী[illegible]গ্রহণ, দান লওন।

প্রতিগ্রহণ, (প্রতি-গ্রহ) আদান, গ্রহণ স্বীকারকরণ, দান লওন।

প্রতীঘ, ক্রোধ, উষ্মা, রাগ; মূর্চ্ছা।

প্রতিঘাত, মারণ অপঘাত; প্রহারের পরিবর্ত্তে প্রহার। [নিধনকরণ।

প্রতিঘাতন, (প্রতি-ঘাত) মারণ হনন,

প্রতিঙ্গ, অঙ্গ, অবয়ব, একদেশ।

প্রতীচী, (প্রতি-অন্চ) পশ্চিম দিক;

প্রতিচ্ছন্দ (প্রতি-অন্চ) প্রতিচ্ছায়া, প্রতিরূপ, প্রতিবিম্ব, প্রতিমা।

প্রতিচ্ছায়া, প্রতিকৃতি, প্রতিমূর্ত্তি, প্রতিমা

প্রতিচ্ছেদ, বিপরীত; প্রতিযোগ।

প্রতিজঙ্ঘা (প্রতি-জঙ্ঘা) অগ্রজঙ্ঘা; জানু প্রতিজঙ্ঘা, [illegible] বিশেষ।

প্রতিজাগর, প্রত্যবেক্ষণ; বিশেষরূপে দর্শন। [জিহ্বিকা, আলজিব।

প্রতিজিহ্বা, তালুমূলস্থ ক্ষুদ্রজিহ্বা, আল-

প্রতিজ্ঞা, (প্রতি-জ্ঞা) কর্ত্তব্য রূপে অবধারণ, অঙ্গীকার; পণন, দিব্য; নিয়ম; পণ

প্রতিজ্ঞাত, (প্রতি-জ্ঞা) অঙ্গীকৃত, স্বীকৃত, কর্ত্তব্যরূপে স্বয়ং কথিত।

প্রতিজ্ঞান, অঙ্গীকার, প্রতিজ্ঞা, পণ।

প্রতিজ্ঞাপত্র, নিয়মলিপি; অঙ্গীকার লিপি নির্ব্বন্ধ পত্র। [illegible] [করণ, জানান।

প্রতিজ্ঞাপন, (প্রতি-জ্ঞা) বিজ্ঞাপন, জ্ঞাত

প্রতিজ্ঞাপনীয়, (প্রতি-জ্ঞা) প্রতিজ্ঞাপিত, বিজ্ঞাপনীয় জ্ঞাত করণোপযুক্ত।

প্রতিজ্ঞেয়, (প্রতি-জ্ঞা) স্তুতিপাঠক; প্রতিজ্ঞার বিষয়। তালাকাটি;

প্রতিতাল, প্রতিমান, কুঞ্চী, চাবিকাটি

প্রতিতালী, (প্রতি-তল) তালকোদ্‌ঘাটক যন্ত্রবিশেষ, চাবি, কুঞ্চী।

প্রতিদশন, ক্ষুদ্র দশন, গ্রাবদন্ত, প্রধান দন্তদ্বয়ের মধ্যগত ক্ষুদ্র দন্ত।

প্রতিদর্শন, (প্রতি-দৃশ) দর্শনানন্তর দর্শন, দৃষ্টির পর দৃষ্টি করণ।

প্রতিদান, (প্রতি-দা) দানের পরিবর্ত্তে দান বিনিময়, বদল; ন্যস্ত দ্রব্য পুনরর্পণ।

প্রতিদারণ (প্রতি-দৃ) যুদ্ধ, রণ, সংগ্রাম।

প্রতিদিন, প্রত্যহ, অহরহ, নিত্য।

প্রতিদিশ, প্রত্যেক দিক, সকল দিক।

প্রতিদিব, প্রত্যহ, প্রতিদিন; সূর্য্য।

প্রতিদেয়, (প্রতি-দা) পুনর্দাতব্য, ফিরিয়া দেওয়ার যোগ্য।

প্রতিধ্বনি, প্রতিশব্দ, শব্দের শব্দ। [পুত্র।

প্রতিনপ্তা, (প্রতি-নপ্তৃ) প্রপৌত্র; পৌত্রের

প্রতিনব, নূতন, নবীন, অভিনব।

প্রতিনিধি, (প্রতি-নি-ধা) মুখ্যের সদৃশ; তৎস্বরূপ, তৎস্থানীয়, বদলি।

প্রতিপ, রাজাবিশেষ, শান্তনু রাজা।

প্রতিপৎ, (প্রতি-পদ) তিথিবিশেষ, পক্ষতি আদ্য কলার ক্রিয়া কাল; ঢ়ক্কা বাদ্য।

প্রতিপত্তি, (প্রতি-পদ) সুখ্যাতি, সম্মান, সম্ভ্রম, গৌরব; প্রাগল্‌ভ্য; পদপ্রাপ্তি; প্রবোধ; নিষ্পত্তি।

প্রতিপত্তিপটহ, বাদ্যবিশেষ, নাগরা।

প্রতিপৎতূর্য্য, (প্রতিপৎ-তূর্য্য) বাদ্যবিশেষ, ঢ়গড়বাদ্য, টিকারা।

প্রতিপত্রফলা, ক্ষুদ্র কারবেল্লী, ছোটকরলা

প্রতিপন্ন, (প্রতি-পদ) অবগত; অঙ্গীকৃত বিক্রান্ত; সম্মান প্রাপ্ত; প্রস্তুত; সম্ভ্রান্ত, মান্য।

প্রতিপন্নতা, কৃতকার্য্যতা; নিশ্চয়; পদবৃদ্ধি

প্রতিপক্ষ, শত্রু ; প্রতিবাদী ; প্রতিকূল।
প্রতিপাদক, (প্রতি-পদ) প্রতিপত্তিজনক, বোধক, জ্ঞাপক ; সংস্থাপক , প্রকাশক।
প্রতিপাদন, (প্রতি-পদ) বোধন, জ্ঞাপন; দান। [নিশ্চয় বা প্রমাণযোগ্য।
প্রতিপাদয়িতব্য, (প্রতি-পদ) সম্পাদনীয়,
প্রতিপাদ্য, (প্রতি-পদ) বোধনীয়, জ্ঞাপনীয়
প্রতিপালক, (প্রতি-পাল) পালন কর্ত্তা; রক্ষক, পোষ্টা, পোষণ কর্ত্তা।
প্রতিপালন, (প্রতি-পাল) রক্ষণ, পোষণ।
প্রতিপালনীয়, (প্রতি-পাল) রক্ষণীয়, পোষণীয়, প্রতিপাল্য, পোষ্য।
প্রতিপালিতব্য, প্রতিপালনীয়, পোষ্য।
প্রতিপাল্য, (প্রতি-পাল) প্রতিপালনীয়, রক্ষণীয়, পোষণীয়, পোষ্য।
প্রতিপ্রসব, নিষিদ্ধের পুনর্বিধান।
প্রতিফল, প্রতিবিম্ব, প্রতিচ্ছায়া ; তুল্যফল সমুচিত ফল। [সমুচিত ফলোৎপত্তি।
প্রতিফলন, (প্রতি-ফল) প্রতিবিম্ব হওন;
প্রতিফলিত, (প্রতি-ফল) প্রতিবিম্বিত, প্রতিচ্ছায়া প্রাপ্ত।
প্রতিফুল্ল, বিকশিত, প্রফুল্ল ; হৃষ্ট।
প্রতিবচ, (প্রতি-বচস) উক্তোনার প্রতিকথন, প্রত্যুক্তি, প্রতিবাক্য
প্রতিবচন, প্রতিবাক্য, উত্তর, প্রত্যুক্তি।
প্রতিবদ্ধ, প্রতিবন্ধ বিশিষ্ট, সবাধক।
প্রতিবধ্য, প্রতিবন্ধের যোগ্য, প্রতিবন্ধনীয়।
প্রতিবন্ধ, কার্য্য প্রতিঘাতক, প্রতিষ্টম্ভ, বিঘ্ন, বাধা, রোধক, নিবারক, ব্যাঘাত কারক।
প্রতিবন্ধক, (প্রতি-বন্ধ) বাধা, প্রতিরোধ-
প্রতিবন্ধন, (প্রতি-বন্ধ) নিবারণ, বিঘ্নকরণ ব্যাঘাত, বাধা দেওন।
প্রতিবন্ধি, (প্রতি-বন্ধ) প্রতিবন্ধ, ব্যাঘাত বাধা, প্রতিবন্ধক, নিষেধ, বিঘ্ন।
প্রতিবল, সমর্থ শত্রু ; তুল্যবল, সমান বিক্রম, সম সামর্থ্য।
প্রতিবসথ, গ্রাম ; পল্লী।
প্রতিবাক্, প্রতিবাক্য, উত্তর, প্রত্যুক্তি।
প্রতিবাক্য, উত্তর, প্রতিবচন, প্রত্যুক্তি।
প্রতিবাণী, প্রত্যুক্তি, প্রত্যুত্তর।
প্রতিবাদ, (প্রতি-বদ) বিরোধ ; আপত্তি ; প্রতিপক্ষীয় বাক্য।
প্রতিবাদী, (প্রতিবাদিন) প্রতিপক্ষ, বিপক্ষ, বিরোধী ; আসামী।

প্রতিবাধক, (প্রতি-বাধ) নিবারক, প্রতিবন্ধক, বাধাজনক।
প্রতিবাসর, প্রতিদিন, প্রত্যহ।
প্রতিবাসী, (প্রতি-বস) আসন্নগৃহী, নিকটস্থ, পড়সী, প্রতিবেশী।
প্রতিবিধান, প্রতীকার, প্রতিক্রিয়া ; উপায়
প্রতিবিম্ব, প্রতিচ্ছায়া ; প্রতিমা ; প্রতিমূর্ত্তি, অনুরূপ। [প্রতিচ্ছায়া প্রাপ্ত।
প্রতিবিম্বিত, (প্রতিবিম্ব) প্রতিবিম্বগত,
প্রতিবিষ্ণুক, বৃক্ষবিশেষ, মুচুকুন্দ গাছ।
প্রতিবীক্ষণ, প্রতিদর্শন, ফিরিয়া দেখন
প্রতিবেশ, বাটীর সম্মুখস্থ বাটী, গৃহের নিকটস্থায়ী গৃহ। [স্ত্রী-পড়সী।
প্রতিবেশবাসী, প্রতিবাসী, একত্র বাসকা-
প্রতিবেশী, নিকটস্থায়ী, প্রতিবাসী, পড়সী
প্রতিবোধ, (প্রতি-বুধ) অনুভব ; প্রবোধ ; জাগরণ ; অনুমান।
প্রতিবোধন, (প্রতি-বুধ) বিপরীত বোধ ; অনবধান ; জাগরণ, সচেতন করণ।
প্রতিবোধী, (প্রতি-বুধ) প্রতিবোধক ; অনুমানকারী ; বিপরীত বোধকর্ত্তা।
প্রতিভয়, ভয়ঙ্কর ; ভয়, ত্রাস।
প্রতিভা, (প্রতি-ভা) বুদ্ধি, জ্ঞান ; প্রতিবিম্ব ; দীপ্তি ; প্রগল্‌ভতা।
প্রতিভান্বিত, (প্রতিভা-অন্বিত) প্রগল্‌ভ ; প্রত্যুৎপন্নমতি, অতিশয় বুদ্ধিমান ; গৌরবান্বিত।
প্রতিভাবান, প্রাগল্‌ভ্যযুক্ত, বুদ্ধিমন্ত।
প্রতিভামুখ, প্রগল্‌ভ ; বুদ্ধিমান, ধীসম্পন্ন তীক্ষ্ণ, প্রখর।
প্রতিভাষ, প্রত্যুত্তর, আভাস ; দীপ্তি।
প্রতিভাহানি, বুদ্ধিনাশ ; অপ্রাগল্‌ভ্য ; তেজহ্রাস। [হীন।
প্রতিভাহীন, বুদ্ধিহীন, জ্ঞানশূন্য ; দীপ্তি-
প্রতিভূ, (প্রতি-ভূ) লগ্নক, জামিন্।
প্রতিম, (প্রতি-মা) তুল্য, সদৃশ, সমান।
প্রতিমা, (প্রতি-মা) প্রতিমূর্ত্তি, মূর্ত্তিসদৃশ, প্রতিকৃতি, প্রতিবিম্ব, প্রতিচ্ছায়া, প্রতিরূপ, প্রতিকায়। [চ্ছায়া।
প্রতিমান, (প্রতি-মা) প্রতিবিম্ব, প্রতি-
প্রতিমার্গণ, পুরপ্রবেশ।
প্রতিমুক্ত, (প্রতি-মুচ) পরিহিত বস্ত্রাদি।
প্রতিমূর্ত্তি, আকার, ছবি, প্রতিমা ; প্রতিকৃতি, মূর্ত্তিসদৃশ।

প্রতিযত্ন, লিপ্সা ; বাঞ্ছা ; উপগ্রহ, নিগ্রহা-
দি করণের যত্ন ; সংস্কার, প্রতিগ্রহ ;
উদযোগ, চেষ্টা। [যাতনা।
প্রতিযাতনা, প্রতিমা, প্রতিবিম্ব ; তুল্য
প্রতিযোগ, (প্রতি-যুজ) বিরোধ, বিবাদ,
প্রতিপক্ষতা। [শত্রুতা ; বিরোধ।
প্রতিযোগিতা, (প্রতিযোগিন) বিপক্ষতা,
প্রতিযোগিতাচরণ, বিপক্ষতাচরণ।
প্রতিযোগী, (প্রতিযোগিন) বিরোধী, বি-
বাদী, প্রতিপক্ষ ; তুল্যাকার ব্যক্তি।
প্রতিরব, প্রতিধ্বনি ; প্রতিকূল বাক্য।
প্রতিরূপ, প্রতিমা, প্রতিমূর্ত্তি, আকৃতি ;
অনুরূপ। [মুর্ত্তি ; সদৃশ, তুল্য।
প্রতিরূপক, (প্রতি-রূপ) প্রতিবিম্ব, প্রতি-
প্রতিরোধ, (প্রতি-রুধ) তিরস্কার, সৎপ্রতি-
পক্ষ ; নিষেধ ; মানা, বাধা। [হারক
প্রতিরোধক, (প্রতি-রুধ) চোর, তস্কর, অপ-
প্রতিরোধী, (প্রতি-রুধ) প্রতিরোধক ; চৌর
প্রতিলম্ভ, লাভ, প্রাপ্তি।
প্রতিলিপি, অনুকরণ লিপি, নকল।
প্রতিলোম, (প্রতি-লোমন) বিলোম, ব্যতি-
ক্রম, বিপরীত ক্রম।
প্রতিলোমজ, (প্রতিলোম-জন) প্রতিলোম
জাত, উত্তম বর্ণ স্ত্রীতে অধম বর্ণ হইতে
উৎপন্ন। [স্ত্রীতে অধম বর্ণহইতে উৎপন্ন।
প্রতিলোমজাত, প্রতিলোমজ, উত্তম বর্ণ
প্রতিশাসন, ভৃত্যাদির কার্য্যে প্রেরণ।
প্রতিশিষ্ট, প্রত্যাখ্যাত ; প্রেষিত, প্রেরিত।
প্রতিশীর্ষ, প্রতিনিধি, বন্দি ; জামীন।
প্রতিশ্যা, (প্রতি-শ্যৈ) রোগবিশেষ, পীনস
রোগ, নাসিক রোগ।
প্রতিশ্যায়, (প্রতি-শ্যৈ) সরদি, কফ।
প্রতিশ্রব, (প্রতি-শ্রু) অঙ্গীকার, স্বীকার,
প্রতিজ্ঞা
প্রতিশ্রয়, যজ্ঞশালা ; সভা ; আশ্রয় ; স্থান।
[প্রতিশ্রু]ত, প্রতি-শ্রু) অঙ্গীকৃত, স্বীকৃত
[illegible] [নিষিদ্ধ
প্রতিষিদ্ধ, (প্রতি-ষিধ) প্রতিষেধের বিষয়,
প্রতিষেদ্ধা, (প্রতি-ষিধ) প্রতিষেধ কর্ত্তা,
নিষেধকারক ; নিবারক।
প্রতিষেধ, (প্রতি-ষিধ) নিষেধ ; বারণ, নি-
বারণ। [বারক।
প্রতিষেধক, (প্রতি-ষিধ) নিষেধকর্ত্তা ; নি-
প্রতিষ্ক, বার্ত্তাবহ, দূত ; চর।
প্রতিষ্কশ, সহায় ; বার্ত্তাবহ, দূত।
প্রতিষ্কষ, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।
প্রতিষ্কস, চর, দূত। [বাতক।
প্রতিষ্টম্ভ, প্রতিবন্ধক, বাধা, কার্য্য প্রতি-
প্রতিষ্ঠ, (প্রতি-স্থা) প্রতিষ্ঠাযুক্ত, প্রশংসিত
প্রতিষ্ঠা, গৌরব ; প্রশংসা ; সম্মান ; পৃ-
থিবী ; স্থান ; সংস্কার বিশেষ ; উদযাপন
প্রতিষ্ঠাকারক, সম্মানকারক, গৌরবকারক
প্রতিষ্ঠান, নগর বিশেষ, বিঠোর নামে প্র-
সিদ্ধ শহর। [প্রতিষ্ঠাযুক্ত।
প্রতিষ্ঠান্বিত (প্রতিষ্ঠা-অন্বিত) গৌরবান্বিত
প্রতিষ্ঠানর্হ, (প্রতিষ্ঠা-অনর্হ) প্রতিষ্ঠার অ-
যোগ্য। [প্রাপ্ত।
প্রতিষ্ঠাপন্ন, প্রশংসিত, সুখ্যাত, প্রতিষ্ঠা-
প্রতিষ্ঠিত, (প্রতি-স্থা) প্রতিষ্ঠাযুক্ত, গৌরবা
ন্বিত ; নিষ্পন্ন ; সংস্কৃত।
প্রতিসব্য, প্রতিকূল, অননুকূল।
প্রতিসর, যন্ত্রবিশেষ ; মাল্য ; কঙ্কণ ; ব্রণ-
শুদ্ধি ; প্রাতঃকাল ; করসূত্র ; নিযোজ্য।
প্রতিসর্গ, ব্রহ্মার সৃষ্ট্যনন্তর দক্ষাদির সৃষ্টি।
প্রতিসাক্ষানিক, মাগধ, স্তুতিপাঠক।
প্রতিসীরা, (প্রতি-সি) তিরস্করিণী, যবনিকা,
ব্যবধায়ক, পট, কানাৎ, পর্দ্দা।
প্রতিসূর্য্য, কৃকলাস, কাঁকলাস।
প্রতিসূর্য্যক, (প্রতি-সূর্য্য) কৃকলাস ; কাঁক-
লাস ; উপসূর্য্য মণ্ডল। [দত্ত।
প্রতিসৃষ্ট, প্রেষিত, প্রেরিত, প্রত্যাখ্যাত ;
প্রতিস্পন্দন, কম্পন, হেলন, নড়ন।
প্রতিস্পর্দ্ধা, প্রতিকক্ষা, প্রত্যেক অন্য
স্পর্দ্ধা। [প্রতিস্খলিত, রুদ্ধ ; নিরাকৃত
প্রতিহত, (প্রতি-হন) প্রতিঘাত প্রাপ্ত ;
প্রতিহনন, (প্রতি-হন) খণ্ডন, রোধ, বাধা।
প্রতিহন্তা, (প্রতি-হন) বিপক্ষ ; বিরোধী ;
প্রতিঘাতক।
প্রতিহার, দ্বার ; দ্বারপাল ; মায়াকার।
প্রতিহারক, মায়াকার, ছদ্মবেশী।
প্রতিহারী, দ্বারী, দ্বারপাল, দ্বারবান।
প্রতিহাস, করবীর, করবী ; উপহাসকের
প্রতি হাস্য। [হিংসাকারী, বৈরী।
প্রতিহিংসক, (প্রতি-হিংস) দ্বেষ্টা ; প্রতি-
প্রতিহিংসন, (প্রতি-হিংস) দ্বেষকরণ, প্র-
তিহিংসা করণ।
প্রতিহিংসা, (প্রতি-হিংস) হিংসিত হইয়া
হিংসাকরা, হিংসার পরিশোধ।

প্রতিক্ষণ পৌনঃপুন্য, বারবার ; ক্ষণে ক্ষণে।
প্রতিক্ষপ, রক্ষক, পালক, পোষণকর্ত্তা।
প্রতিক্ষিপ্ত, (প্রতি-ক্ষপ) নিবারিত ; প্রেরিত ; অধিক্ষিপ্ত, নিন্দিত।
প্রতীক, (প্রতি-ই) একদেশ, অঙ্গ ; প্রতিকূল ; বিলোম।
প্রতীকার, (প্রতি-কৃ) কৃতাপকারের প্রত্যপকার, বৈরশুদ্ধি, বৈরনির্যাতন ; প্রতিফল ; পরিশোধ ; চিকিৎসা।
প্রতীকার্য্য, (প্রতি-কৃ) পরিশোধনীয়, উপশম্য, নিবার্য্য।
প্রতীকাশ, উপমা ; তুল্য, সমান ; তুলনা।
প্রতীচী, (প্রতি-অনচ) পশ্চিমদিক ; সূর্য্যাস্ত হইবার দিক্‌। [পশ্চিম দিগবস্থিত
প্রতীচীন, (প্রতি-অনচ) প্রতীচীদিগ্জাত,
প্রতীত, (প্রতি-ই) খ্যাত ; জ্ঞাত, অবগত ; হৃষ্ট, বিশ্বস্ত। [... হয়।
প্রতীতি, (প্রতি-ই) জ্ঞান ; বোধ, খ্যাতি, প্রতীপ, প্রতিকূল, অনন্বকূল, ... ; ...-বংশীয় ঋক্ষরাজ পুত্র, শান্তনু রাজার পিতা। [... দর্শিনী।
প্রতীপদর্শিনী, স্ত্রী ; প্রাতিকূল্যে অবলোক-
প্রতীপদর্শী, বিপরীত বোদ্ধা, প্রতিকূল।
প্রতীবাপ, (প্রতি-বপ) গলিত স্বর্ণাদির দ্রব্যান্তর সহিত মিলন ; ন্যাসকরণ, নিক্ষেপকরণ ; উপদ্রব।
প্রতীবেশ, নিকটস্থ গৃহ সমীপবর্ত্তি গৃহ।
প্রতীবেশী, প্রতিবাসী, নিকটস্থায়ী।
প্রতীয়মান, (প্রতি-ই) জ্ঞেয়, বোধগম্য, অনুভূত ; প্রকাশমান।
প্রতীর, তট, তীর, কূল, কিনারা।
প্রতীহার, দ্বার ; দ্বারপাল।
প্রতীহারী, দ্বারী, দৌবারিক, প্রহরী।
প্রতীহাস, করবীর পুষ্প, করবীফুল।
প্রতীক্ষণ, (প্রতি-ঈক্ষ) প্রতীক্ষা করণ।
প্রতীক্ষণীয়, (প্রতি-ঈক্ষ) অপেক্ষণীয়।
প্রতীক্ষা, (প্রতি-ঈক্ষ) অপেক্ষা ; অনুরোধ
প্রতীক্ষিত (প্রতি-ঈক্ষ) অপেক্ষিত।
প্রতীক্ষ্য, (প্রতি-ঈক্ষ) পূজ্য ; প্রতীক্ষণীয়, অপেক্ষণীয়। [ময়ূর।
প্রতুদ, পক্ষ্যাদি ; কাক ; দ্রোণকাক ; পেচক ;
প্রতুল, মঙ্গল ; বাহুল্য ; বৃদ্ধি।
প্রতোদ, (প্র-তুদ) অশ্বাদি তাড়ন দণ্ড, কশা, চাবুক্‌, পাচনী বাড়ী।
প্রতোলী, রথ্যা ; অভ্যন্তর মার্গ ; নাহুপার গড়কী ; দুর্গ বা নগর দ্বার।
প্রত্ত, (প্র-দা) দত্ত, দেওয়া, ত্যক্ত।
প্রত্না, (প্র-দা) দত্তা ; বিবাহিতা, পরিণীতা।
প্রত্ন, পুরাতন, পুরাণ। [মদেশ, প্রাচীনকাল
প্রত্যক, (প্রতি-অক) পশ্চিম দিক্‌ ; পশ্চি-
প্রত্যক্‌পর্ণী, অপমার্গবৃক্ষ, আপাংগাছ।
প্রত্যক্‌শ্রেণী, দন্তীবৃক্ষ ; মুষিকপর্ণী, ইন্দুরকাণী লতা।
প্রত্যগাশাপতি, বরুণ, জলাধিপতি।
প্রত্যগ্র, নূতন, শোধিত, শুদ্ধ।
প্রত্যচ, পশ্চিমদিক্‌, পশ্চাৎকাল ; পশ্চিমদেশ। [নাসিকাদি।
প্রত্যঙ্গ, (প্রতি-অঙ্গ) অবয়ব বিশেষ, কর্ণ
প্রত্যঙ্গিরা, দেবী বিশেষ।
প্রত্যনীক, শত্রু, অরি, বৈরী।
প্রত্যন্ত, (প্রতি-অন্ত) ম্লেচ্ছদেশ ; প্রান্তভাগ
প্রত্যন্তপর্ব্বত, বৃহৎ পর্ব্বতের সমীপবর্ত্তী ক্ষুদ্র পর্ব্বত। [র্ব্বার দর্শন।
প্রত্যবলোকন, (প্রতি-অবলোকন) পুন-
প্রত্যবসান, ভোজন, অশন, ভক্ষণ, আহার
প্রত্যবসিত, ভক্ষিত, খাদিত, ভুক্ত।
প্রত্যবস্কন্দ, (প্রতি-অব-স্কন্দ) চতুর্ব্বিধ উত্তরের অন্তর্গত উত্তর বিশেষ।
প্রত্যবস্থাতা, বিপক্ষ, শত্রু, অরি।
প্রত্যবায়, (প্রতি-অব-অয়) পাপ ; দুরদৃষ্ট ; দোষ, অনিষ্ট ; বিঘ্ন, ব্যাঘাত।
প্রত্যভিজ্ঞান, (প্রতি-অভি-জ্ঞা) পশ্চাৎ জ্ঞান ; পরে বোধ ; স্মরণ ; অনুমান।
প্রত্যভিবাদন, (প্রতি-অভি-বদ) অভিবাদ্য গুরু প্রভৃতির আশীর্ব্বাদ বচন ; জ্যেষ্ঠ বা কনিষ্ঠের নমস্কারানন্তর পুনর্নমস্কার।
প্রত্যভিযোগ, (প্রতি-অভি-যুজ) প্রত্যপরাধ, অভিযুক্ত হইয়া অভিযোগ করণ।
প্রত্যভিলাষ, (প্রতি-অভিলাষ) পুনরভিলাষ
প্রত্যয়, (প্রতি-ই) বিশ্বাস, নিশ্চয় জ্ঞান ; অধীন ; শপথ ; হেতু, ছিদ্র, আচার, খ্যাতি ; প্রকৃতির উত্তর জায়মান বিভক্তি
প্রত্যয়কারিণী, বিশ্বাসজনিকা ; মুদ্রা, মোহর
প্রত্যয়াৰ্হ, বিশ্বাসযোগ্য, বিশ্বস্ত। [পাত্র।
প্রত্যয়িত, (প্রত্যয়) আপ্ত, বিশ্বস্ত, বিশ্বাস
প্রত্যয়ী, (প্রত্যয়িন) বিশ্বাসী, প্রত্যয়কারক
প্রত্যর্থী, (প্রতি-অর্থ) শত্রু ; প্রতিবাদী অর্থির প্রতিপক্ষ, আসামী।

প্রদত্তা, (প্রদত্ত) দানকরা ; বিবাহিতা-কন্যা। [বিশেষ।
প্রদর, (প্র-দৃ) ভঙ্গ ; বাণ ; স্ত্রীলোকের রোগ
প্রদর্শক, (প্র-দৃশ) দর্শক, প্রকাশক, যে দেখায়। [ন ; দেখান।
প্রদর্শন, (প্র-দৃশ) ঈক্ষণ দেখন ; প্রকাশ-
প্রদর্শনী, উপহার, উপঢৌকন, পারিতোষিক ; দৃষ্টবস্তু। [প্রকাশিত, দেখান।
প্রদর্শিত, (প্র-দৃশ) আলোকিত, ইঙ্গিত ;
প্রদল, বাণ ; স্ত্রীলোকের রোগ বিশেষ।
প্রদক্ষিণ, (প্র-দক্ষিণ) দক্ষিণাবর্ত্তে দেবতার উদ্দেশে ভ্রমণ ; চতুর্দ্দিকে ভ্রমণ।
প্রদান, (প্র-দ) দান, অর্পণ ; প্রকৃষ্ট দান।
প্রদানীয়, (প্র-দা) অর্পণীয়, প্রদেয়।
প্রদিগ্ধ, মাংসব্যঞ্জন বিশেষ, প্রলিপ্ত।
প্রদিক, বিদিক, দিকের অবান্তর ভাগ।
প্রদীপ, (প্র-দীপ) বর্ত্তিপোর শিখাবিশিষ্ট জ্যোৎস্নাবৃক্ষ। [বিকাশন, উদ্দীপন করণ।
প্রদীপন, (প্র-দীপ) স্থাবরবিষ বিশেষ ; প্র-
প্রদীপ্ত, (প্র-দীপ) উজ্জ্বলিত ; প্রকাশিত
প্রদৃপ্ত, (প্র-দৃপ) অহঙ্কৃত, গর্ব্বিত
প্রদেশ, (প্র-দেশ) একদেশ, স্থান, দেশভাগ ; পদ ; তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ ভিত্তি, প্রাচীর।
প্রদেশন, (প্র-দিশ) নৃপাদির উপঢৌকন, ভেট, উপায়ন, উপহার। [তর্জ্জনী।
প্রদেশিনী, (প্র-দিশ) তর্জ্জনী, অঙ্গুষ্ঠের পর-
প্রদেহ, প্রলেপ, লেপন।
প্রদোষ, (প্র-দোষ) রজনীমুখ, সায়ংকাল, সূর্য্যাস্তের পর ত্রিমুহূর্ত্ত কাল।
প্রদ্যুম্ন, শ্রীকৃষ্ণের পুত্র, কন্দর্প, কামদেব।
প্রদ্যোত, রশ্মি, কিরণ, দীপ্তি, প্রভা।
প্রদ্যোতন, সূর্য্য ; রশ্মি ; কিরণ।
প্রদ্রব, পলায়ন, প্রস্থান।
প্রধন, (প্র-ধন) যুদ্ধ, রণ ; বিদারণ।
প্রধান, (প্র-ধা) শ্রেষ্ঠ, আদ্য ; অগ্রিম প্রশস্ত ; প্রকৃতি ; পরমাত্মা ; বুদ্ধি।
প্রধানতা, (প্রধান) শ্রেষ্ঠতা, প্রধানত্ব, প্রাধান্য, অগ্রগণ্যতা।
প্রধি, নেমি, রথচক্র।
প্রধী, প্রকৃষ্ট বুদ্ধি যুক্ত, উত্তম বুদ্ধি বিশিষ্ট।
প্রধূপিতা, ক্লেশিতা ; প্রকৃষ্টরূপে তপ্তা, অতিশয় দীপ্তা ; সূর্য্যাগন্তব্য দিক্।
প্রনিঘাতন, বধ, হনন, মারণ

প্রপঞ্চ, (প্র-পচ) বিপর্য্যাস, ভ্রম ; বিস্তার ; জগৎ ; সংসার।
প্রপঞ্চিত, (প্র-পচ) বিস্তৃত ; ভ্রমযুক্ত।
প্রপাথ, শিথিল, আলিসা, ঢিলা।
প্রপথ্যা, হরীতকী।
প্রপদ, (প্র-পদ) পাদাগ্র, চরণাগ্র।
প্রপন্ন, (প্র-পদ) শরণাগত ; আশ্রয়াকাঙ্ক্ষী ; আশ্রিত।
প্রপন্নাড়, চক্রমর্দ্দক বৃক্ষ, চাকুন্দেগাছ।
প্রপা, (প্র-পা) পানীয়শালা, জলছত্র।
প্রপাণি, হস্তের অধোদেশ, পাণিতল, হাতের তেলো।
প্রপাত, নিরবলম্বন পর্ব্বতাদির পার্শ্ব, জতট, ভৃগু ; আরড়ি, কুল ; তীর।
প্রপাবন বনবিশেষ, কামারণ্য।
প্রপায়ী, পানকর্ত্তা ; রক্ষণকর্ত্তা।
প্রপিতামহ, ব্রহ্মা ; পিতামহের পিতা।
প্রপিতামহী, প্রপিতামহ পত্নী।
প্রপুন্নাড়, বৃক্ষবিশেষ, চক্রমর্দ্দক বৃক্ষ, চাকুন্দিয়া গাছ।
প্রপূরিকা, (প্র-পূর) কণ্টকারি বৃক্ষ।
প্রপৌত্র, পৌত্রের পুত্র, প্রতিনপ্তা।
প্রপৌত্রী, (প্রপৌত্র) পৌত্রের কন্যা, প্রতিনপ্ত্রী। [মিত্র।
প্রফুল্ল, (প্র-ফুল্ল) বিকাশযুক্ত, উৎফুল্ল, বিক
প্রফুল্লতা, হর্ষ, আহ্লাদ, উল্লাস, বিকাশ।
প্রফুল্লবদন, বিকসিত মুখ, হাস্যবদন।
প্রফুল্লিত, (প্র-ফুল্ল) প্রস্ফুটিত, প্রকাশিত, বিকাশ যুক্ত।
প্রবক্তা, (প্র-বচ) প্রকৃষ্টবক্তা, উত্তম কথক বেদাদি বাচক ; বাক্‌পটু। [উত্তম বক্তা।
প্রবচন, (প্র-বচ) বেদ ; প্রকৃষ্ট বাক্য ; উ-
প্রবচনীয়, (প্র-বচ) প্রবক্তা, সৎকথক
প্রবঞ্চক, (প্র-বন্চ) প্রতারক, ধূর্ত্ত, শঠ।
প্রবঞ্চকতা, শঠতা, ধূর্ত্ততা, প্রতারণা।
প্রবঞ্চনা, (প্র-বন্চ) প্রতারণা, ছল, চাতুরী
প্রবঞ্চনীয়, প্রতারণাযোগ্য, প্রবঞ্চনাকি লোপযুক্ত।
প্রবণ, প্রহ্ব, নত, আয়ত ; আসন ; চতুষ্পথ, চৌমাথা ; ক্রমনিম্ন ভূমি, গড়ানিয়া স্থান ; উদর ; ক্ষণ ; প্রীত ; স্নিগ্ধ ; ক্ষীণ
প্রবন্ধ, (প্র-বন্ধ) সন্দর্ভ ; গ্রন্থ কাব্যাদি গ্রন্থন ; পরস্পর অন্বিত বাক্য সমূহ ; যো
প্রবন্ধকল্পনা, প্রবন্ধের রচনা, কাব্যাদি

প্রবয়ণ, প্রতোদ, অশ্বাদি তাড়নদণ্ড,চাবুক
প্রবয়াঃ, বৃদ্ধ, প্রাচীন, স্থবির।
প্রবর,(প্র-বৃ) শ্রেষ্ঠ, প্রধান ; গোত্র ; গোত্র প্রবর্ত্তক, মুনির প্রাবর্ত্তক মুনিগণ ; সন্ততি
প্রবর্গ, হোমাগ্নি, হোমের বহ্নি।
প্রবর্ত্ত, (প্র-বৃৎ) উদ্যত, উদ্যমকারী, নিযুক্ত
প্রবর্ত্তক, (প্র-বৃৎ) প্রবর্ত্তনকারী প্রবৃত্তি-জনক, নিযুক্তকারক, প্রয়োজক।
প্রবর্ত্তন, (প্র-বৃৎ) প্রবৃত্তি ; আরম্ভ ; উদ্যোগ, অনুষ্ঠান।
প্রবর্ত্তনা, প্রবৃত্তি, প্রেরণা ; যোজন
প্রবর্ত্তিত, (প্র-বর্ত্ত) জাত ; আরব্ধ।
প্রবর্দ্ধন, (প্র-বৃধ) বিবর্দ্ধন, বাড়ন। [বাড়ান
প্রবর্দ্ধিত, (প্র-বৃধ) বৃদ্ধিপ্রাপ্ত, বৃদ্ধিগত ;
প্রবর্হ, শ্রেষ্ঠ, প্রধান, উত্তম।
প্রবল, পল্লব, পাতা ; প্রকৃষ্ট বলযুক্ত, অতিশয় বলবান্। [শক্তি, তেজ।
প্রবলতা, (প্রবল) সামর্থ্য, বল, পরাক্রম,
প্রবলা, (প্রবল) প্রসারিণী লতা, প্রকৃষ্ট বলবতী ; ব্যাপিকা।
প্রবহ, গৃহ নগরাদির বাহিরে গমন ; বায়ু বিশেষ, সপ্তবায়ুর অন্তর্গত দ্বিতীয় বায়ু।
প্রবহণ, (প্র-বহ) যানবিশেষ, চৌপালা, ডুলী, পাল্কী
প্রবহ্লিকা, প্রহেলিকা, হিঁয়ালী। [বক্তা।
প্রবাক, বাক্য যুক্তিতে পটু, বাগ্মী, সদ্বক্তা,
প্রবাচক, (প্র-বচ) প্রকৃষ্টবক্তা, উত্তম কথক
প্রবাণ, তন্ত্রশলাকা, তুরী,
প্রবাণী, তন্ত্রশলাকা, তুরী, মাকু।
প্রবাদ, (প্র-বদ) পরম্পরাগত বাক্য ; জনরব, জনশ্রুতি।
প্রবার, প্রবর ; গোত্র, বস্ত্র, বসন।
প্রবারণ, কাম্যদান ; মহাদান ; নিষেধ, বারণ, মানাকরণ।
প্রবাল, (প্র-বল) রক্তবর্ণ বর্ত্তুলাকার রত্ন বিশেষ, পলা ; অঙ্গারক মণি ; নূতন পত্র, কিশলয় ; বীণাদণ্ড।
প্রবালফল, চন্দন বিশেষ, রক্তচন্দন। [বাস।
প্রবাস, (প্র-বস) বিদেশস্থিত, দেশান্তরে
প্রবাসগমন, দেশান্তরে গমন, বিদেশগমন
প্রবাসন, বধ, হনন ; নির্বাসন, দেশান্তরে প্রস্থান, বিদেশে গমন।
প্রবাসাসেদ, (প্রবাস-আসেদ) দেশান্তরে বাসাবদ্ধ।
প্রবাসী, (প্র-বস) বিদেশস্থ, বিদেশবাসী ; প্রোষিত ; প্রবাস। (বহার ; প্রকৃষ্ট অশ্ব।
প্রবাহ, (প্র-বহ) প্রবৃত্তি ; জল স্রোত ; ব্যপ্রবাহক,(প্র-বহ) রাক্ষস ; প্রকৃষ্টবহনকর্ত্তা
প্রবাহকপ্রণালী, রক্ত প্রবাহক নাড়ী।
প্রবাহিকা, (প্র-বহ) গ্রহণী রোগ, উদরাময়
প্রবাহী, শৈকত, বালুকা, বালি।
প্রবাহু, কূর্পের অধোভাগ, কনুইর নিম্নদেশ
প্রবিখ্যাতি, অতি প্রসিদ্ধি, অতিশয়খ্যাতি
প্রবিদারণ, রণ, যুদ্ধ ; আকীর্ণ করণ।
প্রবিশ্লেষ, প্রকৃষ্ট ব্যবধান, অতিশয় বিচ্ছেদ
প্রবিষ্ট, (প্র-বিশ) প্রবেশ বিশিষ্ট, কৃতপ্রবেশ ; নিবিষ্ট
প্রবীণ, (প্র-বীণা) নিপুণ ; অভিজ্ঞ, বিজ্ঞ ; সদসদ্বিবেচক ; বোদ্ধা ; কৃতী, কুশল
প্রবীণতা,(প্রবীণ) নৈপুণ্য, বিজ্ঞতা, প্রাজ্ঞতা
প্রবীর, সুভট, উত্তম যোদ্ধা ; শ্রেষ্ঠ, প্রধান
প্রবুদ্ধ, (প্র-বুধ) পণ্ডিত ; প্রফুল্ল ; চৈতন্য প্রাপ্ত ; জাগরিত, জাগ্রৎ।
প্রবৃত্ত, (প্র-বৃৎ) প্রবৃত্তি বিশিষ্ট ; নিযুক্ত ; রত ; মনঃসংযোগী।
প্রবৃত্তি, (প্র-বৃৎ) ইচ্ছা ; যত্ন ; শ্রদ্ধা ; অবন্ত্যাদি দেশ। [র্ত্তিবহ।
প্রবৃত্তিজ্ঞ, চরবিশেষ, একপ্রকার দূত, বা-
প্রবৃদ্ধ, বৃদ্ধিযুক্ত, প্রৌঢ় ; প্রসৃত
প্রবেক, উত্তম ; প্রধান, শ্রেষ্ঠ।
প্রবেট, শস্যবিশেষ, যব।
প্রবেণি, হস্তির পৃষ্ঠস্থ চিত্রকম্বল।
প্রবেশ, পীতমুগ, সোণামুগ।
প্রবেশ, (প্র-বিশ) অন্তর্গমন ; ভিতরে যাওয়া। [কারক।
প্রবেশক, অন্তর্গমনকারী, ভিতরে গমন
প্রবেশন, (প্র-বিশ) সিংহদ্বার ; ভিতরে যাওন ; প্রবেশ করণ ; প্রবিষ্ট হওন।
প্রবেশ্য, (প্র-বিশ) প্রবেশনীয়, প্রবেশ করণোপযুক্ত, গম্য। [র পৃষ্ঠস্থ আস্তরণ।
প্রবেষ্ট, বাহু, হস্ত ; বাহুর নিম্নভাগ ; হস্তি-
প্রবোদ্ধা, পরিজ্ঞাপক, বোধদাতা।
প্রবোধ, (প্র-বুধ) বিনিদ্রত্ব ; প্রকৃষ্ট জ্ঞান ; চৈতন্য। [জাগরিত কারক।
প্রবোধক, (প্র-বুধ) পরিজ্ঞাপক, জ্ঞানদাতা
প্রবোধন, (প্র-বুধ) জাগরণ ; বোধজনন ; জ্ঞানজন্মান। [কারিণী।
প্রবোধনী, (প্র-বুধ) জ্ঞানদায়িনী, প্রবোধ

প্রব্যক্ত, স্ফুট, স্পষ্ট, প্রকাশ।
প্রব্রজিত, (প্র-ব্রজ) বুদ্ধ; ভিক্ষু; প্রব্রজ্যাশ্রমে প্রবিষ্ট, সন্ন্যাসী। [তাপসী।
প্রব্রজিতা, প্রব্রজ্যাশ্রমে প্রবিষ্টা; সন্ন্যাসিনী
প্রব্রজ্যা, (প্র-ব্রজ) সন্ন্যাস; সত্যাশ্রম।
প্রব্রজ্যাবসিত, সন্ন্যাস ভ্রষ্ট, সন্ন্যাসচ্যুত।
প্রভঞ্জন, অনিল, বায়ু; ভঞ্জনকর্ত্তা।
প্রভদ্র, বৃক্ষবিশেষ, নিম্ব, নিম।
প্রভব, (প্র-ভূ) জন্মহেতু, পিত্রাদি; আদ্যোপলব্ধি; স্থান; মূল, মুনিবিশেষ; পরাক্রম; জন্ম, উৎপত্তি।
প্রভবিষ্ণু, প্রকৃষ্টরূপে উৎপত্তিশীল।
প্রভা, (প্র-ভা) দীপ্তি, আলোক, প্রকাশ, তেজঃ; কুবেরপুরী, গোপীবিশেষ; দুর্গা; সূর্য্যপত্নী। অগ্নি; চন্দ্র; সমুদ্র দীপ্তিমান্।
প্রভাকর, (প্রভা-কৃ) সূর্য্য, রবি, দিনকর;
প্রভাকীট, খদ্যোত, জোনাকী পোকা।
প্রভাঞ্জন, শোভাঞ্জন, শজিনা।
প্রভাত, (প্র-ভা) প্রাতঃকাল, প্রত্যূষ, অহর্মুখ
প্রভাব, (প্র-ভূ) কোষদণ্ডজ তেজঃ; প্রতাপ, শক্তি; মাহাত্ম্য, গৌরব।
প্রভাবজ, (প্রভাব-জন) শক্তিবিশেষ; বীর্য্যাধিক্যে জাত।
প্রভাববান্, (প্রভাব) প্রতাপযুক্ত, মাহাত্ম্যান্বিত, ক্ষমতাবিশিষ্ট, পরাক্রান্ত, তেজস্বী। [শিষ্ট।
প্রভাবান্, (প্রভা) প্রভাযুক্ত, দীপ্তিবি-
প্রভাবান্বিত, (প্রভাব-অন্বিত) ক্ষমতাবিশিষ্ট; প্রতাপশালী, তেজস্বী, মাহাত্ম্যযুক্ত।
প্রভাষ, বসুবিশেষ; প্রকৃষ্ট কথন।
প্রভাস, (প্র-ভাস) তীর্থবিশেষ, সোমতীর্থ; জৈনগণাধিপ বিশেষ।
প্রভিন্ন, (প্র-ভিদ) ক্ষরন্মদ হস্তী, মত্ত গজ; প্রকৃষ্ট ভেদবিশিষ্ট, পৃথক্, বিচ্ছিন্ন।
প্রভু, (প্র-ভূ) বিষ্ণু; অধিপতি, স্বামী, ঈশ্বর; নায়ক; পালক; শক্ত, সক্ষম।
প্রভুতা, প্রধানতা, আধিপত্য, কর্তৃত্ব।
প্রভুত্ব, (প্রভু) কর্তৃত্ব, প্রাধান্য; আধিপত্য
প্রভুপনা, কর্তৃত্ব, স্বামিত্ব, আধিপত্য।
প্রভুভক্ত, উত্তম ঘোটক; স্বামির প্রতি অনুরক্ত, স্বামির প্রতি স্নেহবান্।
প্রভুভক্তি, বিষ্ণুভক্তি, ঈশ্বরভক্তি, স্বামিভক্তি।
প্রভূত, (প্রভু) প্রচুর, যথেষ্ট; উন্নত।

প্রভূতার্থ, প্রভূত-অর্থ; অপরিমিত সম্পত্তিযুক্ত; প্রচুর ধন
প্রভূষ্ণু, সক্ষম, শক্ত, পারক; দক্ষ।
প্রভৃতি, (প্র-ভৃ) তদাদি; গণবোধক [কন্য
প্রভেদ, (প্র-ভিদ) ভিন্নতা; বিশেষ, বৈলক্ষণ্য
প্রভেদক, (প্র-ভিদ) প্রভেদকর্ত্তা, ভিন্নতাকারক, বৈলক্ষণ্যকারী। [লম্বমান মালা।
প্রভ্রষ্টক, শিখালম্বিত মাল্য, চূড়া হইতে
প্রমত্ত, (প্র-মদ) প্রমাদী, অনবধানতা যুক্ত।
প্রমথ, ঘোটক; শিবপারিষদ।
প্রমথন, বধ; ক্লেশ দেওন; বিলোড়ন।
প্রমথা, হরীতকী।
প্রমথাধিপ, শিব, মহাদেব, শম্ভু।
প্রমথিত, নির্জ্জল তক্র, নির্জ্জল ঘোল; বিলোড়িত, মর্দ্দিত।
প্রমদ, (প্র-মদ) হর্ষ; ধুস্তুরফল, ধুতুরা; অতিশয় মত্ত। [ন; রম্য বন।
প্রমদকানন, রাজার অন্তঃপুরোচিত উপব-
প্রমদবন, রাজার অন্তঃপুরোচিত বন।
প্রমদা, (প্র-মদ) উত্তমা স্ত্রী, রম্যা নারী।
প্রমদাকানন, রাজার অন্তঃপুরোচিত বন, রম্য বন।
প্রমনাঃ, হর্ষযুক্ত, আহ্লাদিত।
প্রময়, বধ, হনন; হিংসা।
প্রমা, (প্র-মা) যথার্থজ্ঞান, প্রমিতি; প্রমাণ
প্রমাণ, (প্র-মা) মর্য্যাদা; শাস্ত্র; নিদর্শন; দৃষ্টান্ত; উদাহরণ; সাক্ষী লেখ্যপ্রভৃতি; প্রতিপত্তি। [প্রমাণ কারক।
প্রমাণকারক, উদাহরণদায়ক, যে সাক্ষিতার
প্রমাণপত্র, নিদর্শন পত্র; দৃষ্টান্তলিপি; লেখ্যাদি। [দায়ক।
প্রমাতা, (প্র-মা) জ্ঞাতা; প্রমাণদাতা, সাক্ষ্য-
প্রমাতামহ, মাতামহের পিতা।
প্রমাতামহী, (প্র-মাতামহ) প্রমাতামহপত্নী, মাতামহের মাতা।
প্রমাথন, প্রমথন; বল দ্বারা হরণ; বলাৎকার করণ, কাড়িয়া লওন।
প্রমাথী, পীড়নকর্ত্তা; মারণকর্ত্তা।
প্রমাদ, (প্র-মদ) অনবধানতা, ভ্রম।
প্রমাদবান্, প্রমাদযুক্ত, অনবধানী; ভ্রান্ত, অসমীক্ষ্যকারী।
প্রমাদাভিধান, (প্রমাদ-অভিধান) হেতুবাদ; অমনোযোগী বক্তৃতা।
প্রমাদিকা, দূষিতা কন্যা; দৌহিত্রী।

প্রমাদী, (প্র-মদ) প্রমাদবিশিষ্ট, অনবধানতাযুক্ত, অনবতর্ক, ভ্রান্ত স্বভাব।
প্রমাপণ, মারণ, হনন, বধ।
প্রমাপক, (প্র-মা) প্রমাণ কারক, জ্ঞাতা।
প্রমিত, (প্র-মা) জ্ঞাত, বিদিত; প্রমাণসিদ্ধ
প্রমিতি, (প্র-মা) প্রমা, যথার্থজ্ঞান, সত্যবোধ, যথার্থ বোধ।
প্রমীঢ়, নিবিড়, ঘন; মূত্রিত, প্রস্রাবিত।
প্রমীত, (প্র-মী) মৃত, নিধন প্রাপ্ত; যজ্ঞার্থ হত পশু।
প্রমীলা, তন্দ্রী, তন্দ্রা, ঝিমানা। [পুন্নাগ বৃক্ষ
প্রমুখ, প্রধান, শ্রেষ্ঠ; প্রথম, মান্য; সমূহ;
প্রমুখাৎ, (প্রমুখ) মুখ দ্বারা, বাক্যকরণক, কথায়। [ন্দিত।
প্রমুৎ, প্রমুদিত, হৃষ্ট, আহ্লাদিত, আন-
প্রমুদিত, (প্র-মুদ) হৃষ্ট, আহ্লাদিত, আনন্দিত। [প্রমাণসাধ্য; পরিমাণবিশিষ্ট।
প্রমেয়, (প্র-মা) উপপাদ্য; প্রতিপাদনীয়;
প্রমেয়তা, (প্রমেয়) প্রমেয়ত্ব, প্রামাণ্য, প্রমাণোপযুক্ত। [মূত্র দোষ; বহুমূত্রতা।
প্রমেহ, (প্র-মিহ) রোগবিশেষ, মেহরোগ,
প্রমোচন, (প্র-মুচ) মোক্ষণ; ত্যাগ; উত্তরণ, তারণ। [কারক; প্রকৃষ্ট মোচন সাধন।
প্রমোচনী, (প্র-মুচ) গবাক্ষ, গোডুম্বা, ছোট
প্রমোদ, (প্র-মুদ) হর্ষ, আহ্লাদ, উল্লাস।
প্রমোদিত, (প্র-মুদ) প্রমোদযুক্ত, আহ্লাদিত, হর্ষিত; কুবের।
প্রমোদিনী, (প্র-মুদ) প্রকৃষ্ট হর্ষ যুক্তা, আনন্দ দায়িনী, বৃক্ষবিশেষ, জিঙ্গিনী বৃক্ষ
প্রমোদী, (প্র-মুদ) আনন্দকারী, হর্ষ বিশিষ্ট, উল্লাসিত, আহ্লাদিত।
প্রম্লোচা, অপ্সরা বিশেষ।
প্রযত, (প্র-যম) পবিত্র, পূত; শুদ্ধ।
যৎ) প্রকৃষ্টযত্ন; অধ্যবসায়; চেষ্টা, উদ্যম।
প্রযত্নবান, প্রকৃষ্টযত্নবিশিষ্ট, প্রকৃতযত্নকারী, চেষ্টান্বিত। [নিতী; সতর্ক।
প্রযত্নী, (প্রযত্ন) যত্নকারী; পরিশ্রমী, মেহ-
প্রযস্ত, সুসংস্কৃত; ব্যঞ্জন বিশেষ।
প্রয়াগ, (প্র-যজ) তীর্থ বিশেষ; এলাহাবাদ, যজ্ঞ; ইন্দ্র; অশ্ব।
প্রয়াগভব, ইন্দ্র, শক্র, দেবরাজ।
প্রয়াণ, (প্র-যা) গমন, প্রস্থান, নির্যাণ;
প্রয়াত, (প্র-যা) গত, প্রস্থিত।

প্রয়াস, (প্র-যস) প্রযত্ন, শ্রম, ক্লেশ, আয়াস, চেষ্টা।
প্রয়াসী, যত্নবান; শ্রমান্বিত, সচেষ্ট।
প্রযুক্ত, (প্র-যুজ) প্রেরিত, নিয়োজিত, নিমিত্ত, হেতু, কারণ।
প্রযুক্তি, (প্র-যুজ) প্রয়োগ; হেতু, নিমিত্ত।
প্রযুজ্য, (প্র-যুজ) প্রয়োগ করিবার যোগ্য, প্রবর্ত্তনীয়। [শেষ, দশলক্ষসংখ্যা।
প্রযুত, (প্র-যু) নিযুক্ত, অনবরত, সংখ্যাবি-
প্রযোক্তব্য, (প্র-যুজ) প্রয়োগ করিবারযোগ্য, প্রযুজ্য, প্রবর্ত্তনীয়।
প্রযোক্তা, (প্র-যুজ) প্রয়োগকর্ত্তা; প্রবৃত্তিজনক, প্রবর্ত্তক। [র্শন; উদাহরণ।
প্রয়োগ, (প্র-যুজ) অনুষ্ঠান; ব্যবহার, নিদ-
প্রয়োগী, প্রয়োগযুক্ত; প্রবর্ত্তক; প্রয়োগকর্ত্তা; নিয়োজক।
প্রয়োজক, (প্র-যুজ) প্রয়োগকর্ত্তা, নিয়োগকারী, নিযোজক, প্রবর্ত্তক, প্রেরক।
প্রয়োজন, (প্র-যুজ) কার্য্য; হেতু; উদ্দেশ, অভিপ্রায়। [আবশ্যক।
প্রয়োজনার্হ, (প্রয়োজন-অর্হ) কার্য্যোপযুক্ত, প্রয়োজনীয়, আবশ্যক; উপযুক্ত।
প্রয়োজ্য, (প্র-যুজ) যাহা প্রয়োগ করিতে পারা যায়; ভৃত্য, প্রেষ্য।
প্ররূঢ়, জটিল, বদ্ধমূল; জাত; প্রবৃদ্ধ।
প্ররোহ, অঙ্কুর, বীজোদ্ভেদ। [ভিত।
প্রলপিত, কথিত, উক্ত; মিথ্যাকল্পে উক্ত-
প্রলম্ব, দৈত্যবিশেষ; লতাঙ্কুর; শাখা, হারবিশেষ।
প্রলম্বঘ্ন, বলরাম, বলদেব।
প্রলম্বভিৎ, বলরাম, বলদেব।
প্রলম্বাণ্ড, দীর্ঘ অণ্ডকোষ বিশিষ্ট; মুরণ্ড।
প্রলম্বিত, প্রকর্ষে লম্বিত; দোলান
প্রলয়, (প্র-লী) কল্পান্ত, লয়, সংক্ষয়, বিলয়; প্রকাণ্ড। [শক; মহাদেব।
প্রলয়কর্ত্তা, (প্রলয়-কর্ত্তৃ) লয়কারক, বিনা-
প্রলাপ, (প্র-লপ) অনর্থক বাক্য, উন্মত্তাদিবৎ অসঙ্গতার্থ কথা। [ক্ষিপ্ত।
প্রলাপদর্শী, অনর্থকবাদী; উন্মত্ত, বাতুল,
প্রলাপী, (প্র-লপ) অনর্থক বাক্যকারী, অপ্রয়োজনে উক্তিকারী।
প্রলীনতা, (প্র-লী) প্রলয়, চেষ্টানাশ; ক্ষয়।
প্রলেপ, (প্র-লিপ) প্রকৃষ্টলেপন; ম্রক্ষণ, মাখান।

প্রলেপন, ম্রক্ষণ, লেপন, মাখান।
প্রলোভ, (প্র-লুভ) স্পৃহা, লালসা, বাঞ্ছা।
প্রশংসন, (প্র-শন্‌স) সুখ্যাতি কথন, গুণ-কীর্ত্তন। [প্রতিষ্ঠাযোগ্য।
প্রশংসনীয়, শ্লাঘ্য, অতিশ্রেষ্ঠ, সুখ্যাতিভাজন,
প্রশংসা, (প্রশন্‌স) শ্লাঘা, প্রতিষ্ঠা; বর্ণনা; গুণকথন, স্তোত্র, স্তুতি।
প্রশংসিত, প্রশস্ত, প্রতিষ্ঠিত, শ্লাঘ্য, স্তুত।
প্রশংসী, শ্লাঘাবিশিষ্ট, প্রশংসাযুক্ত; গুণ-অনুবাদী; স্তাবক।
প্রশম, শমতা, উপশম; বিরাম।
প্রশমন, শমতা, প্রশান্তি; নিবৃত্তি, নিবারণ।
প্রশস্ত, (প্র-শন্স) প্রশংসনীয়, অতিশ্রেষ্ঠ, অত্যুত্তম; বিস্তৃত, পরিসর বিশিষ্ট।
প্রশান্ত, (প্রশম) প্রকৃষ্টরূপে শমগুণবিশিষ্ট; অতি ধীর।
প্রশাম, (প্রশম) শান্ত, ধীর, নিরুদ্বিগ্ন।
প্রশাস্তা, ঋত্বিক; মিত্র; শাসনকর্তা।
প্রশুদ্ধ, (প্র-শুধ) পবিত্র; নির্মল, প্রশস্ত।
প্রশ্ন, (প্রচ্ছ) জিজ্ঞাসা, পৃচ্ছা, অন্বেষণ।
প্রশ্নদূতী, প্রহেলিকা; হেঁয়ালি।
প্রশ্নী, কুঞ্চিকা, পালা, বারিপোত।
প্রশ্রয়, (প্র-শ্রি) স্পর্দ্ধা, আশ্রয়; প্রণয়; স্নেহ। [স্নেহ, আদর।
প্রশ্রয়ান্বিত, (প্রশ্রয়-অন্বিত) প্রণয়ী, স্নেহযুক্ত।
প্রশ্রিত, (প্র-শ্রি) বিনীত; নম্র, শিষ্ট।
প্রশ্লথ, শিথিল; অশক্ত, অতিশয় অলস-গা; ঢিলা। [নিঃশ্বাস ত্যাগ, রেচন।
প্রশ্বাস, (প্র-শ্বস) দীর্ঘনিশ্বাস, নাসারন্ধ্র-
প্রষ্টা, (প্রচ্ছ) প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক।
প্রষ্ঠ, (প্র-স্থা) অগ্রগামী; শ্রেষ্ঠ, প্রধান।
প্রষ্ঠ্য, অগ্রগামী; প্রধান, শ্রেষ্ঠ।
প্রষ্ঠী, (প্র-স্থা) শ্রেষ্ঠভার্য্যা, অগ্রগামীর পত্নী।
প্রষ্ঠোহী, বালগর্ব্ভিণী, প্রথমগর্ভবতী।
প্রসক্ত, (প্র-সন্‌জ) প্রসঙ্গবিশিষ্ট; অতিশয় অনুরক্ত; যুক্ত।
প্রসক্তি, (প্র-সন্‌জ) প্রসঙ্গ, প্রণয়; অনু-রাগ; আপত্তি; সম্ভাবনা।
প্রসঙ্গ, (প্রসন্‌জ) সঙ্গতিবিশেষ; প্রসক্তি; প্রস্তাব; মৈথুন; সম্বন্ধ; উদ্দেশ; উপলক্ষ।
প্রসঙ্গসঙ্গতি, প্রসঙ্গাধীন, প্রসঙ্গতঃ।
প্রসত্তি, (প্র-সদ) প্রসন্নতা, নির্ম্মলতা।
প্রসত্বরী, প্রতিপত্তি; খ্যাতি।
প্রসত্মা, ধর্ম্ম; প্রজাপতি।

প্রসন্ন, (প্র-সদ) সন্তুষ্ট; দয়ান্বিত; নির্ম্মল, স্বচ্ছ, প্রফুল্ল।
প্রসন্নচিত্ত, সন্তুষ্টচিত্ত; দয়ালু, অনুগ্রাহক।
প্রসন্নতা, সন্তোষ, প্রসাদ, প্রফুল্লতা; নি-র্ম্মলতা, স্বচ্ছতা।
প্রসন্না, প্রসাদ বিশিষ্টা; সুরা, মদ্য বিশেষ।
প্রসন্নীকরণ, (প্রসন্ন-কৃ) প্রসন্নকরণ, প্রসন্ন করণ, সন্তুষ্টচিত্ত; দয়ালু।
প্রসন্নেরা, মদিরা, সুরা, মদ্য।
প্রসব, (প্র-সূ) গর্ব্ভমোচন, প্রসূতি, জ-ন্মদান, জন্মান; ফল, কুসুম।
প্রসবক, বৃক্ষবিশেষ, পিয়ালবৃক্ষ।
প্রসবগৃহ, সূতিকাগৃহ, গর্ব্ভমোচনশালা, প্রসবাগার, আঁতুড় ঘর।
প্রসবন, (প্রসূ) উৎপাদন, জন্মান।
প্রসবধৰ্ম্মী, বৃক্ষ, বোঁটা।
প্রসবস্থলী, মাতা, জননী; সূতিকাগার।
প্রসবাগার, (প্রসব-আগার) সূতিকাগার, আঁতুড় ঘর।
প্রসবিতা, পিতা, জনক, উৎপাদক।
প্রসবিত্রী, জন্মদাত্রী, জননী, মাতা; উৎ-পাদিকা। [বিপরীত।
প্রসব্য, (প্র-স্য) প্রতিকূল; প্রতিপক্ষ;
প্রসভ, বলাৎকার; অকস্মাৎ, হঠাৎ।
প্রসর, (প্র-সৃ) প্রকৃষ্টরূপে সঞ্চার; বিস্তার; প্রণয়; বেগ; সমূহ; যুদ্ধ।
প্রসরণ, (প্র-সৃ) সৈন্যাদির চতুর্দ্দিকে ব্যা-পন; তৃণকাষ্ঠাদি নিমিত্ত সেনাদের ইত-স্তত গমন।
প্রসর্পণ, গমন, প্রসরণ। [রী পক্ষী।
প্রসহ, (প্র-সহ) বলাৎকার দ্বারা ভক্ষণকা-
প্রসহন, (প্র-সহ) হিংস্রপশু; সহ্য করণ।
প্রসহা, দৃঢ়তা, ব্যাকুল। [পূর্ব্বক।
প্রসহ্য, (প্র-সহ) হঠাৎ; অকস্মাৎ; বল
প্রসহ্যচৌর, হঠাৎ চৌর্যকারী, ডাকাইত, লুঠেরা। [স্মাৎ চৌর্য্যকারী ডাকাইত।
প্রসহ্যাপহারী, (প্রসহ্য-অপহারিন) অক-
প্রসাতিকা, সূক্ষ্মধান্য, সরু ধান।
প্রসাদ, (প্র-সদ) প্রসন্নতা; অনুগ্রহ, নৈ-র্ম্মল্য; কাব্যের গুণবিশেষ; দেবনিবেদি-ত দ্রব্য; গুরুর ভুক্তাবশেষ।
প্রসাদন, (প্র-সদ) প্রসন্নতাকরণ, সেবন।
প্রসাদনা, (প্রসাদন) সেবা, পরিচর্য্যা, শু-শ্রূষা, উপাসনা।

প্রসাদভোগী, বৃত্তিভোগী ; অনুগ্রহভাগী ; দেবাদির নিবেদিত দ্রব্যাকাঙ্ক্ষী। [করা।
প্রসাদিত, (প্র-সদ) অনুগৃহীত ; নিবেদন
প্রসাদী, (প্রসাদিন) অনুগ্রাহক, প্রসন্নতা-যুক্ত, কৃপাবিশিষ্ট; নিবেদিত দ্রব্য।
প্রসাধন, (প্র-সাধ) বেশ ; কঙ্কতিকা, কাঁকই, চিরুণী ; প্রকৃষ্টরূপে নিষ্পত্তি, নিষ্পাদন।
প্রসাধনী, কঙ্কতিকা, চিরুণী। [রিণী।
প্রসাধিকা, (প্রসাধ) ধান্যবিশেষ ; বেশকা-
প্রসাধিত, (প্রসাধ) অলঙ্কৃত, ভূষিত, প্রকৃষ্টরূপে নিষ্পন্ন ; সম্পন্ন।
প্রসার, (প্র-সৃ) প্রকরণ ; বিস্তার, ওসার।
প্রসারণ, (প্র-সৃ) বিস্তারকরণ, বিছাওন।
প্রসারণী, লতাবিশেষ, গন্ধ ভাদালিয়া।
প্রসারিণী, লজ্জালুলতা, গন্ধভাদালিয়ালতা।
প্রসারিত, (প্র-সৃ) বিস্তারিত, বিস্তৃত।
প্রসারী, প্রসরণশীল ; বিস্তারযুক্ত।
প্রসিত, পূয ; আসক্ত, অনুরক্ত।
প্রসিতি, বন্ধনসাধন রজ্জু, নিগড়াদি।
প্রসিদ্ধ (প্র-সিধ) খ্যাত ; নামলব্ধ, প্রকটিত
প্রসিদ্ধি, (প্র-সিধ) খ্যাতি, প্রচার ; প্রচলন।
প্রসূ (প্র-সূ) মাতা ; ঘোটকী ; কদলী ; লতা।
প্রসূকা, বাজিনী, ঘোটকী, ধুর্ঝা।
প্রসূত, (প্র-সূ) প্রসবকরা, সংজাত, উৎপন্ন
প্রসূতা, জাতসন্তানা, জাতাপত্যা, প্রজাতা
প্রসূতি, (প্র-সূ) প্রসব, উদ্ভব ; প্রসবকারিণী ; তনয় ; দুহিতা।
প্রসূতিজ, দুঃখ, ক্লেশ, যাতনা।
প্রসূন (প্র-সূ) কুসুম পুষ্প, ফল। [মদন।
প্রসূনেষু, (প্রসূন-ইষু) কামদেব, কন্দর্প,
প্রসৃত, (প্র-সৃ) দুই পল ; আকুঞ্চিত হস্ত, অর্দ্ধাঞ্জলি ; প্রসারিত ; বিনীত ; বেগিত।
প্রসৃতা, জঙ্ঘা, জানু
প্রসৃতি, (প্র-সৃ) আকুঞ্চিত করতল, অর্দ্ধাঞ্জলি, এক কোষ ; এক গণ্ডূষ।
প্রসেক, (প্র-সিচ) সেচন ; চ্যুতি, ক্ষরণ ;
প্রসেদিক, ক্ষুদ্র আরাম, ক্ষুদ্র উপবন।
প্রসেদিবান, প্রসন্ন, অনুগ্রহান্বিত।
প্রসেবক, বীণার প্রান্তস্থ বক্রকাষ্ঠ ; বীণাস্থিত শুষ্ক বৃহৎ অলাবু।
প্রস্কন্দন, বিরেক, রেচন, উদরভঙ্গ ; অলস
প্রস্কন্ন, ঋষিবিশেষ, স্খলিত, পতিত।
প্রস্তক্রমরঞ্জিত, রাগিণীবিশেষ।
প্রস্তপরসাদ, (পর-প্রসাদ) রাগিণীবিশেষ।
প্রস্তপ্রস্তার, রাগিণীবিশেষ
প্রস্তমধ্য, রাগিণীবিশেষ।
প্রস্তর, (প্র-স্তৃ) পাষাণ, পাথর, উপল, অশ্ম, শিলা। [বৃত্তান্ত ; কার্য্যানুষ্ঠান।
প্রস্তাব, (প্রস্তু) অবসর ; প্রসঙ্গ ; প্রকরণ,
প্রস্তাবনা, (প্র-স্তু) আরম্ভ ; নাট্যানুষ্ঠান।
প্রস্তাবিত, (প্রস্তু) কথিত, উল্লিখিত, কৃতপ্রসঙ্গ। [দি বিরচিত শয্যা।
প্রস্তার, (প্র-স্তৃ) তৃণবন, তৃণাটবী ; পল্লবা-
প্রস্তারযক্ষ্ম, নেত্ররোগ বিশেষ।
প্রস্তির, (প্র-স্তৃ) পল্লবাদি রচিত শয্যা।
প্রস্তীত, সংহত ; ধ্বনিত, শব্দিত।
প্রস্তুত, (প্র-স্তু) প্রকরণ প্রাপ্ত, প্রাকরণিক, প্রাসঙ্গিক ; নিষ্পন্ন ; উপস্থিত, প্রতিপন্ন ; উদ্যুক্ত ; উদ্যত।
প্রস্থ, (প্র-স্থা) পরিমাণ বিশেষ, আঢ়কচতুর্থাংশ, দ্বিশরাব পরিমাণ ; পর্ব্বতের এক দেশ ; পার্ব্বতীয় ভূমি, বিস্তার, চৌড়া, পরিসর। [নেবু।
প্রস্থপুষ্প, স্বল্প পত্র তুলসী ; জম্বীর বিশেষ,
প্রস্থান, (প্র-স্থা) অভিনির্যাণ, প্রয়াণ, গমন
প্রস্থানবিঘ্ন, গমনে ব্যাঘাত, গমনের প্রতিবন্ধক।
প্রস্থাপন, (প্র-স্থা) প্রেরণ, প্রেষণ, পাঠান।
প্রস্থাপিত, (প্র-স্থা) প্রেষিত, প্রেরিত ; প্রকৃষ্টরূপে স্থাপিত। [যুক্ত।
প্রস্থাপ্য, (প্র-স্থা) প্রেরণযোগ্য, গমনোপ-
প্রস্থিত, (প্র-স্থা) প্রযাত, গত, চলিত।
প্রস্ফুট ব্যক্ত, প্রকাশ প্রফুল্ল।
প্রস্ফুটিত, প্রস্ফুরিত, প্রকাশিত, বিকশিত
প্রস্ফোটন, সূর্প, কুলা ; ব্যক্ত হওন ; বিকশন, পচন। [পর্ব্বতের নির্ঝর, ঝর্ণা।
প্রস্রবণ (প্র-স্রু) প্রকৃষ্টরূপে ক্ষরণ ; চুয়ান,
প্রস্রাব, (প্রস্রু) মূত্র, মুত।
প্রস্বান, উচ্চৈঃশব্দ, মহাধ্বনি।
প্রস্বেদ, অতিশয় ঘর্ম, অতিশয় ঘাম। [নষ্ট
প্রহত (প্র-হন) প্রকৃষ্টরূপে হিংসিত ; বি-
প্রহনন, (প্র-হন) মারণ, হিংসন, ঘাতন।
প্রহনেমি, চন্দ্র, বিধু, শশী। [ভাগ, যাম।
প্রহর, (প্র-হৃ) দিবসের অষ্ট ভাগের এক-
প্রহরণ, (প্র-হৃ) অস্ত্র ; যুদ্ধ ; প্রহার।
প্রহরী, (প্রহর) যামিক, কোটাল, চৌকীদার
প্রহর্ত্তা, (প্র-হৃ) প্রহারকারী, আঘাতকর্ত্তা ; ঘাতক, হিংসক।

প্রাগ্‌ন্যায়, (প্রাক্‌-ন্যায়) চতুর্ব্বিধ উত্তরান্তর্গত উত্তর বিশেষ ; পূর্ব্ববৎ, পূর্ব্বের ন্যায়।
প্রাঙ্‌মুখ, (প্রাক্‌-মুখ) পূর্ব্বমুখ ; পূর্ব্বাস্য।
প্রাচিকা, বনমক্ষিকা, ডাঁশ, দংশকীট।
প্রাচী, (প্র-অঞ্চ) পূর্ব্বদিক, সূর্য্যোদয় দিক।
প্রাচীন, (প্র-অঞ্চ) পূর্ব্বদিকে বা পূর্ব্বদেশে বা পূর্ব্বকালে জাত ; প্রাচীর, আবেষ্টক ; পুরাতন, পূর্ব্বকালীন, বৃদ্ধ।
প্রাচীনগাথা, ঐতিহ্য, পুরাতন কথা।
প্রাচীনতা, (প্রাচীন) প্রাচীনত্ব, পূর্ব্বকালীনত্ব, বৃদ্ধাবস্থা।
প্রাচীনপনস বিল্ব, বেল, শ্রীফল।
প্রাচীনবর্হি, ইন্দ্র, রাজাবিশেষ।
প্রাচীনা, (প্র-অঞ্চ) মনতিক্তিকা লতা, আকনাদি ; প্রাগ্‌জাতা ; বৃদ্ধা, স্থবিরা ; পূর্ব্বকালীনা, পুরাতনী।
প্রাচীনাবীত, বামস্কন্ধ বহিস্কৃত করিয়া দক্ষিণ স্কন্ধার্পিত যজ্ঞসূত্র।
প্রাচীনামলক, পানীয়ামলক পানী আমলা।
প্রাচীপতি, ইন্দ্র, শক্র, সুরপতি।
প্রাচীর, (প্র-অঞ্চ-ঈর) প্রান্তভোবৃতি, পাঁচীল, ভিত্তি, দেওয়াল।
প্রাচুর্য্য, (প্রচুর) বাহুল্য, প্রচুরতা, বহুত্ব।
প্রাচ্য, (প্র-অঞ্চ) শরাবতী নদীর পূর্ব্ব দক্ষিণ দেশ, পূর্ব্বদেশীয়।
প্রাজক, সারথি, রথচালক।
প্রাজন, (প্র-অজ) পাঁচনী বাড়ী, চাবুক ; অশ্বাদির তাড়ন দণ্ড।
প্রাজাপত্য, (প্রজাপতি) দ্বাদশাহ সাধ্যব্রত বিশেষ ; রোহিণীনক্ষত্র, প্রয়াগ ; কায় নামক তীর্থ বিশেষ, যাগ বিশেষ।
প্রাজাপত্যেষ্টি, প্রব্রজ্যা আশ্রমে প্রবেশার্থ সর্ব্বস্ব দক্ষিণা দিয়া যজ্ঞকরণ।
প্রাজিতা, সারথি, প্রকৃষ্ট গন্তা।
প্রাজ্ঞ, (প্রজ্ঞা-অণ) পণ্ডিত ; দক্ষ, নিপুণ ; বুদ্ধিমান। [গুণ।
প্রাজ্ঞতা, (প্রাজ্ঞ) দক্ষতা ; জ্ঞান, বিদ্যা।
প্রাজ্ঞত্ব, [illegible] দক্ষতা, নিপুনতা।
প্রাজ্ঞমানী, পাণ্ডিত্যাভিমানী পণ্ডিতম্মন্য।
প্রাজ্ঞা, (প্রাজ্ঞ) বুদ্ধিমতী, ধীমতী ; বিদুষী, পণ্ডিতা ; নিপুণা।
প্রাজ্ঞী, (প্রাজ্ঞ) সূর্য্যপত্নী, পণ্ডিত পত্নী।
প্রাজ্য, প্রচুর, যথেষ্ট, বহু, অধিক।
প্রাঞ্জল, সরল, ঋজু, সোজা।

প্রাঞ্জলি, (প্র-অঞ্জলি) সংযুক্ত করদ্বয়, অঞ্জলিপুট। [জ্ঞাসক।
প্রাট্‌, (প্রচ্ছ) পৃচ্ছাকারক, প্রশ্নকর্ত্তা, জি-
প্রাড্‌বিবাক, (প্রাট-বিবাক) ব্যবহার দ্রষ্টা, জজ ; অক্ষদর্শক, বিচারক।
প্রাণ, (প্র-অন) হৃদিস্থ বায়ু, জীব ; অনিল ; নিশ্বাস ; বল।
প্রাণক, সত্বজাতীয় ; প্রাণিমাত্র।
প্রাণগ্রহ, প্রাণনাশন, প্রাণহরণ।
প্রাণগ্রহণ, প্রাণহরণ, অসুবিনাশন।
প্রাণঘাতক, প্রাণনাশক, প্রাণহারী, প্রাণহন্তা।
প্রাণঘাতী, (প্রাণ-ঘাতিন) প্রাণহন্তা অসু বিনাশক। [মৃত্যু, মরণ।
প্রাণত্যাগ, জীবন বিসর্জ্জন, জীবনত্যাগ,
প্রাণতুল্য, প্রাণসদৃশ, জীবনতুল্য।
প্রাণদ, বায়ু, বলবান ; প্রজাপতি ; তীর্থ
প্রাণদ, (প্রাণ-দা) জল ; রক্ত ; জীবক বৃক্ষ ; প্রাণদাতা জীবনদাতা।
প্রাণদণ্ড, বধদণ্ড, প্রাণ নাশক দণ্ড।
প্রাণদা, ঋদ্ধিবৃক্ষ, হরীতকী ; প্রাণদাত্রী।
প্রাণদাতা, (প্রাণ-দাতৃ) জীবনদাতা, প্রাণদ।
প্রাণন, (প্রাণ) জীবন, প্রাণ ; গলদেশ, গলা
প্রাণনাথ, পতি, স্বামী, প্রভু।
প্রাণন্ত, বায়ু, অনিল ; রসাঞ্জন।
প্রাণন্তী, ক্ষুধা ; ক্ষুত, হাঁচী ; হিক্কা।
প্রাণপণ, প্রাণউৎসর্গ, প্রাণান্ত প্রাণত্যাগ পর্য্যন্ত প্রতিজ্ঞা। [তম।
প্রাণপ্রতিম, (প্রাণ-প্রতিমা) প্রাণতুল্য প্রিয়-
প্রাণপ্রতিষ্ঠা, প্রতিমাদিতে দেবত্বকরণ ; জীবসংস্থান। [প্রাণদায়িনী।
প্রাণপ্রদা, ঋদ্ধি নামক ঔষধি, জীবদাত্রী,
প্রাণপ্রিয়, প্রিয়তম, প্রাণতুল্য প্রিয়তর
প্রাণবন্ত, সজীব, জীবিত, জীয়ন্ত।
প্রাণবিয়োগ, মৃত্যু, মরণ, দেহত্যাগ।
প্রাণব্যাপাদক, প্রাণধ্বংসী, প্রাণহন্তা, অসু বিনাশক।
প্রাণভাস্বান, সমুদ্র, সাগর জলধি। [পঞ্চক
প্রাণময়কোষ, কর্ম্মেন্দ্রিয় সহিত প্রাণাদি
প্রাণসংযম, প্রাণায়াম, ন্যাস।
প্রাণসথ, শরীর, দেহ, তনু।
প্রাণসম, প্রাণতুল্য, প্রাণসদৃশ।
প্রাণসমা, (প্রাণ-সম) জায়া, পত্নী, দারা।
প্রাণহন্তা, (প্রাণ-হন্তৃ) প্রাণনাশক, জীবন

ফেনল, ফেনাবান্, ফেনিল, ফেণাযুক্ত।

ফেনাগ্র, বুদ্বুদ, জলবিম্ব।

ফেনাশনি, ইন্দ্র, শক্র, দেবরাজ।

ফেনিকা, (ফেণিত) পক্কান্নবিশেষ, খাজা।

ফেনিল, বদরীফল, কুল; সফেন, ফেনাযুক্ত বৃক্ষ বিশেষ।

ফের, (ফির) শৃগাল, পুনশ্চ; পরিবর্ত্ত।

ফেরণ, (ফির) ঘূর্ণন, আবর্ত্তন, পুনরাগমন।

ফেরণ্ড, শৃগাল, শিবা, শিয়াল।

ফেরত, (ফির) প্রতিদত্ত; পুনর্ব্বার দেওয়া।

ফেরতা, পুনরাগমন, প্রত্যাবর্ত্তন।

ফেরৎ, (ফির) প্রতিদত্ত, পুনর্ব্বার দেওয়া।

ফেরফার, (ফির) বিপর্য্যয়, বাদানুবাদ, উলট্ টাপালটা।

ফেরব, (ফেরু) শৃগাল; রাক্ষস; ধূর্ত্ত, হিংস্র।

ফেরা, (ফির) ঘূর্ণন; পুনরাবৃত্তি; [illegible]; চুণ সুরকির পরিমাণ পাত্র [illegible]।

ফেরু, শৃগাল, জম্বুক, শিয়াল।

ফেরেব, (ফাং) ছলনা, চাতুরী, [illegible]।

ফেল, ভুক্তাবশিষ্ট, উচ্ছিষ্ট, এঁটে।

ফেলক, (ফেল) উচ্ছিষ্ট, এঁটে।

ফেলন, (ফেল) ক্ষেপণ, দূরীকরণ, [illegible]।

ফেলা, (ফেল) ভুক্তাবশেষ; উচ্ছিষ্ট; নিক্ষিপ্ত, ছাড়া, ত্যাগ করা।

ফেলি, উচ্ছিষ্ট, ভুক্তাবশেষ। [illegible]।

ফৈজৎ, (ফাং) অপমান, লজ্জা, [illegible], ক-

ফোঁটা, তিলক, টীকা।

ফোঁড়ন, (স্ফুট) বিদ্ধন, ছিদ্র করা।

ফোঁপন, মনস্তাপে ক্রন্দন, [illegible]।

ফোঁপরা, (ফোঁক) ফাঁপা, সচ্ছিদ্র।

ফোঁপল, (পুষ্প) নারিকেল মধ্যগত শস্য।

ফোঁস, সর্পগর্জ্জনের অব্যক্ত শব্দ বিশেষ, নিশ্বাস প্রশ্বাসের শব্দ।

ফোক, (স্ফুট) ভূম্যাদি উত্তোলনার্থ অস্ত্র বিশেষ; ছেদা।

ফোড়া, (স্ফোটক) বিস্ফোটক, ব্রণ বিশেষ।

ফোলন, (ফুল) স্ফীত হওন, বর্দ্ধন।

ফোলান, স্ফীতকরণ, বাড়ান, ফোপান।

ফোস্কা, (স্ফু) অগ্নিদাহজন্য ক্ষত, জলযুক্ত ব্রণ বিশেষ।

ফৌজ, (ফাং) সেনা, সৈন্য, ফোজ।

ফৌত, মৃত্যু, মরণ, নিধন।

ফৌজদারী (ফাং) [illegible]

ব, বকার, ব্যঞ্জনের ত্রয়োবিংশ অক্ষর, পবর্গের তৃতীয় বর্ণ, তুল্যার্থ; ব্যঞ্জনের ঊনত্রিংশ বর্ণ অন্তস্থ বর্ণের চতুর্থ বর্ণ; বরুণ।

বই, (বহ) পুস্তক; বিনা, ব্যতিরেক।

বইন, (ভগিনী) ভগ্নী, বহিন।

বউ, (বধূ) স্ত্রী; স্নুষা, পুত্রবধূ।

বউনি, (বহ) বহনের বেতন, বিক্রয় আরম্ভ

বউভাত, নববিবাহিতা কন্যার পাকস্পর্শ

বংশ, (বন) পুত্রপৌত্রাদি সন্তান; গোত্র, কুল, অন্বয়, অন্ববায়; বৃক্ষ বিশেষ, বাঁশ; পৃষ্ঠের অবয়ব বিশেষ, পিঠের দাঁড়া, বাদ্য ভাণ্ড বিশেষ, বাঁশী, ইক্ষু; শালবৃক্ষ।

বংশক, মৎস্যবিশেষ, বাঁশপাতা মাছ; ইক্ষুবিশেষ, অগুরু। কোশ বুড়ীর সুতা।

বংশকফ, আকাশে উড্ডীয়মান সূত্র, আ-

বংশকর (বংশ-কৃ) কুলরক্ষক, গোত্রস্থাপক

বংশকর্পূর, রোচনা, বংশরোচনা, বংশলোচন; বংশপর্ব্বস্থিত ওষধিবিশেষ।

বংশজ, (বংশ-জন) বেণুযব, বাঁশের চাউল, সদ্বংশজাত; সৎকুলে উৎপন্ন।

বংশজনক পূর্ব্বপুরুষ, আদিপুরুষ।

বংশজা, বংশরোচনা, বংশী, কুলীনা।

বংশতণ্ডুল, বেণুযব, বাঁশের চাউল।

বংশধর, (বংশ-ধৃ) কুলরক্ষক; সন্তান।

বংশধান্য, বেণুযব, বাঁশের চাউল।

বংশনালিকা, বেণু, বংশী, বাঁশী।

বংশনেত্র, ইক্ষুমূল, আউকের গোড়া।

বংশপত্র, নল; বংশদল, বাঁশের পাতা।

বংশপত্রক, হরিতাল, ক্ষুদ্রমৎস্য বিশেষ, বাঁশপাতা মাছ; নল; শ্বেতইক্ষু।

বংশপূরক, ইক্ষু মূল, আউকের গোড়া।

বংশরোচনা, বংশপর্ব্বস্থিত শ্বেতবর্ণ ওষধি বিশেষ, বংশলোচন। শ্বেতবর্ণ ওষধি বিশেষ

বংশলোচন, বংশরোচনা, বংশপর্ব্বস্থিত

বংশলোচনা, (বংশ-লোচন) বাঁশের পর্ব্বস্থিত শ্বেতবর্ণ ওষধি বিশেষ।

বংশশলাকা বীণার তুল; বংশনির্ম্মিত শলা, কঞ্চি, বাঁশের শলা।

বংশক্ষীরী, বংশরোচনা, বংশলোচন।

বংশানু... [illegible]

বজ্রবথ, ক্ষত্রিয় জাতি, দ্বিতীয় বর্ণ।
বজ্ররদ, বরাহ, শূকর ; বজ্র তুল্য দন্ত।
বজ্রশল্য, শল্লক নামা জন্তুবিশেষ।
বজ্রা, সুহীবৃক্ষ ; গুড়চীলতা ; দুর্গা।
বজ্রাঘাত, (বজ্র-আঘাত) কুলিশ পতন ; মহাবিপদ ; ভয়ানক শব্দ।
বজ্রাঙ্গ, (বজ্র-অঙ্গ) সর্প ; বজ্রতুল্য কঠিনঅঙ্গ
বজ্রাভ, (বজ্র-আভা) হীরকতুল্য। মণিযুক্ত।
বজ্রাশনি, (বজ্র-অশনি) বজ্র, বাজ, অশনি।
বজ্রী, দেবরাজ, ইন্দ্র, বজ্রধারী ; বুদ্ধ ; এক প্রকার সিজগাছ। [ঠকানিয়া।
বঞ্চক, (বন্চ) শৃগাল ; খল, ধূর্ত ; প্রতারক,
বঞ্চথু, ধূর্ত ; বঞ্চমান, কোকিল।
বঞ্চন, (বন্চ) প্রতারণ, ঠকান।
বঞ্চনা, (বন্চ) প্রতারণা, ঠকান, ছলনা।
বঞ্চনার্হ, (বঞ্চনা-অর্হ) প্রতারণাযোগ্য, ঠকাইবার উপযুক্ত। [প্রলব্ধ ; নিরাসিত।
বঞ্চিত, (বন্চ) বঞ্চনাপ্রাপ্ত, প্রতারিত, বি-
বঞ্চুক, প্রতারণশীল, প্রতারক, ধূর্ত।
বঞ্জুল, তিনিশ বৃক্ষ ; অশোকবৃক্ষ ; বেতস ; স্থলপদ্ম বৃক্ষ ; পক্ষিবিশেষ।
বঞ্জুলদ্রুম, অশোকবৃক্ষ।
বঞ্জুলপ্রিয়, বৃক্ষবিশেষ, দেবসবৃক্ষ।
বট, (বট) বৃক্ষবিশেষ, বটগাছ ; কপর্দ্দক, কড়ি ; গোল ; ভক্ষ্য ; দড়ি, বেটে।
বটক, পিষ্টক বিশেষ, বড়া ; অষ্ট মাষক পরিমাণ, আট মাষা।
বটবাসী, যক্ষ ; বটবৃক্ষে বাস কর্ত্তা।
বটর, (বট) কুক্কুট, কুঁকড়া ; বেষ্টন ; ধূর্ত, শঠ ; চোর ; চঞ্চল।
বটারক, রশ্মি, রজ্জু, দড়ী।
বটারকা, রজ্জু, বেটে দাড়ি।
বটরীক, চোরবিশেষ।
বটি, উপজিহ্বিকা, আলজীব।
বটিকা, (বট) বটী, বড়ী ; ক্ষুদ্র গুলি ; ব্যঞ্জনের উপযোগি দ্রব্যবিশেষ।
বটিয়া, (উৎ-অট) নৌকাবাহনার্থ ক্ষুদ্রদণ্ড, দাঁড়। [রশ্মি ; রজ্জু, রশি।
বটী, (বট) বটিকা, বড়ী ; বৃক্ষবিশেষ ;
বটু, (বট) ব্রাহ্মণকুমার, ব্রহ্মচারী।
বটুক, (বটু) বালক ; ভৈরববিশেষ।
বটুকরণ, (বটু-কৃ) উপনয়ন, যজ্ঞোপবীত দান সংস্কার।
বটে, (বাঢ়ং) স্বীকার বোধক শব্দ, হাঁ।

বট্‌কারা, (বট) বিদ্রূপ, পরিহাস, ঠাট্টা।
বট্টকেল্লা, (বট) পরিহাস, ব্যঙ্গ, বিদ্রূপ, ঠাট্টা।
বঠর, মূর্খ, অজ্ঞ ; অম্বষ্ঠ ; শঠ, মন্দ
বড়, (বড্) বৃহৎ ; শ্রেষ্ঠ, প্রধান।
বড়কস্মি, (বড়-কর্ম্ম) বৃক্ষবিশেষ।
বড়বা, (বল) ঘোটকী ; অশ্বিনীনক্ষত্র ; বাড়বাগ্নি ; দাসী। [গৃহদাসীর স্বামী।
বড়বাকৃত, পঞ্চদশ দাসান্তর্গত দাসবিশেষ,
বড়বাগ্নি, (বড়বা-অগ্নি) সমুদ্রস্থ অগ্নি, জলমধ্যস্থ অনল।
বড়বানল, (বড়বা-অনল) বাড়বাগ্নি, সাগর মধ্যস্থ অগ্নি। [দাসভাবাপন্ন।
বড়বাভৃত, (বড়বা-ভৃত) দাসীর ন্যায় হইয়া
বড়বামুখ, বাড়বাগ্নি, বাড়বানল।
বড়বাসুত, অশ্বিনীকুমার, দাসীপুত্র।
বড়বাহৃত, দাসবিশেষ, গৃহদাসীর স্বামী।
বড়ভী, গৃহচূড়া, ঘরের মুদনি।
বড় মা, অলক্ষ্মী, অপবাদ, বিপত্তি।
বড়শা, (বড়িশ) শস্ত্রবিশেষ, বড়শা, বা
বড়শী, (বড়িশ) বড়িশ, মৎস্যধারণার্থ কাঁটা।
বড়া, (বট) বটক ; পিষ্টক বিশেষ।
বড়াই, বড়) গৌরব, দম্ভ, গর্ব্ব, বৃন্দাবনস্থা-বৃদ্ধা গোপী বিশেষ।
বড়িয়া, (বট) শতরঞ্চ খেলার বড়ে।
বড়িশ (বাটন-শো) মৎস্য ধারণার্থ বক্র লৌহকন্টক, বড়শী।
বড়ী, (বটিকা) বটী, গুলি।
বড়ু, (বটু) পরিচারক ; সেবক ব্রাহ্মণ।
বড়্ডুলতন, বহুজল্পন, বহুভাষণ, বকন।
বড্ড, (বল) বৃহৎ, বড়, শ্রেষ্ঠ। [র্ম্মাতা।
বঢ়ই, (বর্দ্ধকি) সূত্রধার, ছুতার ; গৃহনি
বণ, শব্দ, ধ্বনি, নাদ। [রক, বৈশ্যজাতি।
বণিক, (পন) ক্রয়বিক্রয় কর্ত্তা, বাণিজ্যকা-
বণিগ্বন্ধু (বণিক-বন্ধু) নীলীবৃক্ষ, নীলগাছ।
বণিগ্বহ, (বণিক-বহ) উষ্ট্র, উট।
বণিগ্ভাব, বাণিজ্য, ব্যবসা। [জ্য ব্যবসায়ী
বণিজ, (পন) বণিক, ক্রয়বিক্রয়কারী ; বাণি-
বণিজ্যা, বাণিজ্য, বণিক বৃত্তি ; ব্যবসা।
বণিজ্যা, ব্যবসা, ক্রয়বিক্রয় ব্যবসায়।
বণ্ট, (বট) ভাগ, অংশ, হিস্যা, বাঁটা।
বণ্টক, (বট) ভাগকারী, অংশকারী।
বণ্টন, (বট বিভাগকরণ, অংশকরণ।
বণ্ঠ, অকৃতোদ্বাহ, অকৃতবিবাহ ; খর্ব্ব, খাট ; কোঁচ নামক অস্ত্রবিশেষ।

বণ্ঠর, (বঠ) কুক্কুরের লাঙ্গুল ; তালের পল্লব
বণ্ঠাল, খুর, খোন্তা ; নৌকা, খনিত্র, খন্তা।
বণ্ড, (বণ) অনাবৃতমেঢ্র, চুলচর্ম্মা, হস্তাদি-বর্জিত ; লাঙ্গুলহীন, বেঁড়ে।
বণ্ডা, পাংশুলা ; ধূলিযুক্ত ; লিঙ্গ, উপস্থ।
বত, (বন) খেদ ; অনুকম্পা ; সন্তোষ ; বিস্ময়, আমন্ত্রণ।
বতংস, কর্ণপুর, কর্ণভূষণ ; শিরোভূষণ।
বতু, দেবনদী ; সত্যবাক্য ; বত্ম, পথ ; চক্ষুরোগ, অক্ষিপীড়া।
বত্রিশ, (দ্বি-ত্রিশ) সংখ্যাবিশেষ, ৩২।
বত্রিশসিংহাসন, গ্রন্থবিশেষ, দ্বাত্রিংশৎ পুত্তলিকা যুক্ত সিংহাসন।
বৎ, (বন্ধ) আটাবৎ দ্রব্য ; সামা, যথা ; সাদৃশ্য
বৎস, (বৎস) পুত্র, গোশিশু, বাছুর, বৎসতর। [বৎস, স্ত্রী।
বৎসকামা, বৎসাভিলাষিণী গো, পুত্রাদি
বৎসতর, প্রাপ্তদমনকাল বাছুর, দোয়ানে বাছুর। [বৎস।
বৎসতরী ছোট নৈ বাছুর, স্তন স্ত্রী গো।
বৎসনাভ, (বৎস-নাভি) বিষবৃক্ষবিশেষ, স্থা বৎসবিষ বিশেষ। [সি, কৌশাম্বী দেশ।
বৎসপত্তন, ভারতবর্ষের উত্তরস্থ দেশবিশেষ
বৎসপাল, শ্রীকৃষ্ণ ; বলদেব।
বৎসর, (বদ) দ্বাদশ মাসাত্মক কাল, অয়নদ্বয়াত্মক কাল, সম্বৎসর, অব্দ, হায়ন, সমা।
বৎসল, স্নেহযুক্ত, স্নিগ্ধ ; বৃক্ষবিশেষ।
বৎসলতা, স্নেহ, প্রেম।
বৎসলা, বৎসকামা গো ; স্নেহান্বিতা স্ত্রী
বৎসাদন, বৃক, কুক্কুর পরিমাণ জন্তুবিশেষ,
বৎসাদনী, গুড়ূচীলতা, গুলঞ্চ।
বৎসাক্ষী, গোডুম্বা।
বদ, (বচ) বক্তা, কথক, বাগ্মী।
বদন, (বদ) মুখ, আস্য, আনন ; কথন।
বদনামৃত, (বদন-অমৃত) অধরমধু, মুখামৃত বদনাসব। [বদনামৃত।
বদনাসব, (বদন-আসব) অধরমধু, মুখামৃত
বদন্য, (বদ) বদান্য, বহুপ্রদ, দাতা, উদার।
বদর, (বদ) কোলিফল, কুল ; শেয়াকুল।
বদরি, (বদ) কোলিবৃক্ষ, কুলগাছ।
বদরিকাশ্রম, তীর্থবিশেষ ; ব্যাসদেবের তপস্যার স্থান, বদরী শৈল।
বদরী, (বদ) কোলিবৃক্ষ, কুলগাছ।
বদরীপত্র, নখী নামে গন্ধদ্রব্যবিশেষ।
বদরীফলা, নীলশেফালিকা, কালশিউলি।
বদরীশৈল, হিমালয় পর্ব্বতের একদেশ, বদরীবন, বদরিকাশ্রম।
বদল, (যাং) প্রতিদান, বিনিময়, পরিবর্ত্ত।
বদলান, (যাং) প্রতিদান করণ, বিনিময় করণ, পরিবর্ত্তন করণ।
বদান্য, (বদ) দাতা, দানশীল, মুক্তহস্ত।
বদাবদ, (বদ) বক্তা, কথক, বাগ্মী।
বদাম, ফলবিশেষ, বাদাম।
বদাল, মৎস্য বিশেষ, পাঠীন মৎস্য ; বোয়ালি মাছ। [ত, দৃঢ়, শক্ত।
বদ্ধ, (বন্ধ) বন্ধনযুক্ত, কীলিত, যন্ত্রিত, সংযবদ্ধকফ, গাঢ় শ্লেষ্মা যুক্ত।
বদ্ধগুদ, উদররোগবিশেষ।
বদ্ধপাণি, বদ্ধপাণি ; মুষ্টি, মুটা।
বদ্ধফল, করঞ্জ বৃক্ষ, করমচা গাছ।
বদ্ধমুষ্টি, দৃঢ়মুষ্টি ; কৃপণ।
বদ্ধমূল, দৃঢ়মূল, উৎপাটনের অযোগ্য মূল
বদ্ধশিখ, (বন্ধ-শিখা) বালক, শিশু ; শিখাবন্ধন বিশিষ্ট।
বদ্‌নাম, (যাং) কুনাম ; কুযশঃ, অখ্যাতি।
বধ, (বধ) প্রাণহত্যা, হনন, মারণ, হিংসা।
বধক, বধকর্ত্তা, হিংস্র ; ব্যাধি ; মৃত্যু।
বধকারক, হিংস্র, হন্তা, হননকর্ত্তা।
বধত্র, আয়ুধ, অস্ত্র, শস্ত্র।
বধদণ্ড, প্রাণদণ্ড, প্রাণনাশক শাস্তি।
বধনীয়, (বধ) বধ্য, হননীয়, বধ যোগ্য।
বধযোগ্য, হননীয়, বধ্য, বধনীয়।
বধস্থলী, প্রাণিবধ স্থান, মশান।
বধস্থান, প্রাণিবধস্থল, মশান।
বধাজক, কারাবেশ্ম, কারাগার।
বধার্হ, (বধ-অর্হ) অবধ্য, বধযোগ্য।
বধাবধি, (বধ) পরস্পর বধ করণ, হানাহানি মারামারি, কাটাকাটি।
বধার্হ, (বধ-অর্হ) বধ্য, হনন যোগ্য।
বধিক, (বধ) হন্তা, হিংসক, বধকারী।
বধির, (বন্ধ) শ্রবণেন্দ্রিয় হীন, শ্রুতি শক্তি রহিত, কালা, কল্প।
বধী, (বধিন) বধকর্তা, প্রাণিহিংসক, ঘাতক
বধু, (বন্ধ) নারী, স্ত্রী ; পুত্রবধূ, বৌ ; নব বিবাহিতা ভার্য্যা।
বধূজন, বউ, যোষিৎ।
বধূটিয়ন, গবাক্ষ, জানালা, বাতায়ন।
বধূটী, স্নুষা, পুত্রবধূ, ক্ষুদ্রবধূ।

বধোদ্যত, (বধ-উদ্যত) বধার্থ উদ্‌যুক্ত, আ-ততায়ী। [যোগ্য, প্রাণদণ্ডার্হ।
বধ্য, (বধ) বধার্হ, শীর্ষচ্ছেদ্য, বধ করিবার
বধ্যপাল, কারাগৃহ রক্ষক, কারাগারের রক্ষিতা, কারারক্ষক।
বধ্র, ধাতুবিশেষ, সীসক, সীসা।
বধ্র, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।
বন, (বন) বহুবৃক্ষযুক্ত স্থান, অটবী, অরণ্য, কানন; জল; নিবাস; প্রস্রবণ, পাহাড়ের ঝরনা।
বনকদলী, কাষ্ঠ কদলী, বনকলা।
বনকন্দ, বনশূরণ, বনো ওল।
বনকোলি, বনজাত বদরী, বন্য কুল।
বনগো, গবাকার পশুবিশেষ, গবয়।
বনগোচর, ব্যাধ, নিষাদ, বনেচর।
বনচন্দন, অগুরু, দেবদারু।
বনচন্দ্রিকা, মল্লিকা পুষ্প।
বনচম্পক, বনজাত চম্পক পুষ্পবৃক্ষ।
বনচর, অরণ্যবাসী; বনে ভ্রমণকর্ত্তা।
বনচাঁড়াল, বৃক্ষবিশেষ, যে বৃক্ষের নিকটে টুস্কি দিলে তাহার পত্র নড়িয়া থাকে।
বনছাগ, আরণ্য ছাগল, এড়ক; শূকর।
বনজ, (বন-জন) অরণ্যজাত, বন্য; মুস্তক; হস্তী, গণ্ডার, বন্যশূকর।
বনজীর, বনোদ্ভব জীরক, বনজীরা।
বনতিক্ত, হরীতকী।
বনদ, (বন-দা) মেঘ, বারিদ; বনদাতা।
বনদীপ, বনচম্পক, বনচাঁপা। [গবয়ী
বনধেনু, গবাকার স্ত্রীজাতীয় পশুবিশেষ,
বনপল্লব, শোভাঞ্জন বৃক্ষ; অরণ্যজাত পত্র
বনপাংশুল, ব্যাধ, বনেচর, নিষাদ। [পুল।
বনপিপ্পলী, অরণ্যজাত পিঁপুল, ছোটপিঁ-
বনপূরক, বন্য বীজ পূরক, বন্য ডালিম।
বনপ্রবেশ, অরণ্য গমন, বনপ্রস্থান।
বনপ্রিয়, পরভৃত, কোকিল; যে অরণ্যে থাকিতে ভালবাসে।
বনবহ্নি, দাবানল, বন্য অগ্নি।
বনবাসন, ক্ষুদ্র জন্তু বিশেষ, খটাস, খাটাস; বনে বাসকরণ। সজনামে ঔষধবিশেষ
বনবাসী, (বন-বাসিন) অরণ্যে বাসকর্ত্তা, খ-
বনবিড়াল, (বন-বিড়াল) বন্যমার্জ্জার, বনবিড়াল। [ডালিম।
বনবীজ, বন্য বীজ পূরক, অরণ্য জাত
বনব্রীহি, ধান্যবিশেষ, নীবার, উড়িধান্য
বনমল্লী, বনজাত মল্লিকা।
বনমক্ষিকা, দংশ, দাঁশ, ডাঁশ।
বনমানুষ, জন্তুবিশেষ, বানরবিশেষ
বনমালা, শ্রীকৃষ্ণের মালা।
বনমালিনী, শ্রীকৃষ্ণের পুরী, দ্বারকাপুরী।
বনমালী, বনমালাধারী, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
বনমুচ্, মেঘ, ঘন, জলধর, জলদ।
বনমোচা, কাষ্ঠকদলী, বনকলা।
বনর, বানর, কপি, মর্কট।
বনরাজ, (বন-রাজন) সিংহ; বনের রাজা।
বনরাজী, (বন-রাজিন) বনশ্রেণী; সুদীর্ঘ বন
বনলক্ষ্মী, কদলী, রম্ভা, কলা; বনের শোভা
বনশূকর, বন বরাহ, বুনো শূয়র।
বনশূকরী, আলকুষী; আরণ্য বরাহী।
বনশূরণ, বনজাত ওল, বুনো ওল।
বনশোভন, পদ্ম; বনের শোভাকর্ত্তা।
বনশ্বা, গন্ধমার্জ্জার, গন্ধগোকুলা; ব্যাঘ্র, বাঘ
বনসমূহ, অরণ্যসংহতি; বন্যা, জলরাশি।
বনস্থ, (বন-স্থা) হরিণ, মৃগ; বনবাসী, অরণ্যে বাসকারী। [মাত্র।
বনস্পতি, পুষ্পবিনা ফলযুক্ত বৃক্ষ, বৃক্ষ-
বনহরিদ্রা, অরণ্যজাত হরিদ্রা, বনহলুদ।
বনহাসক, (বন-হস) কাশতৃণ, কেশে।
বনাও, (বন) ঐকমত্য, মিল; একবাক্যতা
বনাখু, (বন-আখু) শশক, খরগোশ।
বনাত, (বাং) উর্ণানির্ম্মিত স্থূলবস্ত্র বিশেষ।
বনান (বনা) নির্ম্মাণ, গঠন, রচন।
বনায়, (অব-নী) আত্মীয়তা; প্রণয়, প্রীতি; বস্তি, মিলন।
বনায়, দেশবিশেষ।
বনায়ুজ, (বনা-জন) বনায়ুদেশজাত ঘোটক
বনারিষ্টা, বনহরিদ্রা, বন হলুদ।
বনার্চ্চক, (বন-অর্চ্চক) পুষ্পজীবী, মালাকার, মালী। [আদা।
বনার্দ্রক, (বন-আর্দ্রক) বনজাত আর্দ্রক, বন
বনাশ্রয়, (বন-আশ্রয়) দ্রোণকাক, দাঁড়কাক
বনাহি, শূকর, বরাহ।
বনি, (বহ্নি) অগ্নি, বহ্নি, হুতাশন, অনল।
বনিত, (বন) যাচিত, সেবিত।
বনিতা, (বন) অনুরাগা স্ত্রী; ভার্যা; স্ত্রীমাত্র। [বামজঙ্ঘাগ্রামী।
বনী, (বনিন) বন, অরণ্য, কানন; বনস্থ,
বনীক, যাচক, প্রার্থক, ভিক্ষুক।
বনীয়ক, যাচক, প্রার্থক, ভিক্ষুক

বহুই, (বাহিন) ভগিনীর স্বামী, ভগ্নীপতি।
বহুয়া, (বন) বন্য, অসভ্য, জঙ্গলা।
বনেচর, অরণ্যচারী, বনে ভ্রমণকারী।
বনেক্ষুদ্রা, করঞ্জ, করমচা।
বনৌকা, বানর, কপি, শাখামৃগ।
বন্টি (অব-নী) অনুরক্ততা, আত্মীয়তা; প্র-
 ণয়, প্রীতি, বনাব; বনাত।
বন্দ, (বদ) ভূমির খণ্ডবিশেষ। [স্তাবক।
বন্দক, (বদ) বন্দনাকর্ত্তা, সেবক, পূজক,
বন্দথ, (বদ) স্তোতা, স্তাবক, বন্দনাকারী।
বন্দন, (বদ) প্রণাম; ভক্তিপূর্ব্বক স্তবকরণ।
বন্দনমালা, বহির্দ্বারে রম্ভাস্তম্ভ চতুষ্টয় বে-
 ষ্টিত আম্রপত্র রচিত মালা।
বন্দনমালিকা, (বন্দন-মালা) বহির্দ্বারের উ-
 পরিভাগে শুভদা মালা। [লাচরণ।
বন্দনা, (বদ) স্তুতি, স্তবকরণ; প্রণাম; মঙ্গ-
বন্দনীয়, (বদ) স্তবনীয়, নমস্য, বৃক্ষবিশেষ
বন্দর (যাং) বাণিজ্যের আড্ডা, গঞ্জ, আড়ঙ্গ,
 হাট, বাজার।
বন্দা, বৃক্ষোপরি বৃক্ষ, বাঁদু, পরগাছা।
বন্দাক, বৃক্ষের উপরি বৃক্ষ, পরগাছা।
বন্দাকা, (বন্দাক) বৃক্ষোপরি বৃক্ষ, বাঁদু,
 পরগাছা, বন্দা।
বন্দারু, বন্দনশীল, অভিবাদক, প্রণামকর্ত্তা
বন্দি, স্তুতিপাঠক, মাগধ; কএদী, হনুমান।
বন্দিপাঠ, স্তুতিগ্রন্থ, স্তুতিপাঠকদিগের বাক্য
বন্দী, (বদ) স্তুতিকারক; স্তুতিপাঠক; কারা-
 বদ্ধ, কএদী। [চোর।
বন্দীকার, (বন্দী-কৃ) সিঁদেল চোর; হঠা
বন্দীঘর, বন্দীশালা, কারাগার, কএদ খানা
বন্দীয়ান, (বন্দী) বন্দী; কারাবদ্ধ, কএদী।
বন্দীশালা, কারাগার, কএদখানা।
বন্দ্য, (বদ্) বন্দনীয়, পূজ্য, নমস্য।
বন্দ্র, কল্যাণ, মঙ্গল; পূজক, সেবক।
বন্ধ, (বন্ধ) বন্ধন; শরীর; গৃহাদিবেষ্টন;
 রোধ; বন্ধক, আধি, বাঁধা। [আধি।
বন্ধক, (বন্ধ) ঋণগ্রহণার্থ স্থাপিত বস্তু, বাঁধা
বন্ধকী, পুংশ্চলী, পরপুরুষ গামিনী, কুলটা
বন্ধন, (বন্ধ) বদ্ধকরণ বাঁধন, সংযমন; অ-
 বরোধ, আটক, রজ্জু, দড়ী।
বন্ধনখোলা, কারালয়, কএদখানা।
বন্ধনবেশ্ম, কারাগার, কারাগৃহ, বন্ধনশালা,
 বন্ধনালয়। [গাঁজ।
বন্ধনস্তম্ভ, হস্তিবন্ধন স্তম্ভ, আলান; শঙ্কু,

বন্ধনাগার, (বন্ধন-আগার) কারাবেশ্ম, কা-
 রাগার। [রাগৃহ
বন্ধনালয়, (বন্ধন-আলয়) বন্দীশালা, কা-
বন্ধনী, (বন্ধ) নিবন্ধ, নিয়ত প্রাপ্তির নিয়ম;
 স্থিরবৃত্তি; রজ্জু, দড়ী, পাশ।
বন্ধা, (বন্ধ) বেতন, মাসিক, মাহিয়ানা।
বন্ধিত্র, কামদেব, কন্দর্প, চর্ম্মব্যজন।
বন্ধী, (বন্ধ) বন্ধনবিশিষ্ট, বন্ধনযুক্ত
বন্ধু (বন্ধ) মিত্র, সুহৃৎ, সগোত্র, বান্ধব, জ্ঞা
 তি, স্বজন। [ফুল।
বন্ধুক, বৃক্ষবিশেষ, বন্ধুক পুষ্পবৃক্ষ, বাঁধুলী
বন্ধুতা, (বন্ধু) মিত্রতা, আত্মীয়তা, সৌহৃদ্য
বন্ধুত্ব, (বন্ধু) মিত্রতা, সৌহৃদ্য।
বন্ধুদ্রোহী, (বন্ধু-দ্রোহিন) মিত্রদ্রোহী, জ্ঞা-
 তিহিংসক; কৃতঘ্ন।
বন্ধুরা, (বন্ধ) উন্নতাবনত, উচ্চনীচ; নম্র মু-
 কুট; স্ত্রীচিহ্ন; তিল কল্ক, তিলের খলি;
 বধির, হংস; বক; বিহঙ্গ।
বন্ধুরা, পণ্যযোষা, বেশ্যা, বারযোষিৎ।
বন্ধুল, অসতীসুত জারজ; সুন্দর; নম্র।
বন্ধুর, বিবর, গর্ত্ত; ছিদ্র, রন্ধ্র; রম্য, নম্র
 উন্নতানত, উচ্চ নীচ।
বন্ধুলি, বন্ধুকপুষ্প, বাঁধুলী ফুল।
বন্ধ্যা, (বন্ধ) ফলরহিত বৃক্ষাদি, বাঁঝা, বন্ধনী-
 য়, বন্ধনাই। [ন্য গো; যোনিরোগবিশেষ।
বন্ধ্যা, (বন্ধ) অপ্রজ স্ত্রী বাঁঝা; অপত্যশূ-
বন্য, (বন) বনজাত; বনশূরণ, বুনো ওল।
বন্যা, (বন) জলসংহতি; জলপ্লাবন।
বন্যোৎপাদকী লতা বিশেষ, বনপুঁইলতা।
বন্র, অংশী, ভাগী, ভাগাধিকারী।
বপ, কেশমুণ্ডন; বীজবপন।
বপন, (বপ) কেশমুণ্ডন; বীজাধান, বুনন।
বপনী, নাপিত শালা, নাপিত গৃহ।
বপা, (বপ) ছিদ্র, রন্ধ্র; মেদ, ভুঁড়ি।
বপিল, (বপ) পিতা, জনক, তাত, বাপ।
বপুঃ, (বপ) শরীর; প্রশস্ত আকৃতি।
বপুঃস্রব, শরীরস্থ রসধাতু, রক্ত।
বপুন, অমর, দেবতা, সুর।
বপ্তা, (বপ) জনক, পিতা, বাপু, কবি; বপ
 নকর্ত্তা; বীজবপনকারী।
বপ্র, প্রাচীর, প্রাকার; ক্ষেত্র, ক্ষেত।
বপ্রা, নদীবিশেষ; মঞ্জিষ্ঠা লতা।
বপ্রি, ক্ষেত্র; দুর্গতি; সমুদ্র।
বপ্রী, বল্মীক, উইঢোকা।

বব, একাদশ করণের অন্তর্গত প্রথমকরণ।

বকালিয়া, (ভর্ব) যে ব্যক্তি বিচারালয়ে উৎকোচ গ্রহণপূর্ব্বক মিথ্যা সাক্ষ্য দেয়।

বভ্রবী, (বভ্রু) দুর্গা, পার্ব্বতী।

বজ্রি, বজ্র, অশনি, বাজ, কুলিশ।

বভ্রু, অগ্নি, শিব; বিষ্ণু; নকুল; মুনিবিশেষ; দেশবিশেষ; পিঙ্গলবর্ণ; বিশাল, বড়

বভ্রুধাতু, সুবর্ণ গৈরিক, পীতবর্ণ গেরিমাটী

বম, উদ্গিরণ, বমি, ন্যাকার।

বমথু, (বম) বমন, বমি, হস্তিশুণ্ডনির্গত জলকণা।

বমন, (বম) ছর্দ্দি, উদ্গিরণ, ন্যাকার, বমি।

বমনী, জলৌকা, জোঁক; বমিজনক ঔষধ বিশেষ।

বমনীয়া, মক্ষিকা, মাছী; বমনযোগ্য।

বমি, (বম) ছর্দ্দি; বমন; অগ্নি; ধূর্ত্ত।

বমিত, (বম) বান্ত, বমনকৃত বস্তু, ন্যাকার।

বম্ভ, বংশ, বাঁশ।

বম্রাকীট, বল্মীক, উইপোকা।

বম্রী, (বম) ছর্দ্দি, বলদ্বারা জলাদির ঊর্দ্ধ নিঃসারণ।

বম্বেটিয়া, (বাং) সমুদ্রতস্কর, যাহারা জলপথে ডাকাইতি করে।

বয়ঃ, (বয়স) পক্ষী; যৌবন; বয়স, পরমায়ু

বয়ঃক্রম, (বয়স-ক্রম) বয়স, পরমায়ুর সংখ্যা

বয়ঃপ্রাপ্ত, বয়স্থ, যুব, প্রাপ্তব্যবহার।

বয়ঃস্থ, (বয়স-স্থা) বয়ঃপ্রাপ্ত, যুবা, যৌবনযুক্ত

বয়স্থা, (বয়স-স্থা) যুবতী; যৌবনাবস্থাপন্না আমলকী; হরীতকী; গুড়ুচী, শাল্মলী।

বয়স্য, (বয়স) সমান বয়স্ক, সখা।

বয়স্যা, (বয়স) সখী; সমবয়স্কা স্ত্রী।

বয়ান, (বাং) ব্যাখ্যা, অর্থ; মুখ।

বয়ার, (বায়ু) বাতাস; মহিষ; বলবান

বয়ুন, জ্ঞান, বোধ; দেবতাগার।

বয়োধা, (বয়স) তরুণ, যুবা, বয়ঃস্থ।

বয়োরঙ্গ, সীসক, সীসা।

বর, (বৃ) বরণ, প্রার্থনাবিশেষ; শ্রেষ্ঠ; বিবাহার্থ আগত; পতি; ঈষদিষ্ট, মনাক্ প্রিয়

বরং, (বৃ) পক্ষ, বৈপরীত্য; অপেক্ষা কৃত ইষ্ট বোধ

বরক, পোত আচ্ছাদন; ধৌত অধৌত সাধারণ বস্ত্র; বনমুদ্গ; তৃণধান্যবিশেষ।

বরকন্দাজ, (বাং) চাপরাশী, পেয়াদা।

বরক্রতু, ইন্দ্র, শক্র, দেবরাজ।

বরখাস্ত, (বাং) অপদস্থ, পদচ্যুত।

বরগা, (বৃ) ইষ্টকময় গৃহের আচ্ছাদনার্থ ক্ষুদ্র কাষ্ঠ বিশেষ।

বরজ, (বর-জন) পর্ণক্ষেত্র, পানের ক্ষেত।

বরঞ্চ, (বরং-চ) বৈপরীত্য; অপেক্ষাকৃত অভীষ্ট বোধক; ঈষৎপ্রিয়ার্থক।

বরট, (বৃ) কুন্দপুষ্প, কুঁদফুল; হংস; কীট বিশেষ, বোলতা

বরটা, (বরট) হংসী; কুসুম্ভবীজ।

বরটী, (বরট) হংসী; বোলতা।

বরড়িকা কুসুম্ভপুষ্প বীজ।

বরণ, (বৃ) কন্যাদি বরণ; বেষ্টন; পূজনাদি প্রার্থন, প্রতিনিধি নির্দ্ধারণ।

বরণ ডালা, বরণের উপকরণ পাত্র।

বরণসী বারাণসী, কাশী।

বরণা, নদীবিশেষ, বারাণসীর উত্তরে সমাস্ত নদী।

বরণীয়, (বৃ) বরণযোগ্য; প্রার্থনীয়; উপযুক্ত

বরণ্ড, সমূহ; মুখরোগ, ব্রণ, বয়স ফোড়া

বরণ্ডক, হস্তি পৃষ্ঠস্থ বেদি, হাতির হাওদা; যৌবনকণ্টক, বয়সফোড়া; বর্ত্তুল, গোল; ভিত্তি, দেওয়াল; ভীত, ভয়সম্পন্ন; কৃপণ

বরণ্ডা, বর্ত্তি, বাতি; শস্ত্রবিশেষ।

বরণ্ডালু, এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।

বরতিক্ত, কুটজবৃক্ষ; চিরতা।

বরাতিক্তিকা, আকনাদি লতা, নিমুখী।

বরৎকরী রেণুকা নামে গন্ধদ্রব্য বিশেষ।

বরত্রা, হস্তিকক্ষরজ্জু, কাছদড়ি।

বরত্বচ, নিম্ববৃক্ষ, নিম গাছ; শ্রেষ্ঠবল্কল।

বরদ, (বর-দা) অভীষ্টদাতা, বাঞ্ছিতার্থপ্রদ; প্রসন্ন; বর দানোন্মুখ।

বরদা, (বরদ) বরদাত্রী, অশ্বগন্ধাবৃক্ষ।

বরদাচতুর্থী, মাঘশুক্লচতুর্থী।

বরদাতা, (বর-দাতৃ) অভীষ্টদায়ক, প্রার্থনা সিদ্ধির আদেশকারী।

বরদায়ক, অভীষ্টদায়ক, বাঞ্ছিতার্থপ্রদায়ক

বরদাস্ত, (বাং) সহিষ্ণুতা, সহ্য।

বরপাত্র, কন্যাদানার্থ আহূত ব্যক্তি, বিবাহার্থ আগত, জামাতা।

বরপ্রদা, অভীষ্টার্থ দায়িনী; বরদাত্রী।

বরফ, (বাং) তুষার, হিমানী, নীহার।

বরফল, নারিকেলবৃক্ষ; শ্রেষ্ঠফল।

বরবৎসলা, শ্বশুরভার্য্যা, শাশুড়ী।

বরবর্ণিনী, (বর-বর্ণ) অত্যুত্তমা স্ত্রী, বরারোহা, উত্তমা; লাক্ষা; হরিদ্রা, রোচনা; সাধ্বী স্ত্রী; গৌরী; সরস্বতী; লক্ষ্মী।

বরবাহ্লিক, কুঙ্কুম, গন্ধদ্রব্যবিশেষ।
বরবৃক্ষ, শিব, মহাদেব। [বিশেষ।
বরমুখী, (বর-মুখ) রেণুকা নামে গন্ধদ্রব্য
বরম্, (বৃ) বৈপরীত্য ; ঈষৎপ্রিয়, অল্পপ্রিয়
বরবরা, চক্রপর্ণীবৃক্ষ, চাকুলিয়া লতা।
বরযাত্রী, (বর-যাত্রিন) বরের সহচর, বিবাহার্থ প্রস্থিত ব্যক্তির সমভিব্যাহারী।
বরয়িতা, (বর) ভর্ত্তা, স্বামী ; করণকারয়িতা
বররুচি, কবিবিশেষ, বিক্রমাদিত্য রাজসভাস্থ নবরত্নের এক রত্ন।
বরল, (বর-লা) বরট, কীটবিশেষ, বোলতা।
বরলব্ধ, (বর-লভ) চম্পকবৃক্ষ ; বরপ্রাপ্ত।
বরলা, (বর-ল) হংসী ; বোলতা।
বরলী, (বর-লা) কীটবিশেষ, বোলতা।
বরশী, (বরিশী) শস্ত্রবিশেষ, বড়শী।
বরা, (বর) শ্রেষ্ঠা ; বরাহ ; ত্রিফলা, রেণুকা।
বরাক, (বর-অক) শিব ; যুদ্ধ ; শোচনীয় ; অবর ; [শ্রেষ্ঠ অবয়ব ; কটি ; বিষ্ণু।
বরাঙ্গ, (বর-অঙ্গ) মস্তক ; গুহ্য, যোনিদেশ,
বরাঙ্গক, (বর-অঙ্গ) গুড়ত্বক ; শ্রেষ্ঠ অবয়বযুক্ত
বরাঙ্গনা, (বর-অঙ্গনা) অতিশয় অঙ্গযুক্তা স্ত্রী, উত্তমা নারী।
বরাঙ্গরূপোপেত, শ্রেষ্ঠ রূপ যুক্ত, সুন্দর।
বরাঙ্গী, (বরাঙ্গ) শ্রেষ্ঠাঙ্গ যুক্তা স্ত্রী।
বরাট, (বৃ) কপর্দ্দক, কড়ি ; পদ্মবীজ।
বরাটক, (বরাট) কপর্দ্দক, কড়ি ; রজ্জু, দড়ী ; পদ্মবীজ। [শেষ, নাগকেশর।
বরাটকরজা, (বরাটক-রজস) পুষ্পবৃক্ষ বি-
বরাটিকা, (বরাট) কপর্দ্দক, কড়ি।
বরাটী, (বর-অট) রাগিণী বিশেষ।
বরাণ, ইন্দ্র ; বৃক্ষবিশেষ বরুণবৃক্ষ।
বরাণসী, কাশী, বারাণসী, শিবপুরী।
বরাবর, (সাং) সম্মুখ ; সমান, ঠিক ; সমীপ
বরারক, রত্নবিশেষ, হীরক, হীরা।
বরারি, (বর-অরি) রাগিণী বিশেষ।
বরারোহ, হস্ত্যারোহ ; অবরোহ।
বরারোহা, উত্তমা স্ত্রী, পরমা সুন্দরী।
বরাম্বিকা, দুর্গা, ভগবতী।
বরাশি, স্থূলবস্ত্র, মোটা কাপড়।
বরাসন, (বর-আসন) ওড্রপুষ্প, জবাফুল ; উত্তমআসন ; লম্পট ; দ্বারপাল।
বরাসি, স্থূলবস্ত্র, মোটা কাপড় ; খড়্গধারী।
বরাহ, (বৃ) পশুবিশেষ, বরা, শুকর ; বিষ্ণু ; পর্ব্বতবিশেষ ; মুস্তা, মুতা ; শিশুমার।
বরাহকালী, পুষ্পবিশেষ ; সূর্য্যমণিফুল।
বরাহী, (বরাহ) শুকরী ; একপ্রকার মুতাবিশেষ ; ভদ্রমুস্তা। [পুঞ্জিত।
বরিবসিত, (বরিবস) উপাসিত, সেবিত,
বরিবস্যা, (বরিবস) শুশ্রূষা, উপাসনা, সেবা
বরিবস্যিত, (বরিবস) উপাসিত, সেবিত।
বরিশী, বাড়িশী, বড়শী।
বরিষ, (বৃষ) বৎসর, বর্ষ।
বরিষণ, (বৃষ) বর্ষণ, বৃষ্টিপতন
বরিষা, (বৃষ) বর্ষা, প্রাবৃট্‌কাল।
বরিষাপ্রিয়, চাতকপক্ষী।
বরিষ্ঠ, (বৃ) বরতম, শ্রেষ্ঠতম ; তাম ; বৎস ; তিত্তিরিপক্ষী ; নাগরঙ্গবৃক্ষ।
বরী, শতাবরীলতা ; সূর্য্যপত্নী।
বরীবর্দ্দ, বলীবর্দ্দ, বৃষ, ষাঁড়।
বরীয়ান, (বৃ) শ্রেষ্ঠ, গরিষ্ঠ।
বরিষু, কাম, কামনা, অভিলাষ।
বরুট, ম্লেচ্ছজাতিবিশেষ।
বরুড়, অন্ত্যজ জাতিবিশেষ।
বরুণ, (বৃ) দেবতাবিশেষ, জলাধিপতি, পশ্চিমাদিক্‌পাল, প্রচেতা ; বৃক্ষবিশেষ ; জল ; সূর্য্য। [মদিরা।
বরুণাত্মজা, (বরুণ-আত্ম-জন) মদ্য, সুরা, বরুণানী ; বরুণপত্নী।
বরুত্র, উত্তরীয় বস্ত্র, চাদর, দোবজা।
বরূথ, তনুত্রাণ, বর্ম্ম, সাঁজোয়া ; চর্ম্ম ; শত্রুর প্রহরণাদি বারণ নিমিত্ত রথের আবরণ বিশেষ।
বরেণ্য, (বৃ) প্রধান, শ্রেষ্ঠ ; কুঙ্কুম।
বরেন্দ্রী, গৌড়দেশ। [চেন।
বরেশ্বর, (বর-ঈশ্বর) শিব, মহাদেব, ত্রিলো-
বরোল, বরট, বোলতা। [রা ; পরিহাস।
বর্কর, যুবা পশু ; মেষশাবক ; ছাগল, বক-
বর্করাট, অপাঙ্গদর্শন, কটাক্ষ ; নূতন উদিত সূর্য্যের দীপ্তি ; নায়ক কর্তৃক নায়িকার স্তনে কৃত নখক্ষত।
বর্গ, (বৃজ) সজাতীয় সমূহ ; সমুদায়, সকল ; সমান অঙ্কদ্বয়ের পূরণ, সমান স্থানে উচ্চার্য্য বর্ণ বৃন্দ।
বর্গীকৃত, (বর্গ-কৃত) সমান অঙ্কের পূরণ করা, সমান অঙ্কদ্বারা গুণিত।
বর্গীয়, (বর্গ) কবর্গাদি বর্গমধ্যে গণিত।
বর্চ্চঃ, তেজঃ, রূপ ; নিষ্ঠা।
বর্চ্চস্ক, বিষ্ঠা, মল, পুরীষ।

বর্চস্বী, চন্দ্র, নিশাকর; তেজাল
বর্জ্জন, (বৃজ) পরিহার, ত্যাগ, ছাড়ন।
বর্জ্জনীয়, (বৃজ) ত্যাজ্য, পরিহার্য্য, ত্যক্তব্য
বর্জ্জিত, (বৃজ) ত্যক্ত, নিরাকৃত; রহিত।
বর্জ্জ্য (বৃজ) বর্জ্জনীয়, ত্যক্তব্য।
বর্ণ, শুক্ল রক্ত কৃষ্ণাদি রঙ্গ; কুঙ্কুম; ব্রাহ্মণাদি জাতি; কখাদি অক্ষর; রূপ; অনুরাগ
বর্ণক, (বর্ণ) হরিতাল, গাত্রানুলেপের যোগ্য সুগন্ধি দ্রব্য; চন্দন; বিলেপন; চারণ, স্তুতিপাঠক
বর্ণকায, নলকুবর, কুবের পুত্র।
বর্ণকূপিকা, (বর্ণ-কূপ) মস্যাধার, দোয়াত।
বর্ণচারক, চিত্রকর, পটুয়া। [বর্ণ; শ্রেষ্ঠ জাতি
বর্ণজ্যেষ্ঠ, ব্রাহ্মণ, বিপ্র; অপেক্ষা উত্তম
বর্ণতুলি, লেখনী, কলম।
বর্ণতুলিকা, লেখনী, কলম।
বর্ণতুলী, লেখনী, কলম।
বর্ণদ, (বর্ণ-দা) কালিয় সর্প; বর্ণদাতা।
বর্ণদাত্রী, হরিদ্রা হলুদ; বর্ণকারিকা।
বর্ণদূত, লিপি, লেখা, পত্রী। [বিবা কর্ম্ম।
বর্ণধর্ম্ম, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র দিগের ক-
বর্ণন, (বর্ণ) গুণকথন; বিবরণ করণ; স্তবকরণ; বিস্তার করিয়া কথন; শুক্লাদি বর্ণ যোজন, রঞ্জন। [স; বিবরণ; ব্যাখ্যা।
বর্ণনা, (বর্ণ) গুণকথন, স্তব, স্তোত্র; প্রশং-
বর্ণনার্হ, (বর্ণন-অর্হ) বর্ণিতব্য, গুণ কথন যোগ্য। [বর্ণিতব্য।
বর্ণনীয়, (বর্ণ) বর্ণনার্হ, গুণকথন যোগ্য,
বর্ণপাত্র, চিত্রকরের নীল্যাদি রঙ্গ রাখিবার আধার, রঙ্গের পাত্র।
বর্ণপ্রসাদন, অগুরু; রঞ্জন।
বর্ণবতী, হরিদ্রা; বর্ণবিশিষ্ট।
বর্ণবিলোড়ক, সন্ধিচোর, সিঁদাল চোর।
বর্ণমাতৃ, (বর্ণ-মাতৃ) লেখনী কলম, বর্ণতূলিকা। [বাণী।
বর্ণমাতৃকা, (বর্ণ-মাতৃ) সরস্বতী, বাগ্দেবী,
বর্ণমালা, জাতিমালা; অক্ষরশ্রেণী।
বর্ণয়িতব্য, (বর্ণ) গুণকথন যোগ্য, বর্ণিতব্য, বর্ণনার্হ, বর্ণনীয়।
বর্ণরেখা, অক্ষর শ্রেণী, কঠিনী, খড়ি।
বর্ণসঙ্কর, মিশ্রিতজাতি, সঙ্কীর্ণ বর্ণ।
বর্ণসি, জল, সলিল, বারি, নীর।
বর্ণা, আঢ়ক; পরিমাণ পাত্র বিশেষ
বর্ণাঙ্ক, (বর্ণ-অঙ্ক) লেখনী, কলম।
বর্ণাট, (বর্ণ-অট) গায়ক; চিত্রকর।
বর্ণার্হ, (বর্ণ-অর্হ) মুদ্গ, মুগ।
বর্ণি, (বর্ণ) স্বর্ণ, সুবর্ণ, হেম, সোণা।
বর্ণিক, (বর্ণ) লেখক, লিপিকর।
বর্ণিকা, (বর্ণ) কঠিনী, খড়ী।
বর্ণিত, (বর্ণ) বিবৃত; অভিষ্টুত; ব্যাখ্যাত
বর্ণিনী, হরিদ্রা; বনিতা, স্ত্রী।
বর্ণী, (বর্ণ) লেখক; চিত্রকর; ব্রহ্মচারী; ব্রাহ্মণাদি বর্ণ।
বর্ণু, নদবিশেষ; আদিত্য, সূর্য্য।
বর্ত্তক, (বৃৎ) পক্ষিবিশেষ, ভারই পক্ষী।
বর্ত্তকা (বৃৎ) পক্ষিবিশেষ, ভারই পক্ষী।
বর্ত্তজন্মা, মেঘ, জলধর, জলদ।
বর্ত্তন, (বৃৎ) বৃত্তি, জীবন, জীবিকোপায়, বিদ্যমানতা; চরকার টেকো।
বর্ত্তনী, প্রেষণ, পন্থা, পথ।
বর্ত্তনীয়, (বৃৎ) বর্ত্তন যোগ্য, বৃত্তির উপযুক্ত
বর্ত্তমান, (বৃৎ) প্রয়োগের অধিকরণীভূত-কাল; উপস্থিত, সাক্ষাৎ, প্রত্যক্ষ।
বর্ত্তমানতা, (বর্ত্তমান) বর্ত্তমানত্ব, উপস্থিততা।
বর্ত্তরুক, নদী বিশেষ; দ্বারপাল।
বর্ত্তলোহ, লোহ বিশেষ, বিদারি।
বর্ত্তি, (বৃৎ) ঔষধনির্ম্মাণ; নয়নাঞ্জন; গাত্রানুলেপন; বাতি; দীপদশা, প্রদীপের শলিতা।
বর্ত্তিক, (বৃৎ) পক্ষি বিশেষ, ভারই পাখী।
বর্ত্তিকা, (বৃৎ) বর্ত্তকপক্ষী, ভারই পাখী
বর্ত্তিত, (বৃৎ) স্থাপিত; উৎপাদিত।
বর্ত্তিষ্ণু, বর্ত্তনশীল, বিদ্যমান; স্থিতিশীল।
বর্ত্তী, (বর্ত্তিন) বর্ত্তিষ্ণু, বর্ত্তনশীল; বাতি; প্রদীপের শলিতা।
বর্ত্তুল (বৃৎ) গোল বস্তু, নিস্তল, বৃত্ত; গৃঞ্জন, গাজর; কলায় বিশেষ, বাঁটুলা কলাই।
বর্ত্তুলা, (বৃৎ) তকুপাঠী টেকোর বাঁটুল।
বর্ত্তুলাকার, (বর্ত্তুল-আকার) গোলাকার।
বর্ত্ম, (বর্ত্মন) পন্থা, পথ; নেত্রজল।
বর্ত্মন, (বৃৎ) পন্থা, পথ; নেত্রজল।
বর্দ্ধ, (বৃধ) সীসা; ব্রাহ্মণ যষ্টি বৃক্ষ, বামন হাটী গাছ। [বৃদ্ধিকারক।
বর্দ্ধক, (বৃধ) ব্রাহ্মণযষ্টি, বামনহাটি; পূরক,
বর্দ্ধকী, বর্ণসঙ্কর জাতি বিশেষ, বঢ়ই; সূত্রধার, কাষ্ঠতক্ষক, রথকার।
বর্দ্ধন, (বৃধ) উন্নত হওন, বর্দ্ধিষ্ণু

বর্দ্ধনী, ঝাঁটা, সংমার্জ্জনী, ঝাঁটা; সনাল জলপাত্র, বদনা। [করণীয়।
বর্দ্ধনীয়, (বৃধ) বৃদ্ধি করণের যোগ্য, উন্নত-
বর্দ্ধমান, (বৃধ) বৃদ্ধিশীল; এরণ্ডবৃক্ষ; পশু বিশেষ; শরাব, শরা; বিষ্ণু; জিনবিশেষ, ধনিদিগের গৃহ বিশেষ; দেশ বিশেষ।
বর্দ্ধমানক, বৃদ্ধিবিশিষ্ট; শরাব, শরা; এরণ্ডবৃক্ষ।
বর্দ্ধাপন, নাড়ীচ্ছেদন।
বর্দ্ধিত, (বৃধ) পূরিত; উন্নত, বৃদ্ধিযুক্ত।
বর্দ্ধিষ্ণু, (বৃধ) বর্দ্ধনশীল, বৃদ্ধিযুক্ত।
বর্দ্ধ্র, চর্ম্ম, চামড়া।
বর্দ্ধ্রী, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।
বর্ফি, (যাং) মিষ্টান্ন বিশেষ।
বর্ব্বট, রাজমাষ, বর্ব্বটী কলাই।
বর্ব্বটী, (বর্ব্বট) পণ্যযোষা, বেশ্যা; কলাই বিশেষ, রাজমাষ। [ভণিয়া।
বর্ব্বণা, নীলমক্ষিকা, নীলবর্ণ মাছী, ডাঁশ-
বর্ব্বর, পামর, নীচজাতি; মূর্খ; অজ্ঞ; গোঁয়ার; হিঙ্গুল, পীতচন্দন, কেশ; দেশবিশেষ; বৃক্ষবিশেষ; কালবাবুই।
বর্ব্বরক, চন্দন বিশেষ; সুগন্ধ, সুরভি।
বর্ব্বরা, (বর্ব্বর) পুষ্পবিশেষ; শাকবিশেষ; মক্ষিকাবিশেষ; ক্ষুদ্র বৃক্ষবিশেষ, বাবুই।
বর্ব্বরীক, ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামনহাটী; কুটিলকুন্তল, বাউরী; বাবুই তুলসী।
বর্ব্বুর, বৃক্ষবিশেষ, বাবলা গাছ।
বর্ম্ম, (বর্ম্মন) তনুত্র, গাত্রীয় কবচ, সাঁজোয়া
বর্ম্মা, ক্ষত্রিয়ের পদ্ধতি, ক্ষত্রজাতির উপাধি
বর্ম্মি, (বর্ম্মন) কবচী, সাঁজোয়াধারী; মৎস্য বিশেষ, বানি মাছ।
বর্ম্মিত, (বর্ম্মন) বর্ম্মযুক্ত, কৃতসন্নাহ, কবচী।
বর্ম্মী, (বর্ম্মন) সাঁজোয়াধারী, কবচী।
বর্য্য, প্রধান, শ্রেষ্ঠ, মান্য।
বর্শি, (বড়িশ) মৎস্যবেধনার্থ লৌহময় কাঁটা, বড়িশ, বঁড়শী। [জম্বুদ্বীপ; মেঘ।
বর্ষ, (বৃষ) বৎসর; বর্ষণ বৃষ্টি; জম্বুদ্বীপাংশ
বর্ষকরী, ঝিল্লিকা, উচ্চিঙ্গড়া।
বর্ষকেতু, রক্তপুনর্নবা।
বর্ষকোষ, গণক, দৈবজ্ঞ; মাস।
বর্ষজ, (বর্ষজন) বর্ষিজাত; বৎসরোৎপন্ন; জম্বুদ্বীপ জাত; মেঘ জাত।
বর্ষজীবী, (বর্ষ-জীবিন) ওষধী, ফলপাকান্ত; বৎসরজীবী; চাতক পক্ষী।

বর্ষণ, (বৃষ) বৃষ্টি, বৃষ্টিপতন।
বর্ষণি, যাগ; যজ্ঞ, ক্রতু; বর্ষণ।
বর্ষপাকী, আম্রাতক, আমড়া।
বর্ষপুষ্পা, সহদেবী লতা।
বর্ষপ্রিয়, চাতক পক্ষী।
বর্ষবর, ষণ্ড; খোজা, ক্লীব।
বর্ষবৃদ্ধি, জন্মতিথি, বর্ষপ্রবেশ দিন।
বর্ষা, ঋতুবিশেষ, প্রাবৃট কাল, ঘনকাল, বরিষা ঋতু।
বর্ষাংশ, (বর্ষ-অংশ) মাস, বৎসরের একভাগ
বর্ষাঘোষ, মহামণ্ডূক, সোণা ব্যাং।
বর্ষাঙ্গ, (বর্ষ-অঙ্গ) মাস, বৎসরের দ্বাদশভাগ
বর্ষাতি, (বর্ষণ) ঘোটকের পদরোগ বিশেষ।
বর্ষাবসান, (বর্ষা-অব-সো) শরৎকাল, বর্ষার শেষ সময়।
বর্ষাভব, রক্তপুনর্নবা; বর্ষাকালজাত।
বর্ষাভূ, ভেক, মণ্ডূক; বর্ষাজাত।
বর্ষাভ্বী, ভেকী; পুনর্নবা।
বর্ষামোদ, (বর্ষা-আমোদ) ময়ূর, শিখী।
বর্ষাম্ভঃ, (বর্ষ-অম্ভস) পারণব্রত, চাতকপক্ষী
বর্ষার্চ্চি, মঙ্গলগ্রহ।
বর্ষালঙ্কারিকা, পৃক্কাশাক, পিড়িংশাক।
বর্ষিক, (বর্ষ) বর্ষসম্বন্ধি; বর্ষসম্বন্ধীয়।
বর্ষিষ্ঠ, অতিশয় বৃদ্ধ, বড় প্রাচীন।
বর্ষীয়স, (বর্ষ) অতিশয় বৃদ্ধ, প্রাচীন।
বর্ষীয়সী, (বর্ষ) অতিশয় প্রাচীনা স্ত্রী।
বর্ষীয়ান্, (বর্ষ) অতিবৃদ্ধ, বড় প্রাচীন।
বর্ষুক, বর্ষণকারী, বর্ষণশীল।
বর্ষুকাব্দ, বর্ষণশীল মেঘ। [শীল।
বর্ষেজ, বর্ষাকাল জাত; বৎসরে২ উৎপত্তি-
বর্ষোপল, (বর্ষা-উপল) মেঘভব শিলা, করকা, শিল। [অতি সুন্দরাকৃতি।
বর্ষ্ম, (বৃষ) দেহ, শরীর; পরিমাণ, ইয়ত্তা;
বর্ষ্মন্, (বৃষ) দেহ, শরীর; পরিমাণ।
বর্হ, (বৃহ) ময়ূরপিচ্ছ; পত্র; পরীবার।
বর্হণ, (বৃহ) পত্র দল, পাতা।
বর্হিঃ, অগ্নি; দীপ্তি, যজ্ঞ; কুশতৃণ।
বর্হিঃপুষ্প, গ্রন্থিপর্ণবৃক্ষ, গাঁটিয়াল গাছ।
বর্হিঃশুষ্মা, অগ্নি, অনল, বহ্নি।
বর্হিণ, (বর্হ) ময়ূর, শিখী, কলাপী।
বর্হিণবাহন, কার্ত্তিকেয়, কুমার, স্কন্দ।
বর্হিধ্বজা, চণ্ডী, দুর্গা, ভগবতী।
বর্হিপুষ্প, গ্রন্থিপর্ণ, গাঁটিয়াল ফুল।
বর্হির্জ্যোতিঃ, অগ্নি, বহ্নি, অনল।

বর্হির্মুখ, দেবতা, সুর, অমর।
বর্হিশুষ্মা, অগ্নি, অনল, বহ্নি, আগুন।
বর্হিষদ, পিতৃগণবিশেষ।
বর্হিস্কেশ, অগ্নি, বহ্নি, অনল, আগুন।
বর্হী, (বর্হ) ময়ূর, শিখী, কলাপী। [দদেব।
বল, (বল) সৈন্য ; শক্তি, সামর্থ্য ; কাক ; ব-
বলকা, (বল-ক্ত) অল্প তপ্ত, ঈষদুষ্ণ।
বলজ, (বল-জন) ক্ষেত্র ; পুরদ্বার ; শস্য ;
যুদ্ধ ; বলজন্য, বলজাত।
বলজনক, শক্তিজনক, সামর্থ্যকর। [মড়া।
বলদ, (বল-দা) বলদাতা ; বলীবর্দ্দ, বৃষ, দা-
বলদায়ক, সামর্থ্যদায়ক, শক্তিদায়ক।
বলদীনতা, শক্তির গ্লানি, দৌর্বল্য।
বলদেব, বলরাম, বলভদ্র।
বলন, (বল) কথন, কহন, বাক্যপ্রয়োগ।
বলপ্রসূ, রোহিণী, বলরামের মাতা
বলবতী, (বল) বলবিশিষ্টা, প্রবলা, তেজাল
বলবৎ, (বল) অতিশয় বলবিশিষ্ট ; প্রবল,
শক্ত ; বলবান, বীর্য্যবান।
বলবত্তা, (বলবৎ) শক্তি, সামর্থ্য, বলবত্ত্ব।
বলবত্ত্ব, (বলবৎ) বলবত্তা ; দৃঢ়তা, স্থিরত্ব ;
শক্তিমান, সামর্থ্য।
বলবান, (বল) বলবিশিষ্ট, বীর্য্যবান, বলী।
বলবিন্যাস, সৈন্যদিগের যুদ্ধ জয়ার্থ নিমিত্ত
ব্যূহ রচনা বিশেষ।
বলভদ্র, বলরাম, বলদেব ; বলশালী।
বলভি, বড়ভী, গৃহচূড়া, ঘরের মুদনী।
বলয়, (বল-য়া) স্বর্ণাদি রচিত আভরণ বি-
শেষ, কটক, করভূষণ, বালা ; কঙ্কণ ; গল-
রোগ বিশেষ।
বলয়িত, (বলয়) বেষ্টিত, আবৃত, ঘেরা।
বলরাম, (বল-রম) বলদেব, হলধর, বলভদ্র
বলরহিত, সামর্থ্যহীন, শক্তিরহিত, দুর্বল।
বলল, (বল) বলদেব, বলরাম, হলধর।
বলসূদন, ইন্দ্র, দেবরাজ, সুরপতি।
বলস্থিতি, শিবির, তাম্বু, সৈন্যদের ছাউনি,
বস্ত্রাগার।
বলহ, শর্দ্দি, শ্লেষ্মা, কফ।
বলক্ষ, শুক্লবর্ণ, ধবল, শ্বেত, শাদা।
বলা, কহা ; ক্ষুদ্রবৃক্ষবিশেষ, বাড়িয়ালা,
বেড়েলা, বালা, অস্ত্রবিদ্যাবিশেষ।
বলাক, বকজাতিবিশেষ, ক্ষুদ্রবকবিশেষ,
কোঁচ বক। [কের শারী।
বলাকা, (বলাক) বকশ্রেণী, ক্ষুদ্রজাতীয় ব-
বলাট, (বল-অট) মুদগ, মুগকলাই ; গো-
যোনি।
বলাৎ, হঠাৎ ; দৈবাৎ, অকস্মাৎ।
বলাৎকার, (বলাৎ-কৃ) হঠাৎকরণ ; প্রসভ,
হঠ। [তিতশুড়া গাছ।
বলাত্মিকা, (বল-আত্মন) হস্তিশুণ্ডাবৃক্ষ, হা-
বলাদ্যা, বলানামে ওষধিবিশেষ, বেড়েলা
বালা। [প্রবল।
বলাধান, (বল-আধান) বলের যোগ, সতেজকরণ,
বলান, (বলা) কহান ; অঙ্গীকার করাণ।
বলানুজ, (বল-অনু-জন) শ্রীকৃষ্ণ, বিষ্ণু, ব-
লরামের কনিষ্ঠ।
বলাবল, (বল-অবল) সারাসার ; শক্ত্যশক্তি।
বলাবলি, (বলা) পরস্পর কথন ; বিবাদ।
বলারাতি, (বল-অরাতি) ইন্দ্র, দেবরাজ,
শক্র, সুরপতি।
বলালক, পানীয়ামলক ; পেনেলা।
বলাশ, শ্লেষ্মা, কফ, শরীরস্থ ধাতু বিশেষ।
বলাহক, মেঘ ; মুস্তক, মুতা ; পর্ব্বত ; দৈত্য
বিশেষ ; নাগবিশেষ ; রমাগর্ভোদ্ভব কপি-
লদেব পুত্র।
বলাহ্বকন্দ, গুলঞ্চ নামক লতার মূল।
বলি, (বল) কর, রাজপ্রাপ্য ভাগ ; পূজার-
উপহার ; পূজাসামগ্রী ; পঞ্চমহাযজ্ঞান্ত-
র্গত ভূতযজ্ঞ, দৈত্যবিশেষ, বিরোচনপুত্র,
বলিরাজা ; জরাদ্বারা লোলিত গাত্র চর্ম্ম ;
ত্রিবলী।
বলিদান, দেবতার উদ্দেশে যথাবিধি পূজো-
পহার দেওয়া, দেবোদ্দেশে পশুবধ।
বলিধ্বংসী, বিষ্ণু, নারায়ণ। [মুক্ত।
বলিন, (বল) বলিত, জরাহেতুক শ্লথ চর্ম্ম-
বলিনন্দন, বাণাসুর, বাণরাজা।
বলিপুষ্ট, কাক, বায়স।
বলিপ্রিয়, লোধ্র বৃক্ষ, লোধগাছ ; কাক ;
শকুন। [আংশহারী।
বলিভুক্, (বলি-ভুজ) কাক, বায়স, বলি-
বলিমন্দির, অধোলোক, পাতাল।
বলিমান্, (বলি) বার্দ্ধক্য হেতু শ্লথ চর্ম্মযুক্ত,
লোলিত মাংসবিশিষ্ট।
বলিমুখ, বানর, কপি, মর্কট।
বলিশ, বড়িশ, বড়শী।
বলিষ্ঠ, (বল) অতিশয় বলবান, উষ্ট্র, উট।
বলিষ্ণু, (বল) অপমানিত, কর্থিত, তি-
রস্কৃত।

বহুগন্ধা, (বহু-গন্ধ) চম্পক কলি ; কৃষ্ণজীরক, কালজীরা।

বহুগর্হ্যবাক, মুখশত বহুবাদী। [বিশেষ।

বহুগুণা, (বহুগুণ) পিত্তলময়পাক পাত্র

বহুগ্রন্থি, বাবুলবৃক্ষ, ঝাউগাছ।

বহুতঃ, (বহু) বহুপ্রকারে, বিস্তর রূপে।

বহুতা, (বহু) বহুত্ব, বাহুল্য, প্রাচুর্য্য।

বহুতিক্তা, (বহুতিক্ত) কাকমাচী লতা।

বহুতিথ, বহুর পূরণ, বিস্তর, প্রচুর।

বহুত্র, (বহু) বহুতে ; অনেক স্থানে।

বহুত্ব, (সম) অনেকত্ব ; প্রাচর্য্য, বাহুল্য।

বহুত্বক, ভূর্জ্জবৃক্ষ, ভূর্জ্জপত্রের গাছ।

বহুদণ্ডিক, (বহুদণ্ড) বহুদণ্ড বিশিষ্ট।

বহুদর্শক, বহুদর্শী, জ্ঞানী, প্রাজ্ঞ। [বিজ্ঞতা।

বহুদর্শিতা, (বহুদর্শিন) বহুদর্শিত্ব, জ্ঞানিত্ব,

বহুদর্শী, (বহু-দর্শিন) নানা বিষয় দ্রষ্টা, বহুজ্ঞ

বহুদুগ্ধ, গোধূম, গম। [দুগ্ধবতী গোরু।

বহুদুগ্ধা, (বহুদুগ্ধ) বহুক্ষীরা গাভী, বহু

বহুদুগ্ধিকা, (বহু-দুগ্ধ) স্নুহীবৃক্ষ, সিজগাছ

বহুধা, (বহু) বহু প্রকার, অনেক প্রকার, নানাবিধ, বহুবিধ, বিবিধ।

বহুধার, বজ্র, অশনি, বাজ।

বহুনাড়িক, কায়, গাত্র, দেহ।

বহুনাড়ীক, দিবা, দিবস ; স্তম্ভ, থাম।

বহুনাদ, শঙ্খ, শাঁখ, কম্বু।

বহুপটু, ঈষদূনপটু ; বহুকর্ম্মে দক্ষ।

বহুপত্র, অভ্রক ; পলাণ্ডু, পেঁয়াজ ; অনেক পত্রযুক্ত।

বহুপত্রা, (বহুপত্র) পুষ্প বিশেষ। [আমলকী

বহুপত্রিকা, (বহুপত্র) মেথিকা, মেথী ; ভূম

বহুপত্রী, গৃহকন্যা, ঘৃতকুমারী ; তুলসী।

বহুপর্ণ, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিম গাছ ; অনেক পত্রযুক্ত। [রকাণী।

বহুপর্ণিকা, (বহুপর্ণ) আখুকর্ণীবৃক্ষ, ইঁদু-

বহুপর্ণী, মেথিকা, মেথী, বহুপত্রিকা।

বহুপাদ, বটবৃক্ষ, বড়গাছ।

বহুপুত্র, সপ্তপর্ণবৃক্ষ, ছাতিম গাছ ; অনেক তনয় বিশিষ্ট।

বহুপুত্রা, শতমূলীলতা ; বহু সুতযুক্তা স্ত্রী।

বহুপুষ্প, পারিভদ্রবৃক্ষ। [পারিভদ্র বৃক্ষ

বহুপুষ্পক, (বহু-পুষ্প) অনেক পুষ্পযুক্ত

বহুপুষ্পিকা, (বহুপুষ্প) ধাতকীপুষ্প, ধাইফুল

বহুপ্রজ, (বহু-প্রজা) মুঞ্জতৃণ ; শূকর ; অনেক পুত্র বিশিষ্ট, অনেক প্রজাবিশিষ্ট।

বহুপ্রতিজ্ঞ, (বহু-প্রতিজ্ঞা) অনেকপদার্থ কার্য পূর্ব্বপক্ষ বিশিষ্ট ব্যবহার, অনেক প্রতিজ্ঞাযুক্ত। [দানশৌণ্ড, দানবীর।

বহুপ্রদ, (বহু-প্রদ) প্রচুরদাতা, বদান্য,

বহুপ্রসূ, বহুসন্তান প্রসবকারিণী, বহুফলা।

বহুপ্রসূতা, বহুফলা, অনেক সন্তান প্রসবকারিণী।

বহুফল, কদম্ববৃক্ষ, কদমগাছ।

বহুফলা, (বহুফল) ক্ষুদ্রকারবেল্লী, ছোটকরলা, ভূমি আমলকী।

বহুফলী, আমলকী, ধাত্রী।

বহুবল, সিংহ ; অতিশয় বলযুক্ত।

বহুবল্ক, প্রিয়ালবৃক্ষ।

বহুবার, বৃক্ষ বিশেষ, চালতিয়া গাছ, প্রকার

বহুবিধ, নানাপ্রকার, বিবিধ, নানারূপ, অনেক

বহুবিস্তীর্ণা, কুচিকাবৃক্ষ, কুচই গাছ।

বহুবীজ, গণ্ডগাত্র, আতাফল।

বহুবীর্য্য, শাল্মলী বৃক্ষ, শিমূলগাছ।

বহুব্রীহি, ষটসমাসের অন্তর্গত সমাসবিশেষ, উত্তরপদ প্রধান সমাস।

বহুভার্য্য, (বহু-ভার্য্যা) অনেক স্ত্রীযুক্ত, বহুবনিতা বিশিষ্ট ; কুক্কুট।

বহুভাষিতা, (বহুভাষিন) বাচালতা, বাবদূকতা

বহুভাষী, (বহুভাষিন) বাচাল বাবদূক। [বহুমঞ্জরী, তুলসী।

বহুমল, সীসক, সীসা ; অনেক মলযুক্ত।

বহুমার্গ, চত্বর, চতুষ্পথ, চৌমাথা ; অনেক পথযুক্ত দেশ।

বহুমূত্র, গোবিশেষ, প্রস্রাববৃদ্ধির পীড়া।

বহুমূর্ত্তি, বনকার্পাস, নানা আকার ; অনেক রূপ, বহুরূপ।

বহুমূর্দ্ধা, বিষ্ণু, নারায়ণ, অনেক মস্তকবিশিষ্ট

বহুমূল্য, মহার্ঘ বস্তু, অক্রেয়, আক্রা।

বহুরূপ, সর্জ্জরস, ধুনা ; শিব, বিষ্ণু ; কামদেব ; সরট, কাকলাস ; ব্রহ্মা ; কেশ ; বৃক্ষবিশেষ ; নানারূপযুক্ত।

বহুরূপা, (বহুরূপ) দুর্গা, ভগবতী ; নানাবর্ণা

বহুরূপী, (বহুরূপিন) নানাবেশধারী ; কৃকলাস ; সর্পবিশেষ।

বহুরেখা, প্রচুরদীর্ঘচিহ্ন, অনেক দাগ।

বহুরেতঃ, (বহু-রেতস) ব্রহ্মা, প্রজাপতি।

বহুরোমা, মেষ ; লোমশ, অনেকলোমযুক্ত।

বহুল, (বহু) প্রচুর ; যথেষ্ট ; অগ্নি ; কৃষ্ণপক্ষ, আকাশ ; কৃষ্ণবর্ণ।

বাঁচাও, রক্ষা, নিস্তার, পরিত্রাণ।
বাঁচান, জীবন রক্ষাকরণ, প্রাণদান।
বাঁঝা, (বন্ধ্যা) বন্ধ্যা, অফলা।
বাঁট, (বট) বণ্টন, বিভাগ; পশুর স্তন।
বাঁটখারা, পরিমাণ দ্রব্য, টক।
বাঁটন, (বাঁট) বণ্টন, বিভাগকরণ, বিলিকরণ
বাঁটা, বণ্টন, বিভাগ; ব্যাজ।
বাঁটিয়া, (বণ্ঠ) বামন, খর্ব্ব, হ্রস্বাঙ্গ।
বাঁটুল, (বর্ত্তুল); গুলি। [নির্ণয় পত্র।
বাঁটোআরা, বিভাগ লিপি, ভাগলেখ্য, অংশ
বাঁড়, (বট) ব্যাজ; বৃদ্ধি, সুদ।
বাঁঠিয়া, (বণ্ঠ) বামন, খর্ব্ব, খাট।
বাঁড়িয়া, (বণ্ড) পুচ্ছহীন, লাঙ্গুল রহিত, বণ্ড
বাঁদর, (বানর) মর্কট, কপি, শাখামৃগ।
বাঁধ (বন্ধ) বন্ধন, সেতু; আলি, রোধ।
বাঁধন, বন্ধন; অবরোধন।
বাঁধনী, আঁটনি; কথার ঐক্য।
বাঁধা, বন্ধন করণ; বন্ধক, আধি, রোধ করণ, আটক করণ।
বাঁধান, বন্ধন করণ, বান্ধিয়া দেওন।
বাঁধাল, সেতু, বাঁধ, আলি, জাঙ্গাল
বাঁশ, (বংশ) বেণু। [মৎস্যবিশেষ।
বাঁশপাতা, বংশের পত্র; পক্ষিবিশেষ;
বাঁশী, (বংশ) বংশী, মুরলী।
বাঁশপাট, [illegible], শুল্ক।
[illegible], জলাশয়।
বাক, (বক) বক সম্বন্ধীয়, বক সম্পর্কীয়।
বাকল, (বল্কল) বৃক্ষত্বক্, চর্ম্ম, ছাল।
বাকস, (বাসক) বৃক্ষবিশেষ।
বাকী, (বাং) বক্রী, অবশেষ।
বাকুচী, ঔষধবিশেষ, হাকুচ; সোমরাজ।
বাকুল, (বকুল) বকুলফুল; বকুলবীজ।
বাক্, (বচ) বাক্য, কথা, উক্তি।
বাককলহ, বাক্য দ্বারা বিবাদ, ছকড়া, কলহ কচকচি; বকাবকি।
বাকীর, শ্যালক, শ্যালা।
বাক্চাতুরী, বাক্যদ্বারা চতুরতা, কথারভঙ্গি
বাকচাপল্য, (বাক-চপল) বাক্যের দ্বারা চপলতাকরণ। [কথন
বাকছল, বাক্যব্যাজ; কথার ছল; মিথ্যা-
বাক্জাল, বহুবাক্য; অনর্থক বাক্য।
বাক্পটু, মিষ্টভাষী, সৎবক্তা।
বাক্পতি, বৃহস্পতি, সুরাচার্য্য; উদ্দাম বচনজ্ঞ; সুবুদ্ধিদ্বারা বাক্য রচক।

বাক্পারুষ্য, [illegible] উচ্চারণ, কটূক্তি, গালাগালি[illegible]
বাক্প্রবন্ধ, বাক্যবাহুল্য, বাক্যরচনা।
বাক্ব্যয়, অনর্থক বাক্য [illegible], বৃথা কথন, মিথ্যা বচন।
বাক্যুদ্ধ, কলহ, ঝকড়া, বাক্যে বিবাদ
বাক্লা, (বল্কল) গাছের ছাল, বৃক্ষত্বক, বল্কল, বাকল।
বাক্সিদ্ধ, বাক্যসাধন; সার্থক বাক্য।
বাক্য, (বচ) পদসমুদায়, কথা, বচন।
বাক্যস্থ, (বাক্য-স্থা) কথনাভিপ্রেত, মুখস্থ, মৌখিক; কথার বশ।
বাক্যার্থ, (বাক্য-অর্থ) কর্ত্তাকর্ম্মাদিযুক্ত পদসমূহের অর্থ, বাক্যের তাৎপর্য্য।
বাক্যালাপ, (বাক্য-আলাপ) কথোপকথন, কথাকর্ত্ত্ব। [স্কার।
বাখান, (ব্যাখ্যান) ব্যাখ্যা, অর্থকরা; তিরবাখারী, (অব-খন) বংশোদ্ভব শলাকা; চুণবিশেষ। [উদ্যান, উপবন
বাগান (বাগা) আয়ত্তকরণ, বশীভূতকরণ,
বাগার, বারুক; প্রাণ; নির্ণয়; বৃক, নেকড়িয়া বাঘ; মুমুক্ষু; পণ্ডিত, নির্ভয়।
বাগারু, আশাহন্তা, আশাভঙ্গক।
বাগাল, পশুরক্ষক, পশুচারক।
বাগিচা, (বাং) উদ্যান, আরাম, উপবন।
বাগী, (বা) কুচকি, বাগি; ধাত্রী, বেত্ররচিত পাত্র বিশেষ। [বাক্যনিপুণ, সুষ্ঠু বক্তা।
বাগীশ, (বাক্-ঈশ) সুরাচার্য্য, বৃহস্পতি;
বাগীশা, (বাক্-ঈশ) সরস্বতী, বাণী, বাগ্দেবী
বাগীশ্বর, (বাক-ঈশ্বর) বৃহস্পতি, বাক্যের অধিপতি।
বাগীশ্বরী, সরস্বতী, বাগ্দেবী। [illegible]
বাগুণ, (বঙ্গন) কর্ম্মরঙ্গফল, কামরাঙ্গা বা
বাগুনিয়া, (বাগুন) বার্ত্তাকুবর্ণবৎ, বেগুনে রং
বাগুরা, (বা) মৃগ বন্ধনার্থ জাল বিশেষ, ফাঁদ
বাগুরিক, (বাগুরা) ব্যাধ, নিষাদ, পশুমারক
বাগে, (বাগ) দিকে, নিকটে; আয়ত্তে।
বাগেং, ক্রমেং; কৌশলে; এ দিকে ও দিকে
বাগেশ্বরী, (বাক্-ঈশ্বরী) সরস্বতী; রাগিণীবিশেষ।
বাগ্গুলি, তাম্বুলী; রাজাদের তাম্বুলবাহক।
বাগড়া, ব্যাঘাত, প্রতিবন্ধক; [illegible]
বাগ্দণ্ড, (বাক্-দণ্ড) তর্জ্জনা; বাক্যদ্বারা
বাগ্দত্ত, (বাক-দত্ত) বাক্যদ্বারা দান করা

বাতকী, (বাতিকিন) বাতরোগযুক্ত, বাতরোগী, বেতো।
বাতকুম্ভ, গজকুম্ভের অধোভাগ।
বাতকেতু, ধূলি, ধূলা, ধূসরী।
বাতকেলী, লম্পটের দন্তক্ষত চিহ্ন। [পাখী।
বাতগামী, (বাত-গামিন) পক্ষী, বিহঙ্গ,
বাতগুল্ম, বাতুল, ক্ষিপ্ত, পাগল।
বাতগ্রস্ত, বাতরোগবিশিষ্ট, উন্মত্ত, পাগল
বাতঘ্নী, (বাত-হন) শালপর্ণীবৃক্ষ, শালপাণীগাছ; অশ্বগন্ধাবৃক্ষ।
বাততুল, আকাশে উড্ডীয়মান সূত্র, আকাশবুড়ীর সূতা
বাতধ্বজ, মেঘ, জলদ, বারিদ।
বাতপিত্তজশূল, শূলরোগবিশেষ।
বাতপুত্র, মহাধূর্ত্ত; ভীমসেন; হনুমান [জ্বর
বাতপৈত্তিক, (বাতপিত্ত) বাতপিত্ত জনিত
বাতপোথ, কিংশুকবৃক্ষ, পলাশগাছ।
বাতপ্রমী, বাতমৃগ, বাওটী হরিণ; নকুল, বেজী; অশ্ব, ঘোটক, হয়। [কোঁকড়া।
বাতফুল্লান্ত্র, ফুস্ফুস, বাম পার্শ্বস্থ মলাশয়,
বাতবান, বায়ুযুক্ত, বাতবিশিষ্ট।
বাতব্যাধি, বাতরোগ; বায়ুরোগ, উন্মাদ।
বাতমজ, বাতমৃগ, বাওট্ হরিণ।
বাতমণ্ডলী, বাত্যা, ঝটিকা, ঝড়।
বাতমৃগ, মৃগবিশেষ, বাওট্ হরিণ। [রোগ
বাতরক্ত, রোগবিশেষ, বায়ু ও রক্ত ঘটিত
বাতরক্তঘ্ন, (বাতরক্ত-হন) কুক্কুরমুড়া গাছ।
বাতরক্তারি, (বাতরক্ত-অরি) পিত্তগ্লীলতা; গুলঞ্চ।
বাতরঙ্গ, অশ্বথ বৃক্ষ।
বাতরথ, মেঘ, ঘন, জলধর, জলদ।
বাতরায়ণ, উন্মত্ত, ক্ষিপ্ত, পাগল; নিষ্প্রয়োজন; সরল বৃক্ষ।
বাতরূষ, বাতুল, ক্ষিপ্ত, পাগল; উৎকোচ, ঘুষ; ইন্দ্রধনুঃ, রামধনুঃ।
বাতরোগ, বায়ু জন্য ব্যাধি বিশেষ
বাতরোগী, (বাতরোগ) বাতরোগবিশিষ্ট; বায়ুরোগে পীড়িত, বেতোরোগী।
বাতর্কি, কাষ্ঠ এবং লৌহ উভয়ে নির্ম্মিত পাত্র, কাষ্ঠালৌহী।
বাতল, চণক, ছোলা, বায়ু কারক।
বাতমণ্ডলী, বাত্যা, ঝটিকা, ঝড়।
বাতশীর্ষ, বস্তি; নাভির অধোভাগ; বস্ত্রের প্রান্তভাগ, কাপড়ের দশী
বাতশূল, বায়ু জনিত শূলরোগ
বাতশোণিত, বাতরক্ত রোগ।
বাতসহ, অত্যাক্ত
বাতসারথি, অগ্নি, অনল, বহ্নি।
বাতস্কন্ধ, আকাশের ভাগ বিশেষ। [ধ্ধ।
বাতহা, (বাত-হন) বাতঘ্ন; বায়ু নাশক ঔ-
বাতট, সূর্য্যের অশ্ব; বাতমৃগ। [ভল্লু।
বাতাণ্ড, (বাত-অণ্ড) মুষ্করোগবিশেষ; ধ্বজ-
বাতাদ, ফলবিশেষ, বাদাম। [ভোজী।
বাতাপি, অসুর বিশেষ, ইম্বল অসুরের
বাতাপিদ্বিট, মুনি বিশেষ, অগস্ত্য মুনি।
বাতাবিনেবু, (বাং-নেবু) নেবুবিশেষ।
বাতামোদা, কস্তুরী, মৃগনাভি, মৃগমদ।
বাতায়ন, (বাত-অয়ন) গবাক্ষ, ঝরকা; অশ্ব, ঘোটক, ঘোড়া।
বাতায়ু, হরিণ, মৃগ, এণ।
বাতারি, (বাত-অরি) এরণ্ড বৃক্ষ, ভেরাণ্ডা গাছ; শতমূলী; শেফালিকা; জোয়ানি, যবানী, স্নুহীবৃক্ষ, সিজগাছ; বিড়ঙ্গ; শূরণ, ওল।
বাতালী, বাত্যা, ঝটিকা, ঝড়। [ঘোটক।
বাতাশ্ব, (বাত-অশ্ব) অশ্ববিশেষ, উত্তম
বাতাস, (বাত) বায়ু, বাত, অনিল, পবন।
বাতাসহ, বাতুল, ক্ষিপ্ত, উন্মত্ত। [ফেনী।
বাতাসা, (বাত-অস) গুড়বিকার বিশেষ,
বাতী, (বর্ত্তিকা) বায়ু; সূর্য্য; চন্দ্র, প্রদীপের দশা, শলিতা। [পোষা রোগ।
বাতিক, (বাত) বায়ু জনিত ব্যাধি, বাতো-
বাতিগম, বার্ত্তাকু, বেগুন।
বাতিঙ্গন, বার্ত্তাকী, বেগুণ।
বাতিল, (বাং) মিথ্যা, অপকৃষ্ট, নিষ্ফল, রদ
বাতী, (বর্ত্তিকা) দশা, শলিতা, বর্ত্তিকা।
বাতীক, (বাত) কাণ্ডুক, ক্রাঞ্চি।
বাতুল, (বাত) বায়ুগ্রস্ত, উন্মত্ত, ক্ষিপ্ত।
বাতুলি, তরুতুলিকা, বাদুড়।
বাতোনা, গোজিহ্বাবৃক্ষ; বায়ুহীন।
বাতোল্বণ, (বাত-উল্বণ) রোগবিশেষ, বায়ু জন্য উল্বণ ব্যাধি। [বিশিষ্ট।
বাতোল্বণী, (বাত-উল্বণ) বাতোল্বণ রোগ
বাত্যা, (বাত) বায়ু সমূহ, প্রবলতর বায়ু ঝটিকা, ঝড়। [বিশেষ।
বাৎসল্য, (বৎসল) স্নেহ; প্রেরণা; রস-
বাৎসীপুত্র নাপিত, ক্ষুরকর্ম্মকারী।
বাৎস্য, (বৎস) মুনিবিশেষ

বাদ্রায়ন, মুনি বিশেষ।

(অব-আ-স্থা) গোশালা; গোষ্ঠ, গোঠ

বাদ, (বদ) যথার্থ বোধেচ্ছু ব্যক্তির বাক্য, বিতণ্ডা, দোষজনক বাক্য।

বাদক, (বদ) বাদ্যকর; বক্তা, কথক।

বাদকারী, (বাদ-কারিন) বিবাদকারী, বিতণ্ডাকারক।

বাদন, (বদ) বাদ্যকরণ, বাজান।

বাদবিতণ্ডা, বিতর্ক, তর্ক, বাদানুবাদ।

বাদর, কার্পাস নির্ম্মিত বস্ত্রাদি।

বাদরঙ্গ, অশ্বত্থবৃক্ষ, বাতরঙ্গ।

বাদরায়ণ, বাদরায়ণি, ব্যাসদেব, কৃষ্ণদ্বৈপায়ন।

বাদরায়ণি, বেদব্যাস, কৃষ্ণদ্বৈপায়ন।

বাদরিক, (বদর) বদর চয়ন কর্ত্তা, কুলফল চয়ন কারক।

বাদল, (বাদল) মধুযষ্টিকা, যষ্টিমধ; মেঘ; [স্বন]

বাদলা, (বাদল) বর্ষা; গোটা, জরী, তার, স্বর্ণ রে।

বাদলীপোকা, বর্ষাকালজাত কীট।

বাদা, (বাং) জলময় স্থান, জলা; বন, জঙ্গল

বাদানুবাদ, (বাদ-অনুবাদ) বাক্যকলহ; পরিবাদ, ঝকড়া।

বাদাম, (বাতাম) ফলবিশেষ; নৌকার পাইল

বাদামতক্তি, মিষ্টান্নবিশেষ। [তুল্য।

বাদামিয়া, (বাদাম অগ্রাকৃতি; বাদান

বাদান্য, (বদান্য) বহুপ্রদ, বড় দাতা।

বাদাল, মৎস্যবিশেষ বোয়ালমাছ।

বাদি, বিদ্বান্, পণ্ডিত, বিদ্যাবান্।

বাদিত, (বদ) ধ্বনিত, বাজান।

বাদিত্র, (বদ) বাদ্য, বাজনা।

বাদিয়া, (বিষবৈদ্য) বর্ণসঙ্কর বিশেষ, অন্ত্যজ, বেদিয়া। [ন্যায় ছোট ফল।

বাদির, বদরী সদৃশ ক্ষুদ্র ফল, কুলের

বাদিশ, সাধুবাদী, সাধুবাদ কারক।

বাদী, (বাদিন) বক্তা; অর্থী, বিবাদকর্ত্তা, প্রতিবাদী, অভিযোক্তা।

বাদুড়, (বাতুলি) পক্ষি বিশেষ, বাদুলীপক্ষী

বাদ্য, (বদ) বাজনা; বাদিত্র, আতোদ্য।

বাদ্যকর, (বাদ্য-কৃ) বাদ্যবাদক, বাজনার বাজাওয়ালা।

বাদ্যভাণ্ড, বাদনীয় পাত্র, মৃদঙ্গাদি বাদ্যযন্ত্র

বাদ্যোদ্যম, (বাদ্য-উদ্যম) বাদ্যের শব্দ, বাদ্যধ্বনি।

বাদ্‌শাহা, (পাং) রাজা, ভূপতি, নৃপতি।

বাধ, (বাধ) প্রতিবন্ধক; ব্যাঘাত; নিবারণ

বাধক, (বাধ) স্ত্রীলোকের গর্ভ প্রতিবন্ধক-রোগ বিশেষ; বাধাজনক।

বাধকতা, (বাধক) প্রতিবন্ধকতা, বিপক্ষতা, প্রাতিকূল্য, বাধা।

বাধন, (বাধ) আটক হওন; নিবারণ, পীড়াদেওন; প্রতিবন্ধকতা করণ, বাধাপড়ন

বাধা, (বাধ) পীড়া; আটক, প্রতিবন্ধক; ব্যাঘাত, নিষেধ।

বাধাই, (বৃধ) আনন্দোৎসব; গীত বিশেষ, সংকীর্ত্তন, নন্দোৎসবের গীতবিশেষ।

বাধাজনক, ব্যাঘাতজনক, নিষেধ জনক।

বাধাড়ি, (বাঁধা-অড়) চর্ম্মকারের যন্ত্রবিশেষ

বাধিত, (বাধ) বাধাযুক্ত, নিবৃত্ত; প্রতিরুদ্ধ

বাধির্য্য, (বধির) কর্ণরোগ বিশেষ, বধিরতা, শ্রবণশক্তি রাহিত্য।

বাধুক্য, বিবাহ, উদ্বাহ, পরিণয়।

বাধু, বহিত্র, নৌকার হাইল দাঁড়।

বাধ্য, (বাধ) সাধনীয়; নির্ভর; বশীভূত।

বাধ্যতা, (বাধ্য) বাধ্যত্ব; বশ্যতা, অধীনতা।

বাধ্যত্ব, (বাধ্য) বশ্যতা, অধীনত্ব।

বাধীনস, পশুবিশেষ, খড়্গী গণ্ডার।

বান, (বৈ) শুষ্কফল; শুষ্ক; সুরঙ্গ; জলসমূহ, জলপ্লাবন বন্যা, বান।

বানক, (বনা) রেশম প্রস্তুত করণের স্থান।

বানপ্রস্থ, (বন-প্রস্থ) মধূকবৃক্ষ, মহুয়ার গাছ, পলাশ বৃক্ষ; তৃতীয়াশ্রম, অরণ্যবাস

বানপ্রস্থী, (বানপ্রস্থ) তৃতীয়াশ্রমী, বনাশ্রমী

বানর, (বন-রম) পশুবিশেষ, কপি, শাখামৃগ, মর্কট, কীশ, হনুমান। [তিন্দুকফল।

বানরপ্রিয়, ক্ষীরিকাবৃক্ষ, ক্ষীরইগাছ; চা-

বানরাঘাত, লোধ্র বৃক্ষ, লোধগাছ।

বানরামি, (বানর) বানরের ধর্ম্ম, বানরত্ব।

বানরাক্ষ, বনছাগ, বনছাগল।

বানরী, (বানর) মর্কটী, বানরজাতীয়া স্ত্রী, শূকশিম্বী লতা।

বানরেন্দ্র, (বানর-ইন্দ্র) সুগ্রীব, কপিরাজ।

বানল, বাবুই, বাবই, কৃষ্ণবাবুই গাছ।

বানস্পত্য, (বনস্পতি) পুষ্পজাত ফলবৃক্ষ, আম্র জাম ইত্যাদি গাছ।

বানা, (বণ্ড) বর্ত্তিকাপক্ষী বিশেষ।

বানান, (বানা) ব্যঞ্জন বর্ণে স্বর সংযোগ করিয়া উচ্চারণ।

বানায়, দেশবিশেষ।

বারিচামর, শৈবাল, শেওলা।
বারিজ, (বারি-জন) পদ্ম; লবঙ্গ, শঙ্খ; শম্বুক, শামুক; জলজাত। [নাকরা।
বারিত, (বৃ) নিষেধিত, প্রতিষেধিত, মা-
বারিতস্কর, মেঘ; সূর্য্য, দিবাকর।
বারিত্র, ছত্র, ছাতি।
বারিদ, (বারি-দা) জলদ, মেঘ; মুস্তক, মুতা
বারিধি, (বারি-ধা) সমুদ্র, সাগর, জলনিধি।
বারিনাথ, বরুণ; সমুদ্র; মেঘ।
বারিনিধি, সমুদ্র, সাগর, জলধি।
বারিপথিক, (বারি-পথিন) জলপথগামী, জল পথে গমনকর্ত্তা। বারিকাণ্ডকা।
বারিপর্ণী, (বারি-পর্ণ) কুম্ভিকা, পানা;
বারিপ্রবাহ, নির্ঝর, ঝরণা, জলপ্রবাহ।
বারিপ্রশ্নী, কুম্ভিকা, পানা, বারিপর্ণী।
বারিবালক, শৈবাল, শেওলা।
বারিবাস, শৌণ্ডিক, শুঁড়ী, মদ্যবিক্রেতা।
বারিবাহ, (বারি-বহ) মেঘ, ঘন; মুস্তা, মুতা
বারিবাহন, (বারি-বহ) মেঘ জীমূত, জলধর
বারিভূ, (বারি-ভূ) জলকার, [এলা
উসুই; মণ্ডুক, ভেক, ব্যাং।
বারিমুচ্, মেঘ, নীরদ, বারিদ পয়োধর
বারিমূলী, (বারি-মূল) কুম্ভিকা, পানা।
বারিরথ, ভেলক, ভেলা।
বারিরাশি, সমুদ্র, জলনিধি, সাগর
বারিরুহ, কমল অম্বুজ, পদ্ম, ক
বারিলোম, বরুণ, জলাধিপতি।
বারিশ, জলশায়ী, বিষ্ণু, নারায়ণ
বারিসম্ভব, লবঙ্গ; সৌবীর অঞ্জন; উশীর, খসখসিয়া। [পার।
বারী, (বৃ) হস্তিবন্ধনার্থ রজ্জু, কলস, জল
বারীট, হস্তী, করী, দন্তী হাতী। [অর্ণব।
বারীশ, (বারি-ঈশ) সমুদ্র, সাগর, বারিধি,
বারু, বিজয়কুঞ্জর, বিজয় হস্তী।
বারুণ, (বরুণ) জল; বরুণ সম্বন্ধীয়।
বারুণকর্ম্ম, জলাশয় খননাদি ক্রিয়া।
বারুণি, (বরুণ) মুনিবিশেষ, অগস্ত্যমুনি।
বারুণী, (বরুণ) মদিরা, সুরা; পশ্চিম দি-ক; শতভিষা নক্ষত্র; গণ্ডদূর্ব্বা; দূর্ব্বা; শতভিষা নক্ষত্র যুক্ত চৈত্র কৃষ্ণত্রয়োদশী।
বারুণীবল্লভ, বরুণ, জলাধিপতি।
বারুণ্ড, সর্পের রাজা, অনন্ত, ফণিরাজ; নৌকার জলসেচন পাত্র; নেত্রমল, পিচুটি, কর্ণমল, কাণের খইল।
বারুদ, (বৃধ) সোরা গন্ধকাদি মিশ্রিত চূর্ণ-বিশেষ, অগ্ন্যস্ত্রের উপযোগি বস্তু।
বারুদখানা, (বারুদ-খাং) বারুদ রাখিবার স্থান, আয়, মেগাজিন। [শুকুৎ।
বারেক, (বার-এক) একবার, এক সময়,
বারেন্দ্র, (বার-ইন্দ্র) ব্রাহ্মণ জাতির শ্রেণি-বিশেষ; বঙ্গদেশের অন্তর্গত বরেন্দ্র প্রদেশীয় ব্রাহ্মণ। [নামক প্রদেশের একদেশ।
বারেন্দ্রী, (বরেন্দ্র) দেশ বিশেষ, রাজসাহী
বারেং, (বার) প্রতিবার; পুনঃপুনঃ।
বারো, (দ্বাদশ) সংখ্যাবিশেষ ১২।
বারোআরি, (বারো) সামান্য, সাধারণ; বা-রোএয়ারী, দ্বাদশ জনের কর্ত্তৃত্ব বিশিষ্ট
বারোদ্বারী, (বারো-দ্বারিন) দ্বাদশদ্বারযুক্ত গৃহ বিশেষ সর্ব্বত্রগামী, ভিক্ষুক।
বার্ট, জলচর পক্ষী, হংস, হাঁস, বরাট।
বার্ণিক, (বর্ণ) লেখক, লিপিকর।
বার্ত্ত, (বৃৎ) আরাম, আরোগ্য, পীড়ারহিত নিরাময়; বৃত্তিশালী।
বার্ত্তক, পক্ষিবিশেষ, বটের পাখী।
বার্ত্তা, (বৃৎ) সমাচার, সংবাদ; কথা, বৃত্তান্ত বৃত্তি। [ক্ষী, বটের পাখী।
বার্ত্তাক, (বৃৎ) বার্ত্তাকু, বেগুণ; বার্ত্তিক প-
বার্ত্তাকী, (বৃৎ) বার্ত্তাকু, বেগুণ, বাগুন।
বার্ত্তাকু, (বৃৎ) বেগুণ, ফল বিশেষ।
বার্ত্তাবহ, (বার্ত্তা-বহ) দূত, সন্দেশহারী; ধান্যতণ্ডুলাদি বাহী; পসারী।
বার্ত্তায়ন, (বৃৎ) গূঢ়পুরুষ, চর।
বার্ত্তিক, (বার্ত্তা) চর; বৈশ্যজাতি; বার্ত্তিক-পক্ষী, উক্ত অনুক্ত দুরুক্তার্থের প্রকাশক গ্রন্থ বিশেষ, বেগুণ। [পাখী
বার্ত্তিকা, (বার্ত্তিক) পক্ষি বিশেষ, বটের
বার্দ্দর, দক্ষিণাবর্ত্ত শঙ্খ; কাকচিঞ্চাশাক; ভারতী পক্ষী, ভারই পাখী; জল; আম্র-বীজ, আমের আঁটি। [দোয়াত।
বার্দ্দল, দুর্দ্দিন, বাদল, বর্ষাকাল; মস্যাধার,
বার্দ্ধক, (বৃদ্ধ) বৃদ্ধসমূহ; বৃদ্ধের কর্ম্ম; বৃদ্ধত্ব [ব, প্রাচীনত্ব।
বার্দ্ধক্য, (বৃদ্ধ) বৃদ্ধাবস্থা; বৃদ্ধত্ব, স্থাবিরত্ব-
বার্দ্ধি, সমুদ্র, সাগর, জলধি, অর্ণব।
বার্দ্ধুষি, (বৃদ্ধি) বার্দ্ধুষিক, বৃদ্ধিজীবী, মেত্তা-ভুক, বাড়িখোর, ব্যাজখোর, সুদখোর, কুসীদী।
বার্দ্ধুষিক, (বৃদ্ধি) বৃদ্ধিজীবী, সুদখোর।

বাহুদন্তি, ইন্দ্র, দেবরাজ, শক্র, সুরপতি।
বাহুদা, নদীবিশেষ, বাহুদাখ্যা নদী।
বাহুবল, ভুজবল, হস্তের শক্তি, হস্তপরাক্রম
বাহুবার, বৃক্ষবিশেষ, শ্লেষ্মাতক বৃক্ষ।
বাহুভূষা, কেয়ূর, বলয়, বালা, বাহু দ্বয়ের ভূষণ মাত্র।
বাহুভেদী, বিষ্ণু; বাহুভেদক।
বাহুমূল, কক্ষ, বগল, দোর্মূল। কোলাকুলি।
বাহুযুদ্ধ, ভুজদ্বয়ের দ্বারা সংগ্রাম; মল্লযুদ্ধ।
বাহুল, (বাহু-লা) বাহুত্রাণ; অস্ত্রাঘাত নিবারণার্থ বাহুবন্ধ লৌহাদি নির্মিত মাস, শাক্যমুনিসুত; অগ্নি, অনল
বাহুলেয়, কার্ত্তিকেয়, ষড়ানন, কুমার।
বাহুল্য, (বহুল) বহুলত্ব, আতিশয্য, প্রাচুর্য্য
বাহুল্যাংশ, (বাহুল্য-অংশ) অধিকাংশ, অতিশয্য।
বাহুসহস্রভৃৎ, কার্ত্তবীর্য্যার্জ্জুন।
বাহ্বাহাব,(বাহু-আহব) বাহুযুদ্ধ [illegible]
বাহ্য, (বাহস) যান, [illegible] বাহিরের।
বাহ্যক্রিয়া, শৌচক্রিয়া, মলমূত্রাদি পরি-
বাহ্যজ্ঞান, বহিরিন্দ্রিয় জন্য বোধ; স্থূলজ্ঞান, সামান্য বোধ।
বাহ্যস্থান, মলমূত্রত্যাগের স্থান, পায়খানা।
বাহ্যে, (বাহস) বহির্দ্দেশে; শৌচ; প্রকাশ্যে
বাহ্যেন্দ্রিয়, (বাহ্য-ইন্দ্রিয়) বহিরিন্দ্রিয়, চক্ষুঃ জিহ্বা নাসিকা ত্বক শ্রোত্র ও হস্ত পদ আস্য গুহ্য লিঙ্গাদি।
বাহ্লিক, বাহ্লীক দেশ; কুঙ্কুম; হিঙ্গু
বাহ্লীক, দেশবিশেষ, তদ্দেশজ ঘোটক, গন্ধর্ব্ববিশেষ; কুঙ্কুম; হিঙ্গু।
বি, উপসর্গবিশেষ; বিগ্রহ, বিয়োগ, নিশ্চয়; ঈষদর্থ; পক্ষী, বিহগ, খগ।
বিআজ,(বি-অজ) বিলম্ব; টাকার বৃদ্ধি, ফাও
বিউনী, (বেণী) বেণী, কেশবন্ধন বিশেষ।
বিংশ, (বিংশতি) বিংশতির পূরণ, বিশ এর, বিংশতিতম।
বিংশক, (বিংশ) বিংশতি, কুড়ি, বিশ।
বিংশতি, (দ্বি) সংখ্যাবিশেষ, কুড়ি, বিশ।
বিংশতিতম, (বিংশতি) বিংশ, বিশের, বিংশতির পূরণ।
বিঁধ (বিধ) ছিদ্র, রন্ধ্র, ফুঁদা, গর্ত্ত
বিঁধন (বিধ) ছিদ্র করণ, বেঁধন।
বিউনী, (বেণী) বেণী জড়িত কেশ।

বিউলী, (বি-অল) নিস্তুক্, কলায়, দাইল
বিক, সদ্যঃপ্রসূতা গাভীর দুগ্ধ, পয়ঃ।
বিকঙ্কট, গোক্ষুর, গোক্ষুরী লতা।
বিকঙ্কত, বৃক্ষবিশেষ বঁইচি গাছ।
বিকচ, (বি-কচ) রাক্ষস; কেতু গ্রহ; বিকসিত, প্রফুল্ল; কেশশূন্য, মুণ্ডিত।
বিকচ্ছ, কচ্ছ রহিত, মুক্তকচ্ছ, কাছাহীন।
বিকট, (বি-কট) বিশাল; ভয়ানক, করাল; বিস্ফোটক, বিষফোড়া; দন্তুর, বৃহৎ দন্ত যুক্ত; বিকৃত। ভয়ানকাকার।
বিকটাকার, (বিকট-আকার) বিকটমূর্ত্তি,
বিকণ্টক, যবস, ঘাস তৃণ; বৃক্ষবিশেষ।
বিকত্থন, মিথ্যা শ্লাঘা; বৃথা গর্ব্ব।
বিকন, (বিক্রী) বিক্রয়, বেচন
বিকম্পিত, বিশেষ রূপে কম্পনবিশিষ্ট; অতিশয় আন্দোলিত, প্রকম্পিত।
বিকর, (বি-কৃ) রোগ, পীড়া, ব্যাধি, আময়
বিকরাল, (বি-করাল) ভয়ানক, বিকট।
বিকর্ণ, রাজা দুর্য্যোধনের পক্ষীয় শূরবিশেষ; যোদ্ধা বিশেষ।
বিকর্ণিক, দেশ বিশেষ, সারস্বত দেশ।
বিকর্ত্তন, (বি-কৃৎ) সূর্য্য, রবি; অর্কবৃক্ষ, আকন্দ গাছ। [কৃ.রী. প্রতিবিদ্ধাচারী।
বিকর্ম্মকৃৎ, নিষিদ্ধ কর্ম্মকারী; বিরুদ্ধকর্ম্ম
বিকর্ম্মস্থ, (বিকর্ম্ম-স্থা) নিষিদ্ধ কর্ম্মকারী, বিরুদ্ধকর্ম্মকর্ত্তা।
বিকর্ষ, (বি-কৃষ) বাণ, ইষু, শর, বিশিখ।
বিকর্ষণ, (বি-কৃষ) আকর্ষণ, টানন।
বিকল, (বি-কলা) অঙ্গ হীন, বিহ্বল, অপ্রকৃতিস্থ; অবশ; কাতর।
বিকলপাণিক, (বিকল-পাণি) অপ্রকৃতিস্থ হস্তযুক্ত, বিকৃতহস্ত, নুলা।
বিকলা, ঋতুহীনা স্ত্রী; অবশা; বিহ্বলা।
বিকলাঙ্গ, (বিকল-অঙ্গ) অঙ্গবৈকল্যযুক্ত; ন্যূনাঙ্গ; অঙ্গহীন, খঞ্জপ্রভৃতি।
বিকলী, (বিকলা) ঋতুহীনা স্ত্রী, বিরজা।
বিকলেন্দ্রিয়, (বিকল-ইন্দ্রি) অবশ হস্ত পদাদি, ইন্দ্রিয় হীন।
[illegible], (বি-কৢপ) সন্দেহ, সংশয়; ভ্রান্তি
বিকল্পন, (বি-কৢপ) বিবিধ কল্পনা করণ, সংশয় করণ। [ষিত; সন্দিগ্ধ; অনিয়ত।
বিকল্পিত, (বি-কৢপ) বিকল্পযুক্ত; সন্দেহ-
বিকশন, (বি-কাশ) প্রকাশন, স্ফুটন, প্রস্ফুটিত হওন, প্রফুল্ল হওন।

বিকশিত, (বি-কাশ) প্রস্ফুটিত, প্রকাশিত।
বিকস্বর, বিকাশী প্রকাশশীল বিকাশবিশিষ্ট
বিকস্বর, বিকাশশীল, প্রকাশবিশিষ্ট।
বিকস, চন্দ্র বিধু, শশী, নিশাকর।
বিকস, লতাবিশেষ মাঞ্জিষ্ঠা লতা।
বিকসিত, প্রকাশিত ; প্রফুল্ল ; হসিত।
বিকস্বর, বিকাশশীল, বিকাশী, প্রকাশশীল
বিকস্বরা, শাক বিশেষ, রক্তপুনর্নবা।
বিক্রান, (বি-ক্রী) বিক্রয় হওন, বিক্রীত।
বিকার, (বি-কৃ) প্রকৃতির অন্যথাভাব, বিকৃত, রোগ ; মন্দ।
বিকারঘ্ন, (বিকার-হন) বিকার নাশক।
বিকাররহিত, নির্ব্বিকার, মনের অন্যথা ভাব শূন্য ; [নির্ব্বিকারতা।
বিকাররাহিত্য, মনের অন্যথা ভাবশূন্যত্ব ;
বিকাররোগ, ব্যাধিবিশেষ।
বিকারী, বিকৃতিকারক ; রোগী।
বিকার্য্য, (বি-কৃ) বিক্রিয়ার যোগ্য, বিকারস্থ
বিকাল, (বি-কাল) দৈবপৈত্রাদি কর্ম্মের বিরুদ্ধকাল ; বৈকাল, অপরাহ্ণ, পরাহ্ণ।
বিকালিক, মানরন্ধ্র, তাম্রী ভাবী। বিক্তি।
বিকাশ, (বি-কাশ) রহঃ, নির্জ্জন ; প্রকাশ,
বিকাশন, (বিকাশ) প্রকাশন, প্রস্ফুটন।
বিকাশিত, (বি-কাশ) প্রকাশিত, প্রস্ফুটিত, প্রফুল্ল।
বিকাশী, বিকাশশীল, প্রকাশবিশিষ্ট।
বিকির, পক্ষী, কূপ ; পূজাকালীন বিঘ্নোৎসারণার্থ ক্ষেপণীয় তণ্ডুলাদি।
বিকী, (বিক্রয়) বিক্রয়, বেচা।
বিকীকিনী, (বিক্রয়) ক্রয়বিক্রয়, বেচা কেনা
বিকীরণ, (বি-কৃ) বিস্তীর্ণতা, বিক্ষিপ্ত হওন ; বিস্তর্ণ, ছড়ান।
বিকীর্ণ, (বি-কৃ) বিক্ষিপ্ত ছড়ান।
বিকীর্ণতা, বিস্তীর্ণতা, ছড়ান।
বিকীর্য্য, (বি-কৃ) বিক্ষিপ্ত হওনোপযুক্ত।
বিকুস্র, চন্দ্র, বিধু, নিশাকর।
বিকুক্ষি, ইক্ষ্বাকু রাজপুত্র।
বিকুণিকা, নাসিকা, নাসা, নাক।
বিকৃত (বি-কৃ) স্বভাবের অন্যথা ভাব প্রাপ্ত, বিকারবিশিষ্ট ; বীভৎস ; রুগ্ন ; অসংস্কৃত, নষ্ট।

বিকৃষ্ট, বিশেষরূপে কর্ষিত ; আকৃষ্ট।
বিকৢপ্ত, নানাপ্রকার, বহুবিধ, বহুরূপ।
বিকোশ, কোষরহিত, নিষ্কোষ।
বিক্ক, করিশাবক, করভ, হস্তিশিশু।
বিক্রম, (বি-ক্রম) শৌর্য্যাতিশয়, অতিশয় বল ; বিক্রমাদিত্য রাজা ; চরণ। [বিক্রান্ত।
বিক্রমরহিত, পরাক্রমশূন্য, শক্তিরহিত,
বিক্রমাদিত্য, (বিক্রম-আদিত্য) উজ্জয়িনী দেশাধিপতি, সম্বৎ নামে শক প্রবর্ত্তক রাজা, সূর্য্যসদৃশ-শৌর্য্যান্বিত।
বিক্রমার্ক, (বিক্রম-অর্ক) বিক্রমাদিত্য, উজ্জয়িনীরাজ। [শক্তিবিশিষ্ট।
বিক্রমী, (বিক্রম) সিংহ ; বিষ্ণু ; অতিশয়
বিক্রয় (বিক্রী) বিক্রয়ণ ক্রিয়া, বেচা, মূল্য গ্রহণ পূর্ব্বক স্বত্ব ত্যাগ।
বিক্রয়ণ, (বি-ক্রী) বিক্রয়, বেচন, মূল্য গ্রহণপূর্ব্বক স্বত্ব ত্যাগ করণ।
বিক্রয়ণীয়, (বি-ক্রী) বিক্রয়ার্হ, বিক্রেয়, বিক্রয়োপযুক্ত, বেচিবার যোগ্য।
বিক্রয়িক, বিক্রেতা, বিক্রয়ী, বিক্রয়কর্ত্তা।
বিক্রয়ী, (বিক্রয়িন) বিক্রেতা ; বিক্রয়কর্ত্তা।
বিক্রান্ত, (বি-ক্রম) বৈক্রান্তমণি ; শূর ; সিংহ, পঞ্চাস্য, কেশরী।
বিক্রান্তি, অশ্বগতি, প্লুতায়িত, বিক্রম
বিক্রায়িক, বিক্রেতা, বিক্রয়কারক, বিক্রয়ী
বিক্রিয়া, (বি-কৃ) বিকার, বিকৃতি, স্বভাবের অন্যথা ভাব। [স্বত্বত্যাগ করা।
বিক্রী, (বিক্রয়) বিক্রী, বেচা, মূল্য লইয়া
বিক্রীড়িত, (বি-ক্রীড়া) কৃতক্রীড়, বিলসিত
বিক্রীত, (বি-ক্রী) কৃতবিক্রয়, বেচা, বিক্রয় করা। [রাজা।
বিক্রুষ্ট, নিষ্ঠুর, নির্দ্দয়, নৃশংস, নির্ম্মম, দু-
বিক্রেতা, (বি-ক্রী) বিক্রয় কর্ত্তা, বিক্রয়ী।
বিক্রেয়, (বি-ক্রী) বিক্রয়যোগ্য দ্রব্য, বেচিবার উপযুক্ত, পণিতব্য, পণ্য।
বিক্লব, (বি-ক্লব) বিহ্বল ; বিকল, জ্ঞানশূন্য
বিক্লান্ত, শ্রান্ত, শ্রমযুক্ত, অবসন্ন।
বিক্লিন্ন, (বি-ক্লিদ) জরাদ্বারা জীর্ণ ; জীর্ণ ; আর্দ্র, ভিজা ; শুষ্ক ; ম্লান।
বিক্লেদ, আর্দ্রতা ; ক্লেদ, পূঁষ, রসাদি।
বিখ, গতনাসিক, খাঁদা, নতনাসিক।
রাজা।
অনম্বিত

বিচক্ষণ, (বি-চক্ষ) পণ্ডিত, নিপুণ, বিজ্ঞ।
বিচক্ষণা, নাগদন্তীবৃক্ষ ; নিপুণা স্ত্রী।
বিচক্ষুঃ, (বি-চক্ষুস্) বিমনাঃ, অন্যমনস্ক ;
বিগত নয়ন, নষ্টচক্ষুঃ। [খেত।
বিচাড়, (বীজ-অড়) বীজক্ষেত্র, বীজরক্ষণের
বিচার, (বি-চর) ন্যায়, তত্ত্বনির্ণয়, সন্দিগ্ধ
বিষয়ে প্রমাণ দ্বারা তত্ত্বপরীক্ষা; প্রণিধান ;
সমাধান ; বিবেচনা। [কারক ; বিবেচক।
বিচারক, (বি-চর) বিচারকর্ত্তা, মীমাংসা-
বিচারকর্ত্তা, (বিচার-কর্ত্তৃ) বিচারক, মীমাং-
সাকারক। [সা শাস্ত্র।
বিচারণা, (বি-চর) বিচার, বিবেচনা ; মীমাং-
বিচারণীয়, (বি-চর) বিচার্য্য, বিচারযোগ্য,
বিবেচনার্হ ; শাস্ত্র। [রস্থ।
বিচারস্থল, ব্যবস্থা ; বিচার লক্ষণ ; বিতর্কা-
বিচারানর্হ, (বিচার-অনর্হ) বিচারযোগ্য, বি-
বেচনানুপযুক্ত। [ব্য ; তর্কযোগ্য।
বিচারার্হ, (বিচার-অর্হ) বিচার্য্য, বিচারিত-
বিচারিত, (বি-চর) কৃতবিচার ; বিবেচিত,
বিতর্কিত ; নির্ণীত। [র্ককারক।
বিচারী, (বি-চর) বিচারক ; বিচারকর্ত্তা, ত-
বিচার্য্য, (বি-চর) বিচারিতব্য, বিচারণীয়
বিবেচনার্হ ; তর্কযোগ্য।
বিচাল, অভ্যন্তর ; মধ্যভাগ, অন্তরাল।
বিচালিত, বিগত, স্থানচ্যুত ; আন্দোলিত ;
নড়ান। [খড়।
বিচালী, (বিচ-আলী) শুষ্ক ধান্যতৃণ, নাড়া,
বিচি, (বীজ) বীজ ; তরঙ্গ, ঢেউ ; মুষ্ক, অণ্ড
কোষ ; [অপ্রতীকার ; কদর্য্য, মন্দ।
বিচিকিৎসা, সন্দেহ, সংশয় ; অচিকিৎসা,
বিচিত্র, বি-চিত্র) কর্ব্বূর বর্ণ ; আশ্চর্য্য ; বি-
স্ময় ; চমৎকার ; নানাবর্ণ।
বিচিত্রক ভূর্জ্জবৃক্ষ, ভোজপাতের গাছ।
বিচিত্রদেহ, মেঘ ; আশ্চর্য্য শরীর ; নানা-
বর্ণ দেহ। [সু রাজপুত্র।
বিচিত্রবীর্য্য, চন্দ্রবংশীয় রাজাবিশেষ, শান্ত-
বিচিত্রবীর্য্যসূ, ব্যাসদেবের মাতা ; সত্যবতী,
মৎস্যগন্ধা, শান্তনুরাজমহিষী।
বিচিত্রাঙ্গ, (বিচিত্র অঙ্গ) ময়ূর ; ব্যাঘ্র, আ-
শ্চর্য্য শরীর।
বিচিত্রিত, (বিচিত্র) নানাবর্ণযুক্ত ; চিত্রীকৃত
বিচিন্তা, ভাবনা, উদ্বেগ। [তের্য্যান্বিত
বিচিন্তিত, (বি-চিন্ত) বিশেষ ভাবিত ; কা-
বিচী, বি-চি) তরঙ্গ, ঢেউ ; মুষ্ক, অণ্ডকোষ

বিচেতাঃ (বি-চেতস্) বিগতচিত্ত, দুর্ম্মনাঃ ;
অন্য মনস্ক, বিমনাঃ। [অন্বেষিত ; তর্কিত
বিচেষ্টিত, (বি-চেষ্ট) মন্দচেষ্টা, মন্দাচরণ ;
বিচ্ছন্দক, ঈশ্বর গৃহ বিশেষ, দেবালয় বি-
শেষ। [র্মাণ।
বিচ্ছায়, পক্ষিদিগের ছায়া ; ছায়ারহিত ;
বিচ্ছিত্তি, (বি-ছিদ) অঙ্গরাগ ; হার বিশেষ ;
বিচ্ছেদ, বিরহ ; বিনাশ, ধ্বংশ।
বিচ্ছিন্ন, বি-ছিদ) বিভক্ত ; অসংলগ্ন ; পৃথ-
ক্ ; বিরহিত ; বিভিন্ন।
বিচ্ছেত্তব্য, (বি-ছিদ) বিচ্ছেদ্য, পৃথক কর-
ণীয়, বিভিন্ন ; ভগ্নশীল। [ভিন্নতা।
বিচ্ছেদ, (বি-ছিদ) বিয়োগ, বিরহ ; পার্থক্য
বিচ্যুত, বিগত, স্খলিত, ভ্রষ্ট, পতিত।
বিচ্যুতি, বিয়োগ, বিশ্লেষ, বিচ্ছেদ, পার্থক্য।
বিছটী, (বৃশ্চিকপত্রী) লতাবিশেষ, বৃশ্চিকা
লী লতা।
বিছড়ান, (বি-স্তৃ) বিক্ষেপণ, বিকীর্ণ করণ।
বিছা, (বৃশ্চিক) অলি।
বিছান, (বিছা) বিস্তারণ, পাতন, বিকীর্ণকরণ
বিছানা, (বি-স্তৃ) শয্যা, আস্তরণ।
বিজন (বি-জন) নির্জ্জন, বিবিক্ত, রহঃ, বিরল
বিজনন, প্রসবকরণ, গর্ভমোচন।
বিজন্মা, (বি-জন্মন) উপপতি হইতে জাত,
কুণ্ড, জারজাত, জারজ ; বিরুদ্ধ জন্মবিশিষ্ট
বিজপিল, পঙ্ক, পাঁক ; কর্দ্দম, কাদা।
বিজয়, (বি-জি) জয়, জিতন ; উৎকর্ষ ; অ-
র্জ্জুন, বিমান ; যম ; বিষ্ণুর অনুচরবিশেষ
বিজয়কুঞ্জর, রাজবাহ্য হস্তী, রাজকার্য্য হস্তি
বিশেষ। [তি মুক্তার হার
বিজয়চ্ছন্দ, পঞ্চশত মৌক্তিক হার, পাঁচশ-
জয়নন্দন, ইক্ষ্বাকুবংশজাত রাজাবিশেষ।
বিজয়প্রাপ্ত, বিজয়লব্ধ, জয়প্রাপ্ত।
বিজয়মর্দ্দন, (বিজয়-মৃদ) ঢক্কা ; জয়ঢাক।
বিজয়া, (বি-জি) তিথি বিশেষ ; উমার সখী ;
বিশ্বামিত্রের উপাসিতবিদ্যাবিশেষ ; দুর্গা ;
যমভার্য্যা ; হরীতকী ; বচা ; জয়ন্তীবৃক্ষ ;
শেফালিকা ; মঞ্জিষ্ঠা ; শস্ত্রীভেদ, অগ্নিমন্থ
বৃক্ষ ; মাদকদ্রব্যবিশেষ, ভাঙ, সিদ্ধি ; অষ্ট-
মহাদ্বাদশীর অন্তর্গত দ্বাদশীবিশেষ।
বিজয়াসপ্তমী, রবিবারে শুক্ল পক্ষীয়াসপ্তমী
বিজয়ী, (বি-জয়িন) জয়যুক্ত, জয়প্রাপ্ত।
বিজর, (বি-জরা) জরারহিত, বার্দ্ধক্যাবস্থা-
হীন ; বিজল, জল শূন্য, সলিলরহিত।

বিজলী, বিদ্যুৎ, বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী।
বিজল্প, অব্যক্ত শব্দ ; গল্প।
বিজাত, বিজন্মা, জারজ ; বিশেষে উৎপন্ন।
বিজাতক, (বি-জ) বিজন্মা, জারজ, অবি- জাত। [কৃতপ্রসবা।
বিজাতা, জাতাপত্যা, উৎপন্নপুত্রা, প্রসূত,
বিজাতি, ভিন্ন জাতি ; অন্য জাতি ; অন্য প্রকার।
বিজাতীয়, (বি-জাতি) ভিন্ন ধর্মাক্রান্ত ; অন্য প্রকার ; ইতর ; অসম্ভব ; অতিশয়, প্র- কাণ্ড। [বিজয়াভিলাষী।
বিজিগীষ, (বি-জি) জয়েচ্ছু, জয়াকাঙ্ক্ষী,
বিজিগীষা, (বি-জি) জয় লাভেচ্ছা ; বিজয়- বাসনা। [উৎসাহ হীন ; কুণ্ঠ।
বিজিগীষাবিবর্জিত, কেবল উদর পরায়ণ ;
বিজিগীষু, (বি-জি) জয়েচ্ছু, জয়াকাঙ্ক্ষী, জয়ী হইতে অভিলাষী। [রস্ত।
বিজিত, (বি-জি) পরাজিত, পরাভূত, প-
বিজিতা, পৃথক্, ভীত ; কম্পিত।
বিজিতি, (বি-জি) বিজয়, জয় ; পরাভব।
বিজিল, ঈষৎ রস যুক্ত ব্যঞ্জনাদি, পিচ্ছিল।
বিজি, অসরল, বক্র, বাঁকা, কুটিল।
বিজৃম্ভণ, (বি-জৃম্ভ) জৃম্ভণ হাই ; বিকসন, প্রকাশন। [মুক্ত ; বিকসিত, বিকাশশীল।
বিজৃম্ভিত, (বি-জৃম্ভ) হাই ছাড়া ; জৃম্ভা-
বিজেতব্য, (বি-জি) বিজয় করণ যোগ্য, জয় করণার্হ।
বিজেতা, (বি-জি) জয়ী, জেতা, জয়কর্ত্তা।
বিজেয়, (বি-জ) জয় করণার্হ, জয় যোগ্য।
বিজোড়, অযুগ্ম, যোড়া নয়, বিযোড়।
বিজ্জন, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।
বিজ্জল, বাণ, ইষু, শর, বিশিখ।
বিজ্জুল, ত্বক্, ছাল ; চর্ম্ম।
বিজ্জুলিকা, জতু, জৌ, লা। [বোদ্ধা।
বিজ্ঞ, (বি-জ্ঞা) প্রবীণ, নিপুণ ; পণ্ডিত,
বিজ্ঞতম, অতিশয় বিবেচক, প্রবীণ।
বিজ্ঞতা, (বিজ্ঞ) নিপুণতা, প্রবীণতা ; পাণ্ডিত্য।
বিজ্ঞত্ব, (বিজ্ঞ) বিজ্ঞতা, বোধ, পাণ্ডিত্য।
বিজ্ঞপ্তি, (বি-জ্ঞা) সংবাদদান, সমাচার- দেওন ; নিবেদন ; বিজ্ঞাপন, জানান।
বিজ্ঞবুদ্ধি, জটামাংসী।
বিজ্ঞাত, (বি-জ্ঞা) বিশেষে জানিত ; অবগত,
বিজ্ঞাতা, (বি-জ্ঞা) যে জানে ; জ্ঞাতকারক, জ্ঞানপ্রাপ্ত।

বিজ্ঞান, (বি-জ্ঞা) জ্ঞান, বিদ্যা, পাণ্ডিত্য ; শিল্প ; শাস্ত্রজ্ঞান।
বিজ্ঞানশাস্ত্র, বেদব্যাস, দ্বৈপায়ন, সত্যবতী সুত। [শিক্ষিত বুদ্ধি।
বিজ্ঞানময়কোষ, শ্রোত্রাদি পঞ্চজ্ঞানেন্দ্রিয়
বিজ্ঞানিক, (বিজ্ঞান) জ্ঞানবিশিষ্ট, বিজ্ঞ
বিজ্ঞাপন, (বি-জ্ঞা) বোধন, জানান, বিদিত- করণ, বিজ্ঞাপ্তি।
বিজ্ঞাপনা, প্রকাশকরা, জ্ঞাতকরণ।
বিজ্ঞাপনীয়, (বি-জ্ঞা) প্রকাশ্য, বিজ্ঞাপ্য।
বিজ্ঞাপয়িতব্য, (বি-জ্ঞা) বিজ্ঞাপনীয়, বিজ্ঞা- প্য, প্রকাশ্য।
বিজ্ঞাপিত, (বি-জ্ঞা) জানান, বিদিত করণ।
বিজ্ঞেয়, (বি-জ্ঞা) বিজ্ঞাতব্য, জানিবার যোগ্য বা উপযুক্ত।
বিঞ্জোলী, পংক্তি, শ্রেণী ; শারী।
বিট, (বিট্) বিড়্গ, জার, উপপতি ; লম্প- ট ; কামাতুর ; ধূর্ত্ত ; কামকলা কোবিদ ; পর্ব্বত বিশেষ ; লবণবিশেষ ; খদিরাবশেষ, ক, ইন্দুর, নাগরজঙ্গ।
বিটঙ্ক, কপোতপালিকা, পায়রার খোপ।
বিটঙ্কক, কপোতপালিকা, পায়রার খোপ।
বিটপ, (বিট-পা) শাখাপল্লব সমূহ ; শাখা, ডাল ; পল্লব ; পারদারিক শ্রেষ্ঠ, বড়লম্পট অর্কপত্র, আকন্দপাতা।
বিটপতা, (বিটপ) ধূর্ত্ততা ; লম্পটতা, দুষ্টতা
বিটপতাচরণ, (বিটপ-আচরণ) লম্পটতা- চরণ ; ধূর্ত্ততা, দুষ্টতা, দুষ্টামি, ধূর্ত্তামি।
বিটপী, বৃক্ষ, তরু, শাখী, গাছ ; বটগাছ।
বিটমাক্ষিক, ধাতুবিশেষ।
বিটল, দুষ্ট, ধূর্ত্ত, শঠ, প্রতারক।
বিটলত্ব, (বিটল) দুষ্টতা, ধূর্ত্ততা, শঠতা।
বিটলবণ, লবণবিশেষ, বিড়লবণ, কাললুণ
বিটলিয়া, (বিটল) দুষ্ট, শঠ, ধূর্ত্ত।
বিটাল, (বিট) ধূর্ত্ত, শঠ, দুষ্ট, বিটল।
বিটি, চন্দনবিশেষ, পীতচন্দন।
বিটোল, (বিট) দুষ্ট, ধূর্ত্ত, শঠ, বিটল।
বিট্, বৈশ্য জাতীয়া কন্যা ; ধূর্ত্ত ; প্রবেশ ; বিষ্ঠা, মল, পুরীষ।
বিট্করিকা, পক্ষিবিশেষ, গোরাটিপাখী।
বিট্খদির, বিষ্ঠাবৎ, দুর্গন্ধ খদির ; গুয়ে বাবলা গাছ। [গুয়ে শালিক।
বিট্চর, গ্রাম্যশূকর ; বিট্শালিকাপক্ষী,
বিট্পতি, জামাতা, দুহিতার পতি।

বিট্‌সারিকা, পক্ষিবিশেষ, বিটশালিকা, গুয়েশালিক।
বিঠর, বাগ্মী, বাচাল, বাবদূক, বহুভাষী।
বিঠৌর, বিহ্বল, অজ্ঞান, অচেতন।
বিড়, (বিট) লবণবিশেষ, বিটলবণ, বিট্‌নুণ
বিড়ঙ্গ, (বিড়) ঔষধবিশেষ; অতিজ্ঞ, বিজ্ঞ।
বিড়ম্বক, (বি-ডম্ব) দুঃখদায়ক, যন্ত্রণাদায়ক
বিড়ম্বন, (বি-ডম্ব) যন্ত্রণা, পীড়া, ক্লেশ; প্রতারণা, বঞ্চনা।
বিড়ম্বনা, (বি-ডম্ব) ক্লেশ, যন্ত্রণা, প্রতারণা, বঞ্চনা। [প্রতারিত; যন্ত্রণাপ্রাপ্ত।
বিড়ম্বিত, (বি-ডম্ব) কৃতবিড়ম্বন, বঞ্চিত,
বিড়া (বৃ) তাম্বূল বীটিকা, পানের খিলি; জাতি, গোষ্ঠী।
বিড়ারক, (বিড়) বিড়াল মার্জ্জার।
বিড়াল, (বিড়) মার্জ্জার, ওতু; নেত্রৌষধবিশেষ। [র্জ্জার নেত্ররোগের ঔষধবিশেষ।
বিড়ালক, (বিড়) হরিতাল; বিড়াল, মা-
বিড়ালচক্ষুষ্মা, (বিড়াল-চক্ষুঃ) বিড়ালের ন্যায় কটা চক্ষু যাহার।
বিড়ালতপস্বী, ভণ্ডতপস্বী, ধূর্ত্ত; বঞ্চক, শঠ
বিড়ালপদক, তোলকদ্বয় পরিমাণ, দুইতোলা, মার্জ্জারের চরণ।
বিড়ালপলক, কর্ষপরিমাণ।
বিড়ালী, স্ত্রী বিড়াল, মার্জ্জারী।
বিড়ীন, পক্ষির গতি বিশেষ।
বিডুল, বেতসবৃক্ষ, বেত গাছ। [দেবেন্দ্র।
বিড়ৌজা, ইন্দ্র; দেবরাজ, সুরপতি, শক্র,
বিড়, বৈশ্য; বিষ্ঠা, মল, পুরীষ।
বিড়গন্ধ, লবণবিশেষ, বিট লবণ।
বিড়্‌জ, (বিড়-জন) বিষ্ঠাজাত, মলজন্য।
বিড়বরাহ, গ্রাম্যশূকর, বিষ্ঠাভোজী বরাহ।
বিড়বিড়, অব্যক্ত কথা; অসন্তোষ প্রকাশার্থ অব্যক্ত বাক্য; বচসা, কচকচি।
বিড়বিড়ন, (বিড়-বিড়) বকবক, করণ, পুনঃ২ জল্পন; অনবরত প্রতিকূল বাক্যকথন; বৃথা জল্পন।
বিড়লবণ, লবণ বিশেষ, বিট লবণ, বিট্‌লূণ
বিটপ, (বি-টপ) কদর্য্যাকার, বিকলাঙ্গ, বিশ্রী
বিতং, (বিতন্‌) বিস্তারিত বিবরণ, বৃত্তান্ত
বিতংস, মৃগ ও পক্ষিদিগের বন্ধনের উপকরণ, জাল ও ফাঁদাদি।
বিতণ্ডন, (বিত-তড়) বিতর্ক করণ; সংশয় করণ, বাদানুবাদ করণ।
বিতণ্ডা, (বিতড়) স্বপক্ষ স্থাপন ও পরপক্ষ খণ্ডন; বিতর্ক; মিথ্যাবাদ; কচুশাক কচু; দর্ব্বী, হাতা। [পাদি বাদ।
বিতত, (বি-তন) প্রসারিত, বিস্তৃত; বী-
বিততি, (বি-তন) বিস্তার, প্রসার; লতা।
বিতথ, (বি-তথ্য) মিথ্যা, অলীক, অসত্য, অনৃত।
বিতথ্য, অসত্য, অনৃত, অলীক, মিথ্যা।
বিতদ্রু, নদী বিশেষ, পঞ্জাবদেশীয় নদ।
বিতরণ,(বি-তৃ) দান; অর্পণ; বাঁটিয়া দেওন
বিতরণী, (বিতরিন) বিতরণকারী; দাতব্য
বিতরিত, (বি-তৃ) দান করা, বিতরণ করা, দেওয়া, দত্ত; বণ্টিত।
বিতর্ক, (বি-তর্ক) ঊহ, সংশয়; বিচার।
বিতর্কক,(বি-তর্ক) বিতর্ককারক; সংশয়কারী
বিতর্কণ, (বি-তর্ক) তর্ক করণ, বিবেচন।
বিতর্দ্দী, বেদিকা, বেদী।
বিতর্দ্ধি, বেদিকা, বেদী।
বিতল, (বি-তল) পাতালবিশেষ; তৃতীয় স্তবক পাতাল।
বিতস্তি, (বি-তস) বিস্তৃত সকনিষ্ঠাঙ্গুষ্ঠ, বিঘৎ, দ্বাদশাঙ্গুলি পরিমাণ, অর্দ্ধহস্ত, বিগত
বিতান, (বি-তন) চন্দ্রাতপ, চাঁদোয়া; অবসর; যজ্ঞ, যাগ; বিস্তার; তুচ্ছ; মন্দ, শূন্য
বিতানক, (বি-তন) চন্দ্রাতপ, চাঁদোয়া, মাড়বৃক্ষ।
বিতানমূলক, উশীর, খস্‌খসিয়া, বেণারমূল
বিতুন্ন, জলজ তৃণবিশেষ, শৈবাল, শেওলা
বিতুন্নক, ধনিয়া; তুঁতে।
বিতুন্না, ভূমি আমলকী, ভূঁইআ
বিতুষ, পরিষ্কৃত ধান্যাদি, তুষ রহিত।
বিতুষ্ট, অতুষ্ট, বিরক্ত, অসন্তুষ্ট।
বিতুষ্টি, (বি-তুষ্টি) অসন্তোষ, অতৃপ্ত।
বিতৃষ্ণ, (বি-তৃষ্ণা) নিবৃত্ততৃষ্ণ, তৃষ্ণা রহিত; অনিচ্ছু, অসন্তুষ্ট।
বিতৃষ্ণা, অশ্রদ্ধা; অনিচ্ছা, অরুচি, ঘৃণা
বিত্ত, (বিদ) ধন, অর্থ, সম্পত্তি; বিচারিত; [লব্ধ]। [নকক্ত]।
বিত্তদ, (বিত্ত-দা) ধনদাতা, অর্থদ, বিত্তদা-
বিত্তা, (বিৎ) জ্ঞান, বোধ, বিদ্যা।
বিত্তি, বিচার, লাভ; সম্ভাবনা, সং
বিত্তেশ, (বিত্ত-ঈশ) কুবের, ধনাধিপতি, কুবেশ। [অনপত্রপ,
বিত্রপ, নির্লজ্জ, লজ্জা হীন, ত্রপা...

বিত্রস্ত, (বি-ত্রস) ত্রাসযুক্ত, ভীত, সভয়, ভয়া-
ন্বিত। [রহিত।
বিত্রাস, (বি-ত্রস) ভয় ত্রাস ; অভয়, শঙ্কা-
বিৎ, (বিদ) জ্ঞাতা, অবগন্তা, বোদ্ধা ;
বিৎসন, বৃষভ, বৃষ, ষণ্ড ষাঁড়।
বিথুব, চৌর, তস্কর ; রাক্ষস, নিশাচর।
বিথ্যা, গোজিহ্বা, গো রসনা।
বিদ, বিদ্বান্‌, বিদ্যাবান, পণ্ডিত ; জ্ঞাতা।
বিদগ্ধ, (বি-দহ) নাগর, রসিক ; নিপুণ,
পণ্ডিত। [লম্পটতা, পাণ্ডিত্য, নৈপুণ্য।
বিদগ্ধতা, (বিদগ্ধ) রসিকতা, নাগরালী,
বিদগ্ধত্ব, (বিদগ্ধ) রসিকতা, পাণ্ডিত্য, নি-
পুণতা। [স্ত্রী, কামকলা নিপুণা
বিদগ্ধা, (বিদগ্ধ) নায়িকাবিশেষ, রসিকা-
বিদণ, যোগী সন্ন্যাসী ; কৃতী, ক্ষমতাপন্ন।
বিদন্‌ পণ্ডিত, বিজ্ঞ, জ্ঞাতা। [ফাড়ন, চেরণ।
বিদর, (বি-দৄ) ফণিমনসার গাছ, বিদারণ,
বিদরণ (বি-দৄ) বিদারণ, চিরণ, ফাড়ন।
বিদর্ভ, কুণ্ডিননগর, দেশ বিশেষ, বড়
নাগপুর। [দময়ন্তী, রুক্মিণী।
বিদর্ভজা অগস্ত্যমুনিপত্নী, নলরাজার পত্নী,
বিদর্ভরাজ, (বিদর্ভ-রাজন) বিদর্ভদেশাধিপ-
তি, ভীষ্মকরাজ।
বিদর্ভসুতা, দময়ন্তী, নলরাজ পত্নী।
বিদর্ভাধিপতি, (বিদর্ভ-অধিপতি) কুণ্ডিন-
দেশের রাজা, ভীষ্মকরাজ, রুক্মিণীর পিতা।
বিদল (বি-দল) দ্বিধাকৃত মসুর দি, দালি,
ডাইল, দাড়িম ছাল ; বংশাদিরচিত পাত্র
বিশেষ, রক্তকাঞ্চন, পিষ্টক অন্য দলস্থ ;
পত্র শূন্য। [, পত্রহীনা।
বিদলা, (বি-দল) ত্রিবৃৎ, তেউড়ী, পত্রশূ-
বিদা, (বি-দা) জ্ঞান ; বুদ্ধি, শূদ্রকর্মণার্থ-
ন্যায়বিশেষ ; মষ্ট। [নীতি।
বিদাঁড়া, কুরীতি বিরুদ্ধরীতি কুধারা ; কু-
বিদায়, (বি-দায়) গমনানুমতি, ছুটী ; বিস-
র্জন। [দের পুরস্কার।
বিদায়ী, (বিদায়) বিদায় প্রাপ্ত, বিদায়কারী-
বিদর, (বি-দৄ) জলোচ্ছ্বাস, জল উথলন ;
বিদারণ, চিরণ।
বিদারক, (বি-দৄ) বিদারণকর্তা, বিদীর্ণকার-
ক ; শুষ্ক নদ্যাদির জলাবস্থানার্থ গর্ত।
বিদারণ, (বি-দৄ) ভেদন, চিরণ, যুদ্ধ ;
যুদ্ধ ; কর্ণিকার বৃক্ষ। [বার উপযুক্ত।
বিদারণীয়, (বি-দৄ) ভেদনীয়, ভেদ্য, চিরি-
বিদারিত, (বি-দৄ) কৃত বিদারণ, বিদীর্ণ, চেরা
ফাড়া।
বিদারিকা, শালপাণী বৃক্ষ, শালপাইনগাছ।
বিদারী, (বি-দৄ) শালপর্ণী বৃক্ষ, ভূমিকুষ্মাণ্ড ;
বিদারণ কর্তা। [গাছ।
বিদারীগন্ধা, শালপর্ণী বৃক্ষ, শালপাইন
বিদারু, কৃকলাস, কুঁকলাস।
বিদাহি, (বি-দহ) দাহজনক দ্রব্য বিশেষ।
বিদিক, (বি-দিশ) দুই দিকের মধ্যস্থান,
অগ্ন্যাদি কোণ চতুষ্টয় ; অপদিক, কোণ।
বিদিক্‌চক্ষ, হরিদ্রাভ পক্ষী, হলদিয়া রঙে-
র পাখী।
বিদিত (বিদ্‌) অবগত, জ্ঞাত, কবি, পণ্ডিত
বিদিতা, (বিদ্‌) বিদ্বান্‌, পণ্ডিত ; যোগী।
বিদীর্ণ (বি-দৄ) কৃতবিদারণ, বিদারণীয়,
চেরা, ফাড়া।
বিদীর্ণহৃদয়, ভিন্নবক্ষঃস্থল ; ভগ্ন উরঃ।
বিদু, গজকুম্ভদ্বয়ের মধ্যভাগ।
বিদুর, (বিদ) নাগর, নায়ক, লম্পট, ধীর,
পণ্ডিত ; কৌরবদিগের মন্ত্রী।
বিদুল, বেতসবৃক্ষ, বেতগাছ।
বিদুষী, (বিদ্‌) পণ্ডিতা স্ত্রী, বিদ্যাবতী নারী
বিদুষ্মতী, পণ্ডিতবতী, বিদ্যাশিষ্টা।
বিদূর, (বি-দূর) অতিদূরস্থ দেশাদি ; অনি-
কট। [দূরেগমনকারী।
বিদূরগ, (বিদূর-গম) অতি দূর গন্তা, অতি
বিদূরজ, (বিদূর-জন) বিদূরদেশ জাত রত্ন ;
বৈদূর্য্যমণি ; অতিদূরে জাত।
বিদূরথ, রাজাবিশেষ। [পত্তি স্থান
বিদূরভূমি, দেশবিশেষ ; বৈদূর্য্যমণির উৎ-
বিদূরাদ্রি, (বিদূর-অদ্রি) বিদূরদেশস্থ পর্ব্বত
বিদূষক, (বি-দুষ) কামুক, বিড়ঙ্গ, লম্পট,
নিন্দক। কুৎসাকরণ।
বিদূষণ, (বি দুষ) বিশেষ দূষণ নিন্দন,
বিদেশ, পরদেশ, অন্যদেশ, দেশান্তর,
ভিন্নস্থান। [প্রবাসী।
বিদেশী, (বি-দেশিন) পরদেশী, বিদেশস্থ,
বিদেহ, (বি-দেহ) জনকবংশীয় রাজা ; কায়-
শূন্য, দেহ রহিত, নগরবিশেষ।
বিদেহমুক্তি, মুক্তি বিশেষ এক প্রকার
মোক্ষ ; দেহশূন্য হইয়া অবস্থান।
বিদেহা, (বি-দেহ) মিথিলানগরী, জনকপুরী
বিদ্ধ, (ব্যধ) কৃতবেধন, বেঁধা ; ভেদিত ;
ছিদ্রিত ; যক্ত।

বিদ্ধকারী, লতাবিশেষ, লতা, নিমুখী
বিদ্ধা, (ব্যধ) বেধান্বিতা, অর্পিতা
বিদ্যমান, (বিদ) বর্তমান; উপস্থিত; সাক্ষাৎ। [ক্ষাৎ; জীবিতাবস্থা।
বিদ্যমানত্ব, (বিদ্যমান) বর্ত্তমানতা; সা-
বিদ্যা, (বিদ) অধ্যয়ন জন্য জ্ঞান; মন্ত্র; শাস্ত্র; দুর্গা, গণিকারিকা বৃক্ষ, গণেরীগাছ
বিদ্যাগার, (বিদ্যা-আগার) বিদ্যালয়, পাঠশালা, বিদ্যামন্দির, চতুষ্পাঠী, চৌবাড়ী।
বিদ্যাচণ, বিদ্যাদ্বারা খ্যাত, বিদ্যাহেতু প্রসিদ্ধ। [প্রসিদ্ধ।
বিদ্যাচঞ্চু, বিদ্যাদ্বারা খ্যাত, বিদ্যানিমিত্ত
বিদ্যাদল, ভূর্জপত্র বৃক্ষ, ভোজপাতেরগাছ
বিদ্যাদাতা, (বিদ্যা-দাতৃ) বিদ্যাদানকর্ত্তা অধ্যাপক, শিক্ষক, গুরুমহাশয়, শিক্ষাগুরু
বিদ্যাদান, অধ্যাপন, বিদ্যাশিক্ষাদান।
বিদ্যাদেবী জৈনদিগের দেবীবিশেষ; বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী, বাগ্দেবী, সরস্বতী।
বিদ্যাধন, বিদ্যাদ্বারা অর্জ্জিত অর্থ; বিদ্যারূপ ধন, মহাধন।
বিদ্যাধর, (বিদ্যা-ধৃ) দেবযোনি বিশেষ; পুষ্পদন্তাদি কামরূপি খেচর।
বিদ্যাপ্রাপ্তি, বিদ্যোপার্জ্জন, বিদ্যালাভ।
বিদ্যাবত্তা, পাণ্ডিত্য, বিদ্যা, জ্ঞান।
বিদ্যাবাগীশ, (বিদ্যা-বাক্-ঈশ) দর্শনশাস্ত্রবেত্তা, পণ্ডিত, জ্ঞানী। [বিদ্বান্।
বিদ্যাবান্, (বিদ্যা) বিদ্যাবিশিষ্ট পণ্ডিত,
বিদ্যাভ্যাস, (বিদ্যা-অভ্যাস) বিদ্যা শিক্ষা, বিদ্যাগ্রহণ। [চতুষ্পাঠী, চৌবাড়ী
বিদ্যামন্দির, বিদ্যাশিক্ষা স্থান, পাঠশালা,
বিদ্যার্থী, (বিদ্যা-অর্থিন) ছাত্র, শিষ্য, যে বিদ্যাশিক্ষা করিবার প্রার্থনা রাখে।
বিদ্যালয়, (বিদ্যা-আলয়) বিদ্যা স্থান, পাঠশালা, চতুষ্পাঠী চৌবাড়ী।
বিদ্যাশিক্ষা, বিদ্যাভ্যাস পঠন, অধ্যয়ন।
বিদ্যুদ্দাম, (বিদ্যুৎ-দাম) বৃক্ষ বিশেষ, বিদ্যুতের প্রভা।
বিদ্যুজ্জিহ্ব, (বিদ্যুৎ-জিহ্বা) রাক্ষস বিশেষ।
বিদ্যুৎ, (বি-দ্যুৎ) তড়িৎ, সৌদামিনী; দ্যুতি রহিত প্রভা হীন।
বিদ্যুৎকেশ, রাক্ষসবিশেষ।
বিদ্যুৎপত্র, কাংস্য কাঁসা, ধাতু বিশেষ।
বিদ্যুন্মালা, (বিদ্যুৎ-মালা) অষ্টাক্ষর পাদ ছন্দোবিশেষ; বিদ্যুৎ সমূহ।
বিদ্যুন্মালী, রাক্ষসবিশেষ। [illegible] বিদ্যুৎ।
বিদ্যুল্লতা, (বিদ্যুৎ-লতা) মেঘজ্যোতিঃ;
বিদ্যোত, (বি-দ্যুৎ) প্রভা, দীপ্তি, রশ্মি।
বিদ্র, ছিদ্র, রন্ধ্র, বিধ, ছেঁদা।
বিদ্রধি, রোগবিশেষ।
বিদ্রধিনাশন, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ।
বিদ্রব, (বি-দ্রু) পলায়ন; প্রস্থান; ক্ষরণ গলন; নিন্দা, কুৎসা।
বিদ্রাব, (বি-দ্রু) ক্ষরণ, গলন; পলায়ন।
বিদ্রাবক, (বি-দ্রু) পলায়নকর্ত্তা, গলন কারক; গলানিয়া। [ক্ষরিত।
বিদ্রাবিত, (বি-দ্রু) পলায়িত; গলিত,
বিদ্রুত, (বি-দ্রু) প্রাপ্তদ্রবীভাব; ঘৃতাদি; তরলায়িত; পলায়িত; উপদ্রুত।
বিদ্রুম(বিদ্রু); রত্নবিশেষ, প্রবাল, পলা; রত্ন বৃক্ষ; কিশলয়, নূতন পত্র।
বিদ্রুমলতা, নলীনামে গন্ধদ্রব্যবিশেষ।
বিদ্রূপ, (বিৎ-রূপ) ব্যঙ্গ; পরিহাস, ঠাট্টা, কৌতুক, নর্ম্ম, তামাসা।
বিদ্রূপী, (বিদ্রূপ) পরিহাসক, কৌতুককারী
বিদ্রোহ,(বিদ্রুহ) হিংসা, দ্বেষ; ক্ষতি; মন্দ
বিদ্বৎকল্প, ঈষৎ ন্যূন বিদ্বান্, কিঞ্চিৎ অল্প বিদ্বান্। [বিদ্বান্।
বিদ্বত্তম, (বিদ্বৎ) অতিশয় বিদ্বান্; শ্রেষ্ঠ-
বিদ্বত্তর,(বিদ্বৎ)অতিশয় বিদ্বান্, বড় বিদ্বান
বিদ্বত্তা, (বিদ্বৎ) বিজ্ঞতা, প্রাজ্ঞতা, পাণ্ডিত্য।
বিদ্বত্ত্ব, (বিদ্বৎ) বিজ্ঞতা, প্রাজ্ঞতা, পাণ্ডিত্য।
বিদ্বদ্দেশীয়, ঈষৎন্যূনবিদ্বান, কিঞ্চিৎন্যূনবিদ্বান্।
বিদ্বান্, (বিদ) বিদ্যাবান্, জ্ঞানী, পণ্ডিত।
বিদ্বিষ, বিপক্ষ, শত্রু, অরি, রিপু; বিদ্বেষক
বিদ্বিষ্ট, (বি-দ্বিষ) দ্বেষিত; বিদ্বেষ প্রাপ্ত।
বিদ্বেষ, (বি-দ্বিষ) শত্রুতা, বৈরিতা; হিংসা; দ্বেষভাব; বিরোধ। [দ্বেষী, বৈরী, হিংসক
বিদ্বেষক, (বি-দ্বিষ) বিদ্বেষ্টা, দ্বেষকর্ত্তা, হিং-
বিদ্বেষণ, (বি-দ্বিষ) হিংসা করণ; শত্রুতাচরণ; অভিচার কর্ম্ম বিশেষ
বিদ্বেষিণী, (বিদ্বেষ) হিংসাকারিণী স্ত্রী, যে স্ত্রী দ্বেষ করে। [ঘৃণ্য, তুচ্ছনীয়।
বিদ্বেষ্টব্য, (বিদ্বিষ) বিদ্বেষণীয়, ঈর্ষাযোগ্য;
বিদ্বেষী, (বিদ্বেষিন) বৈরি, শত্রু, হিংসক।
বিদ্বেষ্টা, (বি-দ্বেষ্টৃ) বৈরী, হিংসক, বিদ্বেষক।
বিধ, (বি-ধা) প্রকার; বেধন; বিধান।
বিধবন, কম্পন, কাঁপন, বিধাবা।

বিধবা, (বি-ধব) মৃতভর্তৃকা, রণ্ডা, রাঁড়, পতি হীনা স্ত্রী, বেওয়া।
বিধর্ম্ম, ধর্ম্মহীন, ধর্ম্ম বর্জ্জিত ; বিরুদ্ধধর্ম্ম।
বিধর্ম্মী, (বি-ধর্ম্মিন্) পাপী, অধর্ম্মী ; স্বধর্ম্ম ত্যাগী, ভিন্নধর্ম্মাবলম্বী।
বিধস, ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।
বিধা, বিধি, প্রকার ; বেতন ; কর্ম্ম ; বেধন।
বিধাতা, (বি-ধাতৃ) ব্রহ্ম, প্রজাপতি, সৃষ্টি কর্ত্তা ; কামদেব ; ভৃগুমুনির পুত্র।
বিধাতৃভূ, নারদমুনি, দেবর্ষি।
বিধাতৃলিপি, অদৃষ্টের লিখন, কপালের লেখা, বিধাতার লিপি।
বিধাত্রী, বিধানকর্ত্রী, পিপ্পলী, পিপুল।
বিধান, (বি-ধা) বিধি ; প্রকার, ব্যবস্থা করণ ; হাতির গ্রাস। [জ্ঞাতা।
বিধানক, ব্যথা, বেদনা ; বিধানবেত্তা বিধি-
বিধানজ্ঞ, (বিধান-জ্ঞা) পণ্ডিত, বুধ ; ব্যবস্থাভিজ্ঞ। [ব্যতা বিধি, পূর্ব্বকৃত্য।
বিধানতা, (বিধান) স্মৃতি সাধ্যত্ব ; কর্ত্ত-
বিধানত্ব, (বিধান) বিধানুযায়িত্ব ; কর্ত্তব্যতা
বিধাব্য, (বি-ধব) কম্পন কাঁপন, বিধবন।
বিধায়ক, (বি-ধা) বিধানকর্ত্তা, ব্যবস্থাকারক ; বিধিজ্ঞাপক। [অনুজ্ঞাকারী।
বিধায়ী, (বি-ধা) বিধানকারক, ব্যবস্থা কর্ত্তা
বিধারা, কুধারা, কুনীতি, কুব্যবহার।
বিধি, (বি-ধা) বিধাতা, ব্রহ্মা ; ভাগ্য ; ক্রম বিধান ; ব্যবস্থা ; কাল ; বিধিবাক্য ; প্রকার ; নিয়োগ ; কর্ম্ম ; হিতোপদেশক-গ্রন্থ ; অপ্রাপ্ত প্রাপক বাক্য।
বিধিজ্ঞ, (বিধি-জ্ঞা) পণ্ডিত বিধিদর্শী, ব্যবস্থাভিজ্ঞ। [শক ; শাস্ত্র পণ্ডিত।
বিধিদর্শী, (বিধি-দর্শিন্) সদস্য, বিধিদে-
বিধিবৎ, যথাবিধি, বিধানুসারে, যথা শাস্ত্র।
বিধু, (ব্যধ) চন্দ্র, শশধর, শশী, নিশাকার ; ব্রহ্মা ; রাক্ষস ; অস্ত্র ; বাণ ; বায়ু।
বিধুত, (বি-ধু) ত্যক্ত, ত্যাগকরা ; কম্পিত।
বিধুতি, (বি-ধু) কম্পন, বিধূনন, কাঁপন।
[illegible]-তুদ) রাহু, সৈংহিকেয়।
বিধু[illegible], খড়্গ, অসি, খাঁড়া।
বিধুপ্রিয়া, চন্দ্রপত্নী।
বিধুবদন, চন্দ্রবদন, চাঁদমুখ।
[illegible]) কম্পন, কাঁপন ; হেলনা
বিধুমুখী, (বিধু-মুখ) শশীমুখী, চাঁদবদনী
বিধুর, বৈকল্যাম্বিত, সন্তাপিত, বিকল

বিধূত, (বি-ধূ) কম্পিত, কাঁপা। [কাঁপা।
বিধূনিত, (বি-ধূ) কম্পিত, আন্দোলিত,
বিধৃত, (বি-ধৃ) বিশেষরূপে ধৃত, ধরা ; স্বীকৃত ; অধিকৃত, আক্রান্ত।
বিধেয়, (বি-ধা) বিধানযোগ্য ; বিধিপ্রতিপাদ্য ; কর্ত্তব্য ; ধার্য্য ; বাক্যস্থ, বচনে স্থিত ; বিধিজন্য বোধ বিষয়।
বিধেয়তা, (বিধেয়) বিধি জন্য বোধ বিষয়ত্ব, বিধেয়ত্ব, কর্ত্তব্যত্ব।
বিধেয়ত্ব, (বিধেয়) বিধেয়তা, কর্ত্তব্যত্ব, বিধিজন্য বোধ বিষয়ত্ব।
বিধ্বংস, (বি-ধ্বন্স) বিনাশ, নাশ, উচ্ছেদ।
বিধ্বংসী, (বি-ধ্বন্স) বিনাশক, হিংসক, উচ্ছেদক। [শিক্ষিত।
বিনত, (বি-নম) প্রণত ; অবনত ; ভুগ্ন ;
বিনতা, (বি-নম) গরুড় মাতা, অরুণজননী।
বিনতাসূনু, অরুণ, গরুড়। [শিষ্টতা।
বিনতি, (বি-নম) বিনয়, নম্রতা, অনুনয়,
বিনদ, বৃক্ষবিশেষ, ছাতিয়ানগাছ। [নিম্নবৃক্ষ
বিনম্র, বিনয়ান্বিত ; নম্রতা বিশিষ্ট, অনু-
বিনম্রক, (বি-নম্র) পুষ্পবিশেষ, তগরপুষ্প
বিনয়, (বি-নী) শিক্ষা ; শিষ্টতা ; নম্রতা, অনুনয় ; প্রণতি ; কাতর্য্য ; দণ্ড।
বিনয়গ্রাহী, আজ্ঞাকারী, বচনে স্থিত, কথার বশ। [স্থিত ; নম্রতা বিশিষ্ট।
বিনয়স্থ, (বিনয়-স্থা) আজ্ঞাকারী, বচনে-
বিনয়া, বাট্যালক বৃক্ষ, বেলুড়গাছ।
বিনয়ী, (বিনয়) বিনয়ান্বিত, নম্র, শিষ্ট।
বিনশন, (বি-নশ) কুরুক্ষেত্র ; বিনাশ, ধ্বংস
বিনশ্বর, (বি-নশ) অনিত্য ; অস্থির ; ধ্বংসশীল। [উচ্ছিন্ন ; মৃত ; উপরত, ত্যক্ত।
বিনষ্ট, (বি-নশ) নাশপ্রাপ্ত, ধ্বংস বিশিষ্ট ;
বিনষ্টি, (বি-নশ) বিনাশ, ধ্বংস, উচ্ছেদ।
বিনস, (বি-নাস) গতনাসিক, নাসিকাহীন, খাঁদা, নাসিকেন্দ্রিয় হীন। [ব্যতিরেক।
বিনা, (বি) বর্জ্জন ; পৃথক ; ঋতে, অভাবে,
বিনাকৃত, ত্যক্ত ; কৃতত্যাগ।
বিনাম, কেশবিন্যাস, বিনুনী, বিউনী।
বিনাম, (বি-নামন্) সংজ্ঞারহিত, নামশূন্য
বিনামা, উপানৎ, চর্ম্মপাদুকা, জুতা।
বিনামী, (বিনাম) মিথ্যানামধারী ; অন্যের-নামে কৃত লেখ্যাদি।
বিনায়ক, (বি-নী) বিঘ্নরাজ, গণেশ ; গরুড় ;
বিঘ্ন ; গুরু ; নায়কহীন ; বুদ্ধবিশেষ।

বিনায়াসে, (বিনা-আয়াস) আয়াসব্যতিরেকে, উদ্‌যোগবিনা, অচেষ্টায়, বিনাশ্রমে
বিনায়িকা, (বিনায়ক) গরুড়পত্নী।
বিনাস, (বি-নশ) বিনষ্ট; সংহার; ধ্বংস; অদর্শন। [রক, হিংসক।
বিনাশক, (বি-নশ) বিনাশকর্ত্তা, ধ্বংসকা-
বিনাশন, (বি-নশ) হিংসন, ধ্বংসন, সংহরণ।
বিনাশনীয়, (বি-নশ) বিনাশ্য; ধ্বংসনীয়; বিনশ্বর, অস্থায়ী।
বিনাশয়িতব্য, (বিনশ) বিনাশ্য, ধ্বংশযোগ্য
বিনাশশীল, বিনাশ বিশিষ্ট, সংহারকারক।
বিনাশিত, (বি-নশ) নষ্ট, হত, বিনাশপ্রাপ্ত
বিনাশী (বি-নশ) বিনাশকরণ শীল, ঘাতক, নষ্টকারক। [দ্যত: বিনষ্টপ্রায়।
বিনাশোন্মুখ, (বিনাশ-উন্মুখ) নাশে উ-
বিনাশ্য, (বি-নশ) ক্ষয়ণীয়, বিনাশের উপযুক্ত, ধ্বংস যোগ্য। [হীন, খাঁদা।
বিনাসক, (বি-নাস) গতনাসিক, নাসিকা-
বিনাসাব, অনিচ্ছা, অস্পৃহা।
বিনিঃসরণ, (বি-নির-সৃ) বিনির্গমন, বহির্গমন; ক্ষরণ। [ক্ষরিত।
বিনিঃসৃত, (বি-নির-সৃ) বিনির্গত, ক্ষরিত,
বিনিগমক, (বি-নি-গম) প্রামাণিকতা, প্রতিপাদক, সন্দেহ নিবারক;
বিনিগমনা, (বি-নি-গম) সিদ্ধান্ত, মীমাংসা; নিশ্চায়ক প্রমাণ।
বিনিদ্র, (বি-নিদ্রা) উন্মীলিত, নিদ্রারহিত।
বিনিদ্রত্ব, (বি-নিদ্র) প্রবোধ: নিদ্রারহিতত্ব
বিনিপাত, (বি-নি-পৎ) নিপাত, পতন, ধ্বংস; অপমান; অবজ্ঞা।
বিনিবৃত্ত, ক্ষান্ত, নিরস্ত, উপরত
বিনিময়, (বি-নি-মি) পরিদান, প্রতিদান, পরিবর্ত্ত; বদল।
বিনিয়োগ, (বি-নি-যুজ) প্রেরণ, আজ্ঞাদান, বিনিয়োজন, কর্ম্মচারিদিগকে কর্ত্তব্য কর্ম্মে নিয়োজন, পদে স্থাপন, কর্ম্মে নিয়োগ।
বিনিয়োজিত, (বি-নি-যুজ) অর্পিত; নিযুক্ত; স্থাপিত; কর্ম্ম করণার্থ প্রেরিত।
বিনির্ণয়, (বি-নির-নী) নিশ্চয়: অবধারণ; নিষ্পত্তি। [শ্চয় কর্ত্তা।
বিনির্ণায়ক, (বি-নির-নী) বিশেষ রূপে নি-
বিনির্ণীত, (বি-নির-নী) নিশ্চিত; অবধারিত, নিষ্পত্তা।

বিনির্ধূত, দূরবহিষ্কৃত চলিত; তাড়িত, দূরীকৃত, দূরীভূত।
বিনির্বৃত্ত, (বি-নির-বৃৎ) সমাপ্ত; নিষ্পন্ন।
বিনির্মুখ, বৈমুখ্য; পরাঙ্মুখ, অদর্শন, উপেক্ষা, ত্যাগ।
বিনিহত, (বি-নি-হন) বিনষ্ট; খণ্ড, উচ্ছিন্ন
বিনিক্ষিপ্ত, (বি-নি-ক্ষিপ) স্থাপিত; অর্পিত; বিশেষরূপে রক্ষিত।
বিনীত, (বি-নী) বিনয়ান্বিত; শিষ্ট; সুশীল; শিক্ষিত; দমনক বৃক্ষ। [সাধু।
বিনীতাত্মা, (বিনীত-আত্মন) নম্রমনাঃ, শিষ্ট,
বিনীয়, বল্ক, খইল; পাপ, কলুষ, অধর্ম্ম।
বিনেতা, (বি-নী) দেশক; রাজা; শিক্ষক।
বিনেয় (বি-নী) নেতব্য শাসনীয়, দণ্ডার্হ।
বিনোদ, (বি-নুদ) কৌতুহল; হর্ষ; ক্রীড়া; আলিঙ্গন বিশেষ; রাজগৃহ বিশেষ।
বিন্দু, (বিদ) জলকণা, পৃষত; কণিকা, কণা, দন্তক্ষত বিশেষ; জ্ঞমধ্য; অনুস্বার।
বিন্দুচিত্রক, বিন্দু রেখাঙ্কিত মৃগবিশেষ।
বিন্দুজাল, হস্তির শুণ্ডোপরি বিচিত্র বিন্দুসমূহ। [সমূহ।
বিন্দুজালক, হস্তির মুখাদিতে স্থিত বিন্দু
বিন্দুপত্র, ভূর্জবৃক্ষ, ভোজপাতের গাছ।
বিন্দুরেখক, বিন্দুরেখান্বিত পক্ষিবিশেষ।
বিন্দুসর, সরোবর বিশেষ।
বিন্ধন, (বিধ) ছিদ্রকরণ; ভেদন; ফোড়ন।
বিন্ধপত্রী, জ্বরাপহা, জ্বরনাশক, বেলশুঁটা।
বিন্ধস, চন্দ্র, বিধু, শশী, শশধর। [ব্যাধ।
বিন্ধ্য (বি-ধৈ) পর্ব্বত বিশেষ, বিন্ধ্যাগিরি;
বিন্ধ্যবাসিনী, দুর্গা, ভগবতী; বিন্ধ্যপর্ব্বতে বাসকারিণী। [পর্ব্বতে বাসকারী ব্যক্তি
বিন্ধ্যবাসী, (বিন্ধ্য-বাসিন) ব্যাড়িমুনি; বিন্ধ্য
বিন্ধ্যা, লবলীবৃক্ষ, নোয়াড় বৃক্ষ; এলাচি।
বিন্ধ্যাচল, (বিন্ধ্য-অচল) বিন্ধ্য নামক পর্ব্বত, বিন্ধ্যাদ্রি, বিন্ধ্যাগিরি
বিন্ধ্যাবলী, বাণরাজার মাতা।
বিন্ধ্যাবলীপুত্র, বাণরাজ।
বিন্ন, বিচারিত, প্রাপ্ত; জাত; স্থিত, বিবাহিত। [র্পিত; সাজান।
বিন্যস্ত, (বি-নি-অস) রচিত; যথাক্রমে স্থা-
বিন্যাক, বৃক্ষ বিশেষ, ছাতিয়ান গাছ।
বিন্যাস, (বি-নি-অস) স্থাপন; রচন; কেশসংস্কার; সাজান। [পরিণতি প্রাপ্ত।
বিপক্ক, (বি-পচ) বিশেষে পাকা, অতিশয়

বিপচ্ছূন্য, (বিপদ-শূন্য) বিপত্তিশূন্য, আপদরহিত। [কষ্টজনক।

বিপজ্জনক, (বিপদ-জনক) আপজ্জনক, স-

বিপঞ্চক, (বি-পঞ্চ) বাদ্যযন্ত্র বিশেষ, বীণা।

বিপঞ্চী, (বিপঞ্চ) বাদ্যযন্ত্র বিশেষ, বীণা।

বিপণ, (বি-পণ) বিক্রয়, বেচা, মূল্য লইয়া স্বত্ব ত্যাগকরা।

বিপণি, (বি-পণ) পণ্যবিক্রয়শালা, দোকান; হট্ট, হাট, বাজার; হট্টমধ্যস্থ পণ্যবিক্রয়-বীথী, দোকানের চক। [হাট।

বিপণী, (বি-পণ) বণিক, বেণিয়া; হট্ট,

বিপৎ, (বিপদ) আপদ, সঙ্কট, বিপত্তি।

বিপত্তরণ, (বিপদ-তরণ) আপদ হইতে উদ্ধার, বিপত্ত্রাণ, বিপদ হইতে মোচন।

বিপত্তারক, (বিপদ তারক) বিপদুদ্ধারক

বিপত্তারী, (বিপদ-তারিন) বিপত্ত্রাতা, বিপত্তারক। [বিনাশ।

বিপত্তি, (বি-পদ) আপদ, বিপদ, সঙ্কট;

বিপথ, (বি-পথিন) নিন্দিত পথ, কুপথ; অসৎ মার্গ।

বিপথগামী, (বিপথ-গামিন) কুপথগামী; কুমার্গ প্রবৃত্ত; দুষ্টাচারী; অধর্ম্মে রত।

বিপদ, বিপত্তি, আপদ; সঙ্কট। [ত্তিশূন্য।

বিপদ্ধীন, বিপদ-হীন) আপদরহিত, বিপ-

বিপন্ন, (বি-পদ) বিপদাক্রান্ত, আপদগ্রস্ত; দুর্দ্দশাপন্ন; নষ্ট; সাপ, ভুজঙ্গ, বিষধর।

বিপব্য, শোধনীয়, পবিত্রকরণযোগ্য।

বিপরীত, (বি-পরি-ই) বিপর্য্যয়; উল্টা; প্রতিকূল, বিরুদ্ধ; অসম্ভব।

বিপরীতা, কামুকী, কামাতুরা, সকামা।

বিপর্ণক, পলাশবৃক্ষ, পলাশগাছ। [ব্যত্যয়।

বিপর্য্যয়, (বি-পরি-ই) ব্যতিক্রম, ব্যত্যাস,

বিপর্য্যাস, (বি-পরি-আস) অন্যরূপ গ্রহণ; বিপরীত; বিপর্য্যয়, উল্টা, ভ্রম, ভ্রান্তি।

বিপশ্চিৎ, পণ্ডিত, বুধ, ধীর, প্রাজ্ঞ।

বিপক্ষ, (বি-পক্ষ) শত্রু, বৈরী, অরি, বিরুদ্ধপক্ষাশ্রিত; প্রতিকূল। [তিকূল্য।

বিপক্ষতা, (বিপক্ষ) শত্রুতা, বৈরিতা; প্রা-

বিপক্ষতাচরণ, (বিপক্ষতা-আচরণ) শত্রুতাচরণ, বিরুদ্ধাচরণ [আক্রান্ত; বৈরিগ্রস্ত।

বিপক্ষাক্রান্ত, (বিপক্ষ-আক্রান্ত) শত্রুকর্ত্তৃক

বিপাক, (বি-পাক) কর্ম্মের বিসদৃশ ফল, বিপরিণাম; দুর্গতি; স্বেদ, ঘর্ম্ম; পাচন; দৈবঘটনা; ক্লেশ, আপদ।

বিপাট, নদী বিশেষ, বিপাশা নদী।

বিপাঠ, বাণ, ইষু, বিশিখ, শর।

বিপাদিকা, (বি-পদ) রোগবিশেষ, পাদস্ফোটরোগ; কুষ্ঠরোগ বিশেষ।

বিপাশা, নদী বিশেষ।

বিপিন, (বিপ) বন, কানন, অটবী, অরণ্য।

বিপুল, (বি-পুল) বৃহৎ, প্রকাণ্ড; মহৎ; মেরু; পশ্চিম পর্ব্বত; সুমেরু; হিমালয়

বিপুলতা, মহত্ত্ব, প্রকাণ্ডতা, বিশালতা।

বিপুলরস, ইক্ষু, আউক। [বিশেষ।

বিপুলা, (বিপুল) পৃথিবী; প্রকাণ্ডা, ছন্দো-

বিপুর, মুঞ্জতৃণ, মুঞ্জলতা।

বিপ্র, (বি-প্রা) ব্রাহ্মণ, দ্বিজোত্তম, ভূদেব।

বিপ্রকার, (বি-প্র-কৃ) অপকার, অনিষ্ট, অহিত; তিরস্কার।

বিপ্রকৃত, (বি-প্র-কৃ) অপকৃত; তিরস্কৃত; নিকৃত, ভৎসিত, নিন্দিত।

বিপ্রকৃতি, (বি-প্র-কৃ) তিরস্কার; অপকার

বিপ্রকৃষ্ট, (বি-প্র-কৃষ) দূর, অন্তর; মন্দ।

বিপ্রগামী, (বি-প্র-গম) বিচলিত; কুপথগামী। [শেষ।

বিপ্রচিত্ত, দনুপুত্র, অসুরব্রত, অসুর বি-

বিপ্রতিকারী, (বি-প্রতি-কৃ) অপকারী, মন্দকরী, প্রতিকূল; বিরোধকারক।

বিপ্রতিপত্তি, (বি-প্রতি পদ) বিরোধ, বিসম্বাদ, বিবাদ; কলহ, ঝকড়া।

বিপ্রতিষিদ্ধ (বি-প্রতি-ষিধ) নিবারিত, নিষিদ্ধ। [শয়; রোষ, ক্রোধ।

বিপ্রতিসার, অনুতাপ, পশ্চাত্তাপ, অনু-

বিপ্রদহ, ফলমূলাদি শুষ্ক দ্রব্য।

বিপ্রপ্রিয়, পলাশ বৃক্ষ; ব্রাহ্মণের বল্লভ।

বিপ্রয়াণ, (বি-প্র-যা) পলায়ন, প্রস্থান, স্থানান্তরে গমন।

বিপ্রযুক্ত, বিশিষ্ট, বিভিন্ন, পৃথক। [চ্ছেদ।

বিপ্রয়োগ, (বি-প্রযুজ) বিরহ, বিয়োগ বি-

বিপ্রলপন, (বি-প্র-লপ) বিরুদ্ধ উক্তি; বিতণ্ডাবাক্য, অসঙ্গত কথা।

বিপ্রলব্ধ, (বি-প্র-লভ) বঞ্চিত, প্রতারিত

বিপ্রলব্ধা, (বিপ্রলব্ধ) নায়িকা বিশেষ; বঞ্চিতা নায়িকা।

বিপ্রলাপ, (বি-প্র-লপ) বিরোধোক্তি, অন্যোর বাক্যের বিরুদ্ধে বচন, অনর্থক বাক্য অসঙ্গতকথা।

বিপ্রিয়, অপরাধ, মন্দ, দোষ, অপ্রিয়।

বিপ্রুষ, (বি-প্রুষ) বিন্দু, জলকণা, মুখনির্গত জলবিন্দু। [শস্য।
বিপ্রোষিত, (বি-প্র-বস) প্রবাসিত, বিদে-
বিপ্লব, (বি-প্লু) পরচক্রাদি ভয়, রাষ্ট্রাদির উপদ্রব, উৎপাত; নাশ, ধ্বংস।
বিপ্লাব, (বি-প্লু) অশ্বের প্লুতগতি, লম্ফপ্রদান পূর্ব্বক গমন। [পাতিগ্রস্ত।
বিপ্লুত, (বি-প্লু) ব্যসনার্ত্ত, উপদ্রুত, উৎ-
বিফল, (বি-ফল) নিরর্থক, মোঘ, ব্যর্থ, নিষ্ফল, অনর্থক, বৃথা।
বিফলতা, বৈয়র্থ্য, ফলাভাব, নিষ্ফলতা
বিফলা, (বিফল) কেতকী, কেয়া। [বৃথা
বিফলে, (বিফল) নিষ্ফলে, নিরর্থকরূপে;
বিফুল্ল, বিকাসিত, প্রফুল্ল।
বিবদন, (বি-বদ) বিরোধকারী, বিবাদকর্ত্তা
বিবদমান (বি-বদ) বিবাদকর্ত্তা, বিরোধকারী
বিবন্ধ, রোগবিশেষ আনাহ রোগ।
বিবর, (বি-বৃ) ছিদ্র, ছেঁদা, বিল, গর্ত্ত।
বিবরণ, (বি-বৃ) ব্যাখ্যা; বৃত্তান্ত, বর্ণনা।
বিবরণীয়, (বি-বৃ) বিশেষ কথনীয়, বর্ণনার্হ।
বিবরনালিকা, বেণু, বংশী, বাঁশী।
বিবর্জ্জন, (বি-বৃজ) ত্যাগ, পরিহার, ছাড়ন;
ন। [মলিন, ম্লান।
বিবর্ণ, (বি-বর্ণ) নীচ; বর্ণহীন, বিকৃতবর্ণ,
বিবর্ত্ত, (বি-বৃৎ) সমুদায়; মৃত্যু; অপবর্ত্তন
বিবর্ত্তন, (বি-বৃৎ) পরিভ্রমণ, ঘূর্ণন।
বিবশ, অবশীভূত, অবশ, অবাধ্য।
বিবসন, বিবস্ত্র, বসন হীন, উলঙ্গ।
বিবস্বান্, সূর্য্য, রবি, মার্ত্তণ্ড, বিকর্ত্তন; অর্ক বৃক্ষ, আকন্দগাছ; দেবতা; অরুণ; বৈবস্বত মনু। [বাসনা।
বিবক্ষা, (বচ) কহিবার ইচ্ছা, বাক্য কথনের
বিবক্ষিত, (বচ) কথনেচ্ছার বিষয়।
বিবক্ষু, (বচ) কথনাভিলাষী, কহিতে ইচ্ছুক
বিবাক, বিবেচনা কর্ত্তা, বিবেচক।
বিবাগবরাড়ী, রাগিণী বিশেষ।
বিবাদ, (বি-বদ) বিরোধ, কলহ, ঝকড়া।
বিবাদক, (বি-বদ) বিবাদানুগত; বিবাদী, বিবাদকর্ত্তা, বিরোধী, কলহী, কলহকারী
বিবাদযুক্ত, কলহবিশিষ্ট, বিরোধীয়; বিরোধকারী। [ধীয়।
বিবাদার্হ, (বিবাদ-অর্হ) বিবাদ যোগ্য, বিবা-
বিবাদাস্পদ (বিবাদ-আস্পদ) বিবাদের স্থান, বিরোধীয়।

বিবাদী, (বি-বদ) বিরোধী, প্রতিপক্ষ, বিরোধকারী।
বিবাদীয়, (বিবাদ) বিরোধীয়, বিবাদাস্পদ।
বিবাহ, (বি-বহ) দারপরিগ্রহ, উপযম, পরিণয়, উদ্বাহ, দারকর্ম্ম। [কাদি।
বিবাহলগ্ন, বিবাহকালীন প্রাপ্ত, যৌতু-
বিবাহার্থী, (বিবাহ-অর্থিন) দারার্থী, পরিণয় করিতে প্রার্থনাকারী। [পরিণীত।
বিবাহিত, (বি-বহ) কৃতবিবাহ, উদ্বাহিত,
বিবাহ্য, (বি-বহ) জামাতা; বিবাহ যোগ্য;
বিবিক্ত, (বি-বিচ) পবিত্র; বিজন, নির্জ্জন; বিবেকী; পৃথক; বিবেচিত।
বিবিক্তা, দুর্ভগা, দুরদৃষ্টা, দুরবস্থান্বিতা।
বিবিধ, (বি-বিধ) নানা প্রকার, বহুরূপ।
বিবীত, (বি-বীত) ভূমি বিশেষ।
বিবীতভর্ত্তা, বিবীতভূমির স্বামী। [শাধর
বিবুধ, (বি-বুধ) দেবতা; পণ্ডিত; চন্দ্র,
বিবুধান, (বিবুধ) আচার্য্য; অপণ্ডিত; দেবতা
বিবৃক্তা, দুর্ভাগা; দুঃখিতা। [করা
বিবৃত, (বি-বৃৎ) বিস্তৃত, প্রসারিত, বিবরণ-
বিবৃতা, ক্ষুদ্ররোগ বিশেষ। [বিস্তৃত নেত্র।
বিবৃতাক্ষ, (বিবৃত-অক্ষি) কুক্কুট, কুকুড়া,
বিবৃতি, (বি-বৃ) ব্যাখ্যা, অর্থ বিবরণ, বর্ণন।
বিবৃত্ত, (বি-বৃৎ) চলিত, ভ্রমিত, ঘূর্ণায়মান
বিবৃত্তা, ক্ষুদ্ররোগবিশেষ।
বিবৃত্তি, (বি-বৃৎ) চক্রবৎ ভ্রমণ, ঘূর্ণন।
বিবেক (বি-বিচ) বিবেচনা, বিচার; সাংসারিক পদার্থে হেয় জ্ঞান। [ভাব।
বিবেকিতা, (বিবেক) বিবেকিত্ব, বিবেকির-
বিবেকী, (বি-বিচ) বিচারকর্ত্তা, বিবেকাবিষ্ট, সাংসারিক পদার্থে হেয়বুদ্ধিকারী।
বিবেচক (বি-বিচ) বিবেচনা কর্ত্তা; বিচারক সৎতার্কিক; ভদ্রাভদ্র নির্ণয়ক্ষম।
বিবেচন, (বি-বিচ) বিতর্কণ; বিচারণ।
বিবেচনা, (বি-বিচ) বিচার; অনুধাবন, চর্চ্চা ভাবনা; পরামর্শ। [পরামৃশ্য।
বিবেচনীয়, (বি-বিচ) বিবেচ্য, বিবেচিতব্য,
বিবেচিত (বি-বিচ) বিতর্কিত, পরামর্শকৃত, বিচারিত; তর্কিত; ভাবিত, চিন্তিত আন্দোলিত। [যোগ্য।
বিবেচ্য, (বি-বিচ) বিবেচনাযোগ্য, বিচার-
বিবোঢ়া, বিবাহ কর্ত্তা, বর, পতি, ভর্ত্তা।
বিবোধ, (বি-বুধ) অনবধানতা; প্রবোধ, জ্ঞান।

বিবোধক,(বি-বুধ) জাগরণকারী, নিদ্রাভঞ্জক, প্রবোধ দায়ক. জ্ঞানদায়ক । [জ্ঞাপন।
বিবোধন, (বি-বুধ) প্রবোধন, জাগরণ ;
বিব্রত, (বি-বৃ) ক্লেশাপন্ন ; কাতর. অস্থির
বিব্রুবন্, (বি-ব্রু) বিরুদ্ধবক্তা, অন্যায় ভাষী
বিব্বোক. রমণীদিগের শৃঙ্গার ভাবজন্য ক্রিয়া বিশেষ, হাব, বিলাস, কটাক্ষাদি
বিভক্ত, (বি-ভজ) প্রাপ্ত বিভাগ ; কৃতাংশ বিভিন্ন, পৃথক্ কৃত । [ধানে উৎপন্ন পুত্র।
বিভক্তজ, (বিভক্ত-জন) বিভাগানন্তর গর্ভা
বিভক্তি,(বি-ভজ) অংশকরণ, বণ্টন, বিভাগ ; ব্যাকরণমতে লিঙ্গ এবং ক্রিয়ার উত্তর প্রযুজ্য প্রত্যয় বিশেষ।
বিভজন, (বি-ভজ) বিভাগকরণ, অংশকরণ. ভাগকরণ, বণ্টন, বাঁটিয়া লওন।
বিভজনীয়, (বি-ভজ) বিভাজ্য, বিভাগযোগ্য. বিভাগার্হ, ভাগ করিবার উপযুক্ত
বিভব, (বি-ভূ) ধন সম্পত্তি, ঐশ্বর্য্য, মোক্ষ
বিভবশালী. ঐশ্বর্য্যশালী, ধনবান্ ধনসম্পন্ন
বিভবহীন. বিভবশূন্য, ঐশ্বর্য্যরহিত।[বাহু।
বিভা, প্রভা, কিরণ ; প্রকাশ ; শোভা ; বি
বিভাকর, (বিভা-কৃ) সূর্য্য, রবি, দিবাকর মার্ত্তণ্ড ; অর্কবৃক্ষ, আকন্দগাছ, চিত্রক বৃক্ষ. চিতা গাছ ; অগ্নি, বহ্নি, অনল।
বিভাগ, (বি-ভজ) ভাগ, অংশ ; বণ্টন ; পার্থক্য। [ভাগী।
বিভাগী. (বি-ভজ) অংশী. ভাগাধিকারী,
বিভাজক, (বি-ভজ) অংশকারী, বিভাগকর্ত্তা, বণ্টক।
বিভাজ্য, (বি-ভজ) বিভজনীয়, বিভাগার্হ ; অংশকরণযোগ্য, বণ্টনীয়।
বিভাণ্ডক, মুনিবিশেষ. ঋষ্যশৃঙ্গমুনির পিতা
বিভাণ্ডকসুত, মুনি বিশেষ. ঋষ্যশৃঙ্গমুনি, দশরথের জামাতা।
বিভাত, (বি-ভা) উদ্দীপিত ; প্রত্যুষ, প্রাতঃকাল, উষা, সময়। [দি ভাব।
বিভাব, (বি-ভূ) পরিচয় ; রসের উদ্দীপনা-
বিভাবন,(বি-ভূ) প্রকাশন, অনুভব করণ।
বিভাবনা,(বি-ভূ) বিবেচনা, তর্ক ; অনুভব।
বিভাবনীয়,(বি-ভূ) বিবেচনীয় ; বিতর্কণীয় চিন্তনীয় ; পরিচ্ছেদ্য। [নীয় ; বিবেচনীয়।
বিভাবয়িতব্য, (বি-ভূ) চিন্তনীয় ; বিতর্ক-
বিভাবরী,(বি-ভা) রাত্রি, রজনী, নিশা ; হরিদ্রা ; কুট্টিনী, বক্রোক্তি।

বিভাবসু, সূর্য্য, রবি, ভানু, বিভাকর, প্রভাকর, দিবাকর ; আকন্দগাছ ; অনল, অগ্নি ; চিত্রকবৃক্ষ, চিতাগাছ।
বিভাবিত, (বি-ভূ) চিন্তিত ; বিবেচিত, বিচারিত ; বিশেষে উৎপাদিত।
বিভাষা,(বি-ভাষ) বিকল্প ; দ্বৈতবাদ।
বিভাষিত, (বি-ভাষ) বিকল্প ; উক্ত, কথিত।
বিভাস, (বি-ভাস) রাগিণী বিশেষ ; প্রভা, দীপ্তি, আলোক। [উদ্ভেদিত।
বিভিন্ন, (বি-ভিদ) বিভক্ত ; পৃথক্ ; বিদীর্ণ
বিভিন্নতা, প্রভেদ, পার্থক্য, ভিন্নতা।
বিভিন্নত্ব, (বিভিন্ন) প্রভেদ, পৃথকতা, পার্থক্য, ভিন্নতা।
বিভীতক,(বি-ভীত) বৃক্ষবিশেষ, বহেড়াগাছ
বিভীষণ, (বি-ভী) রাবণভ্রাতা ; ভয়ানক, ভয়ঙ্কর ; তৃণবিশেষ, নলতৃণ।
বিভীষিকা, (বি-ভী) ভয়দেখান।
বিভু, (বি-ভূ) প্রভু ; সর্ব্বগত ; শঙ্কর ; ব্রহ্মা বিষ্ণু ; ব্যাপক। [শিবধৃত ভস্ম।
বিভূতি, (বি-ভূ) অণিমাদি অষ্ট ঐশ্বর্য্য ;
বিভূতিদ্বাদশী, ব্রতবিশেষ।
বিভূতিমান্, শিব ; ঐশ্বর্য্যবন্ত, ধনবান্।
বিভূষণ, (বি-ভূষ) আভরণ, অলঙ্কার।
বিভূষা, শোভা ; আভরণ, অলঙ্কার।
বিভূষিত, (বি-ভূষ) অলঙ্কৃত ; শোভিত।
বিভৃত, (বি-ভৃ) ধৃত ; পুষ্ট ; রক্ষিত।
বিভেদ,বি-ভিদ) বিচ্ছেদ ; প্রভেদ, ভিন্নতা, পার্থক্য ; বৈলক্ষণ্য, বিশেষ ; বৈপরীত্য।
বিভেদক, (বি-ভিদ) ভেদকর্ত্তা, পার্থক্যকারক, প্রভেদক।
বিভ্রৎ, ভরণ পোষণকর্ত্তা ; ধারণকারী।
বিভ্রম, (বি-ভ্রম) স্ত্রীদিগের শৃঙ্গার ভাব জাত ক্রিয়াবিশেষ ; শোভা, সংশয়।
বিভ্রমা, বার্দ্ধক্য, বৃদ্ধত্ব।
বিভ্রাট, (বি-ভ্রাজ) অলঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল, ভ্রাজিষ্ণু ; আপদ, বিপদ, সঙ্কট।
বিভ্রান্ত (বি-ভ্রম) বিভ্রমযুক্ত, ভুল হও
বিভ্রান্তি, (বি-ভ্রম) বিভ্রম, ভুল।
বিভ্রাল(বিহ্বল)হতজ্ঞান, ভ্রান্ত ; অচেতন।
বিমত, (বি-মন) বিরুদ্ধ মত, অন্য মত, প্রতিকূল, বিপরীত ; অন্যথা। [প্রেত।
বিমতি, (বি-মতি) অনিচ্ছা ; অমত, অনভি
বিমনস্ক, (বি-মনস) বিমনাঃ, চিন্তাদিতে ব্যাকুলচিত্ত, দুর্ম্মনাঃ, দুঃখিত মানস।

বিমনস্কতা, অন্যমনস্ক হওয়া, অন্যদিকে মনঃ দেওয়া। [কুলচিত্ত।
বিমনাঃ (বি মনস্) দুর্ম্মনাঃ, চিন্তান্বিত, ব্যা
বিময় বিনিময়, বদল পরিবর্ত্ত।
বিমর্দ্দ, (বি-মৃদ) কালঙ্কত বৃক্ষ, কালকাসুন্দিয়া গাছ; ডলন, বিমর্দ্দন।
বিমর্দ্দক, (বি-মৃদ) চক্রমর্দ্দ বৃক্ষ, চাকুন্দিয়া-গাছ। [লোড়ন।
বিমর্দ্দন, (বি-মৃদ) মর্দ্দন, ডলন, পেষণ, বি-
বিমর্দ্দিত, (বি-মৃদ) দলিত, পিষ্ট, ডলা।
বিমর্দ্দোত্থ, মর্দ্দনদ্বারা উৎপন্ন গন্ধাদি।
বিমর্শন, পরামর্শ, যুক্তিকরণ; বিতর্কণ।
বিমর্ষ, (বি-মৃষ) বিচারণা, মৌন; ভাবিত, চিন্তিত, উদ্বিগ্ন; অপ্রসন্ন, খেদ, অনুতাপ
বিমর্ষী, (বিমর্ষ) খিদ্যমান; দুঃখিত, মৌনী
বিমল, (বি-মল) নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কার, পরিচ্ছন্ন; চারু, মনোহর।
বিমলদান, নিত্য নৈমিত্তিক কাম্যদান, ঈশ্বর প্রীণনার্থ দান।
বিমলমণি, স্ফটিক, বেল্লোর, বেলয়ারী।
বিমলা, (বিমল) দেবী বিশেষ; জগন্নাথের-ভগিনী। [হিত, পরিষ্কৃত।
বিমলাত্মক, (বিমল-আত্মন্) নির্ম্মল মলর-
বিমলাদ্রি, (বিমল-অদ্রি) পর্ব্বত বিশেষ, শত্রুঞ্জয়পর্ব্বত। [কাতর দায়
বিমা, (বিলা) আপদগ্রস্ত, দায়ঠেকা, ঝুঁকি
বিমাংস, অশুদ্ধ কুক্কুরাদি মাংস
বিমাতা, (বি-মাতৃ) মাতৃসপত্নী, সৎমা [ভ্রাতা
বিমাতৃজ, সপত্নীপুত্র, বৈমাত্রেয়, বৈমাত্র
বিমান, (বি-মন) দেবরথ, ব্যোমযান; ঘোটক যানমাত্র।
বিমাননা, অপমান, অনাদর।
বিমার, (ফাং) রোগ, পীড়া, বেমারাম।
বিমার্গ, (বি-মার্গ) সম্মার্জ্জনী; ঝাঁটা; কুপথ, কুৎসিত বর্ত্ম।
বিমার্গগামী, (বিমার্গ-গামিন্) কুপথগামী, পথগামী। [মোচিত।
বিমুক্ত, (বি-মুচ) বিশেষ মুক্ত, মোক্ষপ্রাপ্ত;
বিমুক্তি, (বি-মুচ) বিমোচন; মোক্ষ।
বিমুখ, (বি-মুখ) বহির্ম্মুখ, বিরক্ত; অপ্রসন্ন
বিমুগ্ধ (বি-মুহ) মোহপ্রাপ্ত ...
বিমূঢ়, উৎকৃষ্ট ... প্রকৃত মূঢ়।
...
বিমোক্ষ ...

বিমোচন, (বি-মুচ) দূরীকরণ, মুক্তকরণ, পরিত্রাণ করণ। [ভুলান যায়।
বিমোহন, (বি-মুহ) মুগ্ধকরণ, অজ্ঞানকরণ
বিমোহিত, (বি-মুহ) মোহযুক্ত, মুগ্ধ, অজ্ঞান।
বিমোক্ষণ, (বি-মোক্ষ) বিমোচন, পরিত্রাণ
বিম্‌কী, (কম) বলে জলাদির ঊর্দ্ধ নিঃসারণ
বিম্ব (বী) প্রতিবিম্ব, প্রতিমূর্ত্তি; বিম্বিকা ফল, তেলাকুঁচা, জলবুদ্বুদ, কৃকলাস, কাকলাস
বিম্বক, (বিম্ব) বিম্বিকা ফল, তেলাকুঁচা।
বিম্বট, সর্ষপ, সরিষা।
বিম্বা, প্রতিবিম্ব, প্রতিচ্ছায়া, তেলাকুঁচাফল
বিম্বাকার, (বিম্ব-আকার) বুদ্বুদাকার, বিম্বিকা ফলসদৃশ, বুদ্বুদবৎ, কূর্ম্মপৃষ্ঠাকার বিশিষ্ট
বিম্বিকা, (বিম্ব) তেলাকুঁচা গাছ।
বিম্বিত, প্রতিচ্ছায়া প্রাপ্ত, প্রতিমূর্ত্তি।
বিম্বু, গুবাক, গুপারি, গুয়া।
বিম্বোষ্ঠ, (বিম্ব-ওষ্ঠ) বিম্বের তুল্য ওষ্ঠ যে ব্যক্তির, রক্তবর্ণ ওষ্ঠ।
বিয়চ্চারী (বিয়ৎ-চর) চিল্লপক্ষী, চিল, আকাশগামী। [নভোস্থল।
বিয়ৎ, (বি-যম) আকাশ, অন্তরীক্ষ, গগণ,
বিয়দগঙ্গা স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
বিয়দ্ভূত, তিমির, অন্ধকার, তমঃ।
বিয়ন (বি-ই) প্রসবন, গর্ভ হইতে সন্তান-নিঃসারণ।
বিয়নি, বেণী, বিউনী, বিন্যস্ত কেশ।
বিয়ন্মণি (বিয়ৎ-মণি) সূর্য্য, দিনমণি, রবি।
বিযম, (বি-যম) সংযম, ইন্দ্রিয় দমন।
বিযাত, নির্লজ্জ, লজ্জাহীন; অপগত।
বিযাম, (বি-যম) সংযম, ইন্দ্রিয় দমন।
বিয়াল্লিশ, (দ্বিচত্বারিংশৎ) সংখ্যা বিশেষ, ৪২
বিযুক্ত, (বি-যুজ) বিয়োগ বিশিষ্ট, বিচ্ছিন্ন; বিরহিত। [উপরম।
বিয়ে (বিবাহ) উদ্বাহ, পরিণয়, দারপরিগ্রহ
বিয়োগ (বি-যুজ) বিচ্ছেদ, বিপ্রয়োগ, বিরহ
বিয়োগজনক, বিচ্ছেদজনক, বিরহজনক।
বিয়োগভাক, বিচ্ছেদযুক্ত, বিরহ বিশিষ্ট, বিয়োগাক্রান্ত ... বিরহিত
বিয়োগী (বি-যুজ) ... পক্ষী ...
বিয়োজিত, (বি-যুজ) পরিত্যাজিত, ... ;
...

বিরোচনসুত, বলিরাজা, প্রহ্লাদের পৌত্র।
বিরোদ্ধা, (বি-রুধ) বিপক্ষ, প্রতিবন্ধকত-
কারী। [বিবাদ, অনৈক্য, বৈপরীত্য।
বিরোধ. (বি-রুধ) শত্রুতা. বৈর ; বিদ্বেষ,
বিরোধক, (বি-রুধ) বিরোধকারী; বিবাদী,
প্রতিবন্ধক। [শত্রু।
বিরোধকর্ত্তা, (বিরোধ-কর্ত্তৃ) বিরোধকারী,
বিরোধন, (বি-রুধ) বিরোধ, বিবাদ, কলহ।
বিরোধানর্হ. (বিরোধ-অনর্হ) বিবাদানুপ-
যুক্ত, বিরোধের অযোগ্য। [বাধা।
বিরোধিতা, (বিরোধিন) বিরোধিত্ব, ব্যাঘাত,
বিরোধিনী, বিরোধকারিকা, বিবাদকারিণী
বিরোধী, (বি-রুধ) শত্রু, বৈরী ; বিবাদী।
বিরোধোক্তি, (বিরোধ-উক্তি) অন্যের কথার
বিরুদ্ধ বচন, বিপ্রলাপ, বিরুদ্ধ বাক্য।
বিল, (বিল) ছিদ্র, গুহা, গর্ত্ত, বিবর ; উ-
চ্চৈঃশ্রবা ঘোটক, বেতস বৃক্ষ।
বিলকারী, মূষিক, ইন্দুর, গর্ত্তকারক।
বিলগ্ন, (বি-লগ) অসংলগ্ন, অসংযুক্ত, বিশ্লিষ্ট
বিলঙ্ঘন, (বি-লঙ্ঘ) উৎক্রমণ, ডিঙ্গন, লঙ্ঘন
বিলজ্জ, (বি-লজ্জা) লজ্জারহিত, নির্লজ্জ,
অপত্রপাশূন্য, অনপত্রপ, বেহায়া।
বিলন, (বিল) ব্যয়করণ, বন্টন, দানকরণ
বিলপন, (বি-লপ) বিলাপ করণ, খেদোক্তি-
করণ, শোকবাক্য কথন।
বিলপিত (বি-লপ) ক্রন্দিত, শোকোক্তি
বিলবাস, জন্তুবিশেষ, গ্রাহক জন্তু।
বিলবাসী, সর্প, ভুজঙ্গ, গর্ত্তস্থ
বিলমৎস্য, বিলজাতমৎস্য, বিলমাছ।
বিলম্ব (বি-লম্ব) কালাতিক্রম ; দেরি গৌণ
কালব্যাজ, অশীঘ্র। [ক্ষেপণ।
বিলম্বন, (বি-লম্ব) অশীঘ্র, গৌণকরণ, কাল
বিলম্বিত, (বি-লম্ব) অশীঘ্র, গৌণ, কাল-
ক্ষেপণ। [বিলম্বকারী।
বিলম্বী, (বি-লম্ব) বিলম্ববিশিষ্ট, অসত্বর,
বিলম্ভী, অতিদান, অতিশয় বিতরণ।
বিলয় (বি-লী) প্রলয়, বিনাশ, ধ্বংস।
বিলশয় সর্প, অহি, ভুজঙ্গ, বিষধর, ভুজগ।
বিলসৎ, (বি-লস) বিলাসযুক্ত, দীপ্তিশীল,
প্রকাশ বিশিষ্ট, শোভমান [কৃতকৌতুক।
বিলসিত, (বি-লস) আস্ফালিত, কৃতক্রীড়,
বিলক্ষ, বিস্ময়ান্বিত, চমৎকারযুক্ত।
বিলক্ষণ, (বি-লক্ষ) ভিন্ন, বিশেষ লক্ষণ
যুক্ত, উত্তম, উৎকৃষ্ট।

বিলক্ষণা, প্রেতশ্রাদ্ধে দেয় দানবিশেষ,
শয্যাবিশেষ। [বিলমাছ
বিলাছানাছ, (বিল-মাছ) বিলজাত মৎস্য,
বিলাতী, (যাং) ইউরোপ দেশীয়, ইংরাজী।
বিলাপ, (বি-লপ) অনুশোচন উক্তি, পরি-
দেবন, শোকবাক্য।
বিলাপন, (বি-লপ) শোককরণ, ক্রন্দন,
আক্ষেপকরণ। [আক্ষেপ বচনশীল।
বিলাপী, বি-লপ) শোককারী, অনুশোচী,
বিলাল, যন্ত্র, কল, বিড়াল, বিরাল, মার্জ্জার
বিলাস, (বি-লস) হাববিশেষ, লীলা, শো-
ভা, রমণ, আমোদ। [আরাম।
বিলাসকানন, ক্রীড়াবন, বিলাসবিপিন,
বিলাসবিত্তবানস, লুব্ধ, লোভী, অর্থগৃধ্নু
বিলাসভবন, আমোদ প্রমোদার্থনির্মীত
গৃহ বিলাসমন্দির, ক্রীড়াগৃহ, কেলিস্থান।
বিলাসমন্দির, ক্রীড়াগৃহ, কেলিগৃহ লীলাস্থান
বিলাসিনী, (বি-লস) রমণী, নারী, বেশ্যা।
বিলাসী, (বিলাসিন) ক্রীড়া রত, কৌতুক-
কারী, আমোদী, বিলাসশীল ; সর্প, অগ্নি
চন্দ্র, কামদেব, হর। [ত্রিত, অঙ্কিত।
বিলিখিত, (বি-লিখ) বিশেষে লেখা, চি-
বিলী, (বিল) অংশকরণ, ভাগকরণ, বন্টন,
ব্যয়করণ ; পৃথক২ করণ।
বিলীন, (বি-লী) প্রাপ্তদ্রবীভাব ঘৃতাদি,
বিশেষে লয় প্রাপ্ত, অন্তর্হিত।
বিলুপ্ত, (বি-লুপ) লোপ প্রাপ্ত, নষ্ট, রহিত,
অন্তর্হিত। [লিপি করণ, বিশেষ লিখন।
বিলেখন, (বি-লিখ) লিখন ; খনন, বিশেষে
বিলেপ, (বি-লিপ) লেখন, মাখান, প্রলেপ
বিলেপন, (বি-লিপ) গাত্রানুলেপন-যোগ্য
সুগন্ধিদ্রব্য, গাত্রানুলেপনী ; ম্রক্ষণ লেপন
বিলেপনী, (বি-লিপ) যবাগূ, যাউ, সুবেশা
স্ত্রী [যাউ।
বিলেপী, (বি-লিপ) বিলেপনীয়, যবাগূ,
বিলেবাসী, সর্প, ভুজগ, গর্ত্তে বাসকারী,
ইন্দুর, যাহারা বিলে বাস করে.
বিলেশয়, সর্প, ভুজঙ্গ, মূষিক, ইন্দুর
গোধা, গোসাপ, শশক খরগোশ, শল্লকী
শজারু।
বিলোক, নির্জ্জন, বিজন, লোকশূন্য।
বিলোকন, (বি-লোক) অবলোকন, নিরী-
ক্ষণ, দর্শন, দেখন। [জ্ঞেয় ; দর্শনীয়।
বিলোকনীয়, (বি-লোক) প্রত্যক্ষ, বোধ্য

বিলোকিত, (বি-লোক) অবলোকিত, নিরীক্ষিত, দৃষ্ট। [প্রেক্ষক, দর্শন।
বিলোকিতা, (বি-লোক) দ্রষ্টা, দর্শনকর্ত্তা,
বিলোচন, (বি-লোচ) চক্ষুঃ, নয়ন, নেত্র।
বিলোটক, (বি-লুট) মলমীন, বালিয়া মাছ।
বিলোড়ন, (বি-লুড়) মন্থন, আলোড়ন, ঘোঁটন; মর্দ্দন। [তক্র, ঘোল।
বিলোড়িত, (বি-লুড়) আলোড়িত, মথিত;
বিলোপ, (বি-লুপ) বিশেষ লোপ, একেবারেই অপ্রাপ্তি, নাশ। [শয় লোলুপতা।
বিলোভ, (বি-লুভ) বিশেষ লোভ
বিলোভন, (বিলোভ) বিশেষ লোভ প্রদর্শন, অভার্থ লোভ দেখান।
বিলোম, (বি-লোমন) উল্টা, প্রতিকূল, বাম, উৎক্রম, প্রতীপ; সর্প; বরুণ; কুক্কুর; লোম শূন্য। [বিপর্য্যয়।
বিলোমক, (বি-লোমন) বিপরীত, ব্যতিক্রম
বিলোমক্রিয়া, বিপরীত ক্রিয়া; ব্যতিক্রম, বৈপরীত্য।
বিলোমজ, (বিলোম-জন) উত্তম বর্ণ স্ত্রীর গর্ভে অধম বর্ণ হইতে উৎপন্ন।
বিলোমজাত, অপকৃষ্টবর্ণ পুরুষ হইতে উত্তমবর্ণা স্ত্রীর গর্ভে উৎপন্ন, বিলোমজ।
বিলোমজিহ্ব, হস্তী, করী, গজ।
বিলোমবর্ণ, বর্ণসঙ্কর জাতি।
বিলোমী, আমলকী, ধাত্রীফল।
বিলোল (বি-লোড়) চঞ্চল, চপল, অস্থির।
বিলোলন, (বি-লোড) চঞ্চলকরণ
বিল্ল, আলবাল, বৃক্ষমূলস্থ জল
হিঙ্গু, হিং।
বিল্লমূলা, লতাবিশেষ, বারাহীকন্দ, শূকর কন্দিয়া। [শ্রীফল।
বিল্ব, (বিল) বেলগাছ, শ্রীফলবৃক্ষ, বেল
বিল্বপত্র, শ্রীফল পত্র, ত্রিপত্র, বেলপাতা।
বিল্বপেষিকা, শুষ্ক বিল্বখণ্ড, বেলশুঁঠ।
বিলবিল, একত্র দলবদ্ধ হইয়া নড়ন।
বিশ, (বিংশতি) মৃণাল, পদ্মের ডাঁটা; সংখ্যা বিশেষ, কুড়ি। [ভীম পক্ষী।
বিশকণ্ঠী, বলাকা, ক্ষুদ্রবকশ্রেণী; বককা-
বিশঙ্ক, (বি-শঙ্কা) শঙ্কারহিত, নিঃশঙ্ক, নির্ভয়
বিশঙ্কট, বিশাল, বৃহৎ, বড়, প্রকাণ্ড।
বিশঙ্কিত, (বি-শঙ্কা) ভীত, ত্রস্ত, ভয়ার্ত্ত।
বিশদ, বিমল, নির্ম্মল, পরিষ্কার; ব্যক্ত; শুক্লগুণযুক্ত; শ্বেতবর্ণ, শাদা।

বিশম্বরা, পল্লী, পাড়া, বসতি শ্রেণী [বিনষ্ট।
বিশয়, (বি-শী) সংশয়, সন্দেহ; আশ্রয়, অ-
বিশয়ী, (বিশয়) সংশয়ী; আশ্রয়ী।
বিশর বধ, প্রাণহত্যা, নাশ, হিংসা।
বিশরণ, মারণ, হনন, নাশন।
বিশল্য, (বি-শল্য) শল্য রহিত; যাতনাহীন
বিশল্যকরণী, (বিশল্য-করণ) ঔষধি বিশেষ
বিশল্যকৃৎ, বিশল্য-কৃ) বিশালী বৃক্ষ, ছাপরমালীর গাছ
বিশল্যা, লতাবিশেষ, গুড়ুচী লতা।
বিশসন, মারণ, নাশন, হনন; খড়্গ, অসি
বিশসিত, (বি-শস) মারিত, হিংসিত, হত
বিশস্ত, (বি-শস) অবিনীত, ধৃষ্ট, দুষ্ট।
বিশস্তা, চণ্ডাল, চাণ্ডাল, চাঁড়াল।
বিশাকর, তম্রচূড় বৃক্ষ, লঙ্কাসিজ গাছ।
বিশাখ, কুমার, কার্ত্তিকেয়, ষড়ানন; ভিক্ষুক, যাচক; পুনর্নবা শাক।
বিশাখজ, বৃক্ষবিশেষ, নাগরঙ্গ বৃক্ষ।
বিশাখা, বি-শাখা) অশ্বিনী প্রভৃতি সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত নক্ষত্র বিশেষ, ষোড়শ নক্ষত্র। [শয়ন।
বিশায়, (বি-শী) প্রহরিদিগের পর্য্যায়ক্রমে
বিশারণ, মারণ, হনন, হিংসন।
বিশারদ, (বিশাল-দা) বিদ্বান, পণ্ডিত; প্রগল্ভ; প্রসিদ্ধ; শ্রেষ্ঠ।
বিশাল, (বি-শল) বৃহৎ, প্রকাণ্ড, মহৎ; মৃগবিশেষ; পক্ষিবিশেষ; বৃক্ষবিশেষ।
বিশালতা, (বিশাল) পার্শ্ব বিস্তার, ওসার; মহত্ত্ব, প্রকাণ্ডতা। [ছাতিম গাছ।
বিশালত্বক, (বিশাল-ত্বচ) সপ্তপর্ণ বৃক্ষ,
বিশালাক্ষ, (বিশাল-অক্ষি) হর, মহাদেব; গরুড়; সুনেত্র, দীর্ঘচক্ষুঃ, বিষ্ণু।
বিশালাক্ষী, (বিশাল-অক্ষি) দীর্ঘনয়না নারী, বর স্ত্রী; ভগবতী; যোগিনী বিশেষ; নাগদন্তী বৃক্ষ।
বিশিখ, (বি-শিখা) শর, বাণ, ইষু; বাদ্যযন্ত্রবিশেষ; শিখা রহিত। [রাস্তা।
বিশিখা, (বিশিখ) খনিত্রী, খন্তা; রথ্যা,
বিশিপ, মন্দির, গৃহ, ভবন, আগার।
বিশিষ্ট, (বি-শিষ) ভদ্র উৎকৃষ্ট; বিশেষে শিষ্ট; যুক্ত, মিলিত।
বিশিষ্টতা, (বিশিষ্ট) ভদ্রতা, শিষ্টতা, উত্তমতা। [শীয়।
বিশিষ্য, (বি-শিষ) দ্রব্যবাচক শব্দ, বিশেষ

বিশীর্ণ, (বি-শৄ) শুষ্ক, দুর্ব্বল, গ্লানিযুক্ত।
বিশীর্ণপর্ণ, নিম্বৃক্ষ, নিমগাছ।
বিশুদ্ধ (বি-শুধ) বিশেষে শুদ্ধ, পরিষ্কৃত শুচি; উজ্জ্বল; নির্ভুল। [নির্ম্মলতা।
বিশুদ্ধি, (বি-শুধ) শোধন; পরিষ্কার
বিশুষ্ক, (বি-শুষ) বিশীর্ণ; নীরস, ম্লান।
বিশৃঙ্খল, (বি-শৃঙ্খলা) শৃঙ্খলা রহিত; ক্রম রহিত; উলটাপালটা।
বিশৃঙ্খলা, বৈপরীত্য, ব্যতিক্রম, বিপর্য্যয়।
বিশেষ, (বি-শিষ) বৈলক্ষণ্য, ভেদ; প্রভেদ; প্রকার; উপশম।
বিশেষক, (বি-শিষ) ললাটে কৃত তিলক; ভেদ সূচক, প্রভেদক।
বিশেষণ, (বি-শিষ) বিশেষ্য ধর্ম্ম, প্রভেদক গুণ বাচক। [করিবার যোগ্য।
বিশেষণীয়, (বি-শিষ) প্রভেদনীয় বিশেষ-
বিশেষতঃ, (বিশেষ) বিশেষরূপে; বৈলক্ষণ্য হেতু, অধিকন্তু; অপরঞ্চ।
বিশেষফল, বিশেষলাভ, বিশেষ প্রাপ্তি।
বিশেষবিধি, অল্পবিষয়ক বিধি।
বিশেষিত (বি-শিষ) ভিন্ন, ব্যবচ্ছিন্ন পৃথক-কৃত। [প্রভেদনীয়; বিশেষণীয়।
বিশেষ্য, (বি-শিষ) ধর্ম্মি পদার্থ; সংজ্ঞাপদ;
বিশোক বি-শুচ) অশোকবৃক্ষ, শোকরহিত
বিশোচন, (বি-শুচ) শোক নাশ করণ, দুঃখ-নিবর্ত্তন। [সংশোধন।
বিশোধন, (বি-শুধ) শুদ্ধ করণ, শুধরন:
বিশোধনী, (বিশুধ) দন্তী বৃক্ষ, দন্তীর গাছ।
বিশোধনীয়, (বি-শুধ) শোধনার্হ, বিশোধ্য।
বিশোধিনী, বৃক্ষ বিশেষ, নাগদন্তীবৃক্ষ।
বিশোধ্য, (বি-শুধ) শোধনীয়, শোধনার্হ।
বিশোভ, (বি-শুভ) শোভাহীন, শোভারহিত, কুৎসিৎ; কদর্য্য।
বিশোষ, (বি-শুষ) শুষ্ক, নীরস, রসহীন।
বিশ্রণন, দান, বিতরণ, অর্পণ ত্যাগ [গাঢ়।
বিশ্রব্ধ, (বি-শ্রনভ) শান্ত; বিশ্বস্ত: অত্যর্থ,
বিশ্রম, বিশ্রাম, বিরাম, ক্লেশনিবারণ।
বিশ্রম্ভ, (বি-শ্রনভ) বিশ্বাস; কেলি কলহ; প্রণয়, প্রীতি, অনুরাগ।
বিশ্রাণন, দান, বিতরণ, ত্যাগ, অর্পণ।
বিশ্রান্ত (বি-শ্রম) শ্রান্তিযুক্ত; বিশ্বস্ত; সুস্থির
বিশ্রান্তি, (বি-শ্রম) বিশ্রাম, আরাম, বিরাম।
বিশ্রাব, (বি-শ্রু) অতিপ্রসিদ্ধ, মড়বিখ্যাত

বিশ্রামকাল, বিরামকাল, অবসর।
বিশ্রামবার, রবিবার, ভানুবাসর।
বিশ্রি, মৃত্যু, মরণ; অত্যয়, বিনাশ।
বিশ্রী, (বি-শ্রী) শ্রীহীন, শ্রীভ্রষ্ট, কুৎসিত, কদর্য্য। [সংশ্লিষ্ট, বিশেষে গুনা।
বিশ্রুত, (বি-শ্রু) বিখ্যাত, প্রসিদ্ধ; জ্ঞাত;
বিশ্রুতি, (বি-শ্রু) বিখ্যাতি, প্রসিদ্ধি।
বিশ্লিষ্ট, (বি-শ্লিষ) ভিন্ন, পৃথগ্‌ভূত; বিচ্ছিন্ন ছাড়া। [বিয়োগ।
বিশ্লেষ, (বি-শ্লিষ) অযোগ, বিচ্ছেদ, বিরহ,
বিশ্ব, (বিশ) ব্রহ্মাণ্ড, জগৎ; সমুদায়, শুণ্ঠী শুঁঠ; গণদেবতাবিশেষ, পরিমাণবিশেষ।
বিশ্বকদ্রু, (বিশ্ব-দ্রু) মৃগয়াকুশল, কুক্কুর, শিকারী কুকুর।
বিশ্বকর্ম্মজা, বিশ্বকর্ম্ম সুতা, সূর্য্যভার্য্যা; ছায়া
বিশ্বকর্ম্মা, (বিশ্ব-কর্ম্মন) দেবশিল্পী, ত্বষ্টা, মুনিবিশেষ।
বিশ্বকা, গঙ্গাচিল্লী, গাংচিল। [শিল্পী।
বিশ্বকৃৎ, বিশ্বকর্ম্মা, দেবশিল্পী, দেবতাদের
বিশ্বকেতু, অনিরুদ্ধ, উষাপতি।
বিশ্বক্‌শেন, বিষ্ণু, নারায়ণ, ত্রয়োদশমনু।
বিশ্বক্‌শেনা, বৃক্ষবিশেষ, প্রিয়ঙ্গুবৃক্ষ।
বিশ্বখণ্ড, কঠিন; বিদ্বেষী; ধূর্ত্ত, বঞ্চক।
বিশ্বখণ্ডক, অনভিষ্ট; পশ্চাত্তাপ বিশিষ্ট।
বিশ্বগ, সর্ব্বত্রগামী; ব্রহ্মা, প্রজাপতি।
বিশ্বগন্ধ, পলাণ্ডু, পঁ্যাজ।
বিশ্বগন্ধা, পৃথ্বী, পৃথিবী, ধরণী, ধরিত্রী।
বিশ্বগোপ্তা, বিষ্ণু, ইন্দ্র; জগতেররক্ষাকর্ত্তা।
বিশ্বগায়ু, সর্ব্বত্র গামী পবন।
বিশ্বঙ্কর, চক্ষুঃ, নয়ন, নেত্র, লোচন, অক্ষি।
বিশ্বচক্র, মহাদান বিশেষ; ব্রহ্মাণ্ড রূপ চক্র
বিশ্বচক্রাত্মা, (বিশ্ব-চক্র-আত্মন) বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
বিশ্বজয়ী, (বিশ্ব-জায়িন) সর্ব্বত্র জয়প্রাপ্ত; অখিল সংসার জয়কারী। [জয়ী।
বিশ্বজিৎ, (বিশ্ব-জি) যজ্ঞ বিশেষ; ব্রহ্মাণ্ড-
বিশ্বতঃ, সর্ব্বত্র; সকল প্রকারে।
বিশ্বদেব, গণদেবতা বিশেষ। [ভোগামী।
বিশ্বদ্র্যঙ, সর্ব্বত্র গমন কর্ত্তা, সর্ব্বগ, সর্ব্ব-
বিশ্বধারিণী, পৃথিবী, ধরণী, অবনী, বসুমতী
বিশ্বনাথ, শিব, মহাদেব, বিশ্বের প্রভু।
বিশ্বপা, বিশ্বের পালনকর্ত্তা; পরমেশ্বর।
বিশ্বপ্সা, অগ্নি; চন্দ্র; দেব; বিশ্বকর্ম্মা, সূর্য্য

বিষভুজঙ্গ, বিষযুক্ত সর্প, বিষধর অহি।

বিষম, (বি-সম) অসমান; অযথা, উৎকট, দুর্গম, আপদ।

বিষমচ্ছদ, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিয়ান গাছ।

বিষমজ্বর, জ্বরোগ বিশেষ।

বিষমধাতু, অস্বাস্থ্যভাব; অসুস্থ।

বিষমনয়ন, শিব, মহাদেব, ত্রিনেত্র।

বিষমন্ত্র, সর্প ধারক; বাদিয়া, সাপুড়ে, জাঙ্গলী; বিষনাশক মন্ত্র।

বিষমবিভাগ, অসমানাংশ, ন্যূনাধিকভাগ।

বিষমশিষ্ট, দোষবিশেষ: বৈষম্য।

বিষমসাহস, দুঃসাহস, অতিশয়-সাহস।

বিষমস্থ, (বিষম-স্থ) অসমানস্থিত, উপপ্লব দেশস্থ; বিপন্ন; উৎপাতে গ্রস্ত, রুগ্ন।

বিষমায়ুধ, (বিষম-আয়ুধ) কামদেব, মদন, কন্দর্প। [ত্রিনেত্র।

বিষমাক্ষ, (বিষম-অক্ষি) শিব, মহাদেব,

বিষয়, (বি-ষি) চক্ষুরাদি গ্রাহ্য, গোচর, ইন্দ্রিয়ার্থ; দেশ; আশ্রয় ভোগসাধন; নিত্যসেবিত; অন্ত্যক; জনপদ; কার্য্য; বিভব, সম্পত্তি, ধন।

বিষয়ক, (বি-ষি) বিষয় সম্বন্ধীয়, হেতুক, কারণ। [ষাদি; অর্থ উপার্জ্জনার্থ কর্ম্ম।

বিষয়কর্ম্ম, (বিষয়-কর্ম্মন্) সাংসারিক কা-

বিষয়কর্ম্মকুশল, যে সাংসারিক কার্য্যাদিতে বিলক্ষণ নিপুণ। [বিজ্ঞতা।

বিষয়জ্ঞান, বিষয়বোধ; সাংসারিক কর্ম্মে

বিষয়ান্বিত, (বিষয়-অন্বিত) বিষয়যুক্ত; ধনী কর্ম্মশীল। [কামদেব; বিষয়াসক্ত পুরুষ।

বিষয়ারী, রাজা; বৈষয়িক জন; ইন্দ্রিয়;

বিষয়াসক্ত, (বিষয়-আসক্ত) বিভবাসক্ত; যে চক্ষুরাদি ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থে আসক্ত।

বিষয়ী, (বিষয়) বিষয়াসক্ত; বিষয়যুক্ত; ব্যবসায়ী, ধনপতি; কামদেব।

বিষয়ে, (বিষয়) প্রস্তাবে; সম্বন্ধে; উপরে।

বিষয়ৈষী, (বিষয়-এষিন) বিভবেচ্ছুক, বিষয়াভিলাষী।

বিষঘ্ন, বিষযুক্ত; গরল, কালকূট।

বিষলতা, লতাবিশেষ; ইন্দ্রবারুণীলতা।

বিষশালূক, পদ্মকন্দ, পদ্মের মূল।

বিষসূচক, পক্ষিবিশেষ, চকোরপক্ষী।

বিষহন্ত্রী, অপরাজিতা, নির্ব্বিষা লতা।

বিষহর, (বিষ-হৃ) গরলনাশক ঔষধাদি।

বিষহরা, (বিষ-হৃ) বিষহরী; মনসা দেবী।

বিষহৃৎ, (বিষ-হৃত) দেবদালীলতা; নির্ব্বিষা লতা। [গ্রন্থ।

বিষা, লতাবিশেষ, অতিবিষা লতা; বুদ্ধি,

বিষাক্ত, (বিষ-অক্ত) গরলযুক্ত, গরলমিশ্রিত, বিষমিশ্রিত।

বিষাঙ্কুর, (বিষ-অঙ্কুর) অস্ত্রবিশেষ শল্যাস্ত্র।

বিষাণ, (বি-সণ) কুষ্ঠৌষধ, কুড়; পশুশৃঙ্গ; হস্তিদন্ত, বরাহ দন্ত।

বিষাণী, (বি-ষণ) বৃশ্চিকালী লতা, বিছাটী; তিন্তিড়ীবৃক্ষ, তেতুলগাছ, তেঁতুল; হস্তী; শৃঙ্গী; ঋষভনামে ঔষধ, পানীফল, শিঙ্গাড়া।

বিষাদ, (বি-ষদ) বিষন্নতা, খেদ, শোক, বিমর্ষ, উদ্বিগ্ন।

বিষাদনী, লতাবিশেষ, পলাশী লতা। [ফণী।

বিষানন, (বিষ-আনন) সর্প, অহি, ভুজঙ্গ,

বিষান্তক, (বিষ-অন্তক) শিব; বিষনাশক।

বিষাপহা, (বিষ-অপাহন) লতাবিশেষ; ইন্দ্রবারুণীলতা; নির্ব্বিষা লতা। [র্ব্বিষী।

বিষাভাবা, (বিষ-অভাব) নির্ব্বিষা লতা, নি-

বিষায়ুধ, (বিষ-আয়ুধ) সর্প; বিষযুক্ত অস্ত্র।

বিষার, সর্প, ফণী, বিষধর। [যুক্ত।

বিষাল, (বিষ) বিষালু, বিষমিশ্রিত, গরল-

বিষালু, (বিষ) গরলযুক্ত, বিষমিশ্রিত, বিষাল

বিষাস্য, (বিষ-আস্য) সর্প; বিষযুক্ত মুখ;

বিষুব, (বিষু) সমরাত্রিন্দিব কাল, মেষ ও তুলা সংক্রান্তি।

বিষৌষধী, (বিষ-ঔষধী) নাগদন্তী বৃক্ষ।

বিষ্কম্ভ, (বি-স্কম্ভ) প্রথম যোগ; বিস্তার; প্রতিবন্ধক; রূপকাঙ্গবিশেষ। [দণ্ড।

বিষ্কম্ভী, অর্গল, হুড়কা দণ্ড, বন্ধননির্ম্মিত

বিষ্কল, বিড়্বরাহ, গ্রাম্য শূকর।

বিষ্কির, ময়ুর কুক্কুটাদি পক্ষী। [প্রবেশ।

বিষ্ট, (বিষ) প্রবিষ্ট, প্রবেশবিশিষ্ট, কৃত-

বিষ্টপ, ভুবন, জগৎ, ব্রহ্মাণ্ড।

বিষ্টম্ভ, (বি-স্তম্ভ) প্রতিবন্ধক, রোগবিশেষ, অনাহ রোগ। [দি আসন।

বিষ্টর, (বি-স্তৃ) দর্ভমুষ্টি, কুশাসন; পীঠা-

বিষ্টরশ্রবা, বিষ্ণু, নারায়ণ।

বিষ্টি, (বিশ) বেতন বিনা হঠাৎ ভার বহনাদির ক্লেশ, অবৈতনিক পরিশ্রম, বেগার

বিষ্ঠল, দূরস্থান, বাহিরস্থ স্থল।

বিষ্ঠা, (বি-স্থা) মল, উচ্চার, শকৃৎ, গু, পুরীষ

বিষ্ণু, (বিষ) নারায়ণ; ব্রহ্মার রূপবিশেষ; অগ্নি; ধর্ম্মশাস্ত্রকর্ত্তা মুনিবিশেষ।

বিস্ফোটক, ব্রণবিশেষ, দুষ্ট স্ফোটক, বিস্ফোড়া, ফোড়া।

বিস্ফোড়া, (বিস্ফোট) বিস্ফোটক, দুষ্টস্ফোটক, ব্রণবিশেষ।

বিস্মৎ, (সাং) বিসমৎ নামক ধাতুবিশেষ।

বিস্ময়, (বি-স্মি) আশ্চর্য, চমৎকার।

বিস্ময়ান্বিত, (বিস্ময়-অন্বিত) বিস্ময়যুক্ত, বিস্মিত, আশ্চর্য্য বিশিষ্ট।

বিস্মরণ, (বিস্মৃ) স্মরণহীন, ভুলন, পাসরণ।

বিস্মাপন, কুহক, কাপট্য, মায়া; গন্ধর্ব্ব নগর; কামদেব; বিস্ময় করান।

বিস্মার্য্য, (বি-স্মৃ) বিস্মরণীয়, ভুলিবার যোগ্য

বিস্মিত, (বি-স্মি) বিস্ময়বিশিষ্ট, বিস্ময়ান্বিত; চমৎকৃত, আশ্চর্য্যান্বিত।

বিস্মিতি, (বি-স্মৃ) বিস্মৃতি, বিস্মরণ; ভ্রম ভুল; আশ্চর্য্য, বিস্ময়।

বিস্মৃত, (বি-স্মৃ) স্মরণের অবিষয়, বিস্মরণবিশিষ্ট, ভুলা, ভ্রমযুক্ত।

বিস্মৃতি, (বি-স্মৃ) বিস্মরণ, ভুলন; ভ্রম।

বিস্র, অপক্ব মাংস গন্ধ, চিতাধূমের গন্ধ।

বিস্রগন্ধি, হরিতাল।

বিস্রব্ধ, বিশ্বস্ত, প্রত্যয়িত; অত্যর্থ, গাঢ়।

বিস্রম্ভ, বিশ্বাস, প্রত্যয়; নির্ভয়; প্রণয়; পরিচয়; শৃঙ্গার প্রার্থনা; কেলিকলহ।

বিস্রম্ভী, বিশ্বাসী, প্রত্যয়িত; প্রণয়ী।

বিস্রসা, জরা, বার্দ্ধক্য দশা।

বিসৃত, বিস্তৃত, প্রসারিত, বিস্তীর্ণ।

বিস্বাদ, (বি-স্বদ) স্বাদহীনতা, অতার, পানসা।

বিস্বাদু, (বি-স্বদ) স্বাদহীন, স্বাদ রহিত।

বিহগ, (বিহায়স-গম) পক্ষী; বাণ; সূর্য্য; চন্দ্র, গ্রহ।

বিহঙ্গ, (বিহায়স-গম) পক্ষী; বাণ; মেঘ; চন্দ্র; সূর্য্য।

বিহঙ্গম, (বিহায়স-গম) পক্ষী, পাখী।

বিহঙ্গমা, ভারযষ্টি, ভারের বাঁক।

বিহঙ্গরাজ, (বিহঙ্গ-রাজন) গরুড়, বৈনতেয়।

বিহঙ্গিকা, ভারবহনযষ্টি; বাঁক।

বিহত, (বি-হন) বিশেষ হত, বিনষ্ট, বিধ্বস্ত,

বিহনন, (বি-হন) বিঘ্ন; হিংসা, মারণ।

বিহর, (বি-হৃ) বিয়োগ; বিচ্ছেদ; ত্যাগ।

বিহরণ, (বি-হৃ) বিহার; ক্রীড়ার্থ পর্য্যটন।

বিহর্ত্তা, (বি-হর্ত্তৃ) বিহারী, কেলিকারী, ভ্রমণশীল, বিহরণকর্ত্তা।

বিহব, (বি-হ্বে) বিশেষে আনন্দ, অতিশয় আহ্লাদ।

বিহসন, (বি-হস) হাস্যকরণ, পরিহাস করণ; ঈষদ্ধাস্য করণ

বিহসনীয়, (বি-হস) হাস্যযোগ্য, পরিহাস যোগ্য।

বিহসিত, (বি-হস) মধ্যম হাস্য, মুখবিকাশ, মুখ সূচকন।

বিহস্ত, (বি-হস্ত) ব্যাকুল; পণ্ডিত; হস্তবিহীন, শুণ্ড; পশু।

বিহা, (বিবাহ) স্বর্গ, সুরলোক; বিবাহ।

বিহান, (বি-হা) প্রাতঃকাল, প্রত্যূষ।

বিহাপন, (বি-হা) দান, ত্যাগ; অর্পণ।

বিহাপিত, (বি-হা) দানকরা, দত্ত, ত্যক্ত, অর্পণকরা, অর্পিত।

বিহায়স, (বি-হা) আকাশ, গগণ, অন্তরীক্ষ।

বিহায়সা, (বি-হা) আকাশ, গগণ, নভোমণ্ডল।

বিহার, (বি-হৃ) ক্রীড়ার্থ ভ্রমণ; পরিক্রমণ, ভ্রমণ; লীলা; কেলি।

বিহারকারী, ক্রীড়ার্থ ভ্রমণকর্ত্তা, কেলিকারী; লীলাকারক; পরিক্রমী।

বিহারী, (বি-হৃ) বিহারক, বিহারকর্ত্তা;

বিহাস, (বি-হস) ঈষদ্ধাস্য; বিদ্রূপ, ঠাট্টা

বিহাস্য, (বি-হস) হাস্যযোগ্য; বিদ্রূপযোগ্য

বিহিত, (বি-ধা) বিধেয়, উচিত, কর্ত্তব্য।

বিহিতবিধান, (বিহিত-বিধা) উপযুক্ত বিধি

বিহীন, (বি-হা) বিশেষে হীন; ত্যক্ত; বিরহিত।

বিহৃতি, (বি-হৃ) বিশেষে হরণ, বলাৎকার করিয়া লওন; বিহার, লীলা।

বিহেঠ, হিংসা; মর্দ্দন; বিড়ম্বন।

বিহ্বল, (বি-হ্বল) ভয়াদি হেতুক অভিভূত, স্বাঙ্গধারণাশক্ত, বিক্লব, ব্যাকুল।

বিহ্বলতা, (বিহ্বল) অজ্ঞানতা, বৈক্লব্য, ব্যাকুলতা।

বিক্ষত, (বি-ক্ষণ) বিশেষে ক্ষত, ঘা, দাগ।

বিক্ষাব, শব্দ, ধ্বনি, রব।

বিক্ষিপ্ত, (বি-ক্ষিপ) ত্যক্ত, বিক্ষেপণীয়; পতিত।

বিক্ষীর, অর্কবৃক্ষ, আকন্দ গাছ।

বিক্ষেপ, (বি-ক্ষিপ) প্রেরণ; ত্যাগ; ক্ষেপণ

বিক্ষেপণ, (বি-ক্ষিপ) ক্ষেপণকরণ; ত্যাগকরণ; প্রেরণ করণ।

বিক্ষেপণীয়, (বি-ক্ষিপ) বিক্ষেপ্য, বিক্ষেপ্তব্য, ক্ষেপণযোগ্য।

বিক্ষেপ্য, (বি-ক্ষিপ) বিক্ষেপণীয়, ক্ষেপণযোগ্য।

বিক্ষেপশক্তি, মায়াশক্তিবিশেষ।

বী, গমন, চলন।

বীক, পবন, বায়ু; পক্ষী; মনঃ।

বীকাশ, রহঃ, নির্জ্জন; প্রকাশ।

বীথা, শূকশিম্বী লতা, শূয়াশিম্; গতি বিশেষ; নৃত্য, নাচ; অশ্বগতি বিশেষ; সন্ধি

বীচ, (বীজ) আঁঠি ; ধন্যাদির চারা।
বীচতলা, (বীচ-তল) যাঁদা বাঁধা ; বীজাঙ্কু-
রের স্থান।
বীচালি,(বীচ-আলি) ধান্যাদির শুষ্কতৃণ, খড়
বীচি, (ব-চি) তরঙ্গ, ঢেউ ; স্বল্পতরঙ্গ ; অব-
কাশ ; অল্প কিরণ ; বীজ।
বীচী, (বীজ) আঁঠি, দানা ; তরঙ্গ, ঢেউ।
বীজ, (বীজ) কারণ ; শুক্র ; বীচী ; মজ্জা ;
গণিত বিশেষ ; মন্ত্র বিশেষ
বীজক, (বীজ) বৃক্ষবিশেষ, বিজয়সার গাছ।
বীজকোষ, পদ্মবীজাধার, কোকন, কর্ণিকা।
বীজকৃৎ, বাজীকর, ভেল্কী।
বীজগণিত, অঙ্কবিদ্যা বিশেষ।
বীজগর্ভ, পটোল, ফলবিশেষ।
বীজগুপ্তি, (বীজ-গুপ) শিম্বী শিম।
বীজত্যাগ, দাদাবাঁধা, বীজবেলা।
বীজধান্য, (বীজ-ধান্য) ধনিকা, ধনিয়া।
বীজন, বাজন, পাখা, দুলান ; চকোর-
পক্ষী, জীবজীব পক্ষী।
বীজপুরুষ, আদিপুরুষ, বংশের মূল, বাজেন্দ্র।
বীজপুষ্প, বৃক্ষবিশেষ, মদনবৃক্ষ, ময়নাগাছ
বীজপূর, দাড়িম্ব, ডালিম।
বীজপূরক, (বীজ-পুর) দাড়িম্ব ডালিম
বীজপোষক, অণ্ডকোষ, মুষ্ক, মুষ্ক
বীজবপন, ক্ষেত্রে বীজ ক্ষেপণ, বীজ বোনা।
বীজবাপী, (বীজ-বাপিন) বীজবপনকর্ত্তা।
বীজবৃক্ষ, বৃক্ষবিশেষ, অসন বৃক্ষ।
বীজমাতৃকা, পদ্মবীজ, পদ্মের বীচি।
বীজবস্ত্র, মাষকলায়, মাষকলাই।
বীজরুহ, শাল্যাদি, ধান্যাদি।
বীজসঞ্চয়, বীজসংগ্রহ, বীজরাখন।
বীজসূ, পৃথ্বী, পৃথিবী, ধরণী। [সংস্কৃতকর্ষণ।
বীজাকৃত, (বীজ-আকৃত) উপ্তকৃষ্ট, বীজের
বীজাঙ্কুর (বীজ-অঙ্কুর) বীজের প্ররোহ,গেঁজ
বীজী, (বীজ) পিতা ; বীজবিশিষ্ট ; মুলপুরুষ
বীজোদক, (বীজ-উদক) করকা, শিলা, ব-
র্ষোপল। [জ্ঞানার্থ সর্পাকার চক্র।
বীজোপ্তিচক্র, বীজ বপন নিমিত্ত শুভাশুভ
বীটি, তাম্বূলবল্লী, বীটিকা, সুসজ্জীকৃত
তাম্বূল, পানের বীড়া। [ড়া, পানের খিলী।
বীটিকা, (বীটি) সজ্জিত তাম্বূল, পানের বী-
বীণ, (বি-ঈ) বাদ্যযন্ত্র বিশেষ।
বীণাদণ্ড, বীণস্থিত অলাবুপরিকাষ্ঠ।
বীণাবাদ, বীণাবাদক, বীণাবাদ্যকর্ত্তা, বৈণিক
বীণাবাদক, বীণাবাদ্যকর্ত্তা, বৈণিক।
বীণাস্য, (বীণা-আস্য) নারদ মুনি।
বীত, অসার হস্তী অশ্ব, যুদ্ধাক্ষম ঘোটক ও
হস্তী ; অতীত, গত।
বীতংস, মৃগপক্ষিদিগের বন্ধনোপকরণ ;
মৃগপক্ষ্যাদির বিশ্বাস হেতু আবরণ।
বীতদন্ত, ত্যক্তদন্ত, দন্তত্যাগী।
বীতভয়, বিষ্ণু, নারায়ণ ; নির্ভয়, শঙ্কাশূন্য।
বীতরাগ, বুদ্ধ ; বিগতরাগ, রাগশূন্য। [কহীন
বীতশোক, অশোকবৃক্ষ, বিগতশোক, শো-
বীতি,(বি-ই) গতি ; দীপ্তি ; ধাবন ; ঘোটক
বীতিহোত্র, অগ্নি, অনল ; সূর্য্য, দিবাকর।
বীথি, (বিথ) পংক্তি, শ্রেণী ; বর্ত্ম, পথ।
বীথিকা, (বিথ) পংক্তি, শ্রেণী ; পথ ; গৃহাঙ্গ
বীথী, (বিথ) পংক্তি, শ্রেণী ; বর্ত্ম ; পথ ;
গৃহাঙ্গ। [বিমল, নির্ম্মল।
বীধ্র, নভস্থল, আকাশ ; বায়ু, অনিল ; অগ্নি ;
বীনাহ, কূপের মুখবন্ধন, কূপমুখ বদ্ধ পট।
বীপা, বিদ্যুৎ, সৌদামিনী, তড়িৎ।
বীবধ, মার্গ, পন্থা ; ভার।
বীবধিক, ভারবাহক, ভারী।
বীভৎস, (বধ) ঘৃণাত্মক ; বিকৃতি ; শৃঙ্গারাদি
নব রসের মধ্যে ষষ্ঠ রস
বীর, (বীর) শূর, বিক্রান্ত, যোদ্ধা ; শৃঙ্গী ;
মরিচ ; পদ্মমূল ; কাঞ্জিক, কাঁজি ; উশীর,
বেণার মূল, বিষ্ণু ; রসবিশেষ ; তান্ত্রিক
ভাব বিশেষ, বায়ুর বিশিষ্ট ; শ্রেষ্ঠ, প্র-
ধান বীরক, করবীর বৃক্ষ। [খাজা।
বীরখণ্ড, (খণ্ডসার) মিষ্টান্নবিশেষ, তিলে-
বীরজয়ন্তিকা, রণে বীরদিগের নৃত্য।
বীরণ, (বি-ঈর) উশীর তৃণ, বেণাগাছ।
বীরতর, (বী-ঈর) উশীর, বেণাতৃণ ; শর।
বীরতরু, বৃক্ষবিশেষ, অর্জ্জুন বৃক্ষ।
বীরতা, (বীর) শূরত্ব ; বিক্রম, পরাক্রম।
বীরত্ব, (বীর) শূরত্ব, শৌর্য্য, বিক্রম।
বীরপট্ট, (বীর-পট্ট) পট্টিকা, পাটার।
বীরপত্নী, বীরভার্য্যা, শূরের স্ত্রী।
বীরপত্রা, (বীর-পত্র) বিজয়া, সিদ্ধি, ভাঙ্গ।
বীরপান, (বীর-পা) বীর দিগের শ্রমনাশ
নিমিত্ত মদ্যাদি পান। [ন, প্রসবকারিণী।
বীরবৎসা, (বীর-বৎস) বীর জননী, বীর সন্তা-
বীরবাহু, (বীর-বাহু) বিষ্ণু ; বীরশ্রেষ্ঠ ; রা-
ক্ষসবিশেষ। [হোম কর্ত্তা ব্রাহ্মণ।
বীরবিপ্লাবক, (বীর-বি-প্লু) শূদ্রের দ্রব্য দ্বারা

বীরবৃক্ষ, বৃক্ষবিশেষ, অর্জ্জুন বৃক্ষ। [গুল।

বীরবৌলি, (বীর-বল্ক) কর্ণভূষণ বিশেষ, কু-

বীরভদ্র, (বীর-ভদ্র) বীরশ্রেষ্ঠ, বীরণতৃ

শিবগণ বিশেষ; অশ্বমেধের ঘোটক।

বরভদ্রক, (বীর-ভদ্র) বীরণতৃণ, বেণা।

বীরভাব, ভাববিশেষ, বীরাচার

বীরভার্য্যা, বীরপত্নী, বীরস্ত্রী।

বীরভোগ্যা, বীর ব্যক্তির ভোগকরণার্হা।

বীরমাতা, (বীর-মাতৃ) বীরসূ, বীরজননী।

বীররজ, সিন্দুর।

বীররেণু, ভীমসেন, ভীম, পবনপুত্র

বীরসূ, বীরমাতা, বীরজননী।

বীরসেন, অর্ক বৃক্ষ : নলরাজের পিতা।

বীরসেনজ, নলরাজা। [বাহুস্ত্রা।

বীরহা, (বীর-হন) নষ্টাগ্নিব্রাহ্মণ; বিষ্ণু;

বীরা, (বীর) লতা বিশেষ; পতিপুত্রবতী-

নারী; মদিরা; শিংশপা বৃক্ষ।

বীরাশংসন, অতি ভয় প্রদ যুদ্ধভূমি, ভয়া-

নক রণক্ষেত্র। [ক্রিয়া উপবেশন।

বীরাসন (বীর-আসন) ভিক্ষ্যাদি আশ্রয় না

বীরুৎ, বিস্তৃতা, গুল্মিনী।

বীরুধা বিস্তৃতা লতা, গুল্মিনী।

বীরেশ, (বীর-ঈশ) শিব, মহাদেব।

বীরেশ্বর, (বীর-ঈশ্বর) বিশ, মহাদেব।

বীরোপজীবিক, (বীর-উপজীব) অগ্নিহোত্র

উপজীবীকা যে ব্যক্তির। উপজীব্যকারী।

বীরোপজীবী, (বীর-উপজীব) অগ্নিহোত্র

বীর্য্য, (বীর) চরমধাতু, শুক্র, রেতঃ; পৃথি-

ব্যাদির সারভাগ: শক্তি, বল; প্রভাব,

তেজঃ, প্রতাপ।

বীর্য্যজ, (বীর্য্য-জন) পুত্র, সুত, আত্মজ।

বীর্য্যবান, (বীর্য্য) মাংসল, বীর্য্যযুক্ত; বলিষ্ঠ,

বলবান, তেজস্বী।

বীর্য্যবৃদ্ধিকর, শুক্র বৃদ্ধিকারক ঔষধাদি।

বীর্য্যা, (বীর্য্য) বীর্য্য, শুক্র; তেজঃ; শক্তি।

বীক্ষ, (বি-ঈক্ষ) দৃষ্টি, দেখা, দর্শন।

বীক্ষক, (বি-ঈক্ষ) দর্শক, দর্শন কারক।

বীক্ষণ, (বি-ঈক্ষ) বিশেষে ঈক্ষণ, দর্শন।

বীক্ষণীয়, (বি-ঈক্ষ) দর্শনীয়, ঈক্ষণীয়।

বীক্ষাপন্ন, (বীক্ষ-আপন্ন) বিস্ময়াপন্ন, আশ্চ-

র্য্যান্বিত, চমৎকৃত।

বীক্ষিত, (বি-ঈক্ষ) দৃষ্ট, অবলোকিত; বি-

শেষরূপে দেখা। [দর্শনীয়।

বীক্ষিতব্য, (বি-ঈক্ষ) ঈক্ষণীয়, বীক্ষণীয়,

বীক্ষ্য, (বি-ঈক্ষ) বিস্ময়; দৃশ্য, দর্শনযোগ্য;

ঘোটক, ঘোড়া।

বুঁইচ, (বিকঙ্কত) ফলবিশেষ, বঁইচ।

বুঁদিয়া, (বিন্দু) মিষ্টান্নবিশেষ, বঁদে।

বুক, (বক্ষস) বক্ষঃস্থল, হৃদয়।

বুকড়, (বুক) সাহসান্বিত, সাহসী; নির্ভয়।

বুকড়া, (বুক) বক্ষঃস্থল; জঠর; সাহসী।

বুকনী, (বুক) চূর্ণ, খণ্ড, দানা।

বুকফুলান, সাহঙ্কারে চলন

বুকাল, (বুক) নির্ভয়, সাহসী।

বুক্ক, (বুক্ক) বক্ষঃস্থলের অভ্যন্তরস্থ মাংস-

বিশেষ, অগ্রমাংস।

বুক্কন, (বুক্ক) কুক্কুর শব্দ, কুকুরের রব।

বুক্কাগ্রমাংস, (বুক্ক-অগ্রমাংস) হৃদয়, বক্ষঃ

স্থল, বুক।

বুক্কার, সিংহধ্বনি, সিংহের শব্দ।

বুগ, ত্যাগ; ক্ষেপ।

বুজগুড়ি, (বুদ্বুদ) বিম্ব, ভুড়ভুড়ি।

বুজন, (বুজ) মুদিত হওন; বিদীর্ণ, ছিদ্রাদি

রোধকরণ। [ভরাট করণ।

বুজান, (বুজা) নির্ব্বাণকরণ, অবরোধন;

বুজবুজ, (বুদ্বুদ) ক্ষুদ্র বিম্ব।

বুঝ, (বুধ) জ্ঞান, বোধ; অনুমান।

বুঝন, (বুধ) জ্ঞাতহওন, অনুভব করণ, হৃদ-

য়ঙ্গম করণ। [তকরণ।

বুঝান, (বুঝা) বিজ্ঞাপন, প্রবোধ দেওন, জ্ঞা-

বুঝাপড়া, বিশেষ পরিচয়; তত্ত্বজিজ্ঞাসা।

বুট, (বর্ত্তুল) কলায়বিশেষ, ছোলা।

বুটা, (বর্ত্তুল) কাপড়ের বুটী: অনার, মক্কা

বুড়া, (বুড়) বৃদ্ধ, প্রাচীন, স্থবির।

বুড়ান, (বুড়া) জলমগ্ন করণ, ডুবান; সর্ব্ব-

নাশকরণ।

বুড়াপনা, (বুড়া) বার্দ্ধক্য, প্রাচীনতা, স্থাবির্য্য

বুড়ি, (বুল) পাঁচগণ্ডা, কাকিনী; জলপ্লাবন।

বুড়ী, (বৃদ্ধা) বৃদ্ধা স্ত্রী, প্রাচীনা, জরতী।

বুড়ীগঙ্গা, নদী বিশেষ।

বুড়ীগোপাল, বৃক্ষ বিশেষ।

বুদ্ধ, (বুধ) ভগবানের অবতার বিশেষ,

সর্ব্বজ্ঞ, সুগত; বিদিত, জ্ঞাত।

বুদ্ধি, (বুধ) নিশ্চয়াত্মিকা অন্তঃকরণ বৃত্তি,

জ্ঞান; মতি, প্রজ্ঞা, উপলব্ধি, বোধ।

বুদ্ধিগম্য, (বুদ্ধি-গম) জ্ঞানগম্য, বোধগম্য।

বুদ্ধিজীবী, অতিশয় বুদ্ধিমান, বুদ্ধিদ্বারা

জীবিকাকারী।

বৃত্য, (বৃত) বরণীয়, বরণ করিবার যোগ্য।।
বৃত্ত্যর্থী, (বৃত্তি-অর্থিন) জীবিকার্থী, বৃত্তেচ্ছুক
বৃত্র, অন্ধকের শত্রু, দানব বিশেষ; মেঘ, পর্ব্বত বিশেষ; শব্দ।
বৃত্রদ্বিট্, বৃত্রাসুরের দ্বেষকারী, ইন্দ্র। [রাজ
বৃত্রহা, (বৃত্র-হন) বৃত্রাসুরের অরি, ইন্দ্র, দেব
বৃথা, (-অর্থ) নিরর্থক, মুধা, ব্যর্থ, নিষ্ফল
বৃথাকথা, নিরর্থক বাক্য, নিষ্ফল বচন।
বৃথাজন্ম, নিরর্থক জনন, মিথ্যা উৎপত্তি।
বৃথাদান, নিষ্ফল দান, নটনর্ত্তকাদিতে দান
বৃথাভোজন, গব্যহীনভোজন, তৃপ্তির অজনক আহার, অনর্থক ভোজন।
বৃথামাংস, দেবতা পিতৃলোকের অনুদ্দেশে কৃতমাংস, অপ্রোক্ষিত মাংস।
বৃথালাপ, (বৃথা-আলাপ) নিরর্থক কথাবার্ত্তা, নিষ্ফল বচনা [ত; শৈলজ নামে গন্ধদ্রব্য।
বৃদ্ধ, (বৃধ) গতযৌবন, বুড়া, প্রবৃদ্ধ; পণ্ডি-
বৃদ্ধকাক, দ্রোণকাক, দাঁড়কাক, দণ্ডকাক।
বৃদ্ধকাল, বৃদ্ধাবস্থা, প্রাচীন সময়।
বৃদ্ধগঙ্গা, নদীবিশেষ বুড়ীগঙ্গা।
বৃদ্ধতা, (বৃদ্ধ) বৃদ্ধত্ব, স্থবিরতা, বার্দ্ধক্য।
বৃদ্ধত্ব, (বৃদ্ধ) স্থাবির্য্য, বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা।
বৃদ্ধদারক, বীজতাড়ক বৃক্ষ, বীজতাড়কাগাছ
বৃদ্ধনাভি, উন্নতনাভি, গোঁড়নাভিযুক্ত ব্যক্তি
বৃদ্ধপ্রপিতামহ, প্রপিতামহের পিতা।
বৃদ্ধপ্রপিতামহী, প্রপিতামহের মাতা [কুল।
বৃদ্ধপ্রপৌত্র, প্রপৌত্রের পুত্র, অধস্তন স-
বৃদ্ধপ্রমাতামহ, প্রমাতামহের পিতা।
বৃদ্ধপ্রমাতামহী, প্রমাতামহের মাতা।
বৃদ্ধবিভীতক, আম্রাতক, আমড়া।
বৃদ্ধরাজ, অম্লবেতস বৃক্ষ।
বৃদ্ধশ্রবা, ইন্দ্র, দেবরাজ, শক্র।
বৃদ্ধসংঘ, বৃদ্ধসমূহ, বৃদ্ধবর্গ, প্রাচীনবৃন্দ।
বৃদ্ধসূত্রক, (বৃদ্ধ-সূত্র) ইন্দ্রতুল, আকাশ-শৌর সূতা।
বৃদ্ধা, (বৃধ) গতযৌবনা, বুড়ী, পলিক্নী, পলি-তা, স্থবিরা, জরতী, প্রাচীনা।
বৃদ্ধাঙ্গুলি, (বৃদ্ধ-অঙ্গুলি) অঙ্গুষ্ঠ, বুড়া আঙ্গুল
বৃদ্ধাঙ্গুষ্ঠ, (বৃদ্ধ-অঙ্গুষ্ঠ) হস্ত পদের স্থূল অঙ্গুলি, বুড়া আঙ্গুল।
বৃদ্ধি, (বৃধ) ঋদ্ধি, সিদ্ধি, উন্নতি, বর্দ্ধন; নী-তিবেদির ক্ষয়াদি ত্রিবর্গের অন্তর্গত বর্গ বিশেষ; একাদশ যোগ; সুদ, ব্যাজ; অ-ভ্যুদয়, সমৃদ্ধি।

বৃদ্ধিকা, ঔষধ বিশেষ, ঋদ্ধিনামক ঔষধ।
বৃদ্ধিজীবিকা, ঋণদান জীবিকা, অর্থ প্রয়োগ দ্বারা জীবিকাকারী, কুসীদী।
বৃদ্ধিজীবী, (বৃদ্ধি-জীবিন) যে ব্যক্তির ঋণ-দানই জীবিকা, কুসীদী।
বৃদ্ধিদ, (বৃদ্ধি-দা) শূকরকন্দগাছ; বৃদ্ধিদাতা
বৃদ্ধিবর্দ্ধক, উন্নতিবর্দ্ধক; ব্যাজবর্দ্ধক। [হীন
বৃদ্ধিরহিত, বৃদ্ধিশূন্য, উন্নতিরহিত; সুদ-
বৃদ্ধিশ্রাদ্ধ, আভ্যুদয়িক শ্রাদ্ধ, নান্দীমুখশ্রাদ্ধ
বৃদ্ধোক্ষ, বৃদ্ধ বৃষ, বুড়া ষাঁড়
বৃদ্ধ্যাকাঙ্ক্ষী (বৃদ্ধি-আকাঙ্ক্ষিন) ঋণদানেচ্ছু, সুদলাভাভিলাষী। [খোর।
বৃদ্ধ্যাজীব, (বৃদ্ধি-আজীব) বার্দ্ধুষিক, সুদ-
বৃদ্ধ্যাজীবী, (বৃদ্ধি-আজীবিন) বৃদ্ধ্যুপজীবী, বার্দ্ধুষি কুসীদী, সুদখোর।
বৃধসান; মনুষ্য, মানব, মনুজ।
বৃধ্য, (বৃধ) বর্দ্ধনীয়, উন্নতকরণ যোগ্য
বৃন্ত, (বৃ) ফল পুষ্প পত্রাদির মূল, প্রসব বন্ধন।
বৃন্তাক, বার্ত্তাকী, বার্ত্তাকু, বেঁগুন।
বৃন্তাকী, বার্ত্তাকু, বার্ত্তকী, বেগুণ।
বৃন্দ, (বৃ) সমূহ, রাশি, দশার্ব্বুদ, শত কোটি
বৃন্দা, তুলসী; জলন্ধর রাজপত্নী, কেদার রাজ কন্যা, রাধার নাম বিশেষ।
বৃন্দাবন, স্বনাম খ্যাত তীর্থ বিশেষ।
বৃন্দাবনচন্দ্র, শ্রীকৃষ্ণ, নারায়ণ। [রায়ণ।
বৃন্দাবনেশ্বর, (বৃন্দাবন-ঈশ্বর) শ্রীকৃষ্ণ, না-
বৃন্দাবনেশ্বরী, (বৃন্দাবন-ঈশ্বর) শ্রীরাধা, বৃষভানুসুতা।
বৃন্দার, (বৃন্দ) মনোজ্ঞ, মনোহর। [প্রধান।
বৃন্দারক (বৃন্দ) দেবতা; যুথপতি, শূর, শ্রেষ্ঠ,
বৃন্দিষ্ঠ শ্রেষ্ঠতর, অতিশয় প্রধান।
বৃন্ক, (বৃণ) দশার্ব্বুদ, শত কোটি।
বৃশ, মূষিক, উন্দুরু; বৃক্ষ বিশেষ, বাসক বৃক্ষ
বৃশা, ওষধী বিশেষ।
বৃশ্চিক, (ব্রশ্চ) শূককীট, শূয়াপোকা; কী-টবিশেষ; বিছা, অলি; অষ্টম রাশি, মদন বৃক্ষ, ময়নাগাছ; গোময় কীট, গু-বরেপোকা; অগ্রহায়ণ মাস।
বৃশ্চিকপ্রিয়, পুঁতিকাশাক, পুঁইশাক।
বৃশ্চিকর্ণী, আখুকর্ণী, ইন্দুরকাণীগাছ।
বৃশ্চিকালী, লতাবিশেষ, বিছাটী
বৃশ্চীর, শাকবিশেষ, শ্বেত পুনর্নবা।

রাশি ; ধর্ম্ম ; শৃঙ্গী ; শ্রেষ্ঠ ; শুক্রল ; বাস্তু-
স্থান বিশেষ ; শ্রীকৃষ্ণ ; শক্র ; কাম ; ব-
লবান্ ; ঋষভ নামে ঔষধ।

বৃষচক্র. কৃষি কর্ম্মোক্ত বৃষাকার চক্র।

বৃষণ. অণ্ডকোষ. মুষ্ক. হোল।

বৃষণশ্ব, ইন্দ্রের ঘোটক, উচ্চৈঃশ্রবা অশ্ব।

বৃষণস্ব. ইন্দ্রের ধন, শক্রনিধি, দেবরাজের সম্পত্তি।

বৃষদংশক, (বৃষ-দন্শ) বিড়াল, মার্জ্জার।

বৃষধ্বজ. মহাদেব শিব ; পুণ্যকর্ম্মা।

বৃষধ্বাঙ্ক্ষী, নাগরমুস্তা. নাগরমুতা।

বৃষপতি, (বৃষ-পতি) ষণ্ড, ষাঁড় ; শিব, মহাদেব।

[কাণী গাছ।

বৃষপর্ণী, (বৃষপর্ণ) আখুকর্ণী বৃক্ষ, ইন্দুর-

বৃষপর্ব্বা. শিব ; দৈত্য বিশেষ. ভঙ্গারুবৃক্ষ।

বৃষবাহন, (বৃষ-বহ) শিব, মহাদেব।

বৃষভ, (বৃষ) বৃষ. ষাঁড় ; শ্রেষ্ঠ ; কর্ণরন্ধ্র, ঋষভ নামে ঔষধ বিশেষ।

[গমন।

বৃষভগতি, বৃষধ্বজ. শিব, শঙ্কর ; ষাঁড়ের

বৃষভানু, রাধিকার পিতা।

বৃষভাসা, অমরাবতী, ইন্দ্রপুরী।

বৃষভাক্ষী, লতাবিশেষ. ইন্দ্রবারুণীলতা।

বৃষয়. (বৃষ) আশ্রয়, অবলম্ব ; বৃষভ।

বৃষল, (বৃষ-লা) গৃঞ্জন, গাজর ; শূদ্র ; অধা-
র্ম্মিক ; ঘোটক। [পন্ন ; শূদ্রহইতে উদ্ভূত।

বৃষলাত্মজ, (বৃষল-আত্মজ) অধার্ম্মিকোৎ-

বৃষলী, (বৃষল) পিতৃগৃহে অবিবাহিতাবস্থায় রজস্বলা কন্যা, স্বপতি পরিত্যাগ পূর্ব্বক পরপতিগামিনী স্ত্রী ; শূদ্রা। [বিবাহকারী

বৃষলীপতি, বৃষলী কন্যা বিবাহকর্ত্তা ; শূদ্র।

বৃষলোচন, মূষিক, ইন্দুর ; বৃষের নয়ন।

বৃষশক্র, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।

বৃষস্যন্তী, কামুকী, কামাতুরা। আলকুশী।

বৃষা, (বৃষ) মূষিকপর্ণী. ইন্দুরকাণী গাছ ;

বৃষাকপায়ী, লক্ষ্মী ; গৌরী, লতাবিশেষ।

বৃষাকপি, বিষ্ণু ; শিব-অগ্নি ; ইন্দ্র।

বৃষাকর, মাষ, মাষকলাই।

বৃষাঙ্ক (বৃষ-অঙ্ক) শিব. মহাদেব ; ষণ্ড, ষাঁড়

বৃষাঙ্কজ (বৃষ-অঙ্ক-জন) ডমরু. মহাদেবের করস্থিত বাদ্য যন্ত্র বিশেষ।

বৃষাঙ্কন, (বৃষাঙ্ক) শিব, মহাদেব. শঙ্কর।

বৃষান্তক, (বৃষ-অন্তক) বিষ্ণু নারায়ণ।

বৃষধারণ, চটক, চড়াপাখী ; শিব, মহাদেব।

বৃষাহার, বিড়াল. মার্জ্জার।

বৃষী, ময়ূর ; ব্রতিদের কুশাদি ময় আসন বত্যাসন।

বৃষোৎসর্গ, (বৃষ-উৎসর্গ) শ্রাদ্ধাদিতে বৎ-সতরী চতুষ্টয় সহিত ত্রিশূল চক্রাঙ্কিত বৃষত্যাগ। [বর্ষণ।

[illegible], (বৃষ) মেঘ হইতে জলবিন্দু পতন,

বৃষ্টিকাল প্রাবৃট্, বর্ষাকাল। [নাশক।

বৃষ্টিঘ্নী (বৃষ্টি-হন) গুজরাটী এলাইচ ; বৃষ্টি-

বৃষ্টিজীবন, দেবমাতৃক দেশ ; যে প্রাণির কেবল বৃষ্টির জলে জীবনধারণ।

বৃষ্টিভূ, (বৃষ্টি-ভূ) ভেক ব্যাঙ ; বষ্টিজাত।

বৃষ্ণি, মেষ যাদব. শ্রীকৃষ্ণ ; পাষণ্ড।

বৃষ্ণিগর্ভ, শ্রীকৃষ্ণ বিষ্ণু। [ঔষধাদি।

বৃষ্য. মাষ. মাষকলাই, শুক্রবৃদ্ধিকারক-

বৃষ্যা, ঋদ্ধি নামে ঔষধ ; শতাবরী লতা ; আমলকী। [দীর্ঘচঞ্চু, বড়ঠোঁট।

বৃহচ্চঞ্চু, (বৃহৎ-চঞ্চু) মহাচঞ্চু, শাক ;

বৃহচ্চিত্ত, (বৃহৎ-চিত্ত) বীজপূর, দাড়িম।

বৃহচ্ছক. চিঙ্গট মৎস্য, চিঙ্গড়ী মাছ।

বৃহচ্ছরীর, (বৃহৎ-শরীর) বৃহদ্দেহবিশিষ্ট, প্রকাণ্ড শরীর।

বৃহড্ঢক্কা, (বৃহৎ-ঢক্কা) ঢক্কাবিশেষ বড় ঢাক। [ব্যাকুড় ফল।

বৃহতিকা. (বৃহৎ) উত্তরীয় বস্ত্র ; ক্ষুদ্রবার্ত্তাকু,

বৃহতী. (বৃহৎ) ক্ষুদ্র বার্ত্তাকী. ব্যাকুড় ফল, মহতী, প্রকাণ্ড. উত্তরীয় বস্ত্র ; বারীধানী, জলের করঙ্গ ; কন্টকারী।

বৃহতীপতি, বৃহস্পতি, সুরগুরু।

বৃহৎ, (বৃহ) মহৎ, শ্রেষ্ঠ, বড় ; প্রকাণ্ড।

বৃহৎকন্দ, গৃঞ্জন. গাজর, মূলবিশেষ।

বৃহৎকায়, বৃহচ্ছরীর, প্রকাণ্ড শরীরবিশিষ্ট।

বৃহৎকালশাক, বড় কালকাসুন্দিয়া।

বৃহৎকাশ, খড়তৃণ, খাগড়া।

বৃহৎকুক্ষি, তুন্দিল, বৃহদুদর যুক্ত। [গাছ।

বৃহত্তাল, (বৃহৎ-তাল) হিন্তাল বৃক্ষ. হেঁতাল

বৃহত্তৃণ, (বৃহৎ-তৃণ) বংশ. বাঁশ। [গাছ।

বৃহত্ত্বক, (বৃহৎ-ত্বচ) বৃক্ষবিশেষ, ছাতিয়ান-

বৃহৎপাটলি. ধুস্তুর, ধুতুরা।

বৃহৎপাদ. বটবৃক্ষ, বটগাছ।

বৃহৎফলা, কটুতুম্বী. তিত লাউ।

বৃহদঙ্গ, (বৃহৎ-অঙ্গ) মতঙ্গজ, হস্তী, করী ;

বৃহদম্ল, (বৃহৎ অম্ল) ফলবিশেষ, কামরাঙ্গা।

বৃহদ্গৃহ, (বৃহৎ-গৃহ) দেশ বিশেষ, করূস-দেশ ; বড়ঘর

বৃহৎগোল. শীর্ণবৃন্ত, তরমুজ। [গাছ।
বৃহদ্দল, (বৃহৎ-দল) হিন্তাল বৃক্ষ, হেঁতাল
বৃহদুদর, (বৃহৎ-উদর) তুন্দজ, স্থূলোদরযুক্ত
বৃহদ্ধল. (বৃহৎ-হল) মহালাঙ্গল, হলী।
বৃহদ্বাত (বৃহৎ-বাত), ধান্যবিশেষ, দোধান, ভয়ঙ্কর বায়ু, প্রচণ্ড পবন।
বৃহদ্বীজ (বৃহৎ-বীজ) আম্রাতক, আমড়া
বৃহদ্ভট্টা রম্ভা, দুর্গা, পার্ব্বতী।
বৃহদ্ভানু. (বৃহৎ-ভানু) অগ্নি, অনল, চিত্রক বৃক্ষ, চিতাগাছ। [বিশেষ।
বৃহদ্রথ. (বৃহৎ-রথ) ইন্দ্র; যজ্ঞপাত্র; মন্ত্রবিশেষ।
বৃহদ্রাবী ক্ষুদ্রউলূক. ছোট পেঁচা।
বৃহন্নলা. ক্লীবরূপী অর্জ্জুন।
বৃহস্পতি. (বৃহৎ-পতি) পঞ্চম গ্রহ; সুরাচার্য্য. দেবগুরু, গীষ্পতি; পঞ্চম বার।
বৃহস্পতি চক্র. শুভাশুভজ্ঞানার্থ নক্ষত্রঘটিত নরাকার চক্র বিশেষ।
বৃহস্পতিবার, গুরুবার, পঞ্চমবার।
বৃক্ষ, (বৃক্ষ) স্থাবর যোনিবিশেষ, গাছ, মহীরুহ, শাখী, দ্রুম, তরু, পাদপ।
বৃক্ষক. (বৃক্ষ) ক্ষুদ্রবৃক্ষ; বৃক্ষমাত্র।
বৃক্ষচর, (বৃক্ষ-চর) বানর, কপি, শাখামৃগ।
বৃক্ষচ্ছায়, (বৃক্ষ-ছায়া) বহুবৃক্ষের ছায়া।
বৃক্ষতল, বৃক্ষমূল; গাছতলা।
বৃক্ষনাথ. বটবৃক্ষ, বটগাছ।
বৃক্ষবাটিকা. উপবন; গাছের চৌকা।
বৃক্ষভবন, বৃক্ষের কোটর, গাছের খোঁড়ল
বৃক্ষমর্কটিকা, জন্তুবিশেষ; কাঠবেড়াল।
বৃক্ষস্থ, (বৃক্ষ-স্থা) বৃক্ষস্থিত; বৃক্ষসম্বন্ধীয়।
বৃক্ষবাসী, বৃক্ষকোটরবাসী, বৃক্ষবাসী।
বৃক্ষাম্ল, (বৃক্ষ-অম্ল) তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুল আম্রাতক, আমড়া। [বৃক্ষবাসী
বৃক্ষালয়, (বৃক্ষ-আলয়) পক্ষী, বিহগ, বিহঙ্গ
বৃক্ষাশ্রয়ী, (বৃক্ষ-আশ্রয়িন) ক্ষুদ্রউলূক. ছোট পেঁচা, যে বৃক্ষ আশ্রয় করিয়া থাকে।
বৃক্ষোৎপল, (বৃক্ষ-উৎপল) কর্ণিকার পুষ্প; সুরপল। [গল।
বেআক্কেল. (যাং) অজ্ঞান মুর্খ, অবোধ; পা-
বেআদব, (যাং) অপমানক; অধম, নীচ।
বেআরাম, (যাং) পীড়া রোগ, অসুস্থ।
বেইমান, (যাং) অধার্ম্মিক, পাপী, অন্যায়
বেউড়বাঁশ. (বেড়-বাঁশ) বেষ্টবংশ, কন্টকান্বিত বংশবিশেষ।
বেওরা. (বিবরণ) বৃত্তান্ত. বিস্তারিত।

বেঁক, (বক) বক্রতা; তেওড়, নদীর বাঁক,
বেঁকন, (বক) বক্র হওন, বাঁকন, আভুগ্নতা
বেঁকা, (বক) বক্র, বাঁকা, অসরল।
বেঁকি, (বক) বক্রতা বাঁকা; পদাভরণবিশেষ
বেঁটিয়া. (বণ্ঠ) খর্ব্ব, হ্রস্ব. খাট, বামন।
বেঁড়ে, (বণ্ড) পুচ্ছহীন, লাঙ্গুল রহিত।
বেকট, মৎস্য বিশেষ, ভেকটী, মাছ. বিদূষক; তরুণ. যুবা।
বেকল, (বল্কল) ছাল. ত্বক, খোসা।
বেকসুর. (যাং) নিরপরাধ. নির্দ্দোষ।
বেগ. (বীজ) প্রবাহ. ওঘ. রয়ঃ; মহাকাল ফল. মাকাল ফল. রেতঃ, শুক্র; মূত্রবিষ্ঠাদির নির্গম প্রবৃত্তি।
বেগড়া, (বিকার) নষ্ট, বিকৃত; দুষ্ট।
বেগন, (বেগ) বেগ বহন, দৌড়িয়া যাওন
বেগনাশন, শ্লেষ্মা, কফ, ছর্দ্দি
বেগবান. (বেগ) বেগবিশিষ্ট ত্বরাযুক্ত, দ্রুত-
বেগম. (যাং) রাণী. রাজমহিষী
বেগরহিত, বেগহীন. বেগশূন্য; অমন্দ; শিথিল. দুর্ব্বল।
বেগসর. বেগগামী ঘোটক; অশ্বতর।
বেগার, (বিষ্টি) বিনা বেতনে কর্ম্মকারী; বেতন হীন কার্য্য; অনর্থক শ্রম।
বেগাল. (বেগ) বেগান্বিত; দ্রুতগতি বিশিষ্ট
বেগিত. (বেগ) বেগবিশিষ্ট, বেগযুক্ত।
বেগী, (বেগ) বেগবান, বেগযুক্ত. তরস্বী; ত্বরিত; শ্যেনপক্ষী. শচান।
বেগুণ, (বঙ্গন) বার্ত্তাকী; বার্ত্তাকু। [য় রঙ্গ।
বেগুণিয়া.বেগুণ) ঈষৎধূম্রবর্ণ, বার্ত্তাকুর ন্যা
বেঙ্গ, (ভেক) মণ্ডূক, ভেক।
বেঙ্গা, (বাম) নেটা. লেঙ্গা, বামহস্ত প্রধান।
বেঙ্গাচা. (বেঙ্গ) ভেকশাবক, বেঙ্গের বাচ্চা
বেঙ্গাপিত্তল, (বঙ্গ-পিত্তল) মিশ্রিত ধাতু; পিত্তল বিশেষ। [অর্পণ।
বেচন, (বেচ) বিক্রয়করণ, মূল্যগ্রহণ পূর্ব্বক
বেচনীয়া, (বেচ) বিক্রয়কারী, বিক্রেতা।
বেচা, (বেচ) কৃতবিক্রয়, বিক্রীত।
বেজানী. সোমরাজী. সোমরাজ।
বেজী. (বীজ) নকুল. নেউল, বেঁজী।
বেটন. (বট) বেষ্টিত বস্ত্র; বন্ধনের কাপড়
বেটা, (বিট) পুত্র, সুত, সন্তান, আত্মজ।
বেটী, (বিট) পুত্রী, কন্যা, দুহিতা।
বেটুয়া. (বাট) দারপুত্রাদি বিহীন, অনাথ; অবিশ্রান্ত ভ্রমণকারী।

বেটা, (বট) রুশি, রজ্জু, পাটের দড়ী
বেঠন, পরিবেষ্টিত বস্ত্রাদি।
বেড়, (বেষ্ট) বেষ্টন, বৃত্তি, ঘেরা; পরিধি।
বেড়ন, (বেড়) বেষ্টন, ঘেরণ; চারি দিকে-আবরণ। [আবৃত্তি, ঘেরা।
বেড়া, (বিহার) ভ্রমণ; বেষ্টন, বৃত্তি, আবরণ
বেড়ান, (বেড়া) ভ্রমণ, চলন, পর্যটন।
বেড়ী, (বেষ্ট) পাদবন্ধনীয় লৌহ পাশ, শৃঙ্খল, নিগড়; স্থালীধারণার্থ লৌহ যন্ত্র বিশেষ, বাউলী; কেশ বিন্যাস বিশেষ, খর।
বেড়ুবাঁশ, (বেষ্টুবংশ) বেউড়বাঁশ।
বেড়ে, উত্তম, উৎকৃষ্ট, অতিশয় উপাদেয়।
বেড্যান, যষ্ট্যাদির দ্বারা আঘাত করণ, মারণ, প্রহার করণ, পিটন।
বেঢ়নিকা রোটি বিশেষ, রুটী।
বেণ, বর্ণসঙ্কর জাতি বিশেষ, ত্রেতাযুগের সূর্য্যবংশীয় রাজাবিশেষ, পৃথুরাজার পিতা
বেণা, (বীরণ) উশীর, তৃণবিশেষ, বীরণ তৃণ
বেণি, (বেণ) প্রোষিত ভর্তৃকাদির ধার্য্য কেশ রচনা বিশেষ; বিরহিণীর বদ্ধকেশ, বিউনী; জলসমূহ, জলরাশি
বেণিকা, (বেণি) কেশবন্ধন বিশেষ।
বেণিবেধনী, জলৌকা, জোঁক।
বেণিমাধব, প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ মূর্ত্তি বিশেষ।
বেণিয়া, (বাণিক) বণিক, পোদ্দার, ব্যবসায়ী
বেণিয়াতি, বাণিজ্য সম্পর্কীয়।
বেণী, (বেণ) কেশবন্ধনবিশেষ, চুলের বিউনী, দেবতাড় বৃক্ষ, জলপ্রবাহ বিশেষ।
বেণীসংহার, ভট্টনারায়ণকৃত সপ্তাঙ্কযুক্ত নাটক বিশেষ; কেশ বন্ধন। [বিশেষ।
বেণু, (বিণ) বংশ; বাঁশ; বংশী বাঁশী; নৃপ
বেণুকর্কর, করবীর বৃক্ষ, করবী গাছ।
বেণুধ্মা, বেণুবাদক, বংশীবাদক।
বেণুন, মরিচ, কটুরসযুক্ত দ্রব্যবিশেষ।
বেণুবাদক, বংশীবাদক, বাঁশিবাজানিয়া।
বেণুযব, বেণুবীজ, বংশফল, বাঁশের চাউল।
বেণে, (বণিক) বণিক, পোদ্দার, ব্যবসায়ী।
বেণ্যা, (বণিক) বণিক, ব্যবসায়ী।
বেত, (বেত্র) বেতস, বেতগাছ।
বেতন, (বী) কর্ম্মদক্ষিণা; কর্ম্মের মূল্য; ভৃত্যা, ভৃতি; মাহিয়ানা, মজুরী।
বেতনগ্রাহী, (বেতন-গ্রাহিন) যে মাহিয়ানা গ্রহণপূর্ব্বক কর্ম্ম করে।
বেতনিক, (বেতন) যাহাতে বেতন আছে বেতন পাইয়া কর্ম্মকারী।
বেতস, (বেত্র) লতাবিশেষ, বেত গাছ।
বেতসী, (বেতস) লতাবিশেষ, বৈতসলতা।
বেতস্বান, যে স্থানে বেতস লতা বহুল।
বেতাগুন, (মাং) ক্ষীণ, দুর্ব্বল; অমনোযোগ, অনবধান। [বিশেষ, শিবগণাধিপ বিশেষ।
বেতাল, ভূতাধিষ্ঠিত শব; মন্ত্রবিশেষ, ভূত-
বেতালভট্ট, রাজা বিক্রমাদিত্যের সভাস্থ নবরত্নের একরত্ন। [বাতরোগী।
বেতুয়া, (বাস্তুক) বাস্তুক শাক, বেতোশাক;
বেত্তা, (বিদ) জ্ঞাতা, বেদিতা।
বেত্র, (বী) বৃক্ষবিশেষ, বেতগাছ, অসুরবিশেষ, বেত্রাসুর।
বেত্রকীয়, (বেত্র) বেত্রসমূহ যুক্ত দেশাদি।
বেত্রধর, (বেত্র-ধৃ) দ্বারপাল, দ্বারী, বেত্রধারক
বেত্রবতী, নদী বিশেষ; বেত্রাসুরের মাতা;
বেত্রধারিণী, পুররক্ষিকা।
বেত্রহা, (বেত্র-হন) ইন্দ্র, শক্র, সুররাজ।
বেত্রবতী, নদীবিশেষ, বেত্রবতী নদী।
বেত্রাসন, (বেত্র-আসন) বেত্র নির্ম্মিত আস্তর, বেতের বিছানা।
বেত্রাসুর, (বেত্র-অসুর) অসুর বিশেষ।
বেত্রী (বেত্র) দ্বারপাল; বেত্রধারী।
বেদ, (বিদ) ধর্ম্ম ব্রহ্ম প্রতিপাদক অপৌরুষেয় বাক্য, শ্রুতি, ব্রহ্মমুখ নির্গত ধর্ম্মজ্ঞাপক শাস্ত্র, আম্নায়, নিগম; বিষ্ণু; যজ্ঞাঙ্গ
বেদগর্ভ, ব্রহ্মা, প্রজাপতি; ভূদেব, ব্রাহ্মণ
বেদগুপ্তি, ব্রাহ্মণাদিকর্ত্তৃক বেদরক্ষা। [নেন
বেদজ্ঞ, (বেদ-জ্ঞা) বেদবেত্তা, যিনি বেদ জা-
বেদন, (বিদ) অনুভব, জ্ঞান, দুঃখ; যন্ত্রণা, ব্যথা; বিহার।
বেদনা, (বিদ) ব্যথা, দরদ, পীড়া; ক্লেশ।
বেদনিন্দক, নাস্তিক, বুদ্ধ; বেদনিন্দাকারী।
বেদনীয়, (বিদ) জ্ঞেয়, অনুভবযোগ্য বোধ্য
বেদপারগ, (বেদ-পার-গম) বেদজ্ঞ, বেদবেত্তা, সমগ্র বেদে সুপণ্ডিত।
বেদবতী কুশধ্বজ রাজকন্যা।
বেদবদন, ব্যাকরণ বেদাঙ্গবিশেষ।
বেদবাস, ব্রাহ্মণ, বিপ্র। [নারায়ণ।
বেদবিৎ, (বেদ-বিদ) বেদজ্ঞ, বেদবেত্তা;
বেদব্যাস, (বেদ-ব্যাস) মুনিবিশেষ, ব্যাসদেব পারাশর্য্য, দ্বৈপায়ন।
বেদবিধি, বেদের বিধান, বেদজ্ঞ।

বেশ, (বিশ) অলঙ্কার রচনাদি কৃত শোভা, আকল্প, নেপথ্য, প্রসাধন; বেশ্যাগৃহ; প্রবেশ।

বেশক, (বেশ) গৃহ; বেশ কারক।

বেশকারী, (বেশ-কারিন) যে ব্যক্তি বেশ রচনা করিয়া দেয়, বেশ রচক।

বেশধারী, (বেশ-ধারিন) অন্যের রূপধারী; ছল তপস্বী, ভণ্ডতাপস, তপস্বির বেশধারী; বহুরূপী।

বেশন্ত, ক্ষুদ্র সরোবর; অগ্নি।

বেশভূষা, সজ্জা অলঙ্কারাদি ধারণ।

বেশর, (বিশ) অশ্বতর, গর্দ্দভীর গর্ব্ভে অশ্বের ঔরসে জাত ঘোটক; নাসিকাভূষণবিশেষ, নোলক। [অধিক, অতিরিক্ত;

বেশী, (বেশ) বেশকারক, পরিচ্ছদ যুক্ত;

বেশীজাতা, লতাবিশেষ, পুত্রদাত্রীলতা।

বেশ্ম (বিশ) গৃহ, ভবন, নিকেতন।

বেশ্মকলিঙ্ক, চটকপক্ষী, চড়া পাখী;

বেশ্মনকুল, গন্ধমূষিক, ছুছুন্দরী, ছুঁচা।

বেশ্মন্ (বেশ) গৃহ নিকেতন, ভবন।

বেশ্মভূ, গৃহকরণ যোগ্য ভূমি, বাস্তুভূমি।

বেশ্য, (বেশ) বেশ্যালয়, গণিকাগার।

বেশ্যা, (বেশ) বারাঙ্গনা, বারবধূ, বারস্ত্রী, গণিকা, খানকী, আকন্দাদি লতা।

বেশ্যাগণ, বেশ্যা সমূহ, গণিকাবৃন্দ।

বেশ্যাগার, (বেশ্যা-আগার) বেশ্যাগৃহ, গণিকালয়; খানকীর বাড়ী।

বেশ্যাজনসমাশ্রয়, বেশ্যালয়, গণিকাগৃহ।

বেশ্যাপুত্র, বেশ্যা সন্তান, গণিকাপুত্র।

বেশ্যালয়, (বেশ্যা-আলয়) বেশ্যাগার, গণিকালয়, খানকীর ঘর।

বেশ্বর, অশ্বতর, গর্দ্দভীর গর্ব্ভে অশ্বের ঔরসে উৎপন্ন ঘোটক, খচ্চর।

বেষ, নেপথ্য, সজ্জা; বেশ্যালয়।

বেষণ, কাসিমর্দ্দ, বৃক্ষ, কাসকাসুন্দের গাছ; প্রবেশকরণ। [গাছের আঁটা।

বেষ্ট, (বেষ্ট) বেষ্টন, বেড়া; বৃক্ষনির্য্যাস,

বেষ্টক, (বেষ্ট) উষ্ণীষ, পাগ; বৃক্ষ নির্য্যাস, আটা; প্রাচীর বেষ্টনকারক। [উষ্ণীষ।

বেষ্টন, (বেষ্ট) বৃতি, বেড়া, বেরা, কর্ণ

বেষ্টবংশ, বংশবিশেষ, বেউড় বাঁশ।

বেষ্টিত, (বেষ্ট) কৃতবেষ্টন, রুদ্ধ, আবৃত, ঘেরা। [বার উপযুক্ত।

বেস্য, পানীয় জল সলিল।

বেসন, দ্বিদল চূর্ণ ডাইল, দাল।

বেসবার, ধন্যাসর্ষপাদি পিষ্ট, বেসার, বাটনা; ব্যঞ্জনবিশেষ।

বেসর, অশ্বতর, খচ্চর, গর্দ্দভীর গর্ব্ভে অশ্বের ঔরসে জাত ঘোটক।

বেসেড়া (বাসী) বাসি, পর্য্যুষিত।

বেহাই, (বিবাহ) বৈবাহিক, কন্যা বা পুত্রের শশুর। [রহিত।

বেহায়া, (বাং) নির্লজ্জ লজ্জাহীন; ঘৃণা-

বেহায়ী (বিবাহ) বৈবাহিক পুত্রকন্যার শশুর। [দেশ।

বেহার, স্বনাম খ্যাত দেশ বিশেষ, মগধ

বেহারা, (বি-হৃ) যান বাহক, কাহার।

বেহোশ, (বাং) অজ্ঞান, উন্মত্ত।

বৈ, (বিন।) পাদপূরণার্থ অব্যয়; সম্বোধন; অনুনয়, ব্যতীত ব্যতিরিক্ত; বহি, পুস্তক

বৈংশতিক, (বিংশতি) বিংশতি সংখ্যক মুদ্রাদি মূল্য দ্বারা ক্রীত।

বৈকঙ্কত, বৃক্ষবিশেষ, বৈঁচীগাছ।

বৈকটিক, মণিকার, রত্নবণিক, জহরী।

বৈকর্ম্ম (বিকর্ম্ম) মুনিবিশেষ, বাৎস্য মুনি।

বৈকল্পিক, (বিকল্প) বিকল্পে নিষ্পন্ন, অনিশ্চিত ভাবী। [কৃতভাব।

বৈকল্য, (বিকল) বিকলত্ব, ব্যাকুলতা; বি-

বৈকক্ষ, (বিকক্ষ) বক্রভাবে বক্ষঃস্থলে লম্বিত মাল্য, বুক পর্য্যন্ত ঝুলান মালা।

বৈকক্ষক, বক্ষঃস্থলে বক্রভাবে উপবীতবৎ লম্বিত মাল্য।

বৈকাল, (বিকাল) অপরাহ্ন, বিকাল।

বৈকালী, অপরাহ্ন সময়ে কর্ত্তব্য কর্ম্ম; বৈকালের আহারীয় দ্রব্য।

বৈকুণ্ঠ, (বিকুণ্ঠা) শ্রীকৃষ্ণ; ইন্দ্র; বিষ্ণু ধাম [উৎপন্ন, মন্দ; নষ্ট

বৈকৃত, (বিকৃত) বীভৎস রস; বিকার হেতু

বৈক্রান্ত, মণিবিশেষ। [কলঙ্ক।

বৈক্লব্য, (বিক্লব) বিক্লবতা; ক্ষোভ; বি-

বৈখরী, ভাষা বিশেষ-বাক্যর।

বৈখানস, আশ্রমবিশেষ, বানপ্রস্থ।

বৈগুণ্য (বিগুণ) বিগুণত্ব, অপকৃষ্টতা; দোষ, প্রাতিকূল্য, অপ্রশস্ততা।

বৈচক্ষণ্য, (বিচক্ষণ) বিচক্ষণত্ব, নৈপুণ্য, পটুতা। [কার।

বৈজননন, প্রসব মাস, সূতিমাস।

বৈজয়ন্ত, (বি-জি) ইন্দ্রের প্রাসাদ, ইন্দ্রপুরী ; ইন্দ্রধ্বজ।

বৈজয়ন্তিক, (বি-জি) পতাকাধারী, ধ্বজাধারী। [ধ্বজা।

বৈজয়ন্তিকা, (বি-জি) জয়ন্তী বৃক্ষ ; পতাকা.

বৈজয়ন্তী, (বি-জি) পতাকা ; জয়ন্তীবৃক্ষ ; পঞ্চবর্ণ মণি জানুপর্য্যন্ত লম্বিত মালা।

বৈজয়িক, (বিজয়) বিজয় সম্বন্ধীয়।

বৈজিক, (বীজ) আত্মা ; সদ্যোজাত অঙ্কুর ; বীজ সম্বন্ধীয়।

বৈজ্ঞানিক, (বিজ্ঞান) নিপুণ, পটু।

বৈটা, (বহ) বটিয়া, নৌকাদণ্ড।

বৈঠক (বস) সভা, সমাজ ; বসা, অধিবেশন

বৈড়ালব্রত, (বিড়াল-ব্রত) ছদ্মাচার বিশেষ, কপটাচার, ভণ্ডতপস্যা।

বৈড়ালব্রতি, স্ত্রী প্রভৃতি না থাকাতে ব্রহ্মচর্য্যকারী, কপটব্রতী, ভণ্ডতপস্বী।

বৈড়ালব্রতিক, (বিড়াল-ব্রত) ছদ্মতপস্বী, ছদ্মতাপস, কপটব্রতী।

বৈড়ালব্রতী, ভণ্ডতাপস, বিড়ালতপস্বী।

বৈণ, (বেণু) বেণুজীবী।

বৈণব, (বেণু) বেণুসম্বন্ধীয়, উপনয়ন কালীন বেণুদণ্ড। [বাদক।

বৈণবিক, (বেণু) বেণুবাদক, বৈণুক, বংশীবাদক।

বৈণবী, (বেণু) বংশরোচ ; বংশলোচন।

বৈণিক, (বীণা) বীণাবাদক, বীণাবাদ্যকারী

বৈণুক, (বেণু) হস্তি প্রহারণদণ্ড, হস্তি চালনার্থ লৌহ মুখ বংশদণ্ড, বেণুবাদ্যকারক।

বৈণুকীয়, (বেণু) বেণু সম্বন্ধীয়।

বৈণ্য, (বেণ) পৃথুরাজ, সূর্য্যবংশীয় রাজা।

বৈতংসিক, মাংস-বিক্রেতা, মাংসিক।

বৈতথ্য, (বিতথ) অলীকতা, অসত্যতা।

বৈতনিক (বেতন) বেতনভুক, ভৃত্য, ভৃতক, কর্ম্মকর, মাহিয়ানার চাকর। [নদী

বৈতরণী, (বি-তরণ) নরক নদী, কালকূট.

বৈতস, (বেতস) বৃক্ষবিশেষ, অম্লবেতস বৃক্ষ

বৈতানিক, (বিতান) বেদবিহিত হোম।

বৈতালিক, (বি-তাল) প্রবোধনকারক, স্তুতিপাঠক।

বৈতালিকী, (বৈতালিক) ছন্দবিশেষ [illegible] জাতু। [প্রকৃতি।

বৈতৃষ্ণ্য, (বি-তৃষ্ণা) বিতৃষ্ণতা, অনিচ্ছা.

বৈত্রকীয়, (বেত্র) বেত্রসম্বন্ধীয়।

বৈদ, (বিদ্) পণ্ডিত ; বেদ সম্বন্ধীয়।

বৈদগ্ধ (বিদগ্ধ) বিদগ্ধত্ব ; পাণ্ডিত্য ; চাতুর্য্য

বৈদগ্ধী, (বিদগ্ধ) ভঙ্গি ; চাতুর্য্য ; রসিকতা ; নৈপুণ্য, পটুতা।

বৈদগ্ধ্য, (বিদগ্ধ) বিদগ্ধত্ব, পাণ্ডিত্য, রসিকতা

বৈদর্ভ, (বিদর্ভ) বাক্যের বক্রত্ব, ব্যঙ্গবাক্য ; বিদর্ভ দেশীয় রাজা।

বৈদর্ভী, (বিদর্ভ) কাব্যরীতি বিশেষ ; অগস্ত্যপত্নী ; দময়ন্তী ; রুক্মিণী।

বৈদল, ভিক্ষুকের মৃন্ময়াদি পাত্র, করঙ্গ, পিষ্টক। [বেদান্ত দর্শনবেত্তা।

বৈদান্তিক, (বেদান্ত) বেদান্ত শাস্ত্র ব্যবসায়ী

বৈদুষ্য, (বি-দুষ) পাণ্ডিত্য, বিজ্ঞতা, বিদ্যা।

বৈদূর্য্য, (বি-দূর) মণি বিশেষ ; কৃষ্ণ পীতবর্ণ রত্ন বিশেষ, লহসুনিয়া জোহর। [সম্বন্ধীয়।

বৈদেশিক, (বিদেশ) বিদেশী ; বিদেশ

বৈদেশী, বৈদেশিক, বিদেশী, প্রবাসী।

বৈদেহ, (বিদেহ) বণিক, নিমিরাজ পুত্র।

বৈদেহক, বণিক ; বর্ণসঙ্কর জাতিবিশেষ, শূদ্রের ঔরসে বৈশ্যা গর্ভে উৎপন্ন জাতি।

বৈদেহিক, বণিক, বেণিয়া।

বৈদেহী, (বিদেহ) সীতা ; বণিকস্ত্রী ; পিপ্পলী ; গোচনা, হরিদ্রা।

বৈদ্য, (বেদ) আয়ুর্ব্বেদ বেত্তা, চিকিৎসক, ভিষক ; বেদ সম্বন্ধীয়, বিদ্বান্, বাসক বৃক্ষ

বৈদ্যক, (বৈদ্য) আয়ুর্ব্বেদ, চিকিৎসা শাস্ত্র।

বৈদ্যকশাস্ত্র, আয়ুর্ব্বেদাদি, চিকিৎসাশাস্ত্র।

বৈদ্যনাথ, দেশবিশেষ, ভৈরববিশেষ।

বৈদ্যবন্ধু, আরগ্বধ বৃক্ষ, সোঁদালিগাছ ; বৈদ্যের মিত্র। [চিকিৎসকের জননী।

বৈদ্যমাতা, বাসক বৃক্ষ, বাসক গাছ ; চি-

বৈদ্যসিংহী, বাসক বৃক্ষ, বাসক গাছ

বৈধ, (বিধি) শাস্ত্রীয় ; বিধিবোধিত, বিধিপ্রতিপাদিত, বিহিত ; যুক্তিসিদ্ধ।

বৈধব্য, (বিধবা) পতিহীনতা, বিধবাত্ব, বিধবা ধর্ম্ম ; রাঁড়ত্ব।

বৈধর্ম্ম্য, (বিধর্ম্ম) বিধর্ম্মত্ব নাস্তিকতা।

বৈধাত্র, (বিধাতৃ) সনৎকুমার, বিধাতৃপুত্র।

বৈধৃতি, বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের অন্তর্গত শেষ যোগ। [বিধেয় সম্বন্ধীয়।

বৈধেয়, (বিধেয়) মূর্খ, অজ্ঞ ; বিধিসম্বন্ধীয় ;

বৈনতেয়, (বিনতা) গরুড় ; অরুণ।

ব্যথক, (ব্যথ) ব্যথাকারী, বেদনা দায়ক।
ব্যথনীয় (ব্যথ) বেদনীয় পীড়নীয়, ব্যথাদায়
ক, বেদনাকর।
ব্যথা, (ব্যথ) বেদনা, ক্লেশ, দুঃখ, পীড়া।
ব্যথাকর, (ব্যথা-কৃ) বেদনাকর, পীড়াকর,
ক্লেশদায়ক।
ব্যথিত, (ব্যথ) পীড়িত; বেদনার্দ্দিত।
ব্যথিতব্য, (ব্যথ) ব্যথনীয়, বেদনীয়, পীড়-
নীয়। [ষোর যোগ্য, বেধনার্হ।
ব্যধ্য, ধনুর্গুণ, জ্যা, ধনুকের ছিলা; বিদ্ধ-
ব্যধ্ব, কুপথ, অসন্মার্গ, বিপথ।
ব্যপদেশ, (বি-অপ-দিশ) কপট, ছল; নাম;
শব্দপ্রয়োগ; বাক্য বিশেষ।
ব্যপদেষ্টা, (বি-অপ-দিশ) কপটী, ছলকার-
ক; শব্দ প্রয়োগকারী।
ব্যপাকৃতি, গোপন; অপহ্নব; অস্বীকার।
ব্যপেত, (বি-অপ-ই) অপগত, বিগত, দূ-
রীভূত।
ব্যবকলন, (বি-অব-কল) বিয়োগ, হীন, অ-
ঙ্কের অন্তর করণ, বাকি কাটা, জমাখরচ।
ব্যবকলিত, (বি-অব-কল) কৃতব্যবকলন,
বিয়োজিত, অন্তর করা, বাকী, কাটা।
ব্যবচ্ছিন্ন, (বি-অব-ছিদ) ভিন্ন, পৃথক্ করা;
অন্তর। [অস্ত্রচিকিৎসা।
ব্যবচ্ছেদ, (বি-অব-ছিদ) পৃথক্ত্ব, ভিন্নত্ব;
ব্যবধা, (বি-অব-ধা) ব্যবধান, আড়াল, আ-
চ্ছাদন, তিরোধান; অপবারণ, পিধান,
পর্দা। [আড়াল, অপবারণ, পর্দা।
ব্যবধান, (বি-অব-ধা) আচ্ছাদন, তিরোধান,
ব্যবধায়ক, (বি-অব-ধা) ব্যবধানকর্ত্তা, আ-
চ্ছাদক। [তিরোধান, আড়াল, অন্তরায়।
ব্যবধি, (বি-অব-ধা) ব্যবধান, আচ্ছাদন
ব্যবসা, (ব্যবসায়) জীবিকা, বৃত্তি; বাণিজ্য;
অনুষ্ঠান [ব্যবসা, বাণিজ্য; চেষ্টা।
ব্যবসায় (বি-অব-সো) উপজীবিকা, পেশা;
ব্যবসায়স্থান, বাণিজ্যস্থল, হাট, বাজার।
ব্যবসায়ী, ব্যবসায় বিশিষ্ট, বাণিজ্যকারক,
ব্যাপারী, অনুষ্ঠানকারক।
ব্যবসিত, (ব্যবস) প্রতারিত; চেষ্টিত;
অনুষ্ঠিত; নিশ্চিত। [বিধান, মত।
ব্যবস্থা, (বি-অব-স্থা) শাস্ত্র নিরূপিত বিধি,
ব্যবস্থান, (বি-অব-স্থা) বিষ্ণু; স্থাপন, রাখন
ব্যবস্থানীয়, (বি-অব-স্থা) [বধেয়, বিধি প্র-
তিপাদ্য।

ব্যবস্থাপক, (বি-অব-স্থা) বিধানকর্ত্তা, ব্যব-
স্থাকর্ত্তা। [স্থাপন
ব্যবস্থাপন, (বি-অব-স্থা) বিধানকরণ, বিধি-
ব্যবস্থাপত্র, বিধানলিপি, শাস্ত্র নিরূপিত
বিধি লিপি। [বিধি স্থাপনযোগ্য
ব্যবস্থাপয়িতব্য, (বি-অব-স্থা) ব্যবস্থাপনীয়,
ব্যবস্থাপয়িতা, (বি-অব-স্থা) ব্যবস্থাকর্ত্তা,
বিধানদায়ক। [ব্যবস্থাপিত, বিধিনির্দ্দিষ্ট।
ব্যবস্থিত, (বি-অব-স্থা) বিধি পূর্ব্বক স্থিত,
ব্যবস্থেয়, (বি-অব-স্থা) বিধানযোগ্য, বিধেয়।
ব্যবহরণীয়, (বি-অব-হৃ) ব্যবহর্ত্তব্য, ব্যবহার-
যোগ্য; গ্রাহ্য। [কারক; নিষ্পাদক
ব্যবহর্ত্তা, (বি-অব-হৃ) ব্যবহারকর্ত্তা, গ্রাহ্য-
ব্যবহার, (বি-অব-হৃ) আচরণ; কার্য্য; চল-
ন; ন্যায়; পণ; বিবাদ, মোকদ্দমা।
ব্যবহারক, ব্যবহারী, বিবাদী; ন্যায়ী [তিজ্ঞ
ব্যবহারজ্ঞ, (ব্যবহার-জ্ঞা) ব্যবহার বেত্তা, স্মৃ
ব্যবহারপাদ, ব্যবহারাংশ, মোকদ্দমার ভাগ
ব্যবহারবিধি, ব্যবহারের বিধান; ধর্ম্মশাস্ত্র।
ব্যবহারমাতৃকা, (ব্যবহার-মাতৃ) ব্যবহারো-
পযোগি বিধি প্রদর্শক প্রকরণ বিশেষ।
ব্যবহারমার্গ, ব্যবহার বিষয়, ব্যবহার পদ।
ব্যবহারস্থান, ব্যবহারপদ, ব্যবহারবিষয়।
ব্যবহারিক, (ব্যবহার) ব্যবহার যোগ্য, ব্যব-
হারে চলিত। [ইঙ্গুদীবৃক্ষ।
ব্যবহারিকা, লোকযাত্রা; সম্মার্জ্জনী, ঝাঁটা
ব্যবহারী, (বি-অব-হৃ) ব্যবহার বিশিষ্ট;
ব্যবহার্য্য, (বি-অব-হৃ) ব্যবহরণীয় ব্যবহর্ত্ত-
ব্য, ব্যবহার যোগ্য।
ব্যবহিত, (বি-অব-ধা) ব্যবধান বিশিষ্ট; আ-
ড়ালযুক্ত; দূরস্থিত। [গৃহীত
ব্যবহৃত, (বি-অব-হৃ) আচরিত, ব্যবহারে
ব্যবায়, মৈথুন; স্ত্রীসংসর্গ।
ব্যবায়ী, কামুক, লম্পট, সদা স্ত্রীসঙ্গে রত।
ব্যভিচার, (বি-অভি-চর) কদাচার, ভ্রষ্টাচ-
র; দুষ্ক্রিয়া, দোষ বিশেষ; অন্যথাচরণ।
ব্যভিচারি, (বি-অভি-চারিন) শৃঙ্গার ভাব-
বিশেষ, অন্যথাচারী।
ব্যভিচারিণী, (বি-অভি-চর) পরপুরুষগামি-
নী, ভ্রষ্টা, পুংশ্চলী, অসতী, নষ্টা।
ব্যভিচারী, (বি-অভি-চারিন) ব্যভিচার বি-
শিষ্ট, লম্পট।
ব্যয়, (বি-অয়) অর্থের অপগমন; কিছু দুঃখ-

ব্যান, (বি-অণ) শরীরস্থ পঞ্চ বায়ুর অন্তর্গ-
তবায়ু বিশেষ, সর্ব্বশরীরগ বায়ু।
ব্যাপক, (বি-আপ) ব্যাপনকারী, আচ্ছাদ-
ক, প্রগলভ, আড়ম্বরকারী।
ব্যাপকতা (ব্যাপক) প্রাগল্‌ভ্য; প্রাবল্য।
ব্যাপকত্ব (ব্যাপক) ব্যাপকতা, প্রবলতা।
ব্যাপদ, (বি-আপদ) মৃত্যু; আপৎ, বিপদ।
ব্যাপন, (বি-আপ) আচ্ছাদন; বিস্তৃতীকরণ, বিসর্পণ, ছড়ান।
ব্যাপন্ন, (বি-আ-পদ) মৃত, নষ্ট, গতায়ু।
ব্যাপাদ, (বি-আ-পদ) দ্রোহচিন্তন, অনিষ্ট-
চিন্তন। ।চিন্তন; হিংসাকরণ।
ব্যাপাদন, (বি-আ-পদ) মারণ; পরানিষ্ট-
ব্যাপাদিত, (বি-আ-পদ) মারিত, নাশিত,
হত। ।জনক কর্ম্ম; আড়ম্বর।
ব্যাপার, (বি-আ-পৃ) কর্ম্ম; ব্যবসায়; প্রভি-
ব্যাপারী, (বি-আ-পৃ) ব্যাপারবশিষ্ট; ব্যব-
সায়ী। ।যুক্ত; ব্যবসায়যোগ্য।
ব্যাপারোপযুক্ত, (ব্যাপার-উপযুক্ত) কর্ম্মোপ-
ব্যাপিকা, (বি-আপ) ব্যাপিনী: প্রগলভা
স্ত্রী, প্রবলা, অবলা।
ব্যাপী, (বি-আপ) ব্যাপক, আচ্ছাদক।
ব্যাপৃত, (বি-আ-পৃ) ব্যাপারযুক্ত, কর্মসচিব,
কার্য্যদক্ষ। ।আকীর্ণ, সমাক্রান্ত।
ব্যাপ্ত (বি-আপ) সম্পূর্ণ, আচিত, আচ্ছন্ন;
ব্যাপ্তি, (বি-আপ) ব্যাপন, আচ্ছাদন; ছ-
ড়িয়াপড়ন। ।কুষ্ঠৌষধ, কুড়।
ব্যাপ্য, (বি-আপ) ব্যাপ্তি বিশিষ্ট, ব্যাপনীয়;
ব্যাবক্রোশ, পরস্পর আক্রোশন, পরস্পর
ক্রোধ করণ। ।বরণ; নিয়োগ।
ব্যাবর্ত্ত, (বি-আ-বৃৎ) মাত্রিকণ্টক; বেষ্টন;
ব্যাবর্ত্তন, (বি-আ-বৃৎ) নিয়োগ, নিযুক্ত; পৃ-
থক্‌করণ; নিবর্ত্তন।
ব্যাবহারী, (ব্যাবহার) পরস্পর হরণ; ব্য-
বহারবশিষ্ট; অনুষ্ঠানকারী।
ব্যাবহাসী, পরস্পর হাস্য করণ। ।বেষ্টিত;
ব্যাবৃত (বি-আ-বৃ) বিশেষে বেষ্টিত, আবৃত,
ব্যাবৃত্ত, (বি-আ-বৃৎ) নিবৃত্ত, নিরাকৃত, প-
রাঙ্মুখ। ।রাকরণ।
ব্যাবৃত্তি, (বি-আ-বৃৎ) খণ্ডন, নিরাকৃতি, নি-
ব্যাম, (বি-আ-যম) প্রসারিত দুই বাহু, বেউ
ব্যামুগ্ধ, (বি-আ-মুহ) ভূর্ধ্বগত, পীড়িত, ক্লিষ্ট
ব্যামোহ, (বি-আ-মুহ) পীড়া, ব্যাধি, রোগ।
ব্যামোহক, পীড়াজনক, রোগকর।

ব্যামোহকর, (ব্যামোহ-কৃ) রোগকর, পীড়া-
জনক।
ব্যায়ত, (বি-আয়ত) দীর্ঘ; অতিশয় বিস্তৃত
ব্যায়াম, (বি-আ-যম) মল্লক্রীড়া, কুস্তী।
ব্যাল (বি-আ-অল) সর্প; শ্বাপদ; দুষ্ট গজ;
ব্যাঘ; শঠ, ধূর্ত্ত।
ব্যালক, দুষ্ট গজ, অকূল দুর্দ্ধর্ষ। ।হিংস্র;
ব্যালগ্রাহ, (ব্যাল-গ্রাহিন) সর্পগ্রাহী, সাপু-
ব্যালগ্রাহী (ব্যাল-গ্রাহিন) ভিক্ষার্থ সর্পধা-
রী; সর্প খেলক, সাপুড়িয়া, বাদিয়া; বিষ-
বৈদ্য, ওঝা।
ব্যালনখ, গন্ধদ্রব্য বিশেষ।
ব্যালমৃগ, চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।
ব্যালম্ব, রক্তএরণ্ডবৃক্ষ, রাঙ্গা ভেরাণ্ড।
ব্যালা, (যং) বেহালা, বেয়ালা, বাদ্যযন্ত্র
বিশেষ।
ব্যালায়ুধ, (ব্যাল-আয়ুধ) নখীনামে গন্ধদ্রব্য।
ব্যাস, (বি-আ-অস) বিস্তার; গোলের মধ্য-
রেখা; মুনিবিশেষ, পরাশর পুত্র।
ব্যাসকূট, মহাভারতীয় দুরূহ শ্লোকসমূহ।
ব্যাসক্ত, (বি-আ-সনজ) বিশেষে আসক্ত,
সংলগ্ন।
ব্যাসঙ্গ, (বি-আ-সনজ) বিশেষে সংযোগ।
ব্যাসপিঁড়ী পুরাণ কথকের বেদি। ।সন।
ব্যাসপীঠ, ব্যাসপিঁড়ী, পুরাণাদিপাঠের আ-
ব্যাসমাতা, বেদব্যাসজননী সত্যবতী, মৎস্য-
গন্ধা। ।আসন, ব্যাসপীঠ;
ব্যাসাসন, (ব্যাস-আসন) পুরাণাদি পাঠের
ব্যাসিদ্ধ, নিষিদ্ধ, নিবারিত, মানাকরা।
ব্যাহত, (বি-আ-হন) বিশেষে আহত;
ব্যর্থ, খণ্ডিত। ।রাজ্য।
ব্যাহতি, (বি-আ-হন) ব্যাঘাত; বিঘ্ন; প-
ব্যাহার, (বি-আ-হৃ) বাক্য, কথা, উক্তি।
ব্যাহৃতি, (বি-আ-হৃ) কথা, বাক, মন্ত্র বি-
শেষ: ভূরাদিত্রয়।
ব্যুৎক্রম, (বি-উৎ-ক্রম) ক্রমবিপর্য্যয়, ব্যতি
ক্রম, প্রতিলোম, উলটা।
ব্যুত্থান, (বি-উৎ-স্থা) বিরোধাচরণ, প্রতি-
রোধন, নৃত্যবিশেষ; প্রতিকূলে উত্থান;
ব্যুৎপত্তি, (বি-উৎ-পদ) সংস্কার, দৃঢ়তর
বোধ, জ্ঞান। ।যুক্ত।
ব্যুৎপন্ন, (বি-উৎ-পদ) সংস্কৃত, ব্যুৎপত্তি
ব্যুৎপাদক, (বি-উৎ-পদ) ব্যুৎপত্তিজনক,

ব্যুৎপাদকতা, (ব্যুৎপাদক) ব্যুৎপাদকত্ব, ব্যুৎপত্তিজনকত্ব।

ব্যুৎপাদকশাস্ত্র, ব্যাকরণ ও সাহিত্যাদি শাস্ত্র, যে শাস্ত্র পাঠে সংস্কার দৃঢ় হয়।

ব্যুৎপাদ্য, (বি-উৎ-পদ) ব্যুৎপত্তিজন্য সংস্কার্য্য। [দক্ষ।

ব্যুষ্ট, ফল, দিন ; প্রভাত ; পর্য্যুষিত, বাসি,

ব্যুষ্টি, ফল ; সমৃদ্ধি ; স্তুতি ; দহ।

ব্যূঢ়, সংহত ; পৃথুল, বিস্তীর্ণ, প্রসারিত।

ব্যূঢ়ি, বিন্যাস, সংহতি ; পৃথুলতা।

ব্যূত, তন্তুসন্তত, বোনা ; সেলাই করা।

ব্যূতি, বস্ত্রাদি বপন ক্রিয়া, কাপড় বোনা।

ব্যূহ, (বি-উহ) সমূহ, সঙ্ঘ, বর্গ, রাশি ; যুদ্ধার্থ সৈন্যরচনা, বলবিন্যাস, তর্ক ; সৈন্য

ব্যূহন, (বি-উহ) সৈন্যসংস্থাপন, সেনাদের শ্রেণীবদ্ধ করণ।

ব্যূহরচনা, সৈন্যদিগের শ্রেণীবদ্ধ করণ, যুদ্ধার্থ বিশেষ আকারে সেনা সংস্থাপন।

ব্যোকার, লৌহকার, কর্ম্মকার, কামার।

ব্যোম, (ব্যে) আকাশ, গগণ, নভোমণ্ডল ; জল ; অভ্রক। [দেব।

ব্যোমকেশ, শিব, মহেশ, ত্রিলোচন, মহা-

ব্যোমকেশী, মহাদেব, শঙ্কর, শিব।

ব্যোমচারী, অমর, দেবতা, পক্ষী, খেচর।

ব্যোমধূম, মেঘ, জলধর, বারিদ, পয়োধর।

ব্যোমনাসিকা, ভারতীপক্ষী, ভারুইপাখী।

ব্যোমমঞ্জরী, পতাকা, ধ্বজা, নিশান।

ব্যোমমণ্ডল, ধ্বজা, পতাকা ; আকাশ, নভোমণ্ডল। [বেলুন

ব্যোমযান, বিমান, আকাশগামী রথ,

ব্যোমস্থলী, ভূমি ; সভাস্থল।

ব্যোমোদক, (ব্যোম-উদক) দিব্যোদক, আকাশ জল, শিশির।

ব্রজ, সমূহ ; গোষ্ঠ ; পথ ; অগ্রহন ; মথুরার চতুষ্পার্শ্ববর্ত্তী দেশ। [কারী।

ব্রজক, (ব্রজ) তপস্বী, যোগী ; গন্তা, গমন-

ব্রজকিশোর, শ্রীকৃষ্ণ ; ব্রজনাথ, ব্রজের বালক

ব্রজন, (ব্রজ) গমন, চলন, পর্য্যটন।

ব্রজনাথ, শ্রীকৃষ্ণ, ব্রজের প্রভু।

ব্রজবর, কোলকদম ; ব্রজভূমি।

ব্রজভূমি, ব্রজস্থান, বৃন্দাবন।

ব্রজমণ্ডল, ব্রজভূমি, ব্রজস্থান।

ব্রজমোহন, শ্রীকৃষ্ণ, নারায়ণ। [ব্রজবালিকা

ব্রজাঙ্গনা, (ব্রজ-অঙ্গনা) গোপী, ব্রজনারী

ব্রজ্যা, (ব্রজ) পর্য্যটন, ভ্রমণ ; বর্গ, সমূহ, সংঘ, সংহতি।

ব্রণ, (ব্রণ) ক্ষত, স্ফোটক, ফোড়া।

ব্রণকৃৎ, (ব্রণ-কৃ) ক্ষতকারক। [নাশক।

ব্রণঘ্ন, (ব্রণ-হন) ব্রণনাশক, স্ফোটক নাশক।

ব্রণদ্বিট, ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামনহাটিগাছ

ব্রণঘাতক। [ব্রণঘাতক।

ব্রণহৃৎ, (ব্রণ-হৃ) এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ ;

ব্রণহা, (ব্রণ-হন) গুড়ুচীলতা, গুলঞ্চ বৃক্ষ।

ব্রত, (ব্রজ) পুণ্য জনক উপবাসাদি নিয়ম, সংযম।

ব্রততি, লতা, বল্লী ; বিস্তার।

ব্রততী, লতা, বল্লী ; বিস্তার।

ব্রতভিক্ষা, উপনয়নকালীন ভিক্ষা।

ব্রতসংগ্রহ, দীক্ষা, উপদেশ, গুরুকরণ।

ব্রতাদেশ, (ব্রত-আদেশ) উপনয়ন, সংস্কার বিশেষ। [মক, গৃহীতনিয়ম।

ব্রতী, (ব্রত) ব্রতবিশিষ্ট ; গৃহীত ব্রত, নিয়-

ব্রতোদ্যাপন, (ব্রত-উদ্যাপন) ব্রতসাঙ্গ, ব্রত সম্পূর্ণ। [রু, শিব ; রোগবিশেষ।

ব্রধ্ন, সূর্য্য, বৃক্ষমূল ; অর্কবৃক্ষ, আকন্দ গা-

ব্রশ্চন, (ব্রশ্চ) ছেদন, কর্ত্তন, ছিন্নকরণ ; স্বর্ণাদি ছেদিকা, ছেনী, লোহাদি কর্ত্তন।

ব্রহ্ম, (বৃহ) বেদ ; তত্ত্ব ; বিরাট ; হিরণ্যগর্ভ, ঈশ্বর, জগৎকর্ত্তা।

ব্রহ্মকন্যকা, বাগদেবী, বাগেশ্বরী, সরস্বতী।

ব্রহ্মকুণ্ড, ব্রহ্মকর্তৃক নির্ম্মিত সরোবরবিশেষ তীর্থ বিশেষ।

ব্রহ্মকূট, পর্ব্বত বিশেষ।

ব্রহ্মকূর্চ্চ, ব্রত বিশেষ।

ব্রহ্মগিরি, ব্রহ্মশৈল, ব্রহ্মপর্ব্বত। [তাকারী।

ব্রহ্মঘাতী, (ব্রহ্মন-ঘাতিন) ব্রহ্মঘ্ন ব্রাহ্মণহ-

ব্রহ্মঘ্ন, (ব্রহ্মন-হন) ব্রহ্মঘাতী, ব্রাহ্মণ নাশক

ব্রহ্মঘ্নী, (ব্রহ্মন-হন) গৃহকন্যা, ঘৃতকুমারী ; ব্রহ্মঘাতিনী। [মাশ্রম ; ব্রত বিশেষ।

ব্রহ্মচর্য্য, আশ্রমবিশেষ ; সন্ন্যাসাশ্রম, প্রথ-

ব্রহ্মচারিণী, ব্রহ্মচর্য্যব্রতধারিণী ; দুর্গা, ব্রাহ্মীশাক।

ব্রহ্মচারী, (ব্রহ্মন-চারিন) প্রথমাশ্রমী, উপনয়নান্তর নিয়ম করিয়া গুরুকুলে যিনি বেদাভ্যাস করেন ; প্রথমাশ্রমী, সন্ন্যাসী।

ব্রহ্মজটা, দমনক বৃক্ষ ; দয়নাগাছ।

[illegible]। দ্বিজ, দেব কার্য্যে মুখদ্বারা পরি-

[illegible] ব্রাহ্মণ

ভবিষ্যৎ, (ভূ) কালবিশেষ, অনাগত, আগামী, ভাবি।

ভবিষ্যদ্বক্তা, (ভবিষ্যৎ-বক্তৃ) ভাবি কথক, অনাগত বিষয়ের বক্তা।

ভবিষ্যদ্বাদী, (ভাবিৎ-বাদিন) যে ব্যক্তি ভাব-

ভব্য, (ভূ) শিষ্ট, শান্ত; ভাবিতাফল; শুভ; যোগ্য, ভাবি; কর্ম্মরঙ্গবৃক্ষ, কামরাঙ্গা।

ভব্যতা, (ভব্য) সৌজন্য; শিষ্টতা; বিজ্ঞতা।

ভব্যত্ব (ভব্য) শিষ্টত্ব, সৌজন্য, শিষ্টাচার।

ভমরী, (ভ্রমর) কাষ্ঠাদিভেদন অস্ত্র, তুরপুন।

ভম্ভ, ধুম, ধুঁয়া; মক্ষিকা, মাছি।

ভম্ভরালিকা, দংশক, ডাঁশ।

ভম্ভরালী, মক্ষিকা, মাছি।

ভয়, (ভী) ত্রাস, ভীতি, আতঙ্ক, আশঙ্কা।

ভয়খেকুয়া, শঙ্কান্বিত, ত্রাসিত, ভীত।

ভয়ঙ্কর, (ভয়-কৃ) ভয়জনক, ভৈরব দারুণ, ভীষণ, ভীষ্ম, ঘোর, ভয়ানক, ভয়াবহ, ভয়দায়ক।

ভয়ডিণ্ডিম, সংগ্রাম পটহ, রণবাদ্য।

ভয়দ্রুত, (ভয়-দ্রু) ভয়েপলায়িত, কান্দিশীক।

ভয়নাশিনী, ত্রাসনাশ কর্ত্রী, ভয়নাশকর্ত্রী; অভয়া দুর্গা।

ভয়ভীত, ভয়ে আতঙ্কিত, ত্রাসে শঙ্কিত।

ভয়ভ্রষ্ট, ভয়দ্রুত, ভয়ে পলায়িত।

ভয়শীল, ভয়যুক্ত, ত্রাসিত, ভীত। ভীরু।

ভয়াতুর, (ভয়-আতুর) ভয়পীড়িত, ভয়কা-

ভয়ানক, (ভী) রসবিশেষ, শৃঙ্গারাদি নব রসের মধ্যে ষষ্ঠ রস; ভয়ঙ্কর, ভয়জনক; ব্যাঘ্র, রাহু।

ভয়ান্বিত, (ভয়-অন্বিত) ভীত ভীরু, ত্রাসযুক্ত, শঙ্কান্বিত।

ভয়াপহ, (ভয়-অপহ) রাজা, পার্থিব, নৃপ; ভয়নাশক।

ভয়াবহ, (ভয়-আবহ) ভয়ঙ্কর, ভয়জনক।

ভয়ার্ত্ত, (ভয়-ঋত) ভয়াতুর, ভীত, ভয়ে পীড়িত।

ভর, (ভৃ) অতিশয়; ভার; গুরুত্ব; ভরণকর্ত্তা, পোষণকারী।

ভরট, কুম্ভকার, কুমার, বর্ণসঙ্কর জাতি-বিশেষ।

ভরণ, (ভৃ) বেতন, ভৃতি, পোষণ, পালন; পূর্ণকরণ; নিষ্পাদন; ভরণী নক্ষত্র।

ভরণী, (ভৃ) লতা বিশেষ, ঘোষক লতা; অশ্বিন্যাদি ২৭ নক্ষত্রের অন্তর্গত দ্বিতীয় নক্ষত্র।

ভরণীয়, ভরণযোগ্য, পোষ্য, পোষণীয়, প্রতিপাল্য।

ভরণ্ড, পতি, স্বামী; ভূপাল; বৃষ, ষাঁড়, কুক্ষি, কৃমি, কীট।

ভরণ্য, (ভৃ) মূল্য, দাম; বেতন, ভৃতি।

ভরণ্যভুক্, (ভরণ্য-ভুজ) কর্ম্মকর, বেতনগ্রাহী, মূল্য লইয়া কর্ম্মকারক।

ভরণ্যা, (ভৃ) বেতন; মূল্য, দাম।

ভরণ্যু, মিত্র; অগ্নি; চন্দ্র; ঈশ্বর।

ভরত, (ভৃ) নাট্যশাস্ত্র; মুনিবিশেষ; অলঙ্কারাদি শাস্ত্রের সূত্রকর্ত্তা; নট; রামানুজ, দশরথ পুত্র; দৌষ্মন্তি, শকুন্তলার পুত্র; শবর, ব্যাধ; তন্তুবায়; ক্ষেত্র; পক্ষিবিশেষ।

ভরতখণ্ড, ভারতবর্ষান্তর্গত কুমারিকাখণ্ড।

ভরতপুত্রক, নট।

ভরতপ্রসূ, কেকয়ী, ভরতজননী।

ভরতাগ্রজ, (ভরত-অগ্রজ) শ্রীরামচন্দ্র।

ভরথ, লোকপাল।

ভরদ্বাজ, (ভরৎ-বাজ) মুনিবিশেষ; পক্ষিবিশেষ, ভারুই; গোত্রবিশেষ।

ভরপুর, (ভৃ-পৃ) পরিপূর্ণ, সম্পূর্ণ।

ভরসা (ভর-অস) আশা, আশ্বাস; সাহস।

ভরসাভী, (ভরসা) আশাপন্ন, সাহসান্বিত, সাহসী, নির্ভয় হৃদয়।

ভরা, (ভৃ) ভরাট; পরিপূর্ণ; ভারযুক্ত।

ভরাটি, (ভরা) বেতন, ভৃতি; পূর্ণকরণ।

ভরাডুবী, (ভরা-ডুবী) পরিপূর্ণ নৌকা জলমগ্ন, বোঝাই নৌকা ডুবি; সর্ব্বনাশ, পরিবার সহিত সকলের বিনাশ।

ভরাভর, (ভর-আতুর) পরিপূর্ণ; অনন্ত।

ভরিণী, হরিদ্বর্ণ, সবুজরঙ্গ। ভূমি।

ভরিত, (ভৃ) সবুজ রং, হরিদ্বর্ণ, পুষ্ট, ভারা-

ভরিমা, (ভৃ) ভরণ, পোষণ, পালন।

ভরু, বিষ্ণু; সমুদ্র; স্বামী; স্বর্ণ; শিব।

ভরুজ, ক্ষুদ্র শৃগাল, ছোট শিয়াল।

ভরুটক, ভৃষ্ট মাংস, ভাজা মাংস। তেজঃ।

ভর্গ, শিব, জ্যোতিঃ; সূর্য্যের অন্তর্গত-

ভর্জ্জ, (ভ্রস্জ) ভৃষ্টকরণ, ভাজা।

ভর্জ্জনকপাত্র, (ভর্জ্জন-পাত্র) ভাজনার খোলা; ভাজাখোলা।

ভর্জ্জ কপাল, (ভর্জ্জন-কপাল) ভাজাখোলা।

ভর্জ্জিত, (ভ্রস্জ) ভৃষ্ট, ভাজা, জলসংযোগবিনা পক্ক।

ভর্ত্তব্য, (ভৃ) ভরণীয়, পোষণীয়, প্রতিপাল্য।

ভর্ত্তা, (ভর্তৃ) অধিপতি, অধিপ; পতি, স্বামী, ভরণকর্ত্তা, পোষণকারী।

ভাঁজাল, (ভাঁজ) মিশ্রিত; সংযোজিত।
ভাঁটা, (ভাণ্ড) বর্তুল, বাঁটুল; গেণ্ডুক; জলের স্বাভাবিক স্রোতঃ।
ভাঁটি, (ভাণ্ডীর) বৃক্ষবিশেষ, ভেঁট ফুলের গাছ। [ত্তিকা পাত্র বিশেষ ভাণ্ড।
ভাঁড়, (ভাণ্ড) ভণ্ড পরিহাসক; ক্ষুদ্র মৃ-
ভাঁড়ান, (ভণ্ড) প্রবঞ্চনা করণ, ভুলান।
ভাঁড়াম, (ভাঁড়) ভাঁড়ামী, ভণ্ডতা, ভণ্ডামি পরিহাস; প্রবঞ্চনা।
ভাঁড়ামি, (ভাঁড়) ভণ্ডতা; পরিহাস; প্রবঞ্চনা। [কোষ
ভাঁড়ার, (ভাণ্ডাগার) ভাণ্ডার, ধনাগার,
ভাঁড়ারী ভাণ্ডারাধ্যক্ষ, ভাঁড়ারের কর্ত্তা কোষরক্ষক। [ধার।
ভাঁড়ী (ভাণ্ড) ক্ষুরকোষ, নাপিতের অস্ত্রা-
ভাঁতি, (ভ্রান্তি) বিদ্রূপ, পরিহাস, কৌতুক
ভাকট, মৎস্য বিশেষ, ভেটকী মাছ।
ভাকুট, পর্ব্বতবিশেষ; মৎস্যবিশেষ, টকীমাছ।
ভাকোশ, সূর্য্য, রবি, দিবাকর, মার্ত্তণ্ড
ভাক্ত, (ভক্ত) পারিভাষিক, গৌণ, লা ৷ণিক, ঔপচারিক; ভক্তসম্বন্ধীয়।
ভাক্তান্দল, সূর্য্যোদয়ের পূর্ব্ব চাদিগ্ও।
ভাক্তিক, (ভক্ত) অন্নের দ্বারা পোষ্য, অন্নে প্রতিপাল্য।
ভাগ, (ভজ) অংশ; এক দশ রাশির ত্রিংশভাগের একভাগ; ভাগ্য, অদৃষ্ট।
ভাগকারী, (ভগ-কারিন) অংশকর্ত্তা, বণ্টক, বাঁটনিয়া।
ভাগধেয় ভাগ; রাজকর, দায়াদ।
ভাগন, (ভাগ) ভয়াদি হেতু দ্রুতগমন, পলায়ন, প্রস্থান।
ভাগবত, (ভগবৎ) অষ্টাদশ পুরাণের অন্তর্গত মহাপুরাণ বিশেষ; ভগবদ্ভক্ত।
ভাগহার, (ভাগ-হৃ) ভাগনিয়ম, অংশের রীতি। [স্থান; মৃত পশ্বাদির আধার ভূমি
ভাগাড়, (ভজ) মৃত গবাদি জন্তু নিঃক্ষেপ-
ভাগান পলা যুক্ত করিয়া দেওন; তাড়ান।
ভাগাভাগি, (ভাগ) অংশাংশি, বাঁটাবাঁটি, পরস্পর ভাগকরণ। [গিনী সুতা।
ভাগিনী, ভাগিনেয়ী, ভগিনী কন্যা, ভ-
ভাগার্হ, (ভাগ-অর্হ) অংশযোগ্য অংশবান।
ভাগিনা, (ভগিনী) ভাগিনেয় ভগিনীপুত্র পিতৃকৌলিক।

ভাগিনেয়, (ভগিনী) ভগিনীপুত্র, ভাগিনা।
ভাগিক, সবৃদ্ধিক মূলাদি সুদী টাকা।
ভাগিনেয়ী, (ভগিনী) ভগিনী কন্যা, ভাগ্নী।
ভাগী, (ভাগিন) অংশী ভাগাধিকারী।
ভাগীরথী (ভগীরথ) গঙ্গা, সুরধুনী, জাহ্নবী
ভাগুরি, স্মৃতি ব্যাকরণ কর্ত্তৃ মুনি বিশেষ।
ভাগোড়া, (ভাগ) পলাতক, পলায়নকারী, অপহীনকারক।
ভাগ্য, (ভজ) প্রাক্তন শুভাশুভ কর্ম্ম, দৈব, দিষ্ট, ভাগধেয়, ভবিতব্যতা, অদৃষ্ট, ভাগ যোগ্য। [ষ্টবন্ত।
ভাগ্যবন্ত, (ভাগ্য) ধনবান, ধনী; শুভাদৃ-
ভাগ্যবান্, (ভাগ্য) ভাগ্যবন্ত, অদৃষ্টবান্ত শুভাদৃষ্টযুক্ত, কপালিয়া।
ভাগ্যভাব, কপালক্রমে, অদৃষ্টবশতঃ।
ভাগ্যভাবা, দায়ঠেকা, কপাল ঠাহরা।
ভাগ্যহীন, দুরদৃষ্ট বিশিষ্ট, অভাগা, হতভাগা, মন্দভাগা; দরিদ্র, দুঃখী।
ভাঙ, (ভঞ্জ) মাদক দ্রব্য, সিদ্ধি, বিজয়া।
ভাঙচি, (ভঞ্জ) মিত্রতা ভঙ্গ, সুহৃদ্ভেদ।
ভাঙড়, (ভাঙ্গ) ভাঙ্গী, সিদ্ধিখোর।
ভাঙ্গন, (ভঞ্জ) ভগ্নকরণ, ভেদন; বিচ্ছেদন; স্পষ্টকরণ; নিষ্পাদন মৎস্যবিশেষ, ভঙ্গন বাটামাছ।
ভাঙ্গানি (ভাঙ্গ) মুদ্রাদির বিনিময়, ভাঙ্গনী।
ভাঙ্গা, (ভাঙ্গ) ভগ্ন, ছিন্ন, চূর্ণীকৃত। [করণ
ভাঙ্গান, (ভাঙ্গা) ভঙ্গকরণ, ছেদন; বদল ই
ভাঙ্গী, (সিদ্ধি) খোর, মাদকদ্রব্যাহারী।
ভাঙুড়ী, (ভঞ্জ) বিচ্ছেদজনক বাক্য, কুমন্ত্রণা
ভাজক, (ভজ) হারক অংশকারক, যাহার দ্বারা ভাগ দেওয়া যায়।
ভাজন, (ভজ) পাত্র; যোগ্য; আঢ়ক পরিমাণ; ভর্জ্জন, ভৃষ্ট করণ
ভাজনা, (ভৃজ) ভৃষ্টকরণ, ভাজন।
ভাজ খোলা, ভৃষ্ট করিবার পাত্র [পক্ব বস্তু
ভাজা, (ভাজ) ভৃষ্ট, ভর্জ্জিত, জলসেক বিনা
ভাজি, পক্বব্যঞ্জন বিশেষ, ভৃষ্টদ্রব্য।
ভাজিত, (ভজ) পৃথককৃত বিভক্ত; ভাগ করা, অংশকৃত। [জাবস্তু।
ভাজী, (ভজ) ব্যঞ্জনবিশেষ; ভৃষ্টদ্রব্য, ভা
ভাজু, (ভ্রাতৃজায়া) জ্যেষ্ঠভ্রাতৃবধূ; ভ্রাতৃজায়া
ভাজ্য (ভজ) ভাগার্হ, ভজনীয়, অংশনীয়।
ভাট, (ভট্ট) ভট্ট, বর্ণসঙ্কর জাতি বিশেষ, স্তুতিপাঠক, গুণগায়ক, রাজদূত।

ভাটক, ব্যবহারার্থ দত্ত শকটাদির ভাড়া ধন, ভাড়া, কেরায়া।
ভাটিসালিক, (বিটসারিকা) পক্ষি বিশেষ গুয়েসালিক। জলের স্বাভাবিক গতি।
ভাটা, (ভসৃ) নদ্যাদির স্বাভাবিক স্রোতঃ,
ভাটিয়ারা, মদ্য ব্যবসায়ির স্থান; মদ্য প্রস্তুত করণের স্থল।
ভাটি, (ভ্রসজ) আকা, উনান, চুলা।
ভাটিবেলা, অপরাহ্ন, বৈকাল।
ভাড়া, (ভাটক) ব্যবহারার্থ দত্ত শকটাদির ভাড়া ধন, ভাটক, কেরায়া।
ভাড়াটিয়া, (ভাড়া) কেরায়া কারক, ভাড়া দিয়া বসতিকারী।
ভাণ, কাচ, ব্যাজ, ছল, কপট; বোধ, জ্ঞান।
ভাণ্ড, (ভড়) পাত্রবিশেষ, ভাঁড়, বণিকদিগের মূল ধন; অলঙ্কার; অশ্ব ভূষণ; ভণ্ড ভাঁড়ামি।
ভাণ্ডপুট, নাপিত, ক্ষৌরকর্মকারী।
ভাণ্ডপুষ্প, সর্পবিশেষ।
ভাণ্ডাগার, (ভাণ্ড-আগার) গৃহ বিশেষ; ভাঁড়ার, ভাণ্ডার, কোষ।
ভাণ্ডার, (ভাণ্ডাগার) ভাঁড়ার, কোষ।
ভাণ্ডারী, (ভাণ্ডার) ভাণ্ডারাধ্যক্ষ, ভাঁড়ারী।
ভাণ্ডি, নাপিতের ক্ষুরাদির আধার, ভাঁড়ি
ভাণ্ডিবাহ, (ভাণ্ড-বহ) নাপিত, ক্ষুরকর্মকারী, দিবাকীর্ত্তি।
ভাণ্ডিল, (ভাণ্ড) নাপিত, ক্ষুরকর্মকারী।
ভাণ্ডীর, বটবৃক্ষ; ভাণ্ডীবৃক্ষ, ভাটগাছ।
ভাত, (ভক্ত) দীপ্তিমান; প্রভাত; অন্ন।
ভাতার, (ভর্ত্তৃ) ভর্ত্তা, পতি, স্বামী।
ভাতি, (ভা) শোভা, দীপ্তি।
ভাতু, (ভা) সূর্য্য, দিবাকর, দীপ্তিমান।
ভাতুড়িয়া, (ভাত) অন্নদাস, ভক্তদাস।
ভাদ্রবধূ, ভাইজ, জ্যেষ্ঠভ্রাতার স্ত্রী।
ভাদলী, (ভদ্র) রাগিণী বিশেষ।
ভাদালিয়ামুথা (ভদ্রমুস্তক) ভদ্রমুথ।
ভাদ্র, (ভাদ্র) বৈশাখাদি দ্বাদশ মাসান্তর্গত পঞ্চম মাস, নভস্য, ভাদ্রপদ।
ভাদ্রপদ, ভাদ্রমাস, নভস্য।
ভাদ্রপদা, পূর্ব্বভাদ্রপদা উত্তরভাদ্রপদনক্ষত্র
ভাদ্রবধূ, (ভ্রাতৃবধূ) কনিষ্ঠ ভ্রাতার পত্নী, কনিষ্ঠ ভ্রাতার স্ত্রী।
ভাজবৌ, (ভ্রাতৃবধূ) কনিষ্ঠ ভ্রাতার স্ত্রী।
ভাদ্রমাতুর, সতীতনয়, দাসীপুত্র।

ভানব, (
ভানবিয়া, (ভণ) বাদ্যশব্দকারক, ভুবিবিয়া
ভানু, (ভা) সূর্য্য, রশ্মি, কিরণ, দীপ্তিযুক্ত, আকন্দগাছ; প্রভু, রাজা।
ভানুফলা, কদলী, বনকলা, অংশুমৎফলা।
ভানুবার, রবিবার, ভট্টারকবার।
ভানুমতী, বিক্রমাদিত্য রাজার পত্নী।
ভানুমান্, সূর্য্য, দিবাকর; দীপ্তিযুক্ত।
ভানুদয়, (ভানু-উদয়) সূর্য্যোদয়।
ভানেমি, সূর্য্য, দিবাকর, দিনপতি।
ভাপ, (বাষ্প) বাষ্প; উত্তাপ, উষ্ণতা।
ভাপ্তাগন্ধা, ছুছুন্দর, ছাতাপড়া।
ভাব, (ভূ) মানস বিকার; সত্তা; স্বভাব; অভিপ্রায়; চেষ্টা; জন্ম; ক্রিয়া; লীলা; পদার্থ; রত্যাদি, উপদেশ; সংসার।
ভাবক, (ভাব) ভাব, মানসের বিকার; চিন্তাকারক।
ভাবচোর, ভাবহারক।
ভাবজ্ঞ, (ভাব-জ্ঞা) ভাবজ্ঞাতা, মর্ম্মজ্ঞ।
ভাবত, (ভবৎ) ভবদীয়, ভবৎক, তোমার।
ভাবন, (ভূ) ফলবিশেষ, চালতা ফল; অনুধ্যান; ভাবনা, চিন্তন; প্রকাশন।
ভাবনা, (ভূ) চিন্তা; ধ্যান; পর্য্যালোচনা।
ভাবনাকর, (ভাবনা-কৃ) উদ্বিগ্ন, উৎকণ্ঠিত; চিন্তাকর।
ভাবনীয়, (ভূ) চিন্তনীয়, চিন্তাযোগ্য।
ভাববৃত্ত, ব্রহ্মা, বিধি, প্রজাপতি।
ভাববোধ, অনুভব, ভাবজ্ঞান।
ভাববোদ্ধা, তাৎপর্য্যজ্ঞাতা, অভিপ্রায়জ্ঞ।
ভাবরণ, (ভাবর) বিস্ময়াপন্ন হওন, ব্যাকুলতা হেতু হতবুদ্ধি হওন।
ভাবরাণি, (ভাবরা) বিস্ময়, বৈকল্য, ব্যাকুলতা
ভাবশুদ্ধি, ভাবজ্ঞান; অর্থজ্ঞান।
ভাবাট, ভাবক সাধু, কামুক, নট।
ভাবান, (ভাবা) চিন্তাকরণ, চিন্তায় নিক্ষেপ
ভাবানুগা, ছায়া, প্রতিবিম্ব
ভাবান্তর, (ভাব-অন্তর) ভিন্ন অভিপ্রায়; অপ্রণয়; স্বভাবান্তর।
ভাবার্থ, (ভাব-অর্থ) অভিপ্রায়, তাৎপর্য্য।
ভাবিক, ভাবিক, মঙ্গল, শুভ, কল্যাণ, বাক্য।
ভাবিকল্প, (ভাবিন্) ভবিষ্যৎপক্ষ, ভাবিবিকল্প।
ভাবিত, (ভূ) চিন্তিত, ভাবনাগ্রস্ত; বাসিত; প্রাপ্ত; মিশ্রিত।
ভাবিত্র, ত্রৈলোক্য, স্বর্গ-মর্ত্ত্য-পাতাল।

ভাষা পরিচ্ছেদ, বিশ্বনাথ ন্যায় পঞ্চানন কৃত ন্যায় পরিভাষা গ্রন্থ।

ভাষাপাদ, চতুষ্পাদ্ব্যবহারান্তর্গত প্রথমপাদ

ভাষাবাদ, বিতণ্ডা, বচসা, বিবাদ। [যোক্তা।

ভাষাবাদী, (ভাষাবাদিন) ফরিয়াদী, অভি-

ভাষিত, (ভাষ) বচন; কথিত, উক্ত।

ভাষী, (ভাষ) বাদী, কথক, ভাষক।

ভাষ্য, (ভাষ) সূত্র বিবরণ গ্রন্থ, সূত্রোক্তার্থ প্রপঞ্চক; গৃহবিশেষ; কথনীয়।

ভাষ্যকার, (ভাষ্য-কৃ) মহাভাষ্যকর্ত্তা মুনি।

ভাস, (ভাস্) দীপ্তি, প্রভা, ময়ূখ; গোষ্ঠ; গৃধ্র; স্বনামে খ্যাত পক্ষি বিশেষ, শকুন্ত।

ভাসন, (ভাস) জলোপরি স্থিতিকরণ, জলে সন্তরণ। [সুন্দরাকার।

ভাসন্ত, সূর্য্য; চন্দ্র; ভাসপক্ষী; নক্ষত্র;

ভাসন্তী, নক্ষত্র, তারকা, তারা।

ভাসমান, (ভাস) জলোপরি স্থিত; দীপ্যমান, প্রকাশমান। [ক্ষেপণ।

ভাসান, (ভাস) জলোপরি স্থাপন; জলে-

ভাস্বৎ, (ভাস) সূর্য্য, রবি, দিনকর।

ভাস্বর, (ভাস) দীপ্তিযুক্ত; কুষ্ঠ ঔষধ, কুড়; স্ফটিক; বীর।

ভাস্বরপুষ্পা, বৃশ্চিকালীলতা, বিছুটী।

ভাস্কর, (ভাস-কৃ) সূর্য্য; অগ্নি; সুবর্ণ; বীর, সূত্রধার, ছুতার; [illegible]কার বিশেষ, মূর্ত্ত্যাদিখোদক; ভাস্করাচার্য্য।

ভাস্করকিরণ, সূর্য্যের তেজঃ, সূর্য্যকিরণ, ধূপ রৌদ্র, দিনকরের উত্তাপ।

ভাস্করপ্রিয়, মণিবিশেষ পদ্মরাগমণি।

ভাস্বর, (ভাস) দীপ্তিযুক্ত, কুষ্ঠ ঔষধ, কুড়; দিন; সূর্য্য।

ভাস্বান্, (ভাস) সূর্য্য; অর্করক্ষ, আকন্দগাছ; দীপ্তিযুক্ত; শোভাবিশিষ্ট, উজ্জ্বল।

ভিক, (ভিক্ষা) যাচঞা, যাজ্ঞা। [জন।

ভিখারী (ভিক্ষাশিন) ভিক্ষুক, যাচক, কা-

ভিজান, (ভিজ) আর্দ্র হওন; জলযুক্ত করণ।

ভিজা, (ভিজ) আর্দ্র; জলমিশ্রিত।

ভিজান, (ভিজা) আর্দ্রকরণ, জলযুক্তকরণ।

ভিটা, (ভিত্তি) বসতি স্থান; বাসস্থান, বাস্তুভূমি, অনেক কালের বাস্তুভূমি।

ভিটামাটি, বসতিস্থান, বাস্তুভূমি; বাটী।

ভিড়, (ভিড়) লোকসমূহ, জনতা, গোল।

ভিড়ন, (ভিড়) কিনারায় লওন; লাগান।

ভিড়ান, (ভিড়া) লাগান; মিলান।

ভিত, (ভিত্তি) প্রাচীরের এক পরিমাণ, পাড়া, ভিত্তি, দেওয়াল।

ভিতর, (অভ্যন্তর) মধ্যস্থল, অভ্যন্তর।

ভিতরে, (ভিতর) মধ্যে, অভ্যন্তরে।

ভিতে, (ভিত) নিকটে, কাছে।

ভিত্ত, খণ্ড, টুকরা।

ভিত্তি (ভিদ) গৃহাদির মৃত্তিকা ইষ্টকাদিময়ী মূর্ত্তি, কাঁথ, দেওয়াল, ভিৎ, কুড়া। [পাড়া।

ভিত্তিকা, (ভিত্তি) কুড়া, দেওয়াল; পল্লী,

ভিত্তিচোর, চোরবিশেষ, সিঁদাল চোর।

ভিৎ, (ভিদ) প্রভেদ, ভেদকর্ত্তা, ভিত্তি প্রাচীর, দেওয়াল।

ভিদক, অশনি, বাজ, বজ্র; খড়্গ।

ভিদা, (ভিদ) বস্ত্রাদি বিদারণ, চেরা, কাপড় ছেঁড়া; ভেদ, প্রভেদ, ভিন্নত।

ভিদি, বজ্র, অশনি, কুলিশ, বাজ।

ভিদুর, অশনি, বজ্র; প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ

ভিদ্র, বজ্র, অশনি, বাজ।

ভিন্দিপাল, অস্ত্রবিশেষ; হস্তপরিমাণ কাণ্ড, হস্তক্ষিপ্য লগুড়, লাঠী।

ভিন্ন, (ভিদ) ভেদবিশিষ্ট, ভাঙ্গা, বিদারিত; পৃথক; অন্য; ক্ষতরোগ বিশেষ; ব্যতীত

ভিন্নকারী, পার্থক্যকারক, বিভেদক।

ভিন্নতা, (ভিন্ন) বিভেদ, প্রভেদ, পার্থক্য।

ভিন্নত্ব, (ভিন্ন) ভিন্নতা, প্রভেদ, পার্থক্য।

ভিন্নভাব, ভাবান্তর, মতান্তর।

ভিন্নভিন্ন, পৃথক২; স্বতন্ত্র২।

ভিন্নভিন্নাত্ম, (ভিন্নভিন্ন-আত্মন) চণক, ছোলা; পৃথক২ স্বরূপ। [বৃক্ষ।

ভিন্নযোজনী, বৃক্ষবিশেষ, পাষাণভেদক

ভিন্নার্থক, (ভিন্ন-অর্থ) অন্যতাৎপর্য্য; অপর, পৃথক।

ভিয়া (ভী) ভয়, ত্রাস, ভীতি, শঙ্কা।

ভিরিণ্টিকা, শ্বেতগুঞ্জা, শাদা কুঁচ

ভিল, (ভিল) ম্লেচ্ছজাতি বিশেষ।

ভিল্লগবী, গবয়ী, চমরী।

ভিল্লতরু, লোধ বৃক্ষ, লোধগাছ।

ভিষক্, (ভী) বৈদ্য, চিকিৎসক।

ভিষক্প্রিয়া, গুড়ূচী, গুলঞ্চ লতা। [illegible]

ভিষগ্জিত, (ভিষক্-জি) ঔষধাদি, [illegible]

ভিষঙ্মাতা, (ভিষক্-মাতৃ) বাসকবৃক্ষ, বাকসগাছ। [illegible]

ভিস্তি, (বাং) বারিবাহক; চর্মনির্মিত [illegible]

ভিসেটা [illegible]

ভুগ্ন, (ভুজ) বিকলাঙ্গ, রোগাদি দ্বারা কুটি-লীকৃত, বক্র, বাঁকা। [গের পরিমাণ।

ভুজ, (ভুজ) বাহু, হস্ত; ক্ষেত্রের প্রান্তভা-

ভুজকোটর, কক্ষ, বগল।

ভুজগ, (ভুজ-গম) সর্প, ভুজঙ্গ, অহি, ফণী

ভুজগদারণ, গরুড়, খগপতি, বৈনতেয়;

ময়ূর; সর্পসংহারকারী। [পতি; ময়ূর।

ভুজগভোজী, (ভুজগ ভোজিন) গরুড়, খগ-

ভুজগান্তক, গরুড়; ময়ূর; সর্পহিংসক।

ভুজগাশন, (ভুজগ-অশন) গরুড়, বৈনতেয় ময়ূর [জার, বিড়ঙ্গ; লম্পট।

ভুজঙ্গ, (ভুজ-গম) সর্প, অহি; উপপতি,

ভুজঙ্গঘাতিনী, বৃক্ষবিশেষ; সর্পনাশিনী।

ভুজঙ্গজিহ্বা, লতা বিশেষ; সর্পের রসনা।

ভুজঙ্গপ্রয়াত, দ্বাদশাক্ষর পাদ ছন্দোবিশেষ

ভুজঙ্গভুক্, (ভুজঙ্গ-ভুজ) গরুড়; ময়ূর।

ভুজঙ্গভোজী, রাজসর্প। [সীসা।

ভুজঙ্গম, (ভুজ-গম) সর্প, ফণী; সীসক,

ভুজঙ্গহা, (ভুজঙ্গ হন) গরুড়, বৈনতেয়।

ভুজঙ্গাখ্য, নাগকেশর বৃক্ষ।

ভুজন, ভেলকী, কুহক; পরামর্শদেওন।

ভুজশিরঃ, (ভুজ-শিরস) স্কন্ধ, কাঁধ; মস্তক

ভুজা, (ভুজ) বাহু, কর; ভ্রষ্টতণ্ডুলাদি, ভাজা

ভুজাকণ্টক, হস্তনখ, হাতের নখর।

ভুজাদল, হস্ত, কর, হাত [প্রকোষ্ঠ।

ভুজান্তর, (ভুজ-অন্তর) ক্রোড়, অঙ্ক; হস্ত

ভুজি, বহ্নি, অগ্নি।

ভুজিষ্য, স্বতন্ত্র; হস্তসূত্র; দাস, রোগ।

ভুজিষ্যা, দাসী, গণিকা, বেশ্যা।

ভুজ্য, (ভুজ) ভোজনার্হ; ভোজনীয়; ভো-জন অগ্নি। [ক্ষুদ্র।

ভুঞ্জানতা-ভোজ্যামতা, পরস্পর অন্নভো-

ভুঞ্জন, (ভুজ) ভোগকরণ, খাদন, খাওন।

ভুঞ্জান, (ভুজ) ভোগকর্ত্তা, ভোগকারী।

ভুটি, (ভুজ) বিনাশ; উচ্ছিন্ন।

ভুড়ভুড়, জলবিম্ব; অনাকুল শব্দ।

ভুতি, অসার, কাঁটালের মধ্যস্থ অসারদণ্ড।

ভাজন, ভ্রষ্টকরণ

ভুনা, (ভুনা) ভাজা, জলসেক বিনা পক্ক

ভুনি, (ভুনি) বিধবার বস্ত্র, ঠেঁটী; ভ্রষ্ট বস্ত্র।

ভুবন, (ভূ) জগৎ, ব্রহ্মাণ্ড; সলিল; গগণ।

ভুবনকোষ, ভুগোল, ব্রহ্মাণ্ড।

ভুবনেশ্বর, (ভুবন-ঈশ্বর) জগদীশ্বর।

ভুবন্য, সূর্য্য; অগ্নি; চন্দ্র; প্রভু; কর্ত্তা।

ভুবর্লোক, (ভুবস-লোক) ভূরাদি সপ্তলোকান্তর্গত দ্বিতীয় লোক।

ভুবস, (ভূ) আকাশ, অন্তরীক্ষ, গগন।

ভুবিস্, সমুদ্র, জলধি, সাগর।

ভুয়া, (ভূ) শস্যহীন কল; অসার; অবস্তু।

ভুর, (ভুরি) গর্ব্ব, গরিমা, অভিমান।

ভুরভার, (ভুর) আত্মশ্লাঘা; দুঃশ্রেষ্ঠ গৌরব।

ভুরা, (ভূ) শর্করা বিশেষ, চিনি বিশেষ।

ভুল, বিস্মৃতি; ভ্রম; ভ্রান্তি, চুক।

ভুলন, (ভুল) বিস্মরণ; ভ্রম হওন।

ভুলান, (ভুল) ভ্রমজন্মান; ভ্রান্তকরণ; মোহিতকরণ, মুগ্ধকরণ

ভুলানিয়া, (ভুলা) প্রবঞ্চক; ঠগ; কুহকী

ভুলকা, (ভুল) ছল, কুহক, মায়া; প্রতারণা।

ভূষী, (ভুস) যব গোধূমাদির ত্বক, ধান্যা-দির খোসা।

ভুসা, (ভুসক) কালি প্রস্তুত করিবার ভুসা।

ভুসী, (ভুস) যব গোধূমাদির ত্বক।

ভূ, (ভূ) পৃথিবী; ভূমি; যজ্ঞাগ্নি।

ভূঁই, (ভূমি) ক্ষেত্র, ক্ষেত।

ভূঁইকম্প, ভূমিকম্পন, ভূকম্প।

ভূক, ছিদ্র, রন্ধ্র; অন্ধকার; কাল।

ভূকদম্ব, ঔষধি বিশেষ, থুতকুড়ী।

ভূকম্প, (ভূ-কম্প) ভূমিকম্পন, ভূমিলড়ন।

ভূকল, দুর্বিনীতাশ্ব, অদম্য ঘোটক।

ভূকশ্যপ, বসুদেব, শ্রীকৃষ্ণের পিতা।

ভূকাক, ক্রৌঞ্চ, বক; নীল কপোত, নীল-বর্ণ পায়রা।

ভূখর্জ্জুরী, ক্ষুদ্র খর্জ্জুর, ছোট খাজুর

ভূগর, (ভূ-গর) বিষ, গরল, হলাহল

ভূগর্ভ, ভূমির মধ্য, পৃথিবীর অভ্যন্তর।

ভূগোল, (ভূ-গোল) ভুবনকোষ, মহীমণ্ডল; পৃথিবীর অবস্থ্যাদির বিবরণ ঘটিতপুস্তক

ভূচর, (ভূ-চর) স্থলচর; মনুষ্যাদি।

ভূচল, (ভূ-চল) ভূমিকম্পন, ভূকম্প।

ভূচ্ছায়, (ভূ-ছায়া) অন্ধকার, ধ্বান্ত, তমঃ।

ভূজম্বু, গোধূম, গম; বিকঙ্কত ফল, বঁইচী ভূমিজম্বু, ভূঁইজাম।

ভূজলচর, (ভূ-জল-চর) উভচর, জল ও স্থলে চারণকারী, কচ্ছপ কুম্ভীরাদি।

ভূত, (ভূ) অতীত, গত; পৃথিবী আদি পঞ্চ, যথার্থ; পিশাচাদি; প্রেতযোনি; জন্তু; প্রাণী; দেবযোনি বিশেষ; কৃষ্ণচতুর্দ্দশী

ভূতকাল, অতীত কাল, গত কাল।

ভূতকেশ, [illegible] ; শেফালিকা, শিউলী
ভূতক্রান্তি, ভূতাবেশ, ভূতে পাওয়া।
ভূতগন্ধা, (ভূত-গন্ধ) মুরা নামে গন্ধদ্রব্য-বিশেষ। [ভূতে পাওয়া।
ভূতগ্রস্ত, (ভূত-গ্রস্ত) ভূতাবিষ্ট, ভূতাক্রান্ত,
ভূতঘ্ন, (ভূত-হন) উষ্ট্র, উট ; ভূর্জবৃক্ষ ; লশুন ; ভূত নাশক।
ভূতঘ্নী, (ভূত-হন) ক্ষুদ্র গুল্মবিশেষ, তুলসী
ভূতচতুর্দ্দশী, কার্ত্তিক মাসীয় কৃষ্ণ চতুর্দ্দশী, যম চতুর্দ্দশী।
ভূতজটা, জটামাংসী ; গন্ধমাংসী।
ভূতবৈদ্য, (ভূত) ভূতের ওঝা, ভূত বৈদ্য।
ভূতদ্রাবী, বৃক্ষ বিশেষ, রক্ত কদরীর বৃক্ষ ; ভূতদিগের তাড়নাকারী।
ভূতধাত্রী, পৃথিবী, ধরণী, অবনী।
ভূতনাথ, (ভূত-নাথ) শিব, ভূতেশ, মহাদেব।
ভূতনায়িকা, দুর্গা, পার্ব্বতী।
ভূতনাশন, রুদ্রাক্ষ ; সর্ষপ ; ভূতহন্তা।
ভূতনী, (ভূত) পিশাচী, পেতনী। [তুলসী।
ভূতপত্রী, (ভূত-পত্র) ক্ষুদ্র গুল্মবিশেষ ;
ভূতপূর্ণিমা, আশ্বিনী পূর্ণিমা, কোজাগর পূর্ণিমা। [তুল্য।
ভূতবৎ, (ভূত) ভূতাকার, প্রেতবৎ, প্রেত
ভূতবিক্রিয়া, অপস্মার রোগ, মৃগী রোগ।
ভূতবৃক্ষ, শাকোট বৃক্ষ, শাওড়া গাছ ; শ্যোনাকবৃক্ষ।
ভূতবেশী, শ্বেত শেফালিকা, সাদা শিউলী।
ভূতভাবন, বিষ্ণু ; বটুক ভৈরব ; ভূত-প্রকাশক।
ভূতভৃৎ, বিষ্ণু, নারায়ণ ; ভূতপালক।
ভূতভৈরবী, (ভূত-ভৈরব) বৃক্ষবিশেষ।
ভূতমারী, চাঁড়ানামে গন্ধদ্রব্য বিশেষ।
ভূতযজ্ঞ, ভূতবলি ; পঞ্চ মহাযজ্ঞান্তর্গত বলি বৈশ্বদেব কর্ম্ম।
ভূতল, ভূমিতল, পৃথ্বীতল, ধরাতল।
ভূতশুদ্ধি, শরীরস্থ পাপ পুরুষ দহন পূর্ব্বক শরীর শোধন।
ভূতসঞ্চার, ভূতোন্মাদ রোগ, ভূতাক্রান্তি, ভূতে পাওয়া। [অগ্নি ;
ভূতসঞ্চারী, দাবানল, বনাগ্নি, বনোদ্ভূত
ভূতসর্গ, [illegible] সৃষ্টি ; প্রাণিসৃজন।
ভূতহন্ত্রী, [illegible] ; নীলদূর্ব্বা।
[illegible] [illegible] [illegible]
ভূতহারী, [illegible] সংহারকারক ; শিব।
ভূতা, (ভূত) কৃষ্ণ চতুর্দ্দশী। [illegible] ; শিব।
ভূতাত্মা, (ভূত-আত্মন) দেহ ; ব্রহ্মা, পর-
ভূতানুসরণ, (ভূত-অনুসরণ) ন্যায়ানুমান, প্রাণির অনুসরণ ; তত্ত্বানুসন্ধান।
ভূতানুসারী, (ভূত-অনুসারিন) যথার্থের অনুসরণকর্ত্তা।
ভূতাবাস, (ভূত-আবাস) বিভীতকবৃক্ষ, বহেড়া গাছ, পঞ্চভূতের আবাসস্থান।
ভূতাবিষ্ট, পিশাচগ্রস্ত, ভূতাক্রান্ত [পাওয়া।
ভূতাবেশ, (ভূ-আবেশ) ভূতসঞ্চার, ভূতে
ভূতারি, (ভূত-অরি) হিঙ্গু, হিং ; ভূতশত্রু
ভূতার্ত্ত, (ভূত-ঋত) ভূতাবিষ্ট, ভূতে পীড়িত
ভূতি, (ভূ) মহাদেবের অণিমাদি অষ্টপ্রকার ঐশ্বর্য্য ; শিবধৃত ভস্ম, সম্পত্তি ; জাতি [illegible] নামে ঔষধ, তৃণ বিশেষ ; উৎপত্তি ; [illegible]
ভূতিক, ভূনিম্ব, চিরতা ; কুৎসিতভূণ, ফল ; যবানী, যোয়ান।
ভূতিকাম, বৃহস্পতি ; ঐশ্বর্য্যাভিলাষী।
ভূতিকাল, ভূখান্ত, খানা ডোবা। [পত্নী।
ভূতিনী, (ভূত) অতিশয় কৃষ্ণবর্ণ স্ত্রী ; প্রেত-
ভূতিহীন, ঐশ্বর্য্যহীন, সম্পত্তি রহিত।
ভূতিমান, (ভূতি) ঐশ্বর্য্যযুক্ত, ঐশ্বর্য্যশালী।
ভূতীযুক্ত, ঐশ্বর্য্যশালী, সম্পত্তিযুক্ত।
ভূতীক, ভূনিম্ব, চিরতা ; যবানী, যোয়ান ; কদর্য্য তৃণ।
ভূতুড়্যা, (ভূত) ভূতের ওঝা।
ভূতৃণ, গন্ধতৃণ, গন্ধ খড়।
ভূতেশ, শিব, মহেশ, মহাদেব।
ভূত্তম, স্বর্ণ, হেম, কাঞ্চন, সোনা।
ভূদকচর, কচ্ছপ কুম্ভীরাদি, উভচর।
ভূদরীভবা, ক্ষুদ্রবৃক্ষবিশেষ, আখুকর্ণীবৃক্ষ, ইঁদুরকাণীগাছ। [কারী।
ভূদার, (ভূ-দৃ) শূকর, বরাহ, ভূমি বিদারণ-
ভূদেব, (ভূ-দেব) ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র।
ভূধন, রাজা, ভূপ, পার্থিব।
ভূধর, (ভূ-ধৃ) পর্ব্বত, গিরি, শৈল ; ভূমিধারণকর্ত্তা ; মন্ত্র বিশেষ।
ভূধাত্রী, আমলকী বিশেষ, ভুঁই-আমলা।
ভূধ্র, ধরাধর, পর্ব্বত, গিরি, শৈল, নগ।
ভূনাগ, উপরস বিশেষ।
ভূনিম্ব, কটুতিক্ত চিরতা।
ভূনীপ, কদম্ব বিশেষ, ভূমিকদম্ব।
ভূনেতা, রাজা, ভূপ, ভূপতি, মহীপাল।
ভূপ, (ভূ-পা) ভূপতি, রাজা, ভূপাল।

ভূম্যাভিমুখ,(ভূমি-অভি-মুখ) ভূমিষ্ঠ হইয়া প্রণত।
ভূস্বর্গ, সুমেরু পর্ব্বত।
ভূস্বামী (ভূ-স্বামিন) রাজা, ভূপতি।
ভূক্রিৎ, শূকর, বরাহ কোল।
ভৃকুটি, (ভ্রূ-কুট) ভ্রূকুটি, অঙ্গভঙ্গি; মুখভঙ্গি।
ভৃগু, (ভ্রস্জ) মুনিবিশেষ, ভার্গব; পর্ব্বতের পার্শ্ব প্রপাত, অতট; উচ্চস্থান।
ভৃগুপতি, পরশুরাম।
ভৃগুসুত পরশুরাম।
ভৃঙ্গ, (ভৃ) ভ্রমর; ফিঙ্গাপাখী; লম্পট; ভৃঙ্গরাজ বৃক্ষ, ত্বক; অভ্রক।
ভৃঙ্গজ, সুগন্ধি দ্রব্য বিশেষ অগুরু।
ভৃঙ্গপ্রিয়া, মাধবী লতা।
ভৃঙ্গরাজ, লতাবিশেষ, কেশুরিয়া লতা।
ভৃঙ্গরিটি, শিবের দ্বারপাল, শিবদ্বারী।
ভৃঙ্গরোল, কীট বিশেষ ভীমরুল।
ভৃঙ্গাভীষ্ট, (ভৃঙ্গ-অভীষ্ট) আম্রবৃক্ষ, আম্রফল
ভৃঙ্গার, (ভৃঙ্গ-অরি) লবঙ্গ; সুবর্ণ; স্বর্ণঘটিত বারিপাত্র বিশেষ। [ঝিঁঝিঁ পোকা।
ভৃঙ্গারিকা, (ভৃঙ্গ-অরি) ঝিঁঝিকা, ঝিল্লী,
ভৃঙ্গি, (ভৃঙ্গ) মহাদেবের দ্বারপাল।
ভৃঙ্গী, (ভৃঙ্গ) অতিবিষা লতা, বটবৃক্ষ; শিবদ্বারপাল বিশেষ; ভ্রমরী।
ভৃঙ্গফল, আম্রাতক, আমড়া।
ভৃঙ্গীশ, (ভৃঙ্গী-ঈশ) মহাদেব, শিব।
ভৃঙ্গেষ্টা, ঘৃতকুমারী।
ভৃজ্জন, ভাজনা খোলা, ভর্জ্জনপাত্র।
ভৃত, (ভৃ) ভরণ করা; পুষ্ট, পালিত।
ভৃতক, (ভৃ) বেতনোপজীবী কর্ম্মকর্ত্তা, ভৃতিভুক, বৈতনিক
ভৃতকাধ্যাপক, (ভৃতক-অধ্যাপক) যিনি বেতন লইয়া বেদাদি পাঠ করান।
ভৃতকাধ্যাপিত, বেতন দিয়া পড়ান ছাত্র।
ভৃতি, (ভৃ) বেতন, মাহিয়ানা; মূল্য; ভরণ
ভৃতিভুক, (ভৃতি-ভুজ) বেতন গ্রাহী, বৈতনিক। [কর।
ভৃত্য, (ভৃ) পরিচারক, সেবক, দাস, ক
ভৃত্যা, (ভৃ) বেতন; কর্ম্ম মূল্য। [দি ভরণ।
ভৃমি, (ভ্রম) বায়ু বিশেষ, ঘূর্ণবাতাস, জলা-
ভৃশ, (ভৃশ) অতিশয়, অত্যর্থ, মুহুর্মুহুঃ।
ভৃষৎ, পাষাণ, শিলা।
. (ভ্রস্জ) জলোপসেক বিনা পক, ভাজা
ভৃষ্টতণ্ডুল ভর্জ্জনবিশিষ্ট তণ্ডুল, চাউলভাজা; জলোপসেক বিনা পক চাউল।

ভৃষ্টযব, ভর্জ্জন বিশিষ্ট যব, যবভাজা।
ভৃষ্টান্ন, ভৃষ্ট-অন্ন) ভৃষ্ট তণ্ডুল, মুড়ি।
ভৃষ্টি (ভ্রস্জ) ভর্জ্জ; ভাজা, জলসেক বিনা-অগ্নিপক্ব।
ভেঁউচন, (ভেমুজ) মুখভঙ্গিকরণ, ব্যঙ্গকরণ।
ভেঁপু, (ভেরী-পুত্র) পত্রনির্ম্মিত নলাকার বংশীবিশেষ। [বাদ্য; মেঘ; কল্পিত বেশ।
ভেক, (ভী) জন্তুবিশেষ, ব্যাঙ, মণ্ডুক, ক
ভেকট, (ভাকুট) মৎস্যবিশেষ, ভেটকীমাছ
ভেকটী, (ভাকুট) মৎস্যবিশেষ, ভেকটীমাছ
ভেকনি, মৎস্যবিশেষ, ভাঙ্গন মাছ।
ভেকভুক (ভেক-ভুজ) সর্প, ভুজঙ্গম, অহি
ভেকী (ভেক) মণ্ডুকী, ভেকপত্নী; তাম্রসকার। [হীন,
ভেকুয়া (ভেক) হাবা; মূর্খ; জড়, জ্ঞান,
ভেঙ্গান, (ভেঙ্গ) মুখভঙ্গি করণ, কুৎসাকরণ; প্রেরণ, পেষণ, পাঠান।
ভেজ, (ভেজ) প্রেরণ, প্রেষণ, পাঠান।
ভেজান, (ভেজ) পাঠান; বদ্ধকরণ।
ভেট, (অভি-অট) উপঢৌকন, সওগাদ; সাক্ষাৎ।
ভেটকী, (ভাকুট) মৎস্যবিশেষ, ভেকটীমাছ
ভেটন (ভেট) নিকটে গমন, মিলন।
ভেটনিয়া, (ভেট) মিলনিয়া, সাক্ষাৎকারকারী। [মদ্য প্রস্তুত স্থান।
ভেটিয়ারা, (ভেট) মদ্যাদি প্রস্তুত কারক,
ভেটিয়াল, (ভাটা) নদ্যাদির স্বাভাবিক স্রোতে গমন, ভাঁটায় যাওয়া
ভেটী, (ভেট) উপঢৌকন, সওগাদ।
ভেড়, (অভি-ইট) মেষ, ভেড়া
ভেড়ন, নিকটবর্ত্তী হওয়া; মিলন; লাগান
ভেড়া (ভেড়) মেষ, গড্ডলিকা, গাড়োল।
ভেড়ী, (ভেড়) মেষী, স্ত্রীমেষ, অবী।
ভেড়ীবন্ধ, পুলবন্ধ, বাঁধ
ভেড়ুয়া (ভেড়) ঘটক, ভগ ভক্ষক, কোটনা;
ভেত্তা, (ভিদ) ভেদকর্ত্তা, ভঙ্গকারক।
ভেদ, (ভিদ) পার্থক্য, বিচ্ছেদ; বিদারণ; বিরেক, বিরেচন। [দি; পৃথক কারক।
ভেদক, (ভিদ) বিদারক; বিরেচক ঔষধা-
ভেদজ্ঞান, দ্বৈত জ্ঞান; ভিন্নতা বোধ।
ভেদন, (ভিদ) বিদারণ, পৃথক করণ; হিঙ্গু, হিং; অম্লবেতস বৃক্ষ।
ভেদাভেদ, (ভেদ-অভেদ) ঐক্যানৈক্য, প্র-
ভেদা ভেদাভেদ

ভেদিত, (ভিদ) ভিন্ন, বিদারিত; ছেদিত।
ভেদী, (ভিদ) ভেদকর্ত্তা, ভেদবিশিষ্ট; অম্ল বেতস বৃক্ষ।
ভেদুর, ভিদুর, ভঙ্গশীল; বজ্র; অশনি।
ভেদ্য, (ভিদ) ভেদনীয়; ভেদের যোগ্য।
ভেবরণ, (ভী) ভয়পাওন; বিস্ময়াপন্ন হওন
ভেমরুল, (ভৃঙ্গরোল) ভৃঙ্গরোল, কীটবিশেষ
ভের, বাদ্য যন্ত্রবিশেষ, পটহ, ভেরী; দুন্দুভি। [পটহ দুন্দুভি।
ভেরী, (ভী) বাদ্যযন্ত্র বিশেষ, বৃহৎ ঢক্কা,
ভেরুণ্ড (ভী) গর্ভধারণ; ভয়ানক ভয়জনক
ভেরুণ্ডা, দেবতা বিশেষ; যক্ষিণী বিশেষ।
ভেরেণ্ডা, (এরণ্ড) এরণ্ড বৃক্ষ, ভেণ্ডেরা গাছ
ভেল, ভীরু; মূর্খ, চঞ্চল; মুনিবিশেষ।
ভেলক (ভিল) নদ্যাদি তরণ সাধন বস্তু, ভেলা উড়ুপ, প্লব।
ভেল্কী, (ভেল) কুহক, কপট মায়া, ইন্দ্রজাল
ভেষজ, (ভিষজ) ঔষধ, ভৈষজ্য, অগদ।
ভেষজাঙ্গ (ভেষজ-অঙ্গ) ঔষধের অনুপান
ভৈমী, (ভীম) ভীমএকাদশী, ভীমসম্বন্ধনী
ভৈরব (ভী) ভয়ানক, শঙ্কর; নদবিশেষ; রাগবিশেষ; শিবগণাধিপ।
ভৈরবী, (ভৈরব) চামুণ্ডা, অবধূতাশ্রমে প্রবিষ্ট, স্ত্রী; রাগিণীবিশেষ, ভৈরব রাগপত্নী।
ভৈরবীচক্র, (ভৈরব-চক্র) কৌলাচারিদের মদ্যপানার্থ চক্রবিশেষ।
ভৈষজ্য, ভেষজ, ঔষধ, অগদ।
ভৈষজ, ঔষধ, ভৈষজ্য, অগদ।
ভৈক্ষ, (ভিক্ষা) ভিক্ষালব্ধ বস্তু; যাচ্ঞা।
ভৈক্ষজীবিকা, ভিক্ষাদ্বারা জীবনোপায় ভিক্ষা বৃত্তি।
ভৈক্ষজীবী, (ভিক্ষা-জীবিন) যাচ্ঞাদ্বারা জীবন ধারণ কারী। [জীবী।
ভৈক্ষভুক, (ভৈক্ষ-ভুজ) ভিক্ষাশী, ভিক্ষা-
ভৈক্ষাশী, ভিক্ষালব্ধ বস্তু ভক্ষণকারী।
ভোঃ, সম্বোধনার্থ, প্রশ্নার্থ; অভিমুখার্থ।
ভোঁতা, (ভ-উনিত) নির্ব্বোধ; অতীক্ষ, ধাররহিত; কাঁসের ভুতি। [অলঙ্কার
ভোঁদড়, (ভন্দড়) উদবিড়াল, খেঁকশিয়াল,
ভোঁদা, স্থূলাকার, মোটা।
ভোকছানি, (ভুক-ইচ্ছা) ক্ষুধাজন্য মোহ-প্রাপ্তি, অনশন জন্য দৌর্ব্বল্য।
ভোক্তব্য, (ভুজ) ভোজনীয়, ভোজ্য, খাদ্য।
ভোক্তা, (ভুজ) ভোজনকর্ত্তা, খাদক।
ভোগ, (ভুজ) সুখ; স্ত্রী আদির উপভোগ; সর্পফণা; সর্পশরীর; পালন; অভ্যবহার; পুণ্য পাপের ফল অনুভব।
ভোগগৃহ, বাসগৃহ; অন্তঃপুর।
ভোগদেহ, স্বর্গ নরক ভোগার্থ সূক্ষ্ম শরীর বিশেষ। [অনুভব করণ।
ভোগন, (ভুজ) ভোগ প্রাপণ, সুখ বা দুঃখ-
ভোগপাল, অশ্বরক্ষক, সাহিস; ভোগরক্ষক।
ভোগপিশাচিকা, ক্ষুধা, বুভুক্ষা; অনাহার জন্য ক্লেশ। [পুরী।
ভোগবতী, (ভোগবৎ) পাতাল গঙ্গা; নাগ-
ভোগবৎ, (ভোগ) সুখজনক; ভোগতুল্য।
ভোগবান (ভোগবৎ) সর্প; নাট্য, গান; ভোগবিশিষ্ট। [ভোগহীন।
ভোগবিহীন, সুখরহিত; স্ত্রীআদির উপ-
ভোগভূমি, সুখ বা দুঃখ ভোগের স্থান; ভারতবর্ষাতিরিক্ত বর্ষ।
ভোগরাগ, (ভোগ) দেবপ্রতিমার ভোগ।
ভোগলামি, ভণ্ডতা, কাপট্য; বঞ্চনা, প্রতারণা; পরিহাস।
ভোগসদ্ম, বাসগৃহ; গর্ভাগার।
ভোগস্থান, শরীর; সুখ বা দুঃখ অনুভবের স্থল; অন্তঃপুর।
ভোগা, (ভুগ) ফাঁকা; প্রবঞ্চনা; ছল।
ভোগান, (ভোগ) সুখ দুঃখ ভোগ করাণ; ভুলান প্রতারণ। [অনুপযুক্ত।
ভোগানর্হ, (ভোগ, অনর্হ) ভোগকরণের অ-
ভোগান্ত, (ভোগ-অন্ত) ভোগের শেষ।
ভোগাবলী, স্তুতি পাঠকের স্তুতি; নাগপুরী।
ভোগাবাস, (ভোগ-আবাস) বাসগৃহ, কুস-ন্তিস্থান। [সুখসেব্য।
ভোগার্হ, (ভোগ-অর্হ) ধান্য, শালি, ধান;
ভোগিক, অশ্বরক্ষক, অশ্বপালক।
ভোগিকান্ত, বায়ু, অনিল, বাতাস। [র উপস্ত্রী
ভোগিনী, (ভুজ) মহিষী ভিন্ন রাজপত্নী, রাজা
ভোগী, (ভুজ) সর্প; গ্রামস্থপাত্র; নৃপ; নাপিত; সুখ বা দুঃখ অনুভব কারী; ভোগ বিশিষ্ট, ভোগযুক্ত।
ভোগীন্দ্র, (ভোগী-ইন্দ্র) অনন্তদেব।
ভোগ্য, (ভুজ) ধন; ধান্য; ভোগযোগ্য; বন্ধক বিশেষ।
ভোগ্যা, (ভুজ) বেশ্যা, ভোগযোগ্য নারী।
ভোগ্যাধি, (ভোগ্য-আধি) ফলভোগার্থ কৃত বন্ধক।

ভোজ, (ভুজ) স্বনাম খ্যাত দেশ বিশেষ, ভোজপুর; রাজাবিশেষ; আহার; সমা-
রোহে ভোজন।
ভোজকট, ভোজদেশ, ভোজপুর।
ভোজন, (ভুজ) কঠিন দ্রব্যের গলাধঃকরণ,
ভক্ষণ, আহার, অশন। [কণোপযুক্ত।
ভোজনার্হ, (ভোজন-অর্হ) আহার যোগ্য, ভ-
ভোজনীয়, (ভুজ) ভোজ্য, খাদ্য, ভক্ষ্য।
ভোজপতি, কংসের জ্ঞ।
ভোজপুর, দেশবিশেষ, ভোজদেশ।
ভোজবিদ্যা, ভেল্কী, কুহক, ঐন্দ্রজালিক বি-
দ্যা; বাজীগরি। [ভোগ প্রযোজক।
ভোজয়িতা, (ভুজ) ভোজন কারয়িতা;
ভোজাধিপ, কংসরাজ। [বস্তু, খাদ্য।
ভোজ্য, (ভুজ) ভোজনীয় দ্রব্য; ভক্ষণীয়
ভোজ্যসম্ভব, শরীরস্থ রসধাতু। [এক্যে।
ভোজ্যান্ন, (ভোজ্য-অন্ন) ভোজনীয় অন্ন,
ভোজ্যান্নত্ব, পরস্পর অন্ন ভোজন ব্যবহার
ভোট, (ভোট) রক্তবর্ণ কম্বল বিশেষ দেশ
ভোটাঙ্গ, দেশবিশেষ, ভোটান্ দেশ।
ভোড়ঙ্গ, (ভড়) গর্ব্ব; ঝাঁক; তুরী, বাদ্য-
যন্ত্র বিশেষ; তরণী বিশেষ।
ভোড়ঙ্গিয়া, (ভোড়ঙ্গ) তুরীবাদক।
ভোতা, (ভা-ইত) অশাণিত অস্ত্র, অধার;
অতীক্ষ্ণ, থোবড়া।
ভোভো, সম্বোধনার্থ। [তুরপণ।
ভোমর, (ভ্রমর) ভ্রমর; কাষ্ঠাদি বেধন অস্ত্র,
ভোম্মা, মুর্খ, অজ্ঞান; অসার।
ভোর, (ভা) প্রভাত, নিশাবসান।
ভোলা, (ভুল) মৎস্যবিশেষ; বিস্মরণ, ভ্রান্ত
ভোলি, উষ্ট্র, উট। [বলিকর্ম্ম।
ভৌত, (ভূত) ভূতসম্বন্ধীয়; দৈব; ভূতযজ্ঞ;
ভৌতিক, (ভূত) ভূতসম্বন্ধীয়; অদ্ভুত, অ-
লৌকিক; শিব, মহাদেব।
ভৌতী, রাত্রি, নিশা, রজনী।
ভৌম, (ভূমি) মঙ্গলগ্রহ, নরকরাজ; ভূমি
জাত; রক্ত পুনর্নবা।
ভৌমজল, ভূমি সম্বন্ধি জল।
ভৌমবিশ্বকর্ম্মা, দেবশিল্পী।
ভৌমরত্ন, রত্নরত্ন, প্রবাল, পলা। [জমীদার
ভৌমিক, (ভূমি) ভূম্যধিকারী, ভূস্বামী,
ভৌমী, (ভূমি) সীতা, জনক রাজকন্যা।
ভ্যাস, (অভি-অস) অভ্যাসকরণ; চীৎ-
কারকরণ, পুনঃ২ অশন।

ভ্যাসভাস (অভ্যাস-ভ্রম) অযত্ন; মুর্খ।
ভ্যাসভাস, অসভ্য; মুর্খ, অবোধ, অজ্ঞান।
ভ্রংশ, (ভ্রন্শ) অধঃপতন; চ্যুত, স্খলন; নষ্ট
ভ্রংশক, নষ্টকারী, বিচ্ছেদকারী।
ভ্রংশিত, চ্যুত; বিযুক্ত, বিরহিত।
ভ্রকুংস, স্ত্রী বেশধারী নর্ত্তক পুরুষ।
ভ্রকুটি, ক্রোধাদি দ্বারা ভ্রূভঙ্গি করণ, মুখ-
ভঙ্গী, ভ্রূকুটি। [নির্গম; ভ্রমণ।
ভ্রম, (ভ্রম) মিথ্যাজ্ঞান, ভ্রান্তি, ঘূর্ণন, জল
ভ্রমকূপ, (ভ্রান্তিস্বরূপকূপ) অতিশয়ভ্রান্তি।
ভ্রমণ, (ভ্রম) গমনবিশেষ, পর্য্যটন, বেড়ান।
ভ্রমণেচ্ছা, (ভ্রমণ-ইচ্ছা) পর্য্যটনেচ্ছা, বেড়া-
ইবার অভিলাষ।
ভ্রমৎকুটী, তৃণাদিতছত্র।
ভ্রমবিশিষ্ট, ভ্রান্তিযুক্ত; ভ্রান্ত; বিস্মৃত।
ভ্রমর, (ভ্রমন্-ক্র) কীটবিশেষ, মধুকর।
ভ্রমরক, ললাট লম্বিত চূর্ণকুন্তল, ভৃঙ্গ;
বানামুষিক, নেংটিয়া ইন্দুর। [পোকা।
ভ্রমরকীট, কীটবিশেষ, কুমুরে পোকা, কাঁচ
ভ্রমরমারী, মাদ্রব দেশ জাত পুষ্পবৃক্ষবিশেষ
ভ্রমরহিত, ভ্রান্তিশূন্য, ভুলরহিত, অভ্রান্ত
ভ্রমরাতিথি, চম্পক, চাঁপা।
ভ্রমরালক, ললাটস্থিত চূর্ণকুন্তল।
ভ্রমরাসক্ত, শুভ্রমার্জক, শিকল কর।
ভ্রমরী, (ভ্রমর) ষটপদী, ভ্রমরপত্নী; জতু-
কা, জোঁ; লা, লাক্ষা।
ভ্রমরোৎসবা, (ভ্রমর-উৎসব) মাধবী লতা।
ভ্রমার্হ, (ভ্রম-অর্হ) ভ্রমযোগ্য, ভ্রান্তিযোগ্য।
ভ্রমি, (ভ্রম) মূর্চ্ছা; ঘূর্ণন; জলের আবর্ত্ত
ভ্রমী, (ভ্রম) ভ্রমবিশিষ্ট, ভ্রান্তিযুক্ত; ভ্রান্ত।
ভ্রষ্ট, (ভ্রন্শ) চ্যুত, পতিত; নষ্ট; ধূর্ত্ত; দুষ্ট
ভ্রষ্টতা, (ভ্রষ্ট) দুষ্টতা; শঠতা; ধূর্ত্ততা।
ভ্রষ্টপনা, (ভ্রষ্ট) ভ্রষ্টতা, দুষ্টতা, ধূর্ত্ততা।
ভ্রষ্টা, (ভ্রষ্ট) ব্যভিচারিণী স্ত্রী, কুলটা, দুষ্টা।
ভ্রষ্টাচার, (ভ্রষ্ট-আচার) দুষ্টাচার; অনাচার
ভ্রষ্টাচারী, (ভ্রষ্ট-আচারিন) আচার ভ্রষ্ট, অ-
নাচারী, আচার চ্যুত।
ভ্রষ্টামি, (ভ্রষ্ট) ভ্রষ্টতা, ধূর্ত্ততা, দুষ্টামি।
ভ্রাজক, (ভ্রাজ) ধাতুবিশেষ, পিত্ত; উজ্জ্বল
তারকা। [শোভান্বিত, প্রকাশমান।
ভ্রাজিষ্ণু, (ভ্রাজ) অলঙ্কারাদিদ্বারা দীপ্তিশীল
ভ্রাতা, (ভ্রাতৃ) ভাই, সহোদর, সোদর্য্য।
ভ্রাতুষ্পুত্র, (ভ্রাতৃ-পুত্র) ভ্রাতার সন্তান,
ভ্রাতৃষ্য, ভ্রাতৃতনয়, ভ্রাতৃপুত্র।

ভ্রাতুষ্পুত্রী, ভ্রাতার কন্যা, ভ্রাতুদুহিতা
ভ্রাতৃক, (ভ্রাতৃ) ভ্রাতৃযোগ্য ; ভ্রাতৃতুল্য
ভ্রাতৃজ (ভ্রাতৃ-জন) ভ্রাতৃষ্য, ভ্রাতার সন্তান
ভ্রাতৃজা (ভ্রাতৃ-জন) ভ্রাতার কন্যা, ভাইঝী
ভ্রাতৃজায়া, ভ্রাতৃভার্য্যা, ভ্রাতৃস্ত্রী, ভাইজ।
ভ্রাতৃদ্বিতীয়া, ভাইদ্বিতীয়া, ভাইফোঁটা, কার্ত্তিক শুক্লপক্ষীয় দ্বিতীয়া।
ভ্রাতৃবধূ, ভ্রাতার স্ত্রী, ভাদ্রবধূ।
ভ্রাতৃব্য, (ভ্রাতৃ) ভ্রাতৃতনয়, ভ্রাতৃপুত্র।
ভ্রাতৃশ্বশুর, পতির জ্যেষ্ঠ, ভাশুর।
ভ্রাত্রীয়, (ভ্রাতৃ) ভ্রাতৃপুত্র ; ভ্রাতৃসম্বন্ধীয়
ভ্রান্ত, (ভ্রম) ভ্রান্তিবিশিষ্ট, ভ্রমযুক্ত, রাজধুতুরা ; মত্তহস্তী।
ভ্রান্তত্ব, ভ্রমশীলতা, ভ্রান্তি, ভ্রম।
ভ্রান্তি, (ভ্রম) ভ্রম, ভুল, চক্র।
ভ্রান্তিহর, মন্ত্রী পরামর্শী ; ভ্রমনাশক।
ভ্রামক, (ভ্রম) ভ্রমজনক, ভ্রান্তিদায়ক, শৃগাল, ধূর্ত্ত, প্রস্তরবিশেষ, চুম্বক পাতর
ভ্রামর, মধু, নৃত্য বিশেষ, প্রস্তরবিশেষ চুম্বকপাতর।
ভ্রামরী, পার্ব্বতী, দুর্গা।
ভ্রাষ্ট্র, আকাশ, ভাজনা খোলা, ভর্জ্জনপাত্র
ভ্রূকুংস, স্ত্রীবেশধারী নর্ত্তক পুরুষ।
ভ্রূকুটি, (ভ্রূ-কুট) ক্রোধাদিহেতু ভ্রূদ্বয়ের বক্রতাকরণ ; কুটিল মুখ বক্রমুখ।
ভ্রূ, (ভ্রম) চক্ষুর্দ্বয়ের ঊর্দ্ধভাগস্থ লোমশ্রেণী
ভ্রূকুংস, স্ত্রীবেশধারী নর্ত্তক পুরুষ।
ভ্রূকুটি, (ভ্রূ-কুট) ভ্রূভঙ্গ, ক্রোধাদি হেতু ভ্রূদ্বয়ের বক্রতা করণ।
ভ্রূণ, (ভ্রূণ) বালক ; স্ত্রীগর্ভ।
ভ্রূণঘ্ন (ভ্রূণ-হন) ভ্রূণহত্যাকারী, গর্ভনাশক
ভ্রূণহত্যা, গর্ভস্থ বালক হনন, গর্ভনাশন
ভ্রূণহা, (ভ্রূণ-হন) গর্ভস্থ বালক হন্তা ভ্রূণহত্যাকারী।
ভ্রূভঙ্গ, ভ্রূদ্বয়ের কৌটিল্য ; কটাক্ষ।
ভ্রূভঙ্গি (ভ্রূ-ভঞ্জ) কটাক্ষ : অসন্তোষ প্রকাশক দৃষ্টিক্ষেপ।
ভ্রূক্ষেপ, কটাক্ষদৃষ্টি : ঈষৎ অবলোকন।
[illegible]

ম

ম, মকার, ব্যঞ্জনের পঞ্চবিংশ বর্ণ, পবর্গের শেষ অক্ষর ; শিব ; চন্দ্র ; ব্রহ্মা ; যম সময় ; বিষ।

মই, (মর্দ্দন) বংশাদি বিরচিত সোপান, বাঁশের সিঁড়ী ; বিদা।
মউচাক, (মধু-চাক) মধুক্রম, মধুচক্র।
মউড, (মুকুট) টুপী।
মউনী, (মন্থ) মন্থন দণ্ড, আলোড়নার্থ যষ্টি বিশেষ। [মৌমাছী।
মউমাছী (মধু-মক্ষিকা) কীটবিশেষ, সরঘা,
মউরী, (মধুরিকা) বণিক দ্রব্যবিশেষ, মৌরী
মওন, (মন্থ) মন্থন, আলোড়ন।
মওয়াক্কেল, যাহার পক্ষ হইয়া বিচারাগারে বাদানুবাদ করে, বাদী বা প্রতিবাদী।
মকর, (ম-কৃ) জলজন্তুবিশেষ, দশম রাশি, কামদেবের ধ্বজচিহ্ন ; কুবেরের ধন বিশেষ, ছল।
মকরকুণ্ডল, মকরাকৃতি কর্ণভূষণ।
মকরকেতন (মকর-কেতন) কামদেব, মদন, কন্দর্প। [বর্ণসিন্ধু বিশেষ ; ঔষধবিশেষ।
মকরধ্বজ, (মকর-ধ্বজ) কন্দর্প, কামদেব ;
মকরন্দ, (মকর-দো) পুষ্পরস, পুষ্পাসব, মধু, কুন্দপুষ্প বৃক্ষ, কুঁদফুলের গাছ, কিঞ্জল্ক, কেশর, ফুলের পাবড়ী। [ধুবিশিষ্ট।
মকরন্দবতী, পুষ্পবিশেষ, পাটলাপুষ্প ; মমকরব্যূহ মকরাকারে সৈন্য বিন্যাস।
মকরাকর, (মকর-আকর) সমুদ্র, জলধি, সাগর। [মকর মৎস্য তুল্য আকৃতি।
মকরাকার, (মকর-আকার) কাঁটা করঞ্জ,
মকরাঙ্ক, (মকর-অঙ্ক) মদন ; কামদেব, সমুদ্র, সাগর।
মকরী, (মকর) সমুদ্র, সাগর, পয়োনিধি।
মকুট, (মক) মুকুট, কিরীট, শিরোভূষণ বিশেষ, চূড়া।
মকুর, কুলাল দণ্ড, কুমারের আটি ; বকুল ফুল ; কলিকা, পুষ্পের কুঁড়ী। [কুঁড়ী।
মকুল, (মক) মুকুল, প্রকাশোন্মুখ কলিকা
মকুষ্টক, বনজাত মুদ্গ, মুগানি, বনমুগ।
মকুষ্ঠ, ধান্যবিশেষ, মন্থর, মন্দগামী।
মক্কল, শূলরোগ বিশেষ।
মক্কা, (বাং) দেশবিশেষ, জনার বুটা।
মক্কোল, বিভীষিকা, ভয় প্রদর্শক।
মক্কোল, খটিকা, খড়ী।
মখ, (মখ) ক্রতু যজ্ঞ, যাগ
মখত্রাতা, রাম, রঘুনাথ, যজ্ঞের রক্ষক।
মখবহ্নি, যজ্ঞাগ্নি, যাগের অনল। [যজ্ঞান্ন
মখান্ন, (মখ-অন্ন) খাদ্য, বীজ বিশেষ

মখাসুরমর্দন, শিব, মহাদেব।
মখমল, (ফাং) উর্ণানির্ম্মিত বস্ত্র বিশেষ।
মগজ, (য়াব) মস্তিষ্ক, মজ্জা।
মগধ, কীকটদেশ, বেহারের দক্ষিণ ভাগ; কাশী প্রভৃতি।
মগধা, পিপ্পলী, পিপুল। [ধদেশাধিপতি।
মগধেশ্বর, (মগধ-ঈশ্বর) জরাসন্ধরাজ, মগ-
মগধোদ্ভবা, (মগধ-উদ্ভব) পিপ্পলী, পিপুল; মগধ দেশ জাত। [বুড়া।
মগ্ন, (মস্জ) মাত; জলান্তঃপ্রবিষ্ট, ডোবা;
মগ, দ্বীপবিশেষ; দেশ বিশেষ, মগনামক ম্লেচ্ছদিগের স্থান; পুষ্প বিশেষ।
মঘবতী, ইন্দ্রাণী, শচী, ইন্দ্রপত্নী।
মঘবান্, ইন্দ্র, শক্র, দেবরাজ, সুরপতি।
মঘা, (মহ) অশ্বিনী প্রভৃতি ২৭ নক্ষত্রের অন্তর্গত দশম নক্ষত্র।
মঘাত্রয়োদশী, মঘানক্ষত্র যুক্ত ভাদ্র কৃষ্ণ ত্রয়োদশী। [জাত।
মঘাভব, (মঘা-ভূ) শুক্রগ্রহ; মঘানক্ষত্রে
মঘাভূ, শুক্রাচার্য্য; শুক্রগ্রহ।
মঘী, ধান্যবিশেষ; শস্যবিশেষ।
মঘোনী, ইন্দ্রাণী, শচী, ইন্দ্রপত্নী।
মঙ্কুর, মুকুর, আদর্শ, আর্শি।
মঙ্‌ক্তা, স্নানকর্ত্তা, নিমজ্জনকারী, স্নাতা।
মঙ্গ, নৌকাশিরঃ, নৌকার গলুই।
মঙ্গল, (মগ) অভিপ্রেতার্থ সিদ্ধি, ভাবুক, কল্যাণ, শুভ, ক্ষেম, কুশল, সর্ব্বার্থ রক্ষণ; গ্রহবিশেষ; তৃতীয়গ্রহ
মঙ্গলকর, (মঙ্গল-কৃ) শুভকর, কল্যাণদায়ক
মঙ্গলগাওন, কল্যাণ বাক্য কথন।
মঙ্গলঘট, প্রতিমার সম্মুখে স্থাপিত মঙ্গলার্থ ক্ষুদ্র কলস। [মঙ্গলচণ্ডী।
মঙ্গলচণ্ডিকা, দেবী বিশেষ, দুর্গা, ভগবতী,
মঙ্গলচণ্ডী, দেবীবিশেষ, দুর্গা, ভগবতী।
মঙ্গলদায়ক, শুভদায়ক, কল্যাণজনক, কুশল প্রদ। [প্রদায়ক, কুশলদায়ক।
মঙ্গলদায়ী, (মঙ্গল-দায়িন) শুভদায়ী, কল্যাণ-
মঙ্গলপাঠক, বন্দী, কল্যাণগায়ক।
মঙ্গলপ্রদ, হরিদ্রা, মঙ্গলদাতা।
মঙ্গলবাদ, কল্যাণ প্রার্থনা, কুশলকথন।
মঙ্গলবার, তৃতীয়বার, কুজবার।
মঙ্গলা, (মঙ্গল) পার্ব্বতী; শুক্লদূর্ব্বা; পতিব্রতা; মঙ্গলঅনিকা; হরিদ্রা।
মঙ্গলাচরণ, (মঙ্গল-আচরণ) কার্য্যারম্ভে কর্ত্তব্য শুভজনক ক্রিয়া, কুশলজনক ব্যবহার।
মঙ্গলার্থী, (মঙ্গল-অর্থিন) কল্যাণেচ্ছু, কুশলাভিলাষী, মঙ্গলেচ্ছুক।
মঙ্গল্য, (মঙ্গল) মঙ্গল জনক; অশ্বত্থ, দধি স্বর্ণ, সিন্দুর
মঙ্গল্যকলায়, মসুরকলায়, মসুর।
মঙ্গল্যক, মসুর কলায়, মসুরিকলাই।
মঙ্গল্যা, (মঙ্গল) মল্লিকার গন্ধযুক্ত অগুরু; শমীধা; হরিদ্রা; দূর্ব্বা; স্বর্ণ
মঙ্গলৈষী, (মঙ্গল-এষিন) হিতৈষী, শুভেচ্ছু, কুশল বাঞ্ছাকারী।
মাজনী, (মজ্জ) নৌকা, তরী, তরণী। [জাত।
মচকান, (মচকা) মোচড়ান, ঈষৎ ভগ্ন, অঙ্গ-
মচর্চ্চিকা, প্রশস্ত, উত্তম, ভাল।
মচ্ছ, মৎস্য, মীন, মাছ।
মজ্জন, (মস্জ) সুমজ্জন, মগ্নহওন, ডুবন; নিবিষ্ট হওন, আসক্তহওন, দুঃখ প্রাপণ।
মজা, (মজ্জ) মগ্ন; গলিত, অতিশয়পক; সুখ
মজান, (মজা) মগ্নকরণ, ক্লেশ দেওন; ডুবান
মজ্জকৃত, অস্থি, হাড়।
মজ্জন, (মস্জ) স্নান, অবগাহন, ডুবন।
মজ্জসমুদ্ভব, শুক্র, রেতঃ, বীর্য্য।
মজ্জা, (মস্জ) বৃক্ষাদির উত্তম স্থিরভাগ; সরমগত অস্থি মধ্যস্থ স্নেহ বিশেষ; অতিসার রোগ।
মজ্জাগত, (মজ্জা-গত) আন্তরিক, অন্তরস্থ।
মজ্জাভেদী, (মজ্জা-ভেদিন) মজ্জাগত রোগাদি; মর্ম্মভেদী।
মজ্জারস, শুক্র, তেজঃ, বীর্য্য।
মজ্জিত, (মস্জ) মগ্ন, কৃত মজ্জন।
মঞ্চ, (মচ) খট্টা, খাট; মাচা, ভারা; উচ্চ-মণ্ডপ বিশেষ; উন্নত স্থান।
মঞ্চক, (মঞ্চ) খট্টা, খাট; উচ্চ মণ্ডপ।
মঞ্চকাশ্রয়, (মঞ্চক-আশ্রয়) মৎকুণ, কেশকীট, উকুণ।
মঞ্চমণ্ডপ, শস্যরক্ষার্থ কুটীর, টং।
মঞ্জাল, (মনঃশিলা) রক্তবর্ণ হরিতাল।
মঞ্জন, (মৃজ) মার্জ্জন, মাজা; মুখ প্রক্ষালন দ্রব্য, মাজন, মিশী; নেত্রমলাহর দ্রব্য।
মঞ্জর, মুক্তা; বৃক্ষ বিশেষ; লতা। [চাম।
মঞ্জরণ, (মঞ্জরী) মুকুলোদ্গমন; গজান, কমঞ্জরি, লতা; অঙ্কুর, কেঁকড়ী, গজা।
মঞ্জরী, (মঞ্জ্‌-ঋ) মুকুল, লতা; বৃক্ষবিশেষ, তুলসী মুকুল, কুঁড়ি, ফেকড়ী।

মঞ্জা,(মঞ্জ)তৃণবিশেষ ; স্ত্রীছাগ, ছাগী,পাঁঠী
মঞ্জিকা, বেশ্যা, বারাঙ্গনা, কুলটা।
মঞ্জিফলা, কদলী, রম্ভা, কলা।
মঞ্জিষ্ঠা, (মঞ্জু-ষ্ঠা) রক্তবর্ণ লতা বিশেষ।
মঞ্জীর, (মনজ্ঞ) নুপুর পাদাভরণ বিশেষ; মন্থানদণ্ডের রজ্জু বন্ধনার্থ স্তম্ভ।
মঞ্জু, মনোজ্ঞ, সুন্দর, চারু, মনোহর।
মঞ্জুকেশী, (মঞ্জু-কেশ) শ্রীকৃষ্ণ ; সুন্দর কেশবিশিষ্ট।
মঞ্জুগমনা, হংসী ; সুন্দর গামিনী স্ত্রী।
মঞ্জুঘোষ উপাস্য দেবতা বিশেষ।
মঞ্জুপাঠক, শুকপক্ষী ; সুন্দর পাঠকর্ত্তা।
মঞ্জুপ্রাণ, ব্রহ্মা, প্রজাপতি, বিধাতা।
মঞ্জুল, (মঞ্জু) লতাগৃহ, নিকুঞ্জ ; সুন্দর, মনোজ্ঞ ; পক্ষিবিশেষ, জলরঙ্ক পক্ষী।
মঞ্জুষা, পিটক, পেটরা ; পাষাণ ; লতাবিশেষ, মঞ্জিষ্ঠা লতা।
মটচী, রক্তবর্ণ ক্ষুদ্র পক্ষি বিশেষ।
মটর, (মণ্ডল) কলায়বিশেষ, মটর কলাই।
মটরমালা, কণ্ঠাভরণবিশেষ, কণ্ঠী [বিশেষ
মটরশাড়ী, (মটর-শাড়ী) বিচিত্র পট্ট বস্ত্র
মটস্ফূটি, দর্পারম্ভ, দম্ভ প্রকাশ।
মটা, (মৃদ) মৃত্তিকানির্ম্মিত তৈলাধার তেলের ভাঁড়, স্থালী।
মটুক,(মুকুট) কিরীট, শিরোভূষণ।
মট্কা, (মটক) তৃণময় গৃহের অগ্রভাগ।
মট্কান,(মট্ক) অঙ্গুলীমোটন গ্রন্থিভঞ্জন
মট্কামারণ, ছলে নিদ্রা যাওন ; তৃণাচ্ছন্ন গৃহের শিরোভাগ আচ্ছাদন।
মট্কা, (মৃদ) বৃহৎ মৃণ্ময় পাত্র জালা।
মটক, (মটক) তৃণাচ্ছাদিত গৃহের শিরোভাগ, গৃহচূড়া, মট্কা
মঠ, (মঠ) ছাত্রাদির নিলয়, পাঠশালা, চতুষ্পাঠী, টোল ; মন্দির, দেবালয়।
মঠধারী, (মঠ-ধারিন) দেবালয়াদির অধ্যক্ষ
মঠর, মুনিবিশেষ। [ক্ষ, মঠধারী।
মঠাধ্যক্ষ, (মঠ-অধ্যক্ষ) দেবালয়াদির অধ্য-
মড়ক, (মারক) মারী ভয়, বহু মানুষের মৃত্যু সময়, শস্যবিশেষ, মেড়ুয়া। [মান।
মড়কচা, (মটক) তৃণগৃহের পৃষ্ঠাংশ ; জল
মড়মড়ি, (মড়মড়) আড়ম্বর শব্দ, চুনকা।
মড়ল, (মণ্ডল) গ্রামের প্রধান প্রজা।
মড়া, (মৃত) মৃতদেহ, শব।
মড়াকামড়ি, (মড়া-কামড়) জীবনাশ। পরিত্যাগ পূর্ব্বক দংশন, দৃঢ়তর কামড়ান।
মড়াঞ্চিয়া, (মৃতবৎস) মৃতপুত্রা।
মড়ুকা, (মড়) মড়ুঞ্চিয়া, ঠনুকা অদৃঢ়।
মড্ডুক, বাদ্যবিশেষ, মড্ডু বাদ্য।
মণ, চল্লিশ সের পরিমাণ।
মণি, (মণ) অশ্মজাতি, মুক্তাদি, রত্ন ; ছাগলের কণ্ঠস্থিত স্তন ; লিঙ্গের অগ্রভাগ ; যোনির অগ্রভাগ।
মণিক, অলিঞ্জর, জলের জালা।
মণিকর্ণিকা, (মণি-কর্ণ) কাশীস্থ তীর্থ বিশেষ
মণিকানন, কণ্ঠপ্রদেশ ; রত্নবন।
মণিকার, (মণি-কৃ) মণি নির্ম্মিত অলঙ্কারাদিকর্ত্তা, জৌহরি ; ন্যায়চিন্তামণি কর্ত্তা।
মণিকুট, পর্ব্বত বিশেষ।
মণিক্রেতা, (মণি-ক্রেতৃ) রত্নাদি ক্রয়কর্ত্তা।
মণিখনি, মণির আকর, মণির খনি।
মণিগ্রীব, কুবেরপুত্র ; রত্নকন্ধর, যাহার গলদেশে মণি আছে।
মণিত, মৈথুন কালীন ধ্বনি, রতিকূজিত।
মণিতারক, পক্ষিবিশেষ, সারসপক্ষী।
মণিপর্ব্বত, গিরিবিশেষ মণিকুটপর্ব্বত।
মণিপুর,(মণি-পুর) ষট্চক্রের অন্তর্গত নাভী মধ্যস্থিত তৃতীয় চক্র ; নাভি, দেশবিশেষ ; রত্নযুক্ত অলঙ্কার।
মণিবন্ধ, (মণি-বন্ধ) প্রকোষ্ঠ ও হস্তের সন্ধিস্থান, কব্জা, হাতের পোঁচা, কর গ্রন্থি।
মণিবিক্রেতা, (মণি-বিক্রেতৃ) মণিকার, জৌহরী ; মুক্তাদি বিক্রয়কর্ত্তা।
মণিবীজ, দাড়িম্ব বৃক্ষ, ডালিম গাছ [খাইন
মণিভূমি, রত্নখনি, রত্নের আকর, রত্নের
মণিমণ্ডপ, রত্নময় গৃহ, মণি মন্দির।
মণিমন্থ, সৈন্ধব লবণ ; পর্ব্বত বিশেষ।
মণিমন্দির, রত্নময়গৃহ, মণিমণ্ডপ, রত্নদ্বারা নির্ম্মিত মন্দির। [প ; রত্নময়।
মণিময় (মণি) মণিদ্বারা নির্ম্মিত ; মণিস্বরূ-
মণিমান্, (মণি) মণিবিশিষ্ট ; রত্নভূষিত।
মণিমালা, মণিময় হার, দন্তক্ষত বিশেষ ; লক্ষ্মী ; দীপ্তি। [বিশেষ।
মণিয়া, (মণ) চটক পক্ষির ন্যায় ক্ষুদ্র পক্ষী
মণিরাগ, হিঙ্গুল ; মণির দীপ্তি।
মণিসর, (মণি-সৃ) মুক্তাহার, মুক্তার মালা।
মণিহারী, (মণি-হারিন) ব্যবসায় বিশেষ, বহুবিধ দ্রব্যাদি বিক্রয়কারী ; রত্ন অপহারক, মণিচোর।

মদপায়ী, (মদ-পায়িন) মদ্যপ, মাতাল।
মদপ্রয়োগ, হস্তিদিগের মদের উদ্গম।
মদবিক্লিপ্ত, মত্তহস্তী, মদোৎকটহাতী, মাতওয়ালা হাতী।
মদভঞ্জিকা, শতমূলী লতা।
মদয়ন্তী, বনমল্লিকা, কাঠমল্লিকা।
মদয়িত্ন, মদ্য, মদিরা; কামদেব; শৌণ্ডিক, শুঁড়ী; মদযুক্ত; মেঘ।
মদসার, (মদ-সার) মদ্যের সার, আলকোহল নামক ক্ষারবিশেষ।
মদহেতু, ধাতকীপুষ্প, ধাইফুল; মত্ততার কারণ।
মদাঢ্য, (মদ-আঢ্য) তালবৃক্ষ, তালগাছ; মদযুক্ত।
মদাঢ্যা, লোহিতবিণ্টী, রাঙ্গা ঝাঁটিফুলের গাছ
মদাতঙ্ক, (মদ-আতঙ্ক) মদ্যপানাদি জন্য রোগবিশেষ।
মদাম্রাত, গজঢক্কা, হাতির উপরের ডঙ্কা।
মদাম্বর, (মদ-অম্বর) মত্তহস্তী মাতওয়ালা হাতী।
মদার, (মদ) শঠ, ধূর্ত্ত; শূকর; কামুক; মত্তহস্তী, মাতওয়ালা হাতী।
মদার্ম্মদ, ফলক মৎস্য, ফলুই মাছ।
মদালাপী, কোকিল, পিক।
মদাসক্ত, (মদ-আসক্ত) মদ্যপ্রিয়, সুরাসিক্ত
মদাহ্ব, কস্তুরী, মৃগমদ।
মদির, খদির বিশেষ, রক্ত খদির।
মদিরা, (মদ) মত্ত খঞ্জনপক্ষী; সুরা, মদ্য।
মদিরাগৃহ, মদ্যগৃহ, সুরালয়, গঞ্জা।
মদিরাপায়ী, (মদিরা-পায়িন) মদ্যপ, মাতাল
মদিরালয়, মদ্যশালা, সুরাবিক্রয়স্থান।
মদিরাসখ, আম্রবৃক্ষ, আঁব গাছ। স্ত্রী বিশেষ
মদিরাক্ষী, (মদিরা-অক্ষি) মত্তলোচনা, রমণী
মদিষ্ঠ (মদ) মদ্য সুরা মদ।
মদীয়, (অস্মদ) মৎসম্বন্ধীয় আমার।
মদোৎকট, মত্তহস্তী, মত্তবারণ, মাতওয়ালা হাতী।
মদোৎকটা, (মদ-উৎকট) মদিরা, সুরা, মদ্য, মাতওয়ালা, মত্তা।
মদোদগ্রা, যোষিৎ বিশেষ; মদমত্তা।
মদোদ্ধত, (মদ-উদ্ধত) মত্ত; মদিরা পানে বিহ্বল, মাতাল।
মদ্গু, পক্ষিবিশেষ, পানীকৌড়ী।
মদ্গুর, (মদ) মৎস্যবিশেষ, মাগুর মাছ।
মদ্গুরসী, (মদগুর) ক্ষুদ্রমৎস্য, শিঙ্গীমাছ।
মদ্য, (মদ) সুরা, মদ।
মদ্যজীবী, (মদ্য-জীবিন) শৌণ্ডিক, শুঁড়ী, সুরা ব্যবসায়ী।
মদ্যপ, (মদ্য-পা) সুরাপায়ী, মদ্যপানকর্ত্তা।
মদ্যপঙ্ক, (মদ-পঙ্ক) সুরাকল্ক, মেয়া, মদের গোঁজা।
মদ্যপাতা, (মদ্য-পাতৃ) মদ্যপ, মদ্য পানকর্ত্তা, মাতাল।
মদ্যপায়ী, (মদ্য-পায়িন) মদ্যপান কর্ত্তা, মাতাল মত্ত।
মদ্যপাশন, (মদ্যপ-অশন) পান রোচক ভক্ষ্য, মদের চাটনি, মদ্যপানের শুদ্ধিদ্রব্য
মদ্যপুষ্প, ধাতকীপুষ্প, ধাইফুল।
মদ্যপ্রিয়, মদিরাপ্রিয়, মদ্যাসক্ত।
মদ্যবীজ, নানা দ্রব্য কৃত সুরাবীজ, বাখর, মদ্য পাকজনক দ্রব্য।
মদ্যমণ্ড, মদ্যফেণ, মদের ফেণা।
মদ্যসন্ধান, সুরাসন্ধীকরণ, মদ্যপ্রস্তুত করনার্থ দ্রব্যাদির আয়োজন।
মদ্যামোদ, (মদ্য-আমোদ) বকুল বৃক্ষ, বকুল গাছ, মদ্যপান জন্য আমোদ।
মদ্র, (মদ) দেশবিশেষ, হর্ষ; আহ্লাদ।
মদ্রক, (মদ্র) মদ্রদেশজাত, মদ্রদেশোৎপন্ন
মদ্রঙ্কর, (মদ্র-কৃ) মঙ্গলকারক, কল্যাণকর।
মদ্রসুতা, মদ্র রাজকন্যা, নকুল সহদেবের জননী, মাদ্রী।
মধু, (মন) মধুর রস; পুষ্পরস; ফুলের মৌ, মকরন্দ; মদ্য; সুরাবিশেষ; বসন্তঋতু; দৈত্য বিশেষ; চৈত্রমাস।
মধুকণ্ঠ, কোকিল, কুহুকণ্ঠ, পিক।
মধুকর, (মধু-কৃ) ভ্রমর, অলি; ভৃঙ্গরাজ বৃক্ষ, ভীমরাজ গাছ।
মধুকর্কটিকা, মধুর জম্বীরবিশেষ, মউকটী।
মধুকর্কটী, দাড়িম বিশেষ। জমীর গাছ।
মধুকুক্কুটি, জম্বীর বিশেষ, জমীর বিশেষ,
মধুকৃৎ, (মধু-কৃ) ভ্রমর, মধুকর, ষট্পদ।
মধুকৈটভ, অসুর বিশেষ।
; মধুমক্ষিকা কৃত চক্র; মৌচাক; স্থান।
ছাগমুষ্ক, ছাগলের অণ্ডকোষ।
মধুক্রম, মৌচাক মধু মক্ষিকাদের মধু রক্ষ-
মধুখর্জ্জুরিকা, ক্ষুদ্র অস্থিযুক্ত খর্জ্জুর বিশেষ, পিণ্ডি খাজুর।
মধুগায়ন, (মধু-গৈ) কোকিল, পিক।
মধুঘোষ, (মধু-ঘুষ) কোকিল, পিক।
মধুজ, (মধু-জন) সিক্থক, মোম, মধুচ্ছিষ্ট।
মধুজম্বীর, জম্বীরবিশেষ, মধুর জামীর।
মধুজা, (মধু-জন) পৃথিবী, ধরণী, ধরিত্রী, অবনী, মহী।

মধুজিৎ, (মধু-জি) বিষ্ণু, নারায়ণ, মধুনামে অসুরের জয়কারী।
মধুতৃণ, (মধু-তৃণ) ইক্ষু, আউক।
মধুদীপ, কামদেব, কন্দর্প, মদন।
মধুদূত, সহকার, আম্রবৃক্ষ, আঁবগাছ।
মধুদূতী, (মধু-দূত) পাটলা বৃক্ষ।
মধুদ্রু, ভ্রমর, দ্বিরেফ, মধুকর।
মধুদ্রুম, বৃক্ষ বিশেষ, মৌলগাছ।
মধুধুলি, (মধু-ধুলি) খণ্ড, খাঁড় গুড়। [চাক।
মধুধৃৎ, (মধু-ধৃ) পুষ্পরসাধার, মধুক্রম, মৌ-
মধুধেনু, দানার্থ মধ্বাদি নির্ম্মিত সবৎসা গো
মধুনাপিত, (মধু-নাপিত) মোদক, ময়রা।
মধুনারিকেল, নারিকেল বিশেষ, মধুনারি-কেল। [উলীলতা।
মধুনী, লতা বিশেষ, মাকড়ছাড়া বামাকড়চা
মধুনেতা, (মধু-নী) মধুপ, ভ্রমর, অলি।
মধুপ, (মধু-পা) ভ্রমর অলি, মধুকর।
মধুপর্ক, দধিসংযুক্ত মধু, ষোড়শোপচার পূজার ষষ্ঠ উপচার। [গাছ; গুড়ুচীলতা।
মধুপর্ণিকা, (মধু-পর্ণ) গাম্ভারীবৃক্ষ গামার
মধুপাতা, (মধু-পাতৃ) মধুপানকর্ত্তা, ভ্রমর, অলি। [র; মধুপান কর্ত্তা।
মধুপায়ী, (মধু-পায়িন) ভ্রমর, অলি, মধুক-
মধুপালিকা, গাম্ভারীবৃক্ষ, গামার গাছ।
মধুপুরী, নগরবিশেষ, মথুরা নগরী।
মধুপুষ্প, মউল গাছ; শিরীষ বৃক্ষ; অশোক বৃক্ষ; বকুল বৃক্ষ। [আম।
মধুপ্রিয়, বলরাম, হলধর; ভূমিজম্বু, ভুঁই-
মধুফল, নারিকেল বিশেষ; বিকঙ্কত বৃক্ষ, বইছির গাছ।
মধুবন, মথুরার নিকটস্থ বনবিশেষ; কিষ্কি-ন্ধ্যাস্থ সুগ্রীবের বন বিশেষ।
মধুবার, পুনঃপুনর্মদ্যপানের পরিপাটী, বার২ মদ্যপানের ক্রম (শনিবার)।
মধুবীজ, দাড়িম, বীজপূর, ডালিম।
মধুব্রত, ভ্রমর, অলি, ষটপদ।
মধুভিৎ, বিষ্ণু, নারায়ণ, মধুসূদন।
মধুমতী, কাশ্মরী বৃক্ষ; নদী বিশেষ।
মধুমথন, বিষ্ণু, নারায়ণ, মধু নামে অসুরের জয়কারী।
মধুময়, (মধু) মধুযুক্ত, মধুস্বরূপ। [দুল।
মধুমল্লী, (মধু-মল্লী) মালতীপুষ্প, মল্লিকা
মধুমস্তক, পিষ্টক বিশেষ।
মধুমক্ষিকা, কীট বিশেষ, মৌমাছী, সরঘা।
মধুমাধ্বীক, মদ্য, সুরা, মদিরা।
মধুমারক, ভ্রমর, অলি, মধুকর।
মধুমালতী, (মধু-মালতী) বৃক্ষবিশেষ।
মধুমূল, আলু বিশেষ, মৌ আলু।
মধুযষ্টি, ইক্ষু, আউক।
মধুযষ্টিকা, (মধু-যষ্টিকা) যষ্টিমধু, মিষ্ট রস যুক্ত কাষ্ঠ বিশেষ।
মধুর, (মধু-রা) মিষ্ট রস, সুস্বাদ, মিষ্ট।
মধুরকণ্টক, মৎস্যবিশেষ।
মধুরতা, (মধুর) মিষ্টতা, সুস্বাদুতা, মধুরত্ব।
মধুরত্ব, (মধুর) মধুরতা, মিষ্টতা, সুস্বাদুত্ব।
মধুরত্বচ, দারুচিনী।
মধুরত্রয়, ঘৃত-চিনি-মধু এই তিন।
মধুরনিস্বনা, মধুর স্বরযুক্তা নারী।
মধুরফল, বদরী ফল বিশেষ, নারিকেলীকুল
মধুরস, ইক্ষু, আউক; তাল।
মধুরসা, (মধু-রস) দ্রাক্ষা, অঙ্গুর ফল।
মধুরস্রবা, পিণ্ড খর্জ্জুর, পিণ্ডখাজুর।
মধুরা, (মধু) মথুরানগরী; যষ্টিমধু; পালঙ্কা-শাক, পালংশাক।
মধুরাম্লক, (মধুর-অম্ল) আম্রাতক, আমড়া।
মধুরালাপ, মধুর-আলাপ) মিষ্টস্বর; মিষ্টবাক্য
মধুরালাপী, পক্ষিবিশেষ, সারিকাপক্ষী।
মধুরিকা, (মধুর) মউরী, বনিকদ্রব্যবিশেষ।
মধুরিপু, বিষ্ণু, মধুসূদন।
মধুরিম, (মধুর) মিষ্টতা, সুস্বাদুতা। [জল।
মধুরোদক, (মধুর-উদক) সাগরবিশেষ; মিষ্ট
মধুল, (মধুলা) মদ্য সুরা, মদ।
মধুলিহ, (মধু-লিহ) ভ্রমর, অলি মধুকর।
মধুলেহী, (মধু-লিহ) ভ্রমর, ভৃঙ্গ।
মধুলোলুপ, ভ্রমর, অলি, মধুকর। [খণ্ড।
মধুশর্করা, মধু হইতে উৎপন্ন চিনি, মিশ্রী
মধুশেষ, (মধু-শেষ) সিকথ মোম।
মধুসখ, (মধু-সখা) কামদেব, কন্দর্প, মদন।
মধুসিক্থক, স্থাবর বিষ বিশেষ, কাষ্ঠ বিষ।
মধুসুহৃৎ, কামদেব, অনঙ্গ, মন্মথ। [শেক।
মধুসূদন, শ্রীকৃষ্ণ, মধুনামে দৈত্যের বিনা-
মধুস্বর, (মধু-স্বর) কোকিল, পিক।
মধুহা, (মধু-হন) বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
মধুক্ষীর, খর্জ্জুর বৃক্ষ, খাজুর গাছ। [গাছ।
মধুক, (মধু) যষ্টিমধু, বৃক্ষ বিশেষ, মহুয়া
মধুচ্ছিষ্ট, (মধু-উচ্ছিষ্ট) মধুর অবশিষ্ট; সিকথক, মোম। [জ্যোৎসব।
মধূৎসব, (মধু-উৎসব) চৈত্রপূর্ণিমার

মধ্য, (মাং-ধা) মাঝ, অবান্তর, মধ্যস্থ, অন্তর, ভিতর ; শত সাগর সংখ্যা ; দেহ মধ্যভাগ, কটিদেশ, কোমর, মাজা।
মধ্যগন্ধ, আম্রবৃক্ষ, আমগাছ।
মধ্যতঃ, (মধ্য) মধ্যে, মাঝে, অভ্যন্তরে।
মধ্যদেশ, দেশবিশেষ ; অবান্তর ; মাঝ।
মধ্যদেশ্য, (মধ্যদেশ) মধ্যদেশোদ্ভব, মধ্য দেশজাত, মধ্য দেশীয়।
মধ্যপঞ্চমূল, (মধ্য-পঞ্চমূল) পাচনবিশেষ।
মধ্যবর্ত্তী, (মধ্য-বর্ত্তিন) মধ্যস্থ, শালিস ; অভ্যন্তরস্থিত।
মধ্যবিত,(মধ্যবর্ত্তী) মধ্যম প্রকার, মাঝারি
মধ্যম, (মধ্য) মাঝারি ; স্বর বিশেষ ; রাগবিশেষ ; মধ্যস্থিত।
মধ্যমপাণ্ডব, অর্জ্জুন, ধনঞ্জয়, সব্যসাচী।
মধ্যমভৃতক, কৃষিকারী ভৃত্য, কৃষাণ।
মধ্যমলোক, পৃথিবী, ধরণী, অবনী। [শেষ
মধ্যমসংগ্রহ, স্ত্রীসংগ্রহণ নামে বিবাদবি-
মধ্যমসাহস, বলদর্পে অন্যের দ্রব্য সামগ্রী ভাঙ্গিয়া দেওন জন্য অপরাধ ; দণ্ডবিশেষ
মধ্যমা, (মধ্য) দৃষ্টরজস্কা নারী ; অঙ্গুলীবিশেষ, মাঝের আঙ্গুল ; নায়িকা বিশেষ।
মধ্যমান, (মধ্য-মান) বাদ্যবিশেষ।
মধ্যমিকা, দৃষ্টরজস্কা নারী, ঋতুমতীকন্যা।
মধ্যমীয়, (মধ্যম) মধ্যম, মাঝারি বিশেষ।
মধ্যমেশ্বর, (মধ্যম-ঈশ্বর) কাশীস্থ শিবলিঙ্গ
মধ্যযব, ষট্ শ্বেতসর্ষপ পরিমাণ, ছয়টা শ্বেত সরিষার ওজন। [দুইপ্রহর রাত্রি।
মধ্যরাত্র, (মধ্য-রাত্রি) নিশীথ, অর্দ্ধরাত্র,
মধ্যলোক, পৃথিবী ; মর্ত্ত্যলোক।
মধ্যলোকেশ, (মধ্যলোক-ঈশ) রাজা, ভূপতি, নৃপতি, নরেশ।
মধ্যস্থ, (মধ্য-স্থা) মধ্যস্থায়ী ; উভয় পক্ষে পক্ষপাত হীন ; ঘটক ; শালিস।
মধ্যস্থতা, (মধ্যস্থ) মধ্যস্থ হইয়া বিবাদ নিষ্পত্তিকরণ, মধ্যস্থালী।
মধ্যস্থত্ব, (মধ্যস্থ) মধ্যস্থ হইয়া বিবাদ নিষ্পত্তি করণ, মধ্যস্থতা।
মধ্যস্থল, কটিদেশ, কোমর ; মাঝার, মাঝ।
মধ্যস্থলে, (মধ্যস্থল) মধ্যদেশে, মাঝখানে।
মধ্যস্থালী, (মধ্যস্থ) মধ্যস্থতা, মধ্যবর্ত্তিত্ব, পক্ষায়েত।
মধ্যা, (মধ্য) মধ্যমাঙ্গুলী, মাঝের আঙ্গুল।
মধ্যাহ্ন, (মধ্য-অহন) ক্রিয়া বিভক্ত দিনের মধ্যম ভাগ, দশ দণ্ডের পর দশ দণ্ড ; দ্বিতীয় প্রহর।
মধ্যাহ্নক্রিয়া, স্নান ভোজনাদি। [আহার।
মধ্যাহ্নভোজন, দিবা দ্বিতীয় প্রহর কালীন
মধ্যে, (মধ্য) অভ্যন্তরে, ভিতরে, মাঝে।
মধ্যেং (মধ্য) কখনং, অনিয়ত।
মধ্বালু, (মধু-আলু) মূলবিশেষ, মৌ আলু।
মধ্বাসব, (মধু-আসব) মধুক পুষ্প কৃত মদ্য, মৌল পুষ্পের মদ।
মধ্বাসবনিক, (মধ্বাসব) শৌণ্ডিক, শুঁড়ী।
মধ্বিজা, মদিরা, মদ্য, সুরা।
মন, পরিমাণ বিশেষ, চল্লিশ সের।
মনআপ, মনোজ্ঞ, সুন্দর, মনোহর।
মনঃ, (মনস) জ্ঞানেন্দ্রিয় বিশেষ, চিত্ত, হৃদয় মানস, অন্তঃকরণ। [দুঃখ, মনের বেদনা।
মনঃপীড়া, (মনস-পীড়া) মনস্তাপ, মনো-
মনঃপূত, (মনস-পূত) মনের প্রাশস্ত্য, অন্তঃকরণের শুদ্ধি, মনের মধ্যে পবিত্রবোধ
মনঃপ্রবোধ, (মনস-প্রবোধ) অন্তঃকরণের আকুলতা নিবারণ, চিত্তের স্থৈর্য্য, মনের শান্ত্বনা।
মনঃশিলা, (মনস-শিলা) রক্তবর্ণ ধাতুবিশেষ
মনঃসংযোগ, (মনস-সংযোগ) মনোনিবেশ, মন লাগান।
মনন, (মন্) চিন্তন, ভাবনা ; মানস [লহরী।
মনসা, (মনস) দেবী বিশেষ, মনসা দেবী, বি
মনসাসিজ, বৃক্ষবিশেষ, মনসাগাছ। [ভব।
মনসিজ, মনসি-জন্ম) কামদেব, মদন, মনো
মনসিশয়, কামদেব, মদন, কন্দর্প।
মনস্কাম, (মনস-কাম) মনের অভিলাষ, চিত্তের অভীষ্ট, হৃদয়ের বাসনা। [নোভীষ্ট।
মনস্কামনা, (মনস-কামনা) মনোবাঞ্ছা, ম-
মনস্কার, (মনস-কৃ) মনের সুখাদি।
মনস্তাপ, (মনস-তাপ) মনঃপীড়া, মনোদুঃখ, চিত্তের বেদনা। [মনোদুঃখদায়ক।
মনস্তাপী, (মনস-তাপিন) মনঃপীড়া দায়ক,
মনস্তুষ্টি, (মনস-তুষ্টি) মনের সন্তোষ, অন্তঃকরণের পরিতোষ। [অভিপ্রায় ; বাসনা।
মনস্থ, (মনস-স্থা) মনঃস্থিত বস্তু, মানস, অ-
মনস্থৈর্য্য, (মনস-স্থৈর্য্য) মনঃস্থিরতা।
মনস্বিনী, (মনস) প্রশস্ত মনাঃ স্ত্রী, উৎকৃষ্ট

মনস্বী, (মনস) প্রশস্ত মনোযুক্ত, উত্তম চিত্তবিশিষ্ট ; পণ্ডিত, বিদ্বান্।

মনাক্, (মন্) অল্প, ঈষৎ, কিঞ্চিৎ।
মনাকা, হস্তিনী, করিণী।
মনাসিন্, (সং) উপযুক্ত, যোগ্য, যথার্থ,ঠিক
মনিত, (মন) জ্ঞান, বিদিত; অবগত।
মনীক অঞ্জন, কজ্জল, কাজল।
মনার, (যাং) প্রভু, অধিপতি, কর্ত্তা।
মনীষা, (মনস-ঈশ) মতি, বুদ্ধি, জ্ঞান।
মনীষী, (মনীষিন) পণ্ডিত, জ্ঞানবান, সুধী।
মনু, (মন্) ব্রহ্মার পুত্র, ধর্ম্মশাস্ত্র বক্তা মুনি-বিশেষ, মন্ত্র।
মনুজ, (মনু-জন) মনুষ্য, মানুষ, নর।
মনুজী, (মনুজ) মানুষী, মানবী, নারী।
মনুভূ, (মনু-ভূ) মনুষ্য, মানুষ, নর।
মনুরাজ, কুবের, যক্ষরাজ, ধনাধিপ।
মনুষী, (মনু) মানুষী, মানবী।
মনুষ্য, (মনু) মনুর পুত্র, মানুষ, মর্ত্ত্য, মানব, নর, মনুজ। [মনুষ্যত্ব, লোকত্ব।
মনুষ্যতা, (মনুষ্য) সৎ মনুষ্যের ব্যবহার,
মনুষ্যত্ব, (মনুষ্য) লোকত্ব; পুরুষত্ব, পৌরুষ।
মনুষ্যধর্ম্মা, কুবের, ধনেশ্বর যক্ষরাজ
মনুষ্যভক্ষক, মানবদের মাংসাহারী, রাক্ষস নিশাচর, পিশাচ।
মনুষ্যযজ্ঞ, অতিথি পূজন, অতিথি সেবা।
মনুষ্যা, (মনুষ্য) মনুষ্য জাতীয়স্ত্র, মানুষী, নারী, মানবী।
মন্যু, (মন) খেদ, তাপ, জ্বালা, যন্ত্রণা।
মনোগত, (মনস-গত) মন, অভিপ্রায়।
মনোগুপ্তা, মনঃশিলা, ধাতুবিশেষ।
মনোগ্নি, (মনস-অগ্নি) ঈর্ষা, দ্বেষ; অসন্তোষ; মনানল।
মনোজন্মা, কন্দর্প, মদন, কামদেব।
মনোজব, বিষ্ণু; অতিশয় বেগবান্।
মনোজ্ঞ, (মনস-জ্ঞা) মনোহর, সুন্দর, চারু, শোভন, রুচির।
মনোজ্ঞা ধাতুবিশেষ, মনঃশিলা; মনোহরা; [অন্তঃকরণের ক্লেশ।
মনোদুঃখ, (মনস-দুঃখ) মনঃপীড়া, মনস্তাপ,
মনোনিবেশ, (মনস-নিবেশ) চিত্তের প্রবৃত্তি, মনঃসংযোগ। [অভিলাষিত, পসন্দ।
মনোনীত, (মনস-নীত) মনোমত, মনের
মনোবর্ত্তী, চিত্তস্থ, হৃদয়স্থিত।
মনোবৃত্তি (মনস-বৃত্তি) চিত্তবৃত্তি; ইচ্ছা।
মনোবেদনা, মনঃপীড়া, মনোদুঃখ, অন্তঃকরণের ক্লেশ।
মনোব্যথা, মনস্তাপ, মনঃপীড়া।
মনোভঙ্গ, মনের বিকার; ভগ্নস্নেহ।
মনোভব, (মনস-ভূ) কামদেব, কন্দর্প।
মনোময়, (মনস) মনঃস্বরূপ, চিত্তরূপ।
মনোযোগ, (মনস-যোগ) চিত্ত-সংযোগ, অভিনিবেশ, অন্তঃকরণ লাগান।
মনোযোগী, (মনস-যোগিন) মনঃসংযোগকারী, অভিনিবিষ্ট, আবিষ্ট চিত্ত।
মনোযোনি, কামদেব, কন্দর্প, মদন [প্রসাদ
মনোরঞ্জক, মনের আনন্দ জনক, চিত্তের
মনোরঞ্জন, মনের প্রফুল্লতা করণ মনঃ সন্তোষণ, অন্তঃকরণের আনন্দ জন্মান।
মনোরথ, (মনস-রথ) ইচ্ছা, বাঞ্ছা, মনের বাসনা। [ন্দর, সুচারু, উৎকৃষ্ট।
মনোরম, (মনস-রম) মনোজ্ঞ, মনোহর, সু-
মনোরমা, (মনস-রম) সুন্দরী, মনোহারিণী, মনোজ্ঞা; বুদ্ধশক্তি বিশেষ।
মনোরম্য, (মনস-রম্য) মনোনীত; মনোজ্ঞ।
মনোহত, (মনস-হন) প্রতিহত; ভগ্নমনা।
মনোহর, (মনস-হৃ) মনোজ্ঞ, সুন্দর; কুন্দবৃক্ষ, কুঁদফুলের গাছ; সুবর্ণ, স্বর্ণ। শেম।
মনোহরা, জাতীপুষ্প; যুঁই ফুল; মিষ্টান্নবি
মনোহর্ত্তা, (মনস-হৃ) মনোহরণ কর্ত্তা, মনের আকর্ষণকারী। [সুচারু, রমণীয়।
মনোহারী, (মনস-হারিন) মনোহর, সুন্দর,
মনোহ্বা, গৈরিক ধাতুবিশেষ, মনঃশিলা।
মন্তব্য, (মন) মননীয়; চিন্তনীয়; বিচারণীয়, বিবেচিতব্য।
মন্তা, (মন্) মন্ত্রী, পরামর্শী, অমাত্য।
মন্তু, অপরাধ; মনুষ্য; প্রজাপতি।
মন্ত্র (মন্ত্র) দেবাদির প্রসাদ সাধন বাক্য; মন্ত্র; মন্ত্রণা, পরামর্শ, যুক্তি।
মন্ত্রকৃৎ, (মন্ত্র-কৃ) মন্ত্রী মন্ত্রণাকারক; পরামর্শ দাতা, যুক্তিকারক।
মন্ত্রগূঢ়, চর, গোপনে অনুসন্ধানকারী।
মন্ত্রগৃহ, মন্ত্রণাগার, মন্ত্রণাশালা।
মন্ত্রজ্ঞা, মন্ত্রশক্তি, মন্ত্রণাশক্তি।
মন্ত্রজিহ্ব, (মন্ত্র-জিহ্বা) অগ্নি, বহ্নি, অনল।
মোষণ, (মুষ) লুণ্ঠন ; অপহরণ ; চাতুরী ক-
রিয়া লওন, বধ করণ।
মোষিতা, (মুষ) মোষণ কর্ত্তা ; দস্যু ; চোর,
অপহারক। [অবিদ্যা।
মোহ, (মুহ) মুর্চ্ছা অচৈতন্য ; অজ্ঞান ;
মোহগত, মোহপ্রাপ্ত, মুগ্ধ, অজ্ঞান।
মোহজনক, মোহকারক, অচৈতন্য কারক,
অজ্ঞানজনক।
মোহন, (মুহ) ঔষধাদি দ্বারা মুগ্ধ করণ ;
মুর্চ্ছাকরণ, অচৈতন্য করণ ; ধুস্তূর বৃক্ষ,
কামদেবের বাণ বিশেষ। কুহক, ভেল্কী।
মোহনী (মুহ) অচৈতন্য কারি, মায়াবিশেষ
মোহনীয়, (মুহ) মুগ্ধ করণীয়।
মোহন্ত-মহান্ত, (মহৎ) উদাসীন ; সন্ন্যাসী।
মোহপ্রাপ্ত, মোহিত মুগ্ধ, অজ্ঞান, অচেত-
ন, হতজ্ঞান।
মোহর, (মুদ্রা) স্বর্ণমুদ্রা, নামাঙ্কিত মুদ্রা।
মোহশাস্ত্র, অবিদ্যাজনক গ্রন্থ।
মোহিত, (মুহ) মুগ্ধ, অজ্ঞান, অচেতন, হ-
তজ্ঞান। [জনিকা, অচৈতন্য কারিণী।
মোহিনী (মুহ) মোহকারিণী ; মায়া ; অজ্ঞান
মোহী, (মুহ) মোহবিশিষ্ট, মুগ্ধ, অজ্ঞান।
মোক্ষ, (মোক্ষ) নির্ব্বাণ, মুক্তি, মোচন ;
পাটলা বৃক্ষ। [ত্যাগ করণ।
মোক্ষণ, (মোক্ষ) নির্ব্বাণ প্রাপ্তি ; মোচন ;
মোক্ষোপায়, (মোক্ষ-উপায়) মুক্তি সাধন
নির্ব্বাণপ্রাপ্তির উপায়, মুক্তির উপযোগী।
মৌ, (মধু) পুষ্পরস, মকরন্দ, পুষ্পাসব।
মৌকলি, কাক, বায়স।
মৌক্তিক, (মুক্তা) মুক্তা, মতি। [শিম্বুক।
মৌক্তিকপ্রসবা, (মৌক্তিক-প্রসূ) শুক্তি
মৌক্তিকশুক্তি, শুক্তিবিশেষ, মুক্তার ঝিনুক

মৌখর্য্য, (মুখর) মুখরত্ব, মুখরতা; বাচালতা।

মৌখিক, (মুখ) মুখসম্বন্ধীয়; মুখস্থ; কাল্পনিক; বাহ্যিক।

মৌচাক, মধুমক্ষিকা রচিত মধুচক্র।

মৌঞ্জী, (মুঞ্জ) মুঞ্জ তৃণ নির্ম্মিত মেখলা; শর পত্র নির্ম্মিত মেখলা।

মৌঞ্জীবন্ধ, মুঞ্জ মেখলা বন্ধন; উপনয়ন।

মৌঢ্য, (মূঢ়) মোহ, অচৈতন্য; মূঢ়তা, মূর্খতা অনভিজ্ঞতা, অজ্ঞানতা।

মৌদগলি, কাক, বায়স। [অকথন, তুষ্ণীম্ভাব

মৌন, (মুনি) শব্দ প্রয়োগ রহিত, অভাষণ,

মৌনব্রত, নীরব থাকনের নিয়ম, অভাষণ

মৌনসম্মতি, অকথন প্রযুক্ত অনুমতি।

মৌনী, (মৌন) মুনি, মৌনযুক্ত, নীরব, তুষ্ণীম্ভূত মৌনবিশিষ্ট।

মৌনে, (মৌন) নিঃশব্দে, নীরবে

মৌমাছী, (মৌ-মাছী) মধুমক্ষিকা।

মৌরছল, (মৌর-ছোল) ময়ূর পুচ্ছে নির্ম্মিত ব্যজন বিশেষ।

মৌরী, (মধুরিকা) বণিকদ্রব্য বিশেষ, মঙ্গরী, মউরী। [বাদক।

মৌর্য্জিক, (মুরজ) মুরজ বাদ্য বাদক, মৃদঙ্গ-

মৌর্খ্য, (মূর্খ) জাড্য, মূর্খতা, অনভিজ্ঞতা

মৌর্খ্যনাশক, যাহাতে মূর্খতার ধ্বংস হয়।

মৌর্ব্বী, (মুর্ব্ব) ধনুর্গুণ, ধনুকের ছিলা

মৌল, (মুকুল) তৃণ্যাদির মূল জ্বালা, মণ্ডল, মোড়ল; মুকুল। [চাঁচ, দরমা।

মৌলা, (মূল) নল নির্ম্মিত আসন বিশেষ,

মৌলি, (মূল) চূড়া, কিরীট, মুকুট; মস্তক, শিরঃ, অশোক বৃক্ষ।

মৌলিক, (মূল) কুলীনভিন্ন, অকুলীন, বংশজ

মৌষল, (মুষল) মুষলবৎ; মহাভারতের পর্ব্ব বিশেষ; মুষল সম্বন্ধীয়।

* মৌষ্টা, মুষ্টিপ্রহরণ ক্রীড়া, পরিহাস পূর্ব্বক কীল মারা। [জ্ঞ; দৈবজ্ঞ, গণক।

মৌহূর্ত্তিক, (মুহূর্ত্ত) জ্যোতির্বেত্তা, জ্যোতি-

ম্রদিমা, মৃদুতা; কোমলতা; নম্রতা।

ম্রদিষ্ঠ, অতিশয় মৃদু, অতিশয় নম্র; অতিশয় কোমল।

ম্রদীয়ান্, অতিশয় মৃদু, অতিশয় কোমল।

ম্রক্ষণ, (ম্রক্ষ) সংযোজন, নিশ্রণ, মিশান।

ম্রাডুল, মুত্রক বিশেষ, কেঁউটিয়া সুতা।

ম্রিয়মাণ, (মৃ) মৃতকল্প, অবসন্ন, মৃততুল্য, মৃতপ্রায়, মরা মরণ।

ম্লক্ত, চোরিত; মোষিত, অপহারিত।

ম্লান, (ম্লা) মলিন; শুষ্ক বিরস; হতজ্ঞান বিষণ্ণ; খেদযুক্ত।

ম্লানতা, (ম্লান) ম্লানভাব, বিষণ্ণতা, অবসন্নতা।

ম্লানবদন, বিষণ্ণমুখ, মলিনাস্য।

ম্লানমুখ, বিষণ্ণবদন, মলিনাস্য।

ম্লানি, (ম্লৈ) কান্তি ক্ষয়, বিষাদ, শুষ্কতা, মলিনতা। [কথন।

ম্লিষ্ট, অস্পষ্টবাক্য, অব্যক্ত বাক্য, অস্ফুট

ম্লেচ্ছ, (ম্লেচ্ছ) অন্ত্যজ জাতি, কিরাত, শবর পুলিন্দাদি ইতর জাতি; পামর, নীচ

ম্লেচ্ছকন্দ, লশুন, রশুন।

ম্লেচ্ছজাতি, গোমাংস খাদক বহু বিরুদ্ধ ভাবক সর্ব্বাচার বিহীন জাতি বিশেষ; বেদাচার হীন জাতি।

ম্লেচ্ছদেশ, চাতুর্ব্বর্ণ্য ব্যবস্থাদি রহিত স্থান, অন্ত্যজ জাতির দেশ।

ম্লেচ্ছমণ্ডল, ম্লেচ্ছদেশ, অন্ত্যজজাতির দেশ

ম্লেচ্ছাস্য, (ম্লেচ্ছ-আস্য) তাম্র, তাঁবা।

ম্লেচ্ছিত, (ম্লেচ্ছ) ম্লেচ্ছভাষা; অপশব্দ।

য

য, ব্যঞ্জনের ষড়বিংশ বর্ণ; বায়ু; যশঃ; কীর্ত্তি যোগ; যান

যক্ষ, (যক্ষ) যক্ষ, কুবেরের ধন রক্ষক।

যকৃৎ, (য-কৃ) কুক্ষির দক্ষিণ ভাগস্থ মাংসখণ্ড বিশেষ, রোগ বিশেষ। [আরশুলা।

যকৃদাত্মিকা, তৈলপায়িকা; তেলাপোকা,

যখন, (যদ) যে সময়ে যৎকালে।

যজত, (যজ) ঋত্বিক, পুরোহিত। [করণ।

যজতি, (যজ) যাগ, যজ্ঞ, মখ, যজন, পূজা-

যজত্র, (যজ) অগ্নিহোত্রী, যজ্ঞকারী।

যজন, (যজ) যাগকরণ; পূজন।

যজমান, (যজ) যাগাদির অনুষ্ঠানকর্ত্তা, ব্রতী

যজাক, (যজ) দানকর্ত্তা, দাতা; যজ্ঞকারী।

যজি, (যজ) যষ্টা, যজমান, যাগকারী।

যজুঃ, (যজুস) বেদবিশেষ, যজুর্ব্বেদ।

যজুর্বেদ, (যজুস-বেদ) দ্বিতীয় বেদ; বেদবিশেষ।

যজুর্ব্বেদী, (যজুর্ব্বেদ) যজুর্ব্বেদবেত্তা; যজুর্ব্বেদাধ্যাপক; যজুর্মতে কর্ম্মকাণ্ড কারী।

যজুস, (যজ) বেদবিশেষ, যজুর্ব্বেদ।

যজ্ঞ, (যজ) যাগ, অধ্বর, মখ, ক্রতু; হোম।

যজ্ঞকুণ্ড, যগার্থ চতুষ্কোণ গর্ত্তবিশেষ।

যথেষ্ট, (যথা-ইষ্ট) যেমন ইচ্ছা, ইচ্ছানুরূপ, প্রচুর, বহুতর, বিস্তর।

যথেষ্টাচার, (যথেষ্ট-আচার) ইচ্ছানুরূপ ব্যবহার; ইচ্ছানুসারি আচরণ।

যথেষ্টচারী, (যথেষ্ট-আচারিন) পক্ষী, বিহগ; স্বেচ্ছাক্রমে ব্যবহারকারী।

যথোচিত, (যথা-উচিত) যথাযোগ্য, যেমন উপযুক্ত, ন্যায় মত।

যথোদিত, (যথা-উদিত) যথোক্ত, যেমন কথিত। [হইতে

যদবধি, (যদ-অবধি) যে পর্য্যন্ত, যে কাল

যদা, (যদ) যে কালে, যখন, যে সময়। [দ্যপি

যদি, (যৎ) পক্ষান্তর, সম্ভাবনার্থ, চেৎ, যদিও, যদ্যপি, অন্য সম্ভাবনার্থ।

যদিস্যাৎ, (যদি-স্যাৎ) যদি হয়, অন্য সম্ভাবনার্থ, যদ্যপি।

যদীয় (যৎ) যৎসম্বন্ধীয়, যাহার। [পুত্র।

যদু, (যৎ) দেবযানীর গর্ভে যযাতি রাজার

যদুনাথ, যদুপতি, শ্রীকৃষ্ণ।

যদুপতি, শ্রীকৃষ্ণ, যদুবংশের প্রধান পুরুষ।

যদৃচ্ছা, (যদ-ঋচ্ছ) স্বাতন্ত্র্য; স্বচ্ছন্দ, ইচ্ছানুরূপ অনায়াস। [অন্য সম্ভাবনার্থ।

যদ্যপি, (যদি-অপি) যদিও, যদিচ, যদিস্যাৎ

যন্তা, (যম) সারথি, রথ চালন কর্ত্তা; হস্তিপক, মাহুত; দমনকারক

যন্ত্র, (যম) কল, কৌশলে শিল্পাদি কর্ম্ম নির্ব্বাহার্থ নির্ম্মিত পদার্থ বিশেষ, অগ্নিযন্ত্র, দারুযন্ত্রাদি।

যন্ত্রক, (যন্ত্র) যন্ত্রকাষ্ঠ কুঁদ। [ঘর।

যন্ত্রগৃহ, তৈলকশালা, ঘানিঘর; কলরাখা

যন্ত্রগোল, কলায়বিশেষ, মটর কলাই।

যন্ত্রণ, বন্ধন, নিয়মন।

যন্ত্রণা, (যন্ত্র) পীড়া, দুঃখ, ক্লেশ, বেদনা

যন্ত্রণাদায়ক, ক্লেশদায়ক, দুঃখদায়ক।

যন্ত্রতন্ত্র (যন্ত্র) কল; বাদ্যযন্ত্রাদি।

যন্ত্রপেষণী, পেষণার্থ যন্ত্র, যাঁতা। [জাঁতি।

যন্ত্রিকা, পত্নীর কনিষ্ঠা ভগিনী, ছোট শালী

যন্ত্রিত, (যন্ত্র) বদ্ধ, বাঁধা; নিয়মিত।

যন্ত্রী, (যন্ত্র) যন্ত্রবিশিষ্ট, যন্ত্রযুক্ত, জাঁতি।

যব, (যু) শূকধান্য বিশেষ।

যবক, (যু) শূকধান্য বিশেষ।

যবগণ্ড, ব্রণবিশেষ, বয়সফোড়া।

যবতিক্তা, (যব-তিক্ত) লতা বিশেষ, শঙ্খিনী বা যবাচী লতা।

যবতৈল, যবচূর্ণাদি যুক্ত পক্ব তৈলবিশেষ।

যবথব, (নযযৌ-নতস্থৌ) অথর্ব্ব, চলনশক্তি রহিত; অশক্ত; অকর্ম্মণ্য; জড়।

যবন, দেশবিশেষ; বেগাধিক অশ্ব; জাতিবিশেষ, ম্লেচ্ছজাতি, মুসলমান।

যবনাচার্য্য, (যবন-আচার্য্য) জ্যোতিঃ শাস্ত্র কর্ত্তা মুনি বিশেষ।

যবনারি, (যবন-অরি) শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

যবনাল, ধান্য বিশেষ, দেধান।

যবনিকা, (জবনী) বস্ত্রাবৃতি, বেষ্টনবস্ত্র, কানাৎ, তাম্বুর ব্যবধান। [গৃঞ্জন, গাজোর।

যবনেষ্ট, (যবন-ইষ্ট) নিম্ব; লশুন; পলাণ্ডু;

যবময়, (যব) যবনির্ম্মিত; যবস্বরূপ।

যবস, (যু) তৃণ, ঘাস, পশুর ভক্ষ্য।

যবসুরা, যবজাত সুরা, যবদ্বারা উৎপন্ন মদিরা। [তেমন।

যবস্থব, (যবথব) পূর্ব্ববৎ; স্থগিত; যেমন

যবক্ষার, (যবক্ষার) ক্ষার বিশেষ, শোরা।

যবক্ষারজাম্ল(যবক্ষারজ-অম্ল)সোরাজাতঅম্ল

যবক্ষোদ, যবচূর্ণ, শক্তু, ছাতু।

যবাকৃতি, (যব-আকৃতি) যবের তুল্য আকৃতিবিশিষ্ট; বাদামে।

যবাগূ, ছয়গুণ জল দিয়া পক্ব করা ঘন দ্রব্যবিশেষ, যব মণ্ড, যাউ।

যবাগ্রজ, যবক্ষার, শোরা। [ওষধিবিশেষ।

যবান, (যুবন) যুবা; বেগী, বেগ বিশিষ্ট;

যবানী, (যব) ওষধি বিশেষ, যোয়ানী।

যবান্ন,(যব-অন্ন) যবের পক্ব অন্ন; শক্তু, ছাতু।

যবাপত্য, (যব-অপত্য) যবক্ষার, শোরা।

যবার, (যত-বার) যত বার, যাবৎ সংখ্যা।

যবাস, (যবস) লতাবিশেষ; তৃণ, ঘাস।

যবিষ্ঠ, (যুবন) অতিশয় যুবা; কনিষ্ঠ।

যবীয়ান্, (যুবন) অতিশয় কনিষ্ঠ, অতিশয়ক্ষুদ্র, অতি ছোট।

যবে, (যদা) যখন, যে সময়, যে দিনে।

যবেস্থবে, (যবথব) যেমন তেমন ভাবে; যথাস্থিত, স্থগিত

যবযবীয়, (যবযব) অর্দ্র, ভিজা।

যম, (যম) দক্ষিণাদিক পাল, ধর্ম্মরাজ, শমন, মৃত্যু, কৃতান্ত; যমক, যুগ্ম।

যমক, (যম) শব্দালঙ্কার বিশেষ; একজাতীয় শব্দের পুনঃ২ প্রয়োগে যমজ একগর্ভে একদা উৎপন্ন দুইসন্তান; যোড়া।

যমকিঙ্কর, যমদূত, যমের ভৃত্য।

যমকীট, কীটবিশেষ, ঘুর্ঘুরে পোকা।

যমকোটি, লঙ্কার পূর্ব্বে পৃথিবীর চতুর্থ ভাগে স্থিত দেশবিশেষ

যমজ, (যম-জন) এক কালীন এক গর্ব্ভে জাত সন্তানদ্বয়, যমক সন্তান।

যমদগ্নি, (যমদ্-অগ্নি) মুনিবিশেষ, পরশুরামের পিতা।

যমদূত, যমের কিঙ্কর, কৃতান্তের ভৃত্য।

যমদূতক, (যমদূত) কাক, বায়স, যমের বার্ত্তাবহ।

যমদূতিকা, (যমদূত) তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুলগাছ।

যমদূতী, (যমদূত) তিন্তিড়ী, তেঁতুল।

যমদ্রুম, শাল্মলীবৃক্ষ, শিমুল গাছ

যমদ্বার, (যম-দ্বার) মৃত্যুদ্বার, কৃতান্তেরদ্বার

যমদ্বিতীয়া, কার্ত্তিকী শুক্ল দ্বিতীয়া, ভ্রাতৃদ্বিতীয়া।

যমধর, (যম-ধৃ) পার্শ্বদ্বয়ে ধারযুক্ত অস্ত্রবিশেষ, কটার; কিরীচ।

যমন, (যম) বন্ধন, বাঁধন; যম।

যমনিকা, যবনিকা, বেষ্টন বস্ত্র, কানাৎ; পর্দ্দা

যমপুর, যমের পুরী, যমালয়।

যমপ্রিয়, বটবৃক্ষ, বট গাছ।

যমভগিনী, যমস্বসা, যমুনা।

যমরাজ, (যম-রাজন) যম; কৃতান্ত, ধর্ম্মরাজ

যমল, যুগ্ম, যুগল, যোড়া।

যমানিকা (যমানী) যোয়ান, যবানী।

যমানী, (যম-আ-নী) মসলা বিশেষ, যোয়ান

যমান্তক, (যম-অন্তক) শিব, মহেশ, পশুপতি

যমালয়, (যম-আলয়) যমের বাড়ী।

যমী, নদীবিশেষ, যমুনা নদী; জিতেন্দ্রিয়, ইন্দ্রিয় দমন বিশিষ্ট।

যমুনা, নদীবিশেষ, সূর্য্যতনয়া, কালিন্দী।

যমুনাজনক, সূর্য্য, রবি, দিবাকর, ভানু।

যমুনাভিৎ, বলদেব, বলরাম।

যমুনাভ্রাতা, যম, মৃত্যু, শমন।

যযাতি, নহুষরাজপুত্র; রাজাবিশেষ।

যযী, মহাদেব, মহেশ, শিব।

যযু, অশ্বমেধযজ্ঞের ঘোটক; সামান্য ঘোটক

যশঃ, (যশস্) সুখ্যাতি, কীর্ত্তি, সমাখ্যা।

যশঃপটহ, (যশস-পটহ) ঢক্কা, ঢাক।

যশঃশেষ, (যশস-শেষ) মৃত্যু, মরণ, নাশ।

যশঃসঞ্চয়, (যশস-সঞ্চয়) সুখ্যাতি সঞ্চয়, কীর্ত্তিলাভ।

যশদ, ধাতুবিশেষ, দস্তা।

যশর, যশোহর, দেশবিশেষ। [জনক।

যশস্কর, (যশস-কৃ) কীর্ত্তিকারক, সুখ্যাতিজনক, কীর্ত্তিজনক, সুখ্যাতিবর্দ্ধক।

যশস্বান্, (যশস) যশোবিশিষ্ট, কীর্ত্তিমান্।

যশস্বী, কীর্ত্তিমান, সুখ্যাত, লব্ধপ্রতিষ্ঠ।

যশোগায়ক, (যশস-গায়ক) কীর্ত্তিপ্রচারক, সুখ্যাতি গায়ক, স্তাবক।

যশোগান, গুণব্যাখ্যা, কীর্ত্তি কীর্ত্তন।

যশোগায়ক, (যশস-গায়ক) সুখ্যাতি গায়ক, স্তাবক, কীর্ত্তি প্রচারক।

যশোদে, প্রাকৃত, পারা; যশোদাতা।

যশোদা, (যশস-দা) নন্দপত্নী, শ্রীকৃষ্ণেরমাতা

যষ্টা, (যজ) যাগকর্ত্তা, যজমান।

যষ্টি, (যজ) ধ্বজদণ্ড; ভুজদণ্ড; লগুড়, লাঠী; শস্য বিশেষ। [দণ্ড, লাঠী।

যষ্টিক, (যষ্টি) জল কুক্কুট, পানীকোড়ী;

যষ্টিগ্রহ, যষ্টিধারক, লগুড় গ্রাহী।

যষ্টিধারী, দণ্ডধর, লাঠী অবলম্বনকারী।

যষ্টিমধু, মিষ্টরস যুক্ত কাষ্ঠ বিশেষ, যেষ্ঠীমধু

যষ্টী, (যজ) লগুড়, লাঠী, দণ্ড; যষ্টিমধু।

যজ্বা (যজ) যজমান, যাগকর্ত্তা।

যক্ষ, (যক্ষ) দেবযোনি বিশেষ, গুহ্যক; ধনরক্ষক। [গুরু কস্তুরী কক্কোল।

যক্ষকর্দ্দম, সম ভাগে মিশ্রিত কর্পূর, অ-

যক্ষতরু, বটবৃক্ষ, বট গাছ।

যক্ষরস, পুষ্পমদ্য, মধ্বাসব, পুষ্পের মদিরা।

যক্ষরাজ, কুবের, ধনেশ্বর, ধনাধিপ।

যক্ষরাট্‌পুরী, অলকা; কৈলাস পর্ব্বত স্থিত কুবেরের পুরী।

যক্ষসাধন, যক্ষোপাসন; ভূত সিদ্ধি।

যক্ষাবাস, (যক্ষ-আবাস) বটবৃক্ষ, বট গাছ।

যক্ষামলক, পিণ্ডকর্জ্জুর, পিণ্ডীখাজুর।

যক্ষিণী, (যক্ষ) কুবের পত্নী; যক্ষের ভার্য্যা

যক্ষধূপ, দ্রাক্ষা, কিস্‌মিস্।

যক্ষ্মা, (যক্ষ) রোগ বিশেষ, ক্ষয়রোগ।

যা, (যা) প্রস্থান কর; পতির ভ্রাতৃজায়া।

যাউ, (যবাগূ) যবমণ্ড; যাঁউ।

যাওন, (যা) গমন, চলন, প্রস্থান করণ।

যাওয়া, (যা) গমন, প্রস্থান। [গমন।

যাওয়া আসা, যাতায়াত, গতি বিধি, গমনা-

যাঁতা, (যন্ত্র) পেষণ যন্ত্র। [রোগ যন্ত্রী

যাঁতি, (যন্ত্র) গুবাকাদি ছেদনার্থ অস্ত্র বি-

যাগ, (যজ) যজ্ঞ, হোম, মখ। [চক্রক।

যাগার্থী, (যাগ-অর্থিন্) যাগাভিলাষী, যজ্ঞ-

যাচক, (যাচ) যাচ্ঞা কর্ত্তা, ভিক্ষুক, ভিক্ষুক, কাঙ্গালী, ভিখারী

যাবদ্দেশে, (যাবদ্দেশ) সর্ব্বত্র, সকল স্থানে, প্রত্যেক দেশে। [বিশেষ।
যাবনাল, ধান্যবিশেষ, জোয়ারিধান ; দেশ-
যাবশূক, যবক্ষার, শোরা।
যাভ, মৈথুন, শৃঙ্গার, অন্তন।
যাম, (যম) প্রহর, দিবা অথবা রাত্রির চতু-র্ভাগের এক ভাগ।
যামঘোষ, (যদি-ঘোষ) কুক্কুট, কুঁকড়, মুরগী
যামঘোষা, ঘটিকা যন্ত্র, ঘড়ী।
যামবতী, (যাম) রাত্রী, রজনী, নিশা।
যামল, (যম) যুগল ; তন্ত্রশাস্ত্র বিশেষ।
যামাতা (জামাতৃ) দুহিতার পতি, জামাই।
যামার্দ্ধ, (যাম-অর্দ্ধ) প্রহরের অর্দ্ধেক, অর্দ্ধ-প্রহর। [রজনী, নিশা।
যামি, স্বসা, ভগিনী ; কুলস্ত্রী, কুলবধূ ; রাত্রি,
যামিক, (যাম) প্রহর সম্বন্ধীয় ; প্রহরী, কোটাল, চৌকীদার।
যামিকভট, প্রহরী, কোটাল ; চৌকীদার।
যামিনী, (যাম) রাত্রী, রজনী ; হরিদ্রা, হলুদ
যামিনীপতি, চন্দ্র নিশাকর, শশধর।
যামী, (যাম) দক্ষিণদিক্ ; কুলবধূ, কুলাঙ্গনা কন্যা পুত্রবধূ ইত্যাদি।
যামুন, (যমুনা) যমুনা সম্বন্ধীয় ; যমুনাস্থ।
যামেয়, (যাম) ভগিনীপুত্র, ভাগিনেয়।
যাম্য, অগস্ত্যমুনি ; চন্দনবৃক্ষ ; দক্ষিণ দিক্
যাম্যা, (যাম্য) দক্ষিণ দিক। দক্ষিণদিকে গমন
যাম্যায়ন, (যাম্য-অয়ন) দক্ষিণায়ন, সূর্য্যের
যায়জূক, (যজ) যজ্ঞকারী, যজমান।
যাযাবর, অশ্বমেধীয় ঘোটক ; জরৎকারু মুনি, পুনঃ পুনর্যজ্ঞকারী।
য়ার, (জার) বন্ধু, সহযোগী, ইয়ার।
য়ারকী, (য়ার) বন্ধুত্ব, ইয়ারকী
যাষ্টীক, (যষ্টি) যষ্টিধারী যোদ্ধা ; লেঠেড়া।
যাসা, পক্ষিবিশেষ, মদনশলাকা পাখী।
যিনি, (যদ) যে ব্যক্তি, যে লোক, যে জন।
যিযক্ষা, (যজ) যজনের ইচ্ছা, যজনবাঞ্ছা।
যিযক্ষু (যজ) যজ্ঞ করিতে ইচ্ছুক।
যুঁকন, (যুক্ত) ধোঁকা দেওন, মাপন, তৌলন
যুক, (যুজ) তুলা, নিক্তি, পরিমাণ দণ্ড।
যুক্ত, (যুজ) ন্যায্য ; মিলিত ; লগ্ন, আবিষ্ট, আসক্ত ; অভ্যস্তযোগী পুরুষ।
যুক্তা, মিলিতা, একত্রিতা, সঙ্গতা।
যুক্তি, (যুজ) ন্যায়, বিচার, বিবেচনা ; পরামর্শ ; মন্ত্রণা ; লোক ব্যবহার।
যুক্তিদাতা, (যুক্তি-দাতৃ) মন্ত্রী, পরামর্শী।
যুক্তিযুক্ত, যুক্তিমত, পরামর্শানুরূপ।
যুক্তিবিরুদ্ধ, ন্যায় বিরুদ্ধ, বিচারের বিপরীত
যুক্তিসিদ্ধ, সুযুক্ত, উপযুক্ত ; সঙ্গত ; পরামর্শানুরূপ, বিচারসিদ্ধ।
যুগ, (যুজ) যুগ্ম, যোড়া ; সত্যত্রেতাদি কাল চতুষ্টয় ; রথ হলাদি অঙ্গবিশেষ ; জোয়ালি
যুগকীলক, রথ লাঙ্গলাদির কাষ্ঠের কীলক, জোয়ালের খিল।
যুগধর্ম্ম, কালের ধর্ম্ম, কাল মাহাত্ম্য।
যুগন্ধর, (যুগ-ধৃ) শকট লাঙ্গলাদির জোয়ালি ধারী পশু ; পর্ব্বত বিশেষ।
যুগপৎ, (যু) একদা, এককালীন।
যুগপত্রিকা, (যুগ-পত্র) বৃক্ষবিশেষ, শিংশপা বৃক্ষ। [গোরু, পাটে বাঁধা গোরু
যুগপার্শ্বগ, অভ্যাসার্থ লাঙ্গলের পার্শ্বে বাঁধা
যুগল, (যুগ) যুগ্ম, যোড়, যোড়া, দম্পতি।
যুগলমন্ত্র, লক্ষ্মী নারায়ণাদি মন্ত্র।
যুগলাখ্য, (যুগল-আখ্যা) বর্ব্বুর বৃক্ষ, বাবুই গাছ ; যুগ্মনামক।
যুগাংশক, (যুগ-অংশ) বৎসর ; যুগবিভাজক
যুগান্ত, (যুগ-অন্ত) প্রলয়, যুগশেষ, যুগের অবসান।
যুগ্ম, (যুজ) দুই ; যোড়া, দ্বন্দ্ব।
যুগ্মপত্র, রক্তকাঞ্চন বৃক্ষ ; যুগলপত্র।
যুগ্মপত্রিকা, (যুগ্ম-পত্র) বৃক্ষ বিশেষ শিংশপা বৃক্ষ। [ভিয়ান গাছ।
যুগ্মপর্ণ কোবিদার বৃক্ষ ; সপ্তপর্ণ বৃক্ষ, ছা-
যুগ্মফলা, লতাবিশেষ, বৃশ্চিকালীলতা ; বিছুটী লতা।
যুগ্য, (যুগ) বাহন ; যান ; জোয়ালি বাহক।
যুঙ্গী, বর্ণসঙ্কর জাতি বিশেষ।
যুজ্যমান, (যুজ) মিলিত হওনোপযুক্ত।
যুঞ্জান, সারথি ; বিপ্র ; ভাবনা সহকারে সজ্ঞ যোগী। [সংযোগ করণ ; শীতল হওন।
যুড়ন, (যুড়) একত্রীকরণ, মিলন ; দুই বস্তুর
যুড়া, (জুষ) ছায়া, অনাতপ স্থান।
যুড়ান, (যুড়া) শীতল করণ ; শান্তি হওন ; তুষ্টি জন্মান।
যুড়, (যুড়) যুগ্ম, যোড়া, দুইটা।
যুত, (যু) যুক্ত, মিলিত ; অপৃথগ্ভূত ; একত্র
যুতক, সংশয় ; যুগ ; নারীর বস্ত্রাঞ্চল ; যৌতুক ; কুলার অগ্রভাগ।
যুতা, (যুত) সংবদ্ধা, মিলিতা ; চর্ম্মপাদুকা

যোগভ্রষ্ট, সমাধিচ্যুত, ধ্যানচ্যুত, সন্ন্যাসভ্রষ্ট
যোগমায়া, ভগবতী, দুর্গা, মহামায়া।
যোগক্ষেম, অলব্ধ লাভ ও লব্ধ রক্ষণ, অনাগতের আনয়ন এবং আগতের রক্ষণ
যোগাড়, (যোগা) কর্ম্মনির্ব্বাহের উপায়, কর্ম্মের সুযোগ; কর্ম্মের উদযোগ। [তা করক
যোগাড়িয়া, (যোগা) সহকারী, কর্ম্মের সহায়
যোগাবনন, ছলদ্বারা বন্ধক দেওন
যোগান, (যোগা) দ্রব্যাদির কুলান, সংগ্রহ-করিয়া দেওন, নির্ব্বাহ। [কারী।
যোগানিয়া, (যোগা) নির্ব্বাহকারী সাহায্য
যোগান্যা, (যোগা) সাহায্যকারী; যোগাড়ে
যোগারূঢ়, (যোগ-আরূঢ়) যোগযুক্ত, যোগী
যোগাসন, (যোগ-আসন) ধ্যানাসন, যোগ-সাধনার্থ উপবেশনীয় পীঠাদি।
যোগিদণ্ড, বেত্র বেত।
যোগিনিদ্রা, লঘুনিদ্রা, অল্পনিদ্রা, কাকতন্দ্রা
যোগিনী, (যোগিন) যোগযুক্তা নারী, ভগবতীর সখীরূপা অসাধারণ দেবী বিশেষ।
যোগী, (যোগিন) যোগযুক্ত, যোগবিশিষ্ট; সন্ন্যাসী। [যোগিরপ্রধান।
যোগীশ্বর, (যোগিন-ঈশ্বর) যোগিমধ্যে শ্রেষ্ঠ
যোগীশ্বরী, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
যোগে, (যোগ) দ্বারা, উপায়ে, সুযোগক্রমে
যোগেশ, (যোগিন-ঈশ) যাজ্ঞবল্ক্য মুনি; যোগিশ্রেষ্ঠ যোগীশ্বর; শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
যোগেষ্ট, (যোগ-ইষ্ট) সীসক, সীসা।
যোগ্য (যুজ) উপযুক্ত, সক্ষম, শক্ত; নিপুণ
যোগ্যতা, (যোগ্য) ক্ষমতা, উপযুক্ততা, নিপুণতা। [গ্যতা নিপুণতা।
যোগ্যত্ব (যোগ্য) ক্ষমতা, উপযুক্তত্ব, যো-
যোগ্যা, (যোগ্য) নিপুণ, উপযুক্তা, পারগা।
যোঙ্গড়া, (যুজ) জলজন্তু বিশেষ, শম্বুকাদি-গোষ্ঠ। [ঘটক।
যোজক, (যুজ) মিলন কারক, মিলনকর্ত্তা,
যোজন (যুজ) চতুঃক্রোশ, চারি ক্রোশ মিশ্রণ, মিলন, একত্র করণ।
যোজনগন্ধা, (যোজন-গন্ধ) কস্তুরী, সীতা, সত্যবতী; যোজনপর্ণী, মঞ্জিষ্ঠা লতা; পুষ্পবিশেষ।
যোজনবল্লী, লতাবিশেষ, মঞ্জিষ্ঠালতা।
যোজনা, (যুজ) মিলান, ঘটান, যোগকরাণ।
যোজনীয়, (যুজ) যোজ্য, যোগকরণযোগ্য, মিলাইবার যোগ্য।
যোজিত, (যুজ) যোজন করা; মিলাইয়া-দেওয়া, মিলিত।
যোজ্য, (যুজ) যোজনীয়।
যোট (যুজ) যুগল, উভয়ে মিলন; সঙ্গ।
যোটক, (যোট) যোটন মিলন; কার্য্যকারক, ঘটক যে মিলাইয়া দেয়।
যোটন, (যোট) মিলন, মিশন, একত্র হওন
যোড় (যোড়, যুগ্ম, দ্বন্দ্ব; মিলন; একত্রহওয়া
যোড়ন, (যুড়) মিলকরণ, একত্রকরণ যোজনা
যোড়া, (যোড) মিলন করা; একত্র করা; যুগ্ম জুট; মিথুন, দম্পতী। [করণ।
যোড়ান, মিল করান, সংলগ্ন করান, একত্র
যোত (যোক্ত্র) হলবন্ধন রজ্জু, যোং দড়ী
যোতন, লাঙ্গলে বদ্ধ সংযুক্ত করণ, যোগ-করণ, যোজন, একত্র করণ।
যোত্র, (যু) যোক্ত্র হলবন্ধন রজ্জু, যোং দড়ী, সম্পত্তি, সঙ্গতি। [নির্ধন।
যোত্রহীন, সম্পত্তিহীন, সংস্থতিরহিত,
যোদ্ধা, শূর, যুদ্ধকর্ত্তা, রণ কারক।
যোধ, যোদ্ধা, যুদ্ধকর্ত্তা, বীরসৈন্য।
যোধন (যুধ) যুদ্ধ রণ, জন্য।
যোধসংসার, যোদ্ধাদের মধ্যে পরস্পর যুদ্ধে আহ্বান। [কারক।
যোধেয়, (যোধ) যোদ্ধা, সংগ্রামকর্ত্তা, রণ-
যোনল, শস্য বিশেষ, দেবধান্য, দেবান।
যোনি, (যু) আকর; কারণ, উৎপত্তিস্থান ভগ, স্ত্রী চিহ্ন।
যোনিকন্দ যোনি রোগ বিশেষ।
যোনিকীট লম্পট, কামুক, স্ত্রীতে অত্যন্ত আসক্ত। [শরীর।
যোনিজ, (যোনি-জন) যোনি হইতে নির্গত
যোনিভ্রমণ, পুনঃ২ জন্ম পরিগ্রহ।
যোনিমুদ্রা, পূজাদিতে প্রদর্শনীয় অঙ্গুলী-রচিত যোন্যাকার মুদ্রাবিশেষ।
যোনিরোগ, ভগগন্ধ, ভগের রোগ।
যোনার্শ, (যোনি-অর্শ) যোনিজাত রোগ বিশেষ, রক্তস্রাবাদি। [যোআলি।
যোয়াল, (যুজ) লাঙ্গলাদি যুড়িবার কাষ্ঠ, যুগ,
যোষা, (যুষ) স্ত্রী, নারী, মহিলা।
যোষিতা, (যোষা) স্ত্রী, নারী, অবলা।
যোষিৎ, (যুষ) নারী স্ত্রী, অবলা।
যোষিৎপ্রিয়া, হরিদ্রা, হলুদ, হরিদ্বর্ণ। [সমূহ
যোষিদ্বর্গ, (যোষিৎ-বর্গ) স্ত্রীজাতি-নারী-নিকর) স্ত্রীজাতি জন।

যৌক্তিক, (যুক্তি) যুক্তিযুক্ত, যুক্তিসিদ্ধ, পরামর্শানুরূপ।
যৌগিক, (যোগ) যোগ সম্বন্ধীয়।
যৌগিক, (যোগ) প্রকৃতি প্রত্যয় যোগে লভ্য অর্থের বাচক।
যৌজনশতিক, (যোজন-শত) শতযোজন গমনকর্ত্তা, শত যোজনগামী।
যৌজনিক, (যোজন) এক যোজন গমন কর্ত্তা, চারি ক্রোশ গামী।
যৌতক, (যু) বিবাহাদি কালে দম্পতীর লব্ধ ধন। [লব্ধ ধন।
যৌতুক, (যু) বিবাহাদি কালে দম্পতীর
যৌধিষ্ঠির, (যুধিষ্ঠির) যুধিষ্ঠির রাজ সম্বন্ধীয়।
যৌধেয়, (যুধ) যোদ্ধা, রণকর্ত্তা সংগ্রামকারী।
যৌন, (যোনি) যোনি সম্বন্ধীয়, যোনিগত।
যৌবত, (যুবন) যুবতী সমূহ।
যৌবন, (যুবন) তারুণ্য, যুবত্বের সময়।
যৌবনযুক্ত, বয়ঃপ্রাপ্ত, তরুণ।
যৌবনলক্ষণ, লাবণ্য; তারুণ্যচিহ্ন।
যৌবনস্থ, (যৌবন-স্থা) যৌবনযুক্ত, যুবা।
যৌবনাশ্ব মান্ধাতৃ রাজা; মান্ধাতা।
যৌবনাবস্থা, (যৌবন-অবস্থা) যৌবনদশা, যুবাকাল। [ভূসত্ত্বে রাজ পদ প্রাপ্তি।
যৌবরাজ্য, (যুবরাজ) যুবরাজের পদ, পি-
যৌষ্মাক, (যুষ্মদ) যুষ্মৎ সম্বন্ধীয়।
যৌষ্মাকীণ, যুষ্মৎ সম্বন্ধীয়।

র

র, রেফ, রকার, ব্যঞ্জনের সপ্তবিংশতি বর্ণ; অগ্নি; তীক্ষ্ণ; কামাগ্নি, বহ্ন, বর্ণ।
রইকাঠ, (রহ-কাঠ) পুষ্করিণী উৎসর্গকালীন পুষ্করিণীর মধ্যস্থলের প্রথিত কাষ্ঠ।
রং, বর্ণ, রঙ্গ।
রংহঃ, জব, বেগ; শীঘ্রতা।
রওন, রঙ্গ, থাকন, তিষ্ঠন।
রকম, (রাং) প্রকার বিধানতা।
রক্ত, (রঞ্জ) শোণিত, রুধির, কুঙ্কুম; তাম্র; সিন্দূর; হিঙ্গুল; লোহিত বর্ণ; কুসুম্ভ পুষ্প; অনুরাগী।
রক্তক, (রক্ত) অম্লান বৃক্ষ; শোণবর্ণবস্ত্র; অনুরাগী; রাঙ্গ শজিনা, লালজের্‌ওয়া।
রক্তকন্দ, রত্নবিশেষ বিদ্রুম; রাজপলাণ্ডু, বড় পীয়াজ; রাঙ্গা আলু।
রক্তকন্দল, রত্নবিশেষ, প্রবাল, পলা।
রক্তকমল, শোণবর্ণ উৎপল কোকনদ, রক্তোৎপল; রক্তপদ্ম।
রক্তকরবী, রক্ত লোহিত বর্ণ করবীর পুষ্প বিশেষ, রাঙ্গা করবী।
রক্তকাঞ্চন, পুষ্পবিশেষ।
রক্তকাণ্ডা, রাঙ্গা পুনর্ণবা, শাকবিশেষ।
রক্তকাষ্ঠ, লোহিত বর্ণ কাষ্ঠ, রাঙ্গাকাষ্ঠ।
রক্তকুমুদ, রাঙ্গা কৈরব, লালছেলাফুল।
রক্তকেশর, পারিভদ্র বৃক্ষ, পুন্নাগগাছ।
রক্তকৈরব, রাঙ্গা কুমুদ, রক্তকমল। [পদ্ম।
রক্তকোকনদ, লোহিত বর্ণ উৎপল; রাঙ্গা
রক্তখদির, রক্তবর্ণ খএর।
রক্তগুল্ম, স্ত্রীলোকের শোণিতস্রাব ঘটিত গুল্ম রোগ। [দূর্ব্বা।
রক্তগ্রন্থী, দূর্ব্বা বিশেষ, গাঁটিয়া দূর্ব্বা, গণ্ড
রক্তচন্দন, শোণবর্ণ চন্দন, রাঙ্গাচন্দন।
রক্তচিত্রক, বৃক্ষবিশেষ, রাংচিতা গাছ।
রক্তচূর্ণ, সিন্দুর; লালবর্ণ চূর্ণ মাত্র।
রক্তজন্তুক, (রক্ত-জন্তু) শোণবর্ণ জন্তু।
রক্তজিহ্ব, সিংহ, শোণবর্ণ জিহ্বা বিশিষ্ট।
রক্তঝিন্টী, লালবর্ণ ঝিন্টীপুষ্প বৃক্ষ, রাঙ্গা ঝাঁটি ফুলের গাছ।
রক্ততুণ্ড, শুকপক্ষী; লোহিত বর্ণ মুখ।
রক্তদন্তিকা, ভগবতীর রূপ বিশেষ, চণ্ডিকা, চণ্ডী। [চঞ্চুঃ।
রক্তদৃক, (রক্ত-দৃশ) কপোত, পায়রা; লাল
রক্তধাতু, গৈরিক, গেরিমাটী, তাম্র; লাল রঙ্গের ধাতু মাত্র।
রক্তনাল, শাকবিশেষ, নালিতা শাক।
রক্তনাসিক, (রক্ত-নাসিকা) পেচক, পেঁচা শোণবর্ণ নাসা যুক্ত।
রক্তপ, (রক্ত-পা) রাক্ষস; শোণিত পানকর্ত্তা।
রক্তপত্রিকা, (রক্ত-পত্র) রক্তপুনর্ণবা শাক; লাল রঙ্গের পাতা।
রক্তপাদ, শুকপক্ষী, লোহিতবর্ণ চরণ।
রক্তপদ্ম, লালবর্ণ কমল, রক্তোৎপল।
রক্তপল্লব, অশোক বৃক্ষ, লোহিত বর্ণ পত্র
রক্তপক্ষ, গরুড়, রক্তবর্ণ পাখাবিশিষ্ট।
রক্তপা, (রক্ত-পা) জলৌকা, জোঁক, ডাকিনী; শোণিত পান কর্ত্তা।
রক্তপাত, শোণিত পতন, রুধির ক্ষরণ।
রক্তপাতা, (রক্ত-পা) জলৌকা, জোঁক শোণিত পানকর্ত্তা।
রক্তপাদ, শুকপক্ষী; লোহিত বর্ণ চরণ।

রক্তপায়িনী, (রক্ত-পা) জলৌকা, জোঁক।
রক্তপায়ী, শোণিত পানশীল, রুধির পানকারী।
রক্তপারদ, (রক্ত-পারদ) হিঙ্গুল।
রক্তপিণ্ড, জবা পুষ্প, জবাফুল।
রক্তপিত্ত, (রক্ত-পিত্ত) রোগবিশেষ।
রক্তপিত্তহা, (রক্তপিত্ত-হন) গণ্ডদূর্ব্বা, গাঁটিয়া দূর্ব্বা।
রক্তপুনর্নবা, লালবর্ণশাক বিশেষ।
রক্তপুষ্প, করবির, রক্তকাঞ্চন বৃক্ষ, দাড়িম বৃক্ষ। [ল গাছ, রৌহিতক বৃক্ষ।
রক্তপুষ্পক, (রক্ত-পুষ্প) পলাশ বৃক্ষ, শিমু-
রক্তপুষ্পা, শাল্মলি বৃক্ষ, শিমুল গাছ।
রক্ত পুষ্পী পাটলি বৃক্ষ, জবা বৃক্ষ।
রক্তপূতিকা, রাঙ্গা পুঁইশাক।
রক্তপ্রবাহক, যে নাড়ির দ্বারা হৃদপিণ্ড হইতে সর্ব্বশরীরে রক্ত চালিত হয়।
রক্তপ্রসব, রাঙ্গা করবির, লাল করবী।
রক্তফল বটবৃক্ষ, বটগাছ
রক্তবটী বসন্তরোগ।
রক্তবর্গ, দাড়িম, কিংশুকবৃক্ষ, লাক্ষা, লা কুসুম্ভ পুষ্প, মঞ্জিষ্ঠা লতা।
রক্তবর্ণ, রাঙ্গা রং, শোণিত বর্ণ, ইন্দ্রগোপকীট, সিঁদূরে পোকা।
রক্তবর্দ্ধন, বার্ত্তাকু, বেগুণ।
রক্তবসন, সন্ন্যাসী ব্রহ্মচারী; লালকাপড়।
রক্তবাত, রোগবিশেষ
রক্তবালুক, সিন্দুর, সিঁদুর।
রক্তবিন্দু শোণিত কণা। [স্তের সেনাপতি।
রক্তবীজ, দাড়িম; অসুর বিশেষ শুম্ভনিশু-
রক্তবৃন্তা, (রক্ত-বৃন্ত) শেফালিকা, শিউলী।
রক্তবৃষ্টি, রুধির বর্ষণ, শোণিত বৃষ্টি; উৎপাত বিশেষ। [মাছ।
রক্তমৎস্য, লালবর্ণ মৎস্যবিশেষ, তপস্যা
রক্তময়, (রক্ত) শোণিতময়, রুধিরাপ্লুত।
রক্তমূলক, (রক্ত-মূল) সর্ষপ বিশেষ, রাইসর্ষা
রক্তমেহ, প্রমেহরোগবিশেষ, প্রস্রাবদ্বারা শোণিত ক্ষরণ।
রক্তমোক্ষণ শোণিত স্রাব; রক্তনির্গতকরণ
রক্তশাক, (রক্ত-শাক) লালবর্ণ শাকবিশেষ রক্তপুনর্নবা। [পুষ্প।
রক্তরেণু, সিন্দুর, পলাশ কলিকা পুন্নাগ
রক্তরেণুকা, পলাশকলিকা, পলাশফুলেরকুঁড়ি
রক্তলশুন, লালবর্ণ রশুনবিশেষ, গৃঞ্জন, গাজর

রক্তলোচন, কপোত, পায়রা, রাঙ্গালোচনবিশিষ্ট রাঙ্গা চক্ষুঃ।
রক্তশালি, শোণবর্ণধান্যবিশেষ, শৈত্রোশালি
রক্তশাসন, সিন্দুর, সিঁদুর।
রক্তশিগ্রু, লালশোভাঞ্জন বৃক্ষ, রাঙ্গা শজিনা
রক্তশৃঙ্গিক, (রক্ত-শৃঙ্গ) বিষ হলাহল গরল।
রক্তসন্দংশিকা, জলৌকা, জোঁক।
রক্তসন্ধ্যক, লালকহ্লার, রাঙ্গাসুঁদী।
রক্তসরোরুহ লালপদ্ম রাঙ্গাকমল।
রক্তসর্ষপ, রাজিকা রাইসর্ষা।
রক্তসার, রক্তচন্দন রাঙ্গা খদির।
রক্তসৌগন্ধিক, (রক্ত-সুগন্ধি) লালবর্ণ উৎপল।
রক্তস্রাব (রক্ত-স্রাব) শোণিতনির্গম।
রক্তহংসা, (রক্তহংস) রাগিণী বিশেষ।
রক্তা, গুঞ্জা, লাক্ষা; মঞ্জিষ্ঠা।
রক্তাকার, (রক্ত-আকার) প্রবাল, পলা।
রক্তাক্ত, (রক্ত-অক্ত) শোণিতমিশ্রিত, রুধিরাম্বিত; রক্তচন্দন।
রক্তাঙ্গ (রক্ত-অঙ্গ) রত্ন বিশেষ, বিদ্রুম, প্রবাল, কুঙ্কুম। [রক্ত নির্গম রোগ
রক্তাতিসার, (রক্ত-অতিসার) রোগবিশেষ,
রক্তাধার, (রক্ত-আধার) চর্ম্ম, ত্বক চামড়া, ছাল। [পামার্গ বৃক্ষ রাঙ্গা আপাং।
রক্তাপামার্গ, (রক্ত-অপ মার্গ) শোণবর্ণ অ-
রক্তাবাহক, (রক্ত-আবাহক) যে নাড়ীদ্বারা শরীরহইতে হৃদপিণ্ডে রক্ত আগত হয়।
রক্তাম্বর, (রক্ত-অম্বর) কষায় বস্ত্র, শোণবর্ণ বসন, রাঙ্গা কাপড়।
রক্তাম্লান (রক্ত-অম্লান লালবর্ণ, পুষ্পবিশেষ
রক্তারক্তি, (রক্ত) যুদ্ধেতে উভয়ের রুধির নির্গম; পরস্পর রুধির নিঃসারণ।
রক্তার্ব্বুদ (রক্ত-অর্ব্বুদ) রোগবিশেষ। [পীড়া
রক্তাশ্রু (রক্ত-অশ্রু) নেত্ররোগবিশেষ, চক্ষুর
রক্তার্শ, (রক্ত-অর্শ) অর্শোরোগ বিশেষ।
রক্তালু, (রক্ত-আলু) লালবর্ণ আলুবিশেষ, শকরকন্দ আলু, রাঙ্গা আলু।
রক্তাক্ষ, (রক্ত-অক্ষি) মহিষ; পায়রা; চকোরপক্ষী, সারস পক্ষী শোণবর্ণ-চক্ষু।
রক্তিক (রক্ত) গুঞ্জা, কুঁচ; রাজিকা, রাইসরিষা; রক্তি পরিমাণ।
রক্তিমা, (রক্ত) [illegible]
রক্তোৎপল, [illegible]
রক্তোপল, [illegible] গেরেমাটী।

রক্তোৎপল, (রক্ত-উৎপল) রক্তপদ্ম ; রক্তকুমুদ ; শাল্মলী বৃক্ষ, শিমুল গাছ।
রক্তোৎপলাভ, (রক্তোৎপল-আভা) শোণবর্ণ, রক্তবর্ণ লাল।
রক্তোপল, (রক্ত-উপল) গৈরিক, গেরিমাটী
রগ, (বাং) শিরা, মস্তকের পার্শ্বদ্বয়ের শির, কপালের পার্শ্বদ্বয়ের শির।
রগড়, (রগড) ঘর্ষণের শব্দ ; চক্রাদিতে আঘাতের উপক্রম ; মর্দ্দন, ডলন।
রগড়ন, (রগড়) মর্দ্দন, ডলন, পেষণ।
রঘু, (লঘ) সূর্য্যবংশীয় দিলীপ রাজপুত্র।
রঘুকার, (রঘু-কৃ) কালিদাস।
রঘুকুলতিলক, শ্রীরাম ; রঘুবংশের প্রধান
রঘুনন্দন, শ্রীরাম, রঘুনাথ।
রঘুনাথ, শ্রীরাম, দাশরথী রাঘব।
রঘুপতি, শ্রীরাম, রামচন্দ্র।
রঘুবংশ, কালিদাস কৃত মহাকাব্য গ্রন্থবিশেষ, রঘুর পরিবার।
রঘুবংশতিলক শ্রীরাম রঘুবংশের প্রধান
রঘুবর, শ্রীরাম দাশরথি, রাঘব।
রঙ্ক, কৃপণ, দরিদ্র, মন্দ।
রঙ্কু, মৃগ বিশেষ। [নাট্য স্থান ; রঞ্জন দ্রব্য।
রঙ্গ, (রন্জ) ধাতু বিশেষ, রাং, রণভূমি ;
রঙ্গকর, (রঙ্গ-কৃ) চিত্রকর, বর্ণক।
রঙ্গকারী (রঙ্গ-কারিন) রঙ্গকারক, কৌতুককারক, পরিহাসক।
রঙ্গচঙ্গ (রঙ্গ-চঙ্গ) চিত্র বিচিত্র, চটকদার।
রঙ্গচঙ্গিা, (রঙ্গ-চঙ্গ) চিত্র বিচিত্র, ভূষণাদি সম্পন্ন ; পরিষ্কৃত।
রঙ্গজ, সিন্দুর, সিঁদুর।
রঙ্গজীবক (রঙ্গ-জীবিকা) চিত্রকর, পটুয়া
রঙ্গণ, (রন্জ) রঙ্গান, চিত্রকরণ, ছোপান, পুষ্পবৃক্ষবিশেষ।
রঙ্গদৃঢ়ক, সোহাগা, খদির সার।
রঙ্গপত্রী, (রঙ্গ-পত্র) নীলীবৃক্ষ।
রঙ্গবীজ, রৌপ্য, রূপা, রজত।
রঙ্গভঙ্গ, কৌতুক ; হাবভাব ; পরিহাস।
রঙ্গভূতি, কোজাগর পূর্ণিমা। [যুদ্ধ স্থান।
রঙ্গভূমি, মল্লভূমি, আখড়া, নাট্যভূমি,
রঙ্গিণী, বীণা, বাঁশী। [আলতা, লা, জৌ।
রঙ্গমাতা, (রঙ্গ-মাতৃ) কুট্টিনী, কুটনী, দূতী।
রঙ্গমাতৃকা, (রঙ্গ-মাতৃ) লাক্ষা, লা, জৌ।
রঙ্গরস, ক্রীড়া, কৌতুক, ফাজলামি।

রঙ্গশালা, (রঙ্গ-শালা) নাট্যগৃহ, নাচঘর।
রঙ্গাজীব, (রঙ্গ-আজীবিন) চিত্রকর, পটুয়া, নট, নর্ত্তক। [ছোপান।
রঙ্গান, (রন্জ) রঞ্জিত করা, চিত্রকরণ,
রঙ্গানিয়া, (রন্জ) রঙ্গকর, রঞ্জক, বর্ণহারী
রঙ্গাবতারক, (রঙ্গ-অবতার) নৃত্যগীতের স্থানে গীত বাদ্যাদির প্রসঙ্গকারী, শৈলূষ, নট, চারণ।
রঙ্গাবতারী, (রঙ্গ-অবতারিন) নৃত্যগীত স্থানে গীতাদির প্রসঙ্গকারী, নট।
রঙ্গারি, করবীর, করবীবৃক্ষ।
রঙ্গিণ, (রন্জ) রঙ্গযুক্ত, রঞ্জিত, রঙ্গকরা।
রঙ্গিণী, (রঙ্গ) রঙ্গবিশিষ্ট ; নর্ত্তকী, শতমূলী
রঙ্গিল, (রন্জ) চিত্র বিচিত্র, রঙ্গযুক্ত।
রঙ্গী, (রন্জ) রঙ্গকারক, চিত্রকর, কৌতুকী, পরিহাসকারী, নর্ত্তক।
রঙ্গীন, (রন্জ) বিচিত্র, বহুরঙ্গ বিশিষ্ট।
রংহ, বেগ, জব, শীঘ্রতা। [মিস্ত্রী।
রচক, (রচ) রচনাকর্ত্তা, নির্ম্মারক, গঠক,
রচন, (রচ) গ্রন্থন ; বিন্যাস, নির্ম্মাণ, গঠন, কল্পন। [পূর্ব্বক নির্ম্মাণ সাজান।
রচনা, (রচ) বিন্যাস, গ্রন্থন, গাঁথন, শ্রেণী
রচয়িতব্য, (রচ) রচনীয়, নির্ম্মাণযোগ্য।
রচয়িতা, (রচ) নির্ম্মাতা ; রচক, গ্রন্থনকারক
রচিত, (রচ) কৃত, নির্ম্মিত, গঠিত, কল্পিত।
রজ, (রন্জ) স্ত্রী কুসুম, ঋতু।
রজঃ, (রিন্জ) পরাগ, রেণু, ধূলি, গুণবিশেষ ; স্ত্রীকুসুম, ঋতু।
রজঃশয়, কুক্কুর, সারমেয়, শ্বা।
রজঃসারথি, বায়ু, অনিল, বাতাস।
রজক, (রন্জ) বর্ণসঙ্কর জাতিবিশেষ, বস্ত্ররঞ্জক, ধোবা, নির্ণেজক।
রজকী, (রজক) রজক পত্নী, ধোবানী।
রজত, (রন্জ) রৌপ্য, ধবল, শুক্লবর্ণবিশিষ্ট পর্ব্বতবিশেষ ; হস্তীদন্ত।
রজতদ্যুতি, হনুমান, পবন নন্দন।
রজতপ্রস্থ, পর্ব্বত বিশেষ কৈলাশপর্ব্বত।
রজতাচল, (রজত-অচল) রৌপ্যময় পর্ব্বত কৈলাশপর্ব্বত। [তগিরি, কৈলাশ পর্ব্বত।
রজতাদ্রি, (রজত-অদ্রি) রৌপ্য পর্ব্বত রজ-
রজন, (রন্জ) রঞ্জন, রঙ্গযুক্ত করণ।
রজনি, (রন্জ) রাত্রি, নিশা, যামিনী ; হরিদ্রা
রজনী, (রন্জ) রাত্রি, নিশা ; শর্ব্বরী হরিদ্রা

রজনীগন্ধা, (রজনী-গন্ধ) পুষ্প বিশেষ।
রজনীচর, রাক্ষস, নিশাচর; চোর; তস্কর, প্রহরী, ধার্মিক ভট।
রজনীজল নীহার, শিশির, হিম।
রজনীপুষ্প পূতিকরঞ্জ। [সন্ধ্যাকাল।
রজনীমুখ, প্রদোষ, সূর্য্যাস্ত কাল, সায়ংকাল,
রজনীহাসা, শেফালিকা পুষ্প, শিউলীফুল।
রজস, (রনজ) পরাগ, রেণু; স্ত্রীকুসুম। [মনঃ
রজসানু, (রজস অনু) মেঘ, জলদ, চিত্ত,
রজস্বল, মহিষ, জুলাপ।
রজস্বলা, (রজস) রজোযুক্তা, জাতরজস্কা; স্ত্রীধর্ম্মিণী, ঋতুমতী।
রজি, চন্দ্র বংশীয় রাজা বিশেষ।
রজোগুণ, (রজস-গুণ) বিষয়াভিলাষের কারণীভূত গুণ। [ধ্বান্ত
রজোবল, অন্ধকার তিমির, তমিস্র, তমঃ,
রজোহর, বস্ত্রক্ষালনকর্ত্তা, রজক ধোবা।
রজ্জু, (সৃজ) বন্ধন সাধন বস্তু, দড়ী; বেণী, চুলের বিউনী। [দি রাগকর্ত্তা।
রঞ্জক, (রনজ) হিঙ্গুল, প্রীতিজনক, বস্ত্রা-
রঞ্জন, (রনজ) রক্তচন্দন; হিঙ্গুল; অনুরাগ জনন, হর্ষজনন।
রঞ্জনক ফলবিশেষ, কট ফল।
রঞ্জনদ্রু, অঙ্কক বৃক্ষ, আচগাছ।
রঞ্জনী, রঙ্গকারিণী: মঞ্জিষ্ঠা; হরিদ্রা।
রঞ্জিত, (রনজ) রঙ্গান, রঙ্গকরা, রঙ্গিণ।
রটন, (রট) ঘোষণ, ব্যক্তকরণ, প্রকাশন।
রটনা, (রট) ঘোষণা, প্রকাশ করা, জনরব।
রটন্তীচতুর্দ্দশী, মাঘমাসের কৃষ্ণাচতুর্দ্দশী।
রটিত, (রট) ঘোষিত; প্রচারিত; বিখ্যাত
রড়ন, (রড়) শীঘ্রগমন, দৌড়ন।
রণ, (রণ) সংগ্রাম সমর, যুদ্ধ, লড়াই।
রণকৃতী, (রণ-কৃতিন) রণকুশল, রণপণ্ডিত, যুদ্ধে নিপুণ।
রণজয়, সমর বিজয়, যুদ্ধ জয়। [জয়কারী।
রণজয়ী (রণ-জয়িন) যুদ্ধে জয় প্রাপ্ত, পরা
রণতূর্য্য, যুদ্ধবাদ্য, সংগ্রাম পটহ, রণবাদ্য।
রণপ্রিয়, যোদ্ধা, শ্যেনপক্ষী; উশীর, বীরণ মূল, বেণার মূল।
রণবাদ্য, যুদ্ধপটহ, রণতূর্য্য।
রণভঙ্গ, যুদ্ধে পরাস্ত হওন, পরাভব।
রণভঞ্জন, যুদ্ধ ভঙ্গকরণ।
রণভূমি, সমরক্ষেত্র, যুদ্ধস্থল।
রণমত্ত, যোদ্ধৃত; মত্ত হস্তী।
রণরঙ্গ রণকাতর, হস্তী।
রণরণ, মশক, মশা, বিরহ স্মরণ।
রণরণক উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।
রণসঙ্কুল তুমুলসংগ্রাম, ঘোরতর যুদ্ধ।
রণসজ্জা, যুদ্ধকালে বাজাইবার উপযুক্ত ভেরী, রণ বাদ্যবিশেষ। [মূর্খ।
রণ্ড, (রম) নিষ্ফল, ফলহীন, আশ্রয়হীন;
রণ্ডক, (রণ্ড) অফল বৃক্ষ, ঝাঁড়া গাছ।
রণ্ডা, (রম) বিধবা, রাঁড়, মূষিকপর্ণী বৃক্ষ, ইঁদুরকাণী গাছ।
রণ্ডাশ্রমী, (রণ্ড-আশ্রমিন) অষ্টচত্বারিংশৎ বৎসরোপরি ভার্য্যাহীন, আটচল্লিশ বৎসরের পর স্ত্রী বিহীন ব্যক্তি।
রণ্ডী, (রণ্ডা) পতিহীনা স্ত্রী, বিধবা, রাঁড়।
রত, (রম) আসক্ত, অনুরক্ত; মৈথুন, রমণ, রতিক্রিয়া, শৃঙ্গার।
রতকীল কুক্কুর; সুরত কণ্টক।
রতকূজিত, মৈথুন কালীন ধ্বনি।
রতগুরু, কান্ত, পতি, স্বামী, ভর্ত্তা।
রতজ্বর, কাক, বায়স।
রততালী, জার, ষিড়্গ, উপপতি লম্পট; কুট্টিনী, কুটনী।
রতনারীচ নারী দিগের শীৎকার শব্দ; কুক্কুর, কন্দর্প, জার, উপপতি।
রতনিধি, পক্ষিবিশেষ, খঞ্জন, খঞ্জরীট।
রতব্রণ, কুক্কুর, সারমেয়, কুকুর।
রতশায়ী, কুক্কুর, কুকুর, সারমেয়।
রতহিণ্ডক, স্ত্রীচোর, নারী চোর; লম্পট, লোচ্চা; ব্যলীক।
রতা, (রত) আসক্তা, অনুরাগিণী।
রতান্দুক, কুক্কুর, কুকুর, সারমেয়।
রতান্ধ্রী, কুজ্ঝটী, কুয়াসা, কোহাড়া।
রতামর্দ্দ, কুক্কুর, শ্বা, কুকুর, সারমেয়।
রতায়নী, বেশ্যা, বারবিলাসিনী, বারাঙ্গনা, বারযোষিৎ। [কামুকী।
রতার্থিনী, (রত-অর্থিন) মৈথুনাভিলাষিণী,
রতার্থী, (রত-অর্থিন) মৈথুনাভিলাষী কামুক
রতি (রম) কামদেব পত্নী; আসক্তি, রাগ; অনুরাগ; মৈথুন, রমণ।
রতিকুহর, যোনি, ভগ; স্ত্রী চিহ্ন।
রতিকূজিত, শৃঙ্গারকালীন শব্দ, রমণধ্বনি।
রতিক্রিয়া, মৈথুন, সুরমণ, স্ত্রীসংস্পর্শ।
রতিগৃহ, (রতি-গৃহ) যোনি, ভগ।
রতিপতি, কামদেব, মদন, মার, কন্দর্প।

রতিপ্রিয়, কামদেব ; সুরতপ্রিয়, কামুক, ল
ম্পট ; রমণেচ্ছু ।
রতিমন্দির, (রতি-মন্দির) যোনি, ভগ ।
রতিরমণ, কামদেব, মদন, মন্মথ ।
রতিলক্ষ, নিধুবন, মৈথুন, শৃঙ্গার ।
রতিসম্বরা, শাকবিশেষ, পিড়িঙ্গ শাক ।
রত্তি, (রক্তিকা) পরিমাণ বিশেষ, গুঞ্জা পরি-
মাণ, এক কুঁচ ওজন ।
রত্তিকা, (রক্তিকা) পরিমাণবিশেষ, গুঞ্জা প-
রিমাণ এক কুঁচ ওজন ।
রত্ন, (রম) মুক্তাদি, মণি ; শ্রেষ্ঠ ।
রত্নকন্দল, রত্নবিশেষ, প্রবাল, পলা ।
রত্নকূট, পর্ব্বত বিশেষ, রত্নগিরি ।
রত্নগর্ভ, (রত্ন-গর্ভ) কুবের, সমুদ্র, রত্নাকর
রত্নগর্ভা (রত্নগর্ভ) পৃথিবী, গুণবৎ পুত্রবতী
রত্নজিবী, (রত্ন-জীবিন) রত্নাদি বিক্রেতা
মণিবিক্রেতা ।
রত্নদীপ, রত্ননির্ম্মিত স্থান ।
রত্ননিধি, পক্ষিবিশেষ, খঞ্জন পক্ষী
রত্নবণিক, মণিকার, জৌহরী, রত্নবিক্রেতা
রত্নবতী (রত্নবৎ) পৃথিবী ; বসুধা ।
রত্নবর্ষক পুষ্পক রথ, রত্নবর্ষণশীল ।
রত্নময়, (রত্ন) মণিবিরচিত, মণিময় রত্নযুক্ত
রত্নমুখ্য প্রধান রত্ন, হীরক, হীরা
রত্নরাজ, মাণিক্য, রত্নশ্রেষ্ঠ ।
রত্নসানু, সুমেরু পর্ব্বত ।
রত্নসিংহাসন, রত্নাদি দ্বারা নির্ম্মিত সিংহাসন
রত্নসূ, পৃথিবী, ধরণী, বসুধা । স্থান
রত্নাকর, (রত্ন-আকর) সমুদ্র ; রত্নোৎপত্তি
রত্নাঙ্ক, (রত্ন-অঙ্ক) বিষ্ণুরথ, রত্নচিহ্ন ।
রত্নাবলী, (রত্ন-আবলী) গ্রথিত মণি শ্রেণী,
মণিময় হার ; রাজকন্যা বিশেষ ।
রত্নাভরণ, (রত্ন-আভরণ) মণিময় অলঙ্কার,
জড়াও গহনা, রত্নালঙ্কার ।
রত্নি, (ঋ) বদ্ধ মুষ্টি, মুটুম হাত ।
রত্যঙ্গ, (রতি-অঙ্গ) যোনি, ভগ ।
রত্যাসক্ত, (রতি-আসক্ত) রিরংসু ; কামুক,
লম্পট । [দেহ, কায়, চরণ, পা ।
রথ, (রম) চক্রবিশিষ্ট যুদ্ধার্থ যান
রথকড্যা, রথ সমূহ, বহু রথ ।
... নির্ম্মাণ কর্ত্তা ; সূত্রধর,
সূত্রধর ... কারী ।
রথকার ... রথ নি-
রথকুটুম্বী- সারথি, রথচালন কর্ত্তা ।

রথগর্ভক, স্কন্ধবাহ্য যান, নররথ, শিবিকা,
পাল্কী, ডুলি ইত্যাদি ।
রথচরণ, চক্রবাক পক্ষী ; রথের চক্র ।
রথদ্রু, বৃক্ষ বিশেষ, তিনিশ গাছ ।
রথপর্য্যায় বেতস বৃক্ষ বেতগাছ ।
রথপাদ, চক্র, চাকা, রথাঙ্গ ।
রথযাত্রা, শ্রীকৃষ্ণের রথোপরি উত্থানোৎসব
রথযাত্রী, (রথ-যাত্রিন) রথ যুদ্ধার্থ গমন-
কারী । [পক্ষী ।
রথাঙ্গ, (রথ-অঙ্গ) চক্র, চাকা, চক্রবাক-
রথাঙ্গপাণি, বিষ্ণু, নারায়ণ চক্রী ।
রথারোহী (রথ-অবরোহিন) রথস্থ যুদ্ধ-
কর্ত্তা, রথযোদ্ধা
রথারোহী, (রথ-আরোহিন) রথী, স্যন্দনা-
রোহী রথে আরোহণকর্ত্তা । [তিনিশ বৃক্ষ
রথিক, (রথ) রথী ; রথস্থ যুদ্ধকারী ;
রথী, (রথিন) রথস্বামী, রথারোহী ।
রথ্যা, (রথ) রথবাহক, ঘোটক, চক্র, চাকা ।
রথ্যা, (রথ) রথ সমূহ ; অভ্যন্তর মার্গ,
পন্থা, পথ ।
রদ, (রদ) দশন, দন্ত, দাঁত ; বর্জ্জিত ।
রদচ্ছদ ওষ্ঠ ঠোঁট, বদনচ্ছদ ।
রদন, (রদ) দন্ত, দশন, দাঁত, খোঁড়ন ।
রদনচ্ছদ, ওষ্ঠ, অধর রদচ্ছদ ।
রদনী, (রদন) হস্তী, দন্ত বিশিষ্ট ।
রদী (রদ) দন্তবিশিষ্ট, হস্তী, গজ ।
রন্তিদেব বিষ্ণু, চন্দ্রবংশীয় রাজা বিশেষ ;
কুক্কুর, কুকুর সারমেয় ।
রন্ধ, (রম) বর্ত্ম, পথ, নদী ।
রন্ধন, (রধ) পাক, রসুই ।
রন্ধনগৃহ, (রন্ধন-গৃহ) পাকশালা, রন্ধনাগার
রন্ধনশালা, পাকগৃহ, রান্ধিবার ঘর মন্দির ।
রন্ধনাগার, (রন্ধন-আগার) রন্ধনালয় ব-
রন্ধ্র, (রম) ছিদ্র, ছেঁদা ; বিবর, দূষণ দোষ
রন্ধ্রবংশ ছিদ্রযুক্ত বংশ, ছেঁদা বাঁশ,
ফোঁপরা বাঁশ ।
রন্ধ্রবভ্রু, উন্দুরু মূষিক, ইঁদুর ।
রব, (রু) শব্দ, ধ্বনি, নাদ ।
রবণ (রব) কাংস্য, কাঁসা, ধ্বনি শব্দ উষ্ট্র,
উট, কোকিল ; চঞ্চল ।
রবথ, কোকিল, পিক, পরভৃত, কুহুকণ্ঠ ।
রবাব, (রাব) বেহালা, তারযুক্ত বাদ্যযন্ত্র-
বিশেষ ।
রবাহূত, (রব-আহূত) অনিমন্ত্রিত অনাহূত

রসমর্দ্দন, পারদ [illegible] চূর্ণিত পারা, পারা [illegible]।
রস[illegible] [illegible], রসা
রস[illegible] উপধাতু বিশেষ।
রসরাজ, (রস-রাজন) পারদ, পারা; [illegible]
রসলোহ, পারদ, পারা।
রসসিন্দূর, ঔষধ বিশেষ।
রসস্থান, হিঙ্গুল; শরীরের ধাতু বিশেষ।
রসহীন, (রস-হীন) নীরস, শুষ্ক, রসশূন্য।
রসা, (রস) পৃথিবী, ধরণী; ভূমি; রসনা, জিহ্বা; অর্দ্ধ ভিজা, রস্ক, দধী।
রসাখন, কুক্কুট, কুকুড়া, মোরগ।
রসাঞ্জন, (রস-অঞ্জন) রসজাত অঞ্জন বিশেষ, রসাঞ্জন। [সরস, রসান্বিত।
রসাঢ্য, (রস-আঢ্য) আম্রাতক আমড়া;
রসাতল, পাতাল, পৃথিবীর অধোভাগস্থ
রসাদান, (রস-আদান) শোষণ, শুষ্ক করণ।
রসাধার, (রস-আধার) সূর্য্য, রসের আধার।
রসাধিক, (রস-অধিক) টঙ্কণ, সোহাগা, অধিক রস।
রসাধিকা, (রসাধিক) কাকোলী দ্রাক্ষা।
রসান, (রস) আর্দ্রকরণ, ভিজান, স্বর্ণাদি মার্জ্জন, উজ্জ্বল করণ।
রসানি, (রস) নির্গত রস, ক্লেদ, পুঁষ।
রসাভাস, (রস-আভাস) অনৌচিত্য বিশিষ্ট রস। [বিশেষ, স্বর্ণাদি উজ্জ্বল করণ।
রসায়ন, (রস-অয়ন) বিষপ্রয়োগ, ঔষধ
রসায়নফলা, হরীতকী।
রসায়নশ্রেষ্ঠ, পারদ, পারা।
রসাল, (রস) ইক্ষু, আউক; আম্র, আঁব; পনস, কাঁঠাল, রসযুক্ত, সুরস।
রসালসা, (রসাল-সে) নাড়ী, ধমনী।
রসালা, (রসাল) জিহ্বা, রসনা, [illegible]; দ্রাক্ষা
রসালী, (রসাল) পুণ্ড্রক ইক্ষু, পুঁড়া আউক
রসাশ্বাসা, পলাশী লতা।
রসাস্বাদ (রস-আস্বাদ) রসগ্রহ, রস অনুভব
রসাস্বাদী, (রস-আস্বাদিন) ভ্রমর, রসাস্বাদ [illegible]
[illegible] ([illegible]) সালগাছ; সর্জ্জ [illegible]
রসিক, (রস) [illegible], রসবেত্তা, সারস [illegible]
ঘোটক; হস্তী। [illegible], [illegible]।
রসিকতা, (রসিক) সরসতা, [illegible], [illegible]
রসিকা, (রস) [illegible], [illegible], [illegible], [illegible]
রসিকেশ্বর, (রসিক-ঈশ্বর) [illegible], [illegible] শ্রেষ্ঠ।

রসিত, (রস) স্বর্ণাদিতে খচিত; মণ্ডিত; মেঘ শব্দ; বায়ু।
রসী (রস) দধী, রসযুক্ত।
রসুই, (রস) রন্ধন, পাক করণ, অন্নাদিপচন
রসুইয়া, (রসুই) পাচক, রন্ধনকারী।
রসুন, (লশুন) মূল বিশেষ, লশুন।
রসেন্দ্র (রস-ইন্দ্র) পারদ, পারা।
রসোত্তম, (রস-উত্তম) মুদ্গ, মুগ; শ্রেষ্ঠ রস
রসোদ্ভব, (রস-উদ্ভব) হিঙ্গুল; রসজাত।
রসোন, (লশুন) মূল বিশেষ, রসুন, লশুন।
রসোনক, মূল বিশেষ, রসুন, লশুন।
রসোপল (রস-উপল) মৌক্তিক, মুক্তা।
রস্ত, দ্রব্য, বস্তু, সামগ্রী।
রস্তু, (রস) রক্ত, শোণিত, রুধির।
রংহ, বেগ, বয়ঃ, জব।
রহঃ, (রহস) নির্জ্জন, বিরল, বিবিক্ত।
রহন, (রহ) নিবর্ত্ত হওন, তিষ্ঠন, থাকন।
রহস্য, (রহস) গোপনীয়, পরিহাস কৌতুক।
রহস্যজ্ঞ, (রহস্য-জ্ঞা) মর্ম্মজ্ঞ; যাথার্থ্যবিৎ।
রহিত, (রহ) বর্জ্জিত; ত্যক্ত; নিবৃত্ত।
রক্ষঃ, (রক্ষস) রাক্ষস, নিশাচর। [কারক।
রক্ষক, (রক্ষ) রক্ষা কর্ত্তা, পালক, ত্রাণ-
রক্ষকা ক রোগ বিশেষ, মূত্রকৃচ্ছ্ররোগ।
রক্ষণীয়, (রক্ষ) পালনীয়, প্রতিপাল্য, রক্ষণোপযুক্ত।
রক্ষস, (রক্ষ) রাক্ষস, হিংস্রজাতি বিশেষ।
রক্ষা, (রক্ষ) রক্ষণ, পালন, পরিত্রাণ।
রক্ষাপত্র, ভূর্জ্জপত্র, ভোজপাত।
রক্ষিত, (রক্ষ) রক্ষাকৃত, রক্ষা করা; গোপা রাখা; প্রতিপালিত। [ত্রাণকর্ত্তা।
রক্ষিতা, (রক্ষ) রক্ষাকর্ত্তা, প্রতিপালক;
রক্ষিবর্গ, রাজার শরীর রক্ষকগণ।
রক্ষোঘ্ন, (রক্ষস-হন) কাঞ্জিক, কাঞ্জী, হিঙ্গু, হিং, শ্বেতসর্ষপ, রাই সরিষা।
রক্ষোঘ্নী, (রক্ষস-হন) ঔষধবিশেষ, বচা, বচ
রক্ষোজননী, (রক্ষস-জননী) রাত্রি, রাক্ষস মাতা। [গন্ধদ্রব্য বিশেষ।
রক্ষোহা, (রক্ষস-হন) গুগ্‌গুলু, গুগ্‌গুল,
রক্ষ, ত্রাণ, রক্ষণ, পালন। [রাধিকা।
রাই, (রাজিকা) শ্বেত সর্ষপ, শাদা সরিষা,
রাইসরিষা, রাজিকা, শ্বেত সর্ষপ।
রাউটি, (রহ) তাম্বু, বস্ত্র গৃহ।
রাং, (রঙ্গ) ত্রপু, রাঙ্গ, ধাতু বিশেষ।
রাংচিতা, রক্তচিত্রক বৃক্ষ।

রাজশাস্ত্রবিদ্যায় নিপুণ।

রাজটীকা, (রাজন-টীকা) রাজতিলক, রাজ্যাভিষেক, নৃপপদপ্রাপক সংস্কার।

রাজত (রজত) রজত নির্ম্মিত; রৌপ্যময়।

রাজতরু, কর্ণিকার বৃক্ষ, আরগ্বধবৃক্ষ, সোঁদালি গাছ।

রাজতরুণী, পুষ্পবিশেষ, স্বর্ণ পুষ্প।

রাজতা, (রাজন) রাজত্ব, নৃপপদ, রাজসমূহ।

রাজতাল গুবাক বৃক্ষ, গুপারী গাছ।

রাজতী, (রাজন) রাজ্য, রাজত্ব।

রাজত্ব, (রাজন) রাজতা, রাজপদ নৃপত্ব।

রাজদণ্ড, রাজশাসন, বিচার দ্বারা অপরাধির দমন।

রাজদেশীয়, (রাজন-দেশ) রাজকল্প, রাজতুল্য

রাজদেশ্য, (রাজনদেশ) রাজকল্প, রাজতুল্য, নৃপতির সদৃশ। [চেষ্টা, নৃপতির মন্দবাঞ্ছা।

রাজদ্রোহ, (রাজন-দ্রোহ) রাজার অনিষ্ট

রাজদ্রোহী, (রাজন-দ্রোহিন) রাজার অহিতাকাঙ্ক্ষী, নৃপতির অনিষ্টইচ্ছুক।

রাজদ্বার, রাজসভা, রাজার বিচারস্থান।

রাজধর্ম্ম, রাজার কর্ত্তব্যকর্ম্ম, নৃপতির উচিত কার্য্য, রাজনীতি, রাজব্যবহার

রাজধর্ম্মবেত্তা, (রাজধর্ম্ম-বেত্ত) রাজধর্ম্মজ্ঞ।

রাজধানী, (রাজ-ধানী) রাজপুরী, ভূপতির বাসস্থান। [সাধান।

রাজধান্য, ধান্যবিশেষ, শ্যামাক ধান্য, শ্যা-

রাজধুস্তুর, (রাজন-ধুস্তুর) বড় ধুতুরা।

রাজনীতি, (রাজন-নীতি) রাজনিয়ম, রাজার কর্ত্তব্যকর্ম্ম, নৃপতির উচিত আচার।

রাজনীল, রত্ন বিশেষ, মরকত মণি, নীলকান্তমণি, পান্না। [কারিকা বৃক্ষ।

রাজন্য, (রাজন) ক্ষত্রিয়; রাজপুত্র, অগ্নি।

রাজন্যক, (রাজন) ক্ষত্রিয় সমূহ।

রাজন্বান, সুরাজযুক্ত দেশ, প্রজাপালনাদি স্বধর্ম্ম পরায়ণ রাজযুক্ত দেশ।

রাজপটোল, পটোল বিশেষ বৃহৎ পটোল।

রাজপট্ট, মণি বিশেষ; নৃপতির সিংহাসন।

রাজপট্টিকা, পক্ষি বিশেষ চাতকপক্ষি।

রাজপত্নী, (রাজন-পত্নী) রাণী, রাজমহিষী।

রাজপথ, (রাজন-পথিন) রাজমার্গ; প্রশস্ত

রাজপলাণ্ডু, রক্তবর্ণ পলাণ্ডু, লালপ্যাজ।

রাজপাট, রাজসিংহাসন, রাজাসন।

রাজপুত্র, রাজকুমার যুবরাজ; বর্ণসঙ্কর বিশেষ, রাজপুত।

রাজপুত্রিকা, শরারি পক্ষী, শরালীপাখী, রাজকন্যা। [ছুছুন্দরী, চুঁচা।

রাজপুত্রী, রাজকন্যা; কটুতুম্বী, তিতলাউ,

রাজপুর, ভূপতির বাসস্থান, রাজবাটী।

রাজপুরী, রাজধানী, ভূপতির বাসস্থান।

রাজপুষ্প, পুষ্প বিশেষ, নাগকেশরপুষ্প।

রাজফল, (রাজন-ফল) পটোল।

রাজফলা, (রাজন-ফল) জম্বু, জাম।

রাজবংশী, বর্ণসঙ্কর জাতি বিশেষ।

রাজবংশ্য, (রাজবংশ) রাজবংশোদ্ভব, নৃপকুলজাত। [ধুব কুল।

রাজবদর, উত্তম কোলি, নারিকেলিকুল, স্-

রাজবর্ত্ম, (রাজন-বর্ত্মন) রাজপথ, সদরপথ রাজমার্গ, প্রশস্ত রাস্তা।

রাজবলা, ভদ্রবলা, গন্ধভাদালিয়া লতা।

রাজবল্লভ, (রাজন-বল্লভ) রাজার প্রিয়, রক্তবদর, উত্তম কুলফল।

রাজবল্লী, লতাজাত তরুফল বিশেষ, উচ্ছা।

রাজবাটী, (রাজন-বাটী) রাজগৃহ, নৃপালয়, রাজপুরী। [জপুরী।

রাজবাড়ী, রাজবাটী, রাজগৃহ, নৃপালয়, রা-

রাজবান্ (রাজন) রাজমাত্র যুক্ত দেশ।

রাজবাহ, ঘোটক, অশ্ব, ঘোড়া।

রাজবাহ্য, (রাজন-বহ) রাজবাহক হস্তী, বিজয় কুঞ্জর। [বংশোদ্ভব।

রাজবীজী, (রাজন-বীজ) রাজবংশ্য, রাজ-

রাজবৃক্ষ, আরগ্বধ বৃক্ষ, সোঁদালি গাছ, পিয়াল বৃক্ষ, পিয়াশাল গাছ, লঙ্কাসিজ।

রাজব্যাপার, (রাজন-ব্যাপার) নৃপাচরণ, ভূপতির ব্যবহার।

রাজভট, রাজকীয় সেনা, নৃপসৈন্য।

রাজভদ্রক, কুষ্ঠ, কুড়; নিম্ব, নিম, পারিভদ্র বৃক্ষ, পারুলগাছ।

রাজভূয়, রাজত্ব, নৃপত্ব, রাজতা।

রাজমণ্ডুক, বৃহৎ ভেক, বড় বেঙ্গ, মহামণ্ডুক, সোণা ব্যাং।

রাজমল্ল, (রাজন-মল্ল) রাজার মল্ল, রাজার মাল। [রাজপত্নী।

রাজমহিষি, (রাজন-মহিষী) রাজরাণী,

রাজমার্গ, রাজপথ, বৃহৎ পথ, প্রশস্ত বর্ত্ম।

রাজমাষ, বর্ব্বট কলায়; বরবটীকলাই।

রাজযক্ষ্মা, (রাজন-যক্ষ্মন) ক্ষয়রোগ বিশেষ, ক্ষয়কাশ। [উপযুক্ত।

রাজযোগ্য, রাজার্হ, নৃপোচিত, রাজার

রাঢ়, (রহ) দেশ বিশেষ, গঙ্গার পশ্চিম তীরস্থ জনপদ।
রাঢ়া, সুন্দর; শোভা; পুরী বিশেষ।
রাঢ়ী, (রাঢ়) রাঢ়ীয়, রাঢ়দেশোদ্ভব, রাঢ়দেশোৎপন্ন।
রাঢ়ীয়, (রাঢ়) রাঢ় দেশোদ্ভব, রাঢ়ী।
রাণা, (রণ) পুষ্করিণ্যাদির সোপান বিশেষ, সোপানের পার্শ্ববর্ত্তি স্থান।
রাণী (রাজন) রাজ্ঞী, রাজমহিষী।
রাত্তারাত্তি, (রাত্রি) রাত্রিকালে, রাত্রির মধ্যে, রাত্রি থাকিতেং।
রাত্তি, (রাত্রি) রজনী, যামিনী, নিশা।
রাত্তিকাণা, রাত্র্যন্ধ, রাত্রিকালে দৃষ্টিহীন।
রাত্রি, (রা) রজনী, যামিনী, নিশা; হরিদ্রা, হলুদ।
রাত্রিকর, চন্দ্র, নিশাকর, শশী।
রাত্রিচর, রাক্ষস, নিশাচর।
রাত্রিচরী, (রাত্রিচর) নিশাচরী, রাক্ষসী।
রাত্রিজল, কুজ্ঝটি, কুয়াসা; হিম শিশির
রাত্রিজাগর, কুকুর, রাত্রিকালে জাগরণকারী
রাত্রিজাগরদ, মশক, মশা।
রাত্রিঞ্চর, (রাত্রি-চর) রাক্ষস, নিশাচর; রাত্রিতে চরণশীল।
রাত্রিঞ্চরী, (রাত্রিচর) রাক্ষসী, নিশাচরী।
রাত্রিপুষ্প, উৎপল, কহ্লার, কেল।
রাত্রিবাস, অন্ধকার; রাত্রিতে শয়নার্থ পরিধেয় বস্ত্র।
রাত্রিবিগম, প্রভাত, প্রত্যুষ প্রাতঃকাল।
রাত্রিবেদ, কুক্কুট, কুকুড়া, মোরগ।
রাত্রিমট, (রাত্রি-অট) রাক্ষস, রাত্রিচর; রাত্রিকালে পর্য্যটনকারী।
রাত্রিমণি, (রাত্রি-মণি) চন্দ্র, বিধু, শশাঙ্ক।
রাত্রিযেগে, নিশাকাল, রজনী সময়। [কহ্লার
রাত্রিহাস, শ্বেতোৎপল, শাদা হেলা, শ্বেত
রাত্রিহিণ্ডক, অন্তঃপুর রক্ষক; প্রহরী।
রাত্রী, (রা) নিশা, যামিনী, রজনী।
রাত্র্যাট, (রাত্রি-অট) রাক্ষস; রাত্রিকালে ভ্রমণকারী।
রাত্র্যন্ধ, (রাত্রি-অন্ধ) রাত্রিকালে দৃষ্টিহীন ব্যক্তি রাত্তিকাণা, রাত্রি সময়ে স্বাভাবিক দৃষ্টিহীন পক্ষী।
রাদ্ধ, পক্ক; সিদ্ধ।
রাদ্ধান্ত, সিদ্ধান্ত, মীমাংসা নিষ্পত্তি।
রাধ, বৈশাখ মাস। [সেবন।
রাধন, (রাধ) সাধন; প্রাপণ; সন্তোষণ;
রাধা, (রাধ) গোপীবিশেষ, শ্রীকৃষ্ণের প্রেয়সী; বিশাখা নক্ষত্র; বিদ্যুৎ।
রাধাকান্ত, শ্রীকৃষ্ণ; রাধানাথ।
রাধাবল্লভ, রাধানাথ, কৃষ্ণ। [প্রেয়সী।
রাধিকা, (রাধা) বৃষভানুসুতা; শ্রীকৃষ্ণের
রাধেয়, (রাধা) প্রসিদ্ধ বীর বিশেষ, কর্ণ।
রান্না, (রন্ধন) অন্নাদি পাককরণ।
রান্নাঘর, পাকশালা, পাকালয়, রন্ধন গৃহ।
রাব, (রু) শব্দ, রৌরব, ধ্বনি, নাদ। [দশানন।
রাবণ, (রু) লঙ্কাধিপতি, লঙ্কেশ, দশকন্ধর,
রাবণগঙ্গা, সিংহল দেশস্থ নদীবিশেষ।
রাবণারি, (রাবণ-অরি) শ্রীরামচন্দ্র, রাবণের বৈরী।
রাবণি (রাবণ) রাবণপুত্র ইন্দ্রজিৎ।
রাম, (রম) দশরথ রাজপুত্র; বলরাম; পরশুরাম; পশুবিশেষ; বাস্তুক শাক, বেতোশাক।
রামকদলী, (রাম-কদলী) রামরম্ভা।
রামকরী, (রাম-কৃ) রাগিণী বিশেষ, রামকেলী রাগিণী।
রামকপূর, তৃণবিশেষ।
রামকলী (রাম-কল) রাগিণীবিশেষ।
রামকুড়া, কুটীর, ক্ষুদ্রগৃহ, কুঁড়েঘর।
রামকেলী, (রাম-কেলী) রাগিণীবিশেষ।
রামখড়ী, খড়ীবিশেষ, কঠিনী; মৃত্তিকা বিশেষ।
রামগিরি, পর্ব্বত বিশেষ, চিত্রকূট পর্ব্বত।
রামচন্দ্র, দশরথ রাজার পুত্র, শ্রীরাম, রাঘব, রঘুনাথ, জানকীবল্লভ।
রামচর্দ্দনক, মদন বৃক্ষ, ময়না গাছ।
রামছাগল, ছাগবিশেষ, বৃহৎ ছাগল।
রামজননী, বলদেবের মাতা, রোহিণী; শ্রীরামের মাতা, কৌশল্যা। [সিন্দুক।
রামণীয়ক, (রমণী) রমণীয়, মনোজ্ঞ; রমণী
রামতরুণী তরুণীপুষ্প, সেউতী ফুল।
রামতুলসী, বৃক্ষবিশেষ, রামদূতী।
রামদূত, হনুমান, পবন নন্দন।
রামদূতী, তুলসী বিশেষ, রামতুলসী।
রামধনুক, শক্রধনুঃ; ইন্দ্রায়ুধ। [তিথি।
রামনবমী, চৈত্র শুক্লনবমী, শ্রীরামের জন্ম-
রামপূগ, গুবাকবিশেষ, রামগুপারী।
রামবাণ, ঔষধ বিশেষ, শ্রীরামচন্দ্রের শর
রামবীণা, (রাম-বীণা) বীণা বিশেষ।

রামভদ্র, শ্রীরামচন্দ্র, দশরথ সুত।
রামরম্ভা, (রাম-রম্ভা) রামকদলী, রামকলা
রামরম্ভোরু, (রামরম্ভা-উরু) রামরম্ভা সদৃশ উরুযুক্ত।
রামশর, শর বৃক্ষ বিশেষ।
রামশিলা, (রাম-শিলা) তীর্থ বিশেষ।
রামসখা, (রাম-সখা) শ্রীরামচন্দ্রের মিত্র, সুগ্রীব; কপিশ্রেষ্ঠ, বানর বিশেষ।
রামসেনক, ভূনিম্ব, চিরতা; কটফল
রামা, (রম) উৎকৃষ্টা স্ত্রী; বোবা; হিঙ্গু; ...ন; শ্বেত কন্টকারি; অশোক কলিকা; গোরোচনা, গৈরিক মৃত্তিকা।
রামাৎ, (রাম) নাগা, রামোপাসক বৈরাগী বিশেষ। [বিষয়ক কাব্য, রামচরিত গ্রন্থ।
রামায়ণ, (রাম-অয়ন) রামকর্ত্তৃক রাবণবধ
রামিল, রমণ; কামদেব, কন্দর্প।
রায়, (রৈ) উপাধি বিশেষ; সম্মতি, মত, অভিপ্রায়।
রায়ণ, পীড়া, রোগ, ব্যামোহ [বিশেষ
রায়বাঁশ, (রায়-বংশ) বংশ নির্ম্মিত অস্ত্র-
রায়বাঁশিয়া, (রায়বাঁশ) শস্ত্র বিশেষ ধারক
রায়বাঘিনী, (রায়-বাঘিনী) অত্যন্ত ব্যাপিকা স্ত্রী, অতিশয় প্রবলা অবলা।
রায়ভাটী, নদীর স্রোতোবিশেষ, আওড়।
রাল, সালবৃক্ষ, সালগাছ।
রালকার্য্য, শালবৃক্ষ, সালগাছ।
রাশি, (অশ) ধান্যাদি সমূহ; পুঞ্জ, স্তূপ; জ্যোতিশ্চক্রেরদ্বাদশ অংশ, মেষাদিদ্বাদশ
রাশিচক্র, মেষাদি দ্বাদশ রাশি যুক্ত বৃত্ত, জ্যোতিষ চক্র। [নাম, গুপ্ত নাম
রাশিনাম (রাশি-নামন) জন্মরাশি ঘটিত
রাশিভোগ, সূর্য্যাদি গ্রহের একই রাশিতে নিয়মিত কাল অবস্থান
রাশীকৃত, বহুল, পুঞ্জীকৃত, স্তূপাকার।
রাশীভূত, স্তূপাকার, বহুল, পুঞ্জ।
রাষ্ট্র, (রাজ) বিষয়, জনপদ, রাজ্য; ব্যক্ত, প্রচার, প্রকাশ। [দেশবাসী, রাজ্যবাসী।
রাষ্ট্রনিবাসী, (রাষ্ট্র-নিবাসিন) জানপদলোক
রাষ্ট্রভঙ্গ, দেশোপদ্রব, দেশ ব্যাপক উৎপাত, রাজ্যব্যাপী উপদ্রব।
রাষ্ট্রিয়, (রাষ্ট্র) নাট্যোক্তিতে রাজশ্যাল।
রাষ্ট্রীয়, (রাষ্ট্র) নাট্যোক্তিতে, রাজশ্যাল; রাজ্য সম্বন্ধীয়, রাজ্যসংক্রান্ত
রাস, (রস) শৃঙ্খল; ভগবানের ক্রীড়া বিশেষ, শ্রীকৃষ্ণের লীলা। [রা সম্বন্ধীয়।
রাসন, (রসনা) রসনেন্দ্রিয় জন্য জ্ঞান, জি-
রাসভ, (রস) খর, গর্দ্দভ, গাধা।
রাসভী, (রাসভ) গর্দ্দভী, গাধী।
রাসমঞ্চ, শ্রীকৃষ্ণের রাসক্রীড়ার স্থান।
রাসমণ্ডপ, শ্রীকৃষ্ণের রাসক্রীড়া স্থল
রাসযাত্রা, শ্রীকৃষ্ণের রাসক্রীড়া
রাসযাত্রী, (রাস-যাত্রিন) রাসক্রীড়া দর্শনাভিলাষী। [উৎসব; পরিহাস।
রাসেরস গোষ্ঠি সভা, পরিষদ; শৃঙ্গার;
রাসেশ্বরী, (রাস-ঈশ্বরী) রাধা, রাধিকা।
রাস্তা, (অস) বর্ত্ম, মার্গ, পথ। [বিশেষ।
রাস্না, (রস) লতাবিশেষ, রাসনলতা, ওষধি
রাহু, (রুহ) গ্রহ; অষ্টমগ্রহ, সৈংহি কেয়।
রাহুগ্রস্ত, চন্দ্র সূর্য্যের গ্রহণ।
রাহুগ্রাহ, রাহুগ্রাস, চন্দ্রসূর্য্যের গ্রহণ।
রাহুচ্ছত্র, আর্দ্রক, আদা।
রাহুদর্শন চক্ষুর্ব্বা বা রাহুরজ্ঞান, চন্দ্রসূর্য্যের গ্রহণ দর্শন।
রাহুপীড়া, চন্দ্র সূর্য্যেরগ্রহণ, উপরাগ।
রাহুরত্ন, রত্নবিশেষ, গোমেদক রত্ন।
রাহুস্পর্শ, উপরাগ, চন্দ্রসূর্য্যেরগ্রহণ।
রাহুহা, (রাহু-হন) বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
রাহূচ্ছিষ্ট, (রাহু-উচ্ছিষ্ট) লশুন, রশুন।
রাক্ষস, (রক্ষস) প্রাণিহিংসক জাতিবিশেষ নিশাচর, কৌণপ, ক্রব্যাদ, যাতুধান
রাক্ষসী, (রাক্ষস) প্রাণি হিংসক জাতীয়াস্ত্রী নিশাচরী, রাক্ষস পত্নী; বৃহদন্ত।
রাক্ষসীবেলা, সন্ধ্যার প্রাক্‌কাল, গোধুলি
রাক্ষসেন্দ্র, (রাক্ষস-ইন্দ্র) রাবণ, দশকণ্ঠ।
রাক্ষা, লাক্ষা, লা।
রিক্ত, (রিচ) শূন্য, হীন; খালি; নির্ধন।
রিক্তক, (রিক্ত) শূন্য, হীন, রহিত।
রিক্তা, (রিক্ত) তিথিবিশেষ, চতুর্থী নবমী-চতুর্দ্দশী। [দ্রব্যাদি।
রিকথ (রিচ) পৈতৃক ধন, বিত্ত, ঐশ্বর্য্য;
রিকথহারী, (রিকথ-হারিন) দায়াদ, ধনাধিকারী ধনহরণকর্ত্তা।
রিকথী, (রিকথ) ধনহারী, ধনাধিকারী।
রিঙ্খণ, স্খলন, বিগলন, ক্ষরণ, পতন।
রিঙ্গণ, (রিগ) স্খলন, চ্যুত হওন, ...
রিজুম, (রিজ) সম্বোধন; পুরিতোষ, ...
রিঠা, (রিষ্ট) ... ফল বিশেষ; মৎস্য বিশেষ, ইঠামাছ।

রিধম, কন্দর্প, কাম ; বসন্ত।
রিপু, (রপ) শত্রু, বৈরী, বিপক্ষ ; চোরক নামে গন্ধ দ্রব্য বিশেষ।
রিপুকুল, (রিপু-কুল) বৈরিবংশ ; শত্রুসমূহ
রিপুঘাতিনী, লতাবিশেষ, কুচুই লতা।
রিপ ফ, লগ্নাপেক্ষা দ্বাদশ রাশি।
রিপ্র, অধম, নীচ, জঘন্য।
রিরী, পিত্তল, পিতল ; অব্যক্ত শব্দ।
রিশ, হিংসা, দ্বেষ, ঈর্ষা।
রিশ্য, মৃগ, এণ, হরিণ।
রিষি, ঋষি, মুনি, তপস্বী।
রিষ্ট, (রিষ) শুভ, ক্ষেম, কল্যাণ, অশুভ- অমঙ্গল ; পাপ ; বস্ত্রাদি ক্ষালনযোগ্য ফল, রিটা।
রিষ্টক রক্ত শিগ্রু, লাল শজিনা।
রিষ্টি, (রিষ) অশুভ ; খড়্গ ; শস্ত্র বিশেষ
রিষ্য, (রিষ) মৃগবিশেষ।
রীজ্যা, ঘৃণা ; অপ্রবৃত্তি ; অবজ্ঞা
রীঠা, (রিষ্টক) করঞ্জ বিশেষ ; রীঠা ফল, মৎস্য বিশেষ। [পীঠের শির দাঁড়া।
রীঢক, (রিহ) পৃষ্ঠদেশের অস্থি, মেরুদণ্ড,
রীঢ়া, অবজ্ঞা, ঘৃণা, তাচ্ছল্য।
রীণ, ক্ষরিত জলাদি ; চ্যুত, স্খলিত।
রীত, (রীতি) চরিত্র, ব্যবহার।
রীতি (রী) স্বভাব ; চরিত্র ; ব্যবহার ; ধারা ; পিত্তল ; লৌহকিট, লোহার মড়িচা ; দগ্ধ স্বর্ণাদির মল। [পিতল।
রীতিকা, (রীতি) কুসুমাঞ্জন ; পিত্তল,
রীতিজ্ঞ, (রীতি-জ্ঞা) ব্যবহারজ্ঞ, আচার জ্ঞাতা। [মৎস্য বিশেষ, রোহিত মৎস্য।
রুই, (রোহিত) বল্মীক কীট, উইপোকা,
রুক, বহুপ্রদ, বহুদাতা, মহাবদান্য।
রুক্, শোভা ; দ্যুতি ; ইচ্ছা ; বাঞ্ছা, রুচি ; রোগ, পীড়া। [শান্ত করণ, ভৈষজ্য।
রুক্প্রতিক্রিয়া, চিকিৎসা দ্বারা রোগ
রুক্ম, (রুচ) কাঞ্চন, সুবর্ণ, সোনা, ধুতুরা ; নাগকেশর পুষ্প।
রুক্মকার, (রুক্ম-কৃ) স্বর্ণকার, সেকরা।
রুক্মাঙ্গদ, (রুক্ম-অঙ্গদ) রাজাবিশেষ, ভীষ্মকরাজপুত্র।
রুক্মিণী, (রুক্ম) কৃষ্ণের মহিষীবিশেষ, ভীষ্মক রাজকন্যা ; লক্ষ্মী, কমলা।
রুক্মিদর্প, বলদেব, হলধর, বলরাম।
বলদেব, বলরাম, হলধর।

রুক্মিভিৎ, বলদেব, বলরাম।
রুক্মী, (রুক্ম) ভীষ্মক রাজের জ্যেষ্ঠ পুত্র।
রুক্ষ সন্ম, মল, বিষ্ঠা, পুরীষ।
রুক্ষ, (রুক্ষ) ক্ষীণ, ক্লিষ্ট ; অতৈল।
রুক্ষণ, (রুষ) কোপন ; ত্যক্ত হওন, বিরক্ত- হওন। [ণী পীড়িত।
রুগ্ন, (রুজ) রোগাদি দ্বারা কুটিলীকৃত, রো-
রুচক, (রুচ) অশ্বাভরণ ; মাল্য ; মাঙ্গল্য- দ্রব্য ; আদ্য রস, রোচনা ; বিড়ঙ্গ লবণ ; বীজপুর, ডালিম, নিষ্ক, মেহির ; দন্ত, দাঁত ; কপোত পায়রা। [পক্ষির বাক্য।
রুচা, (রুচ) দীপ্তি, শোভা ; শারি ও শুক
রুচি, (রুচ) অনুরাগ, আসক্তি ; ইচ্ছা, স্পৃহা অভিলাষ প্রবৃত্তি ; শোভা ; গোরোচনা
রুচিত, (রুচ) মিষ্ট বস্তু, স্বাদু দ্রব্য।
রুচির, (রুচ) মনোজ্ঞ, মনোহর, সুন্দর ; মিষ্ট ; কুঙ্কুম, লবঙ্গ।
রুচিরা, (রুচির) গোরোচনা ; মনোজ্ঞ, উৎ- কৃষ্ট। [ন্দর ঘোটক।
রুচিরাশ্ব, (রুচির-অশ্ব) রাজাবিশেষ, সু-
রুচিষ্য, মিষ্ট বস্তু ; অভিপ্রেত। [শোভা।
রুচী, (রুচ) প্রবৃত্তি, ইচ্ছা, স্পৃহা ; দীপ্তি ;
রুচ্য, (রুচ) মনোজ্ঞ, সুন্দর, রুচিজনক ; লবণবিশেষ সৌবর্চ্চ লবণ ; শালিধান্য, কান্ত, পতি, স্বামী।
রুচ্যকন্দ, শূরণ, ওল। [ঔষধি।
রুজা, রোগ, পীড়া ; ঔষধি বিশেষ, কুষ্ঠৌ-
রুজাকর, ব্যাধি রোগ ; কর্ম্মরঙ্গ ফল, কা- মরাঙ্গা। [দ্বারা কৃত পিষ্টক।
রুটী, (রোটিক) পিষ্টক বিশেষ, গোধুম চূর্ণ-
রুটীওয়ালা, রুটীবিক্রেতা।
রুট, ক্রোধ, কোপ, রোষ।
রুঠ, রুক্ষ, অস্নেহ ; বিস্বাদ।
রুঢ়, (রুঢ়) শক্ত, কঠিন, নীরস।
রুণ্ড, কবন্ধ মস্তক হীন। [বিভূতি।
রুণ্ডিকা, (রুণ্ড) যুদ্ধভূমি, রণস্থল, রণক্ষেত্র ;
রুনুরুনু, (রুন) ক্ষুদ্রঘণ্টার শব্দ।
রুত, (রু) পশু পক্ষ্যাদির শব্দ ; ধ্বনি।
রুদথ, কুক্কুর ; বিদ্যার্থী
রুদিত, (রুদ) ক্রন্দন, কাঁদন, বিলাপ।
রুদ্ধ (রুধ) নদী বাঁধ, কারাদি দ্বারা কৃত বে- ষ্টিত, বেষ্টিত আবৃত ; আটক কএদ।
রুদ্র, (রুদ) গণদেবতা বিশেষ, শিব।
রুদ্রগণ, শিব পারিষদ সমূহ।

রুদ্রজটা, লতাবিশেষ ; শিবজটা।
রুদ্রপত্নী, অতসী পুষ্প ; দুর্গা।
রুদ্রপ্রিয়, হরীতকী ; পার্ব্বতী।
রুদ্রবীণ, বীণা বিশেষ, শিঙ্গা।
রুদ্রভূ, শ্মশান প্রেতস্থান।
রুদ্রাক্রীড়, শ্মশান, প্রেতভূমি, শবদাহ স্থান
রুদ্রাণী, শঙ্করযূথিকা, পুষ্পবিশেষ।
রুদ্রাণী (রুদ্র) দুর্গা ; রুদ্রজটা।
রুদ্রাবতার, (রুদ্র-অবতার) হনুমান, মারুতী
রুদ্রাবাস, (রুদ্র-আবাস) কাশী, বারাণসী।
রুদ্রারি, (রুদ্র-অরি) কামদেব, মদন, কন্দর্প
রুদ্রাক্ষ, (রুদ্র-অক্ষি) বৃক্ষ বিশেষ ; মহাদেবের প্রিয় ফল বিশেষ।
রুদ্রাক্ষমালা, রুদ্রাক্ষফলদ্বারা প্রস্তুত করা মালা।
রুধির, (রুধ) শরীরস্থ রসধাতু, রক্ত, ক্ষতশোণিত, কুঙ্কুম ; মঙ্গলগ্রহ।
রুধিরাক্ত, (রুধির-অক্ত) রক্তমাখা, লেপন। শোণিত
রুধিরাখ্য, (রুধির-আখ্যা) মণিবিশেষ, লাল মণি।
রুবু, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ ; রক্তএরণ্ড লাল ভেরেণ্ডা।
রুবুক, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ।
রুমা, সুগ্রীব ভার্য্যা ; বিশিষ্ট লবণাকর।
রুমাল, (বাং) গামছা, গাত্রমার্জ্জনী।
রুম্র, অরুণ ; সূর্য্য, দিবাকর, ভানু।
রুয়া, (লোম) চুল পশম ; চালের প্রস্থবাঁশ ; দাড়িম দানা ;
রুরু (রু) মৃগবিশেষ, হরিণ বিশেষ ; চিত্রমৃগ ; দৈত্য বিশেষ।
রুষা, (রুষ) অমর্ষ, ক্রোধ, মন্যু, কোপ, রোষ
রুষিত, (রুষ) ক্রোধযুক্ত, রাগান্বিত, কোপিত
রুষ্ট, (রুষ) ক্রুদ্ধ, ক্রোধান্বিত ; অসন্তুষ্ট ;
রুষ্টি, রুষা, উষ্মা, কোপ, ক্রোধ।
রুষ্টিকর, (রুষ্টি-কৃ) কোপ জনক ; প্রচণ্ড।
রুহ, (রুহ) জাত, উৎপন্ন ; আরোহণ।
রুহক, (রুহ) ছিদ্র, রন্ধ্র, ছেঁদা।
রুহরুহিকা, উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।
রুহা, বৃক্ষ, দ্রুম, গাছ।
রুক্ষ, (রুক্ষ) অচিক্কণ, অস্নিগ্ধ, তৈলহীন
রূঢ়, (রুহ) জাত ; প্রসিদ্ধ, প্রকৃতি প্রত্যয়ার্থ অপেক্ষা না করিয়া অর্থ প্রকাশক শব্দ
রূঢ়কথা, শক্ত কথা ; অপ্রিয় বাক্য।
রূঢ়বচন, কর্কশবাক্য ; অপ্রিয় বাক্য।
রূঢ়বাক্য, কটুবাক্য, শক্তকথা, উগ্রভাষা।
রূঢ়ি, (রুহ) প্রসিদ্ধি, জন্ম ; প্রাদুর্ভাব ; রূঢ়শব্দনিষ্ঠ শক্তি।

রূপ (রূপ) আকার, মূর্ত্তি ; স্বভাব ; সৌন্দর্য্য গ্রন্থাবৃত্তি ; প্রকার ; ধারা।
শালীপর্ণী, (শালী-পর্ণ) মাষপর্ণী মাষাণী
শালিপিষ্ট, স্ফটিক। [রাজা।
শালিবাহন, রাজা বিশেষ, শক প্রবর্ত্তক
শালিহোত্র ঘোটক, অশ্ব ঘোড়া।
শালী, (শালিন) শালা সম্বন্ধীয় ; কৃষ্ণজীরক, কেলেজীরা ; ভার্য্যার ভগিনী, যে শব্দের পরে থাকে তদ্বিশিষ্ট বুঝায়।
শালীন, (শালা) অধৃষ্ট ; শালাসম্বন্ধীয়।
শালু কবাবচিনি, চৌরক নামে ওষধি বিশেষ ; বস্ত্রবিশেষ ; ভেক, বেঙ্গ।
শালুক, (শল) কুমুদের মূল ; পঙ্কশূরণ ; গেঁড়ু
শালূক, (শল) কুমুদাদির মূল ; জাতীফল ; মণ্ডূক, ভেক, বেঙ্গ।
শালুর, (শল) ভেক, মণ্ডূক, বেঙ্গ।
শালেয়, (শালা) মধুরিকা, মৌরী ; ক্ষেত্র বিশেষ ; শালা সম্বন্ধীয়।
শালতী (শাল) তরীবিশেষ, শালবৃক্ষ নির্ম্মিত ক্ষুদ্র ডোঙ্গা। [দ্র পক্ষিবিশেষ।
শাল্মল, (শাল্মলী) শাল্মলী বৃক্ষ, শিমুলগাছ ;
শাল্মলি, (শাল-মল) বৃক্ষ বিশেষ, শিমুলগাছ ; নরক বিশেষ।
শাল্মলিক, (শাল্মল) রোহিতক বৃক্ষ।
শাল্মলিনী, শাল্মলি বৃক্ষ, শিমুলগাছ।
শাল্মলিপত্রক সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিমগাছ।
শাল্মলিস্থ, (শাল্মলি-স্থা) গরুড়, বৈনতেয়।
শাল্মলী, (শাল্মলি-মাত্র) শিমুলগাছ, [illegible]

শাল্মলীকন্দ, শাল্মলি বৃক্ষের মূল, শিমুলগাছের গোড়া।
শাল্মলীদ্বীপ, সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ।
শাল্মলীবেষ্ট, শাল্মলী নির্যাস, শিমুলের আটা।
শাল্ব, দেশবিশেষ; রাজা বিশেষ।
শাশুড়ী, (শ্বশ্রূ) শ্বশ্রু, শ্বশুরের স্ত্রী।
শাশ্বত, নিত্য, ধ্রুব; বেদব্যাস
শাসক, (শাস) শাসনকারী, শাসনকর্ত্তা।
শাসন, (শাস) আজ্ঞা, আদেশ; শাস্তি, দণ্ড, দমন; শাস্ত্র; রাজদত্ত ভূমির সনন্দ।
শাসনহর, রাজদূত; আজ্ঞাবাহক।
শাসনীয় (শাস) শাস্য, শাসনযোগ্য, দমনীয়।
শাসান, (শাস) ভয়প্রদর্শন, ধমকান; শাসন জনক উক্তি।
শাসানি, (শাস) শাসন করণ, ভয় প্রদর্শনার্থ বাক্য। [দণ্ডিত।
শাসিত, (শাস) কৃতশাসন; শাসন করা;
শাসিতা, (শাস) শাস্তা, শাসনকর্ত্তা; দেশক।
শাস্কুল, মাংসাশী, মাংসখাদক।
শাস্তা, (শাস) শাসনকারী, শাসিতা; উপাধ্যায়; রাজা।
শাস্তি; (শাস) শাসন, নিগ্রহ; দণ্ড।
শাস্তিদাতা, (শাস্তি-দাতৃ) শাস্তিদায়ক, দণ্ডদায়ী। [বিদ।
শাস্ত্র, (শাস) গ্রন্থ, বেদাদি, বিধি; ব্যবস্থা;
শাস্ত্রকর্ত্তা, বিধিকারক মুনি; গ্রন্থকর্ত্তা।
শাস্ত্রকার, বিধিকারক, গ্রন্থকার; মুনি।
শাস্ত্রকৃৎ, (শাস্ত্র-কৃ) ঋষি, মুনি, শাস্ত্রকর্ত্তা।
শাস্ত্রচর্চ্চা, বিদ্যার অনুশীলন, বিদ্যাভ্যাস; বিদ্যার আলোচনা।
শাস্ত্রচক্ষু, ব্যাকরণ; অতিশয় বিদ্বান
শাস্ত্রচারণ, শাস্ত্রদর্শী, শাস্ত্রজ্ঞ। [জ্ঞাতা।
শাস্ত্রজ্ঞ, (শাস্ত্র-জ্ঞা) শাস্ত্রবেত্তা, বিদ্বান্ ধর্ম্ম-
শাস্ত্রচঞ্চু, শাস্ত্রবিদ্যা নিমিত্ত বিখ্যাত।
শাস্ত্রতত্ত্বজ্ঞ, গণক, দৈবজ্ঞ, সদাচার্য্য, শাস্ত্রের মর্ম্মজ্ঞাতা।
শাস্ত্রদর্শী, (শাস্ত্র-দর্শিন) শাস্ত্রজ্ঞ শাস্ত্রবেত্তা
শাস্ত্রবহির্মুখ, শাস্ত্রের বিধান পরিত্যাগী; অশাস্ত্র। [পণ্ডিত।
শাস্ত্রবিৎ, (শাস্ত্র-বিদ) শাস্ত্রবেত্তা, বিধিজ্ঞ,
শাস্ত্রবিপ্রতিষিদ্ধ, শাস্ত্রদ্বারা নিষিদ্ধ।
শাস্ত্রবেত্তা, (শাস্ত্র-বেত্তৃ) শাস্ত্রজ্ঞ; ব্যবস্থাবেত্তা
শাস্ত্রমত, শাস্ত্র প্রমাণ; শাস্ত্র সম্মত।
শাস্ত্রশিল্পী, কাশ্মীরদেশ।

শাস্ত্রসিদ্ধ, বিধি প্রতিপাদিত, শাস্ত্র প্রমাণ
শাস্ত্রী, (শাস্ত্র) শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা।
শাস্ত্রীয়, (শাস্ত্র) শাস্ত্রসম্বন্ধীয়, শাস্ত্র সিদ্ধ, শাস্ত্রবিহিত। [সম্মত।
শাস্ত্রোক্ত, (শাস্ত্র-উক্ত) শাস্ত্রবিহিত, শাস্ত্র-
শাস্ত্রোপদেশক, (শাস্ত্র-উপদেশক) শাস্ত্র উপদেশকর্ত্তা। [দেশক।
শাস্ত্রোপদেষ্টা, (শাস্ত্র-উপদেষ্টৃ) শাস্ত্রোপ-
শাস্য, (শাস) শাসনীয়, শাসিতব্য, শাসনযোগ্য
শিঁথী, (সীমন্ত) মস্তকাভরণ বিশেষ, সীমন্তে ধারণ যোগ্য ভূষণ।
শিংশপা (শীর্ষ-পং) বৃক্ষ বিশেষ।
শিউলি, (শেফালিকা) পুষ্পবৃক্ষবিশেষ।
শিকড়, (শিফা) বৃক্ষাদির মূল, জড়, গোড়া।
শিকড়ান, (শিকড়) মূলযুক্ত; সতেজঃ হওন
শিকল, (শৃঙ্খল) জিঞ্জির, শৃঙ্খল, নিগড়।
শিকলী, (শৃঙ্খল) শৃঙ্খল, জিঞ্জির।
শিকা, (শিক্য) দ্রব্যাদি রক্ষণার্থ রজ্জুময় আধার বিশেষ।
শিক, (শিক্য) শিকা, দীর্ঘ লৌহ শলাকা।
শিকথ, মধুজাত দ্রব্য বিশেষ মোম।
শিকপা, ঘোটকের প্রোক্ষণবিশেষ।
শিক্যা, (শ্রেনস) দ্রব্য রক্ষার্থ রজ্জুময় আধার বিশেষ, শিকা।
শিক্যা, (শ্রেনস) দ্রব্যরক্ষণার্থ রজ্জুময় আধার বিশেষ শিকা। [দ্রব্য।
শিকিত, শিকে স্থাপিত বস্তু, শিকায় রাখা
শিখক, (শিখ) লেখক, লিপিকর।
শিখণ্ড, (শিখিন) ময়ূরপুচ্ছ, চূড়া। [পুচ্ছ।
শিখণ্ডক, (শিখণ্ড) কাকপক্ষ, জুল্পী; ময়ূর
শিখণ্ডিকা, (শিখণ্ড) কুক্কুট, কুঁকড়া, মুরগী
শিখণ্ডিকা, (শিখণ্ড) শিখা; চূড়া।
শিখণ্ডিনী, (শিখণ্ড) ময়ূরী; গুঞ্জা; দ্রুপদরাজকন্যা।
শিখণ্ডী, (শিখণ্ড) ময়ূর; ময়ূর পুচ্ছ; দ্রুপদরাজপুত্র; কুক্কুট; বাণ; গুঞ্জা।
শিখন, (শিখ) অভ্যাস করণ, শিক্ষা করা।
শিখনী, (শিঙ্ঘান) নাসিকামল, নাকের পোঁটা। [লাগ্র দেশ; অগ্রভাগ।
শিখর, (শিখা) পর্ব্বতাগ্র, কূট, শৃঙ্গ, শৈ-
শিখরবাসিনী, দুর্গা, পার্ব্বতী
শিখরা, (শিখর) মূর্ব্বা, মুজলতা।
শিখরিণী, (শিখর) নবমল্লিকা, স্ত্রীরত্ন বিশেষ, মূর্ব্বা লতা; ছন্দোবিশেষ।

শিখরী, (শিখর) পর্ব্বত ; বৃক্ষ ; অপামার্গ, বৃক্ষ, আপাং গাছ।
শিখলোহিত, বৃক্ষবিশেষ, কুকুরমুণ্ডাগাছ।
শিখা, (শিখ) অগ্নিজ্বালা, মুর্চ্ছিত শিরো মধ্যস্থ কেশ ; চূড়া ; ঝুটিকা ; অগ্র।
শিখাকন্দ, গৃঞ্জন, গাজর, মূলবিশেষ।
শিখাগুক, কাকপক্ষ, জুলপি।
শিখাতরু, দীপবৃক্ষ, পিলসুজ, দেরুকা।
শিখাধার, (শিখ-ধৃ) ময়ূর, শিখী, শিখাধারী
শিখাধারী, ময়ূর, কলাপী, শিখী
শিখান, (শিখা) শিক্ষাদেওন, অভ্যাসকরাণ।
শিখানি, (শিখা) মন্ত্রণা, পরামর্শ ; অধ্যাপনা
শিখানিয়া, (শিক্ষ) শিক্ষাদায়ক, শিক্ষক।
শিক্ষাবতী, মুর্ব্বা লতা, মুজ লতা
শিখাবর, পনসবৃক্ষ, কাঁটাল গাছ।
শিখাবল, (শিখা) ময়ূর, শিখী, কলাপী।
শিখাবলা, (শিখাবল) ময়ূর শিখা।
শিখাবান্, (শিখা) অগ্নি, অনল ; চিত্রক-বৃক্ষ, চিতাগাছ ; কেতুগ্রহ ; শিখাযুক্ত।
শিখাবৃদ্ধি, কায়িকা বৃদ্ধি, প্রত্যহ দেয় সুদ।
শিখাবৃক্ষ, দীপবৃক্ষ, পিলসুজ, দেরুকা।
শিখামূল, মূলবিশেষ, গৃঞ্জন, গাজর।
শিখালু, (শিখা) ময়ূর শিখা, ময়ূর চূড়া।
শিখিধ্বজ, ধূম, ধুঁয়া ; কার্ত্তিকেয়।
শিখিন, (শিখা) ময়ূর, কলাপী
শিখিনী, (শিখা) ময়ূর শিখা, ময়ূরের চূড়া
শিখিপুচ্ছ, (শিখিন-পুচ্ছ) ময়ূরপুচ্ছ, শিখগুক, মোর ছল।
শিখিবর্দ্ধক, কুষ্মাণ্ড, কুমড়া। [কুমার।
শিখিবাহন, (শিখিন-বাহন) কার্ত্তিকেয়,
শিখী, (শিখা) ময়ূর ; অগ্নি ; চিত্রক বৃক্ষ ; বলীবর্দ্দ বলদ ; শর, বাণ ; কেতুগ্রহ ; বৃক্ষ কুক্কুট ; ঘোটক ; পর্ব্বত ; দীপ ; শিখাযুক্ত
শিগ্রু, (শাক) শাক ; বৃক্ষবিশেষ, শজিনাগাছ
শিগ্রুজ, (শিগ্রু-জন) শোভাঞ্জন বীজ, শজিনার বীচি।
শিঙ্গ, (শৃঙ্গ) বিষাণ, শৃঙ্গ, শিং।
শিঙ্গা, (শৃঙ্গ) বাদ্যযন্ত্র বিশেষ।
শিঙ্গাড়া, (শৃঙ্গাটক) পানীফল।
শিঙ্গী, (শৃঙ্গী) মৎস্যবিশেষ, শৃঙ্গীমাছ।
শিঙ্গেল, (শিঙ্গ) বিষাণ যুক্ত, শৃঙ্গবিশিষ্ট।
শিঙ্ঘাণ, কাচপাত্র ; লোহমল, লোহার জং-ভিটা ; নাসিকামল, শিকনী, শিকনী, কফ
শিঙ্ঘাণক, (শিঙ্ঘাণ) নাসিকামল, সিঁকনা,

শিঙ্ঘিত, (শিঙ্ঘ) আঘ্রাত, আণকরা, শোঁকা।
শিচ্ক্‌কা, (শলাকা) লোহময় শলাকা বিশেষ।
শিঞ্জন, (শিঞ্জ) অব্যক্ত ধ্বনি, নূপুরনাদি শব্দ ; অলঙ্কার শব্দ।
শিঞ্জা, (শিঞ্জ) ভূষণশব্দ, কঙ্কণাদির ধ্বনি ; ধনুর্গুণ ; ধনুকের ছিলা।
শিঞ্জিত, (শিঞ্জ) ভূষণধ্বনি, অলঙ্কার শব্দ।
শিঞ্জিনী, ধনুর্গুণ, ধনুকের ছিলা ; নূপুর, পদাভরণ বিশেষ।
শিটা, (শিট) মলা, গাদ, কাইট
শিড়শিড়, শিহরণ, লোমাঞ্চ ; শীতানুভব।
শিড়শিড়ান, (শিড়শিড়) শিহরণ, লোমাঞ্চ হওন। [নিত, তীক্ষ্ণ, ধারাল।
শিত, (শো) দুর্ব্বল, কৃশ ; নিশিত, শা-
শিতদ্রু, শতদ্রুনদী, তলজ নদী।
শিতশূক, যব ; গোধূম, গম।
শিতান, (শিরস্ত্রাণ) উপধান, বালিশ, শিয়র
শিতি, শুক্ল ; কৃষ্ণ ; ভূর্জ্জবৃক্ষ।
শিতিকণ্ঠ, শিব, মহাদেব ; দাত্যূহপক্ষী।
শিতিস্কন্দ, হংস, হাঁস, মরাল।
শিথিল, (শ্রন্থ) শ্লথ, লোলিত, ঢিলা ; মন্দবন্ধন ; অনুৎসাহ। [লিত্য।
শিথিলতা, (শিথিল) শিথিলত্ব, শ্লথতা, লা-
শিপি, রশ্মি, দীপ্তি কিরণ।
শিপিবিষ্ট, দুশ্চর্ম্ম, অনাবৃত মেঢ্র।
শিপ্র, নদী বিশেষ। [মূল, জট।
শিফ, (শী) বৃক্ষাদির জটাকার মূল, শিকড় ;
শিফা, (শী) বৃক্ষাদির জটাকার মূল, শিকড় নদী ; শতপুষ্পাবৃক্ষ ; হরিদ্রা, পদ্মকন্দ।
শিফাক, পদ্মমূল ; শালুক।
শিফাকন্দ, পদ্মমূল, পদ্মের গেঁড়ো ; শালুক
শিফাধর, (শিফা-ধৃ) শাখা ; ডাল।
শিব, (শী) শুভ, মঙ্গল ; সুখ ; জল ; সৈন্ধব লবণ, সামুদ্র লবণ, মহাদেব ; ঈশ ; ব্রহ্মার সংজ্ঞা বিশেষ ; মোক্ষ ; কৃষ্ণ ধুস্তূর ; পারদ, পারা ; বিংশতিতম যোগ।
শিবকর, (শিব-কৃ) মঙ্গল কারক, শুভকারক ; জিনবিশেষ।
শিবকীর্ত্তন, বিষ্ণু ; শৈব, শিবোপাসক।
শিবঙ্কর, (শিব-কৃ) মঙ্গলকর্ত্তা ; ক্ষেমঙ্কর, শুভদ। [ফাল্গুণ মাসীয় কৃষ্ণা চতুর্দ্দশী।
শিবচতুর্দ্দশী, চতুর্দ্দশী কর্ত্তব্য ব্রতবিশেষ,
শিবজ্ঞা, শিবোপাসিকা ; মঙ্গলজ্ঞাত্রী।
শিবজ্ঞান, শুভাশুভকালাবধক শাস্ত্র।

শিবত্ব (শিব) শিবস্বরূপতা, শিবসাযুজ্য।
শিবদাত্রী, কল্যাণ কারিণী, শুভদায়িকা, ক্ষেমঙ্করী। [কল্যানদ।
শিবদ, (শিব-দা) মঙ্গলদায়ক, শুভজনক।
শিবদারু বৃক্ষবিশেষ, দেবদারুবৃক্ষ
শিবদূতিকা, (শিব-দূত) মাতৃকাবিশেষ।
শিবদূতী, (শিব-দূতী) দুর্গা; যোগিনীবিশেষ
শিবদ্রুম বিল্ববৃক্ষ, শ্রীফলবৃক্ষ, বেলগাছ।
শিবদ্বেষ্টা, (শিব-দ্বেষ্টৃ) কেতকী, কেয়াগাছ মহাদেবের দ্বেষকারী।
শিবধাতু, (শিব-ধাতু) পারদ, পারা।
শিবনাভি, শিবলিঙ্গ বিশেষ।
শিবপুরী, (শিব-পুরী) কাশী, বারাণসী।
শিবপ্রিয়, রুদ্রাক্ষ, শিবের প্রিয়দ্রব্য; স্ফটিক; ধুতুরা।
শিবপ্রিয়া, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
শিববল্লভা, শিবপ্রিয়া, দুর্গা, ভগবতী।
শিববাহন, অনড্বান, বৃষ, ষণ্ড, ষাঁড়।
শিববীজ, (শিব-বীজ) পারদ, পারা।
শিবমল্লী, বকবৃক্ষ, বক ফুলের গাছ।
শিবরাত্রী, (শিব-রাত্রি) শিবচতুর্দ্দশী।
শিবলিঙ্গ, মৃত্তিকা বা প্রস্তরাদি দ্বারা নির্ম্মিত মহাদেবের চিহ্ন।
শিবলোক, কৈলাশ, শিবভুবন।
শিবশেখর, বকবৃক্ষ; ধুস্তুর, শিবমস্তক।
শিবস্ব, (শিব-স্ব) মহাদেবের সম্পত্তি।
শিবসাযুজ্য, শিবত্ব, মুক্তি বিশেষ, মোক্ষ বিশেষ।
শিবসুন্দরী, দুর্গা, ভগবতী।
শিবা, (শিব) ভগবতী, দুর্গা, মুক্তি; কল্যাণ রূপা, শৃগাল; আমলকী; হরিদ্রা, দুর্ব্বা; গোরোচনা।
শিবানী, (শিব) জয়ন্তীবৃক্ষ; দুর্গা, ভগবতী
শিবাপ্রিয়, ছাগ; ভগবতীর প্রিয়।
শিবাপীড়, বকবৃক্ষ, শিবার শেখর।
শিবাফলা, (শিব-ফল) শমীবৃক্ষ, শাঁইগাছ
শিবারাতি, (শিব-অরাতি) কুকুর; শিবার শত্রু। [রক্ত তুলসী।
শিবালয়, (শিব-আলয়) শিব-গৃহ; শ্মশান;
শিবালু, (শিবা) শৃগাল, শিয়াল।
শিবাহ্বৃক্তি বৃক্ষবিশেষ জয়ন্তীবৃক্ষ।
শিবাহ্লাদ, (শিব-অহ্লাদ) বকবৃক্ষ; শিবের আনন্দ। [মহেশলোচন।
শিবাক্ষ, (শিব-অক্ষি) বীজবিশেষ, রুদ্রাক্ষ;
শিবি, হিংস্র পশু, ভূর্জ্জবৃক্ষ; রাজাবিশেষ
শিবিকা, (শিব) যানবিশেষ, ঝাঁপান, ডুলী, পাল্কী।
শিবিপিষ্ট, মহাদেব, শিব। [তাম্বু।
শিবির, (শী) আগন্তুক সৈন্যের বাসস্থান,
শিবিরথ, (শিব) যানবিশেষ, ডুলী।
শিবেষ্ট, (শিব-ইষ্ট) বকবৃক্ষ; শিবপ্রিয়।
শিবেষ্টা, (শিবেষ্ট) দুর্ব্বা, শতপর্ণা।
শিম, (শিম্বা) লতা ফল বিশেষ, শিম্বী।
শিমার, (শৈবাল) জলজ বৃক্ষ বিশেষ।
শিমুল, (শাল্মলী) বৃক্ষবিশেষ, শাল্মলীবৃক্ষ।
শিম্বা, (শি) কলায়াদির ত্বক, শুঁটী, খোসা ছিমড়া, শিম্বী, সিম।
শিম্ব (শি) ছিমড়া, শিম।
শিম্বিক, (শি) কৃষ্ণমুদ্গ, কাল মুগ।
শিম্বিকা, (শিম্ব) শিম ছিমড়া।
শিম্বী, (শি) শিম্বা, শিম। [থাকে।
শিয়র, (শীর্য) যে দিগে শয়নকারির মস্তক
শিয়াল, (শৃগাল) শৃগাল, শিবা।
শিয়ালকাঁটা, (শৃগাল-কন্টক) বৃক্ষবিশেষ।
শির, (শির) ধমনী, রক্ত গমনাগমনের পথ।
শিরঃ, (শিরস) শিখর; মস্তক, প্রধান
শিরঃকপালী, নরমস্তকের কপালধারী, সন্ন্যাসী, উদাসীন বিশেষ; যোগীবিশেষ।
শিরঃকম্প, মস্তক কম্পন, মাথা কাঁপা।
শিরঃকম্পন, মস্তক কম্পন, মস্তক ঘূর্ণন, মাথানাড়া।
শিরঃপীড়া, মস্তকের রোগ; মাথাব্যথা।
শিরঃশূল, মস্তক বেদনা রোগ।
শিরকা, (শিখরিন) পুরাতন ইক্ষুরস।
শিরজ, (শিরস-জন) কেশ, কচ, চুল।
শিরনামা, (শিরস-নাম) পত্রের উপরি লিখিত নাম।
শিরপা, (শিরস-পদ) ঘোটকের প্রোল্লম্ফন বিশেষ; অশ্বের অগ্রপদ উত্তোলন; পারিতোষিক, বকশিস।
শিরসিজ, (শিরস-জন) কেশ, কচ, চুল।
শিরসিরুহ, কেশ, কচ, চুল।
শিরস্ক, (শিরস) শিরস্ত্রাণ, পাগড়ী, টুপি, টোপর; শিরঃ সম্বন্ধীয়।
শিরস্ত্র, (শিরস-ত্রৈ) পাগড়ী; টোপ, টুপী।
শিরস্ত্রাণ, (শিরস-ত্রৈ) শিরোরক্ষণার্থ আবরণ বিশেষ; পাগড়ী, টুপি।
শিরস্থ, (শিরস-স্থা) মস্তকস্থিত; উপরিস্থ।

শিরস্থ, (শিরস) নির্ম্মল কেশ, বিশদ ; কচ ; মস্তক সম্বন্ধীয়। [বিস্থ
শিরস্থিত, (শিরস-স্থিত) মস্তকস্থিত ; উপ-
শিরা, (স্ত্রী) ধমনী, শির, রক্ত গমনাগমনের পথ। [কপিথ বৃক্ষ, কতবেল
শিরাপত্র, শিস্তাল বৃক্ষ, হেঁতালগাছ ;
শিরাবত্ত, সীসক, সীসা। [স্থূল শিরাবিশিষ্ট
শিরাল, (শিরা) কর্ম্মরঙ্গ ফল, কামরাঙ্গা ;
শিরালক, (শিরা) অস্থিভঙ্গ বৃক্ষ, হাড়ভাঙ্গা গাছ। ফড়িঙ্গ
শিরি, খড়্গ ; শর, বাণ, হিংস্র, শলভ
শিরীষ, (পূ) বৃক্ষবিশেষ।
শিরীস, (সং) পশুশৃঙ্গাদি জাত আঠাবৎ দ্রব্যবিশেষ। [স্থ গৃহ, চন্দ্রশালা।
শিরোগৃহ, (শিরস-গৃহ) অট্টালিকার উপরি-
শিরোগ্র, (শিরস-অগ্র) মস্তকের অগ্রভাগ।
শিরোধর, (শিরস-ধৃ) গ্রীবা, গলদেশ। [নীয়
শিরোধার্য্য, আরাধ্য, মস্তকের দ্বারা গ্রহ-
শিরোধি, (শিরস-ধা) গ্রীবা, গলা ; ঘাড়।
শিরোনমন, (শিরস-নমন) মস্তক নতকরণ নমস্কার, মাথা নোয়ান। [স্থিত নাম।
শিরোনাম, (শিরস-নামন) পত্রের উপরে লি-
শিরোবৃন্তফল, রক্ত অপামাগ বৃক্ষ, রাঙ্গা আপাং গাছ। [উষ্ণীষ।
শিরোবেষ্ট, শিরঃ প্রাবরণ, পাগড়ী, পাগ,
শিরোবেষ্টন, শিরঃপ্রাবরণ ; পাগড়ী, উ-ষ্ণীষ। [বিশেষ।
শিরোমণি, (শিরস-মণি) মস্তকধার্য্য রত্ন
শিরোমর্ম্মা, শূকর, কোল, বরাহ।
শিরোরত্ন, (শিরস-রত্ন) শিরোমণি, মস্তকে-ধারণীয় রত্নবিশেষ। [কের রোগ।
শিরোরুজা, ছাতিম গাছ,সপ্তপর্ণবৃক্ষ ; মস্ত-
শিরোরুহ, (শিরস-রুহ) কেশ, কচ, চুল।
শিরোরোগ, (শিরস-রোগ) মস্তকের পীড়া।
শিরোর্ত্তি,(শিরস-অর্ত্তি)শিরঃপীড়া, মস্তকের রোগ।
শিরোলুণ্ঠ, (শিরস-লুণ্ঠন) মস্তকলুণ্ঠন, মা-থালে টান। [খুলি।
শিরোস্থি, (শিরস-অস্থি) মস্তকাস্থি, মাথার
শিল,(শিল) উঞ্ছ, উঞ্ছত শস্যের শেষ আহ রণ, জীবনোপায় বিশেষ ; বর্ষোপল, কর-কা ; শিল, প্রস্তর।
শিলনোড়া, (শিল-নোড়া) পেষণী যন্ত্র।
শিলা, (শিল) পাষাণ ; প্রস্তর ; দ্বারের অধঃ-স্থিত কাষ্ঠ, গোবরাট ; ধাতুবিশেষ, মনঃ-শিলা ; কর্পূর।
শিলাকর্ণী, (শিলা-কর্ণ) শল্লকী বৃক্ষ।
শিলাজতু, (শিলা-জতু) পর্ব্বত জাত উপধা-তু বিশেষ
শিলাটক, বিল, গর্ত্ত, গহ্বর।
শিলাত্মজ, (শিলা-আত্মজন) লোহ।
শিলাধাতু, সিতোপল, খড়ী, খটিকা ; গৈ-রিক বিশেষ, পাণ্ডুবর্ণ গেরিমাটী।
শিলাপট্ট, পেষণার্থ শিল্‌পাটা।
শিলাপুত্র পেষণযোগ্য শিলা, নোড়া, পেষণী
শিলাবাক, শিলা-বল্কল) শৈবাল, শেওলা।
শিলাভেদ, পাষাণভেদী বৃক্ষ ; প্রস্তর ভেদক
শিলাময়, (শিলা) প্রস্তর নির্ম্মিত ; শিলাস্বরূপ
শিলাবৃষ্টি, করকার পতন পূর্ব্বক জল বর্ষণ, শিলবর্ষণ। [নির্ম্মিত আসন
শিলাসন, শিলা-আসন) শৈলেয় ; প্রস্তর
শিলি, ভূর্জ্জপত্রের গাছ ; দ্বারের অধঃস্থিত কাষ্ঠ, গোবরাট।
শিলিন্দ, মৎস্যবিশেষ, সিলন মাছ।
শিলী, দ্বারের অধঃস্থিত কাষ্ঠ, গোবরাট্।
শিলীন্ধ্র, (শিলি-ধৃ) করকা, শিল, গোবর ছাতা ; মৎস্য বিশেষ।
শিলীন্ধ্রক, (শিলি-ধৃ) গোময়চ্ছত্রিকা, গো-বরছাতা। [গোদ, শ্লীপদ।
শিলীপদ, (শিলী-পদ) পাদরোগ বিশেষ,
শিলীমুখ, ভ্রমর ; বাণ ; যুদ্ধ ; জড়ীভূত।
শিলোচ্চয়, (শিলা-উচ্চ) পর্ব্বত, শৈল, গিরি
শিলোঞ্ছ, (শিলা-উঞ্ছ) জীবিকা বিশেষ ; উঞ্ছ-বৃত্তি ; ক্ষেত্র হইতে শস্য চয়ন করিয়া লইয়াগেলে শেষে যাহা থাকে জীবিকার্থে তাহার অবচয়ন।
শিলোত্থ, গৈরিক, ধাতুবিশেষ। [শেষ।
শিলোদ্ভব, (শিলা-উদ্ভব) শৈলেয়, চন্দন বি-
শিলোকা, গরুড়, পক্ষিরাজ। [গরী কর্ম্ম।
শিল্প (শীল) নির্ম্মাণাদি কর্ম্ম, হুনুর, কারি-
শিল্পকর, (শিল্প-কৃ) শিল্পকর্ত্তা, কারিগর, শি-ল্পনিপুণ। [কারিগরী কর্ম্ম।
শিল্পকর্ম্ম, (শিল্প-কর্ম্মন) নির্ম্মাণাদি কর্ম্ম,
শিল্পকার, (শিল্প-কৃ) শিল্পী, শিল্পবিদ্যা ব্যব-সায়ী, কারিগর। [কারিগর।
শিল্পকারী (শিল্প-কারিন) শিল্পকর্ম্ম কর্ত্তা,
শিল্পজ্ঞান,কারিগরিবিষয়ে নৈপুণ্য [শিল্পশাস্ত্র
শিল্পবিদ্যা, চিত্রাদি কর্ম্ম বিষয়ক বিজ্ঞান ;

শিল্পশালা. শিল্পকর্ম করিবার ঘর, কারখানা
শিল্পশাস্ত্র, শিল্পকর্ম্মের রীতিবর্ম প্রকাশক বিদ্যা, শিল্পকর্ম্মের গ্রন্থ। [মিস্ত্র ঘর।
শিল্পাগার, (শিল্প-আগার) শিল্পকর্ম্মের নি-
শিল্পিকা, তৃণবিশেষ।
শিল্পিনী, (শিল্প) শিল্পজ্ঞা স্ত্রী; সুবুদ্ধি নারী।
শিল্পশালা, শিল্পগৃহ, কারখানা।
শিল্পী, (শিল্পিন) শিল্প কর্ত্তা, কারিগর।
শিশি, (যাং) কাচনির্ম্মিত ক্ষুদ্র পাত্র বিশেষ
শিশির, (শিশ) হিম, ঋতুবিশেষ, মাঘ ফাল্গুণমাস; শীতল, শীতগুণযুক্ত।
শিশিরকাল, ঋতুবিশেষ, মাঘ ফাল্গুণমাস।
শিশু, (শশ) বালক, পোত, অর্ভক, শাবক।
শিশুক, (শিশু) জলজন্তুবিশেষ, শুশুক, শিশুমার; বৃক্ষবিশেষ; বালক।
শিশুকাল, বাল্যকাল, শৈশব সময়।
শিশুগন্ধ, (শিশু-গন্ধ) মল্লিকা বিশেষ।
শিশুচান্দ্রায়ণ, প্রায়শ্চিত্তাত্মক ব্রতবিশেষ।
শিশুত্ব, (শিশু শিশুত্ব) বালকত্ব, শৈশব।
শিশুত্ব, (শিশু) বালকত্ব বাল্যাবস্থা; ছেলেমি
শিশুপাল, (শিশু-পাল) চেদি দেশীয় রাজা, দম ঘোষের পুত্র।
শিশুপালক, (শিশুপাল) দমঘোষের পুত্র; কেলিকদম্ব বৃক্ষ; বালকের প্রতিপালক।
শিশুপালহ, (শিশুপাল-হন) শ্রীকৃষ্ণ শিশুপালের বধকর্ত্তা। [ছাগল।
শিশুবাহক, বালকের বাহক; বনছাগ, বন
শিশুবোধ, বালকের তুল্য জ্ঞান, শিশুর জ্ঞান জনক পুস্তকাদি [বিশেষ।
শিশুভাব, শিশুত্ব, বালকত্ব; তান্ত্রিক ভাব
শিশুমার, (শিশু-মার) জলজন্তুবিশেষ, শোঁষ, শুশুক।
শিশ্ন, (শশ) মেঢ্র, লিঙ্গ, উপস্থ।
শিশ্নোদরপরায়ণ, (শিশ্ন-উদর-পরায়ণ) আহার বিহারমাত্র সম্পাদনে কৃতার্থম্মন্য।
শিশ্নদান, পাপকর্ম্মা পাপী। [শিখা;
শিষ-শীষ, (শিষ) ধান্যাদির শীর্ষ; মঞ্জরী;
শিষ্ট, (শিস) শান্ত, সুবুদ্ধি, ধীর।
শিষ্টতা, (শিষ্ট) শান্ততা, সাধুতা, ধীরতা।
শিষ্টত্ব, (শিষ্ট) ধীরতা, সাধুত্ব।
শিষ্টাচার, (শিষ্ট-আচার) সাধুব্যবহার; ভদ্রতা; বিশিষ্ট লোকের আচারণ।
শিষ্টি, আজ্ঞা, অনুমতি, শাসন।
শিষ্য (শিষ) উপাদিশ্য, ছাত্র, অন্তেবাসী।

শিহরণ, (শীৎকার) লোমাঞ্চ হওন; চমকন, ভয়াদি হেতু গাত্রস্পন্দন।
শিহ্লু, গন্ধদ্রব্য বিশেষ, শিহ্লা, লোবান।
শিহ্লক, গন্ধদ্রব্য বিশেষ, শিহ্লা, লোবান।
শিক্ষক, (শিক্ষ) শিক্ষাদায়ক, অধ্যাপক।
শিক্ষণ, (শিক্ষ) বিদ্যাগ্রহণ, অভ্যাসন, শিখন
শিক্ষা, (শিক্ষ) শিক্ষণ; অভ্যাস; শোনাক বৃক্ষ, বেদাঙ্গ শাস্ত্র বিশেষ। [অভ্যাসকারী।
শিক্ষাকর (শিক্ষা-কৃ) বেদব্যাস; শিক্ষাকর্ত্তা,
শিক্ষাকরণ, অভ্যাসন, শিক্ষাকরা।
শিক্ষাকর্ত্তা, (শিক্ষ-কর্তৃ) শিক্ষাকারক, অভ্যাসকারী। [শিক্ষাদায়ক।
শিক্ষাগুরু, বিদ্যাদাতা, উপদেষ্টা, অধ্যাপক,
শিক্ষাদাতা, (শিক্ষা-দাতৃ) অধ্যাপক, উপদেশক, যিনি উপদেশ দেন।
শিক্ষাদায়ক, অধ্যাপক, শিক্ষক, উপদেশক
শিক্ষার্থী, (শিক্ষা-অর্থিন) শিক্ষাভিলাষী।
শিক্ষিত, (শিক্ষ) শিক্ষাযুক্ত, শিক্ষাপ্রাপ্ত; বিজ্ঞ; কৃতবিদ্য। [যোগ্য।
শিক্ষিতব্য, (শিক্ষ) শিক্ষণীয়, শিখিবার
শিক্ষিতাক্ষর, শিক্ষাকারী ছাত্র।
শিক্ষ্য, (শিক্ষ) শিক্ষিতব্য, শিক্ষণীয়।
শীকর, (শীক) বাতাদি দ্বারা প্রেরিতজলকণ জল বিন্দু; বায়ু বাতাস। [সহিত মিলিত।
শীকরী, (শীকর) জলকণা, বিশিষ্ট জলকণার
শীঘ্র (শিঘ) বিলম্বাভাব ত্বরিত, ক্ষিপ্র, দ্রুত তূর্ণ, অবিলম্বিত, আশু, ঝটিতে
শীঘ্রগ, (শীঘ্র-গম) দ্রুতগামী, আশু গমনকারী, বায়ু, বাতাস। [দ্রুতগামী।
শীঘ্রগামী, (শীঘ্র-গামিন) আশুগমন শীল,
শীঘ্রচেতন, কুকুর, আশু চেতনাযুক্ত।
শীঘ্রজন্মা, করঞ্জবিশেষ, কাঁটাকরঞ্জ।
শীঘ্রতা, (শীঘ্র) সত্বরতা, দ্রুততা।
শীঘ্রবেধী, শীঘ্র শরবেধ কর্ত্তা, লঘুহস্ত।
শীত, (শৈ) হিমগুণ, হিমঋতু; শীতল; বেতসবৃক্ষ; বহুবারক বৃক্ষ চালতা গাছ।
শীতঋতু হেমন্তকাল, অগ্রহায়ণ ও পৌষ।
শীতক, (শীত) শীতকাল, সুস্থিত; দীর্ঘসূত্রী; অসনপর্ণী বৃক্ষ, বৃশ্চিক।
শীতকর, (শীত-কর) হিমাংশু, চন্দ্র; শীতলতা যুক্ত; শীত জনক; শীতল।
শীতকষায়, হিমধারা কষায়বর্ণ।
শীতকাল, হিমঋতু; অগ্রহায়ণ ও পৌষমাস
হেমন্ত [illegible]

শীতকালীন, (শীতকাল) শীতকাল সম্বন্ধি
শীতকিরণ, চন্দ্র, বিধু, হিমাংশু।
শীতকুম্ভ, করবীর বৃক্ষ, করবীগাছ।
শীতকুম্ভী, জলজ বৃক্ষ বিশেষ, ছোটপানা।
শীতগন্ধ, চন্দনবিশেষ, শ্বেতচন্দন।
শীতগু, চন্দ্র, শশী, হিমকর।
শীতচম্পক, দর্পণ; প্রদীপ।
শীতড়ী, (শীত) শীতকালীন গাত্রবস্ত্র, ব্রণবিশেষ। [পুষ্পিকা।
শীতপর্ণী, (শীত-পর্ণ) লতাবিশেষ, অর্ক-
শীতপল্লবা, ভূমিজম্বু, ভুঁইজাম।
শীতপুষ্প, (শীত-পুষ্প) শিরিষ বৃক্ষ।
শীতপ্রভ, কর্পূর; শীতল প্রভাযুক্ত।
শীতফল, উড়ুম্বর, ডুম্বর।
শীতবল্কল, উডুম্বর; শীতলবল্কলযুক্ত।
শীতবীর্য্য, শীতপ্রধান স্থান; অনেক শীতল প্লক্ষবৃক্ষ। বীর্য্যযুক্ত।
শীতবীর্য্যক, (শীত-বীর্য্য) প্লক্ষবৃক্ষ; শীতল
শীতভানু, চন্দ্র, বিধু, হিমাংশু।
শীতভীত, শীত হেতু শঙ্কিত।
শীতভীরু, শীতভীত, হিমশঙ্কিত
শীতমঞ্জরী, শেফালী, শিউলী।
শীতমুখ চন্দ্র, শশী; কর্পূর।
শীতমরীচি, চন্দ্র, বিধু, শশাঙ্ক।
শীতমূলক, (শীত-মূল) উশীর, বেণার মূল, শীতল মূল যুক্ত।
শীতরম্য, প্রদীপ, শীতে রমণীয়।
শীতরশ্মি, চন্দ্র, বিধু, হিমাংশু।
শীতল, (শীত) শৈত্য গুণযুক্ত, স্নিগ্ধ, বীরণ মূল; বেণার মূল; বৃক্ষবিশেষ, চম্পক।
শীতলচ্ছদ, চম্পক, চাঁপা; শীতল পত্র।
শীতলজল, স্নিগ্ধ জল; হিমবারি; উৎপল।
শীতলতা, (শীতল) শীতলের ধর্ম, স্নিগ্ধতা।
শীতলত্ব, (শীতল) শীতলের ধর্ম, স্নিগ্ধতা।
শীতলপত্রিকা, (শীতল-পত্র) বৃক্ষবিশেষ, শীতলপাটীর গাছ।
শীতলপাটী, (শীতল-পত্রিকা) বৃক্ষত্বক নির্ম্মিত স্নিগ্ধ আস্তরণ বিশেষ।
শীতলপ্রদ, চন্দন, হিমদাতা; স্নিগ্ধতাদায়ক। [শীতল বায়ুযুক্ত।
শীতলবাতক, (শীতল-বাত) বৃক্ষবিশেষ,
শীতলষষ্ঠী, মাঘমাসের শুক্লা ষষ্ঠী।
শীতলা, (শীত-লা) বৃক্ষবিশেষ; দেব, বসন্ত বিস্ফোটকাদির অধিষ্ঠাত্রী দেবী
শীতলী, (শীতল) জলজ বৃক্ষবিশেষ, শিউলীছোপ। [নামে গন্ধদ্রব্য বিশেষ।
শীতশিব, (শীত-শিব) সৈন্ধবলবণ; শৈলের
শীতশিবা, শমীবৃক্ষ, শাঁইগাছ।
শীতশূক, যব, শীতল শুঙা যুক্ত। [সহিষ্ণু।
শীতসহ, বৃক্ষবিশেষ; শীত জন্য ক্লেশ
শীতক্ষার, শ্বেতটঙ্কণ শাদা সোহাগা।
শীতা, (শীত) লাঙ্গল পদ্ধতি; ওষধি বিশেষ তৃণবিশেষ, দূর্ব্বা।
শীতাংশু, (শীত-অংশু) চন্দ্র, বিধু, হিমকর
শীতাংশুতৈল কর্পূরতৈল। [অঙ্গ বিশিষ্ট।
শীতাঙ্গী, (শীত-অঙ্গ) বৃক্ষবিশেষ, শীতল
শীতাদ, (শীত-অদ) দন্তরোগ বিশেষ।
শীতাদ্রি, (শীত-অদ্রি) হিমালয় পর্ব্বত, হিমাগিরি। [শীতে কাতর, শীতে ক্লিষ্ট।
শীতার্ত্ত, (শীত-ঋত) শীত দ্বারা পাড়িত,
শীতার্দ্ধ (শীত) শতার্ত্ত, শীতদ্বারা পীড়িত।
শীতাশ্ম, (শীত-অশ্মন্) চন্দ্রকান্তমণি; শীতল প্রস্তর।
শীতাভাব, (শীত) মুক্তি, মোক্ষ; শীতলত্ব।
শীতোত্তম, (শীত-উত্তম) জল, বারি, সলিল
শীত্য, (শীত) কৃষ্ট, চষা; শীতযোগ্য।
শীৎকার, (শীত-কৃ) শ্রেষ্ঠ স্ত্রীদের রতিকালীন ধ্বনি; শিহরণ
শীতকৃত, (শীত কৃ) শীৎকার; শ্রেষ্ঠ স্ত্রীদের রতি কালীন ধ্বনি, শিহরণ
শীধু, (শী) পক্করস কৃত মদ্য, মধু।
শীধুগন্ধ, বকুলবৃক্ষ; মদ্যগন্ধ।
শীধুপ, (শীধু-পা) শীধুপানকর্ত্তা, মদ্যপ।
শীন, ঘনীভূত ঘৃতাদি; মূর্খ; অজগর সর্প।
শীফালিকা, (শেফা-আলি) শেফালিকা বৃক্ষ, শিউলীগাছ। [বাস, শেওলা।
শীবল, শৈলেয় নামে গন্ধদ্রব্য বিশেষ, শৈ-
শীভ্র, শীকর, জলকণা, বায়ু।
শীভ্য, শিব, মহাদেব; বৃষ, ষাঁড়।
শীর্ণ, (শৄ) কৃশ, ক্ষীণ, শুষ্ক।
শীর্ণতা, (শীর্ণ) ক্ষীণতা, কৃশত্ব।
শীর্ণত্ব, (শীর্ণ) কৃশতা, শীর্ণতা, ক্ষীণত্ব।
শীর্ণপত্র, কর্ণিকার বৃক্ষ; নিম্ব; শীর্ণপত্র।
শীর্ণপর্ণ, নিম্ববৃক্ষ; বিশীর্ণ পত্র।
শীর্ণপাদ, অন্তক, যম; কৃশ চরণ।
শীর্ণবৃন্ত, ফলবিশেষ, তরমুজ।
শীর্ণমালা, বৃক্ষবিশেষ; ম্লান মালা। [পাদ।
শীর্ণাঙ্ঘ্রি, (শীর্ণ-অঙ্ঘ্রি) অন্তক, যম; কৃশ

শীর্ষি, অপকারক; হিংসক।

শীর্ষ, (শিরস) মস্তক; শিরো ভাগ; শীষ; কৃষ্ণ অগুরু। পাগড়ী; রাহুগ্রহ; মস্তক।

শীর্ষক, (শীর্ষ) শিরোরক্ষণ, সন্নাহ; টোপ

শীর্ষঘাতী, (শীর্ষ-ঘাতিন) মস্তকচ্ছেদক, শিরচ্ছেদক। [যুক্ত।

শীর্ষচ্ছেদিক, বধার্হ, বধযোগ্য, হত্যালাপ-

শীর্ষচ্ছেদ্য, মস্তক ছেদনোপযুক্ত, বধ্য।

শীর্ষণ্য, (শীর্ষ) শিরোরক্ষণার্থ সন্নাহ, টোপ, টুপী, শিরস্ত্র।

শীর্ষরক্ষ, শিরস্ত্রাণ, টুপি; পাগড়ী।

শীল, (শীল) স্বভাব, সদ্বৃত্ত; চরিত্র; অজগর সর্প।

শীলতা, (শীল) সচ্চরিত্রতা, সুস্বভাবতা।

শীলত্ব, (শীল) সুস্বভাবত্ব, শীলতা।

শীলন, অভ্যাসন; চর্চ্চাকরণ; প্রবর্ত্তন।

শীলবান্, (শীল) শীল বিশিষ্ট; সৎস্বভাব।

শীলা, (শীল) কৌণ্ডিন্য মুনির পত্নী।

শীলিত, (শীল) চীর্ণ, অভ্যস্ত।

শীশ, মুখশব্দ বিশেষ; শীৎকার বিশেষ।

শুঁটী, (শিম্বী) ছিমড়া; কলায়শুটী; ফলত্বক

শুঁঠ, (শুণ্ঠী) শুষ্ক আর্দ্রক, শুকনা আদা

শুঁয়া, (শূক) ধান্যাদির অগ্রভাগ।

শুঁড়, (শুণ্ড) করিকর, হাতির শুঁড়।

শুঁড়ী, (শৌণ্ডিক) শুণ্ডী, মদ্যবিক্রেতা।

শুক, (শুভ) পক্ষিবিশেষ; টিয়াপাখী; ব্যাসপুত্র; গ্রন্থিপর্ণবৃক্ষ; বস্ত্র; বস্ত্রাঞ্চল; শিরস্ত্রাণ, শিরীষবৃক্ষ; শিয়ালকাঁটা।

শুকচ্ছদ গ্রন্থিপর্ণবৃক্ষ, গাঁটিয়ালগাছ

শুকজিহ্বা বৃক্ষবিশেষ শুয়াঠোঁটী।

শুকতরু, (শুক-তরু) শিরীষ বৃক্ষ।

শুকদেব, (শুক-দেব) ব্যাসতনয়, ব্যাসদেবের পুত্র।

শুকন, (শুক) শুষ্ক করণ, শোষণ; কৃশহওন

শুকনা, (শুষ) শুষ্ক, নীরস; ম্লান।

শুকনাস, বৃক্ষবিশেষ; শুকবৎ নাসাযুক্ত।

শুকপুচ্ছ, গন্ধক; শুকপক্ষির লাঙ্গুল।

শুকপ্রিয় শিরীষবৃক্ষ; শুকবল্লভ।

শুকপ্রিয়া, (শুক-প্রিয়) জম্বু, জাম।

শুকফল, অর্কবৃক্ষ, আকন্দ গাছ।

শুকবর্হ, গন্ধদ্রব্য বিশেষ, গাঁঠিয়াল।

শুকবল্লভ, দাড়িম; শুকপক্ষির প্রিয়।

শুকবাহ, কামদেব, শুকপক্ষির বাহক।

শুকা, (শুষ) শুষ্ক; ক্ষীণ কৃশ।

শুকাখ্যা বৃক্ষবিশেষ, শুয়াঠোঁটী।

শুকাটা, (শুষ) শুষ্কতা, নীরসতা।

শুকাদন, (শুক-অদন) দাড়িম; শুকপক্ষির খাদনীয় দ্রব্য। [করণ।

শুকান, (শুকা) শুষ্ক করণ, শোষণ, নীরস-

শুকী, কশ্যপ মুনিপত্নী; শুকপক্ষিণী।

শুকটি, (শুষ) শুষ্ক, শুকনা; নীরস।

শুকটিমাছ, শুষ্ক মৎস্য, শুকনামাছ।

শুক্ত, (শুচ) মাংস কাঞ্জিক; দ্রবদ্রব্যবিশেষ; নিষ্ঠুর। [তোলা পরিমাণ।

শুক্তি, (শুষ) জলজন্তুবিশেষ, ঝিনুক; চারি

শুক্তিকা, (শুক্তি) মুক্তাস্ফোট; ঝিনুক।

শুক্তিজ, (শুক্তি-জন) মুক্তা, মৌক্তিক।

শুক্তিবীজ মৌক্তিক, মুক্তা।

শুক্র, (শুচ) মজ্জাজাত ধাতু, পুংস্ত্ব; রেতঃ, বীর্য্য, তেজঃ; গ্রহবিশেষ, দৈত্যগুরু, ভার্গব; সপ্তবিংশ যোগ; অগ্নি; চিত্রক বৃক্ষ; জ্যেষ্ঠ মাস।

শুক্রকর, (শুক্র-কৃ) মজ্জা; চক্র; বীর্য্যকারক

শুক্রবার, শুক্রগ্রহের ভোগ্য দিন।

শুক্রভুক্, (শুক্র-ভুজ) ময়ূর; রেতো ভোজক

শুক্রভূ, মজ্জা; বীর্য্যজাত।

শুক্রশিষ্য, অসুর, দৈত্য, দানব; কচ।

শুক্রাঙ্গ, (শুক্র-অঙ্গ) ময়ূর, কলাপী, শিখী।

শুক্রাচার্য্য, শুক্র-আচার্য্য, দৈত্যগুরু, শুক্রগ্রহ

শুক্ল (শুচ) বর্ণবিশেষ, শাদা, শুভ্র, রজত; নবনীত; চক্ষুরোগবিশেষ; শ্বেতএরণ্ডবৃক্ষ

শুক্লক, (শুক্ল) শুক্লপক্ষ; শ্বেতবর্ণ

শুক্লকর্ম্মা, অকৃষ্ণকর্ম্মা, সৎকর্ম্মকারী।

শুক্লকুষ্ঠ, শ্বেতবর্ণ কুষ্ঠরোগবিশেষ।

শুক্লতা, (শুক্ল) শুভ্রতা, শুক্লত্ব।

শুক্লত্ব, (শুক্ল) শুক্লতা, শুভ্রত্ব।

শুক্লতুণ্ড, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

শুক্লধাতু, কঠিনী, খড়ী, শ্বেতবর্ণ ধাতুদ্রব্য।

শুক্লপক্ষ, সিতপক্ষ, চন্দ্রের বৃদ্ধিকাল।

শুক্লপুষ্প, কুন্দপুষ্প বৃক্ষ; শ্বেতকুসুমযুক্ত।

শুক্লপৃষ্ঠক, (শুক্ল-পৃষ্ঠ) বৃক্ষ বিশেষ; শ্বেতবর্ণ পৃষ্ঠযুক্ত।

শুক্লবায়স, কঙ্ক, বক; শ্বেতকাক।

শুক্লশাল, গিরিনিম্ববৃক্ষ; শ্বেতশাল বৃক্ষ।

শুক্লা, (শুক্ল) সরস্বতী; শর্করা; [illegible]বৃক্ষ [illegible]গাছ; শ্বেতবর্ণা [illegible]।

শুক্লাঙ্গ (শুক্ল-অঙ্গ) শ্বেতবর্ণ [illegible]

শুক্লবর্ঠক, [illegible]পক্ষী; শ্বেতগঙ্গ [illegible]

শুক্লাঙ্গী, (শুক্লাঙ্গ) শেফালিকা, শিউলী। শ্বেত অবয়ব যুক্তা স্ত্রী। [শ্বেতাঙ্গ।
শুক্লাপাঙ্গ, (শুক্ল-অপাঙ্গ) ময়ূর; শ্বেতবর্ণ
শুক্লিমা, (শুক্ল) শুক্লতা, শ্বেতবর্ণত্ব।
শুক্লোপলা, (শুক্ল-উপল) শর্করা, চিনি; শ্বেতবর্ণ প্রস্তর। [শুঙ্গ, গাছ; শুক, শুঁয়া।
শুঙ্গ (শিম্ব) বটবৃক্ষ; আম্রাতক বৃক্ষ, আম-
শুঙ্গন, (শুঙ্গ) আঘ্রাণ লওন, শোঁকন। [শুঁয়া।
শুঙ্গা, বৃক্ষবিশেষ, ধান্যাদির শূক, ধানের
শুঙ্গাকর্ম্ম, পুংসবন, সংস্কার বিশেষ।
শুঙ্গী, (শুঙ্গ) প্লক্ষবৃক্ষ; বটবৃক্ষ; শুঙ্গাবিশিষ্ট, শুঁয়াযুক্ত।
শুচা, শোক, খেদ, মনস্তাপ।
শুচি, (শুচ) অগ্নি; চিত্রক বৃক্ষ, আষাঢ়মাস; শুক্লগুণ বিশিষ্ট; শুদ্ধ; প্রশস্ত
শুচিতা, (শুচি) শুদ্ধতা, প্রশস্ততা।
শুচিত্ব (শুচি) শুদ্ধতা, পবিত্রতা।
শুচিদ্রুম, অশ্বত্থবৃক্ষ; শুদ্ধ বৃক্ষ।
শুচিপ্রাশী আচমন, আচান।
শুচিমল্লিকা, নবমল্লিকা।
শুচিরোচিঃ চন্দ্র; শুক্লকিরণ।
শুজি, (শস্য) গোধূমচূর্ণ, ময়দার সারাংশ।
শুটীরতা, বীর্য্য, [illegible] শুক্র।
শুণ্ঠী (শুঠ) শুষ্ক আর্দ্রক, শুঁঠ। [ঝর।
শুণ্ড, (শুন) করিকর, হাতির শুঁড়; মদনি-
শুণ্ডক, (শুণ্ড) শৌণ্ডিক, শুঁড়ী।
শুণ্ডা (শুণ্ড) মদ্যপান গৃহ; বেশ্যা; সুরা; হস্তিহস্ত, হাতির শুঁড়।
শুণ্ডাদণ্ড, শুঁড়রূপ যষ্টি; হাতির শুঁড়।
শুণ্ডাপান, মদ্যপান গৃহ; মদ্যস্থান।
শুণ্ডার, (শুণ্ড) শৌণ্ডিক, শুঁড়ী।
শুণ্ডাল, (শুণ্ড) হস্তী, করী, দন্তী।
শুণ্ডিকা, (শুণ্ড) অলিজিহ্বা, আল্জিব।
শুণ্ডিকালয়, (শুণ্ডিক-আলয়) শুণ্ডির গৃহ, শুঁড়ির ঘর।
শুণ্ডিনী, (শুণ্ড) শুণ্ডির স্ত্রী, শুঁড়িনী
শুণ্ডিমূষিকা, ছুছুন্দরী, ছুঁচা, [illegible]
শুণ্ডী, (শুণ্ড) শৌণ্ডিক, শুঁড়ী; হস্তী, হাতি
শুতদ্রি, শতদ্রুনদী, শতদ্রু নদী।
শুদ্ধ, (শুধ) নির্দ্দোষ, পবিত্র; অমিশ্রিত; কেবল; সৈন্ধব লবণ; মরিচ।
শুদ্ধজঙ্ঘ, গর্দ্দভ, গাধা; [illegible]
শুদ্ধতা, (শুদ্ধ) পবিত্রতা, নির্দ্দোষত্ব।

শুদ্ধবল্লিক, গুড়ুচীলতা, গুলঞ্চ; পবিত্রলতা
শুদ্ধমতি, জিন বিশেষ; পবিত্র বুদ্ধি।
শুদ্ধমাংস, মাংস ব্যঞ্জন বিশেষ।
শুদ্ধসত্ত্ব, পবিত্র, প্রকৃত; পরিষ্কৃত।
শুদ্ধান্ত, (শুদ্ধ-অন্ত) অন্তঃপুর; রাজযোষিৎ; রাজাদের অন্যের অগোচর পুরবিশেষ; [illegible]ন্ত। [রক্ষক।
শুদ্ধান্তপালক, অন্তঃপুর রক্ষক, গৃহ [illegible]
শুদ্ধান্তা, (শুদ্ধান্ত) রাজমহিষী, রাজাবরোধ।
শুদ্ধি, (শুধ) মার্জ্জনা; বৈদিক কর্ম্মাদির প্রয়োজক সংস্কার বিশেষ; পবিত্রতা।
শুধরণ (শুধ) শুদ্ধকরণ; সারণ।
শুধরাণ, (শুধরা) শুদ্ধকরণ, পরিষ্কার করণ, প্রতীকার করণ
শুধু, (শুধ) কেবল, শুদ্ধ।
শুন, (শ্বন) কুক্কুর, কুকুর, সারমেয়।
শুনঃশেফ মুনি বিশেষ
শুনক, (শুন) কুক্কুর, কুকুর।
শুনন, (শুন) আকর্ণন, শ্রবণ, শুনা।
শুনান, (শুনা) শ্রবণ করাণ, শ্রবণার্থ প্রেরণ
শুনাশীর, ইন্দ্র, দেবরাজ।
শুনাসীর, দেবরাজ, ইন্দ্র।
শুনি, (শ্বন) কুক্কুর, কুকুর
শুনী, (শ্বন) কুক্কুরী; কুত্তী।
শুনীর (শুনী) কুক্কুরী সমূহ।
শুন্ধ্যু, অগ্নি, বহ্নি, অনল।
শুন্য, (শুন) কুক্কুরী সমূহ; রিক্ত।
শুভ, (শুভ) ক্ষেম, মঙ্গল, কল্যাণ; পদ্মকাষ্ঠ; ত্রয়োবিংশ যোগ।
শুভংযু, মঙ্গলান্বিত, কল্যাণযুক্ত।
শুভকর (শুভ-কৃ) মঙ্গলকর, কল্যাণকর।
শুভকর্ম্ম, মাঙ্গল্য ক্রিয়া, কল্যাণজনককার্য্য বিবাহাদি ক্রিয়া।
শুভগন্ধক, বোল নামে গন্ধদ্রব্য বিশেষ।
শুভগ্রহ, সৌম্যগ্রহ, মঙ্গলজনক গ্রহ।
শুভঙ্কর, (শুভ-কৃ) মঙ্গলকারক, ক্ষেমঙ্কর।
শুভঙ্করী, পার্ব্বতী, মঙ্গলকারিণী।
শুভচিন্তক, মঙ্গল চিন্তাকারক, হিতৈষী।
শুভধ্যায়ী, শুভচিন্তক, হিতৈষী।
শুভদ, (শুভ-দা) কল্যাণদায়ক, অশ্বত্থ বৃক্ষ।
শুভদৃষ্টি, বরকন্যার পরস্পর দর্শন।
শুভনেত্রা, (শুভ-নেত্র) [illegible] পর স্ত্রীকাতর
শুভধ্যায়ী (শুভ-ধ্যায়িন) হিতৈষী, উপকা-

শুভপত্রিকা, (শুভ-পত্র) শালপর্ণী বৃক্ষ, শালপাইন গাছ; মঙ্গল পত্রিকা।
শুভবাসন. মুখের সুবাস কর গন্ধ
শুভলগ্ন. সুসময়, শুভক্ষণ।
শুভসংবাদ. সুসংবাদ, শুভ সমাচার।
শুভস্থলী যজ্ঞভূমি; মঙ্গলজনক ভূমি।
শুভক্ষণ. শুভলগ্ন শুভ সময়
শুভা. (শুভ) শোভা. কান্তি; ইচ্ছা; বংশরোচনা; শ্বেতদূর্ব্বা; দেবসভা. উমার সখী বিশেষ; মঙ্গলজনিকা।
শুভাঙ্গী. (শুভ-অঙ্গ) কুবেরপত্নী; কামদেব পত্নী. মঙ্গল অবয়বযুক্তা [ভিন আচাররতী
শুভাচারা, (শুভ-আচার) উমার সখী; শোভাঞ্জন, শোভাঞ্জন বৃক্ষ. শজিনা গাছ।
শুভাদৃষ্ট, (শুভ-অদৃষ্ট) সৌভাগ্য. শুভদায়ক ভাগ্য। [সূচক, শুভাপ্রার্থক।
শুভানুধ্যায়ী, (শুভ-অনুধ্যায়িন) মঙ্গলাচি-
শুভান্বিত. (শুভ-অন্বিত) মঙ্গলযুক্ত, কল্যাণবিশিষ্ট। [স্তি।
শুভতা. (শুভ) সৌভাগ্য; সুব্যবস্থা; সুস-
শুভ্র, (শুভ) শুক্লবর্ণ; শুক্লগুণযুক্ত; অভ্রক; রৌপ্য। [র পশ্চিম কোণের অধিপতি।
শুভ্রদন্তী, (শুভ্র-দন্ত) দিগ্‌গজ বিশেষ, উত্ত-
শুভ্ররশ্মি, চন্দ্র. শশধর; শ্বেতকিরণ।
শুভ্রাংশু, (শুভ্র-অংশু) চন্দ্র, শশাঙ্ক।
শুম্ভি. ব্রহ্মা. প্রজাপতি।
শুম্ভ (শুম্ভ) দানব বিশেষ।
শুম্ভঘাতিনী, (শুম্ভ-ঘাতি) দুর্গা, শুম্ভ-নামক দৈত্যের বধকারিণী।
শুম্ভপুর, শুম্ভদৈত্যের পুরী।
শুম্ভমর্দ্দিনী. দুর্গা. ভগবতী [বিবাহের পণ
শুল্ক, (শুল্ক) ঘট্টাদিতে দেয় মাসুল; কর;
শুল্ব, রজ্জু. দড়ী; তাম্র. তামা
শুল্ব তাম্র, তামা; রজ্জু, দড়ী; যজ্ঞকর্ম্ম।
শুশুক. (শিশুক) জলজন্তু বিশেষ, শিশুমার
শুশুমা. শুক্রাচার্য্যের পত্নী।
শুশ্রূবান, শ্রবণ বিশিষ্ট।
শুশ্রূ, মাতা, জননী।
শুশ্রূষক (শ্রু) পরিচারক, পরিচার্য্যাকারী. শুশ্রূষাকারক. সেবক, উপাসক।
শুশ্রূষণ, (শ্রু) সেবা, উপাসনা, পরিচর্য্যা।
শুশ্রূষা (শ্রু) উপাসনা, সেবা, পরিচার্য্যা; শ্রবণেচ্ছা।
শুষি. (শুষ) শোষ, শুষ্কতা; বিল, ছিদ্র।
শুষির. (শুষ) বিবর, ছিদ্র, রন্ধ্র; বংশাদির বাদ্য; ইন্দুর, মূষিক; অগ্নি।
শুষিরা, নদী, গন্ধদ্রব্য বিশেষ।
শুষিল, বায়ু, অনিল. বাতাস।
শুষ্ক, (শুষ) নিস্নেহ, শুকনা, নীরস, ম্লান
শুষ্কপত্র, স্নেহরহিত দল, শুকনা
আতপাদি দ্বারা শোষিত শুটশাক, নতা শাক. শুষ্ক পাতা।
শুষ্কবৃক্ষ, মৃতগাছ; নীরস বৃক্ষ।
শুষ্কব্রণ কিণ, কড়া।
শুষ্কমৎস্য, আতপাদি দ্বারা নিস্নেহীকৃত মীন, শুকটা মাছ। [শুকটা মাংস।
শুষ্কমাংস, রৌদ্রাদি দ্বারা নীরসীকৃত মাংস.
শুষ্কল, আমিষ, মৎস্য মাংসযুক্ত; আমিষাশী
শুষ্কলী, শুষ্কমাংস; মাংসমাত্র।
শুষ্কাঙ্গ, (শুষ্ক-অঙ্গ) বৃক্ষবিশেষ; স্নেহশূন্য অবয়ব; শীর্ণ অঙ্গ।
শুষ্কাঙ্গী (শুষ্ক-অঙ্গ) গোধিকা. গোসাপ; ক্ষীণাঙ্গী। [অন্ন।
শুষ্কান্ন, (শুষ্ক-অন্ন) শুকনা ভাত; অপক্ব
শুষ্কার্দ্রক, (শুষ্ক-আর্দ্রক) শুণ্ঠী, শুঠ.
শুষ্ণ, দিনাকর. সূর্য্য, অগ্নি। [পক্ষী
শুষ্ম, তেজঃ, পরাক্রম; সূর্য্য; অগ্নি; বায়ু;
শুষ্মা, অনল. অগ্নি; চিত্রক বৃক্ষ, চিতাগাছ
শুষ্মিক, বায়ু বাতাস. তেজঃ।
শূক. (শো) শল্ক, তীক্ষ্ণাগ্র. শুঁয়া।
শূককীট. শূকযুক্ত কীটবিশেষ, শুঁয়াপোকা।
শূকতৃণ, তৃণবিশেষ. শূকভীঘাস।
শূকধান্য. শূঙ্গযুক্ত শস্য. ধান্যযবাদি।
শূকর. (শূক) পশুবিশেষ, শূয়র. বরাহ।
শূকরী, (শূকর) শূকর পত্নী.বরাহী স্ত্রীদ্রব্য।
শূকরেষ্ট,(শূকর-ইষ্ট) কেশুর; শূকরের প্রিয়
শূকল. দুর্ব্বিনীত ঘোটক. দুষ্টঘোড়া।
শূঙ্গ, (শূঙ্গ) তীক্ষ্ণাগ্র, শুঁয়া।
শূতিপর্ণ, আরগ্বধ বৃক্ষ, সোঁদালিগাছ।
শূদ্র (শুচ) চতুর্থ বর্ণ, অবর বর্ণ, জঘন্যজ, অন্তবর্ণ।
শূদ্রকৃত্য, শূদ্রের কর্ত্তব্য কর্ম্ম।
শূদ্রধর্ম্ম শূদ্রের শাস্ত্রবিহিতাচার।
শূদ্রপ্রিয় পলাণ্ডু, পেঁয়াজ, শূদ্রের প্রিয়দ্রব্য
শূদ্রপ্রেষ্য. শূদ্রের পরিচারক ব্রাহ্মণাদি
শূদ্রশাসন. শূদ্রের রাজা অথবা অধিকার

শূদ্রা, (শূদ্র) শূদ্রজাতি স্ত্রী।
শূদ্রাণী (শূদ্র) শূদ্র জাতি স্ত্রী।
শূদ্রান্ন, (শূদ্র-অন্ন) শূদ্র স্বামিক অন্ন।
শূদ্রাপুত্র, ব্রাহ্মণাদি কর্ত্তৃক বিবাহিতা শূদ্রার গর্ভজ সন্তান।
শূদ্রাবেদী, শূদ্রা বিবাহ কর্ত্তা ব্রাহ্মণ।
শূদ্রী, (শূদ্র) শূদ্র ভার্য্যা, শূদ্র স্ত্রী।
শূনা, (শ্বি) প্রাণিবধস্থান, অধোজিহ্বিকা, আলজিব।
শূনাবান, (শূনা) প্রাণিবধে পশুজীবী, কসাই
শূন্য, (শূন্য) আকাশ; বিন্দু; অভাববিশিষ্ট, খালি, রিক্ত; নির্জ্জন।
শূন্যতা, (শূন্য) রিক্ততা, অভাবত্ব।
শূন্যবাদী, (শূন্য-বাদিন) নাস্তিক।
শূন্যমধ্য, নল; শূন্যগর্ভ বস্তু।
শূন্যস্থান, রিক্ত স্থান, নির্জ্জন স্থল।
শূন্যহস্ত, রিক্তহস্ত, খালিহাত।
শূন্যহস্ত রিক্তহস্ত, খালিহাত।
শূন্যা, (শূন্য) নীল; ক্ষীণমনস, বন্ধ্যা। ঘর
শূন্যালয়, (শূন্য-আলয়) নির্জ্জন গৃহ, খালি
শূপ, দাইল; তরকারি। রন্ধনকর্ত্তা।
শূপকার, শূপাদির পাচক, পাচক; রসুইয়া
শূম, কৃপণ, অদাতা, বায়কুণ্ঠ।
শূয়া, (শূক) শূঙ্গা, শূয়া।
শূয়াপোকা, কীটবিশেষ, কন্টকিকীট।
শূয়ার, শূকর, বরাহ।
শূর, (শূর) বীর, শৌর্য্যশালী, যাদব, শ্রীকৃষ্ণের পিতামহ; সূর্য্য; সিংহ; শূকর।
শূরণ, মূলবিশেষ, ওল।
শূরতা, (শূর) শৌর্য্য, বিক্রম, বীর্য্য।
শূরত্ব, (শূর) শৌর্য্য, বীর্য্য, বল
শূরত্বপ্রকাশক, শৌর্য্যবীর্য্যপ্রকাশক, সাহসী
শূরসেন রাজাবিশেষ; দেশবিশেষ।
শূর্প, তণ্ডুলাদি স্ফোটনার্থ বংশাদি নির্ম্মিত পাত্র বিশেষ, কুলা, দ্রোণদ্বয় পরিমাণ।
শূর্পকর্ণ হস্তী; কুলার তুল্য কর্ণযুক্ত।
শূর্পনখা, (শূর্প নখ) রাবণের ভগিনী।
শূর্পনখী, (শূর্প-নখ) রাবণ ভগিনী।
শূর্পবাত, শূর্পের বায়ু, কুলার বাতাস।
শূর্পশ্রুতি, হস্তী, করী, মাতঙ্গ।
শূর্পী, (শূর্প) ক্ষুদ্রশূর্প, ছোটকুলা; শূর্পনখা, রাবণ ভগিনী।

শূল, (শূল) রোগবিশেষ; অস্ত্রবিশেষ, বর্শা, সুতীক্ষ্ণ অয়ঃকীলক।
শূলক, (শূল) দুর্দ্দান্ত ঘোটক।
শূলঘ্ন, (শূল-হন) বৃক্ষবিশেষ; শূলনাশক।
শূলদ্বিট, হিঙ্গু, হিং।
শূলধন্বা, মহাদেব শিব।
শূলধৃক্, (শূল-ধৃ) শিব, মহাদেব।
শূলধর, (শূলধর) দুর্গা, ভগবতী।
শূলধারিণী, (শূলধর) দুর্গা ভগবতী।
শূলধারী, (শূল-ধারিন) শিব, মহাদেব।
শূলধৃক্, দুর্গা; মহাদেব।
শূলন, বেদনাকরণ, পীড়ন।
শূলফী, (শূল) শলাকা, বর্শা, কোঁচ।
শূলবেদনা, শূলরোগ, শূলব্যথা।
শূলব্যথা, শূলরোগ, শূলবেদনা।
শূলশত্রু, এরগুবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।
শূলহন্ত্রী, যবানী, যোয়ানি
শূলহৃৎ, হিঙ্গু, হিং।
শূলা, (শূল) দুষ্টবধার্থ কীলক; বেশ্যা।
শূলাকৃত, (শূল-কৃ) লৌহাদি শলাকায় বিদ্ধ করিয়া পক্ব মাংস, কাবাব।
শূলিক, (শূল) লৌহশলাকা দ্বারা দগ্ধমাংস, কাবাব; শশক, খরগোশ; শূলযুক্ত।
শূলিনী, (শূল) শূলধারিণী; দুর্গা, পার্ব্বতী
শূলী (শূল) শিব, মহাদেব; শূলাস্ত্রধারক; শূলরোগ যুক্ত।
শূলফী, (শূল) লৌহশলকা; লৌহনির্ম্মিত অস্ত্র বিশেষ। কোঁচ।
শূল্য লৌহাদি শলাকা দ্বারা দগ্ধ মাংস,
শূক্ষ্ম, (সূক্ষ্ম) অল্প; অস্থূল, লঘু, মিহী।
শূক্ষ্মতা, অল্পত্ব, অস্থূলত্ব, সঙ্কীর্ণতা।
শৃকাল, (শৃগাল) জম্বুক, শিবা, গোমায়ু, ফেরু, মৃগধূর্ত্ত, শিয়াল।
শৃগাল (শৃক-অল) শিয়াল গোমায়ু।
শৃগালকণ্টক, ক্ষুদ্র বৃক্ষ বিশেষ, শেয়াল কাঁটার গাছ।
শৃগালকোলি ক্ষুদ্রকোলিবৃক্ষ, শেয়ালকুলগাছ
শৃগালিকা, (শৃগাল) শৃগালপত্নী, শেয়ালী, ক্ষুদ্রশৃগাল, খেঁকশিয়ালী।
শৃগালী, (শৃগাল) শৃগালপত্নী; খেঁকশিয়ালী
শৃঙ্খল, (শৃঙ্খ-লা) পুরুষের কটাভরণ, গো-উষ্ট্র হস্ত্যাদির লৌহময় পাদবন্ধন, আন্দু, দাড়ুকা; লৌহরজ্জু, শিকল; বেড়ী।

শৃঙ্খল, (শৃঙ্গ-খল) নিগড়; শিকল; পুরুষের কটিবন্ধ; নিয়ম, রীতি। [বন্ধ।

শৃঙ্খলিত, (শৃঙ্খল) শৃঙ্খলাযুক্ত, নিগড়িত,

শৃঙ্খলী, (শৃঙ্খল) শৃঙ্খলযুক্ত; বৃক্ষবিশেষ।

শৃঙ্গ, (শৃ) পর্ব্বতের উপরি ভাগ, কূট, শৈলাগ্র, শিখর; ক্রীড়াজলযন্ত্র; বিষাণ, ছিং; মহিষাদির শৃঙ্গনির্ম্মিত বাদ্যবিশেষ, শিঙ্গা; মুনিবিশেষ।

শৃঙ্গক, (শৃঙ্গ) বৃক্ষবিশেষ ক্ষীরক বৃক্ষ।

শৃঙ্গকন্দ, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

শৃঙ্গজ, (শৃঙ্গ-জন) অগুরু; শর, বাণ; শৃঙ্গজাত। [শিষ্ট।

শৃঙ্গবান্ (শৃঙ্গ) পর্ব্বত বিশেষ; শৃঙ্গবি-

শৃঙ্গবের, আর্দ্রক, আদা; শুণ্ঠী, শুঁঠ; পুরী বিশেষ, গুহচণ্ডালের পুরী।

শৃঙ্গবেরক, (শৃঙ্গ-বের) আর্দ্রক, আদা।

শৃঙ্গমূল, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

শৃঙ্গমোহী, চম্পক চাঁপা।

শৃঙ্গাট (শৃঙ্গ-অট) চতুষ্পথ, চৌমাথা রাস্তা; পানীফল, কামাখ্যাদেশস্থ পর্ব্বতবিশেষ।

শৃঙ্গাটক, (শৃঙ্গ-অট) চতুষ্পথ, চৌমাথা রাস্তা; জলজ লতাফল বিশেষ; পানীফল, শিঙ্গাড়া।

শৃঙ্গার, (শৃঙ্গ-ঋ) সুরত, রতিক্রিয়া; রমণ, মৈথুন; নাট্যরস; লবঙ্গ, সিন্দুর; আর্দ্রক আদা; গজভূষণ।

শৃঙ্গারক, (শৃঙ্গার) সিন্দূর; শৃঙ্গবিশিষ্ট;

শৃঙ্গারভূষণ, সিন্দূর, সিঁদুর।

শৃঙ্গারযোনি, কামদেব, মদন, কন্দর্প।

শৃঙ্গাররস, সুরতরস, নবরসান্তর্গতরসবিশেষ

শৃঙ্গারী, (শৃঙ্গার) শৃঙ্গার বিশিষ্ট; সুবেশ; গুবাক; গুপারী, হস্তী, হাতী।

শৃঙ্গি, (শৃঙ্গ) মৎস্য বিশেষ, শিঙ্গীমাছ।

শৃঙ্গিক, (শৃঙ্গ) বিষবিশেষ, একপ্রকার কালকূট, গরল।

শৃঙ্গিণ (শৃঙ্গ) মেষ, মেড়া, ভেড়া।

শৃঙ্গিনী, (শৃঙ্গ) গোরু; শৃঙ্গবিশিষ্ট; মেষশৃঙ্গী বৃক্ষ, মল্লিকাবৃক্ষ, জ্যোতিষ্মতী বৃক্ষ।

শৃঙ্গী, (শৃঙ্গ) শৃঙ্গযুক্ত, হস্তী; বৃক্ষ; পর্ব্বত মৎস্যবিশেষ, সিঙ্গীমাছ; ঔষধিবিশেষ।

শৃঙ্গীকনক, অলঙ্কারের স্বর্ণ।

শৃণি, অঙ্কুশ, ডাঙ্গশ।

শৃত, (শ্রা) পক্ব ক্ষীর; পক্ব ঘৃত, পক্ব দুগ্ধ

শৃধু, বুদ্ধি; অপান, গুহ্যদ্বার।

শৃধ্ব, কুৎসিত, মন্দ; অপান, গুহ্যদেশ।

শেওড়া, (শাখোট) বৃক্ষবিশেষ, সেওড়া গাছ

শেওয়া, (শেফস) যোনি, ভগ, গুদ।

শেখ, যবন জাতির উপাধি বিশেষ।

শেখর, (শিখ) শিখাবস্থিত মাল্য; শৈলশৃঙ্গ; লবঙ্গ; শজিনার মূল।

শেখরী, (শেখর) শৃঙ্গবিশিষ্ট; লতা বিশেষ।

শেট, (শট) সের এক মনের চল্লিশাংশের একাংশ; পদবীবিশেষ।

শেপ, (শেফস) শিশ্ন, লিঙ্গ, উপস্থ।

শেপাল, শৈবাল, শেওলা।

শেফস, শিশ্ন, লিঙ্গ, উপস্থ।

শেফালি, (শেফা-অলি) পুষ্পবৃক্ষ বিশেষ

শেফালিকা, (শেফা-অলি) বৃক্ষবিশেষ, শিউলী গাছ। [শেফালিকা বৃক্ষ, শিউলি গাছ।

শেফালী, (শেফা-অল) পুষ্প বৃক্ষ বিশেষ

শেব, (শেফস) উপস্থ, শিশ্ন, মেঢ্র; উন্নত উচ্চ; অহি, সর্প।

শেবধি, নিধি, রত্ন, মাণিক্য।

শেবল, (শী) শৈবাল, শেওলা।

শেবলিনী (শেবল) নদী, সরিৎ, তটিনী।

শেবাল, (শী) শৈবাল, শেওলা।

শেমুষী, বুদ্ধি, জ্ঞান, মতি।

শেয়ান, চতুর; চালাক; ধূর্ত্ত।

শেয়াল, (শৃগাল) জম্বুক, শিবা। [বিশেষ

শেয়ালকাঁটা, (শৃগাল-কণ্টক) কণ্টকময় বৃক্ষ

শেয়লা, (শৈবাল) শৈবাল, শেওলা

শের, (শেট) পরিমাণ বিশেষ।

শেল (শূল) শল্যনামে অস্ত্রবিশেষ; শূল।

শেলু, বহুবারক বৃক্ষ, চালতাগাছ।

শেলেষ্মা, (শালিক্ষ) শাকবিশেষ।

শেষ, (শিষ) অবশিষ্ট; প্রসাদ; বলদেব; অনন্ত নাগ; ভগবানের দ্বিতীয়া মূর্ত্তি; সমাপন; অন্ত, সীমা।

শেষকাল, অন্ত সময়; চরম সময়।

শেষত্ব (শেষ) অবশিষ্টত্ব, শেষের ধর্ম্ম।

শেষবেলা, বৈকাল, অপরাহ্ণ, দিনশেষে

শেষভুক, (শেষ-ভুজ) উচ্ছিষ্টভোজী; সর্ব্বশেষ আহারকারী, সর্ব্বশেষ আহারকারী।

শেষভোক্তা, (শেষ-ভোক্তৃ) উচ্ছিষ্ট ভোজী;

শেষমন্দ, পশ্চাৎ ক্ষতি; পরে দুর্গতি।

শেষরাত্রি, রাত্রিশেষ, নিশাবশান।

শেষাবস্থা, (শেষ-অবস্থা) শেষদশা; বৃদ্ধাবস্থা।

শেষে, (শেষ) অন্তে; পশ্চাতে; উত্তরকালে।

শৈখরিক, (শিখর) অপামার্গবৃক্ষ, আপাংগাছ
শৈত্য (শীত) শীতলত্ব, স্নিগ্ধতা।
শৈথিল্য, (শিথিল) শিথিলত্ব; আলস্য; অস্বরতা। [শিনিপুত্র।
শৈনেয়, (শিনি) সাত্যকি শ্রীকৃষ্ণের সারথি
শৈব, (শিব) শৈবাল, শেওলা; শিবপুর; শিবসম্বন্ধীয়; শিবোপাসক; আচারবিশেষ।
শৈববিবাহ, মহানির্ব্বাণতন্ত্র শাস্ত্রমতে অসবর্ণা বিধবার বিবাহ।
শৈবাল, (শী) জলজতৃণ বিশেষ, শেওলা।
শৈবলিনী, (শৈবল) নদী, হ্রদিনী তটিনী।
শৈবাল, (শী) জলজ তৃণ বিশেষ শেওলা
শৈবী, (শিব) শিব সম্বন্ধিনী; শৈববিবাহে বিবাহিতা স্ত্রী।
শৈব্য, (শিব) শ্রীকৃষ্ণের ঘোটক বিশেষ; পাণ্ডবদের সেনাপতি বিশেষ; শিব সম্বন্ধীয়। [গিরি, ভূধর।
শৈল (শিলা) শৈলেয়, শিলাজতু; পর্ব্বত,
শৈলক, (শৈল) শৈলজনামে গন্ধদ্রব্যবিশেষ।
শৈলগন্ধ, চন্দনবিশেষ শ্বেতচন্দন।
শৈলজ, (শৈল-জন) সুগন্ধি দ্রব্যবিশেষ, শৈলেয়। [পিপ্পলী; পার্ব্বতী, দুর্গা।
শৈলজা, (শৈল-জন) সিংহলী লতা; গজ-
শৈলধন্বা, মহাদেব, শিব শম্ভু।
শৈলধর, (শৈল-ধৃ) শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
শৈলপত্র, বিল্ববৃক্ষ, শ্রীফল।
শৈলভিত্তি, (শৈল-ভিত্তি) প্রস্তর কর্ত্তনের বাটালি; টঙ্ক, সোহাগ।
শৈলরাজ, (শৈল-রাজন) হিমালয় পর্ব্বত।
শৈলরাজসুতা, দুর্গা, পার্ব্বতী, গঙ্গা।
শৈলশিবির, সমুদ্র, পয়োনিধি, বারিধি।
শৈলসুতা, পার্ব্বতী, দুর্গা; গঙ্গা, নওয়া কণ্টকী গাছ। [দ্রব্যবিশেষ।
শৈলাখ্য, (শৈল-আখ্যা) শৈলজ নামে গন্ধ-
শৈলাগ্র (শৈল-অগ্র) শিখর, পর্ব্বতের শৃঙ্গ
শৈলাজ, (শৈলজ) সুগন্ধি দ্রব্যবিশেষ।
শৈলাট, (শৈল-অট) সিংহ, কিরাত, ব্যাধ
শৈলালী, নট, নর্ত্তক।
শৈলী, (শিল্প) সঙ্কেত; কৌশল; রীতি।
শৈলূষ, (শিলূষ) বিল্ববৃক্ষ; নট, নর্ত্তক; ধূর্ত্ত। [স্ত্রী, নটী।
শৈলূষকী, (শৈলূষ) শৈলূষিক জাতীয়া
শৈলূষী, (শৈলূষ) নটী, নর্ত্তকী।

শৈলেয়, (শৈল) শৈলজনামে গন্ধদ্রব্যবিশেষ সিংহ; ভ্রমর।
শৈলেয়ী, (শৈল) পার্ব্বতী, দুর্গা; শৈলপুত্রী
শৈল্য (শিলা) শিলাসম্বন্ধীয়।
শৈশব (শিশু) শিশুত্ব, বালকত্ব বাল্য।
শৈশবাবস্থা, (শৈশব-অবস্থা) বাল্যকাল, বাল্যাবস্থা। [শিব সম্বন্ধীয়।
শৈশির, (শিশির) শ্যামবর্ণ চটক পক্ষী; শি-
শৈষ্যোপাধ্যায়িকা, (শিষ্য-উপাধ্যায়) শিষ্যদের অধ্যাপনা।
শৈক্ষিক, (শিক্ষা) শিক্ষাশাস্ত্রবেত্তা।
শোওন, (শো) স্বপন, শয়ন গ্রহণ।
শোঁকন, (শিঘ) ঘ্রাণ লওন, গন্ধ গ্রহণ।
শোক, (শুচ) চিত্তবিকলতা, ইষ্টবিয়োগ-অনিষ্ট প্রাপ্তি জনিত মনঃপীড়া, মন্যু; শুচা, খেদ। [নবারিক।
শোকনাশন, অশোক বৃক্ষ; মনঃ পীড়া
শোকসাগর, শোকার্ণব, শোকরূপ সমুদ্র।
শোকহারী, বনবাবুই; শোকনাশক।
শোকাকুল, (শোক-আকুল) শোকে কাতর, ইষ্ট বিয়োগাদি জন্য দুঃখে অস্থির।
শোকাগ্নি, (শোক-অগ্নি) শোক রূপ অগ্নি, শোকানল।
শোকান্বিত, (শোক-অন্বিত) শোকযুক্ত, খেদিত, ক্ষুব্ধ। [সন্তাপিত।
শোকার্ত্ত, (শোক-ঋত) শোকে পীড়িত;
শোচন, শোক করণ, মনঃপীড়া প্রকাশন।
শোচনা, (শুচ) শোকোৎপাদন; বিলাপ।
শোচি প্রভা, দীপ্তি রশ্মি। [গাছ।
শোচিষ্কেশ, অগ্নি, বহ্নি; চিত্রকবৃক্ষ, চিতা
শোচী, (শোচিন) শোচনাকারী, বিলাপক।
শোচ্য, (শুচ) শোচনীয়, যাহার নিমিত্ত শোক করা উচিত।
শোটাক, অবর, কনিষ্ঠ, ক্ষুদ্র, ছোট।
শোটগুড়, গুড়বিশেষ, মাৎগুড়
শোটীর্য্য, বীর্য্য; পরাক্রম।
শোঠ, মূর্খ; অলস; ধূর্ত্ত; নীচ, পাপিষ্ঠ, পাপে রত।
শোণ, (শোণ) সিন্দুর বর্ণ, রক্তবর্ণ নদবিশেষ; অগ্নি, শ্যোনাক বৃক্ষ; সমুদ্রবিশেষ।
শোণক, (শোণ) বৃক্ষবিশেষ, শোনাক বৃক্ষ।
শোণপদ্মক, রক্তকমল, রক্তপদ্ম।
শোণপুষ্পক (শোণ-পুষ্প) বৃক্ষ বিশেষ।

শোণ, (শোণ) শোণবর্ণ যুক্ত। রক্তবর্ণ অগ্নি-শেষ, শোণামুখী, শুক নাসিকা।
শোণামুখী, (শোণ-মুখ) তিত্তিরপক্ষি বিশেষ।
শোণিত, (শোণ) রক্ত, রুধির, কুঙ্কুম।
শোণিতচন্দন, চন্দনবিশেষ, রক্তচন্দন।
শোণিতপ, (শোণিত-পা) রক্তপায়ী।
শোণিতাম্বর, রক্তবর্ণ সুগন্ধি চূর্ণ, কুঙ্কুম। [পল, রাঙ্গা শুঁদি
শোণিতোৎপল, (শোণিত-উৎপল) রক্তোৎ-
শোণী (শোণ) রক্তোৎপল তুল্য বর্ণা স্ত্রী।
শোণোপল, (শোণ-উপল) রত্নবিশেষ, মাণিক্য, মণি।
শোথ, (শু) রোগবিশেষ, স্ফীততা, ফুলা।
শোথক, (শোথ) ফুলা, স্ফীততা; গোদ, শ্লীপদ
শোথঘ্নী, (শোথ-হন) পুনর্নবাশাক, শালপর্ণী বৃক্ষ, শালপাইন গাছ, শোথনাশক।
শোথহৃৎ, (শোথ-হৃ) শোথহারক, বৃক্ষবিশেষ
শোধ, (শুধ) পরিষ্কার, শোধন, বৈরনির্যাতন, প্রতিক্রিয়া।
শোধক, (শুধ) পরিষ্কারকারক শোধনকর্ত্তা
শোধন, (শুধ) শুদ্ধকরণ; নির্দ্দোষ করণ, পরিষ্কার করণ, শৌচ, লিখিত পত্রাদি নির্ভুল করণ।
শোধনী, (শোধন) সংমার্জ্জনী, খাঙ্গরা, ঝাঁটা
শোধনীবীজ, জয়পালের বীচী।
শোধনীয়, (শুধ) শোধিতব্য, শোধ্য, সংশোধনের যোগ্য।
শোধিত, (শুধ) শুদ্ধকরা, মক্ষিকাদির অপনয়ন দ্বারা কৃত শোধন ব্যঞ্জনাদি, সংমৃষ্ট, অপনীত মল।
শোধিতব্য, (শুধ) শোধনার্হ, শোধনীয়।
শোধ্য, (শুধ) সংশোধনের উপযুক্ত, শোধনীয়
শোফ, শোথরোগ ফুলা, গোদ, শ্লীপদ।
শোফহৃৎ, ভল্লাতক, ভেলা; শোথরোগ নাশক। [পঞ্চম যোগ।
শোভন, (শুভ) শোভাজনক; সুন্দর; গ্রহ
শোভনক, (শোভন) শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ, শোভন শব্দ কারক।
শোভনা, (শোভন) হরিদ্রা, গোরোচনা; উত্তম। [হর।
শোভনীয়, (শুভ) শোভাযুক্ত, উত্তম, মনো-
শোভা, (শুভ) দীপ্তি, কান্তি, দ্যুতি, স্ফূর্ত্তি, হরিদ্রা, গোরোচনা।

শোভাঞ্জন, (শোভা-অঞ্জন) বৃক্ষবিশেষ, শজিনাগাছ। [শোভাবিশিষ্ট।
শোভান্বিত, (শোভা-অন্বিত) শোভাযুক্ত,
শোভিত, (শুভ) শোভাবিশিষ্ট, প্রভাযুক্ত
শোয়া, (শী) শয়ন, নিদ্রা যাওন।
শোয়ান, শয়নকরান, নিদ্রিত করণ।
শোরগরাবৎ, (ফা) গোলমাল।
শোরা, (ফা) যবক্ষার, ক্ষার বিশেষ।
শোল, (শূল) জলজন্তু বিশেষ। [রোগ।
শোষ, (শুষ) শোষণ, শুষ্কতা; রসাকর্ষণ, যক্ষ্মা
শোষক, (শুষ) রসাকর্ষক, শোষণকর্ত্তা।
শোষণ (শুষ) রসাকর্ষণ, চূষণ, রস রহিত করণ, কামদেবের বাণবিশেষ।
শোষিত, (শুষ) কৃতশোষণ, শোষা।
শৌক্তিকেয়, (শুক্তি) মুক্তা, মৌক্তিক
শৌক্তেয়, (শুক্তি) মুক্তা, শুক্তি সম্বন্ধীয়
শৌক্লিকেয়, (শুক্লিক) বিষ, সর্পবিশেষ
শৌক্ল্য, (শুক্ল) শুক্লতা, শুভ্রত্ব।
শৌচ, (শুচ) শুচিতা, শুচিত্ব, শুদ্ধি। [চার।
শৌচাচার, (শৌচ-আচার) শুদ্ধিকর্ম্ম শুদ্ধা-
শৌচিক, বর্ণসঙ্কর জাতি বিশেষ।
শৌচেয়, (শুচ) রজক, ধোবা।
শৌটির, বীর; গর্ব্বান্বিত।
শৌটীর্য্য, বীর্য্য, গর্ব্ব দর্প।
শৌণ্ড, (শুণ্ড) বীর, মত্ত; বিখ্যাত।
শৌণ্ডতা, (শৌণ্ড) মত্ততা, বীরত্ব।
শৌণ্ডর্য্য, অহঙ্কার, গর্ব্ব।
শৌণ্ডিক, (শুণ্ড) অন্ত্যজ জাতিবিশেষ শুঁড়ী
শৌণ্ডী, (শুণ্ড) শৌণ্ডিক জাতি শুঁড়ী
শৌণ্ডীর, (শৌণ্ড) অহঙ্কারী, গর্ব্বিত।
শৌদ্র, (শূদ্র) শূদ্রাপুত্র, শূদ্র সম্বন্ধীয়।
শৌন, মাংস বিক্রয়ী, মাংসজীবী।
শৌনক, (শুন) মুনিবিশেষ।
শৌনিক, (শূনা) মাংসবিক্রয়কর্ত্তা, মৃগয়া।
শৌভ, (শুভ) দেবতা, গুবাক, সুপারী, হরিশ্চন্দ্র রাজার পুরী।
শৌভাঞ্জন, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ।
শৌভিক, (শুভ) ইন্দ্রজালিক, মায়াবী, [illegible]
শৌরি, (শূর) বিষ্ণু, শনৈশ্চর গ্রহ।
শৌর্পিক, (শূর্প) শূর্পপরিমিত, কুলাপ্রমাণ
শৌর্য্য (শূর) শূরত্ব, বিক্রম, বল [illegible]
শৌল্কিক, (শুল্ক) [illegible] মাশুল আদায়ে নিযুক্ত।

শ্রবণা, (শ্রু) নক্ষত্রবিশেষ, অশ্বিনী আদি ২৭ নক্ষত্রের অন্তর্গত দ্বাবিংশ নক্ষত্র।
শ্রবণার্হ, (শ্রবণ-অর্হ) শুনিবার যোগ্য।
শ্রবণীয় (শ্রু) শ্রবণার্হ; শুনিবার যোগ্য।
শ্রবণেন্দ্রিয় (শ্রবণ-ইন্দ্রিয়) যে ইন্দ্রিয় দ্বারা শব্দ গ্রহণ হয়, কর্ণ; কাণ।
শ্রবাপা বলি: বাগা পশু বলিদিয় পর্ব।
শ্রব্য (শ্রু) শ্রোতব্য শ্রবণার্হ বাক্যাদি।
শ্রম, (শ্রম) খেদ; ক্লান্তি; ক্লেশ। [যুক্ত।
শ্রমান্বিত (শ্রম-অন্বিত) শ্রমাসক্ত; শ্রম-
শ্রমী (শ্রমিন) শ্রমবিশিষ্ট শ্রমশীল।
শ্রয়, (শ্রি) আশ্রয়, অবলম্বন।
শ্রয়ণ, (শ্রয়) আশ্রয়, অবলম্বন।
শ্রাদ্ধ (শ্রদ্ধ) শাস্ত্রোক্ত বিধান পূর্ব্বক পিতৃ কর্ম্ম, পিতৃকৃত্য, শ্রদ্ধাযুক্ত কর্ম্ম।
শ্রাদ্ধদেব, যম, অন্তক, কাল। [ন্ধীয় দ্রব্য
শ্রাদ্ধি, (শ্রাদ্ধ) শ্রাদ্ধভোক্তা; শ্রাদ্ধ সম্ব-
শ্রাদ্ধী, শ্রাদ্ধ ভোক্তা।
শ্রাদ্ধীয়, (শ্রাদ্ধ) শ্রাদ্ধের দ্রব্য।
শ্রান্ত, (শ্রম) শ্রমযুক্ত; ক্লান্ত, অবসন্ন।
শ্রান্তি, (শ্রম) অবসাদ, শ্রম, ক্লেশ।
শ্রান্তিযুক্ত, ক্লেশযুক্ত, ক্লান্ত, অবসন্ন।
শ্রাব (শ্রু) শ্রবণ, শুনন।
শ্রাবক, (শ্রু) শাক্যমুনির শিষ্য বি কাক, শ্রোতা, শ্রবণকর্ত্তা।
শ্রাবণ, (শ্রবণ) চতুর্থমাস, শ্রাবণিক; শ্রবণা নক্ষত্র সম্বন্ধীয়, শ্রবণকরাণ শুনান।
শ্রাবণিক, (শ্রাবণ) শ্রাবণমাস, নভ।
শ্রাবণী, (শ্রাবণ) শ্রাবণ মাসীয় পূর্ণিমা, বৃক্ষ বিশেষ।
শ্রাব্য (শ্রু) শ্রবণীয়, শুনিবার যোগ্য।
শ্রায় শ্রবণ, আশ্রয়; শ্রীসম্বন্ধীয়।
শ্রায়স, কল্যাণজাত, শুভদ।
শ্রিত, (শ্রি) সেবিত, আশ্রিত।
শ্রিতবান্, (শ্রিত) সেবাকারক, পরিচারক, আশ্রয়কারী।
শ্রিয়ম্মন্যা, যে আপনাকে শ্রী করিয়া মানে।
শ্রী, (শ্রি) লক্ষ্মী; সরস্বতী, শোভা, বিভূতি সম্পত্তি; প্রভা; কীর্ত্তি; বিল্ববৃক্ষ, ধৃ ক্ষ-নাম, বেশ, রাগবিশেষ, পঞ্চম রাগ।
শ্রীকণ্ঠ শিব, মহাদেব; কুরুজাঙ্গলদেশ।
শ্রীকণ্ঠসখ, (শ্রীকণ্ঠ-সখ) কুবের, ধনেশ।
শ্রীকর, (শ্রী-কৃ) রক্তোৎপল; বিষ্ণু; স্মৃতি-নিবন্ধকার মুনি বিশেষ; শোভাকারক।

শ্রীকরণ, (শ্রী-কৃ) লেখনী; কলম; শোভা-করণ।
শ্রীকাতর দেবী, শুভদ্বেষ্টা।
শ্রীকান্ত, (শ্রী-কান্ত) বিষ্ণু, নারায়ণ।
শ্রীখণ্ড চন্দন গন্ধ।
শ্রীগর্ভ, বিষ্ণু, নারায়ণ; খড়্গ, খাঁড়া।
শ্রীগৃহ, পক্ষির পানীয় শালা, শকুনিপ্রপা।
শ্রীজ, (শ্রী-জন) কামদেব, মদন; লক্ষ্মীপুত্র
শ্রীতাল তালবৃক্ষ সদৃশ বৃক্ষবিশেষ।
শ্রীদ, (শ্রী-দ) কুবের, ধনপতি; শোভাদাতা
শ্রীধর, (শ্রী-ধৃ) বিষ্ণু; শালগ্রাম বিশেষ।
শ্রীনন্দন, কামদেব; লক্ষ্মীপুত্র।
শ্রীনিকেতন, বিষ্ণু; শ্রীকৃষ্ণ।
শ্রীনিবাস নারায়ণ; লক্ষ্মীর বাসস্থান।
শ্রীপতি, নারায়ণ বিষ্ণু, পৃথিবীনাথ
শ্রীপথ রাজপথ, রাজমার্গ।
শ্রীপর্ণ, পদ্ম, কমল; বৃক্ষবিশেষ।
শ্রীপিষ্ট, সরলবৃক্ষের রস; টার্পিন।
শ্রীপুত্র, ঘোটক, কামদেব। [প্রদ।
শ্রীপ্রদ, (শ্রী-প্রদ) সম্পত্তি দায়ক; শোভা-
শ্রীফল, বিল্ববৃক্ষ, বেলগাছ।
শ্রীফলা, (শ্রীফল) নীলীবৃক্ষ; ক্ষুদ্র কারবেল্লী ছোট করলা। [করলা।
শ্রীফলিকা, (শ্রী-ফল) ক্ষুদ্র কারবেল্লী, ছোট-
শ্রীফলী, (শ্রী-ফল) আমলকী; নীলীবৃক্ষ।
শ্রীবৎস, বিষ্ণু, বিষ্ণুর চিহ্ন বিশেষ; নৃপ-তিবিশেষ।
শ্রীবৎসভৃৎ, (শ্রীবৎস-ভৃ) বিষ্ণু, নারায়ণ।
শ্রীবরাহ, বিষ্ণু নারায়ণ।
শ্রীবল্লী, কণ্টকবৃক্ষ বিশেষ, কণ্টকবল্লী।
শ্রীবাস, সরলবৃক্ষ, রস টারপিন; বিষ্ণু, নারায়ণ; শিব। [পিন্।
শ্রীবাসা (শ্রীবাস) সরল বৃক্ষের রস, টার-
শ্রীবিদ্যা মহাবিদ্যা বিশেষ, ত্রিপুরাসুন্দরী
শ্রীবৃক্ষ, অশ্বত্থবৃক্ষ; বিল্ববৃক্ষ।
শ্রীবেষ্ট, সরলবৃক্ষের নির্য্যাস, টারপিন, ধুনা
শ্রীভাগবত, বেদব্যাস প্রণীত মহাপুরাণ-বিশেষ। [লক্ষ্মীছাড়া।
শ্রীভ্রষ্ট, শ্রীহীন, বিশ্রী, দুর্ভাগা, লক্ষ্মীছাড়া,
শ্রীভ্রাতা, উচ্চৈঃশ্রবা ঘোটক; চন্দ্র।
শ্রীমতী (শ্রীমৎ) শ্রীযুক্তা; স্ত্রী কর্ত্তৃ স্ত্রীলো-কের নামের পূর্ব্বে প্রযোজ্য শব্দ।
শ্রীমৎ, শ্রীবিশিষ্ট; ঐশ্বর্য্যবান।
শ্রীমান্, (শ্রী) শ্রীবিশিষ্ট, ধনী; বিষ্ণু, শিব

শ্রৌত, (শ্রুতি) শ্রুতিবিহিত ধর্মাদি, বেদবিহিত।
শ্রোত্র (শ্রোত্র) কর্ণ, শ্রবণেন্দ্রিয় অন্ধ জ্ঞান
শ্র্যাহ্ন (শ্রী-অহ্ন) পদ্ম, কমল।
শ্লথ, (শ্লথ) শিথিল, অদৃঢ়, ঢিলা।
শ্লক্ষ্ণ, অল্প; মনোজ্ঞ, মনোহর।
শ্লক্ষ্ণক, পূগফল, সুপারি; মনোহর। [ঢিলা।
শ্লক্ষ্ণতা, (শ্লক্ষ্ণ) শৈথিল্য; সুন্দরতা, অকা-
শ্লক্ষ্ণত্বক, অশ্মন্তক বৃক্ষ; সুন্দর বল্কলযুক্ত।
শ্লাঘনীয়, (শ্লাঘ) প্রশংসার যোগ্য, প্রতিষ্ঠার উপযুক্ত।
শ্লাঘা, (শ্লাঘ) প্রশংসা, প্রতিষ্ঠা।
শ্লাঘ্য, (শ্লাঘ) শ্লাঘনীয়, প্রশস্ত। [কোলি।
শ্লিষ, (শ্লিষ) আশ্লেষ, আলিঙ্গন; কোলা-
শ্লিষ্ট, (শ্লিষ) শ্লেষযুক্ত শব্দাদি, ভিন্নার্থক এক রূপ পদ বা বাক্য; মিলিত, যুক্ত।
শ্লীপদ, স্ফীত পদাদি, গোদ।
শ্লেষ, (শ্লিষ) সংযোগ, আলিঙ্গন, শব্দালঙ্কার বিশেষ; ব্যঙ্গোক্তি, ঠাট্টা।
শ্লেষবাক্য, দ্ব্যর্থবাক্য, ব্যঙ্গোক্তি, ঠাট্টা।
শ্লেষ্মক, (শ্লেষ্মন) শৈত্য, কফ, ঠাণ্ডি।
শ্লেষ্মঘ্ন, (শ্লেষ্মন-হন) কফনাশক, শ্লেষ্মা নাশকারী। [শ্লেষ্মানাশক।
শ্লেষ্মঘ্নী, (শ্লেষ্মন-হন) মল্লিকা, কেতকী;
শ্লেষ্মজনক, কফকারক; শীতল।
শ্লেষ্মণ, (শ্লেষ্মন) কফী, কফযুক্ত।
শ্লেষ্মল, (শ্লেষ্মন) শ্লেষ্মযুক্ত, কফাবিশিষ্ট; বৃক্ষবিশেষ, বহুবারক গাছ। [নাশক।
শ্লেষ্মহ, (শ্লেষ্মন-হন) কট্‌ফল বৃক্ষ; কফ
শ্লেষ্মা, (শ্লেষ্মন) কফ, সর্দ্দি, ঠাণ্ডা।
শ্লেষ্মাত, বহুবার বৃক্ষ, চালতা গাছ।
শ্লেষ্মাতক, (শ্লেষ্মন-অৎ) বহুবারবৃক্ষ, চালতা গাছ। [শ্লেষ্মীয়।
শ্লৈষ্মিক, (শ্লেষ্মন) শ্লেষ্মোদ্ভব; শ্লেষ্ম সম্-
শ্লোক, (শ্লোক) পদ্য, কবিতা, অষ্টাক্ষর ছন্দঃ। [কল্য।
শ্বঃ, (শ্বস) অনাগত দিন, আগামী দিবস,
শ্বগণ কুক্কুর সমূহ।
শ্বদংষ্ট্রক, লতাবিশেষ, গোক্ষুরীলতা।
শ্বদংষ্ট্রা, গোক্ষুরালতা; কুক্কুরের দন্ত।
শ্বদন্ত, (শ্ব-দন্ত) কুক্কুরবৎ দন্ত, সম্মুখের দন্তের পার্শ্বদন্ত।
শ্বধূর্ত্ত, শৃগাল, শিয়াল।
শ্বপচ, চণ্ডাল, চাঁড়াল।
শ্বপাক, চণ্ডাল, অন্ত্যজজাতি, চাঁড়াল।
শ্বফল, বীজপুর, দাড়িম।
শ্ববৃত্তি, (শ্বন-বৃত্তি) সেবা, চাকুরী, ভৃত্যতা; কুক্কুর তুল্য জীবিকা।
শ্বব্যাঘ্র, হিংস্র পশু।
শ্বভীরু, (শ্বন-ভী) শৃগাল, জম্বুক, শিয়াল।
শ্বভ্র, রন্ধ্র, ছিদ্র, বিল, গর্ত্ত।
শ্বয়থু, রোগবিশেষ, শোথরোগ।
শ্বশুর, (শু-অশ) পতি পত্নীর পিতা।
শ্বশুর্য্য, (শ্বশুর) দেবর, দেওর; শ্যালক শালা।
শ্বশ্রূ, (শ্বশুর) পতি পত্নীর জননী, শাশুড়ী
শ্বশ্রেয়স, শুভ; কল্যাণ, সুখ, ভদ্র।
শ্বসন, (শ্বস) নিশ্বাস বায়ু; মদন ময়নাগাছ।
শ্বসনাশন, (শ্বসন-অশন) সর্প, অহি।
শ্বসনোৎসুক, (শ্বসন-উৎসুক) সর্প, ভুজঙ্গ
শ্বসিত, (শ্বস) শ্বাস, নিশ্বাস।
শ্বসুন, কৃতঘ্ন বৃক্ষ, কুকুরশোঁক গাছ।
শ্বস্তন, ভবিষ্যদ্বস্তু, ভবিষ্যৎকাল।
শ্বা, (শ্বন) কুক্কুর, সারমেয়, কুকুর।
শ্বান, (শ্বন) কুক্কুর, কুকুর।
শ্বানী, (শ্বন) কুক্কুরী, কুক্কুর স্ত্রী।
শ্বাপদ, (শ্বন-পদ) হিংস্র পশু; ব্যাঘ্র।
শ্বাবিৎ, পশুবিশেষ, শজারু।
শ্বাস, (শ্বস) নাসিকানির্গত বায়ু; রোগবিশেষ। [হাঁপানি।
শ্বাসকাস, রোগবিশেষ, শ্বাসযুক্ত কাসরোগ,
শ্বাসকুঠার, শ্বাসরোগের ঔষধবিশেষ।
শ্বাসপ্রশ্বাসধারণ, প্রাণায়াম।
শ্বাসরোধ, নিশ্বাস বন্ধ, দম আটকান।
শ্বাসহেতি, নিদ্রা, ঘুম।
শ্বাসী (শ্বাস) বায়ু; শ্বাসযুক্ত।
শ্বিত্র, (শ্বিৎ) শ্বেত কুষ্ঠ; শ্বেত ধবল।
শ্বিত্রঘ্নী, (শ্বিত্র-হন) লতাবিশেষ, বিছুটী।
শ্বিত্রী, (শ্বিত্র) শ্বিত্ররোগযুক্ত।
শ্বেত, (শ্বিৎ) শুক্লবর্ণ; রূপ্য; দ্বীপবিশেষ; পর্ব্বতবিশেষ; কপর্দ্দক, কড়ী; শুক্লবর্ণযুক্ত। [আকন্দ।
শ্বেত আকন্দ, বৃক্ষবিশেষ, শ্বেতার্ক শাদা
শ্বেতক, (শ্বেত) রূপ্য, রজত, কপর্দ্দক, বরাটক, কড়ী।
শ্বেতকরবী, বৃক্ষবিশেষ, শাদা করবী।
শ্বেতকুঞ্চ, গুঞ্জালতা, শাদা কুঁচ।
শ্বেতকুঞ্জর, ঐরাবত হস্তী; শুক্লগজ।

শ্বেতকুশ, তৃণবিশেষ ; শাদা কুশ।
শ্বেতকেতু, বুদ্ধ। কেতুগ্রহ বিশেষ।
শ্বেতকেশ, বৃদ্ধ ; শাদা চুল ; শুক্লবর্ণ কেশযুক্ত।
শ্বেতকোল, শফরী মৎস্য, পুঁটীমাছ।
শ্বেতখদির, শুক্ল বর্ণ খদির।
শ্বেতগজ, ইন্দ্রহস্তী, শুক্লবর্ণ হাতী।
শ্বেতগুঞ্জা, শুক্লগুঞ্জা, শাদা কুঁচ।
শ্বেতচন্দন, শুক্লবর্ণ চন্দন, শাদাচন্দন।
শ্বেতচ্ছদ, হংস ; বাবুই তুলসী।
শ্বেতজীরক, গৌরবর্ণ জীরা, শাদাজীরা।
শ্বেতটঙ্কক, শ্বেতটঙ্কণ, শাদা সোহাগা।
শ্বেতদূর্ব্বা, গৌরবর্ণ দূর্ব্বা, শাদাদূর্ব্বা। [গজ
শ্বেতদ্বিপ, ইন্দ্রহস্তী ; ঐরাবত ; শুক্লবর্ণ-
শ্বেতদ্বীপ, দ্বীপ বিশেষ, বৈকুণ্ঠনামে বিষ্ণু-
ধাম। [রবা।
শ্বেতধাতু, খটিকা, খড়ী ; শুক্লবর্ণ ধাতু।
শ্বেতধামা, চন্দ্র ; কর্পূর ; সমুদ্রফেণ।
শ্বেতনীল, মেঘ ; শুক্ল ও নীলবর্ণ।
শ্বেতপত্র হংস ; শুক্লবর্ণ পাতা।
শ্বেতপত্ররথ, ব্রহ্মা, প্রজাপতি
শ্বেতপদ্ম শুক্লবর্ণ পদ্ম, শাদা কমল।
শ্বেতপর্ণা, (শ্বেত-পর্ণ) বারিপর্ণী, পানা।
শ্বেতপিঙ্গ, সিংহ কেশরী।
শ্বেতপিঙ্গল, সিংহ, শুক্ল ও কপিশ বর্ণযুক্ত।
শ্বেতপুষ্প, সিন্ধুবার বৃক্ষ ; শুক্লবর্ণ ফুল।
শ্বেতপুষ্পক, (শ্বেত-পুষ্প) করবীর বৃক্ষ ; শুক্লপুষ্প যুক্ত।
শ্বেতপুষ্পা, (শ্বেত-পুষ্প) ঘোষাতকী লতা, শ্বেত ঘোষা লতা। শুক্লপুষ্প যুক্ত।
শ্বেতপ্রসূনক (শ্বেত-প্রসূন) বৃক্ষবিশেষ ;
শ্বেতবচ, শুক্লবচা, অতিবিষা লতা।
শ্বেতবচা, (শ্বেত-বচ) অতিবিষা লতা, শুক্ল-বচা, শাদা বচ। [বর্ণ বৃক্ষ।
শ্বেতবল্কল, উড়ুম্বর বৃক্ষ, ডুমুর গাছ ; শুক্ল
শ্বেতবসন্ত (শ্বেত-বসন্ত) বৃক্ষবিশেষ।
শ্বেতবাতালা, শাদা বেড়েলা গাছ।
শ্বেতবাজী, চন্দ্র ; অর্জ্জুন ; শুক্লবর্ণ ঘোটক
শ্বেতবাসা, শুক্ল বস্ত্রধারী সন্ন্যাসী ; পরিহিত শুক্ল বসন। [illegible]
শ্বেতবাহ দেবরাজ, ইন্দ্র ; অর্জ্জুন।
শ্বেতবাহন, ইন্দ্র ; অর্জ্জুন।
শ্বেতবাহী, অর্জ্জুন ; ইন্দ্রাণী, শচীর [বাহন]।
শ্বেতবৃক্ষ, বরুণ বৃক্ষ ; শুক্লবর্ণ তরু, [illegible]
শ্বেতভণ্ডা, শ্বেতাপরাজিতা।

শ্বেতমরিচ, শজিনার বীচী ; শুক্লবর্ণ মরিচ
শ্বেতমাল, মেঘ ; ধুম ; ধূঁয়া।
শ্বেতরক্ত, পাটলবর্ণ, গোলাবী রঙ।
শ্বেতরঙ্গ, সীসক, সীসা।
শ্বেতরথ, শুক্রগ্রহ ; শুক্লবর্ণ রথ।
শ্বেতরশ্মি, চন্দ্র, বিধু সুধাংশু।
শ্বেতশিগ্রু, শুক্ল শোভাঞ্জন, বৃক্ষ, শাদা শজিনা গাছ।
শ্বেতশুঙ্গ, যব, শুক্লবর্ণ শুঙ্গাযুক্ত।
শ্বেতশূরণ, বনশূরণ, বন ওল।
শ্বেতসর্ষপ, শাদা সরিষা, রাইসরিষা।
শ্বেতসার, খদির, খয়ের।
শ্বেতস্পন্দ, অপরাজিতা লতা। [অশ্ব।
শ্বেতহয় ইন্দ্রঘোটক ; অর্জ্জুন ; শুক্ল বর্ণ-
শ্বেতহস্তী, ঐরাবতহস্তী শুক্লবর্ণ হাতী।
শ্বেতাপরাজিতা, (শ্বেত-অপরাজিতা) শুক্ল অপরাজিতা লতা। [আকন্দগাছ।
শ্বেতার্ক, (শ্বেত-অর্ক) শুক্লার্ক বৃক্ষ, শাদা
শ্বেতেক্ষু, (শ্বেত-ইক্ষু) শুক্লবর্ণ ইক্ষু, শাদা আউক। [উঠর।
শ্বেতোদর, (শ্বেত-উদর) কুবের ; শুক্লবর্ণ-
শ্বেতোহী, ইন্দ্রাণী, শচী।
শ্বিত্র, (শ্বিৎ) শ্বিত্র, কুষ্ঠরোগবিশেষ, ধবল

ষ

ষ, মূর্দ্ধন্য ষকার, চতুস্ত্রিংশৎ হল্বর্ণের মধ্য একত্রিংশ বর্ণ ; কেশ ; মনুষ্য ; বিজ্ঞ ; শ্রেষ্ঠ
ষট্, (ষষ) সংখ্যাবিশেষ, ছয় সংখ্যা।
ষট্ক, (ষষ) ষট্সংখ্য, ছয় ; ছয় গুণ।
ষট্কন, পণ্ডিত প্রশ্ন। [কর্ণগোচর।
ষট্কর্ণ, ছয়কর্ণ, ছয় কাণ ; তিনব্যক্তির
ষট্কর্ম্ম, (ষষ) ষট্প্রকার যজনাদি কর্ম্ম।
ষট্কর্ম্মা, (ষষ-কর্ম্মন) যাগাদি ছয়কর্ম্ম যুক্ত ব্রাহ্মণ।
ষট্কূটা, ভৈরবীবিশেষ।
ষট্কোণ, (ষষ-কোণ) ষড়স্র, ছয়কোণ।
ষট্কোণা, (ষষ-কোণ) ষড়স্রযুক্ত, ছয়কোণ।
ষট্চক্র শরীরস্থ পদ্মাকার ছয় প্রকার চক্র।
ষট্চরণ, মধুকর, ভ্রমর ; উকুণ ; ছয়পাদ।
ষট্তিলী, (ষষ-তিল) তিলাদি তিথ্যাদিতে তিল করণক ছয় প্রকার কর্ম্মকারী।
ষট্ত্রিংশ, ছত্রিশের পূরক যাহার দ্বারা ছত্রিশ সংখ্যা পূর্ণ হয়।
ষট্ত্রিংশৎ, সংখ্যাবিশেষ, ছত্রিশ।

ষিড়্গ, (ষিট) কামুক, লম্পট, লোচ্চা; উপপতি। [ষাঁড়।
ষেড়ন, ছয় দন্তযুক্ত বৃষ, ছয় দাঁত বিশিষ্ট
ষোড়শ, (ষষ-দশন) সংখ্যা বিশেষ, ষোল; ষোলর পূরণ।
ষোড়শকলা, চন্দ্রমণ্ডলের ষোল ভাগ; ষোল অংশ। [দ্রব্য।
ষোড়শদান, শ্রাদ্ধাদিতে ষোল প্রকার দেয়
ষোড়শভুজা, ষোড়শ হস্তযুক্তা ভগবতী।
ষোড়শমাতৃকা, ষোড়শ সংখ্যক দেবীবিশেষ
ষোড়শ অংশু,(ষোড়শ-অংশু) শুক্র গ্রহ; ষোড়শকিরণ যুক্ত। [সুগন্ধি দ্রব্য মিশ্রিত ধুপ।
ষোড়শাঙ্গ, (ষোড়শ-অঙ্গ) ষোড়শ প্রকার
ষোড়শাঙ্ঘ্রি, (ষোড়শ-অঙ্ঘ্রি) কর্কট, কাঁকড়া; ষোড়শ পদবিশিষ্ট।
ষোড়শাবর্ত্ত, (ষোড়শ-আবর্ত্ত) শঙ্খ, শাঁখ; ষোলটা চক্রযুক্ত।
ষোড়শার, ষোড়শদল পদ্ম।
ষোড়শার্চ্চি, শুক্রগ্রহ, ষোড়শ শিখাযুক্ত।
ষোড়শী, (ষোড়শ) যজ্ঞপাত্র বিশেষ; দশমহাবিদ্যান্তর্গত বিদ্যা বিশেষ; ষোল সংখ্যার পূরণ। [প্রকার পূজার উপকরণ।
ষোড়শোপচার, (ষোড়শ-উপচার) ষোড়শগোত্র, ষটপ্রকার, ছয় প্রকার।
ষোঢ়ান্যাস, বিধি পূর্ব্বক শরীরে মন্ত্রবিন্যাস
ষোল, (ষোড়শ) ষড় এক দশসংখ্যা, ষোড়শ।

স

স, দন্ত্য সকার, ব্যঞ্জনের দ্বাত্রিংশ বর্ণ; সহিত; সমাস।
সই, (সখী) সঙ্গিনী, বয়স্যা, মিত্র
সইস, (বাং) অশ্বপাল।
সখী, (সখী) সঙ্গিনী, বয়স্যা।
সওয়ারি, (বাং) যান পাল্কী আদি।
সওয়াল, (বাং) প্রশ্ন, জিজ্ঞাসা।
সওদাগর, (বাং) বণিক, ব্যাপারী
সং, শোভনার্থ; সঙ্গতার্থ; সমানার্থ; প্রকৃষ্টার্থ; নটাদির কৌতুকাবহ বেশ।
সংকলন, একত্র করণ; সংগ্রহ।
সংকলিত, একত্রিত, সংগৃহীত।
সংক্রম, রাশিসঞ্চার, স্থানান্তর গমন।
সংক্রমণ, রাশিসঞ্চার, স্থানান্তরে গমন।
সংক্রান্ত, সম্পর্কীয়, সংলগ্ন, মিলিত।
সংক্রান্তি, সূর্য্যের রাশ্যন্তরে গমন।

সংখ্যা, গণনা, হিসাব।
সংখ্যাত, (সংখ্যা) সংখ্যা করা, গণিত।
সংগুপ্ত, লুক্কায়িত, ছাপান, অব্যক্ত।
সংগৃহীত, (সংগ্রহ) সংকলিত, একত্র করা।
সংগোপন, লুকান; ছাপান, অপ্রকাশ।
সংগ্রহ, সঞ্চয়; আহরণ; একত্র করণ।
সংগ্রহীতা, সংগ্রহকারক, সংগ্রাহক।
সংগ্রাম যুদ্ধ, রণ সমর, লড়াই।
সংগ্রাহক, (সংগ্রহ) সংগ্রহ কর্ত্তা; সংকলনকারী; সঞ্চয়কারী।
সংগ্রাহী, সংগ্রহ কর্ত্তা, সঞ্চয়কারী, কুটজ বৃক্ষ। [হার্য্য।
সংগ্রাহ্য, (সংগ্রহ) সংগ্রহের যোগ্য; ব্যব-
সংঘটনা, যোগ; একত্র হওন, মিলন।
সংঘটিত, মিলিত; যুক্ত; সংশ্লিষ্ট।
সংঘট্ট, ঘটন; বহুলোকের জনতা;
সংজ্ঞপন, হনন, মারণ; বিজ্ঞাপন।
সংজ্ঞপ্তি, হনন, মারণ; বিজ্ঞাপন।
সংজ্ঞা, (সং-জ্ঞা) চেতনা, জ্ঞান; নাম; হস্তাদির দ্বারা অর্থ সূচনা।
সংজ্ঞাসুত, (সংজ্ঞা-সুত) শনিগ্রহ, শনৈশ্চর
সংজ্বর, (সং-জ্বর) অগ্নিজন্য তাপ, অনল জন্য সন্তাপ; জ্বররোগ।
সংবৎ,(সম্বৎ) বৎসর এবং বিক্রমাদিত্য নামা প্রসিদ্ধ রাজা কর্ত্তৃক প্রচলীকৃত শক।
সংবৎসর, বৎসর, হায়ন,বর্ষ। [সংবাদ দেওন
সংবদন, (সংবাদ) আলোচন; বশীকরণ;
সংবদনা,(সংবদন) বশক্রিয়া,মণি মন্ত্র দিয়া বশ করণ। [হরিণ বিশেষ।
সংবর, জল দৈত্য বিশেষ; মৎস্য বিশেষ;
সংবর্ত্ত, (সংবৃৎ) প্রলয়; মুনিবিশেষ; মেঘ
সংবর্ত্তক, (সংবৃৎ) মেঘ; বলরামের লাঙ্গল; বড়বানল, সমুদ্রস্থ অগ্নি।
সংবর্ত্তকী, (সংবর্ত্তক) বলদেব, বলরাম।
সংবর্ত্তি, পত্রের অগ্র সমীপস্থ দল।
সংবর্দ্ধক, (সংবর্দ্ধ) বর্দ্ধন কারী।
সংবর্দ্ধন, সম্যক বৃদ্ধিকরণ; সন্দীপন।
সংবর্দ্ধিত, (সংবর্দ্ধ) সম্যক বৃদ্ধি প্রাপ্ত।
সংবলিত, মিশ্রিত, একত্রীকৃত।
সংবসথ গ্রাম, বসতিস্থান।
সংবহ, (সং-বহ) সপ্ত প্রকার বায়ুর অন্তর্গত বায়ু বিশেষ।
সংবাটিকা, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।
সংবাদ,(সং-বদ) বক্তব্যকথা, সমাচার,বার্ত্তা।

সংহারকারী, (সংহার-কারিন) বিনাশক, বধকারক। [করণ।
সংহরণ, (সং-হৃ) বিনাশন, বধকরণ, নাশ
সংহারমুদ্রা, বিসর্জ্জন মুদ্রা।
সংহারী, (সং-হৃ) সংহারক, বিনাশক।
সংহিত, (সং-ধা) মিলিত, যুক্ত, সঞ্চিত।
সংহিতা, (সং-হিত) মন্বাদি মুনি প্রণীত ধর্ম্মশাস্ত্র; স্মৃতি, ধর্ম্মসংহিতা।
সংহূতি, (সংহ্বে) বহুকর্ত্তৃক কৃত আহ্বান।
সংহৃত, (সং-হৃ) সংহার করা; নাশিত।
সংহৃতি, (সংহৃ) সংহার নাশ; প্রলয়।
সংক্ষয়, নাশ, প্রলয়। [ক্ষেপ বিশিষ্ট।
সংক্ষিপ্ত, (সং-ক্ষিপ) সংক্ষেপ করা; সং-
সংক্ষুব্ধ, (সং-ক্ষুভ) সঞ্চলন বিশিষ্ট, আকুল
সংক্ষুভিত, (সং-ক্ষুভ) চঞ্চল; আন্দোলিত।
সংক্ষেপ, (সংক্ষিপ) অল্পেতে অনেক বস্তুর কথন; চুম্বক, স্বল্প। [সমুদায় সংগ্রহ করণ।
সংক্ষেপণ, (সং-ক্ষেপ) চুম্বক করা, অল্পে
সংক্ষোভ, (সং-ক্ষুভ) চাঞ্চল্য, সঞ্চলন।
সকট, শাখোট বৃক্ষ, শাওড়া গাছ।
সকটান্ন, (সকট-অন্ন) অশুদ্ধ অন্ন।
সকণ্টক, (সহ-কণ্টক) শৈবাল, শেওলা; ক-রঞ্জ বিশেষ, নাটাকরঞ্জ; কণ্টক যুক্ত।
সকর, (সহ-কর) হস্তযুক্ত; রাজস্ব বিশিষ্ট; শুণ্ড যুক্ত; কিরণান্বিত। [বিশিষ্ট।
সকরুণ, (সহ-করুণা) করুণান্বিত, সদয়; দয়া
সকর্ণ, শ্রবণশীল, শ্রুতিতৎপর; কর্ণযুক্ত।
সকর্ম্মক, (সহ-কর্ম্মন) কর্ম্মযুক্ত ধাতু।
সকল, (সহ-কল) সমুদায়, সর্ব্ব, অশেষ, কৃৎস্ন, সমস্ত, নিখিল, অখিল, সমগ্র।
সকলঙ্ক, কলঙ্কযুক্ত, অপবাদবিশিষ্ট।
সকল্যাণ, (সহ-কল্যাণ) কল্যাণযুক্ত। [যুক্ত।
সকাম, (সহ-কাম) কামনাবিশিষ্ট, অভিলাষ
সকারবকার, অবাচ্য ভাষণ; ইতর কথন, মাঁচোড়ি, গালাগালি। [থাকে
সকারান্ত, (সকার-অন্ত) যে পদের অন্তে স
সকাল, (সহ-কাল) প্রাতঃকাল, প্রভাত
সকাশ, সমীপ, নিকট, সন্নিধি [মাছ।
সকুল, (স-কুল) সগোত্র; মৎস্যবিশেষ, সলু-
সকুলী, (সকুল) মৎস্যবিশেষ, শলুমাছ।
সকুল্য, (সকুল) সগোত্র, অষ্টমাবধি দশম-পুরুষ পর্য্যন্ত পুরুষত্রয়।
সকৃৎ, একবার; বিষ্ঠা; [illegible]। [স কাক; যাহার ঐ [illegible]

সক্রোধ, (সহ-ক্রোধ) ক্রোধযুক্ত, রাগান্বিত।
সক্ত, অবরত, নিরত; আসক্ত।
সক্তি, সঙ্গ, আসক্তি, অবিরত।
সক্তু, ভৃষ্ট যবাদি চূর্ণ, ছাতু।
সক্তুক, বিষ বিশেষ; ছাতু।
সক্তুফলা, শমীবৃক্ষ, শাঁইগাছ।
সক্থি, ঊরু; শকটের অবয়ব বিশেষ।
সখা, (সখি) সৌহার্দ্দযুক্ত, মিত্র, সুহৃৎ, বয়স্য বন্ধু।
সখি, (স-খ্যা) সখা, সুহৃৎ, বয়স্য।
সখিতা, (সখি) সখা; মিত্রতা, বন্ধুত্ব।
সখিত্ব, (সখি) বন্ধুত্ব, মিত্রতা, সখ্য।
সখী, (সখি) সহচরী, বয়স্যা।
সখ্য, (সখি) মিত্রতা, সৌহৃদ্য, বন্ধুত্ব।
সগড়, (সকট) শকটবিশেষ, গাড়ী।
সগন্ধ, (সহ-গন্ধি) গন্ধযুক্ত; জ্ঞাতি।
সগর, (সহ-গর) সূর্য্যবংশীয় রাজা বিশেষ।
সগর্ভ, (সহ-গর্ভ) সহোদর; অভ্যন্তরিত সূক্ষ্ম পত্রাদিযুক্ত কুশাদি। [সহোদর।
সগর্ভা, (সহ-গর্ভ) গর্ভবতী, অন্তরাপত্যা,
সগর্ভ্য, (সহ-গর্ভ) সহোদর, সোদর্য্য
সগুণ, (সহ-গুণ) গুণবান্, গুণযুক্ত।
সগোত্র, (সহ-গোত্র) সকুল্য; জ্ঞাতি; বান্ধব
সঙ্কট, (সং-কট) সম্বাধ, আপদ, বিপদ।
সঙ্কটা, দেবীবিশেষ; যোগিনী বিশেষ।
সঙ্কটাপন্ন, (সঙ্কট-আপন্ন) বিপদগ্রস্ত, বিপন্ন; আপদে পতিত। [কটাক্ষ সহিত।
সঙ্কটাক্ষ, (সং-কটাক্ষ) বৃক্ষবিশেষ, ধববৃক্ষ;
সঙ্কথন, (সং-কথন) সম্যক্ ভাষণ।
সঙ্কথা, পরস্পর ভাষণ, সম্যক্ কথন।
সঙ্কর, (সং-কৄ) সম্মার্জ্জনীদ্বারা ক্ষিপ্ত ধূল্যাদি, খঙ্করার ধূলা, অবস্কর; মিশ্রিতত্ব; বর্ণসঙ্কর জাতি। [শেষ।
সঙ্করীকরণ, নববিধ পাপান্তর্গত পাপবি-
সঙ্কর্ষণ, (সং-কৃষ) আকর্ষণ; সম্যক প্রকারে কর্ষণ; বলদেব, বলরাম।
সঙ্কল, সঙ্কলন, যোগ, একত্র করণ।
সঙ্কলন, (সং-কল) একত্রীকরণ, যোজন, [illegible]; মিলন; সংগ্রাহকরণ, সঞ্চয়ন।
সঙ্কলিত, (সঙ্কল) যোজতাঙ্ক [illegible] সংগৃহীত; পুঞ্জীকৃত ধান্যাদি; একত্রীকৃত; যোজিত।
সঙ্কল্প, (সং-কৢপ) কর্ম্মের আরম্ভ; প্রবৃত্তি।
সঙ্কল্পজন্মা, কামদেব, কন্দর্প, মন্মথ।

সঙ্কল্পপ্রভব, মনের কল্পনা হইতে উৎপন্ন ; কাম। [মদন।
সঙ্কল্পভব, (সঙ্কল্প-ভূ) কাম, কন্দর্প, কামদেব,
সঙ্কল্পযোনি, মদন, কন্দর্প, কামদেব।
সঙ্কল্পিত, (সং-কৃপ) মনস্থ, অভিপ্রেত।
সঙ্কসুক, অস্থির ; দুর্ব্বল ; মন্দ ; সংকীর্ণ ; অপবাদান্বিত। [দি ; থাক্‌রার খুলো।
সঙ্কার, (সং-কৃ) সম্মার্জ্জনী দ্বারা ক্ষিপ্ত ধুলা-
সঙ্কাশ, সদৃশ, তুল্য, সমান।
সঙ্কিল, দাহকারক উল্কা বিশেষ।
সঙ্কীর্ণ, (সং-কৃ) লোকাদি দ্বারা নিরবকাশ ; নানা জাতির সঙ্গে মিলন ; অকীর্ণ, ব্যাপ্ত ; অশুদ্ধ, অম্বষ্ঠকরণাদি চাণ্ডাল পর্য্যন্ত মিশ্রজাতি ; মিশ্রিত রাগ।
সঙ্কীর্ণতা, নিরবকাশতা ; স্থানাভাব।
সংকীর্ত্তক, (সং-কৃৎ) সঙ্কীর্ত্তনকারক।
সঙ্কীর্ত্তন, (সং-কৃৎ) সম্যক প্রকারে দেবতার নামোচ্চারণ গুণাদি কথন, [illegible] গান, গুণ গান। [গুণকথিত।
সঙ্কীর্ত্তিত, (সং-কৃৎ) সম্যক উচ্চারিত, সংস্তুত
সঙ্কুচিত, (সং-কুচ) সংকোচ যুক্ত, অপ্রফুল্ল নিমীলিত, মুদ্রিত, কুণ্ঠিত
সঙ্কুল, যুদ্ধ ; পরস্পর পরাহত বাক্য ; ক্লিষ্ট ; জনাদি দ্বারা নিরবকাশ ; সঙ্কীর্ণ।
সঙ্কেত, (সং-কিৎ) স্বাভিপ্রায় ব্যঞ্জক চেষ্টাবিশেষ ; ঠার, ইঙ্গিত। [গৃহ ; [illegible] স্থান
সঙ্কেতনিকেতন, প্রিয় মেলনার্থ অবধারিত
সঙ্কেতবাক্য, ইঙ্গিত বাক্য, ঠারের কথা।
সঙ্কেতে, (সংকেত) ঠারেঠোরে, ইঙ্গিতে।
সঙ্কোচ, (সং-কুচ) মৎস্য বিশেষ ; [illegible] বাক্যার্থাদি অল্প বিষয়ে স্থাপন ; রোধ ; কুণ্ঠিত
সঙ্কোচপিশুন, গন্ধদ্রব্য বিশেষ, কুঙ্কুম।
সঙ্কোচী, (সং-কুচ) কুণ্ঠিত, সঙ্কোচ বিশিষ্ট।
সঙ্ক্রন্দন, ইন্দ্র ; রোদন, ক্রন্দন।
সঙ্ক্রম, (সংক্রম) সাঁকো, সেতু ; গ্রহদিগের রাশি সঞ্চার। [প্রবেশ।
সঙ্ক্রমণ, (সং-ক্রমণ) গমন ; সূর্য্যের রাশ্যন্তর
সঙ্ক্রান্ত, (সং-ক্রম) সংক্রান্তিবিশিষ্ট ; মিলিত, যুক্ত। [ব্যাপার, সূর্য্যের রাশ্যন্তরে গমন।
সঙ্ক্রান্তি, (সং-ক্রম) রাশ্যন্তর সংযোগানুকূল,
সঙ্ক্রাম, (সংক্রম) সাঁকো, সেতু, পুল।
[illegible], আত্মীয় [illegible] সংযুক্ত।
সঙ্খ্য, যুদ্ধ, রণ, সমর, সংগ্রাম।

সঙ্খ্যাতা, (সঙ্খ্যা) সংখ্যেয়তা, গণনীয়তা।
সঙ্খ্যা, (সং-খ্যা) একাদি গণনা, হিসাব ; নিরূপণ ; বিচারণা। [পিত
সঙ্খ্যাত, (সং-খ্যা) কৃতসঙ্খ্য, গণিত ; নিরূ-
সঙ্খ্যাতব্য, (সং-খ্যা) গণিতব্য, গণনীয়, গণ্য
সঙ্খ্যান, (সং-খ্যা) সঙ্খ্যা, গণনা।
সঙ্খ্যাবান, পণ্ডিত, সঙ্খ্যাযুক্ত।
সঙ্খ্যেয়, (সং-খ্যা) সঙ্খ্যাযোগ্য, গণনীয়, গণ্য
সঙ্গ, (সন্জ) মেলন, সংসর্গ, সঙ্গম, সহবাস।
সঙ্গত, (সং-গম) মিলিত ; যুক্ত, যুক্ত বাক্য ; হৃদয়ঙ্গম কথা, যোগ্য, সম্মত।
সঙ্গতব্যয়, পরিমিত ব্যয়, যথাযোগ্য খরচ।
সঙ্গতি, (সং-গম) সঙ্গম ; যোগ ; মিলন।
সঙ্গব, প্রাতঃকালের পর মুহূর্ত্তত্রয়।
সঙ্গম, (সং-গম) সঙ্গ, নদ্যাদির মিলন স্থল ; স্ত্রী পুরুষের মিথুনীভাব ; সংযোগ।
সঙ্গর, শমীবৃক্ষের ফল ; যুদ্ধ ; আপৎ ; অঙ্গীকার, প্রতিজ্ঞা, সম্বিৎ।
সঙ্গী, (সন্জ) সঙ্গবিশিষ্ট, সাথী সমভিব্যাহারী। [দি, গীত, গান।
সঙ্গীত, (সং-গৈ) প্রেক্ষণার্থ নৃত্য গীত বা-
সঙ্গীতশাল, নাটমন্দির ; রঙ্গস্থান
সঙ্গীতশাস্ত্র, গানশাস্ত্র, গীতবিদ্যা।
সঙ্গীতি, (সং-গৈ) আলাপ ; সঙ্গীত, গান।
সঙ্গীর্ণ, (সঙ্গর) অঙ্গীকৃত, স্বীকৃত।
সঙ্গুপ্ত, (সং-গুপ) গোপনাশয় ; লুক্কায়িত।
সঙ্গূঢ়, সংবৃত, লুক্কায়িত ; সঙ্কলিত।
সঙ্গোপন, (সং-গুপ) সম্যক প্রকারে অপ্রকাশন, লুক্কায়ন, লুকান।
সঙ্গোপনীয়, (সং-গুপ) সঙ্গোপ্য, গোপনীয়
সঙ্গোপ্য, (সং-গুপ) গুহ্য, গোপনীয়।
সঙ্গৃহীত, (সং-গ্রহ) সংকলিত, সঞ্চিত, আহৃত।
সংগ্রহ, (সং-গ্রহ) আহরণ, সঞ্চয় ; গ্রন্থবিশেষ
সংগ্রহণী, গ্রহণী রোগ, প্রবাহিকা। [যুক্ত
সংগ্রহিতব্য, (সং-গ্রহ) সঙ্কলিত হওনোপ-
সংগ্রাম, (সংগ্রাম) যুদ্ধ, রণ, সমর।
সংগ্রামপটহ, রণবাদ্য ; জয়ঢক্কা। [কারক।
সংগ্রাহক, (সং-গ্রহ) সঞ্চয়কর্ত্তা, আহরণ
সংগ্রাহী, সঞ্চয়কারী ; কুটজ বৃক্ষ।
সংগ্রাহ্য, (সং-গ্রহ) সংগ্রহিতব্য।
সঙ্ঘ, (সং-হন) সমূহ, ব্যূহ, বৃন্দ।
সঙ্ঘচারী, মৎস্য ; [illegible] সহগামী।
সঙ্ঘট্টন, (সং-ঘট) মেলন, সংযোগ, যোজন

সটীক, (সহ-টীকা) টিপ্পনী সহিত; যথার্থ।
সটকন, (ষটক) পলায়ন, প্রস্থান।
সটু, পক্ষিবিশেষ, বাদা।
সড়ক, (সরণি) রাস্তা, বর্ত্ম, পথ। [দীর্ঘ।
সড়কা, (সরণি) দীর্ঘাকার, অস্থূল অথচ
সড়কীপথ, ক্ষুদ্রপথ, গলিসুঁড়ীপথ দীর্ঘ।
সড়ঙ্গ্যা, (সরু-অঙ্গ) দীর্ঘাকার, অস্থূল অথচ
সড়ন, (সড়) নষ্ট হওন; পচন।
সড়া, (সড়) পচা, নষ্ট; জঘন্য।
সড়গড়, (সহ-গঠ) অভ্যাস, আয়ত্ত, মুখস্থ।
সড়সড়ান, (সড়সড়) নিঃসারণ; চুলকান।
সড়সড়ী, নীরস; শুষ্ক; ভাজা।
সণসূত্র, শণের দ্বারা নির্ম্মিত সূতা।
সণ্ড, (ষণ্ড) ষণ্ড, ষাঁড় বৃষ।
সণ্ডিশ, সন্দংশ, সাঁড়াশি। [দিকে পতন।
সণ্ডীন, পক্ষির গতি বিশেষ, উড়িয়া বৃক্ষা-
সতত, (সং-তন) নিরন্তর, অনবরত, সর্ব্বদা
সততা, (সৎ) সাধুর স্বভাব, সদ্ভাব, সতের আচরণ।
সতত্ত্ব, (সৎ) স্বভাব, প্রকৃতি সত্তা।
সতরঞ্চ, সূত্রনির্ম্মিত আসন বিশেষ।
সতরঞ্জ, (চতুরঙ্গ) ক্রীড়াবিশেষ। সাবধান।
সতর্ক, (সহ-তর্ক) তর্কের সহিত বর্ত্তমান;
সতল, (সহ-তল) সমান, চৌরস।
সতা, (সতিন) সপত্নী।
সতানন্দ, মুনিবিশেষ, গৌতম মুনির পুত্র।
সতিন, (সপত্নী) একস্বামির ভার্য্যা।
সতিনপো, সপত্নীপুত্র, পতির অন্যস্ত্রীর সন্তান। [বিদ্যমান।
সতী, পতিব্রতা, সাধ্বী; সাবিত্রী; নিত্য,
সতীত্ব, (সতী) সতীর ধর্ম্ম, সতীত্ব।
সতীর্থ, (সহ-তীর্থ) পরস্পর এক গুরুর শিষ্য, এক সম্প্রদায়ভুক্ত; একাশ্রমী।
সতাল, বংশ; বায়ু; কলায়।
সতীনা, কলায়বিশেষ, তেউড়াকলাই।
সতুষ, তুষযুক্তশস্য ধান্য; খোসাযুক্ত।
সতৃষ্ণ, (সহ-তৃষ্ণা) তৃষ্ণান্বিত, তৃষিত, পিপাসিত। [উর্ব্বর।
সতেজঃ, (সহ-তেজস্) তেজাল, তেজস্বী;
সতের, তুষ; সপ্তদশ সংখ্যা।
সৎ, (অস্) ভদ্র, শিষ্ট, সাধু; বিদ্যমান; প্রশস্ত; ধীর; নিত্যব্রহ্ম।
সৎকর্ত্তা, [illegible] সৎকর্ম্মকারক।
সৎকর্ম্ম, বেদবিহিত ক্রিয়া; উত্তম কার্য্য
সৎকর্ম্মী, উত্তমক্রিয়াকারী, সৎকর্ম্মে রত।
সৎকার, পূজা; শবদাহ, দাহক্রিয়া।
সৎকার্য্য, শবদাহাদি কার্য্য, উত্তমক্রিয়া।
সৎকুলীন, সদ্বংশজাত, উত্তম বংশীয়।
সৎকুলোদ্ভব, (সৎকুল-উদ্ভব) সদ্বংশ্য, ভদ্রসন্তান, উত্তম কুলে জাত।
সৎকৃত, (সৎ-কৃ) পূজিত, কৃতসৎকার।
সৎক্রিয়া, শবদাহাদি ক্রিয়া; সংস্কার; পূজা
সৎক্রিয়ান্বিত, (সৎক্রিয়া-অন্বিত) উত্তমক্রিয়াযুক্ত, সৎকর্ম্মী।
সত্তম, অতিশয় সাধু; পূজ্যতম; উত্তম।
সত্তা, (সৎ) বিদ্যমানতা; সাধুত্ব, ভদ্রতা।
সত্র, (ষদ) যজ্ঞ, ক্রতু; আচ্ছাদন; অরণ্য; কৈতব, ছল; ধনগৃহ; দান; সরোবর; সতত অন্নাদি দান।
সত্রশালা, অন্নাদি দানগৃহ; যজ্ঞশালা।
সত্রি, (সত্র) মেঘ; হস্তী; জয়শীল
সত্রি জাতক, মাংসব্যঞ্জন বিশেষ।
সত্রী, (ষদ) গৃহপতি; সদা দান বা যজ্ঞাদি কর্ম্মকারী। [রস, জন্তু; স্থিতি, প্রাকা,
সত্ত্ব, (সৎ) প্রকৃতির গুণবিশেষ, বল, আত্মা;
সত্ত্বগুণ, (সত্ত্ব-গুণ) প্রকৃতির আদ্য গুণ আনন্দ প্রকাশক গুণ।
সত্ত্বস্থ, (সত্ত্ব-স্থা) আদ্য গুণ নিষ্ঠ; সত্ত্বপ্রধান।
সৎপত্র, পদ্মের নবদল, নূতন পদ্মপত্র।
সৎপথ, (সৎ-পথিন) প্রশস্ত পথ, সুপথ।
সৎপথাবলম্বী, (সৎপথ-অবলম্বিন) ধর্ম্মপথাবলম্বী; সুপথগামী।
সৎপশু, যজ্ঞীয়পশু, শোভনপশু, সুন্দরপশু
সৎপুত্র, উত্তম সন্তান, পিত্রাদির বেদাদি বিহিত কার্য্য কর্ত্তা পুত্র।
সৎপুরুষ, পূজ্যমান পুরুষ, উত্তম পুরুষ; সাধু; ভদ্রলোক [র গ্রহণ।
সৎপ্রতিগ্রহ সাধু জন কর্ত্তৃক দত্ত দ্রব্যে-
সৎপ্রতিপক্ষ, তুল্য ব্যক্তি প্রতিযোগী, সমানবিপক্ষ
সৎফল, দাড়িম্ববৃক্ষ; শোভন ফলবিশিষ্ট বৃক্ষ
সৎমা, (সৎ-মা) বিমাতা, সপত্নীমাতা।
সত্য, (অস্) কৃতযুগ; যথার্থ, তথ্য; ব্রহ্ম; প্রতিজ্ঞা; শপথ; তপোলোকের উর্দ্ধস্থিত লোক। [ব্রহ্ম।
সত্যক, (সত্য) যথার্থ, সত্য; প্রতিজ্ঞা; বা-
সত্যঙ্কার, (সত্য-কৃ) অবশ্য ক্রয় করিব এই বলিয়া স্বীকার, বায়না।

সদাশিব, (সদা-শিব) মহাদেব, ত্রিলোচন, শঙ্কর। [জাল জবাব।
সদুত্তর, (সৎ-উত্তর) উৎকৃষ্ট প্রতিবচন,
সদৃক্, (সম-দৃশ) তুল্য, সমান সদৃশ।
সদৃশ, (সম-দৃশ) সম, তুল্য, সমান।
সদেশ, (সম-দেশ) নিকট, সমীপ; সমান দেশ; একদেশ। [বাসী।
সদেশীয়, (সদেশ) একদেশবাসী: নিকট-
সদ্গতি, (সৎ-গতি) মুক্তি; উত্তম গতি।
সদ্ভাব, (সৎ-ভাব) বিদ্যমানতা, সত্তা; প্রণয়, বন্ধুতা। [প্রকৃত
সদ্ভূত, (সৎ-ভূ) সুনৃত, ঋত, সত্য, যথার্থ।
সদ্ম, আগার, গৃহ, আলয়, ঘর।
সদ্যঃ, (সম-দ্যস) তৎক্ষণাৎ, তখনি; তদ্দিবস। [বিনী
সদ্যঃপ্রসূতা, তদ্দিনে জাতাপত্যা, নবপ্রস-
সদ্যঃপ্রাণকর, তৎক্ষণাৎ বল বা আয়ুষ্কারক দ্রব্যাদি। [দ্রব্যাদি।
সদ্যঃপ্রাণহর, তৎক্ষণাৎ বল বা আয়ুর্নাশক
সদ্যঃশুদ্ধি, সদ্যঃশৌচ, তৎক্ষণাৎ শুদ্ধতা
সদ্যঃশৌচ, তৎক্ষণাৎ শুদ্ধি।
সদ্যস্ক, (সদ্যস) নূতন, নব, নবীন।
সদ্যোজাত, (সদ্যস-জাত) তৎক্ষণাৎ উৎপন্ন, নূতন বৎস; শিব।
সদ্যোভাবী, সদ্যোজাত বৎস।
সদ্বক্তা, (সৎ-বক্তৃ) সৎকথক, বাগ্মী, বাকপটু।
সদ্বসথ, গ্রাম; উত্তম বসতি স্থান।
সদ্বৃত্ত, (সৎ-বৃত্ত) সাধুস্বভাব, সচ্চরিত্র।
সদ্বৃত্তিভাক্, সদ্বৃত্তি বিশিষ্ট, সুশীল।
সধন, (সহ-ধন) ধনবান, ধনী।
সধবা, (সহ-ধব) জীবৎপতিকা, সভর্তৃকা, আয়ুষ্মতী, পতিবত্নী, সনাথা।
সধর্ম্মা, (সহ-ধর্ম্ম) সদৃশ, তুল্য, সমান, সমান ধর্ম্মাক্রান্ত। [অ, স্ত্রী।
সধর্ম্মচারিণী, ভার্য্যা, পত্নী, জায়া, দারা, বনি
সধর্ম্মিণী, (সম-ধর্ম্মিন) ভার্য্যা, পত্নী জায়া।
সধর্ম্মী, (সম-ধর্ম্মিন) সমান ধর্ম্মাচারী, এক ধর্ম্মাক্রান্ত।
সধি, অগ্নি, বহ্নি, অনল।
সধ্রীচী, সখী, সহচরী, বয়স্যা।
সধ্র্যঙ্ (?), সহচর, সখী, দোসর।
সনক, বিষ্ণুর পার্ষদ বিশেষ; ব্রহ্মার চারি পুত্রের মধ্যে এক পুত্র।
সনৎকুমার, মুনিবিশেষ, ব্রহ্মার পুত্র।

সনন্দ, ব্রহ্মার পুত্র চতুষ্টয়ের মধ্যে পুত্র বিশেষ; প্রমাণ স্বরূপ লিখিত পত্রাদি।
সনসূত্র, শণের দ্বারা নির্ম্মিত সূত্র।
সনাতন, (সনা) নিত্য; সর্ব্বদা স্থায়ী; বিষ্ণু; শিব; ব্রহ্মা। [সরস্বতী।
সনাতনী, (সনাতন) নিত্যা; দুর্গা; লক্ষ্মী;
সনাথ, (সহ-নাথ) সস্বামিক, প্রভুবিশিষ্ট।
সনাথা, জীবৎভর্তৃকা, পতিবত্নী, সধবা; সস্বামিকা। [দর; তুল্য; মেঘযুক্ত।
সনাভি, (সম-নাভি) সপিণ্ড, জ্ঞাতি; সহোদর-
সনাম, (সম-নাম) একনাম, সমান সংজ্ঞা।
সনামক, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ; সমান নামধারী।
সনিত, প্রতিপন্ন, খ্যাতিযুক্ত।
সনিষ্ঠীব, বারিবিন্দু পূর্ণ মুখ, থুথুকরা মুখ
সনীড়, (সহ-নীড়) নিকট; সন্নিধান; নীড়যুক্ত
সন্তত, (সং-তন) সতত, নিত্য, নিরন্তর।
সন্ততাভ্যাস, (সন্তত-অভ্যাস) নিরন্তর অভ্যাস
সন্ততি, (সংতন) গোত্র; পুত্র; কন্যা; বংশ পংক্তি; বিস্তার।
সন্তপ্ত, (সংতপ) পথ গমনাদি দ্বারা শ্রান্ত; সন্তাপিত; অগ্নিজন্য তাপযুক্ত।
সন্তমস, (সং-তমস) চতুর্দিক আচ্ছন্নকারি অন্ধকার, সর্ব্বতোব্যাপি অন্ধকার।
সন্তরণ, (সং-তৃ) হস্ত পদাদি চালন পূর্ব্বক জলোপরি ভাসিয়া বেড়ান, সাঁতারদেওন।
সন্তর্পণ, (সং তৃপ) তৃপ্ত করণ, তোষণ।
সন্তান, (সং-তন) বংশ, অপত্য, পুত্র; বিস্তার; কল্পবৃক্ষ। [তাপ, মনস্তাপ, দুঃখ।
সন্তাপ, (সং-তপ) অগ্নিজন্য তাপ, সম্যক
সন্তাপন, (সং-তপ) সম্যক তাপকারক; কামদেবের পঞ্চ বাণান্তর্গত বাণবিশেষ।
সন্তাপান্বিত, (সন্তাপ-অন্বিত) মনস্তাপান্বিত, দুঃখযুক্ত; সন্তপ্ত।
সন্তাপিত, (সং-তপ) পথ গমনে শ্রান্ত; সন্তাপ বিশিষ্ট, দুঃখিত, মনস্তাপান্বিত।
সন্তি, বিতরণ, দান, অবসান।
সন্তুষ্ট, (সং-তুষ) সন্তোষযুক্ত, হৃষ্ট, আহ্লাদিত
সন্তুষ্টচিত্ত, হৃষ্টচিত্ত, আহ্লাদিত অন্তঃকরণ।
সন্তুষ্টি, (সং-তুষ) আহ্লাদ, আনন্দ; পরিতোষ; তৃপ্তি। [তোলন
সন্তোলন, সাঁতোল, সঞ্চয়; সম্যকপ্রকারে
সন্তোষ, (সং-তুষ) সন্তুষ্টি, পরিতোষ; তৃপ্তি আনন্দ; স্বাস্থ্য।

সন্তোষক, (সং-তুষ) তুষ্টিকর ; হর্ষজনক, আনন্দ দায়ক।
সন্তোষী, (সং-তুষ) হর্ষান্বিত, আহ্লাদবিশিষ্ট
সন্দংশ, (সম্-দন্স) সাঁড়াশী, সোম্না।
সন্দংশিকা, (সন্দংশ) সাঁড়াশী, চিমটা ; লৌহ নির্ম্মিত যন্ত্র বিশেষ, কাত রি।
সন্দর্ভ, (সং-দৃভ) রচনা, প্রবন্ধ, গ্রন্থ।
সন্দর্শন, (সং-দৃশ) সম্যক প্রকারে দর্শন, নিরীক্ষণ, অবলোকন, দেখন।
সন্দানিত, বদ্ধ, আটকান।
সন্দানিনী, গোগৃহ, গোশালা, গোয়ালিঘর।
সন্দাব, পলায়ন, প্রস্থান।
সন্দিগ্ধ, (সং-দিহ) সন্দেহযুক্ত ; সংশয় বিশিষ্ট। [অন্তঃকরণ।
সন্দিগ্ধচিত্ত, সংশয়াপন্ন মনাঃ, সন্দেহান্বিত
সন্দিগ্ধচেতাঃ, (সন্দিগ্ধ-চেতস) সন্দেহযুক্ত অন্তঃকরণ, সংশয়িত মনাঃ।
সন্দেহান্বিত বুদ্ধি
সন্দিগ্ধার্থ, (সন্দিগ্ধ-অর্থ) সন্দেহের বিষয়ীভূত অর্থ
সন্দিত, বদ্ধ, বাঁধা।
সন্দিষ্ট, (সং-দিশ) বার্ত্তা, কথিত ; আদিষ্ট।
সন্দিষ্টার্থ (সন্দিষ্ট-অর্থ) দূত, বার্ত্তাবহ।
সন্দিহান, (সং-দিহ) সন্দিগ্ধ, সন্দেহান্বিত, সংশয় যুক্ত। [বিশেষ, মণ্ডা।
সন্দেশ, (সং-দিশ) সংবাদ, সমাচার ; মিষ্টান্ন
সন্দেশবাক, সংবাদ, বার্ত্তা, সমাচার।
সন্দেশহর, দূত, বার্ত্তাবহ।
সন্দেশহারক, দূত, বার্ত্তাবহ।
সন্দেহ, (সং-দিহ) ভাবাভাব প্রকারক বিরুদ্ধ জ্ঞান, দ্বৈধজ্ঞান, বিচিকিৎসা, সংশয়।
সন্দেহকল্প, সংশয় স্থল ; সন্দিগ্ধ।
সন্দেহী, (সং-দিহ) সন্দিগ্ধ, সন্দেহযুক্ত, সংশয়ান্বিত, দ্বৈধজ্ঞান সম্পন্ন।
সন্দোহ, বহুল, রাশি, বহু। [করিয়া লওন।
সন্দোহন, সম্যক প্রকারে রসাদি নিঃসৃত
সন্দ্রাব, পলায়ন, প্রস্থান।
সন্ধা, (সং-ধা) স্থিতি ; প্রতিজ্ঞা ; সন্ধান।
সন্ধান, (সং-ধা) সম্প্রেক্ষণ, অন্বেষণ, তত্ত্ব ; ধনুকে বাণ যোজন।
সন্ধানিত, (সং-ধা) সন্ধান বিশিষ্ট ; সংঘটিত
সন্ধানিনী, গোগৃহ, গোশালা, গোয়ালি ঘর।
সন্ধানী, (সং-ধা) সন্ধান বিশিষ্ট, অন্বেষণকারী, চেষ্টান্বিত।

সন্ধায়ী (সং-ধা) অন্বেষণকারী, সংযোগকারী
সন্ধি, (সং-ধা) রাজাদিগের ছয় গুণের অন্তর্গত গুণবিশেষ ; সংযোগ, সংঘটন ; বর্ণদ্বয়ের মেলন ; উভয়ের যোগ ; গ্রন্থিস্থান।
সন্ধিচোর, চোরবিশেষ, সিঁধাল চোর।
সন্ধিচ্যুত, সংযোগ ভ্রষ্ট ; গ্রন্থিভঙ্গ ; মিলনের অন্যথা। [মিলিত।
সন্ধিত, (সং-ধা) সন্ধিযুক্ত ; মিলিত, এক-
সন্ধিনি, বৃষভের দ্বারা আক্রান্তা গাভী ; অকাল দুগ্ধা ধেনু।
সন্ধিপূজা, শারদীয় মহাপূজার অন্তর্গত তৃতীয়া পূজা, অষ্টমী নবমীর সন্ধিক্ষণে কর্ত্তব্য পূজা।
সন্ধিবল্ল, ভূমিচম্পক, ভুঁইচাঁপা।
সন্ধিবন্ধন, শিরা, রক্ত সঞ্চালনের পথ। [কাল
সন্ধিবেলা, কালবিশেষ ; দিবারাত্রির মেলন
সন্ধিভেদী, তস্কর বিশেষ, সিঁধালচোর।
সন্ধিলা, সুরঙ্গ ; নদী ; মদিরা।
সন্ধিহারক, সন্ধিচোর, সিঁধাল চোর।
সন্ধেয়, (সং-ধা) মিলিত হওনোপযুক্ত।
সন্ধ্যা, (সন্ধি) কালবিশেষ, দিবারাত্রি সন্ধি দণ্ডদ্বয়, সায়ং, দিনান্ত, সায়াহ্ন ; যুগসন্ধি ; সন্ধ্যাসময়ে কর্ত্তব্য উপাসনা।
সন্ধ্যাংশ, (সন্ধ্যা-অংশ) যুগ সন্ধি।
সন্ধ্যাকাল, সায়ংকাল, সূর্য্যাস্ত সময়।
সন্ধ্যাচল, (সন্ধ্যা-অচল) পর্ব্বতবিশেষ।
সন্ধ্যানাটী, শিব, মহাদেব। [তীপুষ্প।
সন্ধ্যাপুষ্পী, (সন্ধ্যা-পুষ্প) পুষ্পবিশেষ, জা-
সন্ধ্যাবল রাক্ষস, নিশাচর। [নির্ম্মিত বৃষ ;
সন্ধ্যাবলি, শিবালয় স্থিত মৃত্তিকা কাষ্ঠাদি
সন্ধ্যাভ্র, স্বর্ণ বর্ণ গৈরিক মৃত্তিকা ; গেরিমাটী, সন্ধ্যাকালীন মেঘবৎ রক্তবর্ণ।
সন্ধ্যারাগ, সিন্দূর, সন্ধ্যাকালের ন্যায় রক্তবর্ণ
সন্ধ্যারাম, ব্রহ্মা, প্রজাপতি।
সন্নকদ্রু, বৃক্ষবিশেষ, পিয়াল বৃক্ষ।
সন্নতি, (সং-নতি) প্রণতি ; ধ্বনি ; নম্রতা।
সন্নদ্ধ (সং-নহ) বর্ম্মিত, কৃতসন্নাহ, কবচযুক্ত ব্যূহ বিন্যাস যুক্ত ; মন্ত্রাদি সংযুক্ত।
সন্নয়, সমূহ ; পৃষ্ঠদেশে স্থায়ি সেনা।
সন্নাহ, (সং-নহ) অঙ্গত্রাণ, সাঁজোয়া, বর্ম্ম, কবচ, তনুত্র।
সন্নাহ্য, (সং-নহ) যুদ্ধ যোগ্য হস্তী
সন্নিকট, (সং-নিকট) অতিনিকট, নিকট, সমীপ, অন্তিক, নিয়ড়।

সন্নিকর্ষ, (নি-কৃষ) সান্নিধ্য, নৈকট্য, সামীপ্য।
সন্নিকর্ষণ, (সং-নি-কৃষ) সন্নিধান, সন্নিধি।
সন্নিকৃষ্ট, (সং-নি-কৃষ) সন্নিকর্ষ বিশেষ. নিকট ; সমীপবর্ত্তী।
সন্নিধ, (সং-নি-ধা) সন্নিধান, নিকট সমীপ
সন্নিধান, (সং নি-ধা) নিকট, সমীপ।
সন্নিধি, (সং-নি-ধা) সন্নিকর্ষ ; নিকট।
সন্নিধিবর্ত্তী, (সন্নিধি-বর্ত্তিন) নিকটাবর্ত্তী, সমীপস্থ। [শ্রিত।
সন্নিপতিত, (সং-নি-পৎ) একত্রীকৃত, মি-
সন্নিপাত, (সং-নিপৎ) সম্যক্ প্রকারে পতন ; রোগ বিশেষ, বাত পিত্ত শ্লেষ্মার মিলন।
সন্নিপাতঘ্ন, (সন্নিপাৎ-হন) সন্নিপাত নাশক
সন্নিপাতজ্বর, ত্রিদোষ জন্য জ্বর ; অষ্ট প্রকার জ্বরের অন্তর্গত জ্বর বিশেষ। [দৃঢ়বদ্ধ।
সন্নিবদ্ধ, (সং-নি-বন্ধ) সম্যক্ বন্ধন যুক্ত ;
সন্নিবন্ধন, সম্যক্ নিশ্চিত বন্ধন।
সন্নিবিষ্ট, (সং-নি-বিশ) উপবিষ্ট ; নিকট ; মনোযোগী। [নিবৃত্ত।
সন্নিবৃত্ত, একেবারে বিরত, সম্যক্ প্রকারে
সন্নিবৃত্তি, সম্যক্ নিবর্ত্তন।
সন্নিবেশ, (সং-নি-বিশ) পুরাদির বহির্বিহরণ ভূমি, গৃহাদির নিকটবর্ত্তি গমনাদি স্থান।
সন্নিরোধ, (সং-নি-রুধ) রুদ্ধাবরোধ, বদ্ধ।
সন্নিহিত, (সং-নি-ধা) নিকটবর্ত্তী, সমীপস্থ
সন্ন্যস্ত, (সং-নি-অস) সম্যক্ন্যাসীকৃত ; সমর্পিত ; পরিত্যক্ত।
সন্ন্যাস, (সং-নি-অস) কাম্য কর্ম্মাদির পরিত্যাগ, চতুর্থাশ্রম. ভিক্ষু ধর্ম্ম।
সন্ন্যাসী, (সন্ন্যাস) সন্ন্যাসাশ্রম বিশিষ্ট, চতুর্থাশ্রমী ; যতি।
সপ. (যাং) দীর্ঘ কাটার মাদুরী।
সপত্রকৃত, বাণাদি দ্বারা বিক্ষত মৃগাদি ; অত্যন্ত পীড়িত।
সপত্রাকরণ, অত্যন্ত পীড়ন, বাণাদি দ্বারা বেধন। [ত্যন্ত পীড়িত।
সপত্রাকৃত, বাণাদি দ্বারা ক্ষত মৃগাদি ; অ-
সপত্রাকৃতি, বাণদ্বারা অত্যন্ত পীড়ন।
সপত্ন, শত্রু, বৈরী, রিপু।
সপত্নারি, বংশবিশেষ, বেউড় বাঁশ।
সপত্নী, (সম-পতি) এক পতির স্ত্রী, সতীন।
সপত্নীপুত্র, সপত্নীর সন্তান, সতীনেরপুত্র।
সপত্নীমাতা (সপত্নী-মাতৃ) বিমাতা, সৎমা।

সপরিবার, (সহ-পরিবার) পোষ্যবর্গ সহিত পরিবার সহ, পুত্র কলত্র সমেত।
সপর্ব্ব, (সহ-পর্ব্বন) যুক্ত, মিলিত ; পর্ব্বযুক্ত
সপর্য্যা, (সপর) পূজা, অর্চ্চা, আরাধনা।
সপক্ষ, (সম-পক্ষ) অনুকূল, সহায়, সমান পক্ষ। [সহায়তা, আনুকূল্য।
সপক্ষতা, (সপক্ষ) অনুকূলতা, পক্ষপাত ;
সপাদ, (সহ-পাদ) চরণযুক্ত ; চতুর্থভাগ সহিত সওয়া। [সিংহাসনাদি।
সপাদপীঠ (সহ-পাদপীঠ) পাদ পীঠ যুক্ত
সপিণ্ড, (সহ-পিণ্ড) সপ্তম পুরুষান্তর্গত জ্ঞাতি, সজাতি।
সপিণ্ডন, (সপিণ্ড) শ্রাদ্ধ বিশেষ. প্রেতত্ব মোচনার্থ পিত্রাদির পিণ্ডসহ পিণ্ডমিশ্রণ
সপিণ্ডীকরণ, পূর্ণ সম্বৎসরে ক্রিয়মাণ শ্রাদ্ধ বিশেষ। [লিয়া এককালীন পান
সপীতি, (সহ-পা) আত্মীয়জনের সহিত মি-
সপ্ত, (ষপ) সংখ্যা বিশেষ, সাত।
সপ্তক, (সপ্তন) সাতের পূরণ, সপ্তম।
সপ্তকী, কাঞ্চী, স্ত্রীলোকের কটাভরণ।
সপ্তচত্বারিংশৎ, (সপ্ত-চত্বারিংশৎ) সংখ্যা বিশেষ, ৪৭।
সপ্তচ্ছদ, বৃক্ষ বিশেষ ছাতিম গাছ।
সপ্ত জিহ্ব, অগ্নি বহ্নি, আগুন।
সপ্ততন্তু, যজ্ঞ, যাগ, ক্রতু।
সপ্ততি, (সপ্তন) সংখ্যাবিশেষ, সত্তোর।
সপ্ততিতম, সত্তোর সংখ্যার পূরণ।
সপ্তত্রিংশৎ, (সপ্তন-ত্রিংশৎ) সংখ্যাবিশেষ
সপ্তদশ, (সপ্তন-দশন) সংখ্যা বিশেষ, সতেরো ; সপ্তদশের পূরণ, সতেরোও।
সপ্তদীধিতি, অগ্নি, অনল, আগুন।
সপ্তদ্বীপা, (সপ্তন-দ্বীপ) প্লক্ষাদি সাত দ্বীপ
সপ্তদ্বীপপতি, সাতদ্বীপের অধিপতি।
সপ্তদ্বীপা, পৃথিবী, পৃথ্বী, বসুধা।
সপ্তধা, (সপ্তন্) সপ্তপ্রকার, সাত বার।
সপ্তধাতু, শরীরস্থ সপ্ত সংখ্যক ধাতু, যথা- রস, রক্ত, মাংস, বসা, মজ্জা, অস্থি শুক্র।
সপ্তধাতব, (সপ্তধাতু) শরীরস্থ সপ্তসংখ্যক ধাতু।
সপ্তপদীগমন, বিবাহাঙ্গীভূত দম্পতীর সপ্ত পদ গমন। [গাছ।
সপ্তপর্ণ (সপ্তন-পর্ণ) বৃক্ষ বিশেষ ছাতিম
সপ্তপাতাল, সপ্তসংখ্যক অধোভুবন।

সপ্তম, (সপ্তন্) সাতের পূরণ, সাতগুণ।

সপ্তমী, তিথি বিশেষ, চন্দ্রের সপ্তম কলার ক্রিয়া কাল।

সপ্তর্ষি (সপ্তন্ ঋষি) সপ্তসংখ্যক ঋষি, যথা মরীচি-অত্রি-অঙ্গিরা-পুলস্ত্য-পুলহ-ক্রতু-বশিষ্ঠ।

সপ্তলা, (সপ্তন্) নবমালিকা, পুষ্প; গুঞ্জা, কুঁচ।

সপ্তশতী, (সপ্তন্-শত) সপ্ত শত শ্লোকাত্মক গ্রন্থ বিশেষ; চণ্ডী পুস্তক।

সপ্তশলাক, (সপ্তন্-শলাকা) বিবাহে শুভাশুভ দিন জ্ঞানার্থ তির্য্যগূর্দ্ধ সপ্তরেখা বিশিষ্ট চক্র বিশেষ।

সপ্তসপ্তি, সূর্য্য, রবি, দিনকর।

সপ্তসূ, সপ্ত পুত্র প্রসূতা স্ত্রী, সাত পুত্রের মাতা।

সপ্তাংশুপুঙ্গব, শনিগ্রহ; শনৈশ্চর।

সপ্তার্চ্চি, অগ্নি, চিত্রক বৃক্ষ, চিতাগাছ; শনিগ্রহ।

সপ্তাশ্ব, (সপ্তন্-অশ্ব) সূর্য্য, রবি, দিনকর।

সপ্তাশ্ববাহন, সূর্য্য, ভানু, দিনমণি।

সপ্তাস্র, (সপ্তন্-অস্র) সপ্তকোণ, সাতকোণ।

সপ্তাহ, (সপ্তন্-অহন্) সপ্ত দিন, সাত দিন।

সপ্তি, অশ্ব, ঘোটক, তুরঙ্গ।

সপ্রতিভ, (সহ-প্রতিভা) অক্ষুব্ধ; বুদ্ধিমান চতুর।

সপ্রভুক, (সহ-প্রভু) প্রভু

সপ্রমাণ, (সহ-প্রমাণ) প্রমাণ সহিত; অসংশয়; সত্যত্ব অবধারণ।

সফর, মৎস্য বিশেষ পুঁটীমাছ।

সফরী, মৎস্য বিশেষ, প্রোষ্ঠি, পুঁটীমাছ।

সফল, (সহ-ফল) ফলবিশিষ্ট, ফলবান, অমোঘ, সুসিদ্ধ।

সফেণ, (সহ-ফেণ) ফেণাযুক্ত।

সফেদ, (যাং) শুক্লবর্ণ, শাদা।

সফেদা, (যাং) তণ্ডুল চূর্ণ; শাদা রং।

সব, (সর্ব্ব) যজ্ঞ, সূর্য্য; চন্দ্র; সর্ব্ব, সকল।

সবন, (সব) যজ্ঞে স্নান; যজ্ঞ, অধ্বর, প্রসব

সবয়াঃ, সমবয়স্ক, বয়স্য, সখা, সহচর।

সবর, সলিল, জল; শিব, মহেশ।

সবর্ণ, (সম-বর্ণ) সদৃশ, তুল্য; সমান বর্ণ, তুল্য জাতি।

সবর্ণা, (সবর্ণ) সূর্য্যপত্নী, ছায়া, সমানবর্ণাস্ত্রী

সবল, (সহ-বল) সামর্থ্যবান; সৈন্য যুক্ত

সবলোট, (সম-লম্পট) লম্পট; সর্ব্ব ভক্ষক উচ্ছৃঙ্খল।

সবাধ, (সহ-বাধা) প্রতিবন্ধক যুক্ত; পীড়া বিশিষ্ট, নিষেধাবৃত।

সবিকাশ, বিকশিত, প্রফুল্ল; স্ফুটিত।

সবিতা, (সবিতৃ) সূর্য্য রবি, দিবাকর।

সবিত্র (সূ) প্রসব করণ।

সবিত্রিয়, (সবিতৃ) সূর্য্য সম্বন্ধীয়।

সবিত্রী (সবিত্র) মাতা, জননী; প্রসবকারিণী।

সবিদ্য, (সহ-বিদ্যা) পণ্ডিত, বিদ্বান।

সবিধ, নিকট, সমীপ; সমান প্রকার।

সবিনয়, (সহ-বিনয়) বিনয়যুক্ত, বিনয়ান্বিত।

সবিশেষ, (সহ-বিশেষ) বিশেষযুক্ত, নিগূঢ় বিবরণ সহিত।

সবিষাণ, (সহ-বিষাণ) শৃঙ্গযুক্ত, শিঙ্গাল।

সবিষাদ, বিষাদযুক্ত, খেদিত, দুঃখিত।

সবিস্ময়, বিস্ময়াপন্ন, বিস্ময়যুক্ত।

সবেশ, নিকট, সমীপ; বেশ যুক্ত, বেশান্বিত

সব্য, (সূ) বাম; প্রতিকূল; বিরুদ্ধ।

সব্যসাচী, (সব্য-সচ) অর্জ্জুন; উভয় হস্তে সমবল যুক্ত।

সব্যেষ্ঠ, সারথি, রথচালক।

সব্রহ্মচারী, পরস্পর ব্রহ্মচর্য্য ব্রতচারী এক গুরুর শিষ্য।

সভয়, (সহ-ভয়) ভয়যুক্ত, শঙ্কান্বিত, ত্রস্ত, ভীত।

সভর্ত্তৃকা, (সহ-ভর্ত্তৃ) বিদ্যমান পতিকা, পতিবত্নী, সধবা, সনাথা।

সভা, (সহ-ভা) সমাজ, সমজ্যা, পারিষৎ, সমিতি মজলিস মিটিং।

সভাকার, (সভা-কৃ) সমাজকারক; সকলকার

সভাজন, গমনাগমনাদি সময়ে সুহৃৎ সঙ্গে আলিঙ্গন; আনন্দ; কুশলাদি প্রশ্নকরণ; পূজন।

সভাপতি, সমাজাধিপতি, দ্যূত গৃহস্বামী।

সভাসদ, (সভা-সদ) সভ্য, সামাজিক, সভাসদ, পারিষদ, সভাস্থ।

সভাস্তার, সভাস্থ, রক্ষক; সভাষদ, সভাস্থ।

সভাস্থ, (সভা-স্থা) সভ্য, সভাতে বর্ত্তমান।

সভিক, দ্যূতকারক; ফড়ের কর্ত্তা।

সভীক, দ্যূতকারক; ফড়ের কর্ত্তা।

সভোচিত, (সভা-উচিত) পণ্ডিত; সভাযোগ্য।

সভ্য, (সভা) সজ্জন, সাধু; সভাসদ; সভারক্ষক; সভাসম্বন্ধীয়।

সম, (সম) সর্ব্ব, সমান; সাধু; গীতবিষয়ে মানের প্রকার বিশেষ।

সমকন্যা, বিবাহের উপযুক্তা কন্যা।

সমকোণ, নব্বই ডিগ্রীপরিমিত কোণ।

সমকোলা, সর্প, ভুজঙ্গ, অহি।

সমগন্ধক, (সমগন্ধ) কৃত্রিম ধূপ।
সমগন্ধিক, (সম-গন্ধ) উশীর, বেণার মূল; তুল্য গন্ধযুক্ত।
সমগ্র, (সম-গ্রহ) সকল, সমুদয়, অখিল।
সমঙ্গা, মঞ্জিষ্ঠা লতা; লজ্জালু লতা; বলাবৃক্ষ
সমচতুরস্র, (সম-চতুরস্র) সমান চারিকোণ।
সমচিত্ত, এক বিষয়ক অন্তঃকরণবৃত্তি।
সমজ, (সম-জন) বন; পশুসমূহ; মূর্খ সমূহ
সমজ্ঞা, (সম-জ্ঞা) কীর্ত্তি, যশঃ, সুখ্যাতি।
সমজ্যা, (সং-অজ) সভা, সংসৎ, কীর্ত্তি।
সমঝন, (সং-জ্ঞা) বুঝন, বোধগম্য করণ।
সমঝান, বুঝাইয়া দেওন, প্রবোধন।
সমঞ্জস, (সং-অঞ্জস) উচিত; সমীচীন, উত্তম; পরিমিত; ন্যায়।
সমতা, (সম) সমভাব, তুল্যতা; স্থিরতা।
সমতিরিক্ত, (সং-অতিরিক্ত) সম্যক অধিক, সম্যক প্রকারে অতিরিক্ত।
সমদর্শী, (সম-দর্শিন) সর্ব্বভূতে তুল্য দর্শন কারী; সর্ব্ব প্রাণিতে সমান জ্ঞান।
সমদৃষ্টি, সর্ব্বত্র তুল্য দর্শন; সমদর্শী।
সমধাতু, সর্ব্ব ধাতুর সাম্য ভাব, স্বাস্থ্যাবস্থা
সমধিক, (সং-অধিক) অধিক, অতিরিক্ত
সমন্ত, (সং-অন্ত) সীমা, পর্য্যন্ত।
সমন্ততঃ, (সমন্ত) চতুর্দ্দিকে অভিব্যাপ্ত, পরিতঃ; সর্ব্বতঃ।
সমন্তদুগ্ধা স্নুহীবৃক্ষ, সিজগাছ।
সমন্তভুক, (সমন্ত-ভুজ) অগ্নি, অনল, বহ্নি
সমন্তাৎ, (সমন্ত) সর্ব্বতঃ, চতুর্দ্দিকে, চারিদিকে। [যোগান্বিত।
সমন্যু, (সহ-মন্যু) শিব; ক্রোধযুক্ত, কোপন
সমন্বয়, (সং-অনু-ই) পরস্পর মিলন; ঐক্য করণ; সংযোগ। [একত্রিত।
সমন্বিত, (সং-অনু-ই) সংযুক্ত, মিলিত,
সমবর্ত্তী, সমানভাবে বর্ত্তনশীল।
সমবায়, (সং-অব-ই) সমূহ; সম্বন্ধবিশেষ; মিলন। [যোগবিশিষ্ট।
সমবেত, (সং-অব-ই) মিলিত, যুক্ত, সং-
সমভাব, (সম-ভাব) তদবস্থ, সমতা, তুল্যতা
সমভাবি, সমান ভাব বিশিষ্ট, তুল্য অবস্থাস্থিত। [সঙ্গ, সাথ।
সমভিব্যাহার, (সং-অভি-বি-আ-হৃ) সহিত,
সমভিব্যাহারী, সহচর, সঙ্গী, সাথী।
সমভিব্যাহৃত, (সং-অভি-বি-আ-হৃ) সহচলিত, সমভিব্যাহারে গত।
সমভিহার, (সং-অভি-হৃ) পৌনঃপুন্য, পুনঃপুনঃ অর্থ, বারংবার।
সমভূমি, সমান স্থান; ভূমির সমান।
সমম, সহিত, সাঙ্গ। [সমীপ, নিকট।
সমমর্য্যাদ, (সম-মর্য্যাদা) তুল্য মর্য্যাদান্বিত;
সময়, (সং-ই) কাল; অবসর; শপথ; আচার; প্রতিজ্ঞা, সঙ্কেত; সম্পদ।
সময়কার, (সময়-কৃ) সঙ্কেত, ঠার, ইঙ্গিত
সময়ক্রমে, কালানুসারে, উপযুক্তসময়ে।
সময়শিরে, উপযুক্ত সময়ে, সুযোগক্রমে।
সময়োচিত, (সময়-উচিত) কালোপযুক্ত; যথাকাল
সমর, (সং-ঋ) যুদ্ধ রণ, সংগ্রাম; [মিত্রোপম।
সমর্থ, (সং-অর্থ) শক্তিমান, বলবান; ক্ষ-
সমর্থতা, (সমর্থ) সামর্থ্য, শক্তি, বল
সমর্থন, (সমর্থ) এ উচিত এ অনুচিত ইহা নিশ্চয় করণ, নিষ্পাদন, সামর্থ্য।
সমর্থনা, অশক্য বিষয়ে অধ্যবসায়, অসাধ্য কর্ম্মের অনুষ্ঠানার্থ উৎসাহ। [বস্তাদি।
সমর্দ্ধক, বরদ, বরদাতা, ইষ্টফলদাতা দে-
সমর্পক, (সং-ঋ) সমর্পণকর্ত্তা, অর্পণকারক
সমর্পণ, (সং-ঋ) সম্যক প্রকারে সোপন।
সমর্পিত, (সং-ঋ) সম্যক প্রকারে অর্পিত।
সমর্য্যাদ, (সহ-মর্য্যাদা) সমীপ, মর্য্যাদাসহিত
সমল, (সহ-মল) বিষ্ঠা; মল সহিত; মলিন
সমষ্টি, (সং-অশ) সমস্ত, সকল; মিলিত।
সমসন, সংক্ষেপণ, চয়ক করণ।
সমসময়ে, তত্তৎ সময়, সেইং কালে।
সমসরল, আদ্যন্তসমান, অবক্র, সোজা।
সমসুপ্তি কল্পান্ত, মহাপ্রলয়; তুল্যশয়ন।
সমসূত্র সরল সূত্রবিন্যাস, সমান সূত্রে ধরা পাত [সকল, সমগ্র, সকল; অখণ্ড।
সমস্ত, (সং-অস) সম্পূর্ণ, অশেষ, কৃৎস্ন, নি-
সমস্থ, (সং-স্থা) সমান; সমভাবে স্থিত।
সমস্থলী, (সম-স্থল) গঙ্গা যমুনার মধ্য দেশ,
সমস্যা, (সং-অস) শ্লোকের পাদপূরণার্থ প্রশ্ন; প্রশ্ন পূরণ।
সমাখ্যা, যশঃ কীর্ত্তি, সুখ্যাতি।
সমক্ষ, (সং-অক্ষি) চক্ষুর সমীপ, প্রত্যক্ষ।
সমা (সম) সম্বৎসর, বর্ষ।
সমাংশ, (সম-অংশ) সমান ভাগ, তুল্যাংশ
সমাংশ ভাগী তুল্যভাগাধিকারী।
সমাংশহারিণী, তুল্যভাগাধিকারিণী।

সমাংশহারী, সমভাগাই, সমান অংশ যোগ্য তুল্যাংশী।

সমাংশিক, (সমাংশ) তুল্যভাগী সমভাগী।

সমাংশী, (সম-অংশ) তুল্যভাগ বিশিষ্ট, তুল্যভাগী, সমান ভাগের অধিকারী

সমাংসমীনা, (সমা) প্রতিবর্ষ প্রসূতা গবী

সমাংসকরণ, (সহ-মাংস-কৃ) মাংস সহিত বলি নিবেদন।

সমাকর্ষী, (সং-আ-কৃষ) অতি দূরগামী গন্ধ

সমাকুল, (সং-আকুল) দুঃখিত, আকুলিত

সমাখ্যা, (সং-আখ্যা) কীর্ত্তি, যশঃ; সংজ্ঞা, নাম। [বিশিষ্ট, উপস্থিত; মিলিত।

সমাগত, (সং-আ-গম) সম্যক্ আগমন

সমাগতি, (সং-আ-গম) সমাগমন, মিলন।

সমাগম, (সং-প্র-গম) সম্যক আগমন, মিলন

সমাঘাত, (সং-আঘাত) যুদ্ধ, রণ; বধ, হিংসা। [বার্ত্তা, সংবাদ, খবর।

সমাচার, (সং-আ-চর) সম্যক্ আচরণ,

সমাজ, (সং-অজ) পশু ভিন্নের সমূহ, সভা, সংসদ, পরিষৎ। [র্থনা।

সমাদর (সং-আদৃ) সম্মান, মর্য্যাদা, অভ্য

সমাদরণীয়, (সং-আ-দৃ) সম্ভ্রান্ত, মান্য, সমাদরযোগ্য। [সম্যক্ গ্রহণ।

সমাদান, (সং-আদান) সমীচীন রূপে গ্রহণ,

সমাদৃত, (সং-আ-দৃ) সম্যক্ প্রকারে আদর প্রাপ্ত; অভ্যর্থিত; মর্য্যাদান্বিত। [মিটান

সমাধা, (সং-আ-ধা) নিষ্পত্তি, বিরোধভঞ্জন

সমাধান, (সং-আ-ধা) ব্রহ্মেতে মনঃস্থিরী করণ; চিত্তের একাগ্রতা; অবধান, প্রণিধান; সিদ্ধান্তকরণ; নিষ্পত্তি।

সমাধি, (সং-আ-ধা) ধ্যান, ব্রহ্মেতে মনঃ স্থিরীকরণ, ইন্দ্রিয় নিরোধন; যোগ। [বিশিষ্ট

সমাধিস্থ, (সং-অধি-স্থা) ধ্যানস্থিত, সমাধি

সমান, (সং-অন) সম, তুল্য, সদৃশ; শরীরস্থ বায়ুবিশেষ। [পত্তি শীল।

সমানকালীন, এককালীন, তুল্যকালে উৎ-

সমানোদক, (সমান-উদক) একোদক, জ্ঞাতি বিশেষ, চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত জ্ঞাতি।

সমানোদর্য্য, (সমান-উদর) সহোদর, সোদর

সমাপক, (সং-আপ) সমাপনকর্ত্তা; নিষ্পত্তিকারক। [চুকান

সমাপন, (সং-আপ) পরিচ্ছেদ, সমাপ্ত,

সমাপনার্হ, (সমাপন-অর্হ) সমাপনোপযুক্ত, নিষ্পত্তিযোগ্য

সমাপন্ন, (সং-আপ) সমাপ্ত, প্রাপ্ত, নিষ্পন্ন

সমাপিকা, বাক্য সমাপক ক্রিয়া।

সমাপিত, (সং-আপ) কৃত সমাপন, সমাপন করা। [বিশিষ্ট; নিষ্পন্ন।

সমাপ্ত, (সং-আপ) সমাপন প্রাপ্ত সমাপ্তি

সমাপ্তি, (সং-আপ) অবসান, শেষ, নিষ্পত্তি

সমাপ্ত্যর্থা, (সমাপ্তি-অর্থ) সমস্যা, শ্লোকের পাদ পূরণার্থ প্রশ্ন।

সমাপ্য, (সং-আপ) সমাপনীয়; নিষ্পাদনীয়

সমাবর্ত্তন, (সং-আ-বৃৎ) বেদাধ্যয়নের পর গৃহস্থ হইবার নিমিত্ত স্নান।

সমাবিষ্ট, (সং-আ-বিশ) একাগ্রচিত্ত, নিবিষ্ট মনাঃ। [বৃত; ব্যস্ত।

সমাবৃত, (সং-আ-বৃৎ) সম্যক প্রকারে আ-

সমাবৃত্ত, (সং-আ-বৃৎ) বেদাধ্যয়ন হইতে নিবৃত্ত, ব্রহ্মচর্য্য সমাপনের পর গৃহস্থাশ্রমে প্রবিষ্ট। [প্রকারে জানান

সমাবেদন, (সং-আবেদন) নিবেদন, সম্যক

সমাবেশ, (সং-আ-বিশ) মনোযোগ; সহাবস্থান, একত্র অবস্থিতি; প্রবেশ করণ।

সমাবেশিত, সহ অবস্থিত, সমাবেশপ্রাপ্ত।

সমাযোগ, সংযোগ, সমবায়।

সমারোহ, (সং-আরুহ) ঘটা; বহুলোকাগম

সমালম্ভ, কুঙ্কুমাদি বিলেপন।

সমালম্ভন, কুঙ্কুমাদি বিলেপন; মারণ।

সমাশ্রয়, (সং-আশ্রয়) সম্যক্ আশ্রয়; সহায়

সমাশ্রিত, (সং-আশ্রিত) সম্যক্ প্রকারে আশ্রয় প্রাপ্ত, শরণাপন্ন।

সমাস, (সং-অস) সংক্ষেপ, চুম্বক, সমর্থন; সমাহার; বহুপদের একপদ করণ।

সমাসক্ত, (সং-অস) সংযুক্ত, মিলিত।

সমাসঙ্গ, (সং-অস) মেলন, সংযোগ।

সমাসন্ন, নিকট, সমীপ, সন্নিহিত।

সমাসাদিত, আহৃত; প্রাপ্ত, লব্ধ। [প্রশ্ন।

সমাসার্থা, সমস্যা; শ্লোকের পাদ পূরণার্থ

সমাসীন, সম্যক প্রকারে উপবিষ্ট।

সমাহার, (সং-আ-হৃ) সমুচ্চয়; মিলন, একত্র করণ। [র্বিবাদী কৃত।

সমাহিত, (সং-আ-ধা) সমাধিস্থ; নিষ্পন্ন, নি

সমাহৃত, (সং-আ-হৃ) সম্যক্ প্রকারে আহরণ করা; সংগৃহীত; একত্রী কৃত

সমাহৃতি, (সং-আ-হৃ) সংগ্রহ, একত্র করণ।

সমাহ্বয়, (সং-আ-হ্বে) পশুপক্ষিপ্রভৃতি দ্বারা দ্যূত ক্রীড়া; আহ্বান।

সমাহ্বা, (সং-আ-হ্বে) নাম, সংজ্ঞা।
সমিক, শল্য, শেল, বড়শা নামে অস্ত্রবিশেষ
সমিতা, (সং-ই) গোধূম চূর্ণ, ময়দা।
সমিতি, সভা; যুদ্ধ সমর।
সমিথ, অগ্নি, যুদ্ধ, সমর। [কাষ্ঠাদি।
সমিদ, যুদ্ধ সংগ্রাম; অগ্নি সন্দীপনার্থ তৃণ
সমিদ্ধ, প্রজ্বলিত, উদ্দীপ্ত, জ্বলন্ত।
সমিধ, (সং-ইন্ধ) অগ্নি; যজ্ঞীয়কাষ্ঠ।
সমিন্ধন অগ্নিসন্দীপনার্থ তৃণকাষ্ঠাদি।
সমির, বায়ু, অনিল, বাতাস।
সমিক, (সম) যুদ্ধ, সমর, রণ।
সমীকতা, (সমীক) তুল্যকরণ, সমানকরা।
সমীকৃত, (সম-কৃত) একীকৃত, সমানীকৃত।
সমীচ, সমুদ্র, জলধি, সাগর।
সমীচক, মৈথুন, স্ত্রীসংসর্গ। [উপযুক্ত।
সমীচীন, (সম্যক) যথার্থ, সত্য, তথ্য; উত্তম
সমীচীনতা, (সমীচীন) উত্তমতা, উৎকৃষ্টতা।
সমীদ গোধূম চূর্ণ ময়দা।
সমীন, বৎসর সম্বন্ধীয়।
সমীনিকা, প্রতিবর্ষ প্রসূতা গো।
সমীপ, (সং-আপ) নিকট, সন্নিধান।
সমীপতা, নৈকট্য, সান্নিধ্য, সামীপ্য।
সমীর, (সং-ঈর) অনিল, শমীগাছ।
সমীরণ (সং-ঈর) বায়ু, অনিল, পবন।
সমীহা লজ্জা; বহু চেষ্টা।
সমীহিত, চেষ্টা, যত্ন; শ্রম।
সমীক্ষ, (সং-ঈক্ষ) সম্যক দর্শন; সাংখ্যশাস্ত্র
সমীক্ষণ, (সং-ঈক্ষ) সম্যক প্রকারে দর্শন, উত্তম রূপে অবলোকন।
সমীক্ষা, (সং-ঈক্ষ) মীমাংসা শাস্ত্র, যত্ন, বুদ্ধি
সমুখ, (সহ-মুখ) বাগ্মী, বাবদুক, বাচাল।
সমুচিত, (সং-উচিত) সম্যক উচিত, উপযুক্ত
সমুচ্চয়, সমাহার, অনেকের মিলন।
সমুচ্চিত, মিলিত, একত্র হওয়া।
সমুচ্ছেদ, (সং-উচ্ছেদ) বিনাশ, ধ্বংস, ক্ষয়।
সমুচ্ছ্রয়, বিরোধ; উৎসেধ, উচ্চতা।
সমুচ্ছ্রায়, উৎসেধ, উচ্চতা।
সমুচ্ছ্রিত, উন্নত, উচ্চ, বৃদ্ধিযুক্ত।
সমুজ্ঝিত, বর্জ্জিত ত্যক্ত, ত্যাগ করা।
সমুৎক্রম, (সং-উৎক্রম) ঊর্দ্ধগমন, উপরে যাওয়া। [উচ্চৈঃশব্দ।
সমুৎক্রোশ, (সং-উৎক্রোশ) কুররপক্ষী;
সমুত্থ, সমুদ্ভব, সমুৎপন্ন। [প্রকারে উত্থান।
সমুত্থান, (সং-উত্থান) ঊর্দ্ধগমন, সম্যক প্র-

সমুত্থিত, সম্যক উত্থিত, উঠা; উৎপন্ন।
সমুৎপন্ন, (সং-উৎপন্ন) সমুদ্ভূত, সর্ব্বতো-ভাবে জাত। [সেনা।
সমুৎপিঞ্জ, অত্যন্ত ব্যাকুল; অতিশয় আকুল
সমুৎসুক, (সং-উৎসুক) অতিশয় উৎকণ্ঠিত, সম্যক্ ইষ্টার্থে উদ্যুক্ত; চেষ্টান্বিত উদযোগী
সমুদক্ত, (সং-উদক) কূপাদির উদ্ধৃত জল।
সমুদয়, (সং-উৎ-ই) সকল, সমূহ; যুদ্ধ, সংগ্রাম।
সমুদাগম, উত্তমরূপে জ্ঞান।
সমুদাচার, (সং-উৎ-আচর) আশয় অভিলাষ
সমুদাহৃত, (সং-উৎ-আ-হৃ) সম্যক প্রমাণী-কৃত। [ত; উদয় প্রাপ্ত; সমুদ্ভূত।
সমুদায়, (সং-উৎ-ই) সম্যক প্রকারে কথি-
সমুদ্গ, সম্পুটক কৌটা; আচ্ছাদনে মোহর করা।
সমুদ্গক, সম্পুটক, কৌটা।
সমুদ্গম, (সং-উৎ-গম) ঊর্দ্ধগতি; উৎপত্তি; উদয়। [কার।
সমুদ্গীত, (সং-উৎ-গৈ) উচ্চৈঃস্বরে গান
সমুদ্গীর্ণ, বমিত, বমনকরা; কথিত।
সমুদ্ধত, (সং-উদ্ধত) অবিনীত, দুষ্ট, অশিষ্ট।
সমুদ্ধরণ (সং-উৎ-ধৃ) বান্তান্ন; বমি, ন্যাকার করা; উত্তোলন; মুক্তকরণ, পরিত্রাণ দান
সমুদ্ধার, (সং-উৎ-ধৃ) সম্যক্ প্রকারে উদ্ধার; পরিত্রাণ করণ মুক্ত করণ।
সমুদ্ধৃত (সং-উৎ-ধৃ) মোচিত, উদ্ধার করা; উত্তোলিত, উঠান। [কাশিত।
সমুদ্ভূত, (সং-উৎ-ভূ) সমুৎপন্ন, জাত; প্র-
সমুদ্র, (সং-উৎ-রা) জল সমূহ তায় অব্ধি, অকূপার, পারাবার, অর্ণব, সিন্ধু, সাগর।
সমুদ্রকফ, সমুদ্রের ফেণা। [পিড়ীংশাক।
সমুদ্রকান্তা, নদী, সরিৎ, তটিনী, পৃক্কাশাক,
সমুদ্রগা, (সমুদ্র-গম) নদী; সমুদ্র গামিনী।
সমুদ্রগৃহ, জলযন্ত্র গৃহ।
সমুদ্রচুলুক, অগস্ত্যমুনি, সাগর শোষণকারী
সমুদ্রদয়িতা, নদী, তটিনী, হ্রদিনী।
সমুদ্রনবনীত, অমৃত; চন্দ্র।
সমুদ্রফল, ঔষধ বিশেষ, সমুদ্রোৎপন্ন ফল
সমুদ্রফেণ, সমুদ্রের ফেণা।
সমুদ্রফেণাখ্যজীবী, (সমুদ্রফেণ-খ্যা-জীবি) মৎস্যবিশেষ।
সমুদ্রবহ্নি, বাড়বানল, বাড়বাগ্নি।
সমুদ্র [illegible]

সমুদ্রযাত্রা, জাহাজযোগে সমুদ্রে গমন।
সমুদ্রযান, পোত, জাহাজ, অর্ণবযান।
সমুদ্রযায়ী, সমুদ্রগামী।
সমুদ্ররসনা, পৃথ্বী, ধরা, বসুধা, বসুন্ধরা।
সমুদ্রলবণ, সমুদ্রের জল জাত লবণ, সৈন্ধব লোণ।
সমুদ্রশোক, (সমুদ্র-শোক) বৃক্ষ বিশেষ।
সমুদ্রসুভগা, গঙ্গা, জাহ্নবী।
সমুদ্রান্ত, (সমুদ্র-অন্ত) জাতীফল ; সমুদ্রতীর
সমুদ্রাম্বরা, (সমুদ্র-অম্বর) পৃথিবী, ধরিত্রী, ধরণী।
সমুদ্রারু, কুম্ভীর ; সেতুবন্ধ ; তিমিঙ্গিল নামে মৎস্য বিশেষ।
সমুদ্রিক, বন্ধকৃত ; প্রশস্ত ; তেজাল।
সমুদ্রীয়, (সমুদ্র) সমুদ্র সম্বন্ধীয়, সামুদ্রিক
সমুন্দন, আর্দ্রীয়ভাব জলযুক্ত, ভিজা।
সমুন্ন, আর্দ্র ভিজা, জলযুক্ত।
সমুন্নত, (সং-উৎ-নম) উচ্চ ; মহৎ ; বৃদ্ধিশীল
সমুন্নতি, (সং-উৎ-নম) উচ্ছ্রায়, উৎসেধ, উচ্চতা, সম্যক প্রকারে বৃদ্ধি।
সমুন্নদ্ধ, পণ্ডিতম্মন্য ; গর্বিত সমুদ্ধৃত।
সমুপজোষ, আনন্দ, হর্ষ, আহ্লাদ।
সমুল্লসৎ, (সং-উৎ-লস) সম্যক উল্লাসযুক্ত।
সমুল্লাস, (সং-উৎ-লস) আহ্লাদ, আনন্দ, হর্ষ
সমুল্লসিত, (সং-উৎ-লস) প্রফুল্ল ; হৃষ্ট, আহ্লাদিত। [খনন।
সমুল্লিখন, (সং-উৎ-লিখ) পদাদি দ্বারা ভূমি
সমূঢ়, (সং-উঢ়) পুঞ্জীকৃত রাশীকৃত ; বিবাহিত। [মূল সহিত গোড়া সমেত।
সমূল, (সহ-মূল) মূলের সহিত বর্ত্তমান,
সমূহ, (সং-উহ) অনেক, বৃহৎ, সন্দোহ, স্তোম, নিকর, ব্রাত, সংঘ, সমুদায়, চয়, নিচয়, সমুচ্চয়, প্রচয়।
সমূহনী, সম্মার্জ্জনী খাঙ্গরা ঝাঁটা।
সমৃদ্ধ, (সং-ঋধ) সমৃদ্ধিযুক্ত অধিক সম্পত্তিশালী, ধনাঢ্য।
সমৃদ্ধি, (সং-ঋধ) সম্যক বৃদ্ধি ; অতিশয় সম্পত্তি। [লিত।
সমেত, (সং-ই) সম্যক প্রাপ্ত ; সংযুক্ত, মি-
সমেধিত, সম্যক বর্দ্ধিত ; উন্নত।
সমোদক, (সং-উদক) অর্দ্ধ জলযুক্ত ঘোল।
সমোপকারক, (সম-উপকারক) তুল্যোপকার কর্ত্তা। [অভাব।
সম্পচ্ছূন্য, (সম্পদ-শূন্য) ঐশ্বর্য্য শূন্য বি-

সম্পজ্জনক, (সম্পদ-জনক) বিভব জনক
সম্পত্তি, (সং-পদ) বিভবোৎকর্ষ, শ্রী, সম্পদ, ঐশ্বর্য্য। [ধন।
সম্পদ, (সং-পদ) সম্পত্তি, বিভব, ঐশ্বর্য্য ;
সম্পদ্বর, রাজা, নৃপতি, ভূপতি। [রহিত।
সম্পদ্ধীন, (সম্পদ-হীন) ঐশ্বর্য্যহীন, বিভব-
সম্পন্ন, (সং-পদ) সাধিত, সম্পত্তিযুক্ত, ধনাঢ্য
সম্পরায়, আপৎ ; যুদ্ধ ; উত্তরকাল।
সম্পরায়ক, যুদ্ধ সমর ; সংগ্রাম।
সম্পর্ক, (সং-পৃচ) সংসর্গ, সম্বন্ধ, সংযোগ ; মেলন ; সহবাস।
সম্পর্কী (সং-পৃচ) সম্পর্কবিশিষ্ট, সম্বন্ধী
সম্পর্কীয়, (সং-পৃচ) সম্পর্ক যুক্ত, সম্বন্ধীয়।
সম্পা, বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী। [লম্পট।
সম্পাক, আরগ্বধবৃক্ষ, সোঁদাল গাছ ; ধৃষ্ট ;
সম্পাট, (সং-পট) তর্ক্‌, চরকার টেকো।
সম্পাত, (সং-পৎ) পতন ; পক্ষিদিগের গতি বিশেষ।
সম্পাদক, (সং-পদ) নিষ্পাদক, সম্পন্নকর্ত্তা।
সম্পাদন, (সং-পদ) নিষ্পাদক, নিষ্পন্নকরণ, সমাধান। [দনীয়।
সম্পাদয়িতব্য, (সং-পদ) সম্পাদনীয় নিষ্পা-
সম্পাদিত, (সং-পদ) নিষ্পাদিত, নিষ্পন্নকরা
সম্পাদ্য, (সং-পদ) নিষ্পাদ্য, নিষ্পন্ন করিবার যোগ্য।
সম্পীড়ন, (সং-পীড়) সম্যক্ প্রকারে ক্লেশ দেওন, অতিশয় দুঃখ দেওন।
সম্পুট, (সং-পুট) আধারবিশেষ ; ঠোঙ্গা ; কৌটা ; পেটরা। [পেটরা।
সম্পুটক, (সং-পুট) আধার বিশেষ কৌটা
সম্পূর্ণ (সং-পূর) সমগ্র ; পরিপূর্ণ ; সপ্তস্বর-মিশ্রিত রাগ রাগিণী।
সম্পূর্ণতা, (সম্পূর্ণ) পরিপূর্ণতা, সম্পূর্ণত্ব।
সম্পৃক্ত, (সং-পৃচ) মিশ্রিত, যুক্ত, মিলিত।
সম্প্রতি, (সং-প্রতি) বর্ত্তমান কালে, ইদানী অধুনা, সাংপ্রতং, এক্ষণে।
সম্প্রতিপত্তি, (সং-প্রতি-পদ) উত্তর বিশেষ
সম্প্রতিপাদন, (সং-প্রতি-পদ) দান, অর্পণ, সমর্পণ।
সম্প্রতিরোধক, (সং-প্রতি-রুধ) প্রতিবন্ধক বাধক, ব্যাঘাতক ; উত্তমর্ণ কর্ত্তৃক ঋণ আদায়ার্থ অধমর্ণের ভোজনাদি রোধকরণ
সম্প্রতীতি, সম্যক খ্যাতি, সম্যক জ্ঞান।
সম্প্রদাতা, (সং-প্র-দা) সংপ্রদান কর্ত্তা, দাতা

সম্প্রদান, (সং-প্র-দা) সম্যক্ প্রকারে দান; ষট কারকের অন্তর্গত কারক বিশেষ।
সম্প্রদানীয়, (সং-প্র-দা) জ্ঞাপনীয়; সম্প্রদান যোগ্য।
সম্প্রদায়, (সং-প্র-দা) গুরু পরম্পরাগত সদুপদেশ; পরম্পরাগতসদুপদিষ্ট ব্যক্তি সমূহ; সমাজ; দল।
সম্প্রদায়ী, সম্প্রদায় বশিষ্ট, সমাজস্থ, সামাজিক, সভ্য।
সম্প্রধারণা, উচিত অনুচিত নিশ্চয় করণ।
সম্প্রপদ, ভ্রমণ, পর্য্যটন।
সম্প্রয়োগ, (সং-প্র-যুজ) মৈথুন, রমণ, নিধুবন; সম্বন্ধ।
সম্প্রয়োগী, লম্পট, কামুক; সংপ্রযোজক।
সম্প্রহার, (সং-প্র-হৃ) যুদ্ধ; গমন; হনন।
সম্প্রাপ্ত, (সং-প্রাপ) সম্যক্ প্রকারে প্রাপ্ত লব্ধ।
সম্প্রাপ্তি, (সং-প্রাপ) সম্যক্ প্রকারে পাওয়া; লাভ।
সম্প্রৈষ, নিয়োগ; বিধি।
সম্ফাল, মেষ, অবি, ভেড়া, মেঢ়া।
সম্ফুল্ল, (সং-ফুল্ল) বিকসিত, প্রফুল্ল।
সম্ব, জল; দুই বার চাস দেওয়া।
সম্বৎ, (সং-বৎ) বৎসর বিশেষ; বিক্রমাদিত্য রাজা কর্তৃক প্রচলী কৃত অব্দ।
সম্বৎসর, (সং-বৎসর) বর্ষ, বৎসর।
সম্বদ্ধ (সং-বন্ধ) সম্বন্ধযুক্ত, সম্পর্কিত।
সম্বন্ধ, (সং-বন্ধ) সংসর্গ, সম্পর্ক, সংযোগ।
সম্বন্ধী, (সং-বন্ধ) সম্বন্ধ বিশিষ্ট, সম্পর্কীয়, শ্যালক, শ্যালা।
সম্বন্ধীয়, (সং-বন্ধ) সম্পর্কীয়; সম্বন্ধ বিশিষ্ট
সম্বর, (সং-বৃ) সংযম; জল; সেতু; দৈত্য-বিশেষ; মৎস্য বিশেষ।
সম্বরণ, (সং-বৃ) আবরণ; দমন; গোপন, লুকান; ইন্দ্রিয় সংযম।
সম্বরা, (সং-বৃ) ব্যঞ্জন পুনঃ পাক করণ; সাঁতোলা।
সম্বরারি, (সম্বর-অরি) কামদেব, মদন, কন্দর্প।
সম্বরী, শতাবরী লতা; থুলকুড়া গাছ।
সম্বর্ত্ত, (সং-বৃৎ) প্রলয়, যুগান্ত; যুগক্ষয়।
সম্বর্দ্ধক, (সং-বৃধ) সম্যক্ বৃদ্ধিকারক, বিশেষ উন্নতিকর; মর্য্যাদাকারী।
সম্বর্দ্ধনা, (সং-বৃধ) সম্মান করণ, অভ্যর্থনা করণ।
সম্বর্দ্ধিত, (সং-বৃধ) উত্তমরূপে বৃদ্ধি প্রাপ্ত; সম্মানিত আদৃত।
সম্বল, (সম্ব) জল; পাথেয়; সঞ্চিতি পুঁজী।
সম্বলকার, (সম্বল-কার) সম্বলিত।

সম্বলিত, (সম্বল) সমেত, মিলিত, সহিত।
সম্বাকৃত, বারম্বারকৃষ্ট ক্ষেত্র, দুইবার কর্ষণ করা ক্ষেত, দোচসা জমী
সম্বাদ, (সং-বদ) সমাচার, বার্ত্তা, খবর।
সম্বাধ, (সং-বাধ) সঙ্কট; ভয়; দুর্গম; নরকবর্ত্ম
সম্বুদ্ধ, (সং-বুধ) সম্যক্ বোধান্বিত; জাগ্রৎ।
সম্বুদ্ধি, (সং-বুধ) সম্বোধন, ডাকা।
সম্বুল, (যাং) গন্ধদ্রব্যবিশেষ, জটামাংসী।
সম্বেগ, (সং-বিজ) সম্যক্ বেগ; শীঘ্রগতি।
সম্বেশ, (সং-বিশ) নিদ্রা স্বাপ, শয়ন।
সম্বোধন, (সং-বুধ) আভিমুখ্য বিধান, অভিমুখী করণ; আমন্ত্রণ। ডাকা
সম্বোধিত (সং-বুধ) কৃত সম্বোধন; আহূত,
সম্ভব, (সং-ভূ) হেতু; উৎপত্তি; যোগ্য।
সম্ভবন, (সং-ভূ) মিলন; উৎপাদন।
সম্ভব্য, (সং-ভূ) সম্ভবনীয়; কপিত্থ, কতবেল
সম্ভল, নগর বিশেষ; সম্বল মুরাদাবাদ নগর।
সম্ভাবন, (সং-ভূ) অধ্যবসায়; উৎকট কোটিক জ্ঞান।
সম্ভাবনা, (সং-ভূ) উৎকট কোটিক জ্ঞান; উপযুক্ততা, ঘটিবার যোগ্যতা।
সম্ভাবনীয়, (সং-ভূ) সম্ভাব্য, উৎপত্তিযোগ্য, হওন যোগ্য।
সম্ভাবিত, (সং-ভূ) সম্ভাবনা যোগ্য, হইবার উপযুক্ত।
সম্ভাব্য, (সং-ভূ) সম্ভাবনীয় উৎপত্তিযোগ্য।
সম্ভার, (সং-ভৃ) সমূহ, রাশি; সম্পূর্ণত্ব।
সম্ভাষণ (সং-ভাষ) কথন, আলাপন।
সম্ভাষা, সম্ভাষণ, কথন, আলাপন।
সম্ভাষিত, (সং-ভাষ) কৃতালাপ; বাক্যব্যয়, কৃতাভ্যর্থন।
সম্ভিন্ন (সং-ভিদ) সম্যক্ ভেদবিশিষ্ট; যুক্ত মিলিত।
সম্ভূত, (সং-ভূ) উৎপন্ন, জাত, উদ্ভূত।
সম্ভূয়সমুত্থান, বণিক্‌দগের মিলিয়া বাণিজ্য করণ, সাঝায় ব্যবসা।
সম্ভৃত, (সং-ভৃ) সম্যক্ পুষ্ট; সম্যক্ প্রকারে ধৃত।
সম্ভৃতি, (সং-ভৃ) সম্যক পোষণ; সম্যক্ ধারণ।
সম্ভেদ, (সং-ভিদ) নদী সঙ্গম, মেলন, স্ফুটন।
সম্ভোগ (সং-ভুজ) সম্যক্ প্রকারে ভোগ; সুরত, শৃঙ্গার বিশেষ।
সম্ভোগী, (সং-ভুজ) সম্ভোগ বিশিষ্ট; লম্পট
সম্ভ্রম, (সং-ভ্রম) ভয়াদি জনিত ত্বরা; আবেগ; ভয়; সম্মান, মর্য্যাদা, মান্যতা।

সম্ভ্রান্ত, (সং-ভ্রম) ভক্ত্যাদিতে ত্বরান্বিত; মর্য্যাদাপন্ন।
সম্ভ্রমানর্হ, (সম্ভ্রম-অনর্হ) সম্মানাযোগ্য।
সম্মত (সং-মন) অনুমত, অভিপ্রেত; স্বীকৃত
সম্মতি, (সং-মন) স্বীকার; অঙ্গীকার।
সম্মদ, হর্ষ, আনন্দ, আহ্লাদ।
সম্মর্দ্দ, (সং-মৃদ) যুদ্ধ রণ, সংগ্রাম। [হত্যা।
সম্মদ, মৎস্যবিশেষ; সম্যক্ প্রকারে ম-
সম্মান, (সং-মন) সম্ভ্রম, মর্য্যাদা।
সম্মানিত, (সং-মন) সমাদৃত, গৌরবিত।
সম্মনীয়, (সম্মান) মান্য, পূজ্য, পূজনীয়।
সম্মার্জ্জক, (সং-মৃজ) সম্মার্জ্জনী, ঝাঙ্গরা; সম্যক্ মার্জ্জন কর্ত্তা।
সম্মার্জ্জন, (সং-মৃজ) সংশোধন, মার্জন।
সম্মার্জ্জনী, (সং-মৃজ) মার্জ্জন সাধনী, কোঁস্তা, ঝাঁটা, ঝাঙ্গরা।
সম্মার্জ্জিত, পরিষ্কৃত, পরিচ্ছন্ন, শোধিত।
সম্মিত, তুল্য, সমান। [যোগ।
সম্মিলন, (সং-মিল) একত্র হওন, পরস্পর
সম্মিলিত, (সং-মিল) একত্রিত, যুক্ত
সম্মিশ্র সংযুক্ত; মিশ্রিত, মিলিত।
সম্মুখ, (সং-মুখ) অভিমুখ, সমক্ষ।
সম্মুখী, (সং-মুখ) দর্পণ, আর্শি, আয়না।
সম্মুখীন, অভিমুখস্থিত, সম্মুখবর্ত্তী।
সম্মূঢ়, (সং-মূহ) সম্যক্ মোহযুক্ত, মুগ্ধ, অচেতন। [শয় বৃদ্ধি পাওন.
সম্মূর্চ্ছন, মোহ, অজ্ঞান, অচৈতন্য; অতি-
সম্মৃষ্ট, সংশোধিত, সম্মার্জ্জিত।
সম্মোদ, (সং-মুদ) প্রীতি, [illegible] আনন্দ।
সম্মিশ্র, মিশ্রিত, সংযুক্ত, স[illegible]ন্বিত।
সম্যক্, (সং-অনচ) সকল; [illegible]; সঙ্গত সত্যবচন।
সম্যক্ প্রকার, উত্তম রূপ; সর্বতোভাবে
সম্রাজ্য, (সম্-রাজ) মণ্ডলেশ্বরত্ব, অধিরাজত্ব
সম্রাট্, (সং-রাজ) মণ্ডলেশ্বর রাজাধিরাজ, রাজচক্রবর্ত্তী, বাদসাহ।
সযত্ন, (সহ-যত্ন) যত্নবান, চেষ্টান্বিত, সচেষ্ট
সযোনি, (সহ-যোনি) সহোদর; এক প্রভব; ইন্দ্র। [সার, দুগ্ধসার।
সর, (সৃ) সরোবর, পুষ্করিণী; জল; দধির
সরঃ, (সৃ) সরোবর, পুষ্করিণী।
সরঃকাক, (সরস-কাক) হংস, হাঁস, মরাল।
সরঃকাকী, হংসী। [ক্ষুদ্রপথ;
সরক, (সৃ) সরোবর; আকাশ; মধুপাত্র;
সরগরম, (বাং) উষ্ণ; উৎসাহশীল।
সরঘা, মধুমক্ষিকা, মৌমাছি।
সরঙ্গ, চতুষ্পদ; পক্ষী।
সরজ, (সর-জন) নবনীত; স দ্যোজাত ঘৃত; পদ্ম.
সরজস্কা, (সহ-রজস) ঋতুমতী, রজস্বলা।
সরজা, (সহ-রজস) ঋতুমতী স্ত্রী।
সরট, (সৃ) কৃকলাস, কাঁকলাস।
সরটি, পবন, বায়ু; মেঘ, অম্বু।
সরটু, (সৃ) কৃকলাস, কাঁকলাস।
সরট্, বায়ু; মেঘ; মধুমক্ষিকা; কৃকলাস।
সরণ, (সৃ) লৌহমল; গমন; স্খলন, ক্ষরণ।
সরণা, গন্ধভাদালিয়া লতা, গমনকর্ত্তা।
সরণি, (সৃ) পংক্তি শ্রেণী; পথ; বর্ত্ম।
সরণী, (সৃ) পংক্তি; পথ, মার্গ।
সরণ্ড, দুষ্ট, ধূর্ত্ত; লম্পট, কামুক।
সরণ্য, (সরণ) গম্য, গন্তব্য।
সরণ্যু, (সৃ) মেঘ; বায়ু; জল; বসন্ত; অগ্নি
সরতা, গুবাক ছেদনাস্ত্র; জাঁতী।
সরদ, (সহ-রদ) দন্তযুক্ত; রদন বিশিষ্ট।
সরদি, (বাং) ঠাণ্ডা; শীতল, আর্দ্রতা।
সরদ্বান্, গৌতমমুনি; গৌতমমুনির পুত্র
সরপত্রিকা, (সর-পত্র) পদ্মপত্র পদ্মের পাতা
সরভাগ, দুগ্ধের সারভাগ, সর।
সরপোষ (বাং) ঢাকনী, আচ্ছাদন।
সরফরাজী, (বাং) প্রশংসা করণ।
সরমা, (সহ-রম) রাক্ষসী বিশেষ, বিভীষণ পত্নী; সারমেয়ী; কুক্কুরী।
সরয়ু, (সৃ) বায়ু; নদীবিশেষ, সরযূ নদী।
সরল, (সৃ) বৃক্ষ বিশেষ, সালগাছ; ঋজু, অবক্র সোজা।
সরলতা (সরল) সরলের ধর্ম্ম, সারল্য, ঋজুত
সরলদ্রব, সরল বৃক্ষের রস; টারপীন।
সরস, (সৃ) সরোবর, পুষ্করিণী; (সহ-রস) আর্দ্র; রসাল, রস যুক্ত; স্বাদু।
সরসন্ধ্রক, ত্রিকণ্টক বৃক্ষ, তেকাঁটা সিজ।
সরসিজ, (সরসি-জন) পদ্ম, পঙ্কজ, কমল।
সরসী, (সরস) সরোবর, পুষ্করিণী।
সরসীরুহ, (সরসী-রুহ) পদ্ম, কমল।
সরস, (সৃ) সরোবর, পুষ্করিণী, জলাশয়।
সরস্বতী, (সরস্) বাগ্দেবতা, বাগ্দেবী; বাণী, বাক্য; নদী বিশেষ; দুর্গা।
সরস্বান্, (সরস) সমুদ্র, সাগর; রসিক
সরা, (সৃ) নির্ঝর, ঝোরণা।

সরাই, (যাং) পান্থশালা, পথিকদিগের উ-
ত্তরিবার, আড্ডা স্থান।
সরাগ, (সহ-রাগ) ক্রোধী ; অনুরাগী।
সরাণ, (সৃ) স্থানান্তর করণ ; চালনী।
সরার, মৃত্তিকা পাত্র বিশেষ, সরা।
সরি, (সৃ) নির্ঝর, পর্ব্বতের ঝোরণা।
সরিতাংনাথ, সরিতাংপতি, সমুদ্র, পয়োনিধি
সরিতাম্বরা, গঙ্গা, সুরধনী।
সরিৎ, (সৃ) নদী, তটিনী, তরঙ্গিনী।
সরিৎপতি, সমুদ্র, সাগর, জলনিধি।
সরিদ্বান, (সরিৎ) সমুদ্র, সাগর, জলধি।
সরিৎসুত, ভীষ্ম, গাঙ্গেয়।
সরিদ্বরা, (সরিৎ-বর) গঙ্গা, ভাগিরথী।
সরিন্নাথ, (সরিৎ-নাথ) নদীপতি, সমুদ্র, বারিধি
সলিল, (সলিল) জল, বারি, উদক।
সরিষপ, (সর্ষপ) সরিষা।
সরিষা, (সর্ষপ) শস্যবিশেষ, সর্ষপ।
সরী, (সৃ) নির্ঝর, পর্ব্বতের ঝোরণা।
সরীসৃপ, (সৃপ) সর্প বৃশ্চকাদি।
সরু, (সৃ) খড়্গমুষ্টি ; ক্ষীণ, সূক্ষ্ম, মিহি।
সরূপ, (সম-রূপ) সদৃশ, সমান রূপ, তুল্য।
সরূপতা, (সরূপ) সমরূপত্ব ; তুল্যতা।
সরোজ, (সরস-জন) পদ্ম সরোরুহ, পঙ্কজ,
কমল। [সমূহ।
সরোজিনী, (সরোজ) পদ্মলতা, পদ্ম ; পদ্ম
সরোজী, (সরোজ) ব্রহ্মা, বিধি, প্রজাপতি।
সরোৎসব, পক্ষিবিশেষ, সারসপক্ষী। [রিণী
সরোবর, (সরস-বর) জলাশয় বিশেষ, পুষ্ক-
সরোরুহ, (সরস-রুহ) পদ্ম কমল, পঙ্কজ।
সরোরুহাসন, ব্রহ্মা, প্রজাপতি।
সর্ক, বায়ু ; মনঃ ; প্রজাপতি।
